ঐভাবে বলে পর আমার কোন স্কোপ অ্যান্ড পাওয়ার্স নেই জবাব দেয়ার। রুল বই-এ অনেকগুলি প্রসিডিওর লে করা আছে, আপনি যে কোন প্রসিডিওর অ্যাডপ্ট করতে পারেন। আপনি যেটা বলেছেন সেটা ওঁরা শুনেছেন, আপনি ওঁদের কাছে অ্যাপ্রোচ করেছেন, বলেছেন—তার সঙ্গে আমার কোন সম্বন্ধ নেই। আমার সম্বন্ধ আছে রুল বই-এর প্রসিডিওরের সঙ্গে, আপনি বিজনেস অ্যাডভাইসারী কমিটির কথা বলেছেন, আমি দেখবো, যদি ডাকা সম্ভব হয় নিশ্চয়ই ডাকাব, সেটা আমার ক্ষমতা আছে, আর আপনারা যে কোন স্পেশাল প্রসিডিওর ইন দি রুল-এ দিলে পর আই উইল অ্যাডপ্ট দ্যাট প্রসিডিওর। আপনি যে জবাব চাচ্ছেন এর ভেতর আমার দেবার ক্ষমতা নেই।

The Hon'ble Rabindralal Sinha: Sir, I beg to move that the Police (West Bengal Amendment) Bill, 1964, be taken into consideration.

Shri Nikhil Das:

পুলিস মিনিস্টার কি হল স্যার?

Mr. Speaker:

উনি আমার পারমিসান নিয়ে করছেন।

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার আমরা পুলিস বিল আলোচনা করছি, এখানে আমাদের পক্ষ থেকে কতকগুলি প্রশ্ন আমরা তুলবো রিগার্ডিং পুলিস কিন্তু পুলিস ডিপার্টমেন্টের মিনিস্টার উনি নন, উনি জবাব দেবেন কি করে?

Mr. Speaker:

উনি আমার পারমিসান নিয়ে করেছেন। যখন ডিবেট আরম্ভ হবে আপনারা যতগুলি প্রশ্ন তুলবেন তার প্রত্যেকটার জবাব বা অন্যান্য জবাব হয়ত মিনিস্টার কনসার্ন দেবেন।

[1-50—2 p.m.]

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি একটা কথা বলতে চাই।

Mr. Speaker:

বলুন।

Shri Kamal Kanti Guha:

প্রফেসাররা, তারা এক দিনের জন্য স্ট্রাইক করছেন, এবং সমস্ত টিচাররাও স্ট্রাইক করবেন বলে ঠিক করেছেন। এখন উনি যদি পুলিশের ছদ্মবেশ নিয়ে তাঁদের ভয় দেখাতে সুরু করেন, যে তোমরা এর মধ্যে যেও না, তাহলে সেটা লজ্জার বিষয় হয়ে দাঁড়ায়।

Mr. Speaker:

মিঃ গুহ, আপনি বসুন। এই ইরেলিভেন্ট কথাটা না বললেই হ'ত না! আমি আগেইত ডাঃ ভট্টাচার্যকে বলেছি যে উনি এটা মাত্র ইনট্রোডিউস করে কনসিড রেসন-এর জন্য আপনাদের কাছে পেস করছেন। তারপর ডিবেট হবে। তারপর জবাবের সময় আপনারা বলতে পারেন, সেই সময় এই সব কথা আসতে পারে।

The Hon'ble Rabindralal Sinha:

মাননীয় সভাপাল মহাশয়, ১৮৬১ সালের পুলিস আইনের দুটি পরিবর্তন সাধন সন্নিবেশিত করার উদ্দেশ্য নিয়ে এই সংশোধনী বিধায়কটি সভার সামনে উপস্থাপিত করা হয়েছে। এই দুটি পরিবর্তনের মধ্যে প্রথমটি হচ্ছে একান্ত আবশ্যকীয় প্রশাসনিক কারণে।

মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে অপরসহারাক্ষ্য পরিদর্শক, অর্থাৎ অ্যাডিশনাল ইনস্পেকটর জেনারেল অফ পুলিস, এই একটা নূতন পদ সৃষ্টি করা হয়েছে। এবং এই যে পদ সৃষ্টি করা হয়েছে, এ সম্বন্ধে আপনি নিশ্চয় জানেন যে এখন বর্তমান পুলিস আইনে এই পদ সৃষ্টি করার অধিকার রাজ্য সরকারের আছে কি না, এ বিষয় কিঞ্চিত সন্দেহের অবকাশ আছে। যদিও আমি মনে করি যে এটা রাজ্য সরকার করতে পারেন, তবুও সন্দেহের অবকাশ আইনের কোন কোন ক্ষেত্রে থাকা উচিত নয়, তা নিরাশন হওয়া উচিত; এবং এই নিরাকরণের জন্যই এই বিধায়কটি সভাকক্ষে উপস্থাপিত করা হয়েছে।

(Interruption and Noise)

আমি বুঝতে পারলাম না, আপনারা কি বলছেন। এখন প্রশ্ন উঠতে পারে যে এই পদের প্রয়োজনীয়তার কি প্রয়োজন? সে সম্বন্ধে আমি এই কথা বলতে চাই যে আজকে আমাদের দেশে আইন শৃংখলা রক্ষার প্রশ্নে বহু জটিল সমস্যার উদ্ভব হয়েছে। এমন কি মফঃস্বল অঞ্চলে বহু সমস্যার সম্মুখীন জনসাধারণকে হতে হচ্ছে। তারপরে জনসংখ্যার বিরাট বৃদ্ধি হয়েছে, এবং তার সংগে সংগে অপরাধী এবং সমাজদ্রোহী মানুষও মাথাচাড়া দেবার প্রচেষ্টা করছে। আজকে বিরোধী পক্ষের সদস্যগণও বারবার বলে থাকেন যে সমাজবিরোধীরা এমন করে সমাজকে শোষণ করবার চেষ্টা করছেন। সুতরাং আরক্ষা বিভাগে কার্যাবলী বৃদ্ধি পেয়েছে এ বিষয়ে যথেষ্ট সন্দেহের কোন অবকাশ নেই। তা ছাড়া নূতন নূতন সহরাঞ্চল প্রতিষ্ঠিত হচ্ছে, শিল্পাঞ্চল প্রতিষ্ঠিত হচ্ছে, এবং আমার মাননীয় বন্ধুদের অনেকেই নবপ্রতিষ্ঠিত শিল্পাঞ্চল সম্বন্ধে বলতে গিয়ে, বলেছেন যে দুর্গাপুরে আরক্ষা ব্যবস্থা আরও শক্তিশালী করা দরকার। (এ ভয়েস কালোবাজার হচ্ছে।) সে কথা ত বলেছি, [illegible] মধ্যে সেটা পড়ছে। আজকে সমগ্র ভারতবর্ষ চৈনিক আক্রমণের ফলে বিপদগ্রস্ত এবং দেশের অভ্যন্তরেও দেশদ্রোহী নিশ্চিহ্ন হয়ে গিয়েছে, একথা বলতে পারলে অত্যন্ত সুখী হতাম। কিন্তু দুঃখের সংগে সে কথা বলতে পারছি না। ভারত-পাক সীমান্তের সমস্যাও আজকে আরও জটিল হয়ে উঠেছে, এবং তার জন্য সীমান্তরক্ষী বাহিনীর শক্তি বৃদ্ধির ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়াও সাম্প্রদায়িক সমস্যা আজ বাংলার বুক থেকে নিশ্চিহ্ন হয়ে গিয়েছে, এ কথা বলতে যে আনন্দ পেতাম সে আনন্দ পাচ্ছি না। তা ছাড়া, এ কথা অস্বীকার করার উপায় নেই যে আজকে নানাভাবে, নানা দিকে নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু রাখতে হচ্ছে।

তা ছাড়া আজকে নানাভাবে নিয়ন্ত্রণ এবং বরাদ্দ প্রথার ফলেও নানা সমস্যার উদ্ভব ঘটছে। সেখানে সমাজদ্রোহীরা সুযোগ নেবার প্রচেষ্টা করছে। এই সব কারণেও আরক্ষাবাহিনী এবং **সীমান্ত রক্ষী বাহিনীর শক্তি বৃদ্ধির প্রয়োজন। সেই শক্তি বৃদ্ধির জন্যে নিশ্চয়ই চেষ্টা করতে হবে এবং করতে গেলে আরক্ষা বাহিনীর প্রবর্ধনের সঙ্গে সঙ্গে তার যথাযথ পরিচালনা এবং নিয়ন্ত্রণ যাতে উচ্চস্তরের হয় সেদিকেও সবিশেষ দৃষ্টি রাখা উচিত। বিগত সাম্প্রদায়িক হাঙ্গামার** সময় যখন দেখা গেল যে আরক্ষা বিভাগ যেভাবে বাংলার বিভিন্ন মফঃস্বল অঞ্চলেও এর বেশী কাজের চাপ এসে পড়লো তাদের উপর মহা-আরক্ষা পরিদর্শক অর্থাৎ ইনস্পেক্টর জেনারেল অফ পুলিস, যিনি আরক্ষা বিভাগের শীর্ষস্থানে আছেন, তাঁর অপর সহায়তা প্রয়োজন তখনই **এই অপর আরক্ষা মহা-পরিদর্শকের পদ সৃষ্টি করা হল। মাননীয় সভাপাল মহাশয়, আজকে** আয়ব্যয় মঞ্জুর করার সময় আরক্ষা বিভাগের শক্তি বৃদ্ধি প্রয়োজন একথা মেনে নিয়েছেন, ব্যয় **মঞ্জুর করেছেন, সুতরাং যদি তাকে যথাযথভাবে, সুষ্ঠুভাবে পরিচালনা করতে হয় তাহলে উপর-**দিকে মহা-আরক্ষা পরিদর্শকের সহায়তার জন্য, একা মানুষের পক্ষে এ সমস্ত দিক দেখা সম্ভব হয়ে উঠবে না বলে এই অপর মহা-আরক্ষা পরিদর্শকের পদ সৃষ্টি করার প্রয়োজন হয়েছে। তা ছাড়া দ্বিতীয় সংশোধনী হচ্ছে, দ্বিতীয় সংশোধনী যা সন্নিবেশিত করবার প্রয়াস এই সংশোধনী বিধেয়কে আছে তা হচ্ছে বাংলার মফঃস্বল অঞ্চলে আমোদ-প্রমোদের ক্ষেত্রে যেখানে **প্রবেশপত্র মূল্য দিয়ে সংগ্রহ করে প্রবেশ করতে হয় সেখানে মাননীয় সদস্যরা সকলেই জানেন যে** এক শ্রেণীর সমাজদ্রোহী মানুষ এই প্রবেশপত্র পূর্বাহ্নে ছলে কৌশলে বসে সংগ্রহ করে পরে অত্যাধিক বেশী দামে, কালোবাজারী দামে সাধারণ মানুষের কাছে বিক্রয় করে অন্যায় এবং অন্যায্য মুনাফা উপায় করে। এটি যে বন্ধ করা দরকার এ বিষয়ে আমি মনে করি সকলেই প্রায় একমত। কিন্তু বর্তমান আইনে, পুলিস আইনে এই রকম কোন বিধান নাই যাতে করে এটা বন্ধ করা যায় এবং এই দুষ্কৃতিকারীকে যথাযথ শাস্তি বিধান করা যায় আদালতের সাহায্যে। এবং এটা যে করা উচিত এ নীতি বিধানমণ্ডলী মেনে নিয়েছেন। তাঁরা জানেন কলকাতা এবং সহরতলীর যে পুলিস আইন,

Calcutta and Suburban Police Act

সেটা তাঁরা ১৯৫২ সালে সংশোধন করে তার ৬২ সি সি ধারা সংযোগ করে এই এলাকায় এই অধিকার অর্পণ করেছেন যাতে এই দুষ্কৃতিকারীদের দমন করা যায়। কিন্তু মফঃস্বলে যে পুলিস আইন প্রচলিত, ১৮৬১ সালের পুলিস আইন, তাতে এই বিধান নেই। সুতরাং এই বিধান সন্নিবেশিত করার উদ্দেশ্য নিয়েই এই বিধেয়ক সভার সমক্ষে উপস্থাপিত করা হয়েছে। আমি আশা করবো যে এই বিধেয়ক এই সভা মঞ্জুর করবেন।

Mr. Speaker: There are motions for circulation. All the amendments are in order and they are taken as moved.

Shri Nikhil Das: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1964.

Shri Sailendra Nath Adhikary: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1964.

[2—2-10 p.m.]

Shri Ganesh Ghosh:

মিঃ স্পীকার, স্যার, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় আপনার অনুমতি নিয়ে পুলিস বিল এনেছেন। এর ৪নং ধারায় কিছু বলার নাই, এটা ভালোই। কিন্তু ৩নং ধারা সম্পর্কে তিনি যে বক্তৃতা দিলেন তাতে মনে হল, তিনি আসল কথাটাই বলেন নি। একজন অ্যাডিসনাল আই জি অফ পুলিস নিয়োগ করার যে কারণগুলি তিনি বললেন তা একজন স্কুলের ছেলেকেও কনভিন্স করবে না। তিনি ইনক্রিজ অফ পপুলেশন-এর কথা বলেছেন, গত ১০ বৎসরে ১ কোটি লোক বেড়েছে পশ্চিমবাংলায়, তার জন্য একজন অ্যাডিশনাল ইনস্পেক্টর জেনারেল অফ পুলিস তৈরী করতে হবে। তিনি কি ভুলে গিয়েছেন ইংরেজ আমলে ৬ কোটি লোকের জন্য সমগ্র বাংলার ১ জন আই জি অফ পুলিস ছিলেন? আর এখন ৩॥ কোটি লোকের জন্য ২ জন ইনস্পেক্টর জেনারেল দরকার তিনি বলছেন। সুতরাং এর থেকেই বুঝা যায় এর মধ্যে কতটা যুক্তি আছে।

তারপর গ্রোথ্ অফ টাউনসিপ হচ্ছে, সত্যি কথা,
development of urban and industrial areas with a heterogeneous population including criminal and lawless elements.
এই যুক্তিও তিনি দেখালেন। ক্রাইম্স বাড়ছে
to the great credit of the Congress Ministry in West Bengal, lawlessness in West Bengal is playing havoc.
এটা আপনি অস্বীকার করতে পারবেন না। কিন্তু এটা কি একটা যুক্তি, একজন ইনস্পেক্টর জেনারেল অফ পুলিস বাড়ালেই কি ক্রাইম্স কমে যাবে? বর্তমান একজন আই জি আছেন, ৬ জন ডেপুটি ইনস্পেক্টর জেনারেল আছেন, অ্যাকচুয়ালি ৯ জন
Senior post in the I.P. S. Cadre
এ অলরেডি ফাংসন করছেন। কিন্তু কই, মজুত চাল তো ধরা পড়ছে না, আগ মার্ক ঘি-ও ভেজাল টু ইওর গ্রেটেস্ট ক্রেডিট, এ সবতো ধরা পড়ছে না, ধরা পড়লেও সেগুলি ডেস্ট্রয়েড হবে কি না আপনারা সিদ্ধান্ত নিতে পারেন না যদিও হাইকোর্ট লেয়ার কোর্ট-এর রায় বহাল রাখেন। সুতরা আপনি কি মনে করেন যে আপনি একটা যুক্তিসঙ্গত কথা বলেছেন যে, একজন ইনস্পেকটর জেনারেল অফ পুলিস বাড়ালেই ক্রাইম্স কমে যাবে? লালবাজারে আরো ২।৪ জন পুলিস কমিশনার বাড়িয়ে দিন, তাহলেই ক্রাইম্স কমে যাবে, এই কথা কি কেউ ব্যঙ্গ করে আপনাদের বলে না? আপনি এখানে লিখছেন
the Additional Inspector-General of Police shall be deemed to be subordinate to the Inspector-General of Police.
এর যুক্তি কি বুঝতে পারলাম না। এর মধ্যে লজিক কোথায়? আপনি তো জানেন ডি আই জি বলে একটা কথা আছে—বলে দিতে হয় না যে
Deputy Inspector-General of Police is subordinate to the Inspector-General of Police.
ইনস্পেকটর জেনারেল-এর বেতনও অনেক বেশি। সুতরাং যে সব যুক্তি দিলেন তা মোস্ট ইনকনভিন্সিং। একজন ডি আই জি নিয়োগ করলে কি এই কাজ হতে পারে না? আপনি বলেছেন
all the work or any of the powers of police functions or duties conferred or imposed upon the Inspector-General of police.
একজন ডি আই জি-ও এটা করতে পারেন। রায়ট-এর সময় আপনারা একজন জাঁদরেল পুলিস কমিশনার নিয়োগ করলেন। আসল যেখানে গলদ সেখানের কথা আমরা বহুবার বলেছি। আমরা নিজের মুখ দিয়ে না বেরুলেও অনেকে একথা বলেছেন যে, পুলিস কোন কোন ক্ষেত্রে যারা দাঙ্গা করেছে তাদের প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সাহায্য করেছে। কিন্তু সেই জিনিস অনুসন্ধান না করে ইনস্পেকটর জেনারেল অফ পুলিস বাড়িয়ে দিলে ক্রাইম কমবে না। কাজেই এসব কথা না বলে আসল উদ্দেশ্যের কথা যদি বলতেন তাহলে আমরা বুঝতে পারতাম। তা যখন বলেন নি তখন আমার মনে হচ্ছে এই ৩ ধারা কেউ সমর্থন করবেন না। তারপর, ৪ নম্বর ধারা সত্যই ভাল হয়েছে। অলরেডি কোলকাতা এবং সুবার্বস-এ আছে, মফঃস্বলে নেই, সেটা তৈরী হয়েছে। তবে এটা অনেক আগে আনাই উচিত ছিল। একথা বলে এই বিলের মেটামুটি অপজিসন-এর কথা বললাম।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী পুলিসের জন্য বিল এনেছেন যে, একজন অ্যাডিশনাল ইনস্পেকটর জেনারেল অফ পুলিস-এর পদ সৃষ্টি করা হবে। এ ব্যাপারে তিনি যে আরগুমেন্ট দিয়েছেন বা যে সমস্ত কারণের অবতারণা করেছেন তার যে কোন মূল্য নেই সেটা আমরা যদি পরস্পর হাউসে আলোচনা করি তাহলেই বুঝতে পারি। আপনি জানেন এবং আমরা সকলেই জানি যে, গত রায়টের সময় মিঃ এস এম ঘোষ যিনি আমাদের কমিশনার অফ পুলিস ছিলেন তিনি কিভাবে কাজ করেছিলেন এবং কিভাবে তাঁকে কাজ করতে বাধ্য করান হয়েছিল। তিনি একজন অনেস্ট অফিসার ছিলেন এবং তাঁর আচার-আচরণ, কর্তব্যজ্ঞান সম্বন্ধে আমরা জানি। কিন্তু তাঁকে অপসারণ করা হোল এবং সেই ব্যাপার নিয়ে এখানে যথেষ্ট আলোচনা হয়েছিল। এই রকম একজন দায়িত্বপূর্ণ এবং অনেস্ট অফিসারকে যে সরিয়ে দেওয়া

হোল সে সম্বন্ধে অনেকে বলেছেন যে, এই দাঙ্গার ব্যাপারে নন্দজী এসে কমিশনার-এর বিরুদ্ধে **রিপোর্ট দিয়েছেন এবং সেই জন্যই তাঁকে অপসারণ করা হল। তাঁর জায়গা ঠিক করবার জন্য,** তাঁকে একটা চাকুরী দেবার জন্য পুলিসমন্ত্রী এখানে উত্তর দিতে গিয়ে নাজেহাল হয়েছিলেন এবং তখন থেকেই আমরা শুনছিলাম যে এস এম ঘোষের জন্য একটা চাকুরীর ব্যবস্থা করবেন অর্থাৎ একটা পোস্ট সৃষ্টি করবেন। স্যার, এরকম কথা অনবরত বলা হয় যে, ক্রাইম বেড়ে চলেছে, খাদ্যের ব্যাপারে বেড়ে চলেছে, চোরাকারবারী বেড়ে চলেছে। আমাদের এখানে নানা রকম পুলিশ বাড়ান সত্ত্বেও, টাকা বাড়ান সত্ত্বেও এই সমস্ত অন্যায়, দুর্নীতি এবং অপরাধ যে **বেড়েই চলেছে তার জন্য একজন অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল অফ পুলিস সৃষ্টি করলেই** যে সেগুলো কমে যাবে তার কোন অর্থ নেই। আজকে এই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় বেকার সমস্যা দিনের পর দিন বেড়ে চলেছে, তাদের কর্মসংস্থানের অভাব হচ্ছে, তাদের জীবিকার্জনের অসুবিধা হচ্ছে এবং এগুলি হওয়া স্বাভাবিক। কাজেই একজন অ্যাডিশনাল ইন্সপেক্টর-জেনারেল অফ পুলিশ না বাড়িয়ে যেখানে দোষ-ত্রুটি রয়েছে সেগুলি যদি সংশোধন করা যায় তাহলেই ব্যবস্থা হতে পারে।

[2-10—2-20 p.m.]

অ্যাডিশনাল ইন্সপেক্টর-জেনারেল অফ পুলিশের পদ সৃষ্টি করলেই যে লাভ হবে, তা হবে না, অপরাধপ্রবণতা আজকে যেভাবে বাড়ছে তার কারণ হচ্ছে মানুষের আর্থিক অবস্থা আজকে এমন পর্যায়ে এসে পৌঁছেছে যে, তার সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করা দরকার। আমরা দেখছি পাড়ায় পাড়ায় অনেক মধ্যবিত্ত লোকের ঘরের ছেলেরা লেখাপড়া শিখতে পারে না, কারণ যেভাবে খরচ বাড়ছে, বই কিনবার খরচ এবং অন্যান্য খরচ বাড়ছে, স্কুলের খরচ বাড়ছে তাতে দরিদ্র পিতামাতার অনেক ছেলেমেয়ে লেখাপড়াই শিখতে পারে না। কাজেই যেসমস্ত ছেলেরা পাড়ায় পাড়ায় দল করে, রকবাজী করে, তারা খারাপ লোকের সংস্পর্শে আসে, ফলে ক্রাইম বাড়ে। কাজেই পুলিসের সংখ্যা বাড়িয়ে অ্যাডিশনাল ইন্সপেক্টর-জেনারেল অফ পুলিশের পোস্ট করলেই অপরাধ-প্রবণতা বন্ধ হবে না, দূর হবে না, বরং বাড়বে। অন্যদিকে আমাদের দৃষ্টি দেওয়া উচিত যাতে শিক্ষার প্রসার হয় দরিদ্র শ্রেণীর ছেলেমেয়েরা যাতে লেখাপড়া শিখতে পারে। আজকে সব চাইতে বড় সমস্যা হচ্ছে বেকার সমস্যা, এই বেকার সমস্যার সমাধান না করতে পারলে মানুষ না খেতে পেলে, পেটের ক্ষুধা যেটা সবচেয়ে বড় জিনিস সেটা পূরণ করবার জন্য চেষ্টা তারা করবেই। সেজন্য অপরাধপ্রবণতা বেড়ে যাচ্ছে, কাজেই সেদিকে বিশেষ দৃষ্টি দেওয়া উচিত। যদি এই রকম একটা বিল আনেন, অপরাধপ্রবণতা কেন বাড়ছে, সেই কারণ অনুসন্ধান করে, সেটা দূর করার চেষ্টা সরকার করবেন তাহলে এটাকে সকলে আমরা সানন্দে সমর্থন করব। একজন পুলিশ অফিসার, এস এম ঘোষের মত উচ্চস্থানে থাকা উচিত তাতে সন্দেহ নেই। কিন্তু যে সমস্ত কারণ দেখানো হল, সেই যুক্তি অবাস্তব, অযৌক্তিক আমি তাই এই বিলের বিরোধিতা করছি।

Shri Deb Saran Ghosh:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই বিভাগ সম্পর্কে পাহাড় প্রমাণ দুর্নীতি, অভিযোগ জমা আছে, **এই বিভাগের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি প্রবেশ করে আছে, যার ফলে পুলিশের সম্পর্কে স্বাধীনোত্তর যুগে যে ধারণা সাধারণ মানুষের ছিল, সেই ধারণা সাধারণ মানুষের মন থেকে স্বাধীনতার পরেও** দূর হয়ে যায় নি। তার কারণ অতীতের যে কার্যকলাপ পুলিশের সেই কার্যকলাপ স্বাধীনতার পরেও একই ধারায় একই পদ্ধতিতে চলে আসছে। যদিও বলা হয়ে থাকে যে, পুলিশ বাহিনী হচ্ছে দেশের শান্তি বাহিনী, শান্তি এবং শৃঙ্খলা রক্ষা করার জন্য লোকের সেবা করার জন্য এই বিভাগ রাখা হয়েছে, কিন্তু বাস্তবে দেখছি, এই বিভাগে তা আদৌ সম্ভবপর হচ্ছে না এবং দেশের যে অশান্তি তার মূলে যে পুলিশ বিভাগ সক্রিয় অংশ গ্রহণ করে আছে, সামগ্রিক দৃষ্টি-ভঙ্গি নিয়ে বিচার করলে একথা বলা চলে। এই অবস্থায় একজন অতিরিক্ত জাঁদরেল অফিসার **নিয়োগ করলেই যে পুলিশ বিভাগের বর্তমান অবস্থার উন্নতি হবে বলে মনে করছেন, তা হবে না। হয়ত একজন লোককে প্রোভাইড করা সম্ভবপর হবে কিন্তু** দেশের সাধারণ মানুষের মনে পুলিশ সম্পর্কে যে ধারণা আছে সেই ধারণা আদৌ পরিবর্তন করা তাতে সম্ভবপর নয়। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় প্রায় হাইকমান্ডের নায়কের মত **যে বক্তৃতা করে গেলেন তার আসল উদ্দেশ্য হচ্ছে, আমার ধারণা, মিঃ পি কে সেনকে চাকুরিতে**

পাকা বন্দোবস্ত করা। সরকার এটা ভাল করে জানেন যে, সারা দেশে আজকে যে অরাজকতা চলছে তা একজন লোককে একজন জাঁদরেল অফিসারকে নিয়োগ করলেই, তা দূর করা সম্ভবপর নয়। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় যে উদ্দেশ্য সম্বন্ধে বলেছেন, সেটা হচ্ছে সীমান্তে যে অবস্থা চলছে তা দূর করার জন্য আর একজন সহকারী অফিসারকে নিয়োগ করার দরকার আছে। এটা আমি বিশ্বাস করি না এই কারণে যে আজকে আমরা দেখছি সীমান্ত জেলাগুলিতে পুলিশের আওতায় দুষ্কৃতকারীরা অন্যায় কাজ করে চলেছে এবং তাদের পুলিশ সাহায্য করছে, প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে, কাজেই আর একজন জাঁদরেল পুলিশ অফিসার নিয়োগ করলেই দেশ দুর্নীতির হাত থেকে মুক্ত হবে, এটা বিশ্বাস করি না। এই বিলের ৪ নম্বর ধারা সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতায় এড়িয়ে গেছেন। কারণ, এটা তাঁর দায়িত্ব ছিল না। হঠাৎ তাঁর ঘাড়ে দায়িত্ব পড়ায় তিনি গোটা বিলটা পড়ার সুযোগ পান নি। যাই হোক, উদ্দেশ্য মহৎ এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। কিন্তু আমাদের সংশয় হচ্ছে এই ৪ নম্বর ধারার ব্যাপারে যে বেসরকারীভাবে পুলিশের সাহায্য ছাড়া যে অন্যায় কাজ চলছে সেই কাজটা এবার থেকে পাকাপাকিভাবে পুলিশের সহায়তায় করার ব্যবস্থা করার জন্য এই ধারাটা সংযোজন করা হচ্ছে। কাজেই বিলটা সমর্থন করার কোন যুক্তি আমি খুঁজে পাই না। এবং আমরা বিশ্বাস করতে পারি না যে, একজন মাত্র নতুন অফিসারের পদ সৃষ্টি করে এই দুর্নীতির হাত থেকে পুলিশ বিভাগকে মুক্ত করে জনসাধারণকে রক্ষা করতে পারবেন। সেজন্য এই বিলকে সার্কুলেশনে দেবার জন্য আবেদন করছি।

Shri Narayan Choubey:

মিঃ স্পীকার, স্যার, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী পুলিস মন্ত্রীরূপে আমাদের সামনে যে বিলটা রাখলেন তাতে তিনি ঠিকই করেছেন। কারণ, আমরা দেখছি ইদানিংকালে কলেজ স্কুল যদি ছাত্ররা কিছু একটা আলোচনা করে কিংবা কিছু প্রোটেস্ট করে তাহলে সঙ্গে সঙ্গে আমাদের শিক্ষামন্ত্রী পুলিস মন্ত্রীরূপে সেখানে পুলিস তাদের মেরামত কিংবা দুরমুষ করতে পাঠিয়ে দেন। এই মাত্র কয়েক দিন আগে ৯ই সেপ্টেম্বর তারিখে কাঁথি কলেজে ছাত্ররা কিছু আন্দোলন করেছিল, ওখানকার শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে তাদের কিছু বক্তব্য ছিল। ছাত্ররা তা নিয়ে লেখালেখি করেছিল এবং হাঙ্গার স্ট্রাইকও করা হয়েছিল। সেই হাঙ্গার স্ট্রাইক ছাত্রদের উপর কলেজের মধ্যে পুলিস ঢুকে মারপিট করেছে এবং লাঠি চালিয়েছে। আমাদের শিক্ষা দপ্তরের রাষ্ট্র মন্ত্রী তার প্রতিবাদ করেছেন যে লাঠি চালায় নি। কিন্তু সেখানে যাবার আমার সৌভাগ্য হয়েছিল। সেখানে ছাত্রদের টেনে নামান হয়েছে এমন কি কয়েকজন ছাত্রের সঙ্গে কয়েকজন নাগরিককে ডি আই রুলে অ্যারেস্ট করা হয়েছে। সেজন্য আজকে শিক্ষা মন্ত্রী যে পুলিস মন্ত্রীর দায়িত্ব নিয়েছেন তাতে আমি কিছু আশ্চর্য হব না। যাই হোক, যে সমস্ত কারণ বলে তিনি এ আই জি-র পোস্ট তৈরী করার জন্য এই বিল এনেছেন তাতে তাঁর সঙ্গে আমাদের বিরোধী পক্ষের মত আমিও একমত নই। সেজন্য আমি মনে করি মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় আর একবার ভেবে দেখুন। আমি কতকগুলি যুক্তিপূর্ণ কথা বলব যা তিনি মেনে নিতে বাধ্য হবেন। তিনি বলেছেন যে দেশে চৈনিক আক্রমণ হয়েছে। দেশের ভেতর দেশদ্রোহী এখনও নিশ্চিহ্ন হয় নি, অরাজকতা চলেছে, দেশে সাম্প্রদায়িক হাঙ্গামা হয়ে গেছে। অতএব তার জন্য একজন এ আই জি-র মত জাঁদরেল লোককে নিতে হচ্ছে, না হলে এগুলি করা যাচ্ছে না। সেজন্য পুলিসের শক্তি বৃদ্ধি করতে হবে এবং শক্তি বৃদ্ধি করার জন্য একজন উচ্চপদস্থ অফিসারকে নিয়োগ করতে হবে। আমি বলব আপনি মূর্খের স্বর্গে বাস করছেন। এই করে সমস্যা সমাধান হবে না। আমি মনে করি না যে পুলিস বাহিনীতে যোগ্য লোক নেই, আমি মনে করি পশ্চিমবঙ্গের পুলিস বাহিনীর মধ্যে ট্যালেনটেড লোক আছে। কিন্তু যে পলিশি নিয়ে আপনারা কাজ করেন তাকে যদি আপনারা পরিবর্তন করতে না পারেন তাহলে কয়েকজন আই জি, এ আই জি, ডি আই জি-র সংখ্যা বাড়িয়ে এই সমস্যার সমাধান হবে না। আপনি জানেন গত কয়েক মাস আগে যে সাম্প্রদায়িক হাঙ্গামা হয়েছিল আমাদের দেশে পাকিস্তানের বিপারকাসন হয়েছে তার একটা কারণ হতে পারে, সেই দাঙ্গার সময় সে বীভৎস হত্যাকাণ্ড কলকাতায় হয়েছিল তার সঙ্গে আপনারা এও দেখেছেন আমাদের কেন্দ্রীয় মন্ত্রী নন্দজী যদি না আসতেন তাহলে আমি মনে করি বাংলাদেশে দাঙ্গা আরো বাড়ত, আমি বলছি না তিনি অনেস্ট ছিলেন না, তিনি অনেস্ট হতে পারেন, কিন্তু মিঃ ঘোষ অযোগ্যতা দেখিয়েছিলেন।

[2-20—2-30 p.m.]

কিন্তু শ্রী ঘোষ অযোগ্যতা দেখালেন এবং ওঁকে নন্দজী বললেন সরিয়ে দেখা হোক্, ওঁকে সরাবার পরে আপনারা ব্যাকডোর দিয়ে অন্য একজনকে প্রমোশন দিয়ে আনতে চাচ্ছেন, তাই জন্য এই বিল নিয়ে এসেছেন, এর আর অন্য কোন কারণ নেই, এটা আমাদের বলতে লজ্জা পাচ্ছেন, ওঁকে হয়ত কথা দিয়েছিলেন যে নন্দজী গোঁসা হয়ে আছেন, কয়েকদিন পরে তোমাকে ভাল পোস্ট দেব কিন্তু একথা আপনি অস্বীকার করতে পারেন না যে, এ রকম লোক থাকা সত্ত্বেও কোলকাতায় দাঙ্গা হয়েছিল এবং সেই দাঙ্গার ফলে আমদের দেশের সুনাম নষ্ট হয়েছে, অনেক লোকের প্রাণ, সম্পত্তি, নষ্ট হয়েছে এবং আমাদের দেশের লোকের ক্ষতি হয়েছে। তাই বলছি এরকম করে একটা পোস্ট বাড়িয়ে আমরা সমস্যার সমাধান করতে পারবো না এবং সেজন্য বিশেষ করে আমরা এতে মত দিতে পারি না—আপনারা পুলিসের যদি পলিসিটা বদলান তাহলে মাত্র একজন উচ্চপদস্থ অফিসারকে দিয়ে আপনারা কোনদিন এ সমস্যার সমাধান করতে পারবেন না। অবশ্য ইদানিং কালে দেখছি সৌভাগ্যের বিষয়, নিশ্চয়ই আমরা কিছুটা উল্লসিতও বটে যে তারা কোন কোন বড় বড় মহাজনকে বড় বড় হোলসেলারদের ধরছে ঠিকই, ডি আই রুলস নিশ্চয়ই কিছু কিছু লোকের উপর অ্যাপ্লায়েড হয়েছে ঠিকই কিন্তু এও ঠিক যে বিভিন্ন গুদাম, বিভিন্ন লোকের নাম দেয়া সত্ত্বেও আপনাদের পুলিস তাদের ধরে নি, যেমন মেদিনীপুরের বড় বড় মহাজনদের ধরে নি। আজকে প্রশ্নোত্তরের সময় শুনলাম যে মেদিনীপুর জেলায় এবং সারা বাংলাদেশের একজন অন্যতম ম্যাডালটারেটার যিনি তেলের সঙ্গে অন্য জিনিস মিশিয়ে বিক্রী করেন, সেই চন্দ্রশেখর মিশ্র হাইকোর্ট থেকে তাঁর তেল নষ্ট করার জন্য হুকুম দেয়া হয়েছিল কিন্তু এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টের লোকেরা মিলে সেই হুকুমকে বানচাল করে দিয়েছে এবং সেই তেল বিক্রী করে দিয়েছে। আপনি চোখের সামনে দেখেছেন যে হাইকোর্ট হুকুম দিয়েছিল ঐ তেল নষ্ট করা হোক কিন্তু কিছু অফিসার এবং এনফোর্সমেন্টের লোকেরা মিলে মিশে এই কাজ করেছে। তাই আমি বলতে চাই শুধুমাত্র অ্যাডিশনাল আই জি করে এ সমস্যার সমাধান করবেন একথা আমরা মানতে পারি না। আমি জানি অনেক ভাল অফিসার আছেন যাঁরা কাজ করার চেষ্টা করেন কিন্তু এমন লোকও আছেন, অনেক জায়গায় উচ্চপদস্থ লোকও আছেন যাঁদের জন্য অনেক সময় কাজ হয় না। মেদিনীপুর জেলার কথা আমি বলতে পারি, ঐ জেলার এস পি, পি এস কর, আপনি খবর নিয়ে দেখবেন, আপনার আই জি-ও জানেন যে তিনি সরাসরি ঘুষ নেন। মেদিনীপুর এবং খড়্গপুরের মধ্যে যে কাঁসাই ব্রীজ আছে সেই ব্রীজের এপারে একজন পুলিস, ওপারে একজন পুলিস আছে, সেই ব্রীজের উপর দিয়ে যেভী মাল যেতে হলে পুলিসের পারমিশান নিতে হয়, ব্রীজটা ভেঙ্গে যেতে পারে বলে, সেই ব্রীজে পুলিস ঘুষ দিয়ে চাকরী পায় কিন্তু সেখান থেকে যে টোল আদায় হয় বড় বড় গাড়ীর উপর থেকে তা এস পি নেন। আমার কথা হয়ত বিশ্বাস করবেন না, কিন্তু এখানে মেদিনীপুরের এম এল এ আছেন, ওঁকে জিজ্ঞাসা করবেন আড়ালে। এই রকম করে আমাদের জেলায় ক্রাইম বাড়ছে, ইদানীংকালে খুন-খারাপীও হচ্ছে। আপনারা যদি মনে করেন একজন সুপারিন্টেন্ডেন্টের জায়গায় আর একজন অ্যাডিসনাল সুপারিন্টেন্ডেন্ট করলে ক্রাইম কমবে, আমরা তা বিশ্বাস করি না। আমরা মনে করি আমাদের যে পুলিস ফোর্স আছে তাকে যদি ভালভাবে অর্গানাইজ করা যায় তাহলে তাদের দিয়ে কাজ করানো যায় এবং যদি খারাপ লোকদের বের করতে পারি তাহলে তাদের দিয়ে কাজ করানো যায়। কাজেই আমি মনে করি চীন আক্রমণ বা দেশদ্রোহীদের শেষ করে এসব আসল উদ্দেশ্য নয়, চীন আক্রমণ করেছে, তাকে রুখবার জন্য আমরা চেষ্টা করেছি, আবার করবো কিন্তু দেশের মধ্যে যারা খাদ্যসঙ্কট সৃষ্টি করছে, অরাজকতা সৃষ্টি করছে তাদের শায়েস্তা করা দরকার। এইমাত্র মাননীয় মন্ত্রিমহাশয় জবাব দিয়ে গেলেন যে খড়্গপুর সহরে প্রচুর চাল পাওয়া যাচ্ছে, আমি বলবো এটা অসত্য কথা, সেখানে ৫।৬ শো লোক লাইন দেয় কিন্তু ২।১ কে জি চালও পাওয়া যায় না। কাজেই এর চেয়ে মিথ্যা কথা আর হয় না।

মাননীয় চেয়ারম্যান, স্যার, ওঁরা যদি মনে করে থাকেন যে, যারা চাল ডাল, চিনি, তেল প্রভৃতি লুকিয়ে রেখে চোরাকারবারী করছেন, এই সকল দেশদ্রোহীকে দমন করবেন দু-একটি আই জি বা সুপারিন্টেন্ডেন্ট-এর পদ বাড়িয়ে, আমি বলবো ওঁরা মূর্খের স্বর্গে বাস করছেন। ওঁদের

আসল উদ্দেশ্য হচ্ছে যে নন্দজী যে অফিসারটিকে বের করে দিয়েছিলেন, তাঁকে ডেকে এনে অ্যাডিশনাল আই জি করবার জন্য চক্রান্ত করছেন। এই জন্য আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় চেয়ারম্যান, স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে পুলিস বিল এনেছেন এতে আমরা আশ্চর্য হই নি। কারণ আজকাল যেভাবে বিদ্যালয়ের ভিতর পুলিসের জুলুম চলেছে, তাতে পুলিসবিভাগ আর শিক্ষাবিভাগ একই দপ্তরভুক্ত হলেও আমরা আশ্চর্য হব না। ভূদেব সেনের মৃত্যুর ঘটনার কথা আমরা ভুলি নি। তার সেই কারণিক ঘটনা আজও আমরা ভুলি নি এবং আমরা এখানে সে সম্বন্ধে বহু আলোচনা করেছি, জুডিসিয়াল এনকোয়ারির জন্য দাবি করেছি। কিন্তু কোনরকমেই তার একটা জুডিসিয়াল এনকোয়ারি করাতে পারলাম না।

তারপর এখানে নারায়ণ চৌবে মহাশয় কাঁথির কন্টাই কলেজের ব্যাপার সম্বন্ধে যে কথা বলে গেলেন সে সম্বন্ধে আমিও একটা সর্ট নোটিস কোয়েশ্চেন দিয়েছিলাম এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের এখানে অ্যাটেনশন ড্র করেছিলাম। তার ফলাফল কি হয়েছে বা না হয়েছে সেটা নিশ্চয় ভালভাবে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় জানেন। কারণ উনি কয়েকদিন আগে সেখানে অনেক পুলিস-টুলিস পাঠিয়েছিলেন। আমি আরও সংবাদ পেলাম যে, এখান থেকে নাকি আই জি-র হুকুমে সেখানে পুলিস গিয়েছিল। কন্টাই কলেজের একটা সামান্য ঘটনার ব্যাপারকে নিয়ে সেখানে ছেলেরা প্রতিবাদ করেছিল। এটা একটা কলেজের সংগঠন ব্যাপার নিয়ে ছেলেরা প্রতিবাদ করে। কিন্তু শেষ পর্যন্ত সেখানে এমন একটা অবস্থা সৃষ্টি হয় যে, যার জন্য টিয়ার গ্যাস ইত্যাদি নিয়ে এখান থেকে শতখানেক পুলিস সেখানে পৌঁছাল এবং অনেক ছাত্র যারা অনশন ধর্মঘট করেছিল, তাদের টানাহেঁচড়া করার অনেক কথা আমরা শুনেছি। কাজেই আমরা এখানে আবেদন করলাম শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে যে, আপনি হস্তক্ষেপ করুন, সেখানে শান্তিপূর্ণ অবস্থা যাতে ফিরে আসে তার ব্যবস্থা করুন। কিন্তু ফল হল কি? সেখানে অনশন ধর্মঘটীদের টানাটানি করা এবং টিয়ার গ্যাস নিয়ে যাওয়া এবং ১৪৪ ধারা জারী করা তাতে সেখানে একটা আতঙ্ক সৃষ্টি করা হল। আসলে ঐভাবে এই সমস্যা কি করে সমাধান হতে পারে তা আমি বুঝে উঠতে পারি না। তাই আজ যখন মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই বিলটি আনলেন, তখন আমি মনে করলাম ঠিকই হয়েছে, অস্বাভাবিক কিছু হয় নি, বরং এটা তাঁর পক্ষে উচিতই হয়েছে।

যাই হোক, এখানে এই বিলের মধ্যে আমরা দেখছি দুটি নূতন ধারা সন্নিবেশিত করা হয়েছে। তার একটি হচ্ছে অ্যাডিশনাল আই জি-র পদ সৃষ্টি করা হচ্ছে, আর দ্বিতীয়টি হচ্ছে যে সম্বন্ধে আমরা বহুদিন ধরে আপত্তি করে আসছিলাম এবং অভিযোগ জনসাধারণের পক্ষ থেকেও আসছে যে, বহু সিনেমায় অ্যামিউজমেন্ট টিকিট নিয়ে ব্ল্যাকমার্কেট করা হয়। যে টিকিটের এক টাকা দুই টাকা দাম, তার চেয়ে অনেক বেশি দামে তারা বিক্রয় করে। এতদিন পরে ওঁদের যে টনক নড়েছে, এটা খুব আনন্দের কথা। কিন্তু এই যে অ্যাডিশনাল আই জি-র পদটা সৃষ্টি করা হল সে সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, এটা কেন করা হল? একজন আই জি-র দ্বারা কি কাজ চলছিল না? হাজার হাজার তো অফিসার রয়েছে। আরও একজন অ্যাডিশনাল আই জি-র পদ সৃষ্টি করলে কি পুলিসের যোগ্যতা বেড়ে যাবে? চুরি-ডাকাতি কি কমে যাবে? অথবা দাঙ্গা-হাঙ্গামা কি বন্ধ হয়ে যাবে? তিনি এখানে অনেকগুলি কারণ দর্শিয়েছেন। তার উত্তরে আমি বলছি যখন অখণ্ড বাংলা ছিল সেখানে তিন কোটি, পাঁচ কোটি টাকা আমরা পুলিসের জন্য খরচ করতাম, আর আজ খণ্ডিত বাংলায় আমরা সেখানে ১০ কোটি, ১১ কোটি টাকা খরচ করছি এবং পুলিসের সংখ্যাও বেড়েছে। বাংলাদেশের সাড়ে তিন কোটি লোকসংখ্যার মধ্যে প্রায় অর্ধ কোটি হচ্ছে গিয়ে পুলিসের সংখ্যা। এমনিই তো সাধারণ পুলিসের সংখ্যা প্রায় ৫০ লক্ষ, তার সাথে আরও কিছু বিশেষ পুলিস ধরে নিলে দাঁড়ায় প্রায় ৬০ লক্ষ পুলিস। তারপর উনি যে সমস্ত সমস্যাগুলির কথা বললেন, তার মধ্যে দেখিয়েছেন যে, সমাজদ্রোহীদের দমন করার ব্যবস্থা তাঁরা গ্রহণ করেছেন। সমাজদ্রোহীদের তাঁরা কিভাবে দমন করছেন, তা আমরা বুঝতে পারি না। সব জায়গায় দেখা যাচ্ছে যে, মজুতদার ও চোরাকারবারীদের রাজত্ব চলেছে ও দুর্নীতির রাজত্ব চলেছে। দুর্নীতিতে একেবারে সমাজ ভরে গিয়েছে।

সর্বত্র ভেজাল চলেছে। তেলে ভেজাল, ঘিয়ে ভেজাল, ভেজালের উপর ভেজাল চলেছে। মশলাতে পর্যন্ত ভেজাল। চাল-ডাল বাজার থেকে উধাও হয়ে যাচ্ছে, মানুষ ধান-চাল খুঁজে পাচ্ছে না। সরকারের যে নিয়ন্ত্রিত দর, সেই দরে ধান-চাল কোথাও পাওয়া যাচ্ছে না। তারপর তেলের ব্যাপারে যেখানে আগ মার্কা তেল আছে, তাতেও ভেজাল। উনি এসব বন্ধ করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন? কোন [illegible] কি উনি ধরতে পারছেন? উনি কিভাবে দুর্নীতি দমন করতে পারছেন তা আমি বুঝতে পারলাম না।

তারপর উনি বলেছেন যে, চৈনিক আক্রমণের ফলে আমাদের দেশ বিপদগ্রস্ত। তার আক্রমণের আশঙ্কা এখনও কেটে যায় নি; তাহলে তাঁরা এর জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন? চৈনিক আক্রমণের কথা তাঁরা বলছেন, আর ওদিক থেকে চৈনিক ত আস্তে আস্তে এগিয়ে আসছে এই তো দেখছি; আর কয়েকদিন বাদে কি হবে, তা আমরা জানি না। কৃপালনী মহাশয় কয়েকদিন আগে সরকারকে সতর্ক করে দিয়েছিলেন যে, ওদিক থেকে সাঁড়াশী আক্রমণ হবার সম্ভাবনা রয়েছে, স্থলপথে এবং জলপথে। জলপথে তাদের সাবমেরিন দ্বারা আক্রমণ হবার সম্ভাবনা রয়েছে, আর স্থলপথে তারা একেবারে হিমালয় পার হয়ে আসবে। আমরা জানতে পারলাম যে ওদিক থেকে বড় বড় সড়ক তৈরি হচ্ছে, এই আক্রমণের জন্য। চৈনিক আক্রমণ রোধ করার জন্য তাঁরা এতদিন কি ব্যবস্থা অবলম্বন করেছেন? তাহলে কি আমরা ধরে নেব যে, একজন অ্যাডিশনাল আই-জি নিযুক্ত ছিল না বলেই চৈনিক আক্রমণ রোধ করা যাচ্ছিল না?

[2-30—2-40 p.m.]

তাহলে কি আমরা এতদিন ধরে নেব যে, একজন
(Additional Inspector-General of police

নিযুক্ত হচ্ছিল না বলেই কি এই চীন আক্রমণ বন্ধ হচ্ছিল না, এই কথা কি আমরা ধরে নেব? যাক, সেকথা বলে আর দরকার নেই আপনাদের দেখা গিয়েছে তিনদিনের মধ্যে কতটা আপনারা করতে পেরেছেন সে আমরা জানি। তাই আজ দেশকে রক্ষা করতে হলে ঐ অ্যাডিশনাল আই-জি বাড়িয়ে কিছু হবে না এবং তার পথ অন্য এবং সেজন্য আপনারা মোটেই প্রস্তুত নন এই কথাই আমরা বলব। তারপর সীমান্ত সমস্যা। যে কোন জায়গায় দেখলে দেখা যায় সেখানে কিভাবে চোরাকারবারীদের রাজত্ব চলছে, সেখানে দেখা যাবে এখান থেকে সার, চাল, আটা, ময়দা কিভাবে পাচার হচ্ছে এবং ওপার থেকে সুপারী ইত্যাদি হচ্ছে, সেখানে যে চোরা-কারবারীদের রাজত্ব চলছে সেকথা আমাদের বলার দরকার নেই, আপনারা ভালভাবেই জানেন। কাজেই সীমান্তের অবস্থা এই। সাম্প্রদায়িক দাঙ্গার কথা বললেন, আমরা দেখলাম যে, পুলিসের অক্ষমতা এই রকম যার জন্য ভারতের বিভিন্ন জায়গা থেকে পুলিস ও মিলিটারি আমদানি করতে হল এবং নন্দজীকে এখানে এসে বসে থাকতে হল। এই তো অবস্থা। কণ্ট্রোল রুম-এর মাঝখানে দেখলাম সেখানে আধিপত্য কার? নন্দজীর। এই তো আপনাদের পুলিস বিভাগের কৃতিত্ব, এই আপনাদের শক্তি। কাজেই শক্তিবৃদ্ধির কথা যে বলছেন, দাঙ্গার জন্য হিন্দু-মুসলমান নির্বিশেষে এই সমাজবিরোধীদের হাতে প্রাণ দিল আপনি তাদের রক্ষা করতে পারলেন না, লুঠপাট বন্ধ করতে পারলেন না। মাননীয় চেয়ারম্যান মহাশয়, জানি না আমাকে কত সময় দেওয়া হয়েছে, আমি শুধু একটা ঘটনা বলব যে, কিভাবে তখন জুলুম হয়েছে। একটি ঘটনা আমি বলি যে, ১১ই জানুয়ারি আপনার পটুয়াতলা লেনে সেখানে যে অমিয় নিবাস তার একজন কর্মচারী সে খেতে বসেছিল। পুলিস তার ঘরের মধ্যে ঢুকল। সমাজবিরোধীদের কিছু করতে পারে নি, কিন্তু নিরীহ লোকেরা কিভাবে প্রাণ হারিয়েছে। গুণধর মান্না বলে একটি লোক সে পটুয়াতলা লেনে অমিয়নিবাসে থাকত, সেখানে পুলিস ঢুকে তাকে গুলী করে হত্যা করল। তার স্ত্রী আবেদন করেছেন সরকারের কাছে, তাঁরা কি করেছেন না করেছেন আমি জানি না। সেই জায়গাটার নাম হচ্ছে ১৭।১এ পটুয়াতলা লেনে অমিয়নিবাস সেখানে সে চাকরি করত, অকালে সে প্রাণ দিল এই তো অবস্থা। তারপরে সমাজবিরোধীদের সম্বন্ধে তিনি অনেক কথা বলেছেন। আমি আপনার কাছে দু-একটি ঘটনা উপস্থিত করব, চুরি-ডাকাতির কথা বাদ দিলাম, খুন-জখমের কথা বাদ দিলাম, তার সংখ্যা বাড়ছে তা মাননীয় চেয়ারম্যানি মহাশয়, আপনি ভালভাবেই জানেন। আমি দু-একটি ঘটনা আপনার কাছে বলব যেটার দ্বারা আমরা প্রত্যক্ষভাবে হয়রান হচ্ছি, যারা সত্যিকারের মজুতদার তাদের ওঁরা ধরেন না, দু-একটা যা এদিক-ওদিক ধরেছেন তার নাম দিয়েছেন কিন্তু আসলে

তাঁরা সংখ্যাটি বাড়িয়ে দেন খুচরা ব্যবসায়ীদের ধরে। আমি জানি, আমার কাঁথি অঞ্চলের কথা বলছি, বড় বড় যারা মজুতদার, যারা ১৯ টাকা ২০ টাকা করে ধান বিক্রি করেছে তাদের সন্ধান দিলেও ওঁরা ধরতে যান না। কোথায় যান? না খোলাবাজারে গিয়ে জুলুম করেন খুচরা ব্যবসায়ীদের উপরে যার ফলে তারা হয়রান হয়। কাঁথির একটি ঘটনা আমি আপনাকে বলব। আনন্দবাজারে কয়েকদিন আগে বেরিয়েছে যেটা ৮ই জুলাইয়ের সংবাদ, সেটা আনন্দবাজার ১০ই জুলাই সংবাদ বেরিয়েছে। লেখা আছে, "মুনাফাবাজী রোধ করিতে যাইয়া বিপত্তি"? খাদ্যবিভাগের কর্মী প্রহৃত হইবার সংবাদ। একটি বিকৃত সংবাদ এখানে বেরিয়েছে আনন্দবাজারের যিনি সংবাদদাতা তিনি এই কেসের সঙ্গে সংশ্লিষ্ট, আনন্দবাজারের মত একটি বিশিষ্ট কাগজ তাতে এই বিকৃত রিপোর্ট বেরিয়েছে। আসল ব্যাপারটা কি? আসল চোরাকারবারীদের তো ধরতে পারেন না, সেখানকার সরবরাহ বিভাগের ইন্সপেক্টর অমল ব্যানার্জি এবং সেখানকার পুলিস অফিসার এবং সেখানে একটি ক্লাব আছে সেই ক্লাবএর দু-একজন ব্যক্তি অসাধু উদ্দেশ্য নিয়ে খুচরা ব্যবসায়ীদের কাছে গিয়েছিলেন কিছু টাকা সংগ্রহ করবার জন্য। তারা গিয়ে ধমক-টমক দেয় এবং জনসাধারণ ক্ষিপ্ত হয়ে গিয়ে গোলমাল করে। আসলে ব্যবসায়ীরা নির্দোষ। কিন্তু শেষ পর্যন্ত হল কি, আনন্দবাজারে বের হল কি, যে মুনাফাখোরকে ধরতে গিয়ে তারা মার খেয়েছে। রিপোর্টএ তাই বেরিয়েছে। গত ২রা জুলাই বাজার চলার সময় এই ঘটনা ঘটে। আমি জিজ্ঞাসা করি পুলিস সেখানে কি করছে? ৭ জনকে ডি আই রুলএ ধরলেন। ২রা জুলাইয়ের ঘটনা, ১২ই সেপ্টেম্বর তারিখে ৭ জনের মধ্যে ৫ জনকে খালাস দেওয়া হয়েছে। সেখানে পুলিস কি করছিল? শুধু শুধু নিরীহ কয়েকজন লোককে ধরে হয়রানি করা হচ্ছে। তাদের অর্থ নষ্ট হল, শুধু তাই নয়, আড়াই মাস পরে তারা খালাস পেয়েছে। এনফোর্সমেন্ট সম্পর্কে আরেকটা খবর বলেই আমি শেষ করছি। আপনি জানেন, কয়েকদিন আগে বসুমতী পত্রিকায় একটি খবর বেরিয়েছিল জাল সার্টিফিকেট দেখিয়ে স্পেশ্যাল কেডারএর শিক্ষকের পদে নিয়োগ সম্পর্কে। ওঁরা কোথা থেকে খবর পেয়েছেন তার মধ্যে আমি যাব না। আমি আমার এলাকার একটা ঘটনার কথা বলি, এই সম্পর্কে আমি বার বার শিক্ষাবিভাগের দৃষ্টি আকর্ষণ করেছি, এনফোর্সমেন্ট পুলিসের দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু আজ পর্যন্ত জবাব পাচ্ছি না। এ সম্পর্কে আমার কোশ্চেনও ছিল, কিন্তু সেটা অ্যাডমিট করা হয় নি। রামনগর সারকেলএর একজন শিক্ষক শ্রীসর্বেশ্বর পান্ডা, তিনি আরেকজন মৃত সর্বেশ্বর পান্ডার ম্যাট্রিক সার্টিফিকেট দিয়ে সেখানে স্কুলে কাজ করছেন। এই সম্পর্কে জেলা ম্যাজিস্ট্রেট, পুলিস এবং স্কুল বোর্ড-এর কাছে দরখাস্ত দেওয়া হয়েছে, আমি এখানেও কোশ্চেন করেছিলাম, কিন্তু কিছুই হয় নি। আমাকে বলা হয়েছে আন্ডার ইনভেস্টিগেশন। সমস্ত খবর দেওয়া সত্ত্বেও এনফোর্সমেন্ট পুলিস সেখানে কিছুই করে নি। এর একমাত্র কারণ, এর পিছনে সেখানকার একজন কংগ্রেসী নেতা রয়েছেন এবং স্কুল বোর্ডএ তাঁর পক্ষের একজন লোক থাকায় এই ব্যাপারে কিছুই হল না। তাই বলছি, শুধু শুধু আই-জি বাড়ালেই কি হবে? এতে শাসনব্যবস্থার মধ্যে শুধু জটিলতারই সৃষ্টি হবে। আমি এই বিলের বিরোধিতা করছি।

Shri Kanai Pal:

মাননীয় সভাপাল মহাশয়, একজন অ্যাডিশনাল আই-জি অফ পুলিস নিয়োগের সাফাই গাইতে গিয়ে শিক্ষামন্ত্রী মহাশয় যেসব কথা বলেছেন সেই কথা তিনিও জানেন এবং জনসাধারণও জানেন মিথ্যা অজুহাত এবং নির্লজ্জ উক্তি। সম্প্রতিক দাঙ্গার উদাহরণ তিনি দিয়েছেন। সকলেই জানে, পুলিস তো পুলিস, সরকার নিজে হাত গুটিয়ে নিষ্ক্রিয় হয়ে বসেছিল। পুলিস বাহিনী দাঙ্গার প্রথমদিকে সক্রিয় এবং প্রত্যক্ষভাবে সমর্থনই করেছে। আমরা দেখেছি বিভিন্ন জায়গায় চুরি ডাকাতি খুন-খারাপির পিছনে পুলিসের সহযোগিতা থাকে।

[2-40—2-50 p.m.]

আমরা দেখছি চোরাকারবারীরা তাদের চোরাকারবার অব্যাহতভাবে চালিয়ে যাচ্ছে এবং পুলিসের সহযোগিতা তাদের সঙ্গে রয়েছে। দুর্নীতি দমন করা আজ পুলিসের কাজ নয়, আজ পুলিসের কাজ হচ্ছে জমিদার মিলমালিকের এই যে সরকার, সেই সরকারের শোষণকে অব্যাহত রাখা, দিনে ডাকাতি চালু রাখা। আইন করে যে ডাকাতি চলছে, চুরি, দুর্নীতি চলছে এবং যেটা

এই ধনিক শ্রেণীর সরকার চালিয়ে যাচ্ছেন সেটাকে অব্যাহত রাখাই হচ্ছে এঁদের কাজ। তাই আমরা দেখেছি দাঙ্গার সময় তারা দাঙ্গার সহযোগিতা করেছে এবং এই পুলিস বাহিনীর মধ্যে সাম্প্রদায়িক মনোভাব রন্ধ্রে রন্ধ্রে ঢুকে রয়েছে। শুধু তাই নয়, মিথ্যে অজুহাতে যখন কমপন্থীদের গ্রেপ্তার করা হয়েছে তখন এই পুলিস বাহিনীর তৎপরতা দেখেছি, তাদের উৎসাহ দেখেছি এবং আর দেখেছি মিথ্যে মামলা সৃষ্টি করবার প্রচেষ্টা। স্যার, কংগ্রেসী এম. এল. সি. বিশ্বরঞ্জন রায় এবং এক্স এম. এল. সি হরিদাস দে আমার বাড়ি লুঠ করিয়েছে। আমি মামলা করব সেইজন্য মিথ্যে মামলা সৃষ্টি করে এবং আমাকে আটক রেখে মামলা করবার সুযোগ থেকে বঞ্চিত করা হয়েছে। তারপর, দাঙ্গার সময় যে পুলিস নিয়োগ করা হয়েছে তাদের সম্বন্ধে আমি বার বার এখানে অভিযোগ তুলেছি, লিখিত প্রশ্ন দিয়ে বলেছি যে সারা দেশ জুড়ে পুলিস সংখ্যালঘুদের ঘাড়ে বসে খেয়েছে, মাথা পিছু দেড় টাকা হারে খোরাকি আদায় করেছে। একথা কি পুলিসমন্ত্রী জানেন না? তিনি জানেন কিন্তু স্বীকার করতে রাজী নন। এই যে অদ্ভুত রকমের জিজিয়া কর সংখ্যালঘুদের কাছ থেকে আদায় করা হয়েছে সেটা কি তিনি জানেন না? তিনি নিশ্চয়ই জানেন। কয়েকটি অঞ্চল থেকে বিশেষ করে সাহেবডাঙ্গা অঞ্চল থেকে সংখ্যালঘু সম্প্রদায়রা তাঁর কাছে দরখাস্ত দিয়ে শুধু যে একথা জানিয়েছে তা নয়, সঙ্গে সঙ্গে তারা আরও জানিয়েছে যে, সেখানে পোস্টেড পুলিস ছিল এবং তাদের উপর যারা নেতৃত্ব করেছিল তারা জোর করে সেখানকার মুরগি, হাঁস ছিনিয়ে নিয়েছে। আমি জিজ্ঞাসা করি, এই ব্যাপারে যে তদন্ত হয় না তার জন্য দায়ী কে? কাজেই পুলিসের উচ্চতম কর্তৃপক্ষের একজনের জায়গায় দুজন করে দিলে এই সমস্যার সমাধান হবে না। একটা কথা ইতিপূর্বে বলেছি যে, কথাটা গ্রামদেশে চালু আছে—

গোদানরী ছাদনধরি তুমি কার?
যখন যার খাই তখন তার।

স্যার, জমিদাররা যে লেঠেল পোষে সেই লেঠেলরা কি করে? জমিদাররা সেই লেঠেলদের অপরের বাড়ি লুঠ করাতে, অপরের জমি লুঠ করাতে, অপরের গৃহদাহ করাতে এবং যারা নিঃস্ব প্রজা তাদের মাথা ভাঙ্গতে ব্যবহার করে। ঠিক সেই রকম এই ধনিকশ্রেণীর সরকার যে শোষণব্যবস্থা চালিয়ে যাচ্ছে তাতে এরা তাদের সাহায্য করেছে। আর সেই শোষণব্যবস্থা যারা উৎখাত করতে চায়, সাধারণ মানুষ, কলকারখানায়, ক্ষেতখামারে যারা খেটে মরছে, সব কিছু থেকে যারা বঞ্চিত হচ্ছে, তাদের ক্ষেত্রে দেখছি আইন করে বঞ্চিত করা হচ্ছে তাদের জীবনের সুখ-স্বাচ্ছন্দ্য থেকে বঞ্চিত করা হচ্ছে। শুধু তাই নয় তার বিরুদ্ধে যারা লড়তে যাচ্ছে তাদের বিরুদ্ধে পুলিসী হামলা পুলিসী অত্যাচার পুলিসী নির্যাতন অব্যাহতভাবে চলছে। কাজেই আজ সমস্যার সমাধান এতে হচ্ছে না যে পুলিসের উপরওয়ালা একজন কর্মচারীর জায়গায় দুজন করে দাও।

আসলে সমস্যা হচ্ছে যে পলিসিতে এই পুলিস বাহিনীকে চালনা করা হচ্ছে সরকার যে নীতি নিয়ে চলেছেন সেই নীতির মধ্যে রয়েছে গলদ। কাজেই ইন্সপেক্টর জেনারাল অফ পুলিসএর পদ একটির জায়গায় দুটি করলেই সমস্যার সমাধান হবে না। এর আমরা হাজারটা নজির দিতে পারি যে সত্যই কোন জায়গায় যেখানে দুর্নীতি চলছে সমাজবিরোধী কাজ চলছে সেখানে তারা বিরোধিতা করতে পাচ্ছে না, প্রত্যক্ষভাবে এবং পরোক্ষভাবে তারা সেই কাজ সমর্থন করছে। এটা আজকে পরিষ্কার যে এটা ঢেকে রাখা সম্ভবপর নয়। এই পুলিস কাদের পুলিস কাদের স্বার্থরক্ষা করছে। এটা আজকে নূতন কথা নয় যে আজকে পুলিসকে এই অবস্থায় রেখে সমস্যার সমাধান হবে না। কারণ এই শোষণব্যবস্থার মধ্যে আজকে সমস্ত লোককে নিঃস্ব করে দেওয়া হচ্ছে। যারা সারাদিন খেতে না পায়, সারাদিন খেটেও ছেলেমেয়েকে খেতে দিতে পারে না সেই অবস্থায় তারা যদি চুরি করতে যায় তাহলে তাকে পুলিস দেখানো হচ্ছে। যাদের আজকে দশ টাকার কাজ করিয়ে নিয়ে পাঁচ সিকা দিচ্ছেন তাদের মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছেন তাদের বিরুদ্ধে কিছু পুলিসের করণীয় নাই। সেই প্রচেষ্টাও সরকারের নাই। কেননা আমরা জানি যেসমস্ত অজুহাত দেখাচ্ছেন আজকে সেকথা ঠিক নয়। মধ্যযুগে পুলিস ছিল না মিলিটারি ছিল না তাতে কেউ কি কারও মাথা ভাঙ্গত? তার প্রয়োজনও হত না। কারণ সেখানে আমার বলে কিছু ছিল না সমস্ত কিছুই ছিল আমাদের। আজকে আমার স্বার্থ আমার লোভ আমার সম্প্রদায় এটাই বড় কথা। তারই জন্যে ঔষধে ভেজাল খাদ্যে ভেজাল

তার জন্য তেলে ভেজাল তার জন্য সমস্ত জায়গায় ভেজাল এবং শোষণ চলছে সমস্ত জায়গায়। সভাপাল মহাশয় আমি এ দিকটায় আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই যে পুলিস এটা ধনিকশ্রেণীর সরকারের পুলিস, সরকারই এজন্য দায়ী তাদের নীতি যদি পরিবর্তন না করেন শুধু যদি মুখে বলেন যে সকলের সুখের জন্য শান্তির জন্য পুলিস রাখা হচ্ছে এবং এজনাই একজনের জায়গায় দুজন আই জি অফ পুলিস রাখা হচ্ছে সেটা শুধু ফাঁকা যুক্তি এ ছাড়া আর কিছু নয়।

Shri Balai Lal Das Mahapatra:

স্যার পটুয়াতোলা লেনে গত দাঙ্গার সময় অমিয়নিবাস বোর্ডিংয়ে যে মারা গেছে তার নাম গুণধর মান্না নয় গুণধর দাস।

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয় ১৮৬১ সালে পুলিস আক্ট হয়েছিল, ১০৩ বছর পরে সংশোধনী হচ্ছে। যেখানে একজন ছিলেন সেখানে অ্যাডিশনাল আই জি অফ পুলিস দরকার হচ্ছে—বায়োস্কোপে এবং অন্যান্য অ্যামিউজমেন্টএর টিকিট যে বেশি দামে বিক্রি হচ্ছে তার ব্যবস্থা করার জন্য। সেদিন আমাদের মৎস্যমন্ত্রী কাম্ স্বায়ত্তশাসনমন্ত্রী একটা বড আইন আনলেন। আজ আবার দেখলাম শিক্ষামন্ত্রী কাম্ পুলিসমন্ত্রী আর একটা আইন এনেছেন। সেদিন আমাদের শিক্ষা-মন্ত্রীর কাছে শুনলাম আমাদের প্রাথমিক শিক্ষার জন্য ছেলেমেয়েদের মাথাপিছু আট নয়া পয়সা খরচ হয় এবং কারিগরি বিদ্যা শিখাবার জন্য ১২ নয়া পয়সা খরচ করেন। আমি এই প্রশ্ন তুলেছিলাম যে এই পয়সায় কি কোন শিক্ষা হয় আপনার জানা আছে বা মনে হয়? উনি উত্তর দিলেন সরকার এর বেশী পারে না খরচ করতে। আজকে সৌভাগ্যবশতঃই হোক কি দুর্ভাগ্যবশতঃ হোক আবার সেই শিক্ষামন্ত্রী এ আই জি পুলিশ করবেন। এখানকার বিচিত্র গণতন্ত্র, এর প্রকাশ যতই হচ্ছে ততই দেখছি যে এখানে শুধু আইন তৈরী করা, একটা অবজেক্টস অ্যান্ড রীজন্স দিলেন আর কেউ কিছু বলুন আর না বলুন, লাল নীল আলো জ্বললো, আইন পাশ হবে, এবং দেশের সাধারণ মানুষ তা মানতে বাধ্য। এই হল এখানকার গণতন্ত্র।

[2-50 - 3 p.m.]

স্যার, অবজেক্টস অ্যান্ড রিজনস যদি দেখা যায় তাহলে আমরা দেখতে পাই কি কি কাজ করবেন —হেট্রোজিনিয়াস পপুলেশন হয়েছে, পপুলেশন গ্রো হয়েছে, চাইনিজ আক্রমণ হয়েছে, রিসেন্ট কমিউন্যাল ডিসটারব্যান্স হয়েছে ট্রিমেন্ডাসলি পপুলেশন বেড়েছে এই সমস্ত সব ঠিক হয়ে যাবে একটা অ্যাডিশন্যাল পোস্ট হলে। সত্য কথা বলতে এত ভয় কেন? বলুন না কেন যে, আমাদের লোক আছে অ্যাডিশনাল পোস্ট করতে হবে আমরা রাজি আছি করে দিই। এ কি? এটা কি সম্ভব একটা অ্যাডিশনাল পোস্ট হলে এখানে যা কিছু অব্যবস্থা সব দূর হয়ে যাবে? সমাজবিরোধী কাজ, আইন শৃঙ্খলা, জনসংখ্যা বৃদ্ধি, সব ঠিক হয়ে যাবে এটা তো হয় না। অবিভক্ত বাংলায় বিদেশী শাসক ইংরাজদের আমলে লোক বেশি ছিল, যখন এখানে স্বাধীনতা সংগ্রামের অভিযান চলছিল তখনও তারা দেশের কাজ ঠিক রেখেছিল। এখন আমাদের দেশের লোক, তাদের উপর আর একটা অ্যাডিশনাল চড়িয়ে দাও। স্যার, এই টপ হেভি অ্যাডমিনিস্ট্রেশন যদি ভাল হত তাহলে আমাদের একটা আইডিয়াল অ্যাডমিনিস্ট্রেশন হত। এই পুলিস অ্যাডমিনিস্ট্রেশন অত্যন্ত টপ হেভি। আমাদের বোঝানো হচ্ছে যে, যেন ইন্সপেক্টর জেনারেলের পরে সব শূন্য পদ কেউ কোথাও নেই। তা নয়। ইন্সপেক্টর জেনারেলের পরে ডেপুটি ইন্সপেক্টর, সুপারিন্টেন্ডেন্ট আছেন। তাঁদের উপরও তাহলে ঐ অ্যাডিশনাল চড়িয়ে দেওয়া হল। উনি বললেই তো হবে না, সুনীতিবাবুর ভাষা লাগিয়ে ভাল করে অনেক কিছু আমাদের বোঝালেন। আমরা এত ভাল বাংলা বুঝি না। যাই হোক, তিনি অনেক কারণ দেখিয়েছেন। আমার কথা হচ্ছে অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল অব পুলিসের এখানে কোন দরকার নেই। যদি কোন ভাল লোককে করতে হয় আমরা রাজি আছি। কিন্তু তাঁদের লোকের জন্য আইনটা এসেছে সে বিষয়ে কোন ভুল নেই। আজকে পুলিসের হাতে এই যে এত ক্ষমতা আছে সেই ক্ষমতার দ্বারা হচ্ছে কি সেটা আমরা তো দেখছি। অ্যাড-মিনিস্ট্রেশনকে যদি এফিসিয়েন্ট করতে না পারেন তাহলে ২০-৫০টা পোস্ট ক্রিয়েট করেও কিছু

হবে না। এটা তো আমরা দৈনন্দিন অভিজ্ঞতা থেকে দেখতে পাচ্ছি। তারপর এটাও দেখেছি হাজার হাজার স্টুডেন্ট এই ক্রিকেট খেলার টিকিটের জন্য কিরকম উপদ্রব করে, এই সমস্ত সমাজবিরোধী লোক যাদের হাতে টিকিটের ভার থাকে তারা সাধারণ মানুষকে টিকিট দিতে চায় না, কারণ তাদের পয়সা চাই। তারা গাছে উঠে, ইলেকট্রিকের তারে ঝুলে মরতে বাধ্য হয় তবুও তারা খেলা দেখে। আমাদের দেশের ছেলেরা যারা ক্রিকেট বোঝে তারা দেখতে পায় না। আমাদের দেশে স্টেডিয়ামের ব্যবস্থা আর হল না। এইসমস্ত সমাজবিরোধী লোকেরা সিনেমার টিকিটের মত বেশি দামে টিকিট বিক্রি করে। অথচ আপনারা ধরেন না। বেশি দামে টিকিট বিক্রি করাটা নিশ্চয়ই অন্যায়। কিন্তু তার প্রতিকার কোথায়? আপনারা তো সমস্যার সমাধান করতে চান না। অ্যাডিশনাল পুলিসের কি দরকার? সেদিন দাঙ্গা হয়ে গেল, কন্ট্রোল রুমে আপনারাই অ্যাডিশনাল পুলিস বসে আছে। অনেক ভাল পুলিস আছে, তারা কর্তব্য করতে চায় কিন্তু আপনাদের জন্য কর্তব্য করতে পারে না। এই প্রশাসনিক ব্যবস্থার যারা কর্তৃপক্ষ তারা পুলিসকে নির্ভয়ে কর্তব্যপরায়ণ পুলিস যারা আছে তাদের কাজ করতে দেয় না। তা না হলে আজকে সমাজবিরোধী কালোবাজারী ভেজালকারী যারা আছে তারা এইরকমভাবে বহাল তবিয়তে থাকতে পারত না। বরং এইসমস্ত লোকদের ধরে না বলে তাদের প্রমোশন দেওয়া হয় এও তো আমরা দেখতে পাচ্ছি। শেষকালে আমার বলবার কথা, অবশ্য আমি জানি যে, এইসব কথা বলে কিছু হবে না, এসব কথা কোনদিন প্রকাশিত ও প্রচারিত হবে না, আমি জানি যে, মন্ত্রিমহাশয়দের সমস্ত অমৃতবাণী ছাপিয়ে কাগজে বেরুবে—তাতে কিছু আসে যায় না কিন্তু জনসাধারদের মঙ্গলের নামে এইরকম অমঙ্গল করবার প্রচেষ্টার বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি ও আমি মনে করি ইন্সপেক্টর জেনারেল অফ পুলিসের কোন দরকার নেই। এ শুধু টাকা অপব্যয়ের জন্য। এই পুলিসকে যদি আপনারা ঠিক না করতে পারেন, পুলিস যদি এফিসিয়েন্ট না হয় তাহলে কিছুই হবে না। যারা রক্ষক আজ তারাই ভক্ষক হয়েছে এ জিনিস আমরা দেখতে পাচ্ছি। আজ পুলিসের কাছে ভয়ে সোজা যেতে পারে না, কারণ তারা জানে, যাক যা হয়েছে, আবার পুলিসে যাব। সেদিনে মাননীয় মুখ্যমন্ত্রী বললেন আপনারা খবর দিন কোথায় মাছ বেশি দামে বেচছে, চাল বেশি দামে বেচছে, আমরা ঠিক করব। একেই চাল পাওয়া যায় না, আবার তার উপর পুলিসের পেছনে গিয়ে চালও পাবে না, আবার তাদের কারাবাস না হয় এই তো অবস্থা। আমার বিনীত অনুরোধ এরকমভাবে আপনারা যদি আইন আনেন তাহলে খুব বেশিদিন আপনারা এ কাজ করতে পারবেন না এ আপনাদের বলে দিচ্ছি। আমাদের কথা বিশ্বাস করুন আর নাই করুন এমন কোন অদৃশ্য শক্তি আছে যার দ্বারা এরকমভাবে যদি আপনারা ক্ষমতার অপব্যবহার করেন তাহলে এর একদিন না একদিন শেষ হবেই—এই কথা বলে আমি এই বিলের বিরোধিতা করছি।

Shri Kamal Kanti Guha:

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে পুলিস য়্যামেন্ডমেন্ট বিল যেটা আমাদের সম্মুখে এসেছে সেটা আনতে চায় তার কারণ সম্বন্ধে শিক্ষামন্ত্রী বলেছেন যে আমাদের দেশে সমাজদ্রোহী যারা তাদের সংখ্যা বেড়ে গেছে, দুর্নীতি বেড়েছে, আইন-শৃঙ্খলা ভঙ্গ হচ্ছে এবং আরো অনেক কারণ দেখিয়ে তিনি বলেছেন যে এজন্য এ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল অব পুলিসের প্রয়োজন আছে। সমাজদ্রোহীর সংখ্যা বেড়েছে ঠিকই, যারা চোলাই মদের কারবার করে তারাও নিশ্চয়ই সমাজদ্রোহী একথা শিক্ষামন্ত্রী স্বীকার অন্ততঃ এখানে করে নেবেন, কারণ এখনও পর্যন্ত আমি মনে করি এতখানি নির্লজ্জ ওঁরা হয়ে উঠতে পারেননি যে হাউসের মধ্যে তাঁরা অস্বীকার করবেন যে যারা চোলাই মদের কারবার করে তারা সমাজদ্রোহী নয়। কিন্তু এই য়্যাডিশনাল আই জি'র যদি কোন পোস্ট করা যায় তাহলে সমাজদ্রোহীরা কি লুপ্ত হয়ে যাবে, তাদের কি শেষ করা যাবে যদি নাকি পুলিশ বিভাগের যে শাখা-প্রশাখা ডাল ছড়িয়ে দিয়েছেন বাংলাদেশে সে ডালকে ছাঁটাই না করেন? সে ডাল থেকে দুর্নীতি দূর না করেন? যদি এই দৃষ্টিভঙ্গীর পরিবর্তন না হয়, যদি আপনারা সুনির্দিষ্ট নীতি গ্রহণ না করেন তাহলে যতই য়্যাডিসনাল আই জি করুন, ২।১টা ডি আই জি করুন তাতে কিছুই হবে না। আমি একটা নমুনা দিচ্ছি, কোচবিহারে বেনারসীলাল চৌধুরী চোলাই মদের কারবার করে ধরা পড়েছিল এবং তার বিচার হল ১০।৫।৬৩ তারিখে জুডিসীয়াল ম্যাজিস্ট্রেট অব কে মুখার্জী তাঁকে শাস্তি দিলেন, কেস নং হচ্ছে,

CR146 of 1963 under section 46A of the Bengal Excise Act.
এতে তার শাস্তি হয়ে গেল, ১০ টাকা ফাইন হল এবং তার আর একটা কেস চলছে সেটাও জেলা ম্যাজিস্ট্রেট এস কে ঘোষের কোর্টে সেই কেস নং হচ্ছে
CR 84 of 1964 under sections 46A and 46R of the Bengal Excise Act.
একটা কেসে তাকে শাস্তি দেয়া হয়েছে, আর একটা কেস চলছে কিন্তু মজার কথা কয়েকদিন আগে কোচবিহার পলিটেকনিকে সে চাকরী পেল তার পুলিশ ভেরিফিকেসন যখন হয় তখন সেখানকার এস, পি, পাঁচুগোপাল ভট্টাচার্য, আই, পি, এস, তিনি এসব কথা উল্লেখ করলেন না, কেন করলেন না, কোচবিহারে ডেপুটী কমিশনার মিঃ সিন্‌হা এবং এই পাঁচুগোপাল ভট্টাচার্য, আই, পি, এস যিনি ওখানকার পুলিশ সুপারিনটেনডেণ্ট, এঁদের মদ এবং মেয়েমানুষ যোগায় এই বেনারসীলাল চৌধুরী এবং আমি আপনাকে বলতে চাই কোচবিহারে খালাসীপট্টী বলে একটা জায়গা আছে, রাত ৯টার পরে সেখানে যদি যাওয়া যায় তো দেখা যাবে কোচবিহারের ডেপুটী কমিশনার, পুলিশ সুপারিনটেনডেণ্ট তাঁরা সেখানে মদ খেয়ে উলঙ্গ নৃত্য করছেন, আর সেখানে মদের বোতল গড়াগড়ি যাচ্ছে।

[3-10 p.m.]

সেখানে বেঙ্গল এক্সাইস-এর যে অফিসার, তিনি কয়েকবার রেইড্ করতে চেয়েছিলেন। কিন্তু তাঁকে রেইড করতে দেওয়া হয়নি। এই কারণে দেওয়া হয়নি যে ঐ বানোয়ারীলাল চৌধুরী মদ যোগান দেয়, মেয়েমানুষ যোগান দেয়। আপনাকে আমি দেখাচ্ছি যে তিনি সেখানকার শীল টেক্‌নিক-এ চাকরী পেলেন, কিন্তু, তার সম্বন্ধে কোন পুলিশ ভেরিফিকেসন হল না। সেখানকার যিনি পুলিশ সুপারিনটেন্‌ডেণ্ট, তিনি তার সম্বন্ধে কোন রিপোর্ট দিলেন না। কুচবিহারের যিনি ডেপুটী কমিশনার, তিনি এই পলিটেকনিক-এর চেয়ারম্যান, তিনি নিজে রেকমেণ্ড করেছেন যে একে চাকরী দেওয়া হোক। অথচ আমি জানি ঐ কুচবিহার ট্রান্সপোর্ট-এ কায়স্থ বহু ছেলের চাকরী গিয়েছে, যারা হয়ত ছাত্রাবস্থায় স্টুডেণ্ট ব্লক-এ যোগদান করেছে বা স্টুডেণ্ট ফেডারেসন করেছে বলে, পুলিশ ভেরিফিকেসন-এ তাদের চাকরী গিয়েছে। আমি জানি বহু প্রাইমারী স্কুলের টিচারের চাকরী গিয়েছে পুলিশ ভেরিফিকেসন-এ, যে তারা হয়ত অতীতে কোন রাজনৈতিক আন্দোলনের সাথে যুক্ত ছিলেন। অথচ এই বানোয়ারীলাল চৌধুরী আপনাদের কাছে দেশদ্রোহী নন। কালকে নেপালবাবু বলেছেন যে গণতন্ত্রেরও সুযোগ-সুবিধা আছে। আজকে দেখছি আপনাদের এই গণতন্ত্রে অযোগ্যদের। চৌধুরীর সুযোগ-সুবিধা আছে, যেমন লালবাহাদুর শাস্ত্রির সুযোগ, সুবিধা আছে, যেমন প্রফুল্লচন্দ্র সেনের সুযোগ, সুবিধা আছে, যেমন আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের সুযোগ, সুবিধা আছে। তাহলে আপনারা সমাজদ্রোহীদের তাড়াবেন কেমন করে? আপনি বলছেন চাইনিজ য়্যাগ্রেসন-এর কথা। এটা শুনতে খুব ভাল কথা, এবং আজকে আমরা জ্বালা, যাতনা অনুভব করি, যখন শুনি যে আমাদের উত্তর সীমান্তে চাইনিজরা এখনও ১২ হাজার বর্গমাইল ভূমি অধিকার করে বসে আছে। কিন্তু ঐ চাইনিজদের তাড়াবেন কি করে? আজকে তাদের এখন থেকে তাড়াবার ক্ষমতা আপনাদের নেই। আপনারা অনেক দিন এই হাউসে বলেছেন সেখানকার দুর্ভিক্ষের কথা। এটা সত্য কথা যে চায়নাতে চালের সংকট আছে। আমরা জানি যে চীন অধিকৃত তিব্বতে ৪০০ টাকা মণ দরে চাল বিক্রয় হচ্ছে। কিন্তু সেখানে চাল যাচ্ছে কোথা থেকে জানেন? ঐ কুচবিহার থেকে, ঐ জলপাইগুড়ি থেকে চাল যাচ্ছে। ঐ চাল যাচ্ছে আপনার কটলিং ভূটান হয়ে তিব্বতে ও চীনের পথে। যারা আমাদের শত্রু, যারা আমাদের ভারতবর্ষের ১২ হাজার বর্গ মাইল ভূমি অধিকার করে আছে, তাদের চাল খাওয়ান হচ্ছে। তাদের চাল যোগান দিচ্ছে আপনাদের কংগ্রেসী লোকেরা, যাদের আপনারা ধরতে পারছেন না।

আমি এই সম্পর্কে জানিয়ে দিতে চাই যে ঐ সোনারপুর মণ্ডল কংগ্রেসের যিনি মালিক ও সেক্রেটারী ছিলেন, তিনি এখান থেকে চাল নিয়ে গিয়ে সেখানে পাঠান। আমি এ বিষয়ে পুলিশকে সংবাদ দিয়েছি এবং এস, ডি, ও-কে বলেছি, কিন্তু তাঁকে এ পর্যন্ত ধরা হয়নি। আমরা এই ব্যাপারটি এস, পি-কেও জানিয়েছি। সেই সোনারপুর মিল মালিকের চাল যখন আমরা ধরলাম, তখন আমাদের ডাকাতি কেসে ধরিয়ে দেওয়া হল, যে আমরা তার চাল লুঠ

করেছি। আমরা জানি ইংরাজ আমলে বহুদিন আমাদের জেল খাটতে হয়েছে, আজ আপনাদের আমলেও আবার আমাদের জেল খাটতে হবে। যতদিন আমাদের দেশে সমাজতন্ত্র না আসবে, যতদিন সৎ মানুষের হাতে দেশ শাসনের ক্ষমতা না আসবে, ততদিন আমাদের জেল খাটতে হবে। কিন্তু আজকে আমাদের লজ্জা হয়, ঘৃণা হয়, যখন আপনাদের পাপ মুখ থেকে ভণ্ডামির কথা শুনি সে সমাজদ্রোহীদের আমরা শায়েস্তা করবো, যারা চোরাকারবারী করে, তাদের আমরা শায়েস্তা করবো। এই তো আপনাদের নমুনা।

আপনারা বলছেন বর্ডার সিকিউরিটির কথা, যে আমাদের বর্ডার সিকিউরিটিকে আরও জোরদার করতে হবে, কারণ পাকিস্তানের সাথে আমাদের রিলেসন খুব খারাপ হয়েছে। সে কথা ঠিকই। কিন্তু অপনাদের নীতি কোথায়? এদিকে জয়প্রকাশ নারায়ণকে পাঠান হচ্ছে, একদিকে ভুট্টোর পায়ে তেল মাখাচ্ছেন, আর একদিকে আয়ুবের সাথে খোসামোদ করছেন, আর **একদিকে বর্ডার সিকিউরিটির নামে, ঐ সমস্ত বর্ডারকে উন্মুক্ত করে রেখেছেন। আজকে যদি** পাকিস্তানের সংগে আমাদের রিলেসান খুব খারাপ হয়, পাকিস্তানের সাথে আমাদের যুদ্ধ লাগে, **আমি একথা বলতে পারি যে পশ্চিমবঙ্গের সীমান্তে সমস্ত দুর্বল জেলাগুলি এক ঘণ্টার মধ্যে** পাকিস্তান অধিকার করে নেবে। ঐ যে আমাদের বর্ডারে পাক এজেণ্টরা বসে আছে, তাদের **ধরবার আপনারা নাম করবেন না। আজ তারা কংগ্রেসের নামাবলী গায়ে দিয়ে বসে আছে।** আমরা পুলিশ সাহেবকে একথা বলেছি যে আমজাদ হোসেন কুচবিহারের একজন উকিল, যিনি ঢাকা থেকে পাশ করেছেন ১৯৫৫ সালে, তিনি আজকে কি করে লাইসেন্স পান কুচবিহারে জজ কোর্টে প্রাকটিস করবার? কিন্তু, তিনি পান, যেহেতু তিনি খদ্দর পরেন। তিনি লাইসেন্স পান এই জন্য যে ভোটের দময় আপনাদের হয়ে ক্যানভাস করবে। তাঁর কথা আমি এস, পি-কে বলেছি। তাঁকে কি আপনারা এ পর্যন্ত ধরতে পেরেছেন? আমি দেখিয়ে দিয়েছি ঐ বর্ডারে **যারা পাকিস্তান থেকে পাশ করে এসেছে, যারা আমাদের দেশকে ভালবাসে, তাদের প্রাইমারী** স্কুলে চাকরী দেওয়া হয় না। আমি দেখিয়ে দিয়েছি ঐ বর্ডারে যারা পাকিস্তান থেকে পাশ করে আসে প্রাইমারী স্কুলেও চাকরী করে। অথচ যারা এই দেশকে ভালবাসে, যারা আপনাদের নীতি মানে না তাদের চাকরী হয় না। স্কুল বোর্ড-এ আপনাদের ভাইস প্রেসিডেণ্ট উমেশ মণ্ডল, আগেই জিজ্ঞাসা করেন ইন্টারভিউ-এর সময় যে তুমি কোন্ দলের সংগে জড়িত? তুমি কি অমুক দলের হয়ে ক্যানভাস করেছো ভোটের সময়? অথচ আমরা দেখেছি কত দেশদ্রোহী ঢাকা থেকে যারা পাশ করেছে এখনও যাদের আত্মীয়স্বজন আছে সেখানে তাদের প্রাইমারী স্কুল-এ চাকরী দেওয়া হচ্ছে। কারণ আপনারা সেদিকে নিশ্চিন্ত যে এরা দেশকে ফাঁকি দিক, আবার পাকিস্তান করুক তাতে কিছু যায় আসে না কিন্তু আপনাদের ভোটটি ঠিক এরা যোগাড় করে দেবে। আজকে আপনারা বলছেন বর্ডার সিকিউরিটির কথা এবং তার জন্যে এ, আই, জি-র একটা পোস্ট সৃষ্টি করতে যাচ্ছেন। আপনারা আজকে আমাদের দেশের মধ্যে কি করেছেন? স্যার, চাল ব্লাক হচ্ছে, আপনাদের নাকের ডগায় বিক্রি হচ্ছে, পুলিশ কিছু করতে পারছে না। আমি ৪।৫ দিন আগে একজন চোরাকারবারীকে ধরলাম, প্যাসনের চাল সুদ্ধু ধরলাম, থানায় ফোন করলাম, পুলিশ এলো, দেখলাম পুলিশ এসে তাকে নিয়ে গেল। কেস আমি লিজ দিলাম, তারপরে কি হল? বিকালবেলায় দেখলাম সেই চোরাকারবারী ঘুরে বেড়াচ্ছে। আমি জিজ্ঞাসা করলাম কি হল? না, থানা থেকে বেল পেয়েছে। আবার খবর নিলাম যে না, থানায় বেল দেওয়া হয়নি। সন্ধ্যার সময় এনফোর্সমেন্টের সাব ইনসপেক্টর মিঃ কাঞ্জিলাল আমার কাছে এসে বললো যে কমলবাবু এ কেসে কিছু হবে না। আপনারা আপনাদের রিফিউজি ক্যাম্প-**এর জন্য ২০০ টাকা নিয়ে ছেড়ে দিন। এই হচ্ছে নমুনা।** আমি এস, ডি, ও-র কাছে কমপ্লেন করলাম যে এই সাহস কি করে হয়, এদের এত বড় ধৃষ্টতা যে এনফোর্সমেন্ট-এর সাব ইনসপেক্টর এসে বলছে যে কমলবাবু ২০০ টাকা নিয়ে একে ছেড়ে দিন। এবং তার কিছু হল না। আমি আপনাকে বলি একথা যে আজকে হোম গার্ড-এর কথা বলছেন, দেশকে রক্ষা করবার কথা বলছেন, কিন্তু এই হোম গার্ড-এর মধ্যে আমি চ্যালেঞ্জ করে বলছি ঐ বীরেন মৈত্র আমার সংগে **চলুক, আমি তার হাসি বন্ধ করে দিতে পারি, জনসাধারণ তাঁদের দাঁত খুলে নেবে যদি জন-**সাধারণের সামনে গিয়ে দাঁড়ান দেখবেন হোম গার্ড-এর মধ্যে ৫০ পারসেন্ট চোরাকারবারী, সাম্য

রাত যারা ওখানে লেনদেন করে এবং সকালবেলায় লাল চোখ করে ঢুলতে ঢুলতে এসে যখন রেকর্ট রাইট করে তখন লজ্জায় ঘৃণায় মাটির সঙ্গে মিশে যেতে ইচ্ছে করে যে কারা হোম গার্ড-এ রয়েছে। আমি দুইজন হোম গার্ড-এর কথা বলতে পারি যাদের হোম গার্ড ট্রেনিং-এ পাঠান হয়েছে অথচ মোটরের টায়ার চুরির কেসটা তাদের আজও কোর্টে ঝুলছে। এই সমস্ত লোক নিয়ে এই সমস্ত দালাল নিয়ে, এই সমস্ত দারোগাদের এজেন্ট নিয়ে দেশ রক্ষা করবেন, চোরাকারবারী দমন করবেন, বর্ডার সিকিউরিটি করবেন এই সব নাম করে আজকে একটা এ, আই, জি-র পোস্ট সৃষ্টি করছেন। আমি আপনাকে বলতে যাচ্ছি নীতির যদি পরিবর্তন না করতে পারেন তাহলে রাইটার্স বিল্ডিংস-এ বসে, কন্ট্রোল রুমে বসে কাগজে কলমে যত বড় বড় কথা বলেন কিছু হবে না। কারণ অতুল্যবাবুর মত লোক আজও আছে, আরো থাকবে। কারণ এই অতুল্যবাবুরা সদাচার সমিতি ভেঙ্গে দেবে, নন্দজীর প্রসারিত হস্তকে তারা বন্ধ করে দেবে এ, আই, জি-র কাজকে তারা খর্ব করে দেবে, চোরকারবারী যারা খদ্দর পরে থাকবে তাদের ঢুকিয়ে নিয়ে নিজেদের গোষ্ঠীকে শক্তিশালী করবার চেষ্টা করবে।

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1964.

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি এই সংশোধনী বিলের সার্কুলেসন মোশনের যে প্রস্তাব তার সমর্থনে দু-একটি কথা বলতে চাই। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এখানে যে সমস্ত অজুহাত দেখিয়ে অ্যাডিশনাল আই, জি-র পোস্ট তৈরী করার কথা বলা হয়েছে সে সম্বন্ধে বহু আলোচনা হয়েছে, আমি শুধু একটি দুটি পয়েন্ট বলতে চাই। এখানে যে সমস্ত অজুহাত দেখান হয়েছে, অর্থাৎ জনসংখ্যা বৃদ্ধি, নূতন নূতন সহর গড়ে উঠেছে তার কথা, সহর এবং শিল্পাঞ্চলের প্রসার ঘটেছে তার কথা এবং সেই সহর ও শিল্পাঞ্চলের বহু পাঁচমেশালী লোক দেখা দিয়েছে, বেশী সংখ্যায় হয়েছে তার কথা, এই পর্যন্ত আমরা যখন পড়ছিলাম তখন পাশাপাশি পুলিশ কমিশনারের যে রিপোর্ট সেই রিপোর্টটা উল্টে পাল্টে তার যে সারমর্ম প্রকাশিত হয়েছে তা দেখছিলাম।

[3-10—3-20 p.m.]

গ্রামাঞ্চলের সংখ্যা বেড়েছে, সহরেও শিল্পাঞ্চলের সংখ্যা বেড়েছে, হুলিগানস বেড়েছে, অনাচার বেড়েছে, বিভিন্ন ক্ষেত্রে দুষ্কর্ম বেড়েছে, তার জন্য পুলিশ আডমিনিস্ট্রেসন-এর মাথায় লোক বৃদ্ধির কোন কথা পুলিস কমিশনার-এর রিপোর্টে দেখলাম না, তাঁরা নিচের দিকে লোক বৃদ্ধির কথাই বলেছেন। যে সময় সেই পুলিশ কমিশনার অ্যাপয়েন্টেড হয় ১৯৬০ সালে, পুলিশ কমিশনার অ্যাপয়েন্টেড হয়েছিল সুতরাং ১৯৬০ থেকে ১৯৬২ সাল পর্যন্ত আমরা এই অবস্থা দেখলাম। তারপর যখন চাইনিজ অ্যাগ্রেসন হয় তখনও এই প্রশ্ন উঠেনি যে, যদি এই রকম একটা পোস্ট ক্রিয়েট করা যায় তাহলে চৈনিক আক্রমণের বিরুদ্ধে আমাদের প্রতিরোধ শক্তি বেড়ে যাবে। তখন অনেক দিন ধরে আইনসভার অধিবেশন হয়েছিল, অনেক আলোচনাও হয়েছে, কিন্তু তখনও নতুন একটা অ্যাডিসনাল আই, জি-র পোস্ট ক্রিয়েট করার কোন প্রস্তাব আসেনি। তারপর বলা হয়েছে রিসেন্ট কমিউনাল ডিস্টারব্যান্সে, সেই সময়ও আইনসভার অধিবেশন হয়েছে, তখনও এই প্রশ্ন আসেনি যে অ্যাডিশনাল আই, জি-র পোস্ট ক্রিয়েট করতে হবে, বরং আমরা দেখলাম সেই সময় এস এম ঘোষকে সরিয়ে দেওয়া হল এবং পুলিশ কমিশনারের পদ আরেক-জনকে দেওয়া হল যখন নাকি কলকাতায় প্রচণ্ডভাবে দাঙ্গা চলছে। সেই সময় আইনসভা চলা সত্ত্বেও এই প্রস্তাব করা হয়নি। সুতরাং যেসমস্ত যুক্তিবিন্যাস করা হয়েছে তা সম্পূর্ণ অসার। কিন্তু চেয়ারম্যান স্যার, তাঁরা যদি সত্যি কথা বলেন আমরা বিচার-বিবেচনা করে দেখতে পারি যদিও পুলিশ কমিশনার এ ধরণের কোন সুপারিশ করছেন না। তাঁরা সত্যি কি কারণে একটা উচ্চতম পদ সৃষ্টি করতে চাচ্ছেন সেটা যদি তাঁরা বলতেন তাহলে না হয় আমরা বুঝতে পারতাম।

মাননীয় চেয়ারম্যান স্যার, এই নূতন পদ সৃষ্টি সম্বন্ধে আমার আশংকা আছে এবং সেই আশংকার কথা এখনেও উচ্চারিত হয়েছে। জনৈক সদস্য বলেছেন পি, কে, সেনের পদ পাকা করা হচ্ছে, হেমন্তবাবু বলেছেন এস, এম, ঘোষকে নিয়ে আসার কথা হচ্ছে। তিনি সৎ লোক তাঁকে আনা হোক, কিন্তু এখানে একটা নীতির প্রশ্ন জড়িয়ে রয়েছে এবং সেটা হোল আপনারা

কি লোক দেখে দেখে পদ সৃষ্টি করবেন, না কাজ বেড়ে চলার দরুন যোগ্যতা বৃদ্ধির দরুন যদি কোন পদের দরকার হয় তাহলে সেই পদ সৃষ্টি করবেন এবং উপযুক্ত লোককে সেখানে বসাবেন কোনটা? যে অবস্থা দেখছি এবং কানাঘুষা যা শুনছি তার ভিত্তিতে যদি দেখা যায় তাহলে দেখছি আপনারা লোক দেখে পদ সৃষ্টি করবার কথা ভাবছেন। কাজেই আপনাদের যে নীতি দেখছি সেটা কোন নীতি নয়, সেটা হচ্ছে অনীতি। আপনারা গণতন্ত্রের কথা বলেন, গণতন্ত্র গড়ে তুলছেন বলেন, কিন্তু সেই গণতন্ত্রের নীতি হচ্ছে কাজের ভিত্তিতে যোগ্যতা বৃদ্ধির জন্য পদ সৃষ্টি হয়—লোক দেখে পদ সৃষ্টি হয় না। কাজেই সেদিক থেকে যদি বিচার করি তাহলে বলা যায় এই পদ সৃষ্টির প্রশ্ন আসে না। এস, এম, ঘোষের দিকে তাকিয়ে, তাঁকে আনার জন্য বা পি, কে, সেন যাঁকে পি, সি, সেনের বরুদ্ধদ্ বলা যায় তাঁকে পুলিশ কমিশনারের পদে পাকাপোক্ত করবার জন্য বা এস, এম, ঘোষকে অন্য কোন পদে নিয়োগ করবার প্রশ্ন আসে না, কারণ এই সমস্ত গণতান্ত্রিক নীতির বিরোধী। মাননীয় চেয়ারম্যান স্যার, পুলিশের দুর্নীতির কথা অনেক সদস্য বলেছেন, কাজেই পুলিশের নূতন একটা পদ সৃষ্টি হলে তাদের যোগ্যতা বেড়ে যাবে বা যে সমস্ত প্রশাসনিক অযোগ্যতার কথা বলা হয়েছে সেগুলি দূর হবে তা নয়, হতে পারে না। কাজেই আমাদের দৃষ্টি অন্যদিকে ফেরাতে হবে। পুলিশ কিভাবে চললে, কি নীতি তাদের থাকলে, পুলিশ বাহিনীকে পুলিশ অ্যাডমিনিস্ট্রেসনকে কি নীতিতে গড়ে তুললে তাদের যোগ্যতা বাড়ে, তাদের সততা বাড়ে, সেদিকটা বিচার করতে হবে। সেদিকে তাকালে পরিষ্কার দেখা যায় ১৮৬১ সালের আইনের পরিবর্তনের কোন প্রশ্ন ওঠে না। কাজেই আমি বলছি এই বিলকে সার্কুলেসনে পাঠাবার যে প্রস্তাব দিয়েছি সেটা গ্রহণ করা হোক এবং সমস্ত জিনিস-বিচার করা হোক। তারপর এর দ্বিতীয় ধারার প্রস্তাবটা ভাল হয়েছে কারণ যেখানে সিনেমা টিকিটের, এন্টারটেনমেন্ট টিকিটের চোরাবাজারী চলছে সেখানে তাকে বন্ধ করবার জন্য পুলিশের হাতে ক্ষমতা থাকা দরকার। এটা যদিও ভাল কথা, কিন্তু আমরা দেখছি বিভিন্ন জায়গায় যে চোরাকারবার চলছে তাকে ঠেকাবার জন্য পুলিশের হাতে নিশ্চয়ই ক্ষমতা দেওয়া আছে, ১৮৬১ সালের আইন নিশ্চয়ই সেই ক্ষমতা দিয়েছে। তাহলে এখন আবার কি নূতন কারণ ঘটল যার জন্য বিশেষ করে এই টিকিটের চোরাকারবার বন্ধ করবার জন্য পুলিশকে অতিরিক্ত ক্ষমতা দিতে হবে? সেই ক্ষমতার বলে পুলিশ যদি চোরাকারবারী স্তব্ধ করতে পারত তাহলে না হয় আমরা বুঝতাম। কিন্তু আমরা তা মনে করছি না, বরং আমরা দেখছি পুলিশের ধ্বংসের পথ বৃদ্ধির আশঙ্কা দেখা দিয়েছে। কাজেই আমি মনে করি এই বিল সার্কুলেসনে পাঠান হোক এবং সেই প্রস্তাবই আমি এনেছি।

[3-20- 3-30 p.m.]

Shri Debi Prosad Basu:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রি মহাশয় যেভাবে বিলটা রাখলেন আজ, এ্যাডিশনাল আই জি রাখবার পক্ষে তিনি যে যুক্তি দিলেন, সেটা খুব হাস্যকর বলে মনে হল পদী পিসীর জর্দার কৌটা হারিয়ে গেছে, আর হরের চাষের মোষটার ঘাড়ে ঘা হয়েছে, আর নরু খুড়োর চশমাটা ফেটে গেছে, সেজন্য আমাদের রাখহরির একবাটি করে ক্ষীর বরাদ্দ হোক রোজ। ঠিক এই যুক্তিই তিনি নিয়ে এসেছেন। এর কোন মানে হল না কোন দিক থেকেই এটাকে জাষ্টিফাই করা যায় না এবং তিনি করতে পারেননি। অপর দিকে আমাদের সভাপতি মহাশয় প্রবীণ কংগ্রেসী নেতা, আমাদের শিক্ষামন্ত্রি মহাশয় কংগ্রেসের একজন পুরানো নেতা, আমরা এককালে বৃটিশযুগে কংগ্রেসী করেছি, আমাদের নির্বাচনের সময় কমিটি করে কাকে কোথায় বসান যায় এ নিয়ে চিন্তা হত, এঁকে না রাখলে ওঁর রাগ, তখন আমরা বলতাম ওঁকে একটু ইঞ্জিরী করে দাও। তার মানে ভাইস প্রেসিডেন্ট বানিয়ে দাও। শুনতে কথাটা ভাল কিন্তু আসলে কি তা কিন্তু বুঝা যায় না। আমার মনে হচ্ছে এখানে হয়ত কোন বিশেষ লোকের অন্য সংস্থানের জন্য ইঞ্জিরী করে দেওয়া হচ্ছে। তার কারণ এ আই জি সম্বন্ধে বলা হচ্ছে আই জি-এর সমকক্ষ নয়, আই জি-এর অধীনেই থাকবেন, তাহলে ডি আই জি হলেই হতে পারত, ডি আই জি কি এ আই জি-র অধীনস্থ, ক্ষমতায় এবং পদাধিকার বলে করবেন এটা বলেননি।

এ, আই, জি যদি আই জি-র অধীনস্থ হন, ডি, আই, জি-ও আই জি-র অধীনস্থ হন, তাহলে তা দুটো এক পদই হল এবং সেক্ষেত্রে এই একটা পদ সৃষ্টি করার কি মানে হতে পারে? মানে হচ্ছে বিশেষ লোক যিনি অধস্তন হতে পারেন, তাঁকে ইঞ্জিরী শব্দটা দেওয়া হল। কিন্তু মাইনে হরে দেওয়া হল, কাজের মধ্যে তাই-ই তিনি থাকলেন। কিন্তু সাত্যকারের কি কোন ফল হল? ফল হল না। আজকে পুলিশ বিভাগে বিভিন্ন কাজ করতে হবে বলে বলা হচ্ছে এই রকম লোক না বাড়লে হবে না। কিন্তু আমরা জানি যে সমস্ত দেশের মধ্যে যে প্রশাসনিক ব্যবস্থা তার এখানেও ব্যতিক্রম হতে পারে না। সংখ্যাগত গুণ বাড়ালেই গুণগত মান বাড়ান যায় না। এক যদি গুণগত মান বাড়ান যায় পুলিশ বিভাগে তাহলে পর যে মাথাভারী শাসন ব্যবস্থা আছে তা দ্বারা বহুলাংশে ভাল কাজ করা যায়। কিন্তু ওঁরাতো তা শুনবে না। গত বছর এই বিধান সভায় যখন আমরা বলেছিলাম যে সেন রাজত্বে ৩৬জন লোক নিয়ে ঘর-সংসার বাঁধা হয়েছে কেন? এত মন্ত্রী রাষ্ট্রমন্ত্রী উপমন্ত্রী এটা কেন করা হয়েছে। তখন ওঁরা বললেন যদি এত লোক না রাখা যায়, তাহলে সুষ্ঠুভাবে কার্য পরিচালনা করা যায় না। কিন্তু কিছুদিন বাদে কামরাজের যখন অঘাত পড়ল, এঁরা যখন সংখ্যায় হ্রাস পেলেন, এখন দেখতে পাচ্ছি দিব্যি চালাতে পাচ্ছেন। কোন অসুবিধা হচ্ছে না। তেমনি আবার যদি কামরাজের বদলে অন্য কেউ আসেন, মহীশূরের নিজলিংগাপ্পা কোন দিন আসতে চান, সংখ্যা আরও কমিয়ে দেন তাহলে অবশ্যি বলছি ভগবান যেন তেমন কাজ না করেন, যদি মন্ত্রী আরও কমিয়ে দেন, তাতেও চলবে। আসল কথা হল যদি গুণগত মাল বৃদ্ধি হয় তাহলে কাজটা ভাল হতে পারে। কিন্তু সেদিক থেকে দেখা গেল এ আই জি পদে লোক রাখবার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না এবং আজকে যদি এখানে এ আই জি-এর পদ রাখা হয় তাহলে সমগ্র পুলিশ বিভাগের সামনে অত্যন্ত কুদৃষ্টান্ত স্থাপন করা হবে। কেননা প্রত্যেকে ভাববে এইরূপে আমাকে অমুক তমুক করে এভাবে সহকারী বা অতিরিক্ত ক্ষমতা দেওয়া হবে না কেন? এই চিন্তা প্রশাসনিক ব্যবস্থা প্রায় অচল অবস্থায় এসে দাঁড় করবার সমূহ সম্ভাবনা আছে। গুণগত মানের এত লোক বাড়িয়ে ফেলার ফলে কতজন পুলিশ বিভাগে কর্মচারী আছে, এখানে আমাদের মুখ্যমন্ত্রী নেই থাকলে তাঁকে জিজ্ঞাসা করতাম যে আপনার পদস্থ মোটা মাইনের কর্মচারী পশ্চিমবাংলায় কতজন আছে তা আপনি বিনা নোটিশে জেনে বুঝে বলুন, তিনি মোটা মাইনের উচ্চপদস্থ কর্মচারী কতজন আছে তা বলতে পারতেন না। মা ষষ্টির কৃপায় এত সংখ্যা বেড়ে গেছে যে তার উপর যদি আরো একটা বাড়ে তাহলে প্রশাসনিক ব্যবস্থায় সত্যই অচলাবস্থা হবে। সেজন্য এই বিলের বাকি অংশ সমর্থন করি কিন্তু এই অংশটার তীব্র প্রতিবাদ করছি এবং বলছি যেন এই অংশটুকু প্রত্যাহার করে নেওয়া হয়।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী এই পুলিশ বিল আমাদের এই সভায় এনে একটা নজীর সৃষ্টি করলেন, একটা ইতিহাস সৃষ্টি করলেন, না আনলেই ভাল করতেন। অবশ্য আইনগত কোন বাধা নেই, কিন্তু এটা অত্যন্ত দৃষ্টিকটু দেখাচ্ছে। একথা অনেকে বলেছেন, আমি আবার তার পুনরাবৃত্তি করলাম। এই ধরনের বিল যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী তিনি যদি না আনেন তাহলে আমাদের পক্ষ থেকে যেটা অসুবিধা হয় সেটা হচ্ছে উনি পুলিশ ডিপার্টমেন্ট সম্বন্ধে কিছু জানেন না। একেই তো নতুন এডুকেশান ডিপার্টমেন্টে এসেছেন এডুকেশান ডিপার্টমেন্টের সব কিছু জানেন না, যাই হোক সেক্রেটারী আছেন, তাঁরা হেলপ করেন, কিন্তু তিনি এই সরকারে প্রথম এসেছেন পুলিশ ডিপার্টমেন্টে সংগঠন সম্বন্ধে ওঁর কোন অভিজ্ঞতা নেই, কোন কিছু জানেনও না। আজকে আমরা যেসমস্ত প্রশ্নের অবতারণা করব তার জবাব নিশ্চয়ই আমরা পাব না, কারণ, জবাব দেওয়া ওঁর পক্ষে সম্ভব নয়। যেমন আজকে স্বাস্থ্যমন্ত্রী গুটিকয়েকপ্রশ্নের জবাব দিতে উঠেছিলেন, কিন্তু তাঁর শরীর অসুস্থ হওয়ায় তিনি চলে গেলেন। তাঁর অনেকগুলি প্রশ্ন ছিল। অবশ্য অন্য মন্ত্রী তার জবাব দিতে পারতেন ফাইল দেখে কিন্তু সাহস করলেন না, করা উচিতও হ'ত না। কিন্তু সত্যিকারে সাপ্লিমেন্টারী করলে আমরা তার জবাব পেতাম না। ঠিক সেইভাবে আজকে সেইসমস্ত প্রশ্ন উত্থাপন করলে মাননীয় সদস্যরা বিশেষ কোন জবাব ওঁর কাছ থেকে পেতেন না। সেদিক থেকে আমি মনে করি এই ধরনের প্র্যাকটিস যদি এখানে চলতে থাকে তাহলে গণতন্ত্রের প্রতি অবিচার করা হবে এবং আমাদের

বিরোধী পক্ষের প্রতি অবিচার করা হবে। পুলিশ মন্ত্রী অর্থাৎ মুখ্যমন্ত্রী রয়েছেন, অ্যাসেম্বলীতে দেখলাম না, তিনি এসেছিলেন, চলে গেছেন কিনা জানি না, তা ছাড়া পুলিশ বিভাগের রাষ্ট্রমন্ত্রী রয়েছেন তিনি এই বিলটা আনতে পারতেন তা না করে অন্য একজন মন্ত্রীকে দিয়ে এই ধরনের একটা গুরুত্বপূর্ণ বিল আনা আমার মনে হয় খুব অন্যায়। সে দিক থেকে আমি মনে করি এটা খুব অসঙ্গত হয়েছে। আজকে শিক্ষামন্ত্রী এই বিলটা আমাদের সামনে উত্থাপন করেছেন। এই বিল সম্বন্ধে যে আলোচনা হয়েছে সেটা থেকে একটা জিনিস দেখা যাচ্ছে যে পুলিশ কাঠামোর সর্বোচ্চ স্তরে সবার উপরে যিনি আছেন তাঁকে সাহায্য করার জন্য সমান মর্যাদাসম্পন্ন আর একটা পোস্টের সৃষ্টির জন্য এই বিল আনা হয়েছে। শিক্ষামন্ত্রী অবশ্য আগেই বলে দিয়েছেন এই পদটা সৃষ্টি হয়ে গেছে। এই পদে আমরা জানি যাকে সরকারের নিয়োগের ইচ্ছা তিনি নিযুক্ত হয়ে গেছেন এবং তিনি কাজ করে চলেছেন। তবে সরকার মনে করেন যে আজকে গুটিকয়েক যে কাজকর্মে উনি করছেন যদি হঠাৎ তার কোন আইনগত বাধা আসে যদি কেউ কোনদিন তাঁর ক্ষমতা সম্বন্ধে কোর্টে কোনদিন চ্যালেঞ্জ করেন তাহলে তা নিয়ে সরকারকে বিব্রত হয়ত হতে পারে। সেজন্য তাঁরা এই সংশোধনী বিলটা এখানে এনেছেন। অবশ্য এর সঙ্গে তাঁরা আর একটা ধারা ৪ নম্বর ধারা যোগ করে দিয়েছেন সে সম্বন্ধে আমার কোন বক্তব্য নেই, সেটা হওয়া উচিত। কিন্তু ৩ নম্বর ধারা দিয়ে যে সংশোধন করবার চেষ্টা করেছেন তাতে এই হচ্ছে যে পশ্চিমবাংলার যে পুলিশ সেই পুলিশ বিভাগের যিনি আই জি তাঁকে সাহায্য করার জন্য আর একটা এ আই জি-র পোস্ট তাঁরা সৃষ্টি করেছেন এবং তাতে নিযুক্তও একজনকে করেছেন এবং যাতে আইনগত বাধা না আসে সেজন্য পুলিশ আইনকে তিনি সংশোধন করছেন।

[3-30—4-10 p.m.]

আমার জিজ্ঞাস্য হচ্ছে যে আজকে ওয়েস্ট বেঙ্গলে আই জি ছাড়া যাঁর কাজে রিলিফ দেওয়ার জন্য এই অ্যাডিসনাল আই জি-র পদ সৃষ্টি করছেন, অন্তত আমি যতদূর জানি ৪টা ডেপুটি আই জি আছেন ওয়েস্টার্ন রেঞ্জ, নর্দার্ন রেঞ্জ, ডি আই জি (সেন্ট্রাল) আছেন ডি আই জি সি আই ডি আছেন তা ছাড়াও আমি যতদূর জানি রাইটার্স বিল্ডিংস-এ একজন অ্যাসিস্ট্যান্ট আই জি আছেন। আবার একজন অ্যাডিসনাল আই জি পদের সৃষ্টি করে মাননীয় মন্ত্রি মহাশয় কি মনে করেন না যে অ্যাডমিনিস্ট্রেসন টপ হেভী হয়ে যাচ্ছে? আমরা বহুবার বলেছি যে আমাদের প্রশাসনিক ব্যবস্থা মাথা ভারী ব্যবস্থা, তলার কর্মচারী ঠিকমত না থাকার জন্য এবং উপরের কর্মচারী বেশী থাকার জন্য প্রশাসনের মধ্যে এত অযোগ্যতা আমরা দেখতে পাচ্ছি। যারা ঠিকমত কাজ করবে তাদের সংখ্যা না বাড়িয়ে যারা তদারকী কাজ করবে তাদের সংখ্যা যদি বাড়িয়ে যাওয়া হয় তাহলে কাজ হবে কি করে? আমার মনে হয় যে যদি একথা মন্ত্রিমহাশয় বলতেন যে, আজকে চোরাকারবারীদের ধরার জন্য অসামাজিক ব্যক্তিদের সাজা দেওয়ার জন্য এবং আজকে বর্ডারে যে সমস্যা সেসমস্ত সমাধান করার জন্য তারা আরো থানা বাড়াচ্ছেন, সেখানে আরো কনস্টেবল নিয়োগ করছেন, আরো এস আই এফ পুলিশ নিয়োগ করছেন তাহলে বোধ হয় আমরা সমর্থন করতে পারতাম, ওঁদের বলার অন্তত যুক্তি থাকতো যে আজকে যেভাবে দিনের পর দিন এসমস্ত অসামাজিক কার্যকলাপ বেড়ে চলেছে, মাঠে-ঘাটে তাদের মোকাবিলা করার জন্য আমাদের শক্তিও আজকে নেই, সেই শক্তিকে বাড়াতে হবে তাহলে আমরা বুঝতে পারতাম যে হ্যাঁ, তার জন্য এ ধরনের পুলিশের পোস্ট সৃষ্টি করা উচিত কিন্তু আজকে অ্যাডিসনাল আই জি-র পোস্ট সৃষ্টি করার কথা মন্ত্রিমহাশয় যেটা বলেছেন সেটা অত্যন্ত অযৌক্তিক, আমি আর সেটা পুনরাবৃত্তি করতে চাই না—আমি শুধু মন্ত্রিমহাশয়কে একথা বলতে চাই যে উনি যখন জবাব দেবেন তখন অন্তত এটা আমাদের যেন বুঝিয়ে দেবার চেষ্টা করেন। অবশ্য আমি জানি যে তাঁর জবাব দেবার বিশেষ কিছু নেই, কারণ তার ভেতরকার খবর আমরা কিছু কিছু রাখি আমরা জানি যে পি কে. সেন খুব ইনফ্লুয়েনসিয়াল লোক ছিলেন তিনি ছিলেন ডি সি অফ ট্রাফিক পুলিশ তাঁকে পুলিশ কমিশনার করা হল এস এম ঘোষকে সরিয়ে আর যেহেতু এস এম ঘোষকে অন্যায়ভাবে সরানো হয়েছে সেইজন্য তাঁকে একটা প্রাইজ পোস্ট দিতে

হবে, তাকে সন্তুষ্ট করার জন্য আই জি-র অবসর গ্রহণের দেরী আছে, সেজন্য অ্যাডসনাল আই জি-র পোস্ট সৃষ্টি করা হল এবং পি কে সেনকে পুলিশ কমিশনারের পদে একেবারে স্থায়ী করা হল তিনি মন্ত্রিসভায় বসবদ বলে। এভাবে যদি কোন লোককে স্থায়ী করার জন্য পদের সৃষ্টি করা হয়, তাহলে এর দ্বারা ভাল নজীর অন্তত পুলিশ বিভাগে সৃষ্টি করা হচ্ছে না। আজকে পুলিশ বিভাগের অনেক বদনাম আছে, তাদের মধ্যে নীচুকার স্তর থেকে উপরের স্তর পর্যন্ত দুর্নীতি প্রবেশ করেছে। আমরা সকলে একথা অনুভব করি যে যে কেউ আসুক না কেন এই পুলিশ বিভাগকে যদি ঢেলে সাজাতে না পারা যায়, যদি এই বিভাগকে ভালভাবে সংগঠিত না করা যায়, তাহলে দেশের মধ্যে কেউ শাসন ব্যবস্থার প্রবর্তন করতে পারবে না। গণতান্ত্রিক কাঠামোতে যেসমস্ত রাষ্ট্র প্রতিষ্ঠিত আছে সেখানে বিরোধীপক্ষের একটা ভূমিকা আছে। কাজেই এই ধরনের পুলিশের পোস্ট—যাদের দিয়ে কাজ করাতে হবে, তারা যদি এরকম অযোগ্য, দুর্নীতিপরায়ণ হয়, অসাধু হয় তাহলে তাদের দিয়ে শাসন কাঠামো চালানো সম্ভব নয়। আর সেই সময় আমরা দেখছি যে যারা আজকে সরকারে সমাসীন তারা পুলিশের মধ্যে অযোগ্যতা ও দুর্নীতি দূর না করে এবং প্রশাসনিক ব্যবস্থা ঠিকমত চালু করবার পন্থা গ্রহণ না করে এবং পুলিশ কমিশন যেসমস্ত রেকমেন্ডেশন করেছেন, সেগুলো গ্রহণ না করে, একজন অফিসারের পোস্ট সৃষ্টি করার জন্য, ১৮৬১ সালের যে পুলিশ আইন তার সংশোধন করতে চলেছেন এবং তার জন্য এখানে যে মিথ্যা যুক্তি জাল অবতারণা করেছেন, তা দেখে সত্যিই কষ্ট হয়, দুঃখ হয়। আজকে তাঁরা আমাদের দেশকে কোথায় নিয়ে চলেছেন। আজকে যে সমস্ত কংগ্রেসী নেতৃবৃন্দ দেশের শাসন ক্ষমতায় অধিষ্ঠিত, এবং এই সরকারের অফিসার, তাঁরা নিজেদের স্বার্থের জন্য দেশকে কোথায় দুর্নীতির পথে নিয়ে যাচ্ছেন, তা চিন্তা করলে, আমাদের লজ্জা বোধ হয়। সেইজন্য আমি মনে করি এই ধরনের একটা নজীর খাড়া করে যদি পুলিশের এই পোস্ট সৃষ্টি করা হয়, তাহলে পুলিশের মধ্যে তাদের মোরাল আরও খারাপ হয়ে যাবে এবং পুলিশ আরও দুর্নীতিপরায়ণ হয়ে উঠবে। সেইজন্য আমি এই বিলের তৃতীয় ধারাটিকে অপোজ করছি, এর বিরোধীতা করছি, এবং ননীবাবু যে প্রস্তাব এনেছেন যে বিলটিকে সারকুলেশন-এ দেবার জন্য ফার পাবলিক ওপিনিয়ন, সেটা আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for half an hour]
[After adjournment]

4-10 4-20 p.m.]

Shri Narendra Nath Sen: On a point of information Sir,

ক্লজ (৮)-এ যে নূতন ক্লজ বসান হয়েছে ৩৪ (বি)-তে—তাতে বলা হচ্ছে—

any person who sells or attempt to sell tickets for admission to a place of entertainment except under the orders of, and at the place provided etc.... shall on conviction before a Magistrate, be liable to imprisonment etc. etc. and any police officer etc.....may take..... into custody without warrant etc. etc..... .....

এখন এই যে কাজ করাটা সেকশান ৩৪এ-তে বা পুলিশ অ্যাক্টের সেকশান (এ)-তে সেটা প্রহিবিটেড অর প্যানেল হবে বলে আছে কিনা সেটা আমাদের জানা দরকার। যদি না থাকে, তাহলে আই অ্যাম য়্যাফ্রেড সেটা আল্ট্রা ভায়ার্স হয়ে যেতে পারে।

এইটা আমি একটু জানতে চাচ্ছি।

Mr. Speaker: When we come to the clauses.....

Shri Narendra Nath Sen: I do not think there is any amendment.

Mr. Speaker: Ultra vires.

হাক। হোল বিলটা নিয়ে ত আপনি পয়েন্ট রেইজ করছেন না?

Shri Narendra Nath Sen:

আমি এ ক্লজটা সম্বন্ধে জানতে চাচ্ছি। যদি এই ক্লজটা ঠিক না থাকে, তাহলে এটা কারেকসন করা দরকার।

The Hon'ble Rabindralal Sinha:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে এই বিতর্কের উত্তর দিতে উঠে.....

Shri Kamal Kanti Guha:

উত্তর ওর দেবার কথা ছিল না। স্টেট মিনিস্টার আছেন, উনিই দিতে পারেন।

Mr. Speaker:

মিঃ গুহ, আমি বলেছিলাম যে, এখন ডিবেট-এর সময় ওকথা তুলবেন না, উত্তর দেবার সম বলবেন, কারণ অ্যানসারগুলি দরকার। কিন্তু অ্যানসারগুলি যদি কোন মিনিস্টার দিতে পারেন তাহলে আপনাদের কোন আপত্তি থাকে না, রুলও তাই বলে। দ্যাটস অল।

The Hon'ble Rabindralal Sinha:

মাননীয় সভাপাল মহাশয়, এই বিতর্ক আমি অত্যন্ত মনোযোগের সঙ্গে শুনেছি। প্রথমেই আমি একটি কথা বলি যে, আমার মাননীয় বন্ধুরা অত্যন্ত আপত্তি করেছেন যে, আমি শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হওয়া সত্ত্বেও এই স্বরাষ্ট্র দপ্তরের.....

Mr. Speaker:

ওটা বলবার দরকার নেই, কারণ ওটাত রুলেই আছে।

The Hon'ble Rabindralal Sinha:

আমি একথাই বলতে চাচ্ছি যে, আজকে গণতান্ত্রিক নীতি অনুযায়ী মন্ত্রিমণ্ডলীর দায়িত্ব যৌথ এবং সংবিধানগতভাবে আমরা যৌথভাবেই ১৬৪ অনুচ্ছেদ অনুযায়ী এই বিধানসভার কাছে দায়ী। সুতরাং সভাপাল মহাশয়ের অনুমতি নিয়ে যে-কোন মন্ত্রী যে-কোন বিষয় উত্থাপন করতে পারেন। নীতিগতভাবে ওঁদের আপত্তি হচ্ছে যে, শিক্ষামন্ত্রী পুলিশ বিল আনছেন কেন? আমি একথাই বলতে চাইছি যে স্বাধীনতা পূর্বদিনের স্মৃতি আমাদের মন থেকে সহজে যাবে না, সুতরাং এ আপত্তি সেইজন্যেই আসছে বলে আমি মনে করি। কিন্তু পুলিশ ও সমাজের পক্ষে অত্যন্ত আবশ্যকীয় অঙ্গ। দেশে শান্তি ও শৃঙ্খলা অব্যাহত রাখার জন্য যথা-**যথভাবে পুলিশ বাহিনী পরিচালিত হওয়া উচিত। তারা অন্যায় করে, কোন ব্যক্তি অন্যায়** করে নিশ্চয়ই তার নিন্দা করবেন, নিশ্চয়ই তার সমালোচনা করবেন, কিন্তু সমগ্রভাবে পুলিশকে আজকে অচ্ছুৎ করে রাখা ঠিক হবে না এই কথাই আমি বলতে চাই এবং শিক্ষার প্রসার এবং প্রবর্তন তখনই সম্ভব যখন দেশে শান্তি ও শৃঙ্খলা অব্যাহত থাকে। এই কথা বলে মুখবন্ধ করে আমি বলতে আরম্ভ করছি।

আজকে, সভাপাল মহাশয়, প্রথমত আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় যেকথা বলেছি তাতে আমার মনে হচ্ছে কারণগুলি আমি ঠিকমত বন্ধুদের বুঝাতে পারিনি। আমি কারণটায় এই কথাই **বলতে চেয়েছিলাম যে, আজকে শান্তি এবং শৃঙ্খলার প্রশ্ন জটিলতর হয়েছে, কঠিনতর হয়েছে** এবং এই জটিলতর কঠিনতর হয়েছে কেন সেইটার কতকগুলি কারণ দিয়েছিলাম। আমি একথা বলিনি যে একমাত্র অপর মহা-আরক্ষা পরিদর্শক বা অ্যাডিসনাল আই জি নিযুক্ত করলেই এইগুলি সব বন্ধ হয়ে যাবে একথা আমি বলি নি। আমি বলেছিলাম, আজকে আরক্ষা বিভাগ শান্তি ও শৃঙ্খলা রক্ষার জন্য অনেক জটিলতর অবস্থার সম্মুখীন হয়েছে। মাননীয় বন্ধুবর ননীবাবু পুলিশ কমিশনের রিপোর্টের কথা উল্লেখ করেছেন। পুলিশ কমিশনের **রিপোর্ট অনুযায়ী আজকে পুলিশ বাহিনীর নীচের দিকের সংখ্যা বৃদ্ধির অনেক প্রয়োজন এবং ধীরে ধীরে হবে। তা যদি হয় বাহিনীর সংখ্যা বাড়লো কিন্তু তার যথাযথ পরিচালন এবং নিয়ন্ত্রণ** যদি না হয়, তাহলে বাহিনীর সংখ্যা বেড়েও কার্য সম্পন্ন হবে না এবং সেইজন্যই আজকে যথা-যথ পরিচালন ও নিয়ন্ত্রণ বাহিনীর প্রয়োজন।

Dr. Kanai Lal Bhattacharjee:

আগে সৈনা বাড়ান তার পরে সৈনাধ্যক্ষ বাড়াবেন।

The Hon'ble Rabindralal Sinha:

বাড়ান হচ্ছে, অনেক বেড়েছে আগের তুলনায় এবং আবার একটা বর্ডার ইউনিট হচ্ছে এও তো জানেন। সুতরাং আজকে কাজ অনেক বেড়েছে বলেই আজকে এই অপর মহা-আরক্ষা পরিদর্শকের পদের প্রয়োজন। কেউ কেউ বলছেন যে উপ-আরক্ষা পরিদর্শক আছেন, অর্থাৎ ডেপুটি ইনসপেকটর জেনারেল অফ পুলিশ ৭ জন আছেন—আমি বলে দিচ্ছি ৩ জন আছেন রেঞ্জ-এ অর্থাৎ এলাকা ভাগ করে তিনজনকে তিনটি এলাকা দেওয়া আছে। তারপর আছেন **আই বি-র চার্জ-এ একজন, তারপর সি আই ডি অ্যান্ড এনফোর্সমেন্ট-এর ভারপ্রাপ্ত একজন। কাজেই আমি এই কথা বলতে চাচ্ছি ডি আই জি এঁরা সমপদস্থ, একজন আরেকজনকে আদেশ** করতে পারেন না। সুতরাং আই জি-র কাজ তাঁদের দিয়ে হতে পারে না। বিভিন্ন ধরনের কাজের মধ্যে সমন্বয়সাধন করার উদ্দেশ্যই এর মধ্যে রয়েছে, কতগুলি আই জি দেখবেন, আর কতগুলি অ্যাডিসনাল আই জি দেখবেন। এই বিধেয়কে দুটি সংশোধনী করার কথা হলেও এ সম্বন্ধে বিশেষ কোন আপত্তি উপস্থাপিত হয় নি, ননী ভট্টাচার্য মহাশয় এবং দেবশরণবাবু ছাড়া প্রায় সকলেই সমর্থন করেছেন। গণেশবাবু তো বলেছেন এটা অনেক আগেই আনা **উচিত ছিল। দেবশরণবাবু আপত্তি করতে গিয়ে আমাকে যাত্রা দলের নায়ক দেখিয়েছেন, আমি** তাঁকে যাত্রাদলের বিদূষক দেখাতে চাই না। আজকে তাঁরা সকলেই স্বীকার করেছেন ক্রাইম **বাড়ছে, আরক্ষা বিভাগের অর্থ ব্যয়ও তাঁরা মঞ্জুর করেছেন। সুতরাং এগুলি যদি যথাযথভাবে** পরিচালন করতে হয়, তাহলে তাঁরা নিশ্চয়ই স্বীকার করবেন যে, এই বাধা সৃষ্টি করে কোন অন্যায় করা হচ্ছে না। তারপর, অনেকে বলেছেন চৈনিক আক্রমণ প্রতিহত করবার কোন ব্যবস্থা **নাই, আমার মনে হয় এসব কথা বলা উচিত নয়, কারণ এতে সাধারণ মানুষের মনোবল নষ্ট হয়।** [নয়েজ] আমি লক্ষ্য করেছি তাঁরা সব কথা শোনেন না বা বোঝেন না। সীমান্ত রক্ষী দল, তার **মানে ডিফেন্স ফোর্স নয়, দেশের অভ্যন্তরে যে বেসামরিক বাহিনী আছে তার কথাই আমি** বলেছি। সীমান্ত রক্ষীদলের কথা প্রসঙ্গে আমি যারা সমাজে এবং দেশে উচ্ছৃঙ্খলা এবং **বিশৃঙ্খলা সৃষ্টি করতে চায়, তাদের কথাই বলেছি।**

[3-20—3-30 p.m.]

তারপর, শ্রদ্ধেয় হেমন্তবাবু এবং নারায়ণ চোবে মহাশয় এস এম ঘোষ সম্বন্ধে পরস্পর বিরোধী কথা বলেছেন। হেমন্তবাবু বলেছেন এস এম ঘোষ খুব যোগ্যতাসম্পন্ন লোক সৎ লোক এবং তাঁকে নাকি নন্দজীর জন্য সরিয়ে দেওয়া হয়েছে। নারায়ণ চোবে মহাশয়ও বলেছেন যে নন্দজী **তাঁকে সরিয়ে দিয়েছেন এবং এরকম অযোগ্য লোকের জন্য পদ সৃষ্টি করা হচ্ছে। আমি এই** দুটোরই প্রতিবাদ করছি। নন্দজীর জন্য সরানো হয় নি এবং পদ সৃষ্টি করা হয় নি। তিনি **ছুটি নেন এবং ছুটি অন্তে এ আই জি হিসেবে কাজে যোগ দেন এ সম্বন্ধে বহু আলোচনা** হয়েছে এবং স্বরাষ্ট্রমন্ত্রী বিশদভাবে সে সম্বন্ধে বলেছেন। কাজেই সে সম্বন্ধে আমি আর **কিছু বলতে চাই না। তবে একটা কথা আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করছি এই সভাকক্ষে এসে** যাঁদের বিরুদ্ধে বলা হচ্ছে যাঁদের অপরাধের কথা বলা হচ্ছে, কর্মম প্রক্ষেপের প্রচেষ্টা হচ্ছে এবং **এমন কি কোন একজন অফিসারের নাম করে বলা হয়েছে তিনি ঘুষ নিচ্ছেন তাঁরা কিন্তু এখানে এসে সেসব কথার জবাব দিতে পারছেন না। এসব কথা বাইরে কেউ বলতেন না এবং এরকম** নাম করেও বলতেন না। শুধু তাই নয়, এখানে বিধান পরিষদের একজন মাননীয় সদস্যকে দায়রা আদালতের বিচার্য অপরাধে অপরাধী করা হয়েছে—তিনিও তার জবাব দিতে পারছেন না। এই ব্যাপারে আমি দুঃখপ্রকাশ করছি। তারপর, আজকে হঠাৎ সভাকক্ষে এসে কোন নাম না জানা লোকের সম্বন্ধে যদি তথ্যভিযোগ উত্থাপন করা যায়, তাহলে সঙ্গে সঙ্গে বিনা অনুসন্ধানে **তার জবাব দেওয়া সম্ভব নয়। কাজেই আমি মনে করি এরকম ক্ষেত্রে মাননীয় সদস্যদের বিধান** সভার দায়িত্বশীল সদস্য হিসাবে এবং দায়িত্বশীল নাগরিক হিসাবে এইসব অভিযোগ গোড়ায় আনা উচিত এবং দেশের দায়িত্বশীল নাগরিক হিসাবে প্রকাশ্যে অভিযোগ আনা উচিত। যদি কর্দম প্রক্ষেপ কোন লাভ নেই। তারপর পলিটেকনিক-এ চাকরীর কথা যা বলা হয়েছে সেটা **এই আমি প্রথম শুনলাম—আমি নিশ্চয়ই অনুসন্ধান করব। আর একটা কথা উঠেছে যে আজকে যখন সাম্প্রদায়িক দাঙ্গা থেমে গেছে তখন কি এমন নূতন প্রয়োজন ঘটল যার জন্য**

এই পদ সৃষ্টি করা হচ্ছে? এ সম্বন্ধে আমার কথা হচ্ছে সাম্প্রদায়িকতার বীজ দেশের মন থেকে একেবারে নিঃশেষ হয়ে গেছে একথা বোধ হয় বুকে হাত দিয়ে কেউ বলতে পারেন না। বরং সাম্প্রদায়িক দাঙ্গার সময় দেখা গেল আরক্ষা বিভাগের উপর ভয়ানক চাপ পড়ল, তাদের কার্য-ভার গুরুতররূপে বৃদ্ধি হোল এবং একাধিক জেলায় যখন বিস্তার লাভ করল তখন উপরের দিকে পরিচালনা এবং নিয়ন্ত্রণ আরও কঠোর এবং নিয়মানুগ হওয়া প্রয়োজন। যা হোক, ভবিষ্যতে যাতে আর না ঘটে সেদিকে লক্ষ্য রেখে এবং আইন শৃঙ্খলার দিকে লক্ষ্য রেখে আরক্ষা বাহিনীর পরিচালনায় যাতে নিয়ন্ত্রণ বা কণ্ট্রোল রাখা যায় সেই জন্য ইন্সপেক্টর জেনারেল অফ পুলিশ-এর সহযোগী হিসেবে এই এ আই জি পির পদ সৃষ্টি করা হচ্ছে। একথা বলে আমি আশা প্রকাশ করছি যে, এই বিল পাশ হবে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ স্যার, উনি বলে গেলেন কর্দম নিক্ষেপ ইত্যাদির কথা। আমি কর্দম নিক্ষেপ করি নি। উনি নিজের বিভাগ সম্বন্ধে কিছু বললেন না। সর্বেশ্বর পাণ্ডা যেটা বসুমতীতে বেরিয়েছে, জাল সার্টিফিকেট সম্বন্ধে রামনগর থানার মণ্ডলা স্কুলে প্রাথমিক শিক্ষক হিসেবে কাজ করছেন, নিজের বাপের নামের বদলে অন্য বাপের নাম নিয়ে যে চাকুরি করছেন সে সম্বন্ধে তিনি কিছু বললেন না, আমি জানিয়েছি এটা গত অধিবেশনে, কিন্তু কোন জবাব দিলেন না, কাঁথি কলেজ সম্বন্ধেও কিছু বললেন না।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ কাঁথি কলেজ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণকারী নোটিশের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এখানে জবাব দিয়েছেন। আর যে স্কুলের সম্বন্ধে বললেন, এরকম হঠাৎ বললে, প্রশ্ন করলেন কোন শিক্ষামন্ত্রীর পক্ষেই জবাব দেওয়া সম্ভব নয়, আমার পক্ষে তো নয়ই। পুলিশ মন্ত্রী হিসাবে আমার জ্ঞান না থাকতে পারে, শিক্ষা দপ্তরে এরকম প্রশ্ন করলে কারও পক্ষে এটা বলা সম্ভব নয়, এমন কি প্রশ্নোত্তরের সময়ও নোটিশ চাইতে বাধ্য হতে হয়। তাছাড়া উনি বলেছেন পুলিশ ইনভেস্টিগেশনে এটা আছে এবং তার জন্য ব্যবস্থা অবলম্বিত হচ্ছে যদি অপরাধ করে থাকেন তাহলে পুলিশ নিশ্চয়ই সে কেস কোর্টে সেন্ট আপ করবে, আমার বলার কিছু নাই।

শ্রীনারায়ণ চৌবেঃ কাঁথি কলেজের ছাত্রদের উপর কেন ডি আই রুল প্রয়োগ করা হল সেটা তো বললেন না?

[4-30—4-40 p.m.]

The motion that the Police (West Bengali Amendment) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of the Hon'ble Rabindralal Sinha that the Police (West Bengal Amendment) Bill, 1964, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and a division taken with the following result:

AYES—77

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Abdullah, Shri S. M.

Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerji, Shri Sankardas
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Bhagat, Shri Budhu
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Das, Shri Ambika Charan
Das, Shri Dinabandhu
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charu Shila
Fazlur Rahman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Guha, Dr. Prabodh Kumar
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hansdah, Shri Bhusan
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Jehangir Kabir, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Manya, Shri Murari Mohan
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Shankar Lal
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Probhakar
Pal, Dr. Radha Krishna
Pandit, Shri Krishna Pada
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb

Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Dr. Indrajit
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prosad
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Wangdi, The Hon'ble Tenzing

NOES—33

Bagdi, Shri Lakhan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Chattoraj, Dr. Radhanath
Choubey, Shri Narayan
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Ganesh
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mitra, Shrimati Ila
Mondal, Shri Dulal Chandra
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Pal, Shri Kanai
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar

[The Ayes being 77 and the Noes 33, the motion was carried.

শ্রীনরেন্দ্রনাথ সেন: মিঃ স্পীকার, স্যার, ক্লজ নাম্বার ৪ টেক আপ করবার আগে আমার একটা জিজ্ঞাসা আছে যেটা আমি আগে বলেছিলাম। ক্লজ ৪ এর সংগে একটা নতুন ক্লজ দেওয়া হয়েছে ৩৪বি এতে বলা হয়েছে

Any person who sells or attempts to sell tickets for admission to a place etc. etc. on conviction before a Magistrate, be liable to imprisonment for a term etc. etc. Any police officer not below the rank of Sub-Inspector may take into custody without warrant.

এখন অফেন্স কোথায় আছে, পুলিস অ্যাক্টে কোথাও যদি না থাকে তাহলে
How can a Magistrate convict a person for selling tickets
কাজেই আমি সেটা জানতে চাই এখানে কোন অফেন্স ডিক্লেয়ার করা আছে কি না। তা না হলে সেটা করিয়ে নিতে হয়। তা না হলে এটা আল্ট্রা ভাইরিজ হবে। সেকসান ৩৪, পুলিস অ্যাক্টে ইংরাজী যেটা আছে সেই ইংরাজীতে খানিকটা টার্ম আছে বটে
but that is a defective construction.
সেটা হয় কি পেটি কেসে হয়, লোকে ৮ আনা ফাইন দিয়ে চলে যায়, চ্যালেঞ্জ করে না। এটা চ্যালেঞ্জ করলে আল্ট্রা ভাইরিজ হয়ে যাবার সম্ভাবনা আছে। আমি জানতে চাই পুলিস অ্যাক্টে প্রহিবিটরি প্রভিসান কোথায় আছে যে এই রকম কাজ করলে
that it is an offence
এই রকম কোন প্রভিসান আছে কি না, এটা না থাকলে অসংগত হয়ে যায়।

শ্রীননী ভট্টাচার্য: স্যার, আমি আর একটা কথা বলতে চাই। প্রথমে আমি যখন বলি তখন আমার ধারণা ছিল এই রকম কিছু আইন পুলিস অ্যাক্টে আছে। সেজন্য আমি বলেছিলাম অতিরিক্ত ক্ষমতা নিয়ে লাভ কি। নরেনবাবু যেটা খুব কোজেন্ট পয়েন্ট তুলেছেন যে যদি এই অফেন্সের কোন ব্যাখ্যা বা ডেসক্রিপসান পুলিস অ্যাক্টে কোথাও না থাকে তাহলে আমার যতদূর মনে হয় শাস্তি বিধান যাবতীয় যা কিছু বলা হয়েছে সব আল্ট্রা ভাইরিজ হয়। সুতরাং সেই বিষয়ে পুলিস অ্যাক্টে কিছু আছে কি না সে বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Narendra Nath Sen:

এটা এ রকম থাকা উচিত—হয়
no person shall do such and such a thing.
অথবা
it will be an offence to do such and such a thing.
এ রকম যদি না থাকে তাহলে ম্যাজিস্ট্রেট কনভিকসন করতে পারে না বা উইদাউট ওয়ারেন্ট অ্যারেস্ট করতে পারে না।

The Hon'ble Rabindralal Sinha:

আমি এটুকু বলতে পারি যে
Government has been advised by its law officers that it is in order.
এবং ১৮৬১ সালের যে পুলিস অ্যাক্ট তার ফ্রেম হচ্ছে এই, এই পুলিস অ্যাক্ট ১৮৬১ সাল **থেকে চলে আসছে, সেখানে ১১, ২৮, ৩৪ ধারাগুলি দেখুন, এইভাবে ধারাগুলি আছে এবং এর** ফলে কনভিকসন হচ্ছে, কোন ডিফিকাল্টি হয় না। সুতরাং আমি মনে করি যে এটা ঠিক আছে।

Clause 4

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Shri Narendra Nath Sen:

মিনিস্টার যে বললেন সেটা হয় না, এজন্য যে যারা যায় ওখানে সেটি পেটি কেস হয়ে যায়।
I will request the Hon'ble Police Minitser
এটা আর একটু লিগাল ওপিনিয়ন নিয়ে পরে শেষ কারেকশন করে নেয়া হয়।

Preamble

The question that the Preamble do form part of the Bill was then put and agreed to.

The Hon'ble Rabindralal Sinha: Sir, I beg to move that the Police (West Bengal Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed.

The motion of the Hon'ble Rabindralal Sinha that the Police (West Bengal Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964

The Hon'ble Rabindralal Sinha: Sir, I beg to introduce the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964.

Sir, I beg to move that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964, be taken into consideration.

সভাপাল মহাশয়, এই বিধেয়কে একটা মাত্র সংশোধন করার প্রস্তাব করা হয়েছে এবং তারই কন্সিকোয়েন্সিয়াল যে সংশোধন বাকীগুলি হচ্ছে তাই। আজকে আমরা জানি যে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সে প্রভিন্সিয়াল কমানডান্ট আছেন, স্টেট গভর্নমেন্ট এই ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স গঠন করেন এবং স্টেট গভর্নমেন্টের সকাসে প্রভিন্সিয়াল কমানডান্ট হচ্ছেন অফিসার, তাঁর অধীনে সমস্ত ভলানটিয়ার ফোর্স এবং আদার অফিসার্স। এখন এই বিলে প্রস্তাব করা হচ্ছে,

between the State Government and the Provincial comandant.

ইন্সপেক্টর জেনারেল তার পুলিসকে স্থাপন করা হচ্ছে।

[4-40—4-50 p.m.]

অর্থাৎ এই বিলে যেটা সংশোধনী করা হচ্ছে, যে ন্যাশনাল ভলাণ্টিয়ার ফোর্স এতে আই জি অফ পুলিস অবশ্য আই জি-র ডেফিনিসন এই—এই অ্যাক্টে বলে দেওয়া হয়েছে যে আই জি বা তাঁর অন্য কোন উচ্চপদস্থ কর্মচারী তাঁর দ্বারা মনোনীত। কারণ এখন অ্যাডিশনাল আই জি হয়ে গিয়েছে, ইতিপূর্বেই আপনারা অ্যাডিশনাল আই জি-র পদ সৃষ্টি করার প্রস্তাব মঞ্জুর করেছেন। সুতরাং এখন এই পজিশনটা আসছে যে আই জি হচ্ছেন
Provincial commandant of State Government
এর মধ্যে এখন কেন এটা আনার দরকার হচ্ছে?

ততদিন পর্যন্ত আই জি-র একার পক্ষে সবকিছু দেখা সম্ভব ছিল না। তাই অ্যাডিশনাল আই জি হলে, তাঁর হাতে কিছু কিছু দায়িত্বভার অর্পণ করা যাবে, কাজের সুবিধার জন্য। আর তা ছাড়া যদি ন্যাশনাল ভলেনটিয়ার ফোর্স অ্যাক্ট-এর চার ধারাটা একটু দেখেন, তাহলে দেখতে পাবেন যে কি জন্যে এই ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স গঠন করা হয়েছে এবং ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স-এর কি ক্ষমতা থাকবে, এটা মূল আইনের চার ধারায় ব্যক্ত করা হয়েছে। সেখানে বলা হচ্ছে যে ক্ষমতা কি থাকবে—

A volunteer when called upon for duty shall discharge such functions in relation to (a) protection of person, (b) security of property, (c) preservation of public place in any area in West Bengal.

সুতরাং আজকে তাদের যে কাজের দায়িত্ব ভার দিয়েছেন আইন করে, ইতিপূর্বে বিধানমণ্ডলী আইন পাশ করে তাদের যে রাইট দিয়েছেন তাদের দায়িত্ব পালন করার জন্যে, সেই দায়িত্ব পালন করতে গেলে আরক্ষা বিভাগের সঙ্গে একটা সংযোগ থাকা দরকার। তবে এ সংযোগ নিম্নস্তরের নয়, এমন কি আই জি বা তাঁর মনোনীত অ্যাডিশনাল আই জি, যিনিই হন, তিনি ছাড়া অন্য কোন পুলিস অফিসারকে ভলেনটিয়ার ফোর্স-এর উপর ডাইরেক্ট কোন কন্ট্রোল দেওয়া হচ্ছে না। তবে দু'টার মধ্যে সমন্বয় সাধনের জন্য ওপরের বিন্দুকে নিয়ে একটা মিল রাখা হচ্ছে, যাতে এই দু'টাতে সমন্বয় সাধিত হতে পারে। এই, এই কাজগুলি যদি করতে হয়, ধরুন নির্বাচনের সময় যদি কাজ করতে হয়, তাহলে সেখানে এন ডি এফ-কে ডাকা হয়, এবং সাম্প্রদায়িক গোলমালের সময়ও তাদের ডাকা হয়ে থাকে। আজকে নানান কাজে, সমস্ত জীবনের অপরিহার্য প্রয়োজনীয় কার্য চালু রাখার জন্য তাদের ডাকা হয়। আজকে সেই জন্যই অন্ততঃ ঊর্ধ্ব বিন্দুকে যদি আরক্ষা বিভাগের সঙ্গে তার একটা সংযোগ না থাকে, তাহলে মূলতঃ যে

কাজটা আরক্ষা বিভাগ করছেন, সেই কাজ তাদের সঙ্গে করবার জন্য যখন তাদের ডাকা হবে তা হয়ত ঠিক ভাবে সম্পন্ন হবে না। অনেক ক্ষেত্রেই তাদের ডাকা হয়ে থাকে, যেমন শান্তি-শৃঙ্খলা রক্ষার ব্যাপারে ধরুন বা সাম্প্রদায়িক সমস্যার সময় ধরুন বা গার্ড ডিউটিতে ধরুন, এই সব কাজগুলি যদি তাদের করতে হয়, যা এখন তারা সময় সময় করছে, তাহলে আরক্ষা বিভাগের সহিত তাদের একটা সমন্বয় সাধন থাকা উচিত। আর তাছাড়া রাজ্য সরকারও থাকছেন, প্রভিনসিয়াল কমানডান্টও থাকছেন—শেষ দায়িত্ব রাজ্য সরকারের। রাজ্য সরকার বিধানমণ্ডলীর কাছে দায়ী বললে ভুল হবে, বলবো, বিধানসভার কাছে দায়ী।

আজকে এই যে পরিবর্তন সাধিত হচ্ছে, এটা শুধু কতকগুলি প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি করবার উদ্দেশ্য নিয়ে, এবং প্রশাসনিক সহযোগিতা যাতে থাকে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স-এর সঙ্গে আরক্ষা বিভাগের, এর জন্যই এই সংশোধনী আনা হয়েছে। এ ছাড়া আর কোন নীতিগত বিষয়ের পরিবর্তন সাধনের প্রয়াস নেই। এই বিলের মধ্যে কতকগুলি বাকী অ্যামেন্ডমেন্ট যা আনা হয়েছে, সেগুলি কনসিকোয়েন্সিয়াল অ্যামেন্ডমেন্ট মাত্র।

Mr. Speaker: There are motions for circulation, and they are taken as moved.

Shri Nikhil Das: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December 1964.

Shri Sailendra Nath Adhikary: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1964.

Shri Monoranjan Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের বক্তৃতার পরেও বুঝতে পারলাম না যে হঠাৎ আই জি-র অধীনে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সকে নিয়ে আসার কি প্রয়োজন পড়লো। কনভিন্সড হলাম না, কারণ প্রথমতঃ ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স সম্বন্ধে দু'-একটি কথা বলা দরকার যে তাদের যেভাবে রিক্রুট করা হয় সেটা কোন শ্রেণীর লোকদের থেকে এবং কাদের ভিতর থেকে এবং কিভাবে রিক্রুটমেন্ট হয় এবং কি কি কাজ করান হয় এটি আমাদের পরিস্কার হওয়া দরকার। আমাদের অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি যে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সের রিক্রুটমেন্টের সময় তাদের অতীত দেখা হয় না, তাদের যদি এই রুলিং পার্টির অর্থাৎ কংগ্রেস পার্টির কোন সুপারিশ থাকে তাহলেই ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সে রিক্রুটেড হতে পারে, তা যদি না থাকে তাহলে হতে পারে না। এবং আমরা জানি যে অ্যান্টি সোসাল এলিমেন্টও এই ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সের মধ্যে ঢুকে পড়েছে। এবং তাদের কি কি কাজে লাগান হয়? আমাদের যে অভিজ্ঞতা, আজ পর্যন্ত ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স দিয়ে ভাল কাজ অবশ্য রায়টের ব্যাপারে তিনি বলেছেন, অবশ্য দাঙ্গার সময় এখানে ওখানে দেখেছিলাম দু'-একজনকে কিন্তু তারা যে রায়ট থামাবার জন্য কতটুকু করতে পেরেছে বা কতটুকু ক্ষমতা ছিল সেটা আমাদের অভিজ্ঞতায় মধ্যে নেই, তারা করতে পারে নি বলেই আমাদের অভিজ্ঞতা, আর যে কাজটা সব চেয়ে বড়, অর্থাৎ সরকার তাদের দিয়ে করিয়ে নেন, সেটা হচ্ছে যখন শ্রমিকরা কোন ধর্মঘট করে সেই ধর্মঘটকে ভাঙ্গবার জন্য এই ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সকে লাগান হয়। ধাঙ্গড় ধর্মঘট যদি হয় সেই ধর্মঘটের মীমাংসার দিকে চেষ্টা না করে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সকে দিয়ে ঐ কাজগুলি করবার জন্য পাঠান হয়। পোর্টে ধর্মঘট হলে সেখানে মাল খালাস করবার আগে যদি ঐ ধর্মঘটের মীমাংসা করা যেতো তাহলে পোর্টের মালটা শ্রমিকরাই খালাস করতে পারতো, তা না করে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সকে সেখানে পাঠান হয়। আর মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ইলেকশনের সময় এদের কাজে লাগে। তাহলে কংগ্রেস দলের লোক বেছে বেছে, তাদের সুপারিশে যদি ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স রিক্রুট করা হয় তাহলে তাদের দিয়ে ইলেকশনে কি কাজ করান যেতে পারে সেটা স্বভাবতঃই বোঝা যায়। এখন আমাদের বক্তব্য হচ্ছে যে এতদিন পর্যন্ত কিছুটা তাদের আলাদাভাবে প্রশাসনিক ব্যবস্থা ছিল সেটা এখন সরাসরি পুলিসের মধ্যে নিয়ে আসা হচ্ছে। মন্ত্রিমহাশয় বললেন যে এই বিলে শুধুমাত্র আই জি-র আন্ডারেই এরা থাকবে, অন্য পুলিস অফিসারের সঙ্গে সরাসরি যোগাযোগ এদের থাকবে না। কিন্তু আই জি-র সঙ্গে না থেকেও গত দাঙ্গার সময় যদি কাজ করে থাকতে পারে তাহলে আই জি-র আন্ডারে যে সরাসরি আনবার কি প্রয়োজন হল সেটা আমরা জানি না। আমাদের যা দেখছি তাতে আই

জি-র আন্ডারে আসার পরে এদের মধ্যে যে খারাপ দিকটা অর্থাৎ খারাপ ছেলেপিলেদের ঢোকান হয়েছে তাদের আরো খারাপের দিকে নিয়ে যাওয়া হবে। এবং পুলিশের অধীনে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সকে নিয়ে আসার কোন প্রয়োজন আছে বলে আমরা মনে করি না। দ্বিতীয় কথা হচ্ছে যুক্তভাবে কাজ করা। ইলেকশনের সময় এবং দাঙ্গার সময় এই দুটি উদাহরণই তিনি দিলেন, আর একটি উদাহরণ যেটা আমি দিচ্ছি সেটা হচ্ছে স্ট্রাইক ব্রেক করা অর্থাৎ ধর্মঘট ভাঙ্গার কাজে তাদের লাগান, সেই ব্যাপারে স্বভাবতঃই মালিকের স্বার্থের জন্য তারা যাবে কিন্তু দাঙ্গা অথবা এই রকম কোন জায়গায় শান্তির জন্যে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সকে কাজে লাগান হয়েছে দাঙ্গা ছাড়া এই রকম কোন উদাহরণ আমাদের সামনে নেই। যদি সেখানে লাগানর প্রয়োজন কোন দিন হয়ও বা তাহলে তাকে পুলিস আই জি-র অধীনে কেন রাখা হবে? গত দাঙ্গার সময়ও আমরা দেখেছি যে সামরিক বাহিনীকে তলব করা হয়েছিল। মিলিটারী এখানে ছিল কলকাতা সহরে এবং তার আশেপাশে। সেই মিলিটারী এবং পুলিস তারা যোগাযোগ রক্ষা করে যদি দাঙ্গার সময় কাজ করতে পেরে থাকে, কি মিলিটারীর অধীনেও তখন আই জি-কে ও পুলিসকে দেওয়া হয় নি, কিম্বা সেই অভিজ্ঞতা থেকে ভবিষ্যতে যদি তারা যোগাযোগ রক্ষা করে কাজ করতে পারে এই রকম কোন কাজের জন্য মিলিটারীর অধীনে পুলিসকে পাঠিয়ে দেবার জন্য কোন বিলও আসে নি।

[4-50—5 p.m.]

তিনি বললেন এই ভলানটিয়ার্সরা কি কি কাজ করেন, প্রপার্টি রক্ষা করা, উচ্ছৃংখলা থেকে মানুষকে রক্ষা করা, শান্তি-শৃংখলা রক্ষা করা। প্রপার্টি রক্ষা, এই কাজ তাদের দিয়ে হয় না। আমরা দেখেছি যখন ধর্মঘট হয় কোন উপলক্ষে, সেই ধর্মঘট ভাঙ্গবার জন্যই তাদের ব্যবহার করা হয়। দাঙ্গার সময় ছাড়া কারুর ব্যক্তিগত নিরাপত্তা রক্ষার কাজে তাদের ব্যবহার করা হয়েছে এমন উদাহরণ তিনি দিতে পারেন নি। শান্তি রক্ষার ব্যাপারে দাঙ্গার সময় ছাড়া অন্য কোন সময় তাদের ব্যবহার করা হয়েছিল এই উদাহরণও দিতে পারেন নি তিনি। কাজেই আমরা মনে করি, তাদের রিক্রুটমেন্ট-এর নিয়মাবলী পরিবর্তন করা প্রয়োজন। ভলানটিয়ার ফোর্স-এ কোন রকম শ্রেণীর লোক আছে সেটাও দেখা দরকার। তারপর পুলিসের অধীনে না রেখে কেন্দ্রীয় শান্তি কমিটির অধীনে রেখে কাজ করালে আমার মনে হয় অনেক বেশী সুফল পাওয়া যেত। অবশ্য পুলিসের সঙ্গে যোগাযোগ রেখেই তাদের কাজ করতে হবে এটা বলাই বাহুল্য। এবং শুধু কংগ্রেস কমিটির সুপারিশে না নিয়ে অন্যান্য সকলের সঙ্গে পরামর্শ করে তাদের সম্পর্কে ভালভাবে খোঁজ-খবর করে যদি এই বাহিনী গঠন করার চেষ্টা হত তাহলে আশা করা যায় কাজ আরো ভালভাবে নিষ্পন্ন হত। কাজেই আমি মনে করি এই বিলটা এভাবে পাস হয়ে গেলে ক্ষতিকর হবে, তার জন্য আমি এর বিরোধিতা করছি।

[4-50—5 p.m.]

Shri Sambhu Copal Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয় আজকে পর পর দুটি বিল এনেছেন, এই দুটি বিলের চরিত্র মোটামুটিভাবে এক। ১৯৫৯ সালে দেশ সবে মাত্র স্বাধীন হয়েছে তখন একটা আইন করতে হয়েছিল একটা নতুন বাহিনী গঠন করবার জন্য, সেই বাহিনীর নাম ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স, এবং তখন সরকার পক্ষ থেকে এর মহৎ উদ্দেশ্যের কথা সোচ্চারে ঘোষণা করা হয়েছিল। দেশ সবে স্বাধীন হয়েছে, দেশকে গড়ে তুলতে হবে। সুতরাং এই জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী হলে যাদের মনে প্রেরণা থাকবে, উদ্যম থাকবে, আর আর যারা বড় দৃষ্টিভঙ্গী নিয়ে দেশ-সেবা করবে, জনকল্যাণমূলক কাজ করবে—এই সব কথা ১৯৪৯ সালে বলা হয়েছিল। আজকে ১৯৬৪ সালে যখন এই আইনের সংশোধনী এখানে উপস্থাপিত করা হল তখন যদি আমরা ১৯৪৯ সাল থেকে আরম্ভ করে এত দিনকার হিসাব করে দেখি এবং বিলের দিকে তাকিয়ে একটা চিত্র নেবার চেষ্টা করি, যে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স দেশের সংহতি ও সংগঠনের কাজে, জন-কল্যাণের কাজে কতটা সার্থকতালাভ করতে পেরেছে তাহলে আমাদের ভেবে দেখবার সময় হয়েছে সত্যিই এর প্রয়োজন আদৌ আছে কি না। ন্যাশনাল ভলানটিয়ার ফোর্স-এর কাজ দুই ধরনের, একটা পুলিসি ধরণের, আরেকটা জনকল্যাণমূলক কাজ। প্রথমটা ঠ্যাঙ্গাড়ের কাজ, এবং এই কাজে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সকে ব্যবহার করার চেষ্টা সরকার পক্ষ থেকে হয়েছে আমরা

দেখেছি যে সম্পর্কে একটু আগে কথা বলেছেন। ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সে ভর্তি হবার জন্য কিছু কিছু ছেলেপেলে আজকে লাইনে গিয়ে দাঁড়াচ্ছে এবং সম্প্রতি বিভিন্ন জায়গায় যে রিক্রুটমেন্ট হোল তাতে দেখেছি যখন কাজ থাকে তখন সামান্য কিছু অর্থ পাওয়া যায়। সকলেই বেকারীর জ্বালায় ভুগছে, কাজেই টেম্পোরারী এমপ্লয়মেন্ট যদি একটা পাওয়া যায় সেই জন্য তারা আসে। মানুষ যখন অস্থির হয়ে ওঠে, বেকারীর যন্ত্রণায় অস্থির হয়ে ওঠে, কোথাও স্থান পায় না, তখন ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সে গিয়ে নাম লেখায়। কিন্তু এই ১৫।১৬ বছরে তাদের দিয়ে কি কি কাজ করান হয়েছে? ১৯৪৯ সালে যখন খাদ্য আন্দোলন হয়েছিল তখন আমি উল্টাডাঙ্গার বড় রাস্তার মোড়ে এই ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সের পাল্লায় পড়েছিলাম এবং দেখেছি মাথায় লাল গামছা বেঁধে, পুলিসের পাশাপাশি রেখে জনসাধারণকে ঠেঙ্গাবার কাজে তাদের লাগান হয়েছিল। সেই কালে চাক্ষুষ প্রমাণ আমি দেখেছি। তারপর, সেদিন দেখলাম হাওড়ায় ধাঙ্গড়ের ধর্মঘট পুলিস যখন থামাতে পারল না তখন এই ন্যাশনল ভলানটিয়ার ফোর্সকে আনা হোল এবং দেখলাম সরকার বারে বারে যে কাজ করে থাকেন সেখানেও সেই কাজ করলেন—অর্থাৎ পুলিশের সাপ্লিমেন্টারী হিসেবে ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সকে ডেকে আনা হোল এবং পুলিসের যে কাজ, গুন্ডামী যে কাজ সেটা তাদের দ্বারা ভালভাবে সম্পন্ন করা হোল। এইভাবে উদাহরণের পর উদাহরণ দেওয়া যায় এবং এ ছাড়াও দেখেছি বিভিন্ন কল-কারখানায় যখন ধর্মঘট হয়েছে তখন ঠেঙ্গাড়ের কাজে, লাঠিয়ালের কাজে তাদের ব্যবহার করা হয়েছে। কাজেই যে উদ্দেশ্যের কথা ১৯৪৯ সালে সরকার পক্ষ থেকে ঘোষণা করা হয়েছিল তাতে দেখছি পুলিসী ধরনের কাজ তাদের দ্বারা অর্জন করিয়ে নিচ্ছেন। আজকে আমাদের মুর্শিদাবাদ জেলার থানায় থানায় দেখছি এই ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সের লোককে ডেপুটে করা হয়েছে। তাদের কাজ কি? তারা রাইফেল নিয়ে সেন্ট্রির কাজ করছে। ২০ তারিখের ধর্মঘট ভাঙবার জন্য পুলিস যখন কর্মীদের গ্রেপ্তার করতে যাচ্ছিল তখন তাদের পেছনে পেছনে লাঠি হাতে, বন্দুক ঘাড়ে করে তাদের ঘুরতে দেখেছি। শুধু তাই নয়, থানার বড়বাবুদের চা করে দেওয়া আজকে তাদের একটা কাজ হয়ে দাঁড়িয়েছে। আজকে তারা থানায় থানায় ডেপুটেড হয়েছে এবং পুলিস হিসেবে রয়েছে। এইসব কাজ তো তারা করছে, কিন্তু বাকী রইল যে কাজ —অর্থাৎ জনকল্যাণের কাজ তার কতটা করছে তার একটা হিসেব দেওয়া দরকার। জনকল্যাণ-মূলক কাজের বিচার যদি করি তাহলে মন্ত্রিমহাশয় তাঁর গলার সবটুকু জোর দিয়ে একথা বলতে পারবেন না যে, বাংলাদেশে তারা একটা উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি যে অঞ্চল থেকে এসেছি তাতে বলতে পারি মুর্শিদাবাদ জেলার বিরাট অংশ, নদীয়া জেলার বিরাট অংশ কয়েক বছর আগে যখন প্রলয়ংকরী বন্যায় ডুবে গিয়েছিল, হাজার হাজার গৃহ ধ্বংস হয়েছিল, যার ধাক্কা এখনও মানুষ সামলে উঠতে পারে নি, মানুষ জলে ডুবে মরছিল তখন ২।১ জন ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সের লোকের সাক্ষাৎ আমরা পেয়েছিলাম। ময়ূরাক্ষীর ধারে দুটো রবারের নৌকা নিয়ে ১০ জন ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সের লোককে আমরা দেখেছিলাম এবং এটাও দেখেছিলাম যে, সেই ফুটো নৌকা নিয়ে তারা দু' মাস ধরে ১০ জন লোককেও উদ্ধার করতে পারে নি। তারপর, নবদ্বীপ সহর যখন ডুবে গিয়েছিল, পাড়ার ছেলেরা যখন নৌকোয় করে ছাদের উপর খাদ্য তুলে দিয়েছিল তখন আমরা এক-আধজন ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সের লোককে দেখেছি বটে, কিন্তু জনকল্যাণমূলক কাজে তারা বিশেষ কোন দৃষ্টান্ত স্থাপন করতে পারে নি। আর কি করে পারবে? এঁদের জাতীয় স্বেচ্ছাসেবক বলা হচ্ছে বটে, কিন্তু স্বেচ্ছাসেবকের সেই মন কোথায় আছে? তাদের ট্রেনিং এর যে ব্যবস্থা আছে তার ডিটেলস-এর মাঝখানে যদি যাই তাহলে দেখব সেই ধরনের ব্যবস্থা নেই। আর তা ছাড়া কারা আসে এই কাজ করবার জন্য? সমাজের মাঝখানে যাদের দাঁড়াবার জায়গা নেই, অর্থনৈতিক ভিত্তি যাদের সুদৃঢ় হয় নি, বেকারীর জ্বালায় যারা জ্বলছে, দারিদ্র্যের তাড়নায় যারা পুড়ে মরছে তারা কোন কাজ না পেয়ে শেষে আসে এই ন্যাশনাল ভলানটিয়ার ফোর্সে। কাজেই জনকল্যাণমূলক কাজের জন্য যে প্রেরণা দরকার হয়, যে উৎসাহের দরকার হয় সেই প্রেরণা, সেই উৎসাহ, সেই নূতন ভারতবর্ষের স্বপ্ন তাদের সামনে থাকা সম্ভব হয় নি।

[5—5-10 p.m.]

তাদের যে ট্রেনিং-এর ব্যাবস্থা তার ডিটেলস-এর মাঝখানে যদি যাওয়া যায় তাহলে সেখানে আমরা দেখি সেই ধরণের ব্যবস্থা সেখানে নেই। কারা যাবে কাজ করার জন্য? সমাজের মাঝখানে এসে দাঁড়াবার যাদের জায়গা নেই, অর্থনৈতিক ভিত্তি যাদের আদৌ সুদৃঢ় হয় নি, সমস্ত বেকারীর জ্বালায়, দারিদ্র্যের তাড়নায় যারা জ্বলছে, কোথাও কিছু না পেয়ে তারাই আসে কাজ করতে এই এন সি সি-তে এবং জনকল্যাণমূলক কাজের জন্য মনের মাঝখানে যে প্রেরণার দরকার হয়, উৎসাহ দরকার হয় ও উদ্যমের দরকার হয়, সেই উদ্যম, সেই উৎসাহ, সেই প্রেরণা নূতন ভারতবর্ষ গড়ার যে স্বপ্ন তা তাদের মধ্য থেকে কিছুতেই সম্ভব হয় না। সেজন্য ১৯৫০ সাল থেকে সুরু করে যদি হিসাব করা যায় তাহলে জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী কথাটা শুনতে যতই ভাল হোক্ কাজের বেলায় তা কিছুতেই সম্ভব হয় না। পুলিসের বি-টিম হিসাবে সেখানে তাদের রাখা হচ্ছে এবং পুলিসী ধরণের কাজ কিছু এদের করিয়ে নেওয়া হয় এবং প্রায় ক্ষেত্রে আমরা দেখি এন সি সি দ্বারা স্কুল-কলেজ-এর স্ট্রাইক ভাঙ্গা হচ্ছে, কলকারখানার হরতাল এবং জনগণের যে সমস্ত অর্থনৈতিক আন্দোলন মাঝে মাঝে মাথা চাড়া দিয়ে উঠে তার সামনে আজকে তাদের ঠেলে দেওয়া হচ্ছে। কায়েমী স্বার্থ আজকে এইভাবে তাদের কাজে লাগাবার চেষ্টা করছে। আমি এটা বিশ্বাস করি যে ১৯৪৯ সালে এই বাহিনী গঠন করার আদৌ কোন প্রয়োজন ছিল না। দেশের মাঝখানে পুলিস আছে, লক্ষ লক্ষ মিলিটারী বসে রয়েছে, মিলিটারী কি শুধু বন্দুক ধরার জন্য, দেশের দুর্গত মানুষের সেবা করাও তো মিলিটারীর কাজ, কিন্তু পুলিস বাহিনী থাকা সত্ত্বেও, মিলিটারী থাকা সত্ত্বেও ১৯৪৯ সালে এই বাহিনী গঠন করার **প্রয়োজন ছিল না। কিন্তু সরকার তখন দেখলেন, ১৯৪৯-৫০ সালে দেখলেন যে দেশব্যাপী** আন্দোলন, রাস্তায় কংগ্রেসের লোক বললে চামড়া সেদিন উঠে যেত, কারখানায় কারখানায় সেদিন ধর্মঘট হচ্ছে, রাস্তায় রাস্তায় স্লোগান উঠেছে, নূতন গভর্নমেন্ট ভয় পেয়ে গেলেন তাই যত রকমের রক্ষাকবচ সংগ্রহ করার চেষ্টা করলেন, সেই মনোভাব নিয়েই এন ভি এফ-এর সৃষ্টি **করেছিলেন এবং আজও তার প্রয়োজন আছে বলে আমি বিশ্বাস করি না।**

Shri Haridas Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটু আগে আমাদের শিক্ষামন্ত্রিমহাশয় এন ভি ফোর্স বিল এনেছেন, তার আগে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় পুলিশ অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন। এখন আমাদের যেটা মনে হচ্ছে তাতে খুব আশ্চর্য হয়ে যাবার মত অবস্থা। এই বিল আনার জন্য এই বিধানসভার দিনটিকে আবক্ষা দিবস হিসাবে নাম দিলে মন্দ হয় না এবং আমাদের মুস্কিল হচ্ছে আমাদের আরক্ষা মন্ত্রী উপস্থিত থেকেও এই বিল কোনমতেই আমাদের সামনে পেশ করলেন না এবং এর সপক্ষে তিনি কোন যুক্তি আনলেন না। শিক্ষামন্ত্রীমহাশয় তাঁর ব্যক্তিগত জীবনে উকীল, কাজেই স্বভাবতঃই তাঁর সাহায্য নেওয়ায় অন্য কোন উদ্দেশ্য আছে কিনা জানি না। যাই হোক, এই আরক্ষা দিবসে একটা জিনিস পরিস্কার। এর আগের বিল পুলিশ সংশোধনী বিল আর এন ভি এফ বিল এই দুটি বিল দেখে আমার মনে হচ্ছে একই উদ্দেশ্যে আনা হয়েছে। প্রথম বিলটায় একজন অ্যাডিসনাল ইন্সপেক্টর জেনারেল-এর পদ সৃষ্টি করা হচ্ছে এবং পরবর্তীকালে যে নূতন পদ সৃষ্টি করা হল তাকে কি কাজ দেওয়া হবে তার জন্য এই এন ভি এফ-কে পুলিশের আওতায় আনার চেষ্টা করা হল অর্থাৎ একটা বিলকে আমি আর একটা বিলের পরিপূরক বলে মনে করি। এই বিলের আলোচনা করতে গেলে দেখা যাবে এই জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করার পেছনে প্রত্যেকটি জাতির যে চিন্তা থাকে প্রত্যেকটি সরকারের যে চিন্তা থাকে সেই চিন্তাকে বিচার করে এটাই বলা যায় যে এই বিল আনার উদ্দেশ্য হল, যে আরক্ষার কথা বললাম এতক্ষণ, বিধানসভায় যে আরক্ষা দিবস উদ্‌যাপিত হল তার উদ্দেশ্য হল পুলিশের ক্ষমতা বাড়ান, বাড়িয়ে নিজেদের সংগঠনকে রক্ষা করা। এই হচ্ছে **মুখ্য উদ্দেশ্য। আমাদের রবীন্দ্রবাবু শিক্ষামন্ত্রী, যিনি আজকের দিনের মত পুলিশমন্ত্রী** তিনি যে শ্রেণীর স্বার্থে এখানে প্রতিনিধিত্ব করেন সেই শ্রেণীর স্বার্থকে বজায় রাখার জন্যই আজকে এই আবক্ষা দিবস উদ্‌যাপিত হল। আজকে সবচেয়ে বড় কথা হল স্বেচ্ছাসেবক **বাহিনীতে অনেক লোক আসছে পেটের জ্বালায় যাদের আপনারা চাকুরি দিতে পারছেন না**

দেরকে দু এক টাকা করে দেবার কথা বলে বিরাট একটা আদর্শের কথা চোখের সামনে রেখে দেশের ভবিষ্যতকে গড়ে তুলবেন বলে এই বিল নিয়ে এসেছেন। নিয়ে এসে তাদের লিকের দালাল শ্রেণীতে পরিণত করছেন এবং আপনাদের প্রচলিত যে পুলিশ আছে সেই লিশের তল্পিবাহকে পরিণত করছেন। এই যে নতুন প্রাণ, নতুন শক্তি নতুন যৌবন আমাদের শকে গড়ে তোলার পক্ষে যে শক্তিকে আপনারা নিয়োজিত করতে পারতেন তাকে একটা নিম্ন রে আপনাদের শ্রেণী স্বার্থকে বজায় রাখবার জন্য, ঐ ধর্মঘটকে ভাঙবার জন্য যেখানে মানুষ য়মিত লড়াই করছে, আপনি মুখে অবশ্য বক্তৃতায় বলেছেন যে যখন দাঙ্গা হয় তখন সেই ঙ্গায় মানুষকে রিলিফ দেওয়ার জন্য, সেই দাঙ্গাকে ঠেকাবার জন্য ব্যবহার করেন। কিন্তু ামি বলতে পারি আমার যে অভিজ্ঞতা আছে ঐ আসানসোল এলাকায় আমি দেখেছি, বিভিন্ন ায়গাগুলে আমি দেখেছি, কলকাতা শহরে আমি দেখেছি যখনই মানুষ তার জীবনের প্রয়োজন টাবার দাবিতে, রুটি রোজগারের জন্য লড়াই করার দাবিতে ধর্মঘটের পথে যেতে বাধ্য হয়, লিকের সাথে সংঘর্ষে যেতে বাধ্য হয় তখন পুলিশকে দিয়ে আপনারা মালিকের স্বার্থ রক্ষা রেন, তখন দেশের মানুষকে এইসব মহৎ কথা বলে আদর্শের কথা বলে আপনারা জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীকে আনতে পেরেছিলেন। তাদের আপনারা ঐ নোংরা কাজে ব্যবহার করেন। ল উদ্দেশ্য হচ্ছে আপনারা শ্রেণী স্বার্থকে বজায় রাখতে চান। আপনারা আপনাদের ক্ষমতার াধ্যে দেশের মানুষের মধ্যে নানা কায়দাকানুন করে এইরকম গ্রুপ এইসমস্ত সংস্থা সৃষ্টি রতে চান। একটু আগে আপনি যে কথা বলেছেন সেটাকে যদি ভালভাবে ব্যাখ্যা করা যায় । **আপনারা এদের ইলেকসানে ব্যবহার করেন তাহলে সেটা ইলেকসান পরিচালনা করার জন্য** য়, তাদের ব্যবহার করেন কংগ্রেসের যে নির্বাচনী প্রচার সেই নির্বাচনী প্রচারের হাতিয়ার সাবে এবং করেন বলে আমাদের এই বিলের বিরোধীতা করতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ামি আর একটা কথা বলব। এই যে স্বেচ্ছাসেবক বাহিনী তার জন্য আলাদা একটা বায়বরাদ্দ াছে। অর্থাৎ পুলিশের একটা আলাদা বাজেট আছে। অর্থাৎ পুলিশের আওতায় এটাকে য়ে এসেছেন এইজন্য যে, পুলিশকে আপনারা আরো বাড়াচ্ছেন এই কথা বলতে আপনারা জ্জা পাচ্ছেন। অর্থাৎ পুলিশের বাজেট আরো বাড়িয়ে আরো পুলিশ নিয়োগ করে পুলিশকে **য়ে যে যে কাজ করান দরকার যেমন শান্তিরক্ষা করা, তা করতে আপনারা চান না, বরং জনগণকে ীড়ন করার একটা যন্ত্র হিসাবে আপনারা পুলিশকে ব্যবহার করছেন। এই ঘটনার ভূরি ভূরি** ষ্টান্ত আমি দিতে পারি। যে কাজ পুলিশের করার কথা ছিল, অর্থাৎ মানুষের সম্পত্তি রক্ষা রা, তাদের উপর জুলুম যাতে না হয় বাড়িতে চুরি হবে না, ডাকাতি হবে না, খুন হবে না, ইসমস্ত কাজ পুলিশকে দিয়ে করাতে আপনারা ব্যর্থ হয়েছেন। আজ বড় বড় লাইটে খুন য়ে যায় আপনারা রুখতে পারেন না। পুলিশকে একটিমাত্র কাজে খুব ভালভাবে ব্যবহার রেছেন, সেটা হচ্ছে এই যখনই শ্রমিক শ্রেণী, কৃষক শ্রেণী, মধ্যবিত্ত শ্রেণীর মানুষ বাঁচার জন্য ড়াই করে সেই লড়াইকে দমন করার জন্য খুব অ্যাফেকটিভলি পুলিশকে ব্যবহার করছেন। ার সেই ব্যবহারের কাজে আরো বেশী সংখ্যক পুলিশ নিয়োগ সে কথা বলা আপনাদের পক্ষে জ্জার কথা হয়। এই ধরনের মহৎ কথা বলে এই স্বেচ্ছাসেবক বাহিনীর কথা বলে আরো ছে সংখ্যক দ্বিতীয় স্তরের পুলিশ বাহিনী তৈরি করে তাদের দিয়ে আপনারা এই ধরনের **জকে সুষ্ঠুভাবে করতে পারবেন তার জন্য এই বিল এনেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, াপনি জানেন এই স্বেচ্ছাসেবক বাহিনী শুধু নয়, এর আগে আপনারা হোমগার্ড তৈরি করে-লেন। আপনারা কিছুদিন আগে, অর্থাৎ ১৯৬১ সালের পর থেকে ন্যাশনাল ডিফেন্সের** ন্য ডিফেন্স কমিটি করেছেন বিভিন্ন জায়গায়। আজ ওখানে বসে আছেন আসানসোলের রোপুর থেকে নির্বাচিত বিধানভার সদস্য তাঁকে কি আমি জিজ্ঞাসা করতে পারি আসানসোলে যসমস্ত ডিফেন্স কমিটি তৈরি হয়েছিল আজকে দেশে খাদ্য নিয়ে যারা ছিনিমিনি খেলছে াদের শতকরা ৭৫ ভাগ এইসমস্ত ডিফেন্স কমিটির নেতা? যেসমস্ত স্বেচ্ছাসেবক বাহিনী য়েছে তার মধ্যে শতকরা ৭০ ভাগ রয়েছে এই সমস্ত চোরাকারবারী এবং কালোবাজারীরা। ামি একটি মাত্র দৃষ্টান্ত দিচ্ছি—খড়্গপুরে যে হোম গার্ড আছে সেই হোম গার্ডের প্রেসিডেন্ট রেছেন মহম্মদ মমতাজকে, যিনি ক্যাপ্টেন সেই হোম গার্ডের। এতাবৎকাল তিনি বিছানায় য়ে আছেন এমনকি কোনদিন রাস্তায় দাঁড়িয়ে প্যারেড করান তাঁর পক্ষে সম্ভব হয় নি। তাঁকে াপনারা ক্যাপ্টেন করেছেন। আর খড়্গপুরের হোম গার্ডের সেক্রেটারী হচ্ছে সি এইচ বীরভদ্র

রাও, যাঁর নৈতিক অধঃপতনের কথা যাঁর কলঙ্কজনক চরিত্রের কথা বারবার সরকারের কা জানান হয়েছে, ডি আই জি জানেন, আই জি জানেন এবং মেদিনীপুরের ডিস্ট্রেক্ট ম্যাজিস্ট্রে জানেন। অথচ সেই ভদ্রলোককে আপনারা সেক্রেটারী করেছেন। আমি জানি ঠিক এই ধরনে বিভিন্ন সংস্থার মধ্যে আপনারা অসৎ লোককে যাদের সমাজ থেকে দূর করে দেওয়া প্রয়োজ ছিল, যাদের স্থান ছিল কয়েদের মধ্যে এইসমস্ত কালোবাজারী চোরাকারবারী যারা মানুষে খাদ্য নিয়ে ব্যবসা করে, মানুষের দুঃখ নিয়ে ব্যবসা করে, যারা কোটি কোটি কালো টাকা সৃষ্টি করেছে তাদের এইসমস্ত সংস্থার মধ্যে পুনর্জীবন দিচ্ছেন, তাদের সোসাল ক্যারেক্টার দি সমাজের উপর তলায় রাখবার চেষ্টা করছেন এবং আপনাদের যে শ্রেণী স্বার্থ সেই শ্রেণী স্বার্থকে আরো কিভাবে সংঘবদ্ধ করে বজায় রাখতে পারেন তারই জন্য আপনারা চেষ্টা করছেন। সেই কারণে আমি আপনাদের এই যে ভাল ভাল কথা জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর কথা এবং তাকে পুলিশের মধ্যে নিয়ে আসার যে চেষ্টা সেই প্রচেষ্টার বিরুদ্ধে আমার বক্তব্য রেখে এই বিলের **বিরোধীতা করছি।**

[5-10—5-20 p.m.]

Shri Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়, জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী যে মহান নাম নিয়ে গড়ে তোলবার চেষ্টা করা হয়েছিল সেই মহান আদর্শের কথা কিছু কিছু আমার বন্ধুদের মুখে যা শুনলাম তাতে সত্যিকারে এই বাহিনীটাকে ওরা কাজ করতে দিচ্ছে কিনা এই সন্দেহ এসেছে। জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর জাতীয় বিপদের সময় জাতীয় সংকটের সময় একটা বিরাট প্রয়োজনীয়তা আছে, কিন্তু এই কংগ্রেস সরকারের হাতে পড়ে এত মহান উদ্দেশ্যে গঠিত একটা বাহিনীর তাঁরা যেভাবে দলীয় কাজ করেছেন, যেভাবে জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর সমস্ত মান তাঁরা নীচে নামিয়ে দিয়েছেন তাতে সত্যিকারে আমরা বেদনা অনুভব করছি এবং এটাকে যে দৃষ্টিভঙ্গী নিয়ে আমরা এখানে দেখেছিলাম যে এটা উন্নত হবে, এখন দেখছি সেটা একেবারে খারাপ অবস্থা শুধু নয়, সেটা আরো অধঃপতিত হয়েছে এবং তাকে সত্যিকারের উপরে তুলতে যে পারবেন ইন্সপেক্টর জেনারেলের হাতে দায়িত্ব দিয়ে একথা আমি বিশ্বাস করতে পারি না। আমি বরং **এটা চাই—পুলিশ বাহিনীর মধ্যে যে আবিলতা এসেছে, যে গোলমাল এবং বিশৃঙ্খলা রয়েছে তাতে তাদের সঙ্গে না দিয়ে এসে সামরিক বাহিনীর সাহায্যকারী একটা বাহিনী হিসাবে যদি** গড়ে তোলার চেষ্টা করা যায় তাহলে দেশের প্রয়োজনের দিক থেকে এর উপযোগিতা থাকতে পারে বলে আমি মনে করি। তাই কোন্ জেলায় কত এরকম বাহিনীর সংখ্যা আছে, তাঁরা কি কাজ করেছেন এবং জাতীয় সেবার ক্ষেত্রে কোন কোন কাজে তাদের লাগিয়েছিলেন তার কোন ফিরিস্তি আমরা পাই নি বলে আমি কটু সমালোচনা পূর্বে করতে বাধ্য হয়েছি। এ যদি জানতাম যে প্রতি জেলায়, প্রতি মহকুমায় জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী কাজ করেছেন এবং সেটা গড়ে তোলা দরকার তাহলে আমরা আশান্বিত হতে পারতাম এবং গঠনমূলক কিছু কিছু সমালোচনা করলেও তাকে বাঁচিয়ে রাখার জন্য আমরা বলতাম। কোন বাহিনীকে যখন জরুরী প্রয়োজনে ডাকা হয় সেখানে আমরা লক্ষ্য করেছি যে সামান্য মাত্র পাথেয় দেয়া হয়, চাষের **কাজকে ক্ষতি করে সে যখন পৌঁছালো তখন তার চাষ তো শেষ হয়ে গেল এই জিনিস হচ্ছে** এবং যখন তাদের ধর্মঘট ভাঙ্গার কাজে এবং দলীয় স্বার্থরক্ষার কাজে ডাকা হয় তখন দেখা গেছে যে তাদের চাষ নষ্ট করা হয়েছে, তাদের আয় নষ্ট করা হয়েছে এবং তাদের সংসারকে বিপন্ন করে তোলা হয়েছে। এইরকম গ্রামে যারা স্বেচ্ছাসেবক বাহিনীতে যোগ দিয়েছে, তাদের মুখ থেকে প্রকৃত অবস্থা শুনে আমি আপনার কাছে বলছি। কাজেই এদিকে একটু দৃষ্টি রাখুন, শুধু ইন্সপেক্টর জেনারেলের হাতে ক্ষমতা দিয়ে একে উন্নত করা যাবে না, একে সেবার পন্থতিতে অনুপ্রাণিত করে স্বেচ্ছাসেবকের কাজে লাগাবার কোন চেষ্টা নেই।

এমন কোন বিধান নেই যে, এদের ক্ষমতা বাড়িয়ে দেওয়া হবে। এদের ভাল করে রাখবার জন্য ব্যবস্থা করা হবে, এদের সেবার কাজে উদ্বুদ্ধ করার জন্য এদের ভাল করে ট্রেনিং দেওয়া হবে, তার কোন বিধান নেই বা তার কোন চেষ্টা নেই। কেবলমাত্র নামে জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী

হবে এবং এরা পুলিশের হাতে গিয়ে পুলিশের সহযোগিতা। একটি বাহিনী হিসাবে তাদের দলীয় কাজে লাগাবার জন্য চেষ্টা হচ্ছে। এই অভিসন্ধিই যে আরোপ করেছেন, সেটা আমার মনে আসে, যদিও আমার এলাকায় এইরকম কোন ঘটনা ঘটে নাই। সেইজন্য এই যে বিলটি আনা হয়েছে, তার সম্বন্ধে আমি আমার মনোভাব রাখলাম। সীমান্ত এলাকায় যে জাতীয় সঙ্কট চলেছে, তা থেকে আমরা এখনও পর্যন্ত উত্তীর্ণ হই নাই। সীমান্ত এলাকায় যে বিপদ আসে মাঝে মাঝে সীমান্তের পাকিস্তানী হানাদারদের দ্বারা, সেখানে আমাদের স্বেচ্ছাসেবক বাহিনীকে যে রাখা হয়েছে, তার সংখ্যা কত, এবং তারা কি কাজে নিযুক্ত আছে, আমরা জানতে চাই। সেখানে সীমান্ত রক্ষার কাজের জন্য এই জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীকে রাখার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। যে উদ্দেশ্যে আজ জাতীয় সংকটে উত্তীর্ণ হবার জন্য স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করা, তার যে কোথায় কি অস্তিত্ব, তা আমরা জানি না। অথচ এদিকে ঠাট বজায় রাখার জন্য ইন্সপেক্টার জেনারেলের হাতে তাকে সপে দিতে হবে, তার জন্যই এই আইন প্রণয়ন করা হয়েছে। তাদের নিয়ে তারা কি কাজে লাগাবেন, তাদের দ্বারা কতটুকু উপকার হবে, তা জানবার উপায় নেই।

আজকে মাননীয় [illegible] কাছে আমি প্রকাশ্যভাবে দাবী করছি যে তার এই বাহিনীর স্ট্রেংথ কত, এবং তাঁরা এই স্বেচ্ছাসেবক বাহিনীকে নিয়ে কি কাজে ব্যবহার করতে পেরেছেন এবং ভবিষ্যতে করতে চান, তা আমাদের জানান। বিরোধী পক্ষের বিরুদ্ধে এবং আমাদের ধর্মঘট ভাঙবার জন্য তাদের কিভাবে কাজে লাগিয়েছেন, তা আমাদের জানা আছে। তারা পুলিশের পিছনে লাঠি কাঁধে নিয়ে, পুলিশের সহকারী হিসাবে বিরোধী দলের লোকদের শায়েস্তা করবার জন্য, তাদের রাজনৈতিক উদ্দেশ্য তাদের কাজে লাগিয়েছেন এটা প্রমাণিত হয়েছে। এইজন্যই আমরা এর বিরোধীতা করছি। এইরকম একটা কু-মতলবের চিন্তাধারা নিয়ে এইরকম একটা স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করার প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না। যদি উন্নত মনে, একে সেবাব্রতে উদ্বুদ্ধ করে, একে টাকাকড়ি সাহায্য দিয়ে, সামরিক বাহিনীর কমান্ডারের অধীনে একে রেখে দিয়ে কাজকর্ম করাতে পারেন, তাহলে এর উন্নতি হতে পারে, তা না হলে কোন উন্নতি সম্ভব নয়।

Shri Kanai Pal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে দৃষ্টিভঙ্গী নিয়ে পূর্বেকার পুলিশ বিলের বিরোধীতা করেছি, ঠিক সেই দৃষ্টিভঙ্গী নিয়ে আমি এইজাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর বিরোধীতা করছি।

আমার বক্তব্য হচ্ছে যে ধনিকশ্রেণী বা বড়লোক, তারা ব্যক্তিগতভাবে তাদের সম্পত্তি রক্ষার জন্য, বিশেষ করে শুধু চোর ডাকাতের হাত থেকে নয়, যাদের ঠকিয়ে এবং ফাঁকি দিয়ে তারা বিপুল সম্পত্তি আহরণ করেন, তাদের হাত থেকে রক্ষা করার জন্য কিম্বা কোন কোন ক্ষেত্রে চুরি-ডাকাতির হাত থেকে রক্ষা করার জন্য যে কুকুর পোষেন, তাদের ভালভাবে খাইয়ে, প্রচুর টাকাদি তাদের পিছনে খরচ করে, ঠিক সেইভাবে তারা ভালভাবে খাইয়ে-পরিয়ে মিলিটারী পুলিশ বাহিনী সৃষ্টি করেন নিজেদের শ্রেণীস্বার্থ রক্ষা করবার জন্য পেষণ এবং লুণ্ঠন অব্যাহত ভাবে চালাবার জন্য। ধনিক শ্রেণীর স্বার্থে পুলিশ এবং মিলিটারী হচ্ছে ফার্স্ট লাইন অফ ডিফেন্স, আর এইজাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী হচ্ছে সেকেন্ড লাইন অফ ডিফেন্স। পুলিশ এবং মিলিটারী দ্বারা যে কাজ করান সম্ভব নয়, তারা সেইসমস্ত কাজ, আরও কম খরচায় এই-সমস্ত স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করে তাদের মাধ্যমে তারা কাজ আদায় করছেন। দুটো দিক থেকেই এই জিনিসটা খুব পরিষ্কার হয়ে যাবে। যে সরকার তার দেশের সাধারণ মানুষের হাতে অস্ত্র দিতে আজও রাজী নন, অস্ত্র কেন, একটা ১৪ পোয়া লাঠি রাখাও যেখানে নিষিদ্ধ, সেখানে তারা যে এই ধরনের আইন করে, তারা যে নিজেদের কুক্ষিগত কায়েমী স্বার্থ রক্ষার জন্য যারা পুলিশের সাহায্যকারী, তাদের এইভাবে সংগঠিত করে তারা তাদের ভেস্টেড ইন্টা-রেস্টকে রক্ষা করার জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

[5-20—5-30 p.m.]

সেই দিক থেকেই আমি মনে করি যে এই ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স তাঁরা শুধু যে তত্ত্বগত দিক থেকেই এটা প্রমাণ করেছেন তা নয়, তথ্যের দিক থেকেও একথা স্বীকৃত হয়েছে এবং

সন্দেহের ঊর্ধে প্রমাণিত হয়েছে। তারা যখন দেশের সাধারণ মানুষ, জাতির যারা বৃহত্তর অংশ, খেটে খাওয়া মানুষ তারা অন্য পথ না পেয়ে যখন তারা কাজ বন্ধ করছে, ধর্মঘট করছে তখন জাতীয়তার নাম করে এই জাতীয় বাহিনীকে তাদের ধর্মঘটকে বানচাল করবার, ভেঙ্গে দেবার আপ্রাণ চেষ্টা সর্বত্র করেছে, মাননীয় স্পীকার মহাশয়, তাদের এই যে প্রচেষ্টা বিভিন্ন জায়গায় আমরা দেখেছি তার থেকে তাদের যদি আরো ভালভাবে সংগঠিত করা যায় এবং তারা যেভাবে পুলিশের অধীনে, পুলিশের পেছনে থেকেই কাজ করছিল সেটা সরাসরি পুলিশের **নিয়ন্ত্রণে তাঁরা আসবার চেষ্টা করছেন, এই অসৎ উদ্দেশ্য তাঁরা আরো ভালভাবে মাখন করবার** জন্য এই প্রস্তাব এইভাবে তাঁরা নিয়ে আসছেন। জাতীয়তার বুলি এটা কেবল এই ধনিক-শ্রেণী, সরকার ও ধনিকগোষ্ঠী, তাঁরাই ব্যবহার শুধু করছেন না, প্রতিটি পুঁজিবাদী দেশেই এই জাতীয়তার মদ খেয়ে, জাতীয়তার কথা বলে, জাতীয় বুলি আউড়িয়ে তাঁরা তাদের নিজেদের সম্প্রদায়, নিজেদের গোষ্ঠীর স্বার্থ পূরণ করবার সর্বত্র চেষ্টা করেছেন। আজকে এরা এখানে সেই একই চেষ্টা করছেন। **আর এই নির্লজ্জ বেহায়ার দল আজকে পেছনে বসে কাটমি** কাটছেন প্রকাশ্যভাবে এই সম্পর্কে কোন আলোচনায় **অবতীর্ণ হওয়ার তাদের সামর্থ নেই।** আমি পরিষ্কারভাবে এইসমস্ত দিক থেকে এই জাতীয় বাহিনী গঠন করবার যে বিল এসেছে এবং তাকে পুলিশের নিয়ন্ত্রনাধীনে আসবার যে প্রচেষ্টা হয়েছে তার আমি বিরোধীতা করছি।

Shri Gopal Basu:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটায় এই অ্যামেন্ডমেন্ট এনেছেন আমাদের শিক্ষামন্ত্রী। এখন **উনি বললেন যে মানুষের ধনসম্পত্তি এবং জীবনরক্ষা করার জন্য এদের আমরা কাজে লাগাবো। সত্যিত, প্রথম যখন এন্ ভি এফ তৈরী করার প্রশ্ন উঠে তখন এইটেই ছিল যে ন্যাশনাল** ক্যালামিটি যখন হবে তখন মানুষের ধনসম্পত্তি রক্ষা করা, ব্যক্তিকে রক্ষা করা, নিরাপত্তা রক্ষা করার জন্যে এই এন ভি এফ-এর সৃষ্টি হয়েছিল। কিন্তু পরবর্তী সময়ে তার যখন প্রয়োগ হল তখন দেখা গেল যে সেই এন ভি এফ যত সাধারণ মানুষের সংগ্রামকে বিপন্ন করার জন্যে, সংগ্রামের মালিক শ্রেণীর স্বপক্ষে এই এন ভি এফ-কে দাঁড় করান হয়েছিল। কাজেই এটা **একটা বিশেষ উদ্দেশ্য প্রণোদিত হয়ে আনা হয়েছিল। তার যে সক্রীয়তা ছিল সেই সক্রীয়তাকে** তাঁরা আগেই নষ্ট করেছেন এই প্রয়োগের ভিতর দিয়ে এবং এখন শিক্ষামন্ত্রী বলছেন যে এন ভি এফ-এর সঙ্গে পুলিশের যোগাযোগ হলেও এন ভি এফ-এর যেখানে সেখানে আমরা পুলিশকে হাত দিতে দেবো না, তার একটা উচ্চ বিন্দুতে আমরা তার সঙ্গে একটু স্পর্শ **রাখবো।**

আপনারা কি করেছেন? আমার পূর্বে হরিদাসবাবু বলেছেন যে, এই ন্যাসনাল ভলান্টিয়ার ফোর্স-এর নামে পুলিশকে আপনারা সমাজের রন্ধ্রে রন্ধ্রে অনুপ্রবেশ করিয়ে দিয়েছেন। আপনারা ন্যাসনাল ভলান্টিয়ার ফোর্সকে সরাসরি পুলিশের অধীনস্থ করে রেখেছেন। **এখানেই বা** থেমে থাকবেন কেন? আরেকটু অগ্রসর হয়ে শিক্ষাকেও পুলিশের অধীনে নিয়ে যান। আমাদের নতুন শিক্ষামন্ত্রী যেভাবে কথাবার্তা বলেন তাতে তিনি একজন হাবিলদার তো হতে পারবেনই। স্যার, জয় ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস-এর ধর্মঘটের সময় যে ব্যাপার হয়েছিল তা আপনি জানেন, মালিকের ধনসম্পত্তি পাহারা দেবার জন্য তাঁরা ৪ হাজার পুলিশ দিয়েছিলেন। মুখে তারা সমাজতন্ত্রের কথা বলেন, কিন্তু আসলে ধনতন্ত্রকেই রক্ষা করছেন। ধনতান্ত্রিক স্বার্থবাদী পুঁজিপতিদের স্বার্থরক্ষার জন্য তাঁদের প্রয়োজন হয়েছে আরো বেশি পুলিশ নিযুক্ত করা, কিন্তু সেদিক থেকে কিছু অসুবিধা হতে পারে বলে ন্যাসনাল ভলান্টিয়ার ফোর্স এই নামান্তরে পুলিশের শক্তিবৃদ্ধির জন্যই এই বিল এনেছেন। এই বিলের পিছনে স্বার্থবাদী, **পুঁজিপতিদের ষড়যন্ত্র আছে। তাই আমি এই বিলের সম্পূর্ণ বিরোধী।**

The Hon'ble Rabindra Lal Sinha:

মাননীয় সভাপাল মহাশয়, প্রথমেই আমি বলব এই বিরোধের পরিধি সংকীর্ণ। এখানে কেউ **কেউ ভুল ধারনার বশবর্তী হয়ে বলেছেন জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী পুলিশের অধীনস্থ** হয়ে আছে, পুলিশের অন্তর্ভুক্ত হয়েছে। এই কথা ঠিক নয়। ন্যাসনাল ভলান্টিয়ার ফোর্স-

এর জন্য আমরা এই সভায় যে আইন বিধিবদ্ধ করেছি সেই আইনে পরিচালিত হবে, পুলিশ আইনে নয়। মূল আইনটা যদি দেখা যায় তাহলে দেখা যাবে মূল আইনের ৪নং ধারায় এর ফাংশন বলে দেওয়া হয়েছে, কি কি কাজ ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স করবে।

[5-30—5-40 p.m.]

সুতরাং এই দায়িত্বভার এই সভা ন্যাসনাল ভলান্টিয়ার ফোর্সকে অর্পণ করেছে এবং এখন সরকারের কাজ হবে এটা দেখা যে, সেই দায়িত্ব যাতে তাঁরা পালন করবার সুযোগ পান। আজকে তাঁদের পুলিশের অধীনে আনা হচ্ছে না, কিন্তু যে যে কাজের কথা বললাম এটা আরক্ষা বাহিনীর কাজ বটে এবং এটা যদি করতে হয় তাহলে বহুক্ষেত্রে আরক্ষা বাহিনীর সঙ্গে তাঁদের সহযোগিতা করতে হবে। এই প্রসঙ্গে নির্বাচনের কথা বললাম বলে মাননীয় সদস্য আমাকে বিদ্রূপ করে বলেছেন যে, নির্বাচনে দলীয় স্বার্থে তাঁদের ব্যবহার করা হয়। এটা অবাস্তব, অসত্য। তারা নির্বাচনের সময় সাহায্য করেছে তার অর্থ পুলিশের সঙ্গে থেকে যেটুকু করা দরকার সেটুকু করেছে। সুতরাং একথা বলে লাভ নেই যে তাদের অন্য কাজে ব্যবহার করা হয়। এই কাজ যদি তাদের হয় তাহলে আরক্ষা বিভাগের সঙ্গে অন্ততঃ শীর্ষে সহযোগিতার ব্যবস্থা করা প্রয়োজন এবং সেই ব্যবস্থাই হচ্ছে। শীর্ষে সহযোগিতার ব্যবস্থা করা রাজ্যসরকারের মাথা দায়িত্ব এবং রাজ্যসরকার তার জন্য এই সভায় স্থানবন্দী করতে বাধ্য। রাজ্যসরকারের অধীনে আই জি-কে রাখা হচ্ছে। আই জি পুলিশের বড়কর্তা একথায় যদি কেউ আপত্তি করেন তাহলে আমি বলব আপনাদের বোধ হয় জানা নেই যে, আজকে প্রভিন্সিয়াল কম্যান্ডান্ট যিনি আছেন তিনিও আই পি এস-এর একজন সদস্য। সুতরাং শৃঙ্খলাবদ্ধ বাহিনীতে যেখানে সৈনাবাহিনী থেকে আসে না সেখানে পুলিশ বাহিনী থেকে আসাই স্বাভাবিক। কাজেই আমি মনে করি না এই যে বিধেয়ক করা হচ্ছে সেটা করে এমন কিছু অন্যায় কাজ করা হচ্ছে। তারপর, আর একটা কথা উঠেছে যে, যাকে-তাকে এই বাহিনীতে গ্রহণ করা হয়, ভাল লোককে নেওয়া হয় না বা অনুসন্ধান না করে নেওয়া হয়। একথা ঠিক নয়। এই বাহিনীকে রাইফেল ট্রেনিং দেওয়া হয় এবং আমি মনে করি ভারতবর্ষের তরুণ সম্প্রদায়কে যদি রাইফেল ট্রেনিং দেওয়া যায় তাহলে তাদের কল্যাণ হবে। তাদের যে পুলিশ ভেরিফিকেশন হয় সেটা এইসমস্ত বিশেষ শিক্ষা দেওয়া হয় বলেই হয়। পশ্চিমবাংলায় ৪টি ট্রেনিং সেন্টার আছে—কোচবিহার, কল্যাণী, হালিশহর, কার্শিয়াং। এখানে গ্রামের সাধারণ তরুণদের শিক্ষা দেওয়া হয় এবং ৭৫ দিন ধরে একটা কোর্স হয়, সেখানে শিক্ষা দিয়ে তাঁদের যোগ্যতাসম্পন্ন করা হয় এবং তারপর তাঁরা ডিস্ট্রিক্ট ব্যাটেলিয়ান-এর সদস্য হন এবং প্রয়োজন মত তাঁদের আহ্বান করা হয়। এখান থেকে শিক্ষা পাবার ফলে তাঁরা যে নিয়মানুবর্তিতায় এবং শৃঙ্খলায় উদ্বুদ্ধ হয়েছেন তার জন্য তাঁরা বহু ক্ষেত্রে চাকুরী পেয়েছেন এবং পান। বিশ্বকর্মা ব্যাটেলিয়ান-এর একটা অংশ কিছুটা কারিগরী শিক্ষা লাভ করে সর্বত্র সুনাম অর্জন করেছেন। আজ পর্যন্ত এই বাহিনী থেকে ১৩ হাজার ছেলে চাকুরী পেয়েছে, এটা কম কথা নয়। এই বাহিনী যে শিক্ষা পায় তার জন্য নিয়োগকর্তারা তাদের বেশী পছন্দ করেন এবং সেইজন্যই তাঁরা প্রেফারেন্স পান। কাজেই এই বাহিনী অপ্রয়োজনীয় এর দরকার নেই একথা বলা উচিত নয়। বরং আমি মনে করি দেশবাসীর এই বাহিনীর কাছে কৃতজ্ঞ থাকা উচিত। ক্লিনার ক্যালকাটা ক্যাম্পেন যখন হয় তখন স্ট্রাইক ভাঙ্গার প্রশ্ন ছিল না, তখন ধর্মঘট ছিল না এবং তখন সাধারণ বাঙ্গালীর ছেলেরা দেখিয়ে দিয়েছে সমাজের সেবা করবার জন্য তারা মরলা ঘাটতেও কুণ্ঠিত হয় না। বাঙ্গালী ছেলেদের যে দুর্নাম ছিল তারা শ্রমসাধ্য কাজ করতে পারে না, সেখানে তারা দেখিয়ে দিয়েছে যে এই শৃঙ্খলাবদ্ধ বাহিনী যে-কোন শ্রমসাধ্য কাজ করতে পারে এবং কার্যকরীভাবে করতে পারে। কেউ কেউ এদের বলেছেন ঠেঙ্গারে, গুণ্ডা, লাঠিয়াল। এসব খুব দুঃখের কথা এবং আমি এতে খুব বেদনা অনুভব করি। আমি কারুর নিন্দা করছি না, কিন্তু কেউ কোথাও দেখাতে পারবেন না যে ন্যাসনাল ভলান্টিয়ার ফোর্সের লোকেরা লাঠিয়ালী করেছে, লাঠি মেরেছে বা জনতা ছত্রভঙ্গ করবার জন্য কোথাও গেছে। বাঙ্গালীর ছেলেরা, গ্রামের ছেলেরা শিক্ষা নিয়ে কাজ করতে এগিয়ে আসছে তার জন্য আমাদের আনন্দ প্রকাশ করা উচিত—তাদের ঠেঙ্গারে বা লাঠিয়াল

প্রভৃতি বলা উচিত নয় এই আবেদন আমি করছি। তারপর, ধর্মঘট ভাঙ্গবার কথা যা বলেছেন তাতে আমি তাঁদের কেনাবোধ জানি, তাঁদের কেনা কোথায় জানি। তবে এটুকু বলতে পারি কোথাও তাদের ধর্মঘট ভাঙ্গবার কাজে নিযুক্ত করা হয় নি।

হাওড়ায় তাঁরা ধর্মঘট ভাঙ্গতে যান নি, ধর্মঘটের সময় তাঁরা পৌরসভায় চাকুরিও নেন নি। যখন দেখা গেল হাওড়ার মত শহরে আন্ডারগ্রাউন্ড ড্রেনেজ পর্যন্ত নেই, যখন দেখা গেল কয়েক-দিন ধরে ধর্মঘটের ফলে জনজীবন বিপর্যস্ত হতে চলেছে, ওলাউঠা দেখা দিয়েছে, কলেরা দেখা দিয়েছে, তখন দেশবাসীর সেবা করার জন্য তারা এগিয়ে এসেছিল যাতে দেশবাসী কলেরা-ওলাউঠায় মারা না যান। তারা কোন অন্যায় করে নি। আজকে ধর্মঘট করার নামে সব সময় মনে রাখতে হবে নিযুক্ত কর্মী এবং নিয়োগকর্তা ছাড়াও তৃতীয় পক্ষ আছে, জনসাধারণ এখানে সেই, জনসাধারণকেই যখন চরম বিপন্ন করা হয়, জীবন বিপন্ন করা হয়, সেদিন জীবনকে বিপর্যস্ত করা হয় একান্ত প্রয়োজনে যেখানে এন ভি এফ কাজ করতে এগিয়ে গেছেন, স্বেচ্ছা-সেবক হিসাবে জনসাধারণের সেবা করার জন্য। ডকের কথা বলা হয়েছে। যখন দেশে নিদারুণ খাদ্যাভাব, ডকে খাদ্য বোঝাই জাহাজ দাঁড়িয়ে, দলীয় স্বার্থে ধর্মঘট করে.....

[নয়েজ]

অথন ন্যাশনাল ভলাণ্টিয়ার্স ফোর্স-এর সদস্যরা সেই কাজে সাহায্য করে জনসাধারণের সেবার মহান ব্রতই উদ্‌যাপন করেছেন, অন্যায় কিছু করেন নি। এ কথা বলেই

I commend this Bill to the House.

Shri Haridas Chakravorty: On a point of information Sir,

শীর্ষে সংযোগ এই ব্যাপারটা কি, আডিশনাল আই জি অফ পুলিশ-এর পোস্টটা যে ক্রিয়েট করলেন তার জন্যই কি এই এন ভি এফ বিলটা এনেছেন?

[5-40 - 5-43 p.m.]

The motion that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and a division taken with the following result:—

NOES—63

Abdul Gafur, Shri
Abdul Latif, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Baidyanath
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Mahatab Chand
Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Gayen, Shri Brindaban
Halder, Shri Jagadish Chandra
Hansda, Shri Debnath
Hazra, Shri Parbati Charan
Hembram, Shri Kamala Kanta
Ishaque, Shri A. K. M.

Jehangir Kabir, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Birendra Kumar
Misra, The Hon'ble Sowrindra Mohan
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Pijush Kanti
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Pal, Dr. Radha Krishna
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Rajani Kanta
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Arabinda
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Tarapada
Saha, Shri Dhaneswar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prosad
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Wangdi, The Hon'ble Tenzing
Ziaul Haque, Shri Md.

AYES—26

Abul Mansur Habibullah, Shri Syed
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Ganesh
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Konar, Shri Hare Krishna
Majhi, Shri Kandru

Manya, Shri Murari Mohan
Mitra, Shrimati Ila
Murmu, Shri Nathaniel
Pal, Shri Kanai
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Sen Gupta, Shri Niranjan
Sen Gupta, Shri Tarun Kumar

The Ayes being 26 and the Noes 63, the motion was lost.

The motion of the Hon'ble Rabindralal Sinha that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3, 4 and 5

The question that clacses 1, 2, 3, 4 and 5 do form part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do form part of the Bill was then put and agreed to.

The Hon'ble Rabindralal Sinha: I move that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to

Adjournment

The House was then adjourned at 5-43 p.m. till 1 p.m. on Friday, the 18th September, 1964, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 18th September, 1964, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 3 Ministers of State and 146 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Floods in the Khari river

***429.** (Admitted question No. *1599.)

শ্রীঅশ্বিনী রায়ঃ ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের ২৩এ অগাস্ট তারিখে বর্ধমান জেলায় খড়ি নদীর বন্যায় ক্ষয়-ক্ষতির কোনও তথ্য আছে কিনা ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি (১) ভাতাড় ও সদর থানার কোন্ কোন্ অঞ্চল ও মৌজা ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং ঐ দুই থানায় আমন ও আউস ফসলের ক্ষতিগ্রস্ত জমির পরিমাণ কত, (২) ক্ষতিগ্রস্ত জমিতে পুনঃরোপণের ও বপনের (রিপ্ল্যান্টেশন) কোনও সরকারী ব্যবস্থা করা হইয়াছে কিনা?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

(ক) ও (খ) খড়ি নদীতে এ বৎসর কোন বন্যা হয় নাই, সুতরাং বন্যাজনিত ক্ষয়ক্ষতি সম্পর্কে কোন প্রশ্ন ওঠে না।

(No supplementary.)

Government-vested lands in Katwa police-station, Burdwan

***430.** (Admitted question No. *1676.)

শ্রীসুবোধ চৌধুরীঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় কাটোয়া থানার অগ্রদ্বীপ অঞ্চল পঞ্চায়েতের অধীন মৌজাগুলিতে কত জমি সরকারের নিকট ন্যস্ত হয়েছে ;

(খ) কোন্ মৌজার কত জমি পাওয়া গেছে এবং কত জমি ১৯৬৪ সালে বণ্টন করা হয়েছে;

(গ) জমি বণ্টন করিবার পূর্বে চাষীদের নিকট জানাইবার ব্যবস্থা আছে কিনা ; এবং

(ঘ) জমি পাইবার জন্য কোন আবেদন করিতে হয় কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) কৃষি জমি ৬·৭৪ একর এবং অকৃষি জমি ২·১১ একর সরকারে ন্যস্ত হইয়াছে। ইহা ভাগীরথী নদীর ভাঙনে চর জমি ১২২·৩৭ একর সরকারের খাস দখলে আছে।

(খ) বিস্তৃত বিবরণ নিম্নে প্রদত্ত হইলঃ

মৌজার নাম	ন্যস্ত জমি	চর জমি	১৯৬৪ সাল বা বাংলা ১৩৭১ সাল বণ্টিত জমি।
(১) অগ্রদ্বীপ	৬·৭৪ একর	১৯২·৩৭ একর	১৯১·৭৯ একর
(২) কালিকাপুর	২·০৩ ,,	৩০·০০ ,,	৩০·০০ ,,
(৩) মোতপুর পলাসী	০·০৮ ,,	—	—

(গ) ও (ঘ) হ্যাঁ।

I—

Shri Sudhir Chandra Das:

এই জমিগুলি ব্যক্তিগতভাবে বিলি হয়েছে, না কো-অপারেটিভ থেকে বিলি করা হয়েছে ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এখানে যা দেখছি কো-অপারেটিভ থেকে কোন জমি বিলি করা হয় নি।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যেসমস্ত জমি বণ্টন করা হয়েছে, তা কোন্ নীতি ভিত্তিতে বণ্টন করা হয়েছে এবং কাদের বণ্টন করা হয়েছে।

The Hon'ble Syamadas Bhattacharyya:

কোন্ নীতিতে বণ্টন করা হয়েছে, এ সম্পর্কে অনেকবার প্রশ্নোত্তর হয়েছে। প্রথমত যাদে কম জমি, অর্থাৎ মোটমাট পাঁচ একরের বেশি হবে না, তাদের মধ্যে এই বণ্টিত জমি নি বণ্টন করা হবে এবং বণ্টন করবার জন্য বণ্টন উপদেষ্টা কমিটি গঠিত হয়েছে সেই উপদে কমিটির পরামর্শ অনুসারে জমি বণ্টন করা হয়।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে জমি বণ্টন করা হয়েছে এর মধ্যে ভূমিহীন কৃষ কতজন পেয়েছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সেটা এখন এই হিসাব থেকে বলতে পারছি না।

Fall in raw jute price

***431.** (Admitted question No. *1688.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অগাস্ট মাসের শেষ সপ্তাহ হইতে কাঁচা পাটের দর হঠাৎ নামিয় গিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

(ক) হ্যাঁ, কিন্তু জুলাই মাসের দরের নিম্নে নয়।

(খ) এই বৎসর অগাস্ট মাসের প্রথম হইতে কাঁচা পাটের দর সাময়িকভাবে যেরূপ অস্বাভাবিক বৃদ্ধি পায়, তাহারই অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে অগাস্ট মাসের শেষ সপ্তাহে ঐ দর কিছুটে নামিয়া যায়।

Shri Anadi Das:

বর্তমানে পাটের দর কত মন্ত্রিমহাশয় বলবেন কি ?

The Hon'ble Prafulla Chandra Sen:

বর্তমানে আসাম বটমএর কলকাতায় দর হচ্ছে ৪২ টাকা প্রতি মণ।

Shri Anadi Das:

গত বৎসর এই সময় কি দর ছিল?

The Hon'ble Prafulla Chandra Sen:

গত বৎসরের দর আমার কাছে নেই, বলতে পারব না।

Shri Birendra Kumar Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, পাটের নিম্নতম দর বাঁধার জন্য কোন কিছু ঠিক করা হয়েছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

না। তবে মোটামুটি একটা দাম বাঁধা আছে অপারেশনাল মিনিমাম ৩০ টাকা আসাম বটমএর।

Shri Balai Lal Das Mahapatra:

যাতে চাষীরা ন্যায্য দাম পেতে পারে এর জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

পাটচাষীরা এখন ন্যায্য দরই পাচ্ছে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে কি জানাবেন যে, পাটের ন্যায্যমূল্য যাতে চাষীরা পেতে পারে তার জন্য স্টেট ট্রেডিংএর কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

ঠিক স্টেট ট্রেডিং না থাকলেও একটা প্রাইস সাপোর্টএর পরিকল্পনা আছে, পাটের দাম যদি ৩০ টাকার নিচে নেমে যায় তাহলে কেনবার ব্যবস্থা আছে।

Shri Somnath Lahiri:

জুলাই মাসে, অগাস্ট মাসে দাম যা দাঁড়িয়েছে তা কি আপনার ঐ বটম ৩০ টাকার নিচে, না উপরে?

The Hon'ble Prafulla Chandra Sen:

তার উপরে। এবার ৩১ টাকার নিচে কোনদিনই দর নামে নি এবং এখন দর ৪২ টাকা মণ।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি বললেন, আসাম বটম পাটের দাম ৩০ টাকা, অন্যান্য সব পাটের দাম কত? পশ্চিমবঙ্গে অন্যান্য যেসব পাট উৎপাদন হয় তা কি এই দামে পাওয়া যাচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

অন্যান্য পাট মানে একটা স্টান্ডার্ড ধরা হয় আসাম বটমকে সেই অনুসারে দামের তারতম্য হয়। আমার কাছে যতদূর খবর আছে ৩৫ টাকার নিম্নে কোন পাটের দাম নেই, তবে আসাম বটমএর দাম ৪২ টাকা।

Shri Birendra Kumar Maitra:

মাননীয় মুখ্যমন্ত্রী কি বলবেন যে, যদি পাটের দাম নেবে ৩০ টাকার নিচে চলে যায় পাড়াগাঁয়ে তখন পাড়াগাঁয়ের চাষীরা কি করবে এবং কারা কিনবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

কেনবার ব্যবস্থা আছে। গত বৎসরও কেনা হয়েছিল।

Site of Farakka Barrage

***432.** (Admitted question No. *1695.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ফারাক্কায় যে বাঁধ নির্মাণের পরিকল্পনা আছে তাহার স্থান পরিবর্তন করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) ও (খ) ফারাক্কা বাঁধের পরিকল্পনা প্রণয়ন ও তাহা নির্মাণের কাজ কেন্দ্রীয় সরকার তাঁহাদের বিশেষজ্ঞদের সাহায্যে করাইতেছেন। ঐ কাজের কোন আংশিক পরিবর্তন বা তাহার কারণ সম্বন্ধে কিছু বলা রাজ্যসরকারের পক্ষে সম্ভব নয়।

Shri Birendra Narayan Ray:

তার মানে আপনি কি বলতে চান যে, ফারাক্কা পরিকল্পনায় আপনাদের কোন সেজ নেই? আপনি কি একথাই বলতে চাচ্ছেন যে, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের, অতএব আপনাদের কোন বক্তব্য নেই এ সম্বন্ধে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমাদের বক্তব্য আছে যাতে ফারাক্কা বাঁধের পরিকল্পনাটি খুব শীঘ্র ঠিকমত কার্যকরী হয় এবং সেইজন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের বক্তব্য জানিয়েছি।

Shri Birendra Narayan Ray:

এটা কি ঠিক, এই যে স্থান পরিবর্তন হয়েছে এটা এক্সপার্টদের মত না নিয়ে এবং শুধু পাকিস্তানকে প্লিজ করবার জন্যে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা আপনার সম্পূর্ণ ভুল ধারণা।

Shri Lutfal Haque:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে সাইট পরিবর্তন হয় বা যা কিছু করেন

technical expert on India Government

এর যে একটা অ্যাডভাইসরি বোর্ড আছে তার মেম্বার বোধহয় মাননীয় মন্ত্রিমহাশয়ও আছেন এবং অন্যান্য আরও সভ্য আছেন, তাঁদের কোন পরামর্শ নেওয়া হয় কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya: Farakka Barrage Control Board

বলে একটি বোর্ড আছে তাতে এখানকার সেচমন্ত্রী এবং সেচসচিব সভ্য আছেন। কিন্তু টেকনিক্যাল ম্যাটার যেটা, পুরোপুরি যেটা কারিগরি বিদ্যার অন্তর্ভুক্ত বিষয় সেই সম্পর্কে এই বোর্ডএর সাধারণ সদস্য হিসাবে আমাদের কারোর পক্ষে কোন মত প্রকাশ করা বোধহয় সঙ্গত হবে না।

Shri Lutfal Haque:

এই ফারাক্কা ব্যারেজ পরিকল্পনার সাফল্যের জন্য স্থানীয় একটা কমিটি আছে ঐ এরিয়া নিয়ে, সেই কমিটি কি কি কাজ দেখেন বা কি কি পরামর্শ দেন?

[1-10 - 1-20 p.m.]

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: একটা কো-অর্ডিনেশন কমিটি আছে এবং সেই কো-অর্ডিনেশন কমিটিতে স্থানীয় এম-এল-এ এবং অন্যান্য অনেক ব্যক্তি আছেন। সাধারণত তাঁদের কাজ হল এই পরিকল্পনাটি যাতে ত্বরান্বিত হতে পারে এবং এ সম্পর্কে জনসাধারণের মধ্যে যাতে সঠিক তথ্য প্রচারিত হতে পারে সেইসব বিষয় অনুসন্ধান করে পরামর্শ দেওয়া।

শ্রীলুৎফল হক: মন্ত্রিমহাশয় বললেন স্থানীয় সদস্যেরা আছেন এই পরিকল্পনাতে। আমার প্রশ্ন হচ্ছে জঙ্গীপুর সাবডিভিসনে যে ক্যানেল আসছে, ফরাক্কা ক্যানেল, যেটা রঘুনাথ গঞ্জের কাছে তাতে স্থানীয় এম এল এ যাঁরা আছেন যাঁদের কনস্টিটুয়েন্সির উপর দিয়ে এসেছে তাঁদের মধ্যে কে কে এই কো-অর্ডিনেশন কমিটির মেম্বার হিসেবে আছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: প্রশ্ন ছিল ফরাক্কা ব্যারেজের সাইট পরিবর্তন সম্পর্কে কাজেই কো-অর্ডিনেশন কমিটির গঠন এবং কার্যবিবরণী সম্বন্ধে প্রশ্ন করলে উত্তর দিতে পারি।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, ফরাক্কা ব্যারেজের এই যে স্থান পরিবর্তন হল এটা কি কেন্দ্রীয় সরকারের কর্তৃত্বাধীনে হয়েছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ এ সম্পর্কে আমার পক্ষে কোন কিছু বলা সম্ভব নয়, কারণ এটা অত্যন্ত টেকনিক্যাল ম্যাটার। আমার নিজের সন্দেহ হয় এখানকার কোন ইঞ্জিনীয়ার যদি আমাকে কিছু বলেন তাহলে আমার পক্ষে সেটা বোঝা সম্ভব কিনা বা কতটুকু বোঝা সম্ভব হবে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জিঃ এরকম ধরনের পরিবর্তনের ফলে পশ্চিম বাংলার যদি কোন ক্ষতি হয় তাহলে স্বার্থরক্ষা করা কি আপনি যুক্তিসঙ্গত মনে করেন না?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ নিশ্চয়ই মনে করি এবং সেইজন্যই ফরাক্কা ব্যারেজ পরিকল্পনা যাতে শীঘ্র রূপায়িত হতে পারে সেইজন্য উৎসুক আছি। শুধু তাই নয়, এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সঙ্গে বিশেষ করে সেচ এবং বিদ্যুৎমন্ত্রীর সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখা হয়েছে।

শ্রীনারায়ণ চৌবেঃ বিজয়বাবু যে প্রশ্ন করলেন আপনি তার উত্তর দিলেন না। প্রশ্ন ছিল স্থান পরিবর্তন করা হয়েছে কিনা এবং আপনি বললেন এটা টেকনিক্যাল ম্যাটার, ইঞ্জিনীয়ার বলতে পারেন। আমার প্রশ্ন হল স্থান পরিবর্তন করা হয়েছে কিনা সেটা বলুন।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ আমি যতদূর শুনেছি প্রায় ২০০ ফিট দূরে সাইট করা হয়েছে। তবে একটা কথা বলি মাননীয় সদস্যগণ দেখছি একটা টেকনিক্যাল ম্যাটার নিয়ে খুব উৎসুক এবং সরকারের এমন একজন নন-টেকনিক্যাল ম্যানকে জিজ্ঞাসা করছেন যাঁর পক্ষে এ সম্বন্ধে কতটুকু বলা সম্ভব। যা হোক, আমি এটুকু বলতে পারি যে, টেকনিক্যাল কারণে যতে সুবিধা হয় তার জন্য সাইট পরিবর্তন করা হয়েছে। মোট যে প্ল্যান বা ডিজাইন তাকে পরিবর্তন না করে, মোট যে দৈর্ঘ্য তাকে পরিবর্তন না করে কিছুটা দূরে প্রায় ২০০ ফিট নিচে করলে সমস্ত পরিকল্পনাটির সার্থক রূপায়ণ হতে পারে, ঠিক এই উদ্দেশ্য নিয়ে বর্তমানে কেন্দ্রের মন্ত্রী ডঃ কে এল রাও উপদেষ্টাদের সঙ্গে পরামর্শ করে এই পরিবর্তন করেছেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ কবে নাগাদ কাজ শুরু হবে জানাবেন কি?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ কাজ শুরু হয়ে গেছে এবং মাননীয় সদস্যগণ যদি গিয়ে দেখেন তাহলে খুশি হবেন।

শ্রীবোমনাথ লাহিড়ীঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গ সরকারের সেচবিভাগের সঙ্গে সংযুক্ত ইঞ্জিনীয়াররা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে কোন মতামত দিয়েছেন কিনা যে, এটা ঠিক হয়েছে বা ঠিক হয় নি—অর্থাৎ তাঁদের কাছে কোন মতামত চাওয়া হয়েছে কিনা এবং তাঁরা যদি মত দিয়ে থাকেন তাহলে কি মত দিয়েছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ এটা আমাদের পক্ষে অপ্রাসঙ্গিক হবে, কারণ এটা কেন্দ্রীয় সংস্থা এবং বিষয়টা তাঁরাই পরীক্ষা করছেন। ফরাক্কা ব্যারেজ কেন্দ্রীয় সরকারের নিযুক্ত ইঞ্জিনীয়ারদের দ্বারা তৈরি হচ্ছে। এখানকার বহু ইঞ্জিনীয়ার আছেন অন ডেপুটেশন এবং আমরা ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করে চলেছি। ২০০ ফিট এপাশ ওপাশ হবার জন্য ক্ষতি হয়েছে কিনা, ভুল হয়েছে কিনা সেটা পরীক্ষা করবার জন্য আমাদের ইঞ্জিনীয়ার পাঠানোর প্রশ্ন ওঠে না, কারণ যাঁরা এটার ভার নিয়েছেন তাঁদের বিশেষজ্ঞ ইঞ্জিনীয়ার আছেন।

Shri Nepal Chandra Ray:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, প্রত্যেক বড় বড় পরিকল্পনা যখন হয়, হাউসের সদস্যদের সেগুলি দেখানো হয়। ফরাক্কা ব্যারেজ দেখাবার কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

খুব আনন্দিত হব, যদি মাননীয় সদস্যরা বলেন কবে তাঁরা যেতে প্রস্তুত আছেন।

Shri Birendra Narayan Ray:

মন্ত্রিমহাশয় একবার বললেন, এটা সেন্ট্রাল গভর্নমেন্টএর অ্যাফেয়ার, আবার বলছেন কো-অর্ডিনেশন কমিটি, এই কো-অর্ডিনেশন কমিটির ফাংশন কি কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

একটা প্রশ্নোত্তরে বলেছি কো-অর্ডিনেশন কমিটি আজকে প্রশ্নের বিষয় নয়, সে সম্বন্ধে প্রশ্ন করলে পরে জানিয়ে দিতে পারি কি কি ফাংশন এবং কাকে কাকে নিয়ে গঠিত?

Shri Ananda Copal Mukhopadhyay:

ফরাক্কা পরিকল্পনার এই স্থান পরিবর্তনের জন্য কোন এক্সপার্ট কমিটি অ্যাপয়েন্টেড হয়েছিল কিনা এবং তাদের মতামত নিয়ে স্থান পরিবর্তন হয়েছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা আমার পক্ষে বলা সম্ভব নয়। আবার বলি ফরাক্কা ব্যারেজ রূপায়িত করছে সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন টেকনিক্যাল কমিটি রয়েছে বিভিন্ন রকম অ্যাসপেক্ট পরীক্ষা করার জন্য। সেগুলির পরিচালনা সম্পর্কে বা সেগুলির মতামত সম্পর্কে আমি কিছু জানি না।

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই পরিকল্পনা সম্বন্ধে সংশ্লিষ্ট বা টেকনিক্যাল মতামতের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের কোন প্রতিনিধি আছেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এভাবে কোন প্রতিনিধি নাই। আমি আর একবার বলব এটা সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের অধীন। এখানে প্রতিনিধি থাকার কোন প্রশ্ন আসে না। এটুকু বলতে পারি যে, যেসমস্ত ইঞ্জিনীয়ার এই কাজের ভার নিয়েছেন ইনক্লুডিং চীফ ইঞ্জিনীয়ার তাঁদের অধিকাংশই হলেন আমাদের পশ্চিম বাংলার ইঞ্জিনীয়ার।

Shri Ananda Copal Mukhopadhyay:

এই পরিকল্পনার স্থান পরিবর্তন যেকোন কারণেই হয়ে থাকুক বা বিশেষ কারণেই হয়ে থাকুক তাতে পরিকল্পনার মূল লক্ষ্য যে পশ্চিমবঙ্গের সুখসুবিধা সেগুলি সম্পূর্ণ বজায় থাকবে কিনা —না, তারও পরিবর্তন হবে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটাই হল বড় কথা, স্থান পরিবর্তন হলে ফরাক্কা ব্যারেজের মূল লক্ষ্য ব্যাহত হবে কিনা। এদিক দিয়ে আমরা কেন্দ্রীয় সরকারের প্রতিনিধির সঙ্গে ফরাক্কা ব্যারেজ কন্ট্রোল বোর্ড কেন্দ্রীয় সরকারের মন্ত্রিমহাশয়ের সঙ্গে কে এল রাওয়ের সঙ্গে আলাপ-আলোচনা করে বুঝেছি যে, মূল লক্ষ্য যাতে ভালভাবে সাধিত হয়, সেই উদ্দেশ্য নিয়ে কে এল রাও নিজে অন্যান্য ইঞ্জিনীয়ারদের সঙ্গে পরামর্শ করে সাইট প্রায় ২০০ ফুট সরিয়েছেন।

Shri Sudhir Chandra Das:

আমার প্রশ্ন হচ্ছে সাইট পরিবর্তনের জন্য নূতন করে প্ল্যান এস্টিমেট করা হচ্ছে এবং সেজন্যই এই কাজ বিলম্বিত হয়েছে একথা সত্য কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

একথা সত্য নয়। আমি যতদূর জানি স্থান পরিবর্তনের জন্য নূতন করে প্ল্যানএর কোন প্রয়োজন হয় নি। যে প্ল্যান ছিল, যতটা লক্ষ্য ছিল, সমস্তটাই বজায় রেখে খানিকটা জায়গা বদলে সে জায়গাতে ভাল রকম কাজ হতে পারে। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে পারি ডঃ কে এল রাওয়ের সঙ্গে পরামর্শ করার সময় যতটা বুঝেছি তিনি আমাদের টেকনিক্যাল তথ্য দিয়ে বোঝাবার চেষ্টা করেছেন আমি টেকনিক্যাল তথ্য বাদ দিয়ে (বুঝি না বলে) এইটুকু বুঝেছি সাইটটা পরিবর্তন করার প্রয়োজন ছিল যাতে আমাদের প্রধান উদ্দেশ্য ফরাক্কা ব্যারেজের

সেই উদ্দেশ্য সাধিত হতে পারে। শুধু একটা জায়গা আগে স্থির হয়েছিল বলে সেই জায়গাই রাখতে হবে এমন কোন কথা নাই। আসল উদ্দেশ্য হল ফরাক্কা ব্যারেজের প্রধান প্রধান উদ্দেশ্য যাতে সাধিত হয় সেজন্য ২০০ ফুট দূরে সাইট করা হয়েছে। এই নিয়ে মাননীয় সদস্যগণের মনে যে উদ্বেগ হয়েছে সেটা খুব স্বাভাবিক। কিন্তু এ সম্বন্ধে টেকনিক্যাল অ্যাসপেক্ট আছে সেটা বিচার করা হয়েছে এবং আমরা আমাদের কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে অনেকবার আলোচনা করেছি আলাদা আলোচনা করেছি ফরাক্কা ব্যারেজ কন্ট্রোল বোর্ডে আলোচনা করেছি। তাঁরা আমাদের কাছে বলেছেন, এটা অত্যন্ত টেকনিক্যাল ব্যাপার কাজের সুবিধার জন্য এটুকু অদলবদল জায়গার পরিবর্তন কোন অন্যায় কিছু নয়, এটা অনেক সময় প্রয়োজন হয়ে পড়ে।

[1-20—1-30 p.m.]

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, নদীগর্ভে প্রকৃত বাঁধের কাজ কবে থেকে আরম্ভ হবে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ নদীগর্ভে কাজ আরম্ভ হয়ে গেছে। এখনই যাকে বলে কভার্ড ড্যাম তার কাজ আরম্ভ হয়ে গেছে নদী বাঁধা হয়েছে। বাঁধ যেটা হয়েছে তা এ পর্যন্ত ভাঙ্গে নি, তার ফলে আমাদের কাজ আরও এগিয়ে যাবে।

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ নদীগর্ভে যে বাঁধ দেওয়া হয়েছে তার ফলে উপরের দিকে কিছু ইরোসান হয়েছে বলে কিছু জানা আছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ নদীগর্ভে বাঁধ দেওয়া হয়েছে তার ফলে ইরোসান হয়েছে বলে আমার জানা নেই।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, নোটিস না দিলে কো-অর্ডিনেশন কমিটি সম্বন্ধে বলতে পারবেন না। মাননীয় মন্ত্রিমহাশয় তো কমিটির একজন সভ্য, কমিটির সভ্য হওয়া সত্ত্বেও সেই কমিটির ফাংশন কি সেটা নোটিস না দিলে বলতে পারবেন না?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ মাননীয় সদস্য বীরেন্দ্রনারায়ণ রায়ের মত আমার বুদ্ধি-শুদ্ধি নেই।

Unstarred questions to which written answers were laid on the table

Part vested plots in Jalpaiguri district

746. (Admitted question No. 891.)

শ্রীননী ভট্টাচার্যঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার প্রতিটি থানায় এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্টএর ১০(২) ধারামতে পার্ট ভেস্টেড জমির সংখ্যা কত; এবং

(খ) উক্ত প্রতিটি থানায় কতসংখ্যক ঐরূপ জমি সরকারী দখলে আনা হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) বিস্তৃত বিবরণ সম্বলিত একটি তালিকা টেবিলে রাখা হইল।

(খ) সীমানা অপেক্ষে চিহ্নিত হইবার পর কেবলমাত্র জলপাইগুড়ি থানার ১৩৫ একর জমি সরকার দখল লইতে পারিয়াছেন।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 746.

Sl. No.	Name of P.S.		No. of part vested plots
1.	Jalpaiguri	...	8,942
2.	Rajganj	...	5,977
3.	Mal	...	5,508
4.	Metelli	...	1,147
5.	Dhupguri	...	4,653
6.	Nagrakata	..	871
7.	Mainaguri	...	18,949
8.	Alipurduar	...	3,129
9.	Falakata	...	3983
10.	Kalchini	...	703
11.	Madarihat	...	451
12.	Kumargram	...	687
		Total	55,000

Supply of cement in Chatal subdivision

747. (Admitted question No. 1290.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমার কোন্ কোন্ ব্যক্তিকে ১৯৬৪ সালের ১লা এপ্রিল হইতে ১৫ই অগাস্ট পর্যন্ত কত ব্যাগ সিমেন্ট দেওয়া হইয়াছে ;

(খ) ১৯৬৪ সালের ১৫ই অগাস্ট, ১৯৬৪ তারিখ পর্যন্ত ঐ মহকুমার কতজন ব্যক্তির কত ব্যাগ সিমেন্টের চাহিদা ওয়েটিং লিস্ট ভুক্ত রহিয়াছে ; এবং

(গ) ঐ আবেদনপত্রগুলির কতগুলি ১৯৬৪ সালের ১৫ই অগাস্ট, ১৯৬৪ তারিখ পর্যন্ত অনুসন্ধানের অপেক্ষায় রহিয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) এতৎসহ একটি বিবরণী লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ)

(১) ব্যক্তির সংখ্যা—১,৪২১

(২) সিমেন্টের চাহিদার পরিমাণ ২৭,৬৯২ ব্যাগ।

(গ) ১৯৬টি আবেদনপত্র।

Fishery office at Tamluk Town, Midnapore

748. (Admitted question No. 1299.)

শ্রীঅনংগমোহন দাস: মৎস্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক শহরে অবস্থিত ফিসারি অফিসএর অধীন কোন্ কোন্ থানা রহিয়াছে ; এবং

(খ) গত ১৯৬৩ সালে এই অফিসের মারফৎ বা সুপারিশে কি কি প্রকারের কতগুলি কাজ হইয়াছে?

The Minister for Fisheries

(ক) উল্লিখিত ফিসারি অফিসএর অধীন এলাকায় থানাগুলির নাম—তমলুক, পাঁশকুড়া, ময়না, সুতাহাটা, নন্দীগ্রাম ও মহিষাদল।

(খ) এতৎসম্পর্কিত একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 748

১৯৬৩ সালে তমলুক ফিসারি অফিসের মারফৎ ও সুপারিশে যে কাজ হইয়াছে তাহার বিবরণী

প্রকল্পের নাম

(১) পশ্চিমবঙ্গের প্রায় হাজা-মজা পুষ্করিণীগুলিতে মৎস্যচাষের জন্য মধ্যমেয়াদী ঋণদান প্রকল্প।

(২) মৎস্য সরবরাহ বৃদ্ধির নিমিত্ত রাজ্যের দরিদ্র মৎস্যজীবীগণকে এবং তাহাদের সমবায় সমিতিগুলিকে ঋণ প্রদান প্রকল্প।

(৩) চারাপোনার উৎপাদন বৃদ্ধির নিমিত্ত উৎপাদকদের বোনাস দান প্রকল্প।

(৪) পুষ্করিণীতে মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য পুষ্করিণীতে সার প্রয়োগ জনপ্রিয় করার প্রকল্প।

(৫) ব্যক্তিগত মালিকানাধীন পুষ্করিণীগুলিতে থানাওয়ারী মৎস্যচাষ প্রদর্শনী ক্ষেত্র।

(৬) মৎস্য উৎপাদন বৃদ্ধির আনুষঙ্গিক হিসাবে মৎস্যচাষীদিগকে সুযোগ-সহায়তাদানের নিমিত্ত সার্ভিস পার্টি।

(৭) পুষ্করিণীতে মৎস্যচাষের জন্য বিনামূল্যে সাইপ্রিনাস কারপিও মৎস্যের চারাপোনা বিতরণ প্রকল্প।

কার্যবিবরণী

(১) প্রায় ১০·৬৬ একর পরিমাণ জলাশয় উন্নয়ন করিয়া মৎস্যচাষের জন্য ৪৯ জন মৎস্যচাষীকে এই প্রকল্প অনুযায়ী ৮,০০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

(২) ১৭ জন মৎস্যজীবিকে নৌকা ও জাল তৈয়ারি করিবার সুতা কিনিবার জন্য ২,০০০ টাকা ঋণ হিসাবে দেওয়া হইয়াছে।

(৩) নয়জন চারাপোনা উৎপাদনকারীকে প্রায় ২ লক্ষ ৫০ হাজার চারাপোনা উৎপাদন করিবার জন্য ১,০০০ টাকা বোনাস হিসাবে দেওয়া হইয়াছে।

(৪) ১৬৫ মণ সার (পুষ্করিণীতে ব্যবহারযোগ্য) উৎপাদন করিবার জন্য চারজন সার প্র[illegible] ৪৯৫ টাকা সাহায্য (সাবসিডি) দেওয়া হইয়াছে।

(৫) দুইজন মৎস্যচাষীকে তাঁহাদের ১৫ বিঘা পরিমিত জলাশয়ে মৎস্যচাষ প্রদর্শনী ক্ষেত্র স্থাপন করিবার ব্যাপারে ৪৫০ টাকা সাহায্য (সাবসিডি) হিসাবে দেওয়া হইয়াছে।

(৬) বিজ্ঞানসম্মত উপায়ে মৎস্যচাষ করিয়া মৎস্য উৎপাদন বৃদ্ধির ব্যাপারে প[illegible] জন্য গঠিত সার্ভিস পার্টি উক্ত বৎসরে ৮৯ জন মৎস্যচাষীকে বিনা খরচে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান করিয়াছেন।

(৭) পনের জন মৎস্যচাষীকে পুষ্করিণীতে চাষের জন্য প্রায় ২,০০০ "সাইপ্রিনাস কার্পিও" বিনামূল্যে দেওয়া হইয়াছে।

Prosecutiin of dealers in Midnapore district

749. (Admitted question No. 1350.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কর্তৃক নির্দিষ্ট মূল্য অপেক্ষা বেশি দরে চাউল, চিনি, তেল, মাছ ও গমজাত দ্রব্য বিক্রয় ও ক্রয় করার অপরাধে যথাক্রমে মেদিনীপুর জেলার কোন্ কোন্ থানার কতজন ব্যক্তিকে বর্তমান বৎসরে এ পর্যন্ত অভিযুক্ত করা হইয়াছে ;

(খ) তন্মধ্যে কতজনকে ডি আই রুল-এ আটক করা হইয়াছে;
(গ) কতজনকে কিরূপ মেয়াদে শাস্তি দেওয়া হইয়াছে; এবং
(ঘ) যাহাতে সরকার কর্তৃক নির্দিষ্ট মূল্যে ঐ সকল দ্রব্য বিক্রয় বা ক্রয় করা হয় তজ্জন্য সরকার কি পন্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Home (Police):

(ক)
(১) খড়্গপুর টাউন থানা—২ জন
(২) পিংলা থানা—১ জন
(৩) রামনগর থানা- ৪ জন
(৪) কাঁথি থানা—২ জন
(৫) এগরা থানা—২ জন
(৬) মেদিনীপুর (কোতোয়ালী) থানা—১ জন
(৭) শালবনী থানা—১ জন

(খ) ডি আই রুলে কাহাকেও আটক করা হয় নাই।

(গ) একজনকে ১০০ টাকা জরিমানা এবং দুইজনের প্রত্যেককে ৫০ টাকা জরিমানার আদেশ দেওয়া হইয়াছে। বাকি মামলাগুলি বিচারাধীন আছে।

(ঘ) উপযুক্ত [illegible] দ্বারা বাজার হাট দোকান প্রভৃতি পণ্য বিক্রয়ের স্থানগুলি পরিদর্শন ও প্রয়োজনবোধে সত্বর অনুসন্ধানের ব্যবস্থা করা হইয়াছে।

Government-vested lands in Midnapore district

750. (Admitted question No. 1357.)

শ্রীঅনন্তমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেহিনীপুর জেলার প্রতি থানায় কত জমি সরকারে ন্যস্ত হইয়াছে;
(খ) আজ পর্যন্ত উক্ত জেলার প্রতি থানায় কত জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে;
(গ) কত জমি কতগুলি যৌথ ফার্ম বা বিদ্যালয়কে বন্দোবস্ত দেওয়া হইয়াছে; এবং
(ঘ) যেসকল ক্ষেত্রে ব্যক্তিবিশেষকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে তাহা কি নীতিতে বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক), (খ) ও (গ) বিস্তৃত বিবরণ সম্বলিত একটি তালিকা এতৎসহ টেবিলে ন্যস্ত হইল।

(ঘ) ভূমিহীন কৃষক এবং বন্দোবস্ত দেওয়া জমি সহ যেসব প্রকৃত চাষীর চাষের জমি পাঁচ একরের নিম্নে, তাহাদের সহিত দুই বৎসরের মেয়াদে বন্দোবস্ত দেওয়া হইতেছে।

Statement referred to in reply to clauses (ka), (kha) and (Ga) of unstarred question No. 750.

Serial No.	Name of Police-station.	Area of land vested in the State (in acres) (ক)	Area of land so far licensed or settled with (in acres) (খ)	Area of land settled with collective farms or schools and number of those farms or schools (গ)
1.	Contai	8,407·41	764·73	12·33 acres settled with two Agricultural Co-operative Societies and 5·37 acres settled with a club and a school.
2.	Ramnagar			

Serial No.	Name of Police-station.	Area of land vested in the State (in acres) (ক)	Area of land so far licensed or settled with (in acres) (খ)	Area of land settled with collective farms or schools and number of those farms or schools (গ)
3.	Egra	5,814·75	1,029·01	1·98 acres settled with two schools.
4.	Potashpur	4,493·68	1,301·36	4·00 acres settled with three schools.
5.	Bhagawanpur ..	4,705·68	798·42	1·98 acres settled with one school.
6.	Khejuri	1,409·65	408·91	5·74 acres settled with a collective farm.
7.	Tamluk	1,757·12	6 89	Nil.
8.	Panskura	3,091·88	21·55	1·20 acres settled with one school.
9.	Moyna	1,351·43	Nil	Nil.
10.	Mahishadal ..	4,012·35	914·68	Nil.
11.	Sutahata	2,872·36	270·66	18·71 acres settled with Chaklalpur Collective Farming Society.
12.	Nandigram ..	5,984·75	1,759·49	Nil.
13.	Salbani	31,826·00	1,208·00	10·00 acres settled with a Collective Farming Society.
14.	Pingla	2,133·45	Nil	Nil.
15.	Garbeta	52,215·15	3,958·92	9·80 acres settled with Baharasole Krishi Kalyan Samabay Samity.
16.	Midnapore	10,160·00	1,057·00	129·00 acres settled with a Collective farm.
17.	Keshpur	16,703·19	1,655·38	Nil.
18.	Debra	2,977·14	1,077·00	Nil.
19.	Dantan	10,227·35	2,243·30	Nil.
20.	Mohanpur			
21.	Narayangarh ..	23,238·21	50·54	Nil.
22.	Keshiary			
23.	Kharagpur	14,719·21	2,073·38	8·40 acres settled with one school.
24.	Sabong	4,095·97	1,573·07	5·37 acres settled with a collective farm and 7 26 acres settled with a school.
25.	Ghatal	1,877·23	207·37	
26.	Chandrakona ..	11,687·38	748·00	·86 acres settled with two collective farms and 2·50 acres settled with two schools.
27.	Daspur	3,141·52	520·91	
28.	Jhargram	27,761·00	2,126·44	8·12 acres settled with a school.
29.	Jambani			
30.	Binpur	24,875·00	2,171·70	28·40 acres settled with five schools.
31.	Gopiballavpur ..	21,359·00	2,181·00	3·00 acres settled with one school.
32.	Sankrail			
33.	Nayagram			

Hats in Tamluk subdivision

751. (Admitted question No. 1419.)

শ্রীঅনন্ত মোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তমলুক মহকুমার কোন্ কোন্ হাট সরকার নিজ পরিচালনাধীনে কোন্ কোন্ তারিখে গ্রহণ করিয়াছেন ;

(খ) ঐ হাট দখল লইবার পর গত তিন বৎসরে প্রত্যেক হাট হইতে সরকারের কি আয় হইয়াছে ;

(গ) গত তিন বৎসরে ঐ সকল হাটের প্রত্যেকটির কি প্রকার উন্নয়নের জন্য বা অন্য বাবত কি প্রকার খরচ হইয়াছে ;

(ঘ) উক্ত মহকুমার অন্য যে হাটগুলি সরকার দখল করেন নাই, তাহাদের নাম ও অবস্থান ও মালিকদের নাম কি ; এবং

(ঙ) ঐ সকল হাট এ যাবত কেন দখল নেওয়া হয় নাই?

The Minister for Land and Land Revenue:

(ক) বিস্তৃত বিবরণ সম্বলিত একটি তালিকা এতৎসহ টেবিলে ন্যস্ত হইল।

(খ) বিশদ তথ্য সম্বলিত একটি তালিকা এতৎসহ টেবিলে ন্যস্ত হইল।

(গ) গত তিন বৎসরে ঐ সকল হাটের উন্নয়নের জন্য কোন প্রকার খরচের প্রয়োজন হয় নাই।

(ঘ) বিস্তৃত বিবরণ সম্বলিত একটি তালিকা এতৎসহ টেবিলে ন্যস্ত হইল।

(ঙ) জমিদারী দখল আইন অনুসারে মালিকগণ ইচ্ছা করিলে হাট খাস দখলে রাখিতে পারেন। উক্ত হাটসমূহ মালিকগণ "বি-কর্ম" দিয়া নিজ নিজ খাস দখলে রাখায় সরকারের পক্ষে উহার দখল লওয়ার প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 751.

Name of hats taken possession of in Tamluk subdivision and year of taking possession of by the Government

(1) Kaminachak Hat—1364 B.S.

(2) Amdani Hat—1363 B.S.

(3) Bhogpur Hat—1365 B.S.

(4) Monoharpur Hat—1364 B.S.

(5) Payag Hat—Old Khasmahal hat.

(6) Kolabazar—1365 B.S.

(7) Tilkhoja Hat—1365 B.S.

(8) Gobradan Hat—1366 B.S.

(9) Payrachak Hat—1369 B.S.

(10) Two-anna portion of Sunday/Thursday hat at Garh Mafat mauza—1363 B.S.

(11) Bindabanchak Hat—1365 B.S.

(12) Kukurhati Tola Hat—Old Khasmahal hat.

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 751.

	Name of hat.	Revenue earned from hats. 1368(BS)	1369(BS)	1370(BS)	Remarks.
		Rs.	Rs.	Rs.	
1.	Kaminachak Hat ..	40	Nil	Nil	No lessee was available in 1369 and 1370 B.S.
2.	Amdani Hat ..	18	Nil	Nil	
3.	Bhogpur Hat ..	30	32	32	
4.	Monoharpur Hat ..	125	130	105	
5.	Payag Hat ..	26	23	40	
6.	Kolabazar ..	225	226	226	
7.	Tilkhoja Hat ..	50	56	58	
8.	Gobradan Hat ..	Nil	Nil	Nil	No lessee was available.
9.	Payrachak Hat ..	Nil	9	21	No lessee was available in 1368 B.S.
10.	Two anna portion of Sundays/Thursday Hat at Garh Mafat mauza.	Nil	Nil	Nil	In the absence of demarcation of the share of each Co-sharer the hat could not be leased out.
11.	Brindabanchak Hat ..	Nil	Nil	5	No lessee was available in 1368 B.S. and 1369 B.S.
12.	Kukurhati Tola Hat	110	232	232	

Statement referred to in reply to clause (gha) of unstarred question No. 751.

Name of Private hats in Tamluk subdivision, location of the hats and name of owners of the hats

(1) Mohammadpur Hat, Mohammadpur—Shri Radhakrishna Padua and others.
(2) Nandigram Hat, Nandigram—Kumar Debprasad Garg and others.
(3) Garh Chakraberia Hat, Garh Chakraberia—Kumar Debprasad Garg and others.
(4) Tekhali Bazar, Gokulnagar—Shri Satish Chandra Jana and others.
(5) Dayudpur Hat, Dayudpur—Shri Rakhal Ch. Panda and Shri Nishi Kanta Debta.
(6) Naynan Hat, Naynan—Shri Benode Behari Padya.
(7) Sapur Hat, Haripur—Shri Braja Mohan Panda.
(8) Gholpukur Hat, Birulia—Shri Bidyut Bera and others.
(9) Takapura Hat, Ahmedabad—Shri Kalachand Maity.
(10) Krishnagar Hat, Krishnagar—Shri Rajendra Nath Giri and others.
(11) Bheturia Hat, Bheturia—Shri Satyendra Nath Roy and others.
(12) Sidheswar Hat, Bheturia—Shri Satish Chandra Manna and others.
(13) Siddhanath Hat, Bevapara—Shri Shri Siddhanath Jew.
(14) Terpakhia Bazars, Mangalchak—Kumar Debprasad Garg and others
(15) Haschada Bazar, Muradpur—Shri Ashis Kumar Gayen and others.
(16) Radhaganj Bazar, Khagda—Kumar Debprasad Garg and others.
(17) Chandipur Hat, Chandipur—Shri Benoy Krishna Hazra and others.

(18) Shreekrishnapur Hat, Shreekrishnapur—Shri Chandi Charan Ma
(19) Bamunada Hat, Bamunada—Shri Shri Shitalmata Thakurani.
(20) Choukhali Bazar, Kotbad—Shri Sudhangshu Sekhar Bhattacharj
(21) Asnan Hat, Asnan—Shri Brojendra Krishna Das and others.
(22) Gangabazar Hat, Shyampur—Kumar Debprasad Garg and others
(23) Adangkiarana Hat, Adangkiarana—Shri Iswar Chandra Mondal.
(24) Kiarana Hat, Kiarana—Shri Santosh Kumar Panda.
(25) Kumarganj Hat, Gajina—Shri Patitpaban Das and others.
(26) Dona Hat, Dona—Shri Sachindra Nath Bhowmick.
(27) Shyamarar Hat, Haridaspur—Shri Prasanna Kumar Das and other
(28) Bishnumishrachak Hat, Bishnumishrachak—Shri Bhuban Chand Teli.
(29) Ramchandrapur Hat, Ramchandrapur—Shri Bejoy Krishna Gar and others.
(30) Shreekantha Hat, Purbadobandi—Shri Krishna Chandra Pradha
(31) Nutanpukur Hat, Dakshin Anuya—Secretary, Bhandarchandi Pu Committee.
(32) Dangisai Hat, Dakshin Moyna—Secretary, Dakshin Moyna Ka Puja Committee.
(33) Baldanga Hat, Brindabanchak—Shri Subol Chandra Manik.
(34) Kola Hat, Kola—Shri Kalipada Mallik and others.
(35) Matipukur Hat, Ranihati—Sk. Ani Mohammad.
(36) Matipukur Hat, Raghunathbari—Mohanta Achyutananda Da Sebait of Shri Shri Raghunath Jew.
(37) Panskura Rakher Hat, Dakhin Gopalpur—Mohanta Achyutanand Das, Sebait of Shri Shri Raghunath Jew.
(38) Majher Hat, Purba Sukuria—Shri Iswar Chandra Majhi a others.
(39) Two-third portion of Bhogpur Hat, Bhogpur—Shri Sudhir Kuma Ghosh and others.
(40) Narikelda Hat, Narikelda—Shri Shyama Charan Mitra and other
(41) Ramtarak Hat, Ramtarak—Shri Satish Ch. Mukherjee and other
(42) Balluk Hat, Balluk—Shri Nagendra Nath Hazra and others.
(43) Sakalada Hat, Sakalada—Shri Benimadhav Mahapatra.
(44) Somadighi Hat, Somadighi—Shri Manmotha Nath Se and other
(45) Kakdihi Hat, Kakdihi—Shri Sudhangshu Sekhar Mondal a others.
(46) Dimari Hat, Dimari—Shri Batakrishna Pal and others.
(47) Mathuri Hat, Mathuri—Shri Atal Behari Sau and others.
(48) Dhnapur Hat, Dhnapur—Shri Kali Charan Gutia and others.
(49) Radhamoni Hat, Radhamoni—Kumar Debprosad Garg and other
(50) Darja Hat, Darja—Shri Rameswar Mondal and others.
(51) Haridaspur Hat, Haridaspur—Shri Shreembas Panda and other
(52) Hijalbetia Hat, Hijalbetia—Shri Pramatha Nath Bera and other
(53) Kurpai Hat, Kurpai—Shri Dhirendra Nath Das and others.
(54) Madan Maity's Hat, Gourangapur—Shri Sashi Bhusan Maity.
(55) Kalatala Hat, Badkhoda—Shri Heramba Misra and others.
(56) Nilkanthya Hat, Nilkanthya—Shri Sashi Bhusan Samanta a others.
(57) Goakhali Bazar, Natshal Kumar Debprosad Garg and others.
(58) Mahishadal Bazar, Garh Kamalpur—Kumar Debprosad Garg a others.
(59) Gopalpur Hat, Bholsara—Kumar Debprosad Garg and others.
(60) Naman Lakshya Hat, Naman—Kumar Debprosad Garg a others.
(61) Nanda Kumar Hat, Basudevpur—Kumar Debprosad Garg a others.

(62) Thekuachak Hat, Thekuachak—Shri Pulin Behari Samanta and others.
(63) Bonda Hat, Naradari—Shri Ramkrishna Bhattacharyya and others.
(64) Khah Hat, Khafi—Shri Sarat Chakravorty and others.
(65) Harikhali Bazar, Terpara Janpai—Shri Kishori Mohan Mondal and others.
(66) Gopalpur Hat, Gopalpur—Shri Satindra Nath Das.
(67) Baneswarchak Hat, Baneswarchak—Shri Khagendra Nath Das.
(68) Basudevpur Hat, Basudevpur—Shri Jnanendra Nath Goswami and others.
(69) Bamunia Hat, Hariballavpur—Shri Minakitan Bandyopadhyay.
(70) Gneoadab Hat, Gneoadab—Shri Jnanendra Nath Goswami and others.
(71) Basanchak Hat, Basanchak—Kumar Debprosad Garg and others.
(72) Sutahata Hat, Sutahata—Shri Bhutnath Mondal and others.
(73) Kumarpur Hat, Kumarpur—Kumar Debprosad Garg and others.
(74) Bahardab Hat, Bahardab—Kumar Debprosad Garg and others.
(75) Kalir Hat, Dabhog—Shri Duryodhan Pal and others.
(76) Chaitanyapur Hat, Chaitanyapur—Shri Behari Mondal and others.

Reclamation of Zamindari Bundh at Taladiha village, Midnapore

752. (Admitted question No. 1488.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়া: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পটাশপুর থানার তালাডিহা গ্রামের জমিদারী বাঁধ, রাজস্ব বিভাগের অধীনে আসিবার পর, কোন্ কোন্ সালে, কত টাকা ব্যয়ে, কোন্ বিভাগের দ্বারা সংস্কার করা হইয়াছে;

(খ) সরকার কি অবগত আছেন, এই তালাডিহা জমিদারী বাঁধের দুই-তিন স্থানে ধ্বস (স্লীপ) হওয়ায় কেলেঘাই নদীর বন্যার সময় উক্ত স্থান ভাঙ্গিয়া যাইবার আশঙ্কা হইয়াছে; এবং

(গ) উপরোক্ত ধ্বস (স্লীপ)গুলির এবং জমিদারী বাঁধটির সংস্কার করিবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা? উক্ত প্রকল্প কবে কার্যকরী করা হইবে?

The Minister for Land and Land Revenue:

(ক) ১৯৫৭-৫৮ সালে ৩৩,৩৮৮ টাকা, ১৯৫৮-৫৯ সালে ২৮,৯৪৭ টাকা এবং ১৯৫৯-৬০ সালে ১০,০৯২ টাকা ব্যয়ে সেচবিভাগ কর্তৃক সংস্কার করা হইয়াছে।

(খ) হ্যাঁ। বাঁধের দুই স্থানে ধ্বস আছে।

(গ) ধ্বস দুইটি সংস্কারের পরিকল্পনা সরকার মঞ্জুর করিয়াছেন এবং উহা অবিলম্বে কার্যকরী করা হইবে।

বাঁধটি সংস্কার করিবার একটি প্রকল্প বর্তমান সেচবিভাগে পরীক্ষাধীন আছে। উহা কার্যকরী করণের সঠিক সময় বলা সম্ভব নয়।

Reclamation of Banskhana Khal in Sabang police-station, Midnapore

753. (Admitted question No. 1490.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়া: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সবং থানার বাঁশখানা নামক খালটি পলিপূর্ণ হওয়ায় এই অঞ্চলের অনেকগুলি মৌজার জলনিকাশের বাধা সৃষ্টি করিয়া হৈমন্তিক ধান্য চাষের প্রভূত ক্ষতি করিতেছে; এবং

(খ) এই বাঁশখানা খালটির সংস্কারের কোন পরিকল্পনা কৃষিবিভাগের বিবেচনাধীন আছে কিনা?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (খ) হ্যাঁ।

Cultivation of paddy in Salkara Jala in Midnapore district

754. (Admitted question No. 1491.)

শ্রীজাদিত্যকুমার বাকুড়া: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) মেদিনীপুর জেলার সবং থানার শালকরা জলার প্রায় তিন হাজার একর জমিতে ১০।১২ বৎসর হইল কৃষিবিভাগের মাধ্যমে ও অর্থসাহায্যে ৬০ হাজার হইতে ৭৫ হাজার মণ বোরো ধান্য উৎপন্ন হয় এবং (২) গত ১৯৬৩-৬৪ সালে কৃষিবিভাগ উক্ত শালকরা বোরো পরিকল্পনার কোন অর্থ সাহায্য করিতে পারেন নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

(গ) উক্ত শালকরা জলার বোরো ধানের চাষ যাহাতে অব্যাহত থাকে, তাহার জন্য কৃষিবিভাগ কোন পরিকল্পনা করিতেছেন কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে ১৯৬৪-৬৫ সালে উক্ত পরিকল্পনা কার্যকরী করা হইবে কিনা?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) (১) ইহা সত্য যে, কৃষিবিভাগের সহায়তায় সবং থানার শালকরা মৌজার ৩,০০০ একর জমিতে বোরো ধানের চাষ হইত এবং ৬০,০০০ মণ বোরো ধান্য উৎপন্ন হইত।

(ক) (২) ১৯৬৩-৬৪ সালে পূর্বোক্ত উদ্দেশ্যে কৃষিবিভাগ হইতে কোন সাহায্য দেওয়া সম্ভব হয় নাই।

(খ) ঐ বৎসরে নদীর উপর বোরো বাঁধ নির্মাণের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগের আপত্তি নাই এই মর্মে সার্টিফিকেট না পাওয়ায় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয় নাই।

(গ) ও (ঘ) এই এলাকায় মাঝারি সেচ প্রকল্প অথবা পাম্পের সাহায্যে নদীর জল উত্তোলন দ্বারা সেচকার্যের প্রকল্প গ্রহণ করা যায় কিনা তাহা বিবেচনা করিয়া দেখা হইতেছে।

Staff for seizure of paddy in Tamluk subdivision

755. (Admitted question No. 1518.)

[illegible] দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত জুন মাসে তমলুক মহকুমায় ধান 'সীজ' করার জন্য কত পুলিস এবং খাদ্য বিভাগীয় কর্মচারী নিয়োগ করা হইয়াছিল;

(খ) ঐ সকল কর্মচারী কতজন স্থায়ী পদে বা অস্থায়ী পদে কাজ করেন;

(গ) উহাদের উক্ত কাজের জন্য কত রাহা খরচ এবং কত পেট্রোল খরচ হইয়াছিল;

(ঘ) কি পরিমাণ ধান এই অভিযানে পাওয়া গিয়াছে; এবং

(ঙ) উক্ত আটক ধানের মধ্যে কত ধান লওয়া হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) কোন পুলিস কর্মচারী নিয়োগ করা হয় নাই। মোট ১ জন খাদ্য বিভাগীয় কর্মচারী নিয়োগ করা হইয়াছিল।

(খ) চারজন স্থায়ী পদে এবং পাঁচজন অস্থায়ী পদে কাজ করেন।

(গ) রাহা খরচ বাবত মোট ৯৫ টাকা ২৩ পয়সা খরচ হইয়াছিল। এই বিভাগের কোন পেট্রোল খরচ হয় নাই। উক্ত কাজের জন্য তমলুকের মহকুমাশাসক পেট্রোলসমেত একটি জীপ-গাড়ি সরবরাহ করিয়াছিলেন যাহা মাত্র একদিন ৪৮ মাইল পথ চলিয়াছিল।

(ঘ) রিকুইজিশনের মাধ্যমে ২১৯·০৯ কুইন্টাল ধান পাওয়া গিয়াছে। কোন ধান 'সীজ' করা হয় নাই।

(ঙ) উক্ত রিকুইজিশন করা ধানের মধ্যে এ পর্যন্ত ২৩২·৫৬ কুইন্টাল ধান সরকার নিজ গুদামে উঠাইয়া নিয়াছেন।

Deep tubewells for irrigation in West Bengal

756. (Admitted question No. 1551.)

শ্রীভবানী মুখোপাধ্যায়: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষিতে সেচ কার্যের জন্য বিভিন্ন জেলায় ১৯৬৪-এর জুন অবধি কতগুলি গভীর নলকূপ খনন করা হইয়াছে;

(খ) ঐ নলকূপের মধ্যে কতগুলিকে চালু করা গিয়াছে;

(গ) ইহার ফলে কত একর জমিতে সেচের জল দেওয়া সম্ভব হইয়াছে; এবং

(ঘ) চালু করার পর কতগুলি নলকূপ বিকল হইয়া গিয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ৬২০টি।

(খ) উপরোক্ত ৬২০টি নলকূপের ভিতর ১৮৯টিতে শক্তি সংযোজিত হইয়াছে এবং এইগুলি হইতে জল সরবরাহ করা হইতেছে।

(গ) ২৭,৮০০ একর।

(ঘ) কোন নলকূপই বিকল হয় নাই।

Reclamation of Bunds and Khals in Midnapore district

757. (Admitted question No. 1565.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলায় কয়টি বাঁধ ও খাল কৃষি বিভাগ হইতে পুনর্নির্মাণ ও সংস্কার করা হইয়াছে; এবং

(খ) উহাতে মোট কত টাকা বরাদ্দ ছিল এবং কত টাকা খরচ হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) মেদিনীপুর জেলায় ১৯৬২-৬৩ সালে ৪১টি এবং ১৯৬৩-৬৪ সালে ৯৪টি বাঁধ ও খাল পুনর্নির্মাণ ও সংস্কার করা হইয়াছে।

(খ) ১৯৬২-৬৩ সালে ৪১টি বাঁধ ও খালের জন্য ২,২৬,৫৪৪·১৯ টাকা বরাদ্দ ছিল এবং উহার মধ্যে ১,৯১,৮৮৮·১৯ টাকা খরচ হইয়াছিল। ১৯৬৩-৬৪ সালে ৯৪টি বাঁধ ও খালের জন্য ৪,৩৬,৩২৩ টাকা বরাদ্দ ছিল এবং উহার মধ্যে ৩,৮৬,৬৭৯·৪৯ টাকা খরচ হইয়াছে।

Small Irrigation Scheme in Pingla Development Block

758. *(Admitted question No. 1575.)*

শ্রীজনমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার পিংলা উন্নয়ন ব্লকে ক্ষুদ্র সেচ পরিকল্পনার জন্য কোন্ গ্রামের কোন্ কোন্ ব্যক্তিকে কত টাকা প্রদান করা হইয়াছে ;

(খ) উহারা প্রত্যেকে কি কি কাজ করিয়াছেন ;

(গ) উক্ত পরিকল্পনা রূপায়ণের ফলে কোন্ অঞ্চলের কত জমি কিভাবে উপকৃত হইয়াছে ; এবং

(ঘ) উক্ত কার্য যথাযথভাবে সম্পন্ন হইয়াছে বলিয়া কে রিপোর্ট দিয়াছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক), (খ), (গ) ও (ঘ) এই সম্পর্কে যথাযথ বিবরণ সহ একটি তালিকা এই সঙ্গে দেওয়া হইল।

STATEMENT

Serial No.	Name of person.	Village.	Amount paid.	Details of work done.	Land acreage benefited.	Type of benefit derived.	Person given the completion report.
			Rs.		Acres.		
1.	Fazlul Rahaman Khan	.. Mollarpur ..	500	Re-excavation of Irrigation Tank.	3·00	Benefit of Irrigation	Completion certificates were submitted by the V.L.Ws. which were checked at random by the Agril. Extension Officer. The utilisation certificates were issued by B.D.O. on the strength of the Agril. Extension Officer's report.
2.	Surendra Nath Bakli	.. Dujipur ..	500	Ditto ..	3·50	Ditto ..	
3.	Abinash Maji ..	.. Sahara ..	500	Ditto ..	4·00	Ditto ..	
4.	Kalipada Maiti ..	.. Dujipur ..	500	Ditto ..	4·00	Ditto	
5.	Sk. Manu Uddin ..	.. Mohanpur ..	500	Ditto ..	3·00	Ditto	
6.	Phani Bhusan Bose	.. Pingla ..	500	Ditto ..	5·00	Ditto	
7.	Sakti Pada Ghosh	.. Beloon ..	500	Ditto ..	5·00	Ditto	
8.	Sakti Pada Sur ..	.. Sangar ..	500	Ditto ..	5·00	Ditto	
9.	Jatindra Nath Nug	.. Sangar ..	500	Ditto ..	4·00	Ditto	
10.	Sk. Muksud Hosen	.. Dhaneswarpur. Paschimbar.	500	Ditto ..	4·00	Ditto	
11.	Amulya Bera & others	.. Makarda ..	500	Ditto ..	3·00	Ditto	
12.	Nirmalendu Bhowmik	.. Karkai ..	500	Ditto ..	4·00	Ditto	
13.	Iswar Samanta ..	.. Deora	500	Ditto ..	3½	Ditto	
14.	Sk. Based Ali ..	.. Kalikadihi ..	500	Ditto ..	4·00	Ditto	
15.	Shyamapada Adhikari	.. Deora	500	Ditto ..	3½	Ditto	

Serial No.	Name of person.	Village.	Amount paid.	Details of work done.	Land acreage benefited.	Type of benefit derived.	Person given the completion report.
			Rs.		Acres.		
16.	Debendra Nath Bhowmick ..	Kejeara ..	500	Re-excavation of Irrigation Tank.	3½	Benefit of Irrigation.	
17.	Sk. Samunnidn	Naya	500	Ditto ..	4·00	Ditto	
18.	Nemai Bag	Chotkhelna ..	500	Ditto ..	3½	Ditto	
19.	Askhoya Kar	Baliswarpur ..	500	Ditto ..	5·00	Ditto	
20.	Panchanan Ojha	Khirai ..	500	Ditto ..	4½	Ditto	
21.	Mritunjoy Dhauria ..	Saharda ..	500	Ditto ..	5·00	Ditto	
22.	Satish Dhara	Khirai ..	500	Ditto ..	3½	Ditto	
23.	Gunadhar Samanta ..	Gobardhanpur ..	500	Ditto ..	4·00	Ditto	
24.	Krishna Mondal	Dandasira ..	500	Ditto ..	5·00	Ditto	
25.	Abinash Pramanik ..	Dujipur ..	500	Ditto ..	4·00	Ditto	
26.	Gosta Behari Patra ..	Pindrui ..	500	Ditto ..	4·00	Ditto	
27.	Bijoy Krishna Santra ..	Pindrui ..	500	Ditto ..	3½	Ditto	
28.	Sudhakar Jna Khaskel ..	Naratha ..	500	Ditto ..	5·00	Dirto	
29.	Sivanath Mondal	Naratha ..	500	Ditto ..	4·00	Ditto	
30.	Bnuban Ch. Maiy ..	Lakhipari ..	500	Ditto ..	4·00	Ditto	
31.	Sambhu Ch. Patra ..	Barphalaspur ..	500	Ditto ..	4·00	Ditto	
32.	Raghunath Saren ..	Mondalbar ..	400	Ditto ..	3·00	Ditto	

33.	Radhanath Guchait	..	Mirjapur	..	500	Ditto	5·00	Ditto
34.	Krishnagopal Pal	..	Khamarkusumda	..	400	Ditto	4·00	Ditto
35.	Jagadish Ch. Das Mal	..	Paikanroutchak	..	500	Ditto	4·00	Ditto
36.	Nalini Pramanik ..	..	Dujipur	..	500	Ditto	4·00	Ditto
37.	Radhanath Santra	..	Dhaneswarpur-Uttarbar.		500	Ditto	3½	Ditto
38.	Atul Ch. Dey ..	..	Sangar	..	400	Ditto	3·00	Ditto
39.	Dhirendra N. Dutta	..	Gobindachak	..	400	Ditto	3·00	Ditto
40.	Niharan Chakravorty	..	Dhaneswarpur	..	400	Ditto	3½	Ditto
41.	Kanailal Chakravorty	..	Dhaneswarpur	..	400	Ditto	3·00	Ditto
42.	Rasucharan Jana	..	Barkhelna	..	400	Ditto	3½	Ditto
43.	Gopabehari De ..	..	Doora	..	400	Ditto	3½	Ditto
44.	Hossian Kha ..	..	Maligram	..	500	Ditto	3½	Ditto
45.	Rasbehari Samanta	..	Khirai	..	500	Ditto	4·00	Ditto
46.	Pulin Behari Bhanja	..	Khirai	..	500	Ditto	4·00	Ditto
47.	Sm. Jamunbala Sabud	..	Khirai	..	500	Ditto	5·00	Ditto
48.	Nilkanta Panigrahi	..	Lakhipari	..	300	Ditto	2½	Ditto
49.	Kalipada Bera ..	..	Lakhipari	..	400	Ditto	3½	Ditto
50.	Haripada & Prasupati Das	..	Lakhipari	..	400	Ditto	3½	Ditto
51.	Kiribas Khanua ..	..	Sribinda	..	200	Ditto	2·00	Ditto
52.	Bijoy Kr. Samanta	..	Sribinda	..	500	Ditto	4·00	Ditto
53.	Kalipada Maity ..	..	Gandipur	..	500	Ditto	4·00	Ditto

Supply of fish in Midnapore town

759. (Admitted question No. 1616.)

শ্রীকৃষ্ণপ্রসাদ মণ্ডলঃ মৎস্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মৎস্যবিভাগের তত্ত্বাবধানে মেদিনীপুর শহরে কিছু মাছ বর্তমানে সরবরাহ করা হইতেছে ;

(খ) সত্য হইলে, উক্ত মাছ কোথা হইতে আসে এবং কি পদ্ধতিতে কাহার পরামর্শমত উহা বণ্টিত হয় ;

(গ) যে সকল ব্যক্তিকে উহা দেওয়া হয় তাহাদের মধ্যে জনসাধারণ কতজন এবং কতজন সরকারী কর্মচারী ; এবং

(ঘ) সাধারণত কি কি প্রকারের মাছ কিরূপ হারে বিক্রয় করা হইতেছে?

The Minister for Fisheries:

(ক) ও (খ) না। তবে জুনপুটে অবস্থিত সরকারী মৎস্যচাষকেন্দ্র হইতে আনীত প্রায় ৮০ কিলোগ্রাম মৎস্য প্রতিদিন জেলা-সমাহর্তার সভাপতিত্ব গঠিত একটি স্থানীয় কমিটির তত্ত্বাবধানে ক্রেতা সমবায় সমিতির মাধ্যমে বণ্টন করা হইতেছে। এতদুদ্দেশ্যে ক্রেতাদের নিকট হইতে প্রাপ্ত দরখাস্তের ভিত্তিতে কার্ড দেওয়া হইয়াছে। যাহাদের কার্ড আছে এরূপ ক্রেতাদের মধ্যে উক্ত মাছ বণ্টনের পর উদ্বৃত্ত থাকিলে তাহা অন্যান্যদের মধ্যে বণ্টিত হয়।

(গ) এ বিষয়ে কোন তথ্য সংগ্রহ করা সম্ভব হয় নাই। প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য স্থানীয় অফিসারকে নির্দেশ দেওয়া হইয়াছে।

(ঘ) সাধারণত রুই, কাতলা, মৃগেল প্রভৃতি পোনা জাতীয় মাছ এবং পারসে, ভাঙ্গন প্রভৃতি লোনা জলের মাছ সরবরাহ করা হইতেছে। ক্রেতা সমবায় সমিতি উহা সরকার নির্ধারিত দরে বিক্রয় করিতেছে।

Cultivation of paddy and jute in Basirhat subdivision, 24-Parganas

760. (Admitted question No. 1617.)

শ্রীঅনন্তকুমার বৈদ্যঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশপরগনা জেলার বসিরহাট মহকুমার সন্দেশখালি থানার (বর্তমান সন্দেশখালি ও গোসাবা থানা) ১৯৬২ সালে, ১৯৬৩ সালে এবং ১৯৬৪ সালের বর্তমান সময় পর্যন্ত কত একর জমিতে ধানের চাষ হইয়াছে এবং প্রতি বৎসরের একর-প্রতি ধান্য উৎপাদনের গড় পরিমাণ কত ; এবং

(খ) ঐ এলাকায় ১৯৬২ সালে, ১৯৬৩ সালে ও ১৯৬৪ সালের বর্তমান সময় পর্যন্ত কোন্ বৎসর কত পরিমাণ জমিতে পাট চাষ হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development :

(ক) ও (খ) সরকারের কৃষি সংক্রান্ত তথ্যাদি জেলার ভিত্তিতে রক্ষিত হয়। সুতরাং এই তথ্য দেওয়া সম্ভব নহে।

Registered Mohrars in West Bengal

761. (Admitted question No. 1657.)

শ্রীসনৎকুমার রাহাঃ বিচারবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে রেজিস্টারী অফিসের সহিত সংশ্লিষ্ট রেজিস্টার্ড মোহরার দলিল লেখকের সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) ১৯৬০, ১৯৬১, ১৯৬২ এবং ১৯৬৩ সালে ঐ সংখ্যা কত ছিল?

The Minister for Judicial:

(ক) ও (খ) জিলাসমূহ হইতে তথ্য সংগ্রহ করা হইতেছে। কিছু সময় লাগিবে।

Toll tax on the Mayurakshi Bridge at Tilpara Barrage

762. (Admitted question No. 1678.) **Shri KASHI KANTA MAITRA:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if it is a fact that toll tax was levied under the authority of Indian Tolls Act, 1851, on the Mayurakshi Brigde at Tilpara Barrage;

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) if there was any notification notifying the application of the said Act to the locality made and

(ii) the date and number of such notification;

(c) if it is a fact that toll tax was being collected on human beings passing along the said Tilpara Barrage; and

(d) if so, under what authority of law such realisation of toll tax on human beings was made?

The Minister for Public Works (Roads): (a), (b)(i) and (c) Yes.

(b) (ii) Notification No. 773-D.W., dated 25th March, 1955, of the Development (Roads) Department.

(d) Under the Indian Tolls Act, 1851.

Mango trees within Malda jail compounds

763. (Admitted question No. 1699.)

ডাঃ গোলাম ইয়াজদানী: স্বরাষ্ট্র (জেল) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলের সীমানার মধ্যে কতগুলি আম গাছ আছে;

(খ) ইহা কি সত্য যে, ঐসব গাছের ফল ডাকে বিক্রয় হয়, এবং

(গ) সত্য হইলে, গত মরসুমে কত টাকায় এবং কাহার নিকট বিক্রিত হইয়াছে?

The Minister for Home (Jails):

(ক) মালদহ জেলের সীমানার মধ্যে ৭২টি আমগাছ আছে।

(খ) উক্ত ৭২টি গাছের মধ্যে ৬৬টি গাছের ফল এ বৎসর ডাকে বিক্রয় হয়।

(গ) গত মরসুমে ৬৬টি গাছের ফল শ্রীশিবধন চক্রবর্তীর নিকট মোট একশত পঁয়ত্রিশ (১৩৫) টাকায় বিক্রয় করা হয়।

Political sufferers' help fund

764. (Admitted question No. 1720.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: অর্থবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নির্যাতীত রাজনৈতিক সাহায্য ভাণ্ডার হইতে মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর থানার কোন্ কোন্ সার্কেলের কোন্ কোন্ ব্যক্তিকে কত টাকা হিসাবে মাসিক সাহায্য দান করা হইতেছে;

(খ) এ সাহায্য দান কোন্ তারিখ হইতে শুরু হইয়াছে;

(গ) যাঁহাদের এ সাহায্য দেওয়া হইতেছে তাঁহারা কিভাবে নির্যাতিত হইয়াছেন বলিয়া বিবরণ পাওয়া গিয়াছে; এবং

(ঘ) এ সাহায্য দানের জন্য কাহার সুপারিশ পাওয়া গিয়াছে?

The Minister for Finance:

(ক), (খ), (গ) এবং (ঘ) এ সম্বন্ধে তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। তথ্যাদি সংগ্রহ হইলেই প্রশ্নের উত্তর দেওয়া হইবে।

Refusal of consent to Adjournment Motion

Mr. Speaker: I have received one notice of an Adjournment Motion from Shrimati Ila Mittra on the subject of cease-work by the college teachers of the State for improvement of their pay scales. I have refused consent.

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received four Notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Scarcity of atta in Kharba police-station and other parts of Maldah District—by Dr. Golam Yazdani;

(2) Steps taken against black marketeers of wheat, flour and atta—by Shri Sanat Kumar Raha;

(3) Reported dumping of foodgrains in Government godown in Baguiati area—by Shri Narayan Choubey; and

(4) Allegation against the Vice-Chancellor of Calcutta University regarding one scooter released from the Government quota—by Shri Birendra Narayan Ray, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Haldar, Shri Radhakrishna Singha and Shri Dec Prakash Rai.

I have selected the notice of Shri Birendra Narayan Ray and others on the subject of allegation against the Vice-Chancellor of Calcutta University regarding one scooter released from the Government quota. The Hon'ble Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give a date for the same.

The Hon'ble Jagannath Kolay: On Tuesday.

Proposed strike by the non-Government College Professors

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর একটা বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে অভূতপূর্ব ঘটনা যেটা আজকে বাংলাদেশে হচ্ছে এবং হতে চলেছে। আজকে সারা বাংলাদেশে ১২৮টি বেসরকারী কলেজে ৫ হাজার অধ্যাপক এবং অধ্যাপিকা আছেন, তাঁরা গভর্নমেণ্টের এই শিক্ষা নীতি এবং তাঁদের যে দাবি-দাওয়া সেটা সহানুভূতির সঙ্গে বিবেচনা না হওয়ার জন্য তার প্রতিবাদে ১৮ই সেপ্টেম্বর অর্থাৎ আজকে তাঁরা কর্ম বিরতি দিবস পালন করছেন। কাজেই এই প্রসঙ্গে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে এটাই বলতে চাই যে কলেজ অধ্যাপকদের শিক্ষার দিক থেকে যে কর্ম বিরতি দিবস পালন এটা যেমন শিক্ষার পক্ষে অধ্যাপকদের পক্ষে গৌরবের নয়, অভিভাবকদের পক্ষে ছাত্রদের পক্ষে গৌরবের নয় ঠিক তেমনি যাঁরা ট্রেজারী বেঞ্চে বসে আছেন আজকে সমাজের দিকে তাকিয়ে তাঁদের পক্ষেও এটা গৌরবের নয়। তাই বিশেষ করে তাঁদের দৃষ্টি আকর্ষণ করে বলছি অধ্যাপক অধ্যাপিকারা ওয়েস্ট বেঙ্গল টিচার্স এ্যাসোসিয়েশান-এর মধ্য দিয়ে সংঘবদ্ধভাবে যে দাবি ৭ বছর ধরে করে এসেছেন নানাভাবে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও সরকার তাঁদের সামান্যতম দাবিও মেনে নেননি এবং গত ৫ই সেপ্টেম্বর ওয়েস্ট বেঙ্গল টিচার্স এ্যাসোসিয়েশানের প্রতিনিধিদের সঙ্গে যে কথাবার্তা শিক্ষামন্ত্রী এবং অন্যরা বলেছেন তাতে সরকার পক্ষ থেকে তাঁদের সামান্যতম দাবি-দাওয়া সহানুভূতির সঙ্গে দেখেছেন বলে আমরা ভাবতে পারি না। সেজন্য অধ্যাপক অধ্যাপিকারা আজকে এই কাজে নেমেছেন। এর আগেও দু'বার তাঁরা কলকাতার রাজপথে নেমে মিছিলের মারফত তাঁদের দাবি জানিয়েছেন, কিন্তু তা সত্ত্বেও গভর্নমেণ্ট কোন কিছু করলেন না। কাজেই আজকে তাঁরা যে কর্ম বিরতি দিবস পালন করছেন সেটা ভারতবর্ষের ইতিহাসে একটা অভূতপূর্ব ঘটনা। কারণ, বৃটিশ আমলেও এই রকম ধরনের ঘটনা কখনও হয়নি। কাজেই এখন বেঙ্গল শিক্ষক সমিতির পক্ষ থেকে সরকারের কাছে দাবি করছেন যে তাঁরা যেন পুনরায় এই সম্পর্কে বিবেচনা করেন এবং অধ্যাপকদের আর ঐ আন্দোলনের পথে

এগিয়ে যেতে দেবেন না। আজকে তাঁদের কর্ম বিরতির পর সরকার যদি তাঁদের দাবি দাওয়ার প্রতি কোন রকম বিবেচনা না করেন তাহলে তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন যে আগামীতে যে পরীক্ষা সেই পরীক্ষার প্রশ্নপত্র তাঁরা রচনা করবেন না এবং তাঁরা কোন খাতা দেখবেন না। কাজেই সেদিক থেকে শিক্ষা জগতে একটা বিশৃংখলা ঘটুক এটা আমরা চাই না এবং সরকার পক্ষও চান না। একথা ঠিকই যে শিক্ষকদের উপেক্ষা রেখে কখনও কোন দেশের অগ্রগতি হতে পারে না। আজকে সরকারের পলিসি হচ্ছে মুষ্টিমেয় কয়েকজন মানুষের হাতে সমস্ত ধন সম্পত্তি সঞ্চিত হতে দেওয়া। সমগ্র মানব সমাজকে নির্যাতিত করে যে টাকা জমা করা হচ্ছে তার বিরুদ্ধে আমি প্রতিবাদ জানাচ্ছি এবং সরকার এই সম্পর্কে বিবেচনা করবেন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Shrimati Mitra, it is really unfortunate that after I had told you, when you sought my permission that you should make only the bare statement, you have gone too far, and even though I called you several times and asked you to stop, you did not heed to it.

Shri Somnath Lahiri:

স্যার, কথাটা হচ্ছে যে শ্রীমতী মিত্র কতখানি বলেছেন বা বলেননি সেই প্রশ্নের চেয়ে বড় হল যে বিষয়টা তিনি প্রশ্ন করেছেন। আজকে অধ্যাপকরা কর্মবিরতি করছেন যা কখনও ঘটেনি এর আগে। মন্ত্রিমহাশয় কিছু বলুন, তিনি বসে রয়েছেন এখানে। এ বিষয়ে তাঁর কর্তব্য কি, তিনি কি মনে করছেন সে সম্বন্ধে কিছু বলতে অনুরোধ করুন। এরকম ব্যাপার ঘটবে। এরকম ব্যাপার ঘটবে, আর একেবারে নিশ্চল, নিষ্ঠুর, অচল পাষাণের মত বসে থাকবেন মন্ত্রি-মহাশয় তাহলে বাইরের পৃথিবী কি মনে করবে?

Shri Ganesh Ghosh:

মিঃ স্পীকার, স্যার, সত্যই শ্রীমতী মিত্র যে বিষয়টা উত্থাপন করেছেন সেটা অত্যন্ত গুরুতর বিষয়। আমি আশা করি যে কোন সরকারই চাইবেন না কলেজের অধ্যাপক, অধ্যাপিকাদের রাস্তায় নামিয়ে আনতে। একটা শিক্ষা সংকট উপস্থিত হচ্ছে। আমি আশা করি মুখ্যমন্ত্রী এ সম্পর্কে নিশ্চয়ই কিছু বলে আমাদের আশংকা নিরসন করার চেষ্টা করবেন।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া ইলা মিত্র মহাশয়া যে কথা বলেছেন সত্যই ভারতবর্ষে এটা একটা অভাবনীয় ব্যাপার এবং অভূতপূর্ব ব্যাপার। এটা যে শুধু শিক্ষানীতির ব্যর্থতা প্রমাণ করছে তা নয়, এমন একটা জায়গায় অধ্যাপকদের টেনে নিয়ে যাচ্ছেন যার ফলে তাঁদের রাস্তায় নামতে হচ্ছে, এখন কর্মবিরতির পথে তাঁরা নামতে বাধ্য হচ্ছেন এবং তারপর পরীক্ষার প্রশ্নপত্র পর্যন্ত তাঁরা দেখবেন না এইসব ধরনের সংকল্প তাঁরা নিচ্ছেন। সুতরাং যে অসহায় অবস্থার মধ্যে পড়লে অধ্যাপকদের এই প্রত্যক্ষ সংগ্রামে নামতে হয় সেটা বুঝা যাচ্ছে। সুতরাং আপনার মারফৎ আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যাতে তিনি অধ্যাপকদের দাবী-দাওয়া সম্বন্ধে সহানুভূতির সংগে দেখে সে সম্বন্ধে তাঁদের আশ্বাস দেন।

Shri Anadi Das:

স্যার, আজকে এটা অত্যন্ত দুঃখের বিষয় যে সাধারণ মানুষ, অশিক্ষিত মানুষ তারা এই কর্ম-বিরতি করছেন। সেটা প্রায়ই বলা হয় যে কোন প্রভাবে পড়ে রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এইসব আন্দোলন করা হয়, এক্ষেত্রে কিন্তু সে কথাটা প্রযোজ্য নয়। বাংলাদেশের এইসব এনলাইটেনড **লোক, শিক্ষিত প্রগতিশীল লোক যাঁদের উপর দেওয়ার,**

Mr. Speaker:

মিঃ দাস, আপনি দৃষ্টি আকর্ষণ করতে হয় করুন কিন্তু কোন স্পীচ দেবেন না।

[1-30—1-40 p.m.]

Shri Anadi Das:

বাংলাদেশের যারা শিক্ষিত লোক, এনলাইটেনড লোক, প্রগতিশীল লোক, যাদের উপরে শিক্ষ দেবার ভার রয়েছে, তাঁরা এই আন্দোলন করছেন। এত বড় গুরুত্বপূর্ণ ঘটনা, আমি সে গুরুত্বপূর্ণ ঘটনার দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker:

মিঃ দাস, আপনি দৃষ্টি আকর্ষণটা করুন। কিন্তু অত জাস্টিফিকেসান করে বক্তৃতা করে চলবে না।

Shri Anadi Das:

স্যার, এত বড় গুরুত্বপূর্ণ ঘটনা, এর প্রতি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমিও অনুরোধ করছি মুখ্যমন্ত্রী মহাশয়কে এ সম্বন্ধে একটা ব্যবস্থা করার জন্য। উনি ত এখানে বসে আছেন, উনি এখন ত সব শুনলেন, এবং উনি নিজেও সব ভাল করে জানেন। এটা বাস্তবিক খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, এটা একটা শিক্ষার ব্যাপার আমাদের এবং তাঁদেরও ছেলে, মেয়েরা পড়ছে তাদের ভবিষ্যৎ এর উপর নির্ভর করছে। আপনি এখানে রয়েছেন, কি ব্যাপার সেটা একটু খুলে বলুন না? না হয়, একটা ব্যবস্থা করুন। এটা একটা অনুরোধ করছি। তাছাড়া আর কি করবো? করবার আছে কি? এই একটা অনুরোধ করলাম।

Shri Siddheswar Mandal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার পার্টির তরফ থেকে বলছি। সারা পশ্চিমবাংলার অধ্যাপকরা এই যে কর্মবিরতি করেছে, এটাকে আমরা খুব অভূতপূর্ব ঘটনা বলে মনে করি তারা যে তাদের ন্যায্য দাবী জানিয়েছেন, তাতে আমাদের সরকার উদাসীনভাবে রয়েছেন সহানুভূতিশীলতার লক্ষণ তারা দেখাননি। তাঁরা যে কর্মবিরতি দিবস পালন করছেন, সেটাকে আমি আমাদের পার্টির তরফ থেকে সমর্থন করে, এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষক এবং অধ্যাপক, এঁরা তাঁদের ন্যায়সংগত দাবীর প্রতি দীর্ঘদিন ধরে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আসছেন। কিন্তু দুঃখের বিষয় সরকার তাঁদের সেই দাবী বিবেচনা না করায়, আজ তাঁরা কর্মবিরতির নোটিস দিয়েছেন। আমি আশা করছি যে মাননীয় ইলা মিত্র সরকারের যে দৃষ্টি আকর্ষণ করেছেন, তা অত্যন্ত ন্যায়সঙ্গত কথাই তিনি সরকারের সামনে উপস্থিত করেছেন, সেটা সরকার মেনে নেবেন। আমিও এ সম্পর্কে বিশেষভাবে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করি তিনি অধ্যাপকদের ন্যায়সঙ্গত দাবী মেনে নেবেন এবং সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন এবং যাতে শিক্ষাক্ষেত্রে বিপর্যয় না ঘটে সেদিকে দৃষ্টি দেবেন এইটুকু আমি অনুরোধ করছি।

Shri Nepal Chandra Roy:

মিঃ স্পীকার, স্যার, শিক্ষকরা তাঁদের মাইনে বাড়াবার জন্য যে দাবি করেছেন, এটা অত্যন্ত যুক্তি সঙ্গত দাবি নিশ্চয়, এটা আমি সমর্থন করি। কিন্তু সঙ্গে সঙ্গে এ কথাও বলব কর্মবিরতি যদি শিক্ষকরা করেন, তাহলে আমাদের ভেবে দেখতে হবে যে, সেটা দেশের ভবিষ্যতের পক্ষে কতখানি ক্ষতিকর।

Mr. Speaker: Mr. Roy, I won't allow you to speak on this matter.

Shri Nepal Chandra Roy:

আমি সাপোর্ট করছি।

Mr. Speaker:

আপনি কোন রিপ্লাই দিতে পারেন না। এটা সাপোর্ট করবার নয়। এটা হচ্ছে দৃষ্টি আকর্ষণ করবার বিষয়।

Shri Nepal Chandra Roy:

হ্যাঁ, আমি দৃষ্টি আকর্ষণই করছি।

Mr. Speaker:

মিঃ রায় শুনুন। দৃষ্টি আকর্ষণ করে, পরে যে কথাগুলি আপনি বলতে যাচ্ছেন, সেগুলি কি সাপোর্ট করা হচ্ছে না? এটা ডিসকাশান, কি ডিবেট হচ্ছে না?

Shri Nepal Chandra Roy:

আমার সেটার দিকে লক্ষ্য আছে, আমাকে শেষ করতে দিন।

Mr. Speaker:

মিঃ রায় প্লিজ, আপনি বসুন। আপনি ঐ যে তাঁদের সম্বন্ধে এখানে বলতে চাচ্ছেন, দ্যাট টাইপ অব ডিবেট এটা নয়। এটা জাস্টিফিকেশনএর ব্যাপার নয়। তাদের কন্ডাক্ট ভাল, কি মন্দ, এটা এখানে বলবার ব্যাপার নয়।

Shri Nepal Chandra Roy:

আমি তা বলি নি।

Mr. Speaker:

হ্যাঁ, আপনি বলছিলেন।

Shri Nepal Chandra Roy:

আমাকে কথাটা শেষ করতে দিন। মাস্টারদের সম্বন্ধে ক্রিটিসিজম করে আমি কিছু বলছি না।

Mr. Speaker:

মিঃ রায়, আপনি শুনুন। ওঁরা যেটা মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করেছেন, তার জবাব আপনার কাছ থেকে ওঁরা চান নি। আর এটা ডিবেট নয় যে, আপনি তার জবাব দেবেন। এটা ডিসকাশন নয়।

Shri Nepal Chandra Roy:

আমি তা বলছি না। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এইজন্য আকর্ষণ করছি যে, এটা যেন এপিডেমিক হিসাবে না দেখা যায়, এখনই এটা সল্‌ভ করা দরকার, আমি সেইটাই বলছি।

Shri Lutfal Haque:

সমস্ত প্রকার শিক্ষকদের স্যালারী নিয়ে যে ব্যাপারটা চলছে এটা সরকার যেন বিবেচনা করেন সে বিষয়ে অনুরোধ করছি কিন্তু যারা কোনরকম কর্মবিরতি করে নি, যাদের মুখে কোন ভাষা নেই, সেই যে স্কুলের দপ্তরী ক্লাস, যাদের সম্বন্ধে স্যালারি হিসাবে অত্যন্ত অবিচার করা হয়েছে, যাদের ৩০ টাকা থেকে ৪০ টাকা পর্যন্ত স্যালারি করে আট আনা করে ইনক্রিমেন্ট দেওয়া হয়েছে তাদের বিষয়ে কেউই কোনদিন বলছেন না, আমি সরকারের এই বিষয়ে স্পেশ্যাল দৃষ্টি আকর্ষণ করছি যে, আজকে এইদিনে, এই দুর্মূল্যের বাজারে তাঁদের সম্বন্ধে বিশেষ করে বিবেচনা করা উচিত এই কথাই আমি বলব।

Shri Nani Bhattacharjee:

স্পীকার মহাশয়, আমরা অনুরোধ করেছিলাম মুখ্যমন্ত্রীকে এ সম্বন্ধে কিছু একটা আশ্বাস দেবার জন্য এবং আপনি তাঁকে একটু অনুরোধ করুন।

Mr. Speaker:

আমার অনুরোধ করবার কোন অধিকার নেই। আপনারা জিজ্ঞাসা করবেন রিবাউন্ড হয়ে চলে যাবে।

Shri Nani Bhattacharjee:

তাহলে, স্যার, রিবাউন্ড করেই যাক। আমি তাঁকে অনুরোধ করছি কিছু বলার জন্য কারণ ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

The Hon'ble Prafulla Chandra Sen:

এ সম্বন্ধে এখন আমি কিছুই বলতে চাই না।

Shri Haridas Chakrabarty:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে শিক্ষামন্ত্রী নেই, মাননীয় মুখ্যমন্ত্রী আছেন, আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি তাহল, আপনি জানেন যে, কিছুদিন আগে ঐ

West Bengal Secondary Education Board

বিল পাশ হল তার ফলে সমস্ত আর্থিক দায়িত্ব সরকার নিয়েছেন। অথচ গত জুন-জুলাই থেকে গত বৎসর যে বি টি সেশন আরম্ভ হয়েছে, সেই সেশনএ যেসমস্ত শিক্ষক ডেপুটেশনএ গিয়েছেন তাঁদের সেই ডেপুটেশনে যাওয়ার পর থেকে আজ পর্যন্ত সেই ডেপুটেশনিষ্ট টিচার তাঁরা তাঁদের বেতন পাচ্ছেন না, অর্থাৎ তাঁরা ৩।৪ মাস ধরে কোন বেতন পান নি সারা বাংলাদেশ থেকে যাঁরা বি টি পড়তে গিয়েছেন সেই সমস্ত শিক্ষকরা। তাঁরা যাতে বেতনটা অবিলম্বে পূজার আগে পেতে পারেন সেই সম্বন্ধে তিনি যেন একটু দেখেন।

Shri Nathaniel Murmu:

স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি গতকাল পশ্চিম দিনাজপুর থেকে আসছি। সেখানে বালুরঘাটে আটা ও ময়দা আদৌ পাওয়া যাচ্ছে না খোলাবাজারে। তার ফলে বেকারীগুলি বন্ধ হচ্ছে এবং রুটি ও বিস্কুটের দাম অসম্ভব বেড়েছে। সেইজন্য তিনি যেন অবিলম্বে ব্যবস্থা করেন।

Shri Cour Chandra Kundu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে রাণাঘাট রূপশ্রী পল্লীর বিধানচন্দ্র নিকেতন বলে যে হাই স্কুলটি গভর্নমেন্ট থেকে করা হয়েছে সেই স্কুলটি আজকে বন্ধ হবার উপক্রম হয়েছে। সেখানকার যিনি য়্যাডমিনিস্ট্রেটর ছিলেন, পি, সি, গুহ, তিনি এখন ধুবুলিয়ার য়্যাডমিনিস্ট্রেটর আছেন। সেই স্কুলের বিভিন্ন ফান্ড-এর কয়েক হাজার টাকা প্রায় ৪০।৫০ হাজার টাকা আত্মসাৎ করেছেন তার ফলে স্কুল আজ বন্ধ হবার উপক্রম হয়েছে। তিনি যদি ডিটেইল জানতে চান আমি তাঁকে দিতে পারি। এটা একটা গুরুতর দুর্নীতির বিষয়। স্কুল-এর শিক্ষকদের মাইনে, প্রভিডেণ্ট ফান্ড, বই কেনার টাকা, সব কিছু তিনি খেয়ে বসে আছেন এবং

he is still a Gazetted Officer in the Dhubulia Camp,

সুতরাং এই বিষয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সম্পর্কে পরিষ্কার ব্যবস্থা গ্রহণ করা হয় এবং এই স্কুলটি যাতে সুষ্ঠুভাবে চলে তার দায়িত্ব গ্রহণ করা হয়। এই খবরটি কংগ্রেসের দ্বারা পরিচালিত কাগজে বেরিয়েছে।

COVERNMENT BILL

The West Bengal Mining Settlements (Health and Welfare) Bill, 1962, as reported by the Joint Committee

[1-40—1-50 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Mining Settlements (Health and Welfare) Bill, 1962, as reported by the Joint Committee, be taken into cosideration.

মাননীয় অধ্যক্ষমহাশয়, ১৯১২ সালে যে মাইনিং সেটেলমেণ্ট অ্যাক্ট আছে নানা কারণে সেটা ত্রুটিপূর্ণ, তাতে মাইনিং বোর্ড অব হেলথ অ্যাপয়েন্ট করার কথা আছে, কিন্তু সেটা কর্পোরেট বডি নয়, সেটা নানা কারণে ত্রুটিপূর্ণ। তাছাড়া মাইনিং বোর্ড-এর ভিতর শ্রমিকদের কোন প্রতিনিধি ছিল না। এসব ত্রুটি সংশোধনের জন্যই এই বিলটা আনা হয়েছে। জয়েন্ট কমিটি দীর্ঘদিন আলোচনা করার পর একটা রিপোর্ট দাখিল করেছেন। এই রিপোর্টের উপর ভিত্তি করে মাননীয় সদস্যদের সম্পর্কে আমার প্রস্তাব রাখছি। আশা করি এই বিল গৃহীত হবে।

Mr. Speaker: There are motions for circulation of the Bill in the names of Shri Habibullah and Shri Sailen Adhikary. They are in order and taken as moved.

Shri Syed Abdul Mansur Habibullah: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1964.

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1964.

Shri Nathaniel Murmu:

মাননীয় স্পীকার মহাশয়,
The West Bengal Mining Settlements Bill
সম্পর্কে প্রথমেই আমি এই কথা বলব, এইটা সিলেক্ট কমিটি থেকে ফিরে এসে অনেকটা ভালোর দিকে গিয়েছে। কয়লা খনির শ্রমিকেরা আজকে যে সামাজিক পরিবেশে রয়েছে তার উন্নতিসাধনকল্পে এই বিল প্রভূতভাবে সহায়ক হবে বলে মনে করে এই বিল আনা হয়েছে। কয়লা খনি এলেকায় যাঁরা গিয়েছেন তাঁরা জানেন কি রকম অবর্ণনীয় দুরবস্থার মধ্যে শ্রমিকেরা থাকতে বাধ্য হয়। এখন কিছুটা ভালোর দিকে গিয়েছে, পারফেক্ট সিসটেম কিছু কিছু হয়েছে, জল সরবরাহের কিছু কিছু ব্যবস্থা হয়েছে, হেলথ সেন্টার কিছু কিছু হয়েছে, ক্রেচ-এর ব্যবস্থা কিছু কিছু হয়েছে। এসব দিকে যদি সরকার আরো আগে নজর দিতেন তাহলে ভাল হত। এঁরা স্বীকার করেছেন যে, কয়লাখনির মালিকেরা প্রচুর লাভ করা সত্ত্বেও শ্রমিকদের মংগলদায়ক কাজের জন্য মালিকদের কাছ থেকে সরকার টাকা নিতে পারেননি। আপনি জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়লাখনির উৎপাদন বেড়েছে, চাহিদা বেড়েছে, দাম বেড়েছে, মুনাফা বেড়েছে। কিন্তু এর একটাও শ্রমিকদের মংগলদায়ক হয়নি। আশা করি খনিশ্রমকেরা যাতে কিছুটা সুযোগ-সুবিধা পায় তার জন্য মন্ত্রিমহাশয় চেষ্টা করবেন।

মাইনিং সেটেলমেণ্ট বিলটি সিলেক্ট কমিটিতে যাবার আগে আমাদের তরফ থেকে যে সংশোধনীগুলি দিয়েছিলুম তাতে আমরা লক্ষ্য করেছি সিলেক্ট কমিটি থেকে ফিরে আসবার পর সেই সংশোধনীগুলির অনেকটাই সরকার মঞ্জুর করেছেন। কিন্তু একটা বিষয়ের প্রতি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সেটা হচ্ছে, যে জমিটা সরকার এ্যাকোয়ার করে দেবেন মাইনিং সেটেলমেণ্ট-এর প্রয়োজনে সেই জমির স্বত্ব মাইনিং সেটেলমেণ্ট বোর্ডকে ততদিন দেওয়া হবে না যতদিন মাইনিং সেটেলমেণ্ট বোর্ড সেই এ্যাকোয়ার করা জমির টাকা সরকারকে না দিচ্ছেন। এর ফলে একটা অসুবিধা দেখা দেবে এবং সেটা হচ্ছে মাইনিং সেটেলমেণ্ট বোর্ড যেটা বিভিন্ন খনি এলাকায় গঠিত হবে [illegible] যে জমি সরকার এ্যাকোয়ার করবেন সেই জমিতে [illegible] পজেসন পাবে না অর্থাৎ পজেসন পাবার ক্ষেত্রে একটা অন্তরায় দেখা দেবে। টাকাটা দেবে কিনা সে সম্বন্ধে বিলে স্পষ্ট করে কোন বিধান নেই, কাজেই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি সরকার যে জমি এ্যাকোয়ার করে মাইনিং সেটেলমেণ্ট বোর্ডকে অর্পণ করবেন সেই অর্পণের ক্ষেত্রে টাকা না দেওয়া পর্যন্ত অর্পণ করা হবে না সেই কড়াকড়িটা তাঁরা যেন শিথিল করেন এবং দফাওয়ারী আলোচনায় এমন প্রভিসন যেন রাখেন যে, মাইনিং সেটেলমেণ্ট বোর্ড কিস্তিবন্ধীতে সেই টাকা দেবার সুযোগ পাবে এবং সেই জমির উপর বোর্ডের যেন অধিকার বর্তায়। তারপর আমর বক্তব্য হচ্ছে এবং আমরা দেখছি এই বোর্ডের বিভিন্ন সালিসের ব্যাপারে, বিভিন্ন বিরোধের ক্ষেত্রে বা বিভিন্ন গোলমালের ক্ষেত্রে আপস

মীমাংসা বা কনসিলিয়েসন-এর যে দায়িত্ব সেটা দেওয়া আছে সেই মাইনিং এলাকায় যে মাইনিং সেটেলমেন্ট বোর্ড আছে সেই এলাকার কমিশনার-এর উপর। আমি বুঝতে পারছি না কেন কমিশনারকে ডাকা হয়েছে। বিভিন্ন জেলাতে এই যে কোল মাইনস ছড়িয়ে আছে তাতে আমি মনে করি সেই জেলায় যিনি ডিষ্ট্রিক্ট জজ বা ডিস্ট্রিক্ট সেসনস জজ বা এডিসনাল জজ আছেন তাঁর উপর এই কনসিলিয়েসন-এর দায়িত্ব দেওয়া উচিত। একথা বলার অর্থ হোল তাঁরা আইন সংক্রান্ত ব্যাপারে খুটিনাটি জানেন এবং যেহেতু এখনও লোকের বিচার বিভাগীয় অফিসারের উপরে বিশ্বাস রয়েছে সেহেতু তাঁদের উপরেই সেই ক্ষমতা দেওয়া উচিত। তারপর, কথা হচ্ছে কয়লা খনি এলাকায় যে রয়াল্‌টিগুলো দেবার প্রস্তাব সরকার করেছেন, সেখান থেকে যে ট্যাক্স পাবেন তার একটা অংশ সরকার যদি মনে করেন তাহলে এই মাইনিং সেটেলমেন্ট বোর্ডকে দিতে পারেন যাতে মাইনিং সেটেলমেন্ট বোর্ডের হাতে কিছু টাকা আসে। বোর্ডের হাতে যত বেশী টাকা থাকবে তত তাঁরা মঙ্গলদায়ক কাজ করতে পারবেন একথা মল্লিমহাশয় নিজেই স্বীকার করেছেন। তিনি অবজেক্‌টস্ এ্যাণ্ড রিজনস্-এ বলেছেন ইংরেজ আমলে যে আইন ছিল তাতে কয়লা খনির মালিকদের কাছ থেকে টাকা সংগ্রহের কোন উপায় ছিল না এবং সরকার থেকে টাকা বা ঋণ দেবারও প্রভিসন ছিল না—তখন লোক দেখান হিসেবে এই মাইনিং সেটেলমেন্ট বোর্ড-গুলোকে দাঁড় করিয়ে রাখা হয়েছিল। আজকে এই সরকার যে দৃষ্টিভঙ্গী থেকেই আনুন না কেন আমরা এর মধ্যে সংশয় প্রকাশ করি কারণ আমরা সর্বক্ষেত্রে দেখি এই সরকারের মালিক-ঘেষা নীতি। এই মালিক ঘেষা নীতির প্রতি সংশয় থাকার ফলে আমি বলতে চাই মাইনিং সেটেলমেন্ট বোর্ড-এর উপর এই ক্ষমতা দেওয়া দরকার যে, খনি মালিকদের যে লাভ হবে তার উপর একটা টাকা যেন তাঁরা মাইনিং সেটেলমেন্ট বোর্ডকে দেন। সরকার বলছেন তাঁরা ঋণ দিতে পারেন। আমার মনে হয় একথাটা তুলে দিয়ে ওঁরা যে ঋণ চাইবে সেটা তাদের বিবেচনা করে দেওয়া হবে এরকম কথা যদি বলেন তাহলে মাইনিং সেটেলমেন্ট বোর্ড বা এই আইনে যে অসংগতি রয়েছে সেটা দূর হবে। স্যার, এই ব্যাপারে আমি খুব বেশী না বলে শুধু মল্লি-মহাশয়কে এটুকু অবহিত হতে বলি যে, কমিশনার-এর উপরে আপেক্স-মীমাংসা বা কনসিলিয়েসনের দায়িত্ব না রেখে সেটা একজন ডিস্ট্রিক্ট জজ বা ডিস্ট্রিক্ট সেসনস্ জজ-এর উপর রাখুন। আমার আর একটা বক্তব্য হচ্ছে যে জমি সরকার মাইনিং সেটেলমেন্ট বোর্ডের জন্য এ্যাকোয়ার করবেন সেই এ্যাকোয়ার করা জমি বোর্ডকে দেবার যে প্রভিসন রেখেছেন, যে কড়াকড়ি রেখেছেন সেটা শিথিল করুন এবং মাইনিং সেটেলমেন্ট বোর্ড যাতে কিস্তিবন্দীতে সরকারকে টাকা দিতে পারে এবং জমির উপর যাতে তাদের অধিকার বর্তায় সেই দিকে নজর দিন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-50—2 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই বিলটা যখন প্রথম বিধানসভায় এসেছিল তখন এই বিলটাকে অভিনন্দন জানিয়েছিলাম, তবে এর মধ্যে যে সকল ত্রুটিবিচ্যুতি ছিল সেই সময় সরকারের দৃষ্টিও আকর্ষণ করেছিলাম বর্তমানে যে আকারে জয়েণ্ট সিলেক্ট কমিটি থেকে বিলটা ফিরে এসেছে, তাতে বিলের অনেকখানি উন্নতি করা হয়েছে। এই ধরণের আইন পাশ করা যে দরকার ছিল সেজন্য সকলেই উৎসাহ প্রকাশ করেছিলেন এবং বহু দেরীতে এসেছে বলে আমরা দুঃখ প্রকাশও করেছিলাম। আজকে কয়লা শিল্পের কথা চিন্তা করলে আমরা দেখতে পাই এটা বাংলাদেশের একটা প্রধান শিল্প, পাটশিল্পের পরেই এই শিল্পের স্থান এবং এই শিল্পে নিযুক্ত শ্রমিকদের প্রতি যথেষ্ট অবহেলা করা হয়েছে। সমগ্র ভারতবর্ষে এই প্রয়োজনীয় শিল্পের স্থান কোথায় সেটা যদি বিবেচনা করি এবং সারা ভারতবর্ষে এই কয়লা শিল্পে যে তিন লক্ষাধিক শ্রমিক কাজ করে, তারা কি শোচনীয় অবস্থার মধ্যে ছিল সেটা ভাবলে দেখি, সরকার এদিকটা উপেক্ষা করেছেন। কয়লাখনির শ্রমিকরা কি অবস্থার মধ্যে কাটাচ্ছে? সাধারণ কুকুর শেয়ালের চেয়েও খারাপ অবস্থায় তারা থাকে। তাদের বস্তীতে পানীয় জলের ব্যবস্থা নেই, তাদের সেখানে থাকার ব্যবস্থা নেই, জল সরবরাহের ব্যবস্থা নেই, তারা ক্রীতদাসের জীবন যাপন করত। আজকে সরকারের দৃষ্টি সেদিকে আকৃষ্ট হয়েছে, সেজন্য খুবই আনন্দিত হয়েছি। আজকে রানীগঞ্জ

কারা যেখানে কয়লা উৎপন্ন হয় সেখানে সহস্র সহস্র শ্রমিক কাজ করে অথচ সরকার এতদিন তাদের উপেক্ষা করে চলছিল। আজকে সরকারের দৃষ্টি সেদিকে আকৃষ্ট হয়েছে এবং সেই অনুসারে বিলটা এসেছে, আমি এই বিলটাকে সমর্থন করছি। এর মধ্যে কতকগুলি ধারা পরিবর্তিত হয়েছে এবং এজন্য আগের চেয়ে অনেকখানি ভাল হয়েছে, বিশেষ করে আমি বোর্ড সম্বন্ধে বলব। বোর্ড যেভাবে গঠন করা হয়েছে তার পরিবর্তন করা হয়েছে ঠিকই কিন্তু এখনও শ্রমিকদের যথেষ্ট উপেক্ষা করা হয়েছে। এই বোর্ডের গঠন সংক্রান্ত ব্যাপারে মালিক পক্ষ থেকে নেওয়া হয়েছে ৪ জনকে এবং কয়লার যারা ম্যানেজার তাদের পক্ষ থেকে ১ জনকে। তারপর দেখতে পাচ্ছি, বাকি রয়ে গেল সব মনোনীত সদস্য। মনোনীত সদস্যদের মধ্যে দেখতে পাচ্ছি আগের চেয়ে কিছু ভাল হয়েছে. সেই অঞ্চলের বিধানসভার দুজন সদস্যকে নেওয়া হয়েছে, একজন মহিলাকে সেখানে নমিনেট করা হয়েছে, জেলা পরিষদের একজন সদস্যকে সেখানে নেওয়া হয়েছে সেই অঞ্চলের সবই কিন্তু মনোনীত। তার সঙ্গে সঙ্গে একটি কথা বলব, শ্রমিকদের বেলায়ও দুজনকে তাঁরা মনোনীত করে নেবেন। কেন? যদি কোন মাইনিং-এর যারা মালিক, কয়লা কারখানার মালিক তাঁরা যদি তাঁদের মধ্য থেকে নির্বাচন করে দিতে পারেন এবং ম্যানেজাররা একজনকে নির্বাচন করতে পারেন, শ্রমিকদের বেলায় অবহেলা করার কারণ কি? আজ সংবিধানে শ্রমিকদের অধিকার দেওয়া হয়েছে ট্রেড ইউনিয়ন তারা গঠন করতে পারবে, বাংলাদেশে ট্রেড ইউনিয়ন যথেষ্ট হয়েছে, এখানেও ৩-৪টি ট্রেড ইউনিয়ন রয়েছে কয়লাখনিতে সেখানে কেন নির্বাচনের ব্যবস্থা করা হচ্ছে না? দেখা যাচ্ছে ব্যবস্থা করেছেন মনোনীত করে দেবেন, এতে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। কয়লার মালিকদের যে সুযোগ দেওয়া হল, শ্রমিকদের কল্যাণের জন্য বোর্ড গঠন করা হচ্ছে অথচ সেখানে শ্রমিক প্রতিনিধিকে নেবার কেন ব্যবস্থা করা হল না, এটা বুঝতে পাচ্ছি না।

সেই জন্য বলছি যে গণতন্ত্রের দিকে লক্ষ্য রেখে এবং সংবিধানে শ্রমিকদের যে অধিকার দেওয়া হয়েছে সেই কথা বিবেচনা করে শ্রমিকদের প্রতিনিধিকে নির্বাচিত হওয়ার সুযোগ দেওয়া হোক। বিশেষ করে তাঁরা সেটা রেখেছেন ৯ থেকে ১০ জনকে মনোনীত করবেন আমি সেখানে বলছি ১ থেকে ছিল ১৫ জন এখন ১৭ জন পর্যন্ত কমিটিতে আসতে পারে, অধিক সংখ্যায় যাতে শ্রমিকদের প্রতিনিধি থাকে। সেখানে যে সমস্ত রেজিস্টার্ড ট্রেড ইউনিয়নগুলি আছে, সর্বভারতীয় ট্রেড ইউনিয়নগুলি আছে তাদের অধিকার দেওয়া হোক তারা যেন সেই বোর্ডে তাদের নির্বাচিত প্রতিনিধি পাঠাতে পারে এবং কোল শ্রমিকদের যে অর্গানাইজেসান আছে তারা যেন নির্বাচিত প্রতিনিধি পাঠাতে পারে সেই ব্যবস্থা করা হোক এই প্রস্তাব রাখছি। মাননীয় মন্ত্রিমহাশয় এটা বিবেচনা করবেন। তিনি যদি সত্যিকারের চান যে শ্রমিকরা তাদের দাবির কথা বলতে পারবে তাহলে শ্রমিকদের নির্বাচিত প্রতিনিধি পাঠাবার ব্যবস্থা করুন। এটা যদি না করেন তাহলে তাঁরা যে মালিকঘেঁষা নীতি নিয়েছেন সেটা বলা কিছু অন্যায় হবে না। মালিকদের যে সুযোগ দিচ্ছেন শ্রমিকদের সেই সুযোগ দিতে চান না কেন? আমাদের সংশয় হচ্ছে সেখানে মনোনীত সদস্যদের মধ্যে এমন শ্রমিক আসতে পারে যারা মালিকঘেঁষা হবে, সত্যিকারের শ্রমিকদের সম্বন্ধে কথা বলবে এই রকম শ্রমিক নাও আসতে পারে। কাজেই এটা বিবেচনা করতে বলি। তারপর পানীয় জল সরবরাহ, সেখানকার পরিষ্কার পরিচ্ছন্নতা সম্পর্কে যে রেট রাখা হচ্ছে তাতে আমার বক্তব্য হচ্ছে কয়লাখনির মালিকরা যেখানে লক্ষ লক্ষ টাকা লাভ করছে, সরকারী আয়-কর ফাঁকি দিচ্ছে এবং ব্যাঙ্ক ব্যালেন্স বাড়াচ্ছে সেখানে তাদের প্রতি এত দয়া দেখাবার কোন কারণ নেই। সেখানে আমি বলব মালিকদের উপর আরো বেশী রেট বাড়িয়ে শ্রমিকদের বাসস্থানের ভাল ব্যবস্থা করা যেতে পারে, পানীয় জল সরবরাহের ব্যবস্থা হয়, সেখানে মাটিনের ভাল ব্যবস্থা করা যেতে পারে এবং তাদের স্বাস্থ্যের উন্নতির ব্যবস্থা করা যেতে পারে। শুধু তাই নয়, তাদের উপর রেট বাড়ালে আমাদের রেভেনিউ বাড়বে এবং সঙ্গে সঙ্গে মাইনিং ডেভেলপমেণ্টের প্রকৃত যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য সফল হবে এবং আমি মনে করি কয়লাখনি শ্রমিকদের স্বাস্থ্যের যদি উন্নতি হয় তাহলে পরোক্ষভাবে ক্ষেত্রে শিল্পের প্রগতির একটা সূচনা হবে। বাংলাদেশে হাজার হাজার যে কলকারখানা আছে সেই কল-কারখানা কয়লা ছাড়া চলে না। সমগ্র দেশে যে কয়লা উৎপন্ন হচ্ছে তার ২৩ ভাগ কয়লা এখান থেকে উৎপন্ন হচ্ছে। কাজেই আজকে যদি কয়লা শ্রমিকদের স্বাস্থ্যের দিকে লক্ষ্য না রাখা যায় তাহলে শিল্পের উন্নতি হবে না। এই

দিক লক্ষ্য করে আমি বলছি তাঁরা এই দিকে যথেষ্ট দৃষ্টি দিয়েছেন। এই বিল আরো এক উন্নত হলে আমরা খুশী হব। এই বোর্ডের মাঝখানে শ্রমিকদের নির্বাচিত প্রতিনিধি নি আসুন। এই দুটি কথা বিশেষভাবে বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলার আগে একটা জিনিসের প্র আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে কাল থেকে দেখছি যে মন্ত্রীর যে বিল উত্থাপন কর কথা—নিশ্চয়ই আইনগত কোন বাধা নেই, ক্যাবিনেটের যে কোন মন্ত্রী যে কোন বিল উত্থাপ করতে পারেন, সেই মন্ত্রী সেই বিল উত্থাপন করছেন না। আজকে দেখছি ওলেস্ট বেঙ্গল মাইনি সেটেলমেণ্ট বিল আমাদের হেল্‌থ মিনিষ্টারের করার কথা, কিন্তু তিনি নেই, দিল্লী গেছে এখন শুনছি তিনি অসুস্থ, অসুস্থ হলে কারোর কিছু করার নেই, কালকেও দেখলাম পুলি মন্ত্রী উপস্থিত থাকা সত্ত্বেও শিক্ষামন্ত্রী পুলিশ বিল উত্থাপন করলেন, তিনি করলেন না। এ থেকে মনে হচ্ছে যে গুরুত্ব দিয়ে সভার কাজ পরিচালনা করা উচিত সেটা করা হচ্ছে না।

[2—2-10 p.m.]

এখানে ওয়েষ্ট বেঙ্গল মাইনিং সেটেলমেণ্ট বিল যেটা রাখা হল সিলেক্ট কমিটিতে আলোচ হওয়ার পরে, সিলেক্ট কমিটিতে আমি ছিলাম এবং বিস্তৃতভাবে সেখানে আলোচনা করার সুযে হয়েছিল কিন্তু মুস্কিল যে কারণে সিলেক্ট কমিটির কাছে পাঠানো হয়েছিল, অর্থাৎ বিলটা আরো ভালভাবে পড়ে বিলের বিভিন্ন ধারাগুলি নিয়ে আলোচনা করে তার প্রয়োজনীয় সংশো করে যাতে এই বিলটা হাউসে আনতে পারে, কিন্তু দুঃখের বিষয় কিছু কিছু ধারা পরিবর্তন ক সেখানে সম্ভব হলেও কতক ভাল অত্যন্ত গুরুত্বপূর্ণ ধারার কোন পরিবর্তন করা সেখনে সম্ভ হয়নি, যার ফলে আজকে আবার নতুন করে সেই সমস্ত ধারার উপর আলোচনা করতে হয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন এই কয়লা শিল্প এবং কয়লাখনি তাহাতে সাধারণ শ্রমিক কর্মচারী এবং কয়লা খনির যে পার্সোনেল তাদের চা পাশের আবহাওয়া এ পরিস্থিতি সম্পর্কে। সেই পরিস্থিতি সম্পর্কে একটা খুব পরিষ্কার চিত্র যদি আমাদে কাছে না থাকে তাহলে আমরা কি করতে চাচ্ছি এবং কেন করতে চাচ্ছি সেটা সম্পর্কে পরিষ্ক বক্তব্য রাখা সম্ভব হয় না। আমি কয়লাখনি অঞ্চলের মানুষ, আমি দেখেছি, আমি এই বিলে মূল উদ্দেশ্য সমর্থন করি, মাইনস বোর্ড অব হেল্‌থ যেটা দীর্ঘদিন ধরে ওখানে আছে, সে পুরানো আইন সেই আইনের পরিণতি হিসাবে মাইনস বোর্ড অব হেল্‌থ মারফৎ যে যে কা করতে হয় তাতে করে সেখানকার মিনিমাম নেসেসেটিজ যা আছে, সেই এলাকার মানুষের স্বাস্থ জলসরবরাহের ব্যবস্থা, স্যানিটেসনের ব্যবস্থা আশেপাশে গ্রামাঞ্চলে উদ্ভূত পরিস্থিতি থাক ফলে আজকে সেখানকার জনজীবন, গ্রামীন স্বাস্থা, গ্রামীন অর্থনীতি এবং এককথায় সেখানক প্রতিটি জেলা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সুতরাং এমন একটা কম্প্রিহেনসিভ বিল আনার প্রয়োজন ছি যে বিল আনলে পর বহু কয়লাখনিতে যাঁরা কাজ করেন এমন শ্রমিক নয়, কয়লাখনির আশে পাশে যেসমস্ত গ্রাম আছে, তার মধ্যে এসে সামগ্রিকভাবে যাতে একটা উন্নয়নের ব্যবস্থা করা য সেইভাবে চিন্তা করে একটা বিল আনা উচিত ছিল কিন্তু তা সত্ত্বেও আমি মনে করি এই বি নিশ্চয়ই অভিনন্দন যোগ্য। পুরানো যে আইন মাইনস বোর্ড অব হেলথ তার চেয়ে নূতন বো সৃষ্টি করার কথা এই বিলে রাখা হয়েছে এবং সেই বোর্ড মারফৎ যেসমস্ত কাজকর্ম করার ক রাখা হয়েছে তাতে মনে হচ্ছে বর্তমানে যে অবস্থা তার চেয়ে অনেক বেশী উন্নতি করতে পার কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে প্রধানতঃ তিনটা বিষয় ছিল, একটা ছিল খ এলাকা বা খনির চার পাশের যে এলাকা সেখানকার প্রধান সমস্যা পানীয় জলের সমস্যা। আপ নিশ্চয়ই জানেন, হয়ে যাবেন শুনলে, সেখানে দেখেছি গ্রীষ্মকালে এক বোতল জল ২ টাকা ক বিক্রি হয়, খনি অঞ্চলের কথা আমি বলছি, রাণীগঞ্জ, আসানসোল প্রভৃতি জায়গায়। দ্বিতী বিষয় হচ্ছে, স্যানিটেসন আপনি নিশ্চয়ই জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয় যে সেই নীলকে আমলে নীল দর্পণ যে কারণে এবং যে অবস্থায় লেখা হয়েছিল আজকে কয়লা খনি অঞ্চলগুলি সেই অবস্থা বিদ্যমান। এখন সেরকম শক্তিশালী লেখক থাকলে হয়ত আজকের দিনে কয়ল দর্পণ নাম দিয়ে নতুন বই লেখা হত এবং তাতে করে কয়লা দর্পণের পাতায় পাতায় সে কাহি লেখা থাকতো, নীল দর্পণের পাতায় পাতায় যে কাহিনী লেখা আছে তার চেয়ে কোনমতে ভ

বরণ পাওয়া যাবে বলে আমি মনে করি না। এখনও পর্যন্ত এই কয়লাখনির মালিকরা প্রতি বছর কোটী কোটী টাকা মুনাফা করা সত্ত্বেও এই সমস্ত শ্রমিক-কর্মচারীর যে পরিবেশ বা তার আশেপাশের গ্রামগুলির যে অবস্থা তাতে করে তাদের অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে। সদিক থেকে এই বিলের মারফৎ তাদের খানিকটা সুযোগ-সুবিধা দেওয়ার যে পরিকল্পনা, সে পরিকল্পনা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য সন্দেহ নেই কিন্তু সেই পরিকল্পনাগুলি যদি বাস্তবে রূপায়িত করতে হয় তাহলে যে কয়টি মূল জিনিস করা উচিৎ ছিল এই বিলে সেই সমস্ত জিনিস আমরা দেখতে পাচ্ছি না। এর পরে যখন দফাওয়ারী আলোচনা হবে, আমরা সংশোধনী চাচ্ছি, যখন আমি তার উপর বলবো কিন্তু যে বোর্ড তৈরী করা হল তার ক্লজ ৭এ আছে, তাঁরা প্লেন যে আমরা এই বোর্ড তৈরি করা সম্পর্কে কমিটি তৈরি করবো ১৬ জনকে নিয়ে, The Board shall consist of not less than sixteen and not more than seventeen members.

অর্থাৎ ১৬ জন বা ১৭ জনকে নিয়ে বোর্ড তৈরি করা হবে, অথচ তার মধ্যে সরকার ৯।১০ জন মনোনীত করবেন, অর্থাৎ ১৬ জনের কমিটিতে ১০ জনকে সরকার মনোনীত করবেন, বাকী কারা থাকবেন সেটা দেখলে আপনি আশ্চর্য হবেন

four members to be elected by owners of mines which employ persons residing within the mining settlement.

অর্থাৎ ৪ জন, মালিকরা নির্বাচিত করবেন। আর

one member to be elected by the National Association of the colliery manager, আর একজন

to be elected by the members of the Indian Mining Association

অর্থাৎ ম্যানেজারদের যে সংস্থা আছে, সেই ম্যানেজার-এর সংস্থা থেকে ২ জন, মালিকদের ৭ জন, আর বাকী ৯ জন সরকার মনোনীত করবেন। তার মানে ৯ জন, আর ৬ জন, ১৫ জন হল; আর বাকী একজন মাত্র শ্রমিকদের তরফ থেকে হবে। তাও তিনি নির্বাচিত হবেন এবং সেই শ্রমিকটিকে সেখানে কাজ করতে হবে। অর্থাৎ মাইনিং-এ বা খনিতে কাজ করেন, এই রকম লোকদের তরফ থেকে, একজনকে সরকার মনোনীত করবেন। তার মানে এটি একটি সরকারী সংস্থা হয়ে দাঁড়াবে। একে বোর্ড নাম দিয়েই বা কি লাভ। আমিও মনে করি এটি একটি গভর্নমেণ্টের ডিপার্টমেণ্ট হওয়া উচিত। অর্থাৎ, এই যে খনি এলাকায় প্রচণ্ড সমস্যা, সেই প্রচণ্ড সমস্যা সমাধান করবার জন্য সরকার একটি সংস্থা গঠন করছেন, এবং যে সংস্থায় সরকারের মনোনীত ৯।১০ জন সদস্য থাকবেন, এবং মালিক, এবং ম্যানেজারদের তরফ থেকেও লোক থাকবেন। আমি মালিক ও ম্যানেজার-এর মধ্যে কি তফাৎ, তা জানিনা।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে একটি কলিয়ারির ম্যানেজার বা মালিক যে কমিটিতে থাকবেন, সেখানে মালিক যে কথা বলবেন, তার বিরোধিতা করে ম্যানেজারের ম্যানেজারী করা চলবে না। অন্ততঃ বর্তমান অবস্থায়, সরকার আমাদের যে দিকে নিয়ে যাচ্ছেন বা যে অবস্থা সৃষ্টি করে রেখেছেন তাতে এটা সম্ভব বলে মনে করি না। অর্থাৎ সেখানে মালিক ৪ জন যারা ইয়েস বলবেন, ২ জন ম্যানেজার, যারা মালিককে সমর্থন করে ইয়েস বলবেন, এই রকম দু-জন, অর্থাৎ ছয়জন, আর বাকী সরকারের ৯ জন। সুতরাং বুঝতেই পারছেন এই বোর্ড কিভাবে কাজ করবে। অর্থাৎ একটা স্বায়ত্বশাসিত বোর্ড বলে যে জিনিষ পরিবেশন করার কথা চিন্তা করা হয়েছে, এটা আসলে হচ্ছে একটা সরকারী প্রতিষ্ঠান। সেই আমলাতান্ত্রিকদের ভাব এর উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। সেই আমলাতান্ত্রিক পদ্ধতিতে মানুষের দৈনন্দিন যে আশু প্রয়োজন, সেই আশু প্রয়োজনগুলিকে এই লাল ফিতার বাঁধনে আবার দীর্ঘদিন ঝুলিয়ে রাখার ব্যবস্থা হচ্ছে, এবং তাদের যে একটা ন্যূনতম সুযোগ-সুবিধার অধিকার সেই অঞ্চলে সৃষ্টি করার প্রয়োজন, সেই প্রয়োজনীয়তা সৃষ্টি করার সম্ভাবনা এই বিলে থাকছে না।

দ্বিতীয়ত আমি আর একটি কথা বলছি ধরুন এই বিলের বিভিন্ন ধারার মধ্যে কতকগুলি আইন তৈরী করলেন। আইন তৈরী করে, যখন সেগুলি নিয়ে বোর্ড কাজ করতে যাবে, তখন ধরুন যদি কোন মালিক বা মালিকের পক্ষ থেকে কোন দায়িত্বশীল কর্মচারী সেই আইন ভংগ করেন, তাহলে তাঁর কি হবে? এই বিলে শাস্তি দেবার যে ধারা আছে, সেই অনুসারে তার এক হাজার টাকা জরিমানা হবে। এতো প্রত্যেক মালিকই খুসী হয়ে দেবেন। সুতরাং তাঁরা এমন

আইন ভঙ্গ করবেন, যে আইন ভাঙ্গার ফলে বা না ভাঙ্গার ফলে তার কয়েক লক্ষ টাকা মুনাফা হবে, এবং তার জন্য তাকে যদি এক হাজার টাকা পেনালটি দিতে হয়, তাতে তার বিশেষ কিছু এসে যাবে না। আমি বলবো এতে তাদের ইনসেন্টিভ দেওয়া হচ্ছে। বরং এটা করা উচিত ছিল, যে কথা আমি সিলেক্ট কমিটিতে বলেছিলাম, আবার আমি বলছি, এবং আশাকরি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় নিশ্চয় এ বিষয় বিবেচনা করবেন। শুধু ফাইন নয়, তাদের ইম্‌প্রিজনমেণ্ট দেবার ব্যবস্থা করা হোক। কারণ আমরা জানি এবং দেখেছি কয়লার খনির মালিকদের এক হাজার দু-হাজার টাকা বা পাঁচ হাজার টাকা ফাইন দিতে কষ্ট বা অসুবিধা হয় না। কারণ তার চেয়ে অনেক বেশী টাকা তারা আইন ভঙ্গ করে রোজগার করে থাকেন। কিন্তু তাদের যদি হাজত বাসের ব্যবস্থা করা যায়, তাহলে নিশ্চয় তারা এ বিষয় চিন্তা করবেন, এবং আইন ভঙ্গ করতে সাহস করবেন না। সুতরাং এই বিলে ইম্‌প্রিজনমেণ্ট-এর ব্যবস্থা রাখা উচিত ছিল।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি বিষয় এখানে উল্লেখ করতে চাই। সেটা হল এই যে জলাধার বোর্ড গঠন করা হচ্ছে বা এই যে কলিয়ারী মাইনিং সেটেলমেণ্ট বিল আনছেন, এই কলিয়ারী মাইনিং সেটেলমেণ্ট বিল আনার পরে, এই বোর্ড তৈরী হওয়ার পরে, আপনারা কোন দিন ঐ অঞ্চলে পানীয় জলের যে সমস্যা আছে, তা সমাধান করতে পারবেন না। কারণ, আপনি জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে দীর্ঘদিন ধরে রাণীগঞ্জ ওয়াটার বোর্ড স্কিম পড়ে আছে। আজ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার এ সম্পর্কে কোন সিদ্ধান্ত নিতে পারলেন না।

তাঁদের এই না নিতে পারার পিছনে, শুধুমাত্র একটাই কারণ আছে, সেটা হচ্ছে তাদের চিন্তার ব্যর্থতা, তাদের চিন্তার দীনতা এবং ঐ এলাকায় যে বিরাট পানীয় জলের অভাব তা উপলব্ধি করার মত যে মানবিক চেতনার প্রয়োজন, তা থেকে তারা বঞ্চিত। সেন্ট্রাল গভর্নমেণ্টের যে ওয়েলফেয়ার ফাণ্ড আছে, তা থেকে তারা কয়েক লক্ষ টাকা দীর্ঘদিন ধরে দিতে চেয়েছেন, যাতে সেই টাকা দিয়ে রাণীগঞ্জ ওয়াটার বোর্ড স্কীম করা যায়, যেমন ঝরিয়া ওয়াটার বোর্ড স্কীম আছে। সেই ওয়াটার বোর্ড-এর মারফতে সেখানকার এনটায়ার অঞ্চলে জল সরবরাহ করার জন্য তারা যে একটা বৈজ্ঞানিক পদ্ধতি গ্রহণ করেছে সেই রকমভাবে এই রাণীগঞ্জ ওয়াটার বোর্ড স্কিমকে চালু করুন। গত বাজেট অধিশেনের আগের অধিবেশনে আমি এই প্রশ্ন তুলেছিলাম, তাঁরা বলেছিলেন সেটা তাদের চিন্তায় আছে। জানিনা আর কতদিন এটা তাদের চিন্তার মধ্যে থাকবে। অথচ সেখানে গ্রীষ্মের সময় লোককে ১ টাকা দিয়ে ১ গ্যালন জল কিনে খেতে হয়। যেখানে পানীয় জলের এই রকম সংকটজনক অবস্থা, সেখানে এই পরিকল্পনাকে কেন এখনও ঝুলিয়ে রাখা হয়েছে, তা আমরা বুঝি না। অথচ এই নূতন বিলে যে বোর্ড আপনারা গঠন করতে যাচ্ছেন, এই বোর্ডের মারফৎ বা এই বিলের যে সমস্ত ধারা সংযোজিত করা হয়েছে, তার দ্বারা আপনারা পানীয় জলের সমস্যা সমাধান করতে পারছেন না, বা পারবেন না। সুতরাং আমি বলবো কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা নিয়ে এসে, সমস্ত পানীয় জলের সমস্যাটাকে ইনক্লুড করে একটা ইন্‌টিগ্রেটেড স্কিম নিতেন, তাহলে সেই অঞ্চলে যে ঘোষিত পরিকল্পনা আছে, তা সার্থক হতে পারতো।

[2-10—2-20 p.m.]

দ্বিতীয় কথা হল আপনারা যে টাকা আদায় করার ব্যবস্থা এখানে করেছেন তাতে আপনারা করেছেন যে লেভি করবেন কলিয়ারীর মালিকদের উপরে। কিন্তু দেখলে দেখা যাবে যে আপনারা যেন অত্যন্ত ভয় পাচ্ছেন। অর্থাৎ আপনারা এই যে বোর্ড চালাবেন, ঐ অঞ্চলের সুখ-সুবিধা দেবেন, সেখানকার পাবলিকের স্যানিটেসান-এর যে আপনারা ব্যবস্থা করবেন, এখানকার যে সমস্ত অভাব-অভিযোগ আছে। এই পরিবেশকে উন্নত করার যে সমস্ত বাধা আছে সেই বাধাগুলি যে অপসারণ করবেন তার জন্য যে প্রচুর টাকার দরকার সেই টাকা আপনারা কোথা থেকে নেবেন। টাকা নেবার একমাত্র উপায় ছিল ঐ যে কয়লা রেইজিং হচ্ছে সেই রেইজিং-এর উপরে ভাল একটা লেভি ধরুন। কিন্তু দেখলাম সেখানে ঐ কোলিয়ারীর যে বিরাট বিরাট মালিক, লক্ষপতি কোটিপতি মালিক, তাদের পকেটে হাত দিতে আপনারা ভীষণ ভয় পাচ্ছেন। সেই জন্য বলছি যে আপনারা যে টাকার অঙ্কটা ধরেছেন সেটা অত্যন্ত নগণ্য। এই হারে যদি আপনারা টাকা তোলেন তাতে যে টাকা হবে এবং রাইজিং-এর উপর যদি লেভি করে টাকা না

তোলেন তাহলে আপনারা যে পরিকল্পনা ঘোষণা করেছেন তার কিছুই হবে না। আমি আবার বলছি এর একটা দারুন সম্ভাবনা আছে, যে জিনিসে আপনারা হাত দিয়েছেন তা অতি উপযুক্ত সময়ে হাত দিয়েছেন এবং আমি মনে করি যে একটা গৌরবজনক পদক্ষেপ আপনাদের নিশ্চয়ই, এই খনি অঞ্চলের জন্য আপনারা ভেবেছেন, একটা বোর্ড করতে যাচ্ছেন কিন্তু ওই সমগ্র পরিকল্পনার একটা করুণ পরিণতি হবে যদি না একটা ইন্‌টিগ্রেটেড পরিকল্পনার মধ্যে আসতে পারেন এবং যদি সেই পরিকল্পনাকে রূপায়িত করার জন্য যে অর্থের প্রয়োজন সেই অর্থ তুলবার জন্যে ঐ সমস্ত বড় বড় রাঘববোয়াল কোলিয়ারীর মালিক তাদের কাছ থেকে ঐ টাকা আদায় করার একটা সুষ্ঠু ব্যবস্থা না করেন তাহলে আপনাদের এই যে বিরাট পরিকল্পনা, একটা কাবামক প্রতিভা মন্ত্রীদের মাথা থেকে বেরিয়েছে তা শুকিয়ে যাবে এবং কিছুদিন বাদে আবার আমরা দেখবো যে ঐ কয়লাখনি অঞ্চলে যে হাহাকার, যে দারিদ্র্য এবং যে অস্বাস্থ্যকর অবস্থার মধ্যে তারা বাস করছে তার মধ্যেই তারা আবার পড়ে আছে এবং আমরা সেকথা আবার এখানে এসে বলবো এবং আপনারা বলবেন আমরা বিল পাশ করেছি, আমরা বোর্ড তৈরী করেছি, আমরা তাদের জন্য ভাল ভাল আইন পাশ করেছি, আসলে কিছুই হবে না, সমস্তটাই ধাপ্পায় পরিণত হবে। সেই জন্য আমি বলছি যে বিল আপনারা এনেছেন অভিনন্দনযোগ্য, সে বিলের মধ্যে দারুণ প্রতিশ্রুতি আছে কিন্তু সেই প্রতিশ্রুতিকে কাজে লাগাবার জন্য যে ধারাগুলিকে আপনারা পরিবর্তন করুন। পরিবর্তন করে আর্থিক যে ব্যবস্থা সেই ব্যবস্থাকে আর একটু সুদৃঢ় করুন। এই বিলটাকে যদি কার্যকরী করা যায় তাহলে আমি মনে করি কয়লাখনির শ্রমিকরা দারুণ একটা মধ্যযুগীয় অবস্থায় পড়ে আছে তাকে উন্নত করা হয়। এই বলে মাননীয় মন্ত্রিমহাশয়কে এই কথাগুলি বিবেচনা করবার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Monoranjan Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহুদিনের প্রত্যাশিত আমাদের কয়লাখনির শ্রমিকদের স্বাস্থ্য সম্পর্কিত একটি বিল এসেছে। মধ্যপ্রদেশ আমলের যে বিলটি ছিল সেটির পরিবর্তন করার একটি পরিকল্পনা সরকার পক্ষ থেকে নেওয়া হয়েছিল। একটি সিলেক্ট কমিটিতে ছিল এবং সিলেক্ট কমিটির সুপারিশও দেখলাম, সেই সুপারিশের পরে যেভাবে বিলটি এসেছে তাতে কয়লাখনির শ্রমিক যারা আমাদের বাংলাদেশে তথা ভারতবর্ষের শ্রমিকশ্রেণীর মধ্যে বিভিন্ন শিল্পের শ্রমিকদের মধ্যে অন্যতম সবচেয়ে বেশী শোষিত, নিপীড়িত এবং যে অবস্থায় তাঁরা থাকেন তাদের কোন উন্নতি হবে এই বিলের দ্বারা তা বলে আমার মনে হয় না। কারণ কয়লা খনির শ্রমিকদের স্বাস্থ্যের অবস্থা যারা, কয়লা খনিতে যান তাঁরা দেখেছেন, তাঁরা জানেন যে কি অবস্থায় তাঁরা বসবাস করেন। এই রকমভাবে যাদের দিনের পর দিন, বছরের পর বছর থাকতে হয়, কত সংখ্যায় তাঁদের টি বি-তে মৃত্যু হয়, কত এপিডেমিক-এ মৃত্যু হয়, এবং সংখ্যা যদি দেখা যায় তাহলে বোঝা যাবে অন্যান্য স্থানের তুলনায় কয়লা খনির শ্রমিকদের স্বাস্থ্য কি ভয়ানকভাবে খারাপের দিকে যায় এবং তা যেতে বাধ্য। যে অস্বাস্থ্যকর অবস্থার মধ্যে তাঁরা কাজ করেন, বিশেষ করে কয়লা খনির নীচে দিনের পর দিন, বছরের পর বছর তারপরে উপরে উঠবার পর সেখানে তাঁরা থাকেন, যে বস্তিগুলিতে থাকা বলা হয়, তাতে যে তাদের স্বাস্থ্য ভেঙ্গে পড়বে এটা খুবই স্বাভাবিক। এখানে এই বিলটিতে তাদের চিকিৎসা ব্যবস্থা কিভাবে কি করা হবে সেটা নেই কিন্তু ডাক্তারদের কি কি ক্ষমতা সেটা আছে খানিকটা। আমার সবচেয়ে বড় যেটা লাগলো সেটা হচ্ছে যাদের স্বাস্থ্যের জন্য এই বোর্ডটি তৈরী করা হচ্ছে, যাদের চিকিৎসার ব্যবস্থা করার জন্য হচ্ছে তাঁদের যে সদস্য পদ তা মনোনীত করবেন সরকার এবং সেখানে মালিকদের পক্ষ থেকে চারজন নিজেরা মনোনীত করে দেবেন এবং দুইজন ম্যানেজারদের মধ্যে থেকে আসবেন অর্থাৎ মালিকরাই মনোনীত করে দেবেন, মানে ৬ জন মালিক পক্ষ সেখানে কয়লা খনির শ্রমিকদের পক্ষ থেকে মাত্র দুইজন। আগে একজন ছিল তারপর অধিকাংশ সিলেক্ট কমিটির মেম্বারদের মত নিয়ে দুইজন করা হয়েছে। সিলেক্ট কমিটির সদস্যদের মধ্যে অধিকাংশই সরকার বা মালিকদের প্রতিনিধি, মাত্র ২ জন কয়লা খনির শ্রমিকদের সদস্য, তাও সরকার মনোনীত, কারণ শ্রমিকদের মনোনয়নের অধিকার নাই। এখানেই আমার মনে হয় এই বিলের সর্বপ্রধান দুর্বলতা, কারণ এতে এই হবে যে, শ্রমিকেরা তাদের বক্তব্য পেশ করবার কোন অধিকার পাবে না। সরকার

মনোনীত সদস্যরা বা সোসাল ওয়েলফেয়ার অফিসার, এরা কেউ শ্রমিকের স্বার্থের দিকে দেখবেন না এটা অত্যন্ত সোজা কথা। যদি কোন শ্রমিক কোনদিন কাজে না যেতে পারে তাহলে তাকে ডাক্তারের কাছ থেকে সার্টিফিকেট দিতে হয়, কিন্তু যেহেতু ডাক্তারদের উপর মালিকদের প্রভাব ও আধিপত্য থাকে, তাঁরা সেজন্য শ্রমিকেরা অসুস্থ হলেও সার্টিফিকেট দিতে ইতস্তত করেন, যার ফলে শ্রমিকের অ্যাটেনডেন্স বোনাস কাটা যায়, লিভ পে কাটা যায়, এবং দেশে যাওয়ার জন্য যে পাস পায় সেই পাস কাটা যায়। সুতরাং বোর্ড-এ যদি শ্রমিকদের প্রতিনিধি যথেষ্ট সংখ্যক না থাকে তাহলে শ্রমিকদের আগে যে অসুবিধা ভোগ করতে হত সেই অসুবিধাই থেকে যাবে। পরিসংখ্যান নিলে দেখা যাবে যে, অন্যান্য শিল্পে নিয়োজিত শ্রমিকদের তুলনায় কয়লা খনিতে নিযুক্ত শ্রমিকেরা অনেক বেশি যক্ষ্মারোগে ভোগে। সেজন্য আমি মনে করি যে, যদি ত্রিদলীয় কমিটি করা হয় সেই কমিটিতে মালিকদের যে কয়জন প্রতিনিধি থাকবেন শ্রমিকদেরও ততজন প্রতিনিধি নেওয়ার ব্যবস্থা থাকা উচিত। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের নিকট আবেদন জানাব অন্যান্য ট্রেড ইউনিয়ন-এর বেলায় যেমন করেন এই বিলের বেলায়ও যেন তাই করেন।

[2-20—2-30 p.m.]

আমি জানি বিভিন্ন শিল্পের ব্যাপারে যে বোর্ড আছে সেখানে সরকার যখন মনোনীত করেন তখনও শ্রমিকদের মনোনীত সদস্য শেষ পর্যন্ত মনোনীত করেন। কিন্তু তার আগে ট্রেড ইউনিয়নগুলোর কাছে, সংগঠনগুলোর কাছে লিখে পাঠাবে যে তাদের সদস্য কে হবেন তাঁর নাম লিখে পাঠাও এবং সেটা পেলে সেই সদস্যকে মনোনীত করে সরকার পাঠায়। আমি টি বোর্ডের কথা বলছি, এবং মিনিমাম ওয়েজ বোর্ড কমিটি যেটা আছে সেখানেও সরকার এই নিয়ম পালন করে থাকেন। কাজেই মাইনিং ওয়ার্কার্সদের জন্য হেলথএর যে বোর্ড হচ্ছে সেখানে সরকার যেমন ট্রেড ইউনিয়নগুলোর কাছে তাদের সদস্যদের নাম চেয়ে পাঠান এখানেও তাই করা হোক। কিন্তু মাত্র যদি দুজন শ্রমিক সদস্য রাখা হয় তাহলে আমি বলছি সরকার যে উদ্দেশ্যে সংশোধন করতে চান সেটা সিদ্ধ হবে না এবং কয়লা খনির শ্রমিকরা যেভাবে আছে, তাদের স্বাস্থ্যের যে অবস্থা আছে তার বিন্দুমাত্র উন্নতি হবে না। কাজেই এটা সংশোধন করার আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত আনন্দের কথা মাননীয় সদস্যগণ এতক্ষণ ধরে যে ভাষণ দিয়েছেন তাতে সকলেই এই বিলটির প্রশংসা করেছেন এবং বলেছেন এই বিলটি বহু প্রত্যাশিত ব্যাপারে সাহায্য করতে পারে। তবে এসব সত্ত্বেও তাঁরা কিছু কিছু বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন। মাননীয় সদস্য মনোরঞ্জনবাবু বলেছেন আমাদের বোর্ডের যে গঠনতন্ত্র নির্ধারিত হয়েছে তাতে শ্রমিকদের প্রতিনিধিত্ব ঠিকমত দেওয়া হয় নি। মাননীয় সদস্য বলাইবাবুও একথা বলেছেন এবং মনে হয় সকলেই এই ধরনের কথা বলেছেন। আমি দেখলাম মাইনস বোর্ড যেটা গঠিত হবে তাতে সরকার শ্রমিকদের প্রতিনিধিত্ব করবার জন্য দুজন মনোনীত করবেন। কিন্তু এই প্রসঙ্গে আমাদের মনে রাখতে হবে যাঁরা মনোনীত হবেন তাঁরা সত্যসত্যই শ্রমিকদের কথা চিন্তা করবেন কি না। এখানে আছে,

two shall be members of the State Legislature residing within, or representing a territorial constituency extending over the whole or any part of the mining settlement.

এখন কথা হোল জনসাধারণের সমর্থনে যাঁরা আইন সভায় আসবেন তাঁরা স্থানীয় শ্রমিকদের স্বার্থের কথা চিন্তা করবেন না এটা মনে করা আমার পক্ষে বোধ হয় ভুল হবে। তারপর আছে, ওয়ান শ্যাল বি এ মেম্বার অফ দি জেলা পরিষদ হ্যাভিং জুরিসডিকশন উইদিন দি মাইনিং সেটেলমেন্ট। জেলা পরিষদের স্থানীয় সদস্য যখন এখানে থাকছেন তখন তিনি স্থানীয় শ্রমিকদের কথা চিন্তা করবেন না একথাও মনে করা ভুল হবে। তারপর আছে,

one shall be a woman social worker and not less than two and not more than three shall be such persons as the State Government may think fit.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যদি মাইনস বোর্ডের কনস্টিটিউশন ভাল করে দেখি তাহলে দেখব এতে শ্রমিকদের স্বার্থ রক্ষিত হবে না এরকম আশংকা করা ঠিক হচ্ছে না। অন্যান্য জায়গার কথা যদি ধরি এবং পাশাপাশি বিহার, উড়িষ্যার অবস্থা যদি দেখি তাহলে দেখব সেখানে যে মাইনিং সেটেলমেন্ট আইন আছে তাতে শ্রমিকদের প্রতিনিধিত্ব করবার কোন ব্যবস্থা নেই। আমি

বলছিনা এটা ভাল, আমার বক্তব্য হচ্ছে আশেপাশের তুলনায় আমাদের ব্যবস্থা ভাল করা হয়েছে। আমাদের ড্রাফ্‌ট বিলে আগে ছিল না, সেখানে ১ জন করা হয়েছে এবং সিলেক্ট কমিটি কর্তৃক পাশ হয়ে যে বিল এসেছে তাতে ২ জনের কথা বলা হয়েছে এবং অন্যান্য মনোনীতদের কথা যা বলা হয়েছে তাতে শ্রমিকদের স্বার্থ রক্ষিত হবে।

অধ্যক্ষ মহোদয় শ্রীযুত হরিদাস চক্রবর্তী মহাশয় বললেন রাণীগঞ্জ ওয়াটার বোর্ড স্কীম-এর কাজ মোটেই এগচ্ছে না। কবে যে এই কাজ হবে তা বুঝা যাচ্ছে না। আমি এটুকু বলতে পারি রাণীগঞ্জ ওয়াটার সাপ্লাই-এর যে পরিকল্পনা তাতে মোট খরচ হবে প্রায় ৬ কোটি টাকা। এ নিয়ে প্ল্যানিং কমিশন-এর সঙ্গে রাজ্য সরকারের আলাপ-আলোচনা চলছে। আমি এটুকু জানি মাননীয়া স্বাস্থ্য মন্ত্রিমহোদয়া এ বিষয় নিয়ে ডেপুটি চেয়ারম্যান অফ দি প্ল্যানিং কমিশন, অর্থাৎ মেটা মহশয়ের কাছে পত্র দিয়েছেন এবং এ সম্পর্কে সিদ্ধান্তও হয়ত শীঘ্রই করা যেতে পারে। টাকার পরিমাণ অনেক বেশী সেজন্য প্ল্যানিং কমিশন-এর মঞ্জুরী দরকার, অর্থ সাহায্য দরকার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় নাথানিয়েল মুর্মু মহাশয় বলছিলেন যে সরকারের অর্থ সাহায্য থাকা উচিত। নিশ্চয়ই তিনি লক্ষ্য করেছেন যে সরকারী সাহায্যের ব্যবস্থা তো রয়েছে। মাননীয় সদস্য মহাশয় নিশ্চয়ই জানেন যে ক্লজ ২৫এ আছে এই যে, সরকারী সাহায্য পাওয়া যেতে পারে। আর একটা কথা বোধ হয় শ্রীযুত মুর্মু মহাশয় বললেন যে জমিদারী দখল ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট, ১৮৯৪এ হবে কেন?

Shri Nathaniel Murmu:

আমি বলেছিলাম ল্যান্ড অ্যাকুইজিশন যেটা করবেন সেটা মাইনিং সেটেলমেন্ট এর উপর অধিকার বর্তাবে, যখন মাইনিং সেটেলমেন্ট সরকারের টাকাটা দেবে সেটা কিস্তিবন্দীতে দেওয়ার যদি ব্যবস্থা হয় তাহলে মাইনিং সেটেলমেন্ট-এর সুবিধা হবে।

The Hon'ble Syamadas Bhattacharyya:

ডেপ্টিং-এর পরে টাকা দেবে, টাকা দফায় দফায় দেবে টাকার অভাবে তাদের কাজের অসুবিধা হবে, এইতো! টাকার অভাবে কাজের যাতে অসুবিধা না হয় ফান্ড যাতে পেতে পারে সেজন্য বিভিন্ন-ভাবে টাকা সংগ্রহ করতে পারে, টাকা জমা পড়তে পারে, বোর্ডের হাতে অধিকার আছে। সুতরাং আইন সঙ্গতভাবে ১৮৯৪ অ্যাক্ট অনুযায়ী জমি দখল করার যে কথা সেইভাবে দখল করতে গিয়ে অর্থের অভাব যদি ঘটে তাহলে নিশ্চয়ই সরকারী সাহায্য পাওয়া যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়লা খনির আশেপাশের লোকদের এর মধ্যে আনার সম্বন্ধে মাননীয় হরিদাস চক্রবর্তী মহাশয় একটা কথা তুলেছিলেন। আমি খোঁজ নিয়ে জানলাম শুধু যে খনির কাজে নিযুক্ত লোকেরাই এই আইনের আওতায় পড়ে তা নয়, খনিতে নিযুক্ত থাকে না—গ্রামবাসী এমন লোকও আইনের মাধ্যমে উপকার লাভ করতে পারে। আসানসোল মাইনিং বোর্ডের অধীনে প্রায় ৬ লক্ষ লোকের বাস। তার মধ্যে ৪ লক্ষ এবং তাদের পরিবার সহ খনির কাজে নিযুক্ত প্রায় দু লক্ষ লোক খনি ছাড়া অন্যান্য কাজে নিযুক্ত কিন্তু তারাও এখানকার স্বাস্থ্য রক্ষা সম্পর্কে, এখানকার পানীয় জল সরবরাহ সম্পর্কে, অন্যান্য সুবিধা সম্পর্কে যে ব্যবস্থা আছে সেগুলি সম্পর্কে তারা উপকার লাভ করতে পারে। টাকার যে ফান্ড আদায় করা হবে সে সম্পর্কে শ্রীযুক্ত হরিদাস চক্রবর্তী মহাশয় বলছিলেন বড্ড ভয়ে ভয়ে পাছে মাইনিং ওনারদের পকেটে হাত দিতে হয় এর জন্য খুব সঙ্কোচের সঙ্গে এগুচ্ছি। একথা মোটেই সত্য নয়। আমরা এখন সাড়ে চার টাকা পার ১০০ টন আদায় করতে পারি। সেই জায়গায় ১০ টাকা আদায় করতে পারি বলা যাচ্ছে। ১০ টাকা ৪॥ টাকার ২॥ গুণ। ২॥ গুণ যে করতে পারি তাহলে খুব ভয়ে ভয়ে সংকোচের সঙ্গে তাঁদের বিরাগভাজন হব কি হব না এই সব চিন্তা করে করেছি তা ঠিক নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ সম্পর্কে যখন আলোচনা হবে তখন সেই দফাওয়ারি আলোচনার সময় আরো কিছু প্রশ্ন উত্থিত হলে যতদূর সম্ভব আমি উত্তর দেওয়ার চেষ্টা করব। মাননীয় সদস্য শ্রীহরিদাস চক্রবর্তী মহাশয় প্রথমে বলেছিলেন যে এই বিলটা আমার মেম্বার ইন চার্জ হিসাবে থাকার কথা নয়। সত্য কথা। আমাদের স্বাস্থ্য মন্ত্রী মহাশয় সত্যই অসুস্থ হওয়ার জন্য তিনি আসতে পারেন নি। সেজন্য দু'-চারটা প্রশ্নের উত্তর এড়িয়েও যেতে পারে। তবে যথা সম্ভব চেষ্টা করব উত্তর দেওয়ার জন্য।

[2-30—2-40 p.m.]

The motion that the West Bengal Mining Settlements (Health and Welfare) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion there on was then put and lost.

The motion of the Hon'ble Syamadas Bhattcharyya that the West Bengal Mining Settlements (Health and Welfare) Bill, 1964, as reported by the Joint Committee, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Mr. Speaker: There is an amendment from Shri Bijoy Pal. He is not in the House and the amendment is not moved.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 5 and 6

The question that clauses 5 and 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Shri Haridas Chakravarty: Sir, I beg to move that in clause 7(1)(a), line 1, for the word "four" the word "three" be substituted.

I also move that in clause 7(7)(a), line 1, for the words "four members", the words "two members" be substituted.

I also move that after clause 7(1)(d), the following be inserted:—

"(dd) four members to be elected by the mine labourers of the locality from amongst themselves;"

I also move that in clause 7(1)(e), line 1, for the words "not less than nine members and not more than ten members", the words "not less than seven and not more than eight members" be substituted.

Sir, I also move that in clause 7(1)(e)(iv), in line 1, after the words "social worker" the words "residing within the mining settlement" be inserted.

I also move that clause 7(1)(e)(v) be omitted.

স্যার, ক্লজ ৭, বোর্ডের কনস্টিটিউশান সম্পর্কিত যে ধারা সেই ধারায় আমার কয়েকটি অ্যামেন্ডমেন্ট আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ ৭-তে অনেকগুলি ধারা আছে। বোর্ড কেমন করে তৈরি হবে যেমন প্রথমে আছে

four members to be elected by owners of mines which employ persons residing within the mining settlement

সেখানে আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে

two members to be elected by owners of mines which employ persons residing within the mining settlement or by representatives of such owners duly authorised in the prescribed manner.

কারণ, প্রথমে ৪ জন করা হয়েছে। তার কানেক্‌টেড অ্যামেন্ডমেন্ট হচ্ছে যেটা ৫-এ আছে two shall be persons representing mine labourers.
ওখানে আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে, তাহলে নাম্বারটা এক হয়ে যাচ্ছে. সেখানে আমি বলছি মাইন লেবারার্স ৪ জনকে এবং ৪ জন মাইন লেবার দ্বারা ইলেকটেড হবে এই সংশোধন আছে। তারপর ৫ই, ক্লজ ৭(১)(ই)(ডি) যেটা আছে সেটা ডিলিট করতে বলছি। অর্থাৎ
two shall be persons representing mine labourers.
এটা ডিলিট করতে বলছি, করে একটা নিউ ক্লজ আমি অ্যাড করতে বলছি
four members to be elected by the mine labourers of the locality from amongst themselves.
(এই হচ্ছে আমার অ্যামেন্ডমেন্ট ক্লজ ৭এ। এবং আর একটা অ্যামেন্ডমেন্ট আছে এখানে যেখানে ক্লজ ৭(ই) আছে সেখানে আমি অ্যামেন্ড করতে বলছি
not less than nine and not more than ten members to be appointed by the State Government.
কারণ, সরকার মনোনীত করার যে ক্ষমতা এখানে বেশী নিয়েছিলেন সেহেতু ওয়েলফেয়ারে যে সমস্ত কর্মরত শ্রমিক আছে তাদের থেকে ২ জনের জায়গায় ৪ জনকে এরা নির্বাচিত করে দেবেন সেহেতু সরকার মনোনীত যে সংখ্যা সেই সংখ্যাকে কমিয়ে দেবার জন্য আমি সংশোধন রেখেছি। একটু আগে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন দফাওয়ারি আলোচনার সময় তিনি চিন্তা করবেন। আমি তাহলে আবার অনুরোধ করব যার জন্য এই বোর্ড পরিচালনা করার কথা চিন্তা করছেন এবং সেই সমস্ত শ্রমিক কর্মচারী যারা ঐ বোর্ডের দ্বারা তাদের স্বাস্থ্য, বলুন, ঐ অঞ্চলের পরিবেশের কথা বলুন, স্যানিটেশানের কথা বলুন, আঞ্চলিক স্বাস্থ্যের কথা বলুন এবং ব্যক্তিগতভাবে সমস্ত শ্রমিক কর্মচারীর স্বাস্থ্যের কথা বলুন কোনটাই সুষ্ঠুভাবে হবে না যদি না এই বোর্ড যারা তৈরি করছেন শ্রমিকদের প্রতিনিধি বেশী থাকে। সেজন্য বলছি ১৬ জনের যে বোর্ড আপনারা করছেন সেখানে ৯।১০ জন সরকার মনোনীত করবেন আর বাকি ৬ জন মালিকের। ৯ জন সরকার মনোনীত হলে ১৫ জন হয়, তাহলে একজন মাত্র থাকছে শেষ পর্যন্ত শ্রমিকদের। তাও আবার আপনারা মনোনীত করবেন। ফলে আমরা ধরে নিতে পারি আপনারা আই এন টি ইউ সি র লোককে মনোনীত করবেন। তার মানে হচ্ছে যে পুরো কমিটিটা আপনারা দলীয় স্বার্থে তৈরি করলেন। সুতরাং আমি বলবো, যে আপনারা একটা ভাল কাজ করতে চাচ্ছেন অথচ তার ধারগুলি যেভাবে রাখছেন তাতে ভাল কাজ হবে না। বরং দেখা যাবে ভাল কাজের নাম করে একটা কিছু করে কয়লা খনি অঞ্চলের যে স্বাস্থ্য, সাধারণ শ্রমিক কর্মচারীদের যে অবস্থা সেই অবস্থার পরিবর্তন তো হলই না, পরিবর্তনের নাম করে এমন একটা বোর্ড আপনারা তৈরি করলেন যে বোর্ড মারফৎ তাদের কোন সাহায্য বা সুবিধা পাওয়া তো দূরের কথা, বরং তাদের উপর একটা বোঝার মত এটা চেপে থাকলো। এটা বোধ হয় মন্ত্রিমহাশয়ের স্মরণ থাকতে পারে যে এই সদন আমাদের সিলেক্ট কমিটিতে যায় তখন নেপালবাবু, বক্তৃতা করেছিলেন, তিনি ইউনিয়ন করেন, তিনি বলেছিলেন যে শ্রমিকদের প্রতিনিধিত্ব থাকা উচিত এবং সেই প্রতিনিধি শ্রমিকদেরই নির্বাচন করতে দেয়া উচিত। আমি মনে করি নিশ্চয়ই নেপালবাবু এর সমর্থনে কিছু বলবেন, অর্থাৎ আমরা দেখছি যে ১৬ জনের কমিটিতে ন জন সরকার মনোনীত, ৬ জন মালিকরা করবেন, আর একজন শ্রমিক সরকার মনোনীত করবেন, ২ জন ম্যানেজার করবেন। এই যদি হয় তাহলে আমাদের মন্ত্রিমহাশয় নেপালবাবু বা তাঁর মত ট্রেড ইউনিয়নের কর্মী যাঁরা আছেন তাঁদের কতটুকু সার্টিফাই করতে পারবেন আমি জানি না। সে জন্য আমি বলছি যে ক্লজ ৭-টা সম্বন্ধে আর একটু ভালভাবে চিন্তা করুন, কারণ এজন্য আমি বলছি তা যদি না করেন তাহলে এর মূল উদ্দেশ্য ব্যর্থ হবে। সেজন্য আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে আপনারা ৪ জন মালিকের প্রতিনিধি রেখেছেন ওটাকে আমি ২ জন করতে বলছি, শ্রমিক চারজন করতে বলছি, আর সরকার মনোনীত করার ক্ষেত্রে আমি কমাতে বলছি। আমি মনে করি যে শ্রমিকদের প্রতিনিধি শ্রমিকদের দ্বারই নির্বাচিত হওয়া উচিত।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হরিদাসবাবু যে প্রস্তাবটা তুললেন আমি সেটাকে সমর্থন করে বলতে চাচ্ছি—আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, কয়লা শিল্পের গুরুত্ব কত বেশী

সে দিক থেকে চিন্তা করুন যে শ্রমিকদের রিপ্রেজেন্টেটিভ বেশী থাকা উচিত কি না। আপনি নিশ্চয়ই জানেন যে কিভাবে ১৯৫০ সাল থেকে কয়লার উৎপাদন বাড়ছে, তার থেকে বুঝতে পারবেন যে শ্রমিকদের গুরুত্ব কত বেড়ে গেছে। ১৯৫০-৫১ সালে ৩ কোটি ২০ লক্ষ টন যেখানে আমরা কয়লা উৎপাদন করতে পারতাম, সেখানে ১৯৬০-৬১ সালে ৫ কোটি ৪১ লক্ষ টন, ১৯৬২-৬৩ সালে ৬ কোটি ৪০ লক্ষ টন উৎপাদন করতে পেরেছি। এই অবস্থায় আপনারা শ্রমিকদের গুরুত্বের কথা চিন্তা করুন, তাদের স্বাথ্যের কথা চিন্তা করুন—সেখানে ব্যক্তিত্বের কতটা প্রয়োজন রয়েছে। কাজেই আপনারা আজ খুব ভাল উদ্দেশ্য নিয়েই বিলটা এনেছেন কিন্তু আমি বলবো কেবল সরকার মনোনীত ব্যক্তি দিয়ে এই বোর্ড গঠন করা উচিত নয়, তারা কি শ্রমিকদের কল্যাণ করতে পারবে? আপনি অবশ্য বললেন বিহার, উড়িষ্যা প্রভৃতি জায়গায় এই সব কমিটি হয়েছে, এমনভাবে বোর্ড হয়েছে, কিন্তু সেখানে এতখানি শ্রমিকদের রিপ্রেজেন-টেশন দেয় কিন্তু আমি বলবো আপনারা ভাল জিনিষগুলো অনুকরণ করুন না। তাতো আপনারা করেন না—যখন দেখেন কোন জায়গায় ট্যাক্স বাড়লো তখন সেটাকে অনুকরণ করতে চান কিন্তু ভাল জিনিষগুলি আপনারা অনুকরণ করেন না।

[2-40—2-50 p.m.]

আমি বলছি যে, যখন সংবিধানে অধিকার দেওয়া হয়েছে প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকার, তখন তাদের কল্যাণের দায়িত্বটা কেন তাদের উপর দেওয়া হচ্ছে না? আপনি একটা কথা বলেছেন যে এর মধ্যে ত আরও অনেকে আছেন, তারা শ্রমিকদের কল্যাণের কথা চিন্তা করতে পারবেন। এখানকার বিধান সভার দু'-জন সদস্যও সেখানে আছেন, তার ওত জনপ্রতিনিধি, তারাও জেলা প্রতিনিধি হয়ে আছেন, তাঁরাও এদের কথা চিন্তা করতে পারবেন। উনি বললেন সোসাল ওয়েলফেয়ার থেকে সেখানে মহিলা আছেন, তিনিও এঁদের কথা চিন্তা করবেন। আমি বলছি ওপরে কেন তাদের কথা চিন্তা করবেন? যার যে ব্যাপারটা, তাকে সেটা চিন্তা করতে দিন। শ্রমিক, তাদের নিজের কথা তারা চিন্তা করুক। শ্রমিক পূর্বে একটা শোচনীয় অবস্থার মধ্যে ছিল, এটা আপনি নিশ্চয় স্বীকার করবেন। সেটা দাস-জীবন থেকে, আজ কিছুটা উন্নতি হয়েছে। আজকে বিজ্ঞানের উন্নতির ফলে, অন্ততঃ মানবতার খাতিরে, অনেকে এটা মেনে নিয়েছেন, এবং সেইভাবে আইন কানুন হয়েছে। কিন্তু আমি বলছি জেনারেল ইলেকশন-এর সময় তাদের ভোটাধিকারকে বিশ্বাস করতে পারেন, আর, তারা তাদের নিজের উন্নতির জন্য রিপ্রেজেন্টেটিভ পাঠাবে, সেটাকে বিশ্বাস করতে পারছেন না কেন? আপনারা কেন প্রতিনিধি পাঠাবেন? কাজেই হরিদাসবাবু যে সংশোধনীটা এনেছেন যে তাদের রিপ্রেজেনটেশন বেশী সংখ্যায় দেওয়া হোক, এবং তারা তাদের শ্রমিক, খনির ভিতর থেকে তারা যেন নির্বাচন করে নিয়ে আসতে পারে, সেটা আপনি বিশেষভাবে চিন্তা করে দেখবেন। আমি বলছি মালিক, যারা এতদিন শ্রমিকদের শিকার করে খেতো, তাদের উপর শ্রমিক কল্যাণ দেখার দায়িত্ব ভারটা না দিয়ে, শ্রমিকদের, তার নিজের কল্যাণের দায়িত্বটা, তার উপর দিন। এবং যে উদ্দেশ্য নিয়ে সেখানে পানীয় জল সরবরাহের ব্যবস্থা অথবা সেখানে পায়খানার উন্নতি, কিংবা সেখানে খনির শ্রমিকদের পারিপার্শ্বিক অবস্থা ভাল করার দায়িত্ব, শ্রমিকরা যতখানি চিন্তা করবেন, তা মালিক বা অন্য কেউ পারবেন না। এটা আমরা অতীতের ঘটনাবলী থেকে দেখেছি। এই কথাগুলো বলে আমি আমার বক্তব্য শেষ করবার আগে আমি আর একবার আপনাকে অনুরোধ করবো যে, সেখানে শ্রমিকদের প্রতিনিধিত্ব যাতে বেশী করে থাকে তার ব্যবস্থা করুন।

Shri Nathaniel Murmu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই। মাননীয় সদস্য হরিদাস চক্রবর্তী মহাশয় যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবটি সম্পর্কে আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় যে কথা বলেছিলাম সেই অনুরোধ আবার মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে রাখতে চাচ্ছি। শ্রমিক প্রতিনিধি, যেটা বাড়ানর কথা এই সংশোধনীতে বলা হয়েছে, তাতে এ কথা মন্ত্রিমহাশয় নিশ্চয় স্বীকার করবেন যে একটা মঙ্গলদায়ক ব্যবস্থা সৃষ্টি করার জন্য তারা এই বিলটি আনছেন, শ্রমিক প্রতিনিধি সেখানে বেশী করে আসলে তাতে সহায়তা করা হবে। নিশ্চয়ই তাদের কাজে শ্রমিক প্রতিনিধিরা বাধা দেবেন না। কাজেই বিধান সভার দু-তিনজন সদস্য যে কথা বললেন, জেলা পরিষদের সভাপতির থাকার কথা বললেন; তাঁরা নিশ্চয়ই ভাল কাজ করবেন, সে বিশ্বাস

আমাদের আছে। কিন্তু যখন মালিকদের পক্ষ থেকে আপনারা চারজন প্রতিনিধি নিচ্ছেন, সেখানে শ্রমিকদের প্রতিনিধি মাত্র দু-জন, এ ক্ষেত্রে আমাদের মনে কিছুটা সংশয় ও সন্দেহ থেকে যাচ্ছে। কাজেই এটা ঠিক করুন সংশোধনীতে বলা হয়েছে যে সরকার পক্ষ যেখানে রয়েছেন, সেখানে খনির মালিক পক্ষ, তাঁরাও দু-জন রয়েছেন। যাদের ভালর জন্য ব্যবস্থা করা হচ্ছে, অর্থাৎ শ্রমিকদের, তাদের প্রতিনিধি যদি বেশী রাখা হয়, অর্থাৎ, চারজন প্রতিনিধি করা যায়, এবং তারা যদি শ্রমিকদের ভোটে নির্বাচিত হয়, তাহলে নিশ্চয় ভাল কাজ করা হবে। কাজেই হরিদাসবাবু যে প্রস্তাব এনেছেন, আমি সেটা সমর্থন করছি, এবং মাননীয় মন্ত্রিমহোদয়কে অনুরোধ করবো তিনি যেন শ্রমিকদের মঙ্গলের কথা চিন্তা করে এই প্রস্তাবটি গ্রহণ করেন।

Shri Nepal Chandra Roy: Mr. Speaker, Sir,

আমি এই খনি বিল যেটা এসেছে, সংশোধনী বিল আমি আগেও যখন এসেছিলাম তখন বলেছিলাম, মালিক এবং শ্রমিকের প্রতিনিধি যারা হবে তারা সমান সমান হবে। আমার মনে হয় যেভাবে রেসিও এখানে রাখা হয়েছে এটা গণতন্ত্র বিরোধী। কারণ আমাদের সংবিধানে সকলের অধিকার সমান এই বলে বলছে, এখানে দেখা যাচ্ছে মালিকপক্ষের ৪ জন প্রতিনিধি, আর শ্রমিক পক্ষের মাত্র ২ জন। যাই হোক, আমি এর আগেও এটার প্রতিবাদ করেছিলাম, কারণ আমরা এখনও জানি আমাদের দেশের মালিকপক্ষ এখনও এমন একটা পর্যায়ে এসে পৌঁছায়নি যে পর্যায় আমরা তাদের বিশ্বাস করতে পারি। আমরা শ্রমিক এলাকায় কাজ করি, আমরা দেখি যে মালিকপক্ষ হাজার কথা দিয়েও শেষ পর্যন্ত যদি কোনরকম সুযোগ পায় তাহলে সে সেই কথার খেলাপ করে এবং এখানে আমরা যা দেখতে পাচ্ছি এতে করে—অবশ্য এটা সিলেক্ট কমিটি থেকে এসেছে, সিলেক্ট কমিটির সদস্য যাঁরা ছিলেন তাঁরা এটাকে অনুমোদন করে পাঠিয়েছেন—তাহলেও আমি সিলেক্ট কমিটির মেম্বার ছিলাম না, আমি এটার প্রতিবাদ করছি যে এইভাবে এই বিলকে এখানে পাশ করিয়ে নেওয়া উচিত হবে না। যদিও মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত নেই, যিনি এই বিলের স্রষ্টা এবং যিনি আজকে এই বিল মুভ করছেন তিনি হয়ত এই অ্যামেন্ডমেন্টগুলি গ্রহণ করতে পারেন না, তাহলেও অন্তত আমরা এটা মনে করি যে কংগ্রেসপক্ষই হোক বা বিরোধিপক্ষই হোক, আইন যেটা হবে সেটা যদি সুষ্ঠু আইন হয়, আমরা হয়ত আজকে ভাবছি যে আমরা আজকে মেজোরিটি করে কোন একটা কিছু করতে পারবো, কিন্তু যদি আবার কেরল হয়, যদি উলটো হয়ে যায়, তখন ত ঐ আইনের প্যাঁচে ফেলে এরাই আমাদের পিষবে। অতএব এটা আমি সরকারপক্ষকে অনুরোধ করবো যে এই যে মালিকপক্ষের [illegible] প্রতিনিধি ম্যানেজার আলাদা করে দেওয়া হয়েছে—ম্যানেজারটি কে? ম্যানেজার হচ্ছে মালিকের অনুগত ভৃত্য। অতএব ম্যানেজারের কোন বক্তব্য আলাদা করে থাকতে পারে না মালিকপক্ষের বক্তব্য ছাড়া। ম্যানেজারের এই যে একটা আলাদা আসন এটি উঠিয়ে দেওয়া দরকার। কারণ এখানে দুটো স্বার্থ একসঙ্গেই আছে। ম্যানেজারও দেখবে মালিকের স্বার্থ, মালিকের বেশী আয় হোক, শ্রমিকদের ক্ষতি করে, শোষণ করে, মালিক যেটা চাইবে ম্যানেজারও ঠিক তাই করবে। সেইজন্য হরিদাসবাবু যে সংশোধনী দিয়েছেন- যদিও ওঁদের কোন সংশোধনী আমি বড় একটা সমর্থন করি না—কিন্তু এটা একটা ভাল সংশোধনী দিয়েছেন, এটাকে আমি অনুরোধ করবো যেন মন্ত্রিমহোদয় গ্রহণ করেন।

Shri Monoranjan Roy:

অধ্যক্ষ মহাশয়, আমি হরিদাসবাবুর সংশোধনীকে সমর্থন করে দু-একটি [illegible] চাই। আমি ব্যক্তিগতভাবে কয়লাখনি এলাকার সঙ্গে কিছুটা পরিচিত। আমি [illegible] কয়লাখনির মালিকরা [illegible] অধস্তন কর্মচারী [illegible] করিয়ে নেন, আশেপাশে যারা ঐ [illegible] মালিকদের উপর নির্ভর [illegible] ও অসময়ে শ্রমিকদের বিরুদ্ধে সমস্ত কাজ [illegible] করিয়ে নিতে পারে। [illegible] থানাগুলি পর্যন্ত প্রায় সেই ম্যানেজারদের ও মালিকদের কন্ট্রোলে থাকে [illegible] সংকেতে সেই থানার অফিসারগুলি চলে এবং কয়লাখনির মালিকরা [illegible] উঠেন এবং আমি জানি যে সরকারের এই রাইটার্স বিল্ডিংস পর্যন্ত ধাওয়া করে [illegible] উপরেও তারা

আধিপত্য বিস্তার করার চেষ্টা করেন এবং অনেক সময় পারেন। সেই অবস্থাতে যে বোর্ডটি শ্রমিকদের স্বার্থের জন্য করা হচ্ছে সেই বোর্ডের ভিতরেও যদি মালিকদের প্রতিনিধিদেরই বেশী রাখা যায় তাহলে এই বোর্ড শ্রমিকদের স্বার্থের দিকে কাজ করতে পারবে, এই বোর্ডের নিয়োজিত কর্মচারীরা শ্রমিকদের স্বাস্থ্যের দিকে চেয়ে যেসব আইনকানুন, নিয়ম থাকবে, বোর্ড যেসব করবে, সেইসমস্ত কর্মচারীরা মালিকদের কাছে গিয়ে, ম্যানেজারের কাছে গিয়ে আদায় করতে পারবেন এইরকম চিন্তাধারা সম্পূর্ণ ভুল।

[2-50—3 p.m.]

সেখানে এমনই অবস্থা যে, ইন্সপেক্টাররা এবং ডাক্তাররা মালিকের স্বার্থের দিকে তাকিয়ে শ্রমিকদের হয়ে দুটো কথা বলতে পারেন না। মালিকরা আইনকানুন ভঙ্গ করলেও তাঁরা তাঁদের বিরুদ্ধে কোন কথা বলতে পারেন না। কোন কর্মচারী মালিকের মতের বিরুদ্ধে কখনই যেতে পারে না। সুতরাং আমি ৬ জন মালিকের প্রতিনিধি রাখার ঘোরতর বিরোধী। দ্বিতীয় কথা, স্বাস্থ্য সম্পর্কিত সরকারের যে প্রচলিত নীতি এইবেলার তার কেন ব্যতিক্রম করছেন বুঝতে পারছি না। আমি এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয়কে জানিয়ে দিতে চাই, ই এস আই কমিটিতেও মালিক এবং শ্রমিকদের প্রতিনিধি সমান সংখ্যক। আমি আশা করি কয়লাখনি, স্বাস্থ্য বোর্ডে ৬ জন মালিকদের প্রতিনিধি রাখার কি কারণ তিনি সেটা আমাদের বুঝিয়ে দেবেন। মন্ত্রিমহাশয় যদি একটা কমিটির উদাহরণও দিতে পারেন যে কমিটিতে শ্রমিকদের প্রতিনিধির সংখ্যা কম রাখা হয়েছে, মালিকদের প্রতিনিধির সংখ্যার তুলনায়, তা তিনি দিতে পারবেন না, আমি এখানে চ্যালেঞ্জ রেখে যাচ্ছি। আমি আগেই বলেছি, ই এস আই কমিটিতে শ্রমিকদের স্বাস্থ্যসম্পর্কিত ব্যাপারে শ্রমিক এবং মালিকদের প্রতিনিধি সংখ্যা সমান। সেখানে সরকারের একজন প্রতিনিধি থাকেন, আরেকজন সরকার মনোনীত করে দেন। কিন্তু শ্রমিক এবং মালিকের প্রতিনিধি সমান সংখ্যক। ই এস আই-তে হেলথ সম্পর্কে যেটা আছে শ্রমিক প্রতিনিধি সেখানে সমান, সমস্তই ই এস আই-তে তাই, প্রভিডেন্ট ফান্ড এবং অন্যান্য সমস্ত কমিটিতেও তাই—অর্থাৎ শ্রমিক এবং মালিকের প্রতিনিধি সমান সংখ্যক। কিন্তু এই কয়লাখনির মালিকদের ব্যাপারে আপনাদের বিশেষ নজর কেন, তাদের উপর এত দয়া কেন? কাজেই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি আপনারা আলোচনা করে এই সংশোধনীটা গ্রহণ করুন এবং সেটা যদি করেন তাহলে আমরা বুঝব বোর্ডের দ্বারা কিছু কাজ করতে চান এই যে সদিচ্ছা প্রকাশ করেছেন সেই সদিচ্ছা আপনাদের আছে। তার তা যদি না করেন তাহলে আমরা মনে করব জনসাধারণকে ধাপ্পা দেবার জন্য একটা বোর্ড তৈরি করে আপনারা সেই বোর্ড মালিকের হাতে তুলে দিতে চান। একথা বলে আমি এই বিলের বিরোধীতা করছি এবং হরিদাসবাবুর প্রস্তাব সমর্থন করছি।

শ্রীননী ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহাশয়, হরিদাস চক্রবর্তি এবং মনসুর হবিবুল্লার অ্যামেন্ডমেন্ট সমর্থন করতে উঠে আমি কিছু বলতে চাই। উনি যা বলেছেন এবং আমি যা বলব তাতে পুনরাবৃত্তিই হবে, তবুও যে বলছি তার কারণ হচ্ছে যদি পাথরের হৃদয় গলে। আপনারা যে উদ্দেশ্যে আইন আনতে চাচ্ছেন সেই উদ্দেশ্যকে যদি সফল করে তুলতে হয় তাহলে এরকম করলে হবে না। আপনারা যদি সব জিনিস মালিকের হাতে ছেড়ে দেন কমিটিতে মালিকের যদি প্রাধান্য থাকে তাহলে ১৯১২ সালের আইনকে এই আইন তৈরী করে বাতিল করে দিচ্ছেন এবং সেই আইনের যে ভবিষ্যত হয়েছিল এই আইনের ভবিষ্যতও তাই হবে। ১৯১২ সালের আইনে ভাল কথা ছিল না তা নয়, কিন্তু সেই বোর্ডের গঠনের ক্ষেত্রে খনির মালিকদের প্রাধান্য বেশী করে দেখা হয়েছিল বলে সেই বোর্ড খনি মালিকদের হাতের পুতুলে পরিণত হয় এবং তাদের মর্জির উপরে থেকে যায়। সেই আইনে বর্ণিত যেসমস্ত সুযোগ-সুবিধা সেখানকার কয়লা খনির শ্রমিকদের এবং অশ্রমিক বাসিন্দাদের জন্য করা হয়েছিল সেটা কাগজপত্রেই থেকে যায়, সেটা চালু হয় নি। এইসব কারণে খুব দেরীতে হলেও এই সরকার বা মন্ত্রিমহাশয় মনে করলেন এরকম ধরনের একটা বিল আনা দরকার। স্যার, আমি সেই আলোচনার সময় বলেছিলাম এবং আজকে দেখতে পাচ্ছি সিলেক্ট কমিটি থেকে বিল বিবেচিত হয়ে আসার পরও সেই জায়গাটার কোন পরিবর্তন ঘটে নি এবং মালিকের প্রাধান্য সেই কমিটিতে

কে গেছে। অন্যান্য প্রতিনিধি যাদের রাখা হয়েছে সেটা ভাল হয়েছে, কিন্তু যেভাবে গোটা মটির গঠন দেখতে পাচ্ছি তাতে দেখছি মালিকদের প্রাধান্য আবার এই কমিটির মধ্যে থেকে ব। যে মালিকরা এতদিন পর্যন্ত শ্রমিকদের ওয়েলফেয়ার-এর ব্যাপারগুলো অবজ্ঞা করে সছে, উপেক্ষা করে এসেছে এবং যে মালিকরা মাইনিং সেটেলমেন্ট এরিয়ার শ্রমিক বাসিন্দাদের মানুষ বলেই গণ্য করত না, তাতে দেখছি এই বোর্ড ভাবে গঠিত হচ্ছে তাতে সেই মালিকদের প্রাধান্যই থাকবে এবং তার ফলে াটা বিলের ওয়েলফেয়ার সংক্রান্ত যে উদ্দেশ্য সেটা বানচাল হয়ে যাবে। স্যার, খানে একটা নীতিগত প্রশ্ন এসে গেছে এবং যেকথা অনেক সদস্যই বলেছেন। সেটা হচ্ছে মকদের মঙ্গল দেখবার জন্য যেসমস্ত সরকারী কমিটি হয়েছে, ওয়েজ বলুন, ওয়েলফেয়ার ুন, হেলথ বলুন সেটা প্রধানত ত্রিদলীয় কমিটি হয়েছে এবং সেখানে শ্রমিক এবং মালিকের তিনিধি সমান সংখ্যক হিসেবে রাখা হয়েছে। এটা ভারত সরকারের শ্রমনীতির একটা অংগ সেবে এসে গেছে যে, প্রত্যেকটি কমিটিতে মালিক এবং শ্রমিকদের প্রতিনিধি সমান সংখ্যক সেবে থাকবে এবং এরকম করে একটা বোর্ড বা ত্রিদলীয় কমিটি হয়েছে। সেই নীতিগত শ্নের দিকে তাকিয়ে এখানে দুটি জিনিস এসে গেছে এবং তার একটি হচ্ছে কিভাবে বোর্ড ঠত হবে—ত্রিদলীয় প্রতিনিধিত্বের প্রশ্ন, উভয় পক্ষের প্রতিনিধিত্বের প্রশ্ন এবং আর একটি ছ বিলে বর্ণিত যে ওয়েলফেয়ারের কথা বলা হচ্ছে সেগুলি। সেগুলিকে যদি ভালভাবে চালু তে হয় এবং ১৯১২ সালের আইনের যে দশা হয়েছিল অর্থাৎ কিছুই হয় নি, শুধু কাগজ- ত হয়েছে—সেই অবস্থা যাতে আর না হয়, এই আইনের ভবিষ্যত যাতে সেরকম না হয় সেই ক তাকিয়ে মন্ত্রিমহাশয়কে বলছি এই বোর্ড থেকে মালিকদের প্রাধান্য কমান এবং অন্তত লক এবং শ্রমিকদের প্রতিনিধি সমান সংখ্যক করুন।

—3-10 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাদ্রি অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ রুল ৭২-এর উপর তাদের বক্তব্য রাখতে গিয়ে এই কথা প্রকাশ করেছেন যে, মালিকদের প্রাধান্য বোর্ডের মধ্যে হচ্ছে। এইমাত্র মাননীয় বন্ধু াবাবু বললেন বরাবরই মালিকদের প্রাধান্য দেখছেন। আপনি যদি Constitution দেখেন লে দেখবেন

ere are four members to be elected by owners of mines which employ sons residing within the mining settlement. Four persons out of a ard of sixteen cannot constitute, under any stretch of imagination or der any argument, a majority.

পর কথা হচ্ছে

e member to be elected by the members of the National Association of lliery Managers.

নেজার এবং ওনার মিলিয়ে ৫ জন হবে যদি বলেন তাহলে একথা বলি

nagers also have their own grievances against the owners of mines.

ন্য 8 জন মাইনিং ওনার যদি থাকেন, একজন ম্যানেজার থাকেন তাহলে মালিকদের প্রাধান্য এটা মানতে বাধ্য নই। কথা হচ্ছে

e member to be elected by the members of the West Bengal Branch of e Indian Medical Association.

(শ্রীহরিদাস চক্রবর্তী: ম্যানেজার তো মালিকদেরই লোক!)

কেও মালিকদের প্রাধান্য যদি বলেন তাহলে খুব আনন্দিত হলাম। তারপর কথা হচ্ছে e member to be elected by the members of the National Association of lliery Managers and the members of the Indian Mines Associations of nagers from among themselves.

নীয় সদস্য উৎসাহী বন্ধু নারায়ণ চৌবে মহাশয়কে আবার এটা পড়তে বলি member এর অর্থটা কি দাঁড়াবে দুজন ম্যানেজার? এটা জানতে এখনও আমার বাকি আছে।

There are two Associations of Managers which are to elect one member That is the main thing what is the meaning of this particular wording Certainly, one. This is the simple reading of a very simple sentence.

মাননীয় বন্ধুরা আর একবার ভাবুন মালিকদের প্রাধান্য হচ্ছে কিনা! তারপর আসুন কো মাইনস ওয়েলফেয়ার কমিশনার, তাকেও কি বলবেন মালিক পক্ষের লোক? আর একটা কথ মাননীয় সদস্যগণ বার বার বিতর্কে বললেন দুজন শ্রমিক সদস্য ছাড়া আর সবাই মালিকপক্ষে লোক। মাননীয় সদস্যগণ কি স্বীকার করবেন যে যেসব আইনসভার সদস্য ওখানে মনোনী হবেন সদস্য হিসাবে তারাও মালিক পক্ষের লোক হবেন? তাহলে এতক্ষণ কি আর্গুমে করছিলেন? ঐ দুজন ছাড়া আর সবাই মালিককের লোক এই কথা বলা ঠিক হয় নি। এ অত্যন্ত আত্মগ্লানী হচ্ছে।

two shall be members of the State Legislature residing within or represent ing a territorial constituency.

তারপর ওয়ান স্যাল বি এ মেম্বার অফ দি জেলা পরিষদ এ সম্বন্ধে নিশ্চয়ই আপত্তি করা উচি নয়। ওয়ান স্যাল বি এ ওমেন সোস্যাল ওয়ার্কার এটাও আপত্তি করছেন না। তাহলে করছেন কোন খানে ফোর মেম্বার্স অফ ওনার্স অ্যান্ড ওয়ান রিপ্রেজেন্টেটিভ অফ ম্যানেজার অ্যাজ এগেনস ১৬ ১১ আদার্স হু রিপ্রেজেন্ট দি ইন্টারেস্ট অফ দি লেবার অ্যাজ ওয়েল। আপনি জানতে চেয়েছেন টু শ্যাল বি পার্সনস রিপ্রেজেন্টিং মাইনিং লেবার্স অ্যান্ড নট লেস দ্যান

two and not more than three shall be such persons as the State Governmen may think fit.

নিশ্চয়ই স্টেট গভর্নমেন্ট যদি মনে করেন যে বলাইবাবুর দলের লোকদের নিযুক্ত করা উচিত ন তাহলে করবেন না। কিন্তু স্টেট গঠর্নমেন্ট যাঁদের মনে করবেন উপযুক্ত লোক নিশ্চয়ই তাঁদে করবেন। এখন থেকে আপনারা যদি সন্দেহ পোষণ করেন যে যেহেতু স্টেট গভর্নমেন্টের হাতে লোক হবে সেহেতু তারা মালিকের লোক হবে তাহলে বিতর্কের কোন অবকাশ থাকে না কিন্তু স্টেট গভর্নমেন্ট দ্বারা মনোনীত হবে জেলা পরিষদের সদস্য পর্যন্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যখন এখানে প্রথম প্রস্তাবিত খসড়া বিল উত্থাপন করি তখন তার মধ্যে ছি একজন শ্রমিক দলের প্রতিনিধি হিসাবে আসবেন। বর্তমানে যে আইন আছে তাতে একজ শ্রমিকের কথা নেই। অন্যান্য জায়গায় বিশেষ করে আশেপাশে বিহার-উড়িষ্যায় শ্রমিক প্রতি নিধি সম্বন্ধে কথা নেই। বর্তমানে সিলেক্ট কমিটি থেকে যে বিলটা এসেছে তাতে দুজন আছে বিশেষ করে শ্রমিক প্রতিনিধি। কিন্তু অন্য যেসমস্ত প্রতিনিধির কথা আছে তাদের শ্রমিক বিরোধী বলা যাকে ম্যানেজার ভার্সাস লেবার বলেন সেই বাকি সবাইকে যদি ম্যানেজারের দলে ফেলে দেন তাহলে আমার মনে হয় ঠিকমত আপনারা যাকে বারে বারে অবজেকটিভ বিশ্লেষণ বলেন সেটা হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলতে পারি যে আমর যখন শ্রমিকদের সদস্য নির্বাচিত করব তখন আমি মোটামুটি আশা পোষণ করি যে সেখানে ট্রেড ইউনিয়ন অর্গানাইজেসান যেসমস্ত থাকবে তাদের যখন মনোনয়ন করবেন তখন তাদে পরামর্শ তাঁরা শুনবেন। পরামর্শ গ্রহণ করা বা না করার কথা আমি বলছি না, কিন্তু আমার মনে হয় এটা বোধহয় করা সঙ্গত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই ক্লল ৭এ সবচেয়ে বেশী সংখ্যক অ্যামেন্ডমেন্ট এসেছে। আমি বুঝতে পারছি যে তাঁরা শ্রমিকদের স্বার্থ রক্ষা করবার জন্য এই কথা বলেছেন এবং সেজন্য মনে করেন যে মালিকের লোক মাত্রেই খুব খারাপ হবে এবং শ্রমিক ছাপ যদি না থাকে তাহলে মালিকের লোক। আমি মাননীয় সদস্যদের কাছে এইটুকু বলতে চাই ১৬ জন বা ১৭ জন সদস্যের মধ্যে যদিও দুজন উইল বি নোমিনেটেড [illegible] রিপ্রেজেন্টেটিভস অফ লেবার তবুও অন্যান্য যেসব সদস্য মনোনীত হবেন [illegible] ৭ জন মালিক প্রতিনিধি ছাড়াও আর সকলকে আপনাদের মালিক পক্ষের অন্তর্ভুক্ত করা ঠিক হবে না (শ্রীমনোরঞ্জন রায়ঃ ই এস আই তে কি আছে সেখানে মালিক-শ্রমিকের সমান সদস্য। ত ছাড়া অন্যান্য সদস্য আছে, এম পি আছে।) ই এস আই-এর সঙ্গে এখানে মৌলিক পার্থক্য আছে (শ্রীহরিদাস চক্রবর্তীঃ সেটা আপনি জানেন। মালিক যদি আগে থেকে দেখাশুনা করত তাহলে এই বিল আনার দরকার হত না। তারা তা তো করছে না। শ্রমিকরা একটা অস্বাস্থ্যকর অবস্থায় রয়েছে। সেজন্য আমি বলছি অন্তত মালিকদের থেকে ৪ জন নিয়ে ২ জন কর

হোক এবং যাদের জন্য করতে হবে তাদের থেকে ২ জন নিন। আমি ভয় প্রকাশ করি না যে মালিকদের ছাড়া যাদের নেওয়া হয়েছে তারা শ্রমিকদের স্বার্থ রক্ষা করবেন না। এই বোর্ড গঠন করবার প্রধান উদ্দেশ্য শ্রমিকদের কল্যাণ। তাদের স্যানিটেশান, স্বাস্থ্যের ব্যবস্থা এইসমস্ত দেখাটাই তাদের মুখ্য লক্ষ্য হবে, অন্যান্য সমস্ত দিক গৌণ হবে।

Shri Balai Lal Das Mahapatra:

আপনারা শ্রমিকদের সংখ্যা বাড়াতে ভয় খাচ্ছেন কেন, অন্তত একটা প্রতিশ্রুতি দিন না। শেষ কুজে যেটা আছে

State Government may think fit.

২ বা ৩ জন সেটা প্রতিশ্রুতি দিন না অন্তত শ্রমিক সংস্থা থেকে নেবেন।

[3-10—3-40 p.m.]

Mr. Speaker: I put all the amendments that have been moved by Shri Haridas Chakravarty, the rest not having been moved, to vote.

The motions of Shri Haridas Chakravarty that—

in clause 7(1)(a), line 1, for the word "four", the word "three" be substituted.

in clause 7(1)(a), line 3, for the words "two members", the words "two members" be substituted,

after clause 7(1)(d), the following be inserted:—

"(d1) four members to be elected by the mine labourers of the locality from amongst themselves;".

in clause 7(1)(e), line 1, for the words "not less than nine members and not more than ten members" the words "not less than seven and not more than eight members" be substituted,

in clause 7(1)(e)(iv), in line 1, after the words "social worker" the words "residing within the mining settlement" be inserted,

clause 7(1)(e)(v) be omitted,

were then put and a division taken with the following results:

NOES—63

Abdel Latif, Shri
Abdullah, Shri S. M.
Ashadullah, Choudhury, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Baidyanath
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Shri Promode Ranjan
Chakravartty, Shri Jnantosh
Chatterjee, Shri Mukti Pada
Chattopadhyay, Shri Brindabon
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Shri Radhanath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Fazlur Rahaman, The Hon'ble S. M.
Gayen, Shri Brindaban
Haldar, Shri Haralal

Hansda, Shri Debnath
Hembram, Shri Kamala Kanta
Jana, Shri Mritunjoy
Jehangir Kabir, Shri
Khamrai, Shri Niranjan
Kolay, The Hon'ble Jagannath
Lutfal Haque, Shri
Mahata, Shri Surendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Bijoy Krishna
Misra, The Hon'ble Sowrindra Mohan
Muhammad, Israil, Shri
Moitra, Shri Arun Kumar
Mondal, Shrimati Santilata
Mukhopadhyay, Shri Ananda Gopal
Nahar, The Hon'ble Bijoy Singh
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pandit, Shri Krishna Pada
Pramanik, Shri Rajani Kanta
Prasad, Shri Shiromani
Raikut, Shri Bhupendra Deb
Ray, Shri Kamal Krishna
Ray, Shri Kamini Mohan
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prosad
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Wangdi, The Hon'ble Tenzing

AYES—27

Banerjee Shri Bejoy Kumar
Basu, Shri Amarendra Nath
Bhattacharjee, Shri Nani
Chakravarty, Shri Haridas
Chattoraj, Shri Radhanath
Choubey, Shri Narayan
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Ganesh
Hamal, Shri Bhadra Bahadur
Josse, Shri Lakshmi Ranjan
Kisku, Shri Mangala
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak

Mahato, Shri Girish
Majhi, Shri Kandru
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddeshwar
Manya, Shri Murari Mohan
Murmu, Shri Nathaniel
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Rai, Shri Deo Prakash
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra

The Ayes being 27 and the Noes 63, the motions were lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment)

[3-40—3-50 p.m.]

Throwing of bomb in an MLA's house

Shri Nepal Chandra Roy:

মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের এখানকার বিরোধী দলের এক বন্ধু, শ্রীঅপূর্বলাল মজুমদারের বাড়িতে, আজ কাগজে দেখলাম, বোমা মেরেছে গুণ্ডারা। আজকে যদি গুণ্ডারা এইভাবে আক্রমণ করে, তাহলে আমাদের নিরাপত্তা কোথায়?

Mr. Speaker:

উনি ত এখানে উপস্থিত আছেন, উনি বলবেন, আপনি বসুন।

Shri Nepal Chandra Roy:

উনি উপস্থিত আছেন, ঠিক। কিন্তু আমি ওঁর কথাটা ভাল করে বলতে পারবো বলে বলছি। উনি উকিল, উকিলেরও ত উকিল লাগে। আমি সেইজন্য বলছি আজকে যদি আমাদের দেশে গুণ্ডাদের হাতে এতখানি ক্ষমতা যায়, তাহলে আমাদের সকলের নিরাপত্তা কোথায়?

Mr. Speaker:

মিঃ রায়, আপনি বসুন।

Shri Nepal Chandra Roy:

আমাকে এক মিনিট সময় দিন। এটা মেনসন করতে দিন, স্যার।

Mr. Speaker:

আপনাকে মেনশন করতে দেবো না। কেন না, উনি যখন এখানে উপস্থিত আছেন, তখন ওঁর বাড়ির সম্বন্ধে উনি বলবেন। উনি যদি এখানে না থাকতেন, তাহলে আপনি বলতে পারতেন।

Shri Nepal Chandra Roy:

উনি বলবেন পরে। ওর কথা নিয়ে শুধু আমি বলছি না। আমাকে বলতে দিন। আমার কথা হচ্ছে—আমার বাড়িতেও এই বিপদ আসতে পারে। অন্যান্য মেম্বারদের সকলের বাড়িতে এইরকম হতে পারে। আমি সেইজন্য বলছি এদের কঠোর হস্তে দমন করা উচিত।

Mr. Speaker:

দেখুন মিঃ রায়, আর একজন মেম্বারের কনসার্ন, সেটাই কাগজে বেরুবে, তিনি যখন হাউ উপস্থিত আছেন, তিনি যদি কিছু এ সম্বন্ধে বলতে চান, বলতে পারেন। আপনি তাঁর সম্ব বলবেন না!

It is a bad practice. After all Shri Majumdar is present here. Had he n been here I would have heard you.

Shri Nepal Chandra Roy:

ওনার কথা উনি পরে বলবেন। কিন্তু আমরাওত সকলে এতে আফেকটেড হচ্ছি। আ কথাটা ত শেষ করতে দিলেন না। আমার কথা হচ্ছে—অপূর্ববাবু ইজ নট দি ফার্স্ট এবং জনপ্রতিনিধির বাড়িতে যদি গুণ্ডারা এইরকম ভাবে বোমা মারতে সাহস করে, তাহলে আমাদে সিকিউরিটি অ্যান্ড সেফটি কোথায়?

Mr. Speaker: All are unsafe.

Shri Nepal Chandra Roy:

আমার আবেদন হচ্ছে—চিফ মিনিস্টার ও পুলিশ মন্ত্রিমহাশয়ের কাছে যে এই সমস্ত গুণ্ডাদে কঠোর হস্তে দমন করা দরকার। আজকে যদি বাংলাদেশে একজন এম এল এ-র লাইফ আনসে হয়, তাহলে আপনার লাইফ-এর কোথায় সেফটি আছে? চিফ মিনিস্টার-এর লাইফ-এর কোথা সেফটি আছে? তাই আমি সেই কথাই বলতে চাচ্ছি। ওনার ব্যক্তিগত বক্তব্য নিশ্চয় উনি রাখবেন কিন্তু আমি বলছি ইন জেনারেল ভাবে। এটা যদি আপনারা সিরিয়াস ম্যাটার বলে মনে ন করেন, লাইটলি নেন, এবং গুণ্ডাদের হাতে যদি আমাদের চলতে হয়, তাহলে আমাদের এখে বাস করা উচিত নয়।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি এইজন্যই বিশেষভাবে আকর্ষণ করছি মাননীয় সদস্য যে কথা উত্থাপন করলেন, এর আগেও আমি বিধানসভায় উল্লেখ করেছিলাম যে আমার বাড়িতে সাত সাত বার চুরি হয়েছে এবং সেই ৭টি এফ আই আর আমি নিজে হাতে করেছি, একটি চোরও ধরা পড়ে নি, তারপর এটা হয়েছে এই এক বৎসরের মধ্যে। গত দে বৎসরের মধ্যে ৭ বার আমার বাড়িতে চুরি হয়েছে আমি ৭টি এফ আই আর নিজে করেছি। তা পর এটা প্রথম বোমা নয়, ৪ বৎসর আগে আর একবার আমার বাড়ির সামনে বোমা মেরেছিল তারপর এই বোমাটা মারলো। এই বোমাটা মারবার আগে আমি পুলিশ প্রোটেকসান সিব করেছিলাম। সেটা হল আমি আনফরচুনেটলি ওখানকার ডিফেন্স পার্টির চেয়ারম্যান, তা সেক্রেটারী যিনি তিনি রেলওয়েতে চাকরী করেন। গত ৬ তারিখে তাকে মেরে তার কাছ থেকে টাকা, ঘড়ি ছিনিয়ে নিয়ে যায়। আমার কাছে যখন এলেন তখন তাঁকে আমি থানায় পাঠালাম এবং একটা পুলিশ কেস হল। কেস হবার পর সেইদিন রাত্রেই আর একটি ছেলেকে মেরে তার দুখানি হাত ও পা ফ্যাকচার করে দেয়, সেই সেম ক্রিমিনাল, সেও আমার কাছে আসে কিন্তু সে ভয়েতে থানায় কেস করে না। আমি এস পি বা সংশ্লিষ্ট দপ্তরের এটা নোটিশে আনি, আমার পর পুলিশ তাকে দু-একবার চেষ্টা করেছে ধরবার জন্য, কিন্তু ধরতে পারে নি তারপরে ওরা কনসপিরেসি করলো যে অপূর্ববাবু যখন এখানে আছে তাকে ঘায়েল করা দরকার সে গুণ্ডাদের বিরুদ্ধে কথা বলে, সে গুণ্ডাদের ধরিয়ে দিতে চায়, সুতরাং তারা একটা মিটি করে আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করে আক্রমণ চালালো। আমি সঙ্গে সঙ্গে সেটা জানতে পেরে এস পি-র নোটিশ-এ সেটা আনি এবং জেলা কর্তৃপক্ষের নজরে আনি যে আমি ভয় পাচ্ছি হয়ত আমার উপরে কোন অ্যাটাক হতে পারে। ঠিক সেই রিপোর্ট দেবার ৭ দিনের মধ্যেই আমি দেখলাম, ঠিক রাত একটার সময় আমি উপরের ঘরে পড়াশুনা করছি, ওখানে ওরা বোমা মারলো কনস্টেবল বা পুলিশ এখনও ওদের কাউকে ধরতে পারে নি। যদিও আমি দেখি নি কে মেরেছে কিন্তু আমি বুঝতে পেরেছি কে মেরেছে। সেইজন্য এখন আমার চলাফেরা কিছুটা বিপদজনক হয়েছে। আপনি জানেন না, কিছুদিন আগে একজন ডাক্তার, কদমতলার, তিনি এই গুণ্ডামীর

প্রতিবাদ করতেন বলে তাঁকে প্রকাশ্য রাজপথে হত্যা করা হয়েছে। কয়েকদিন আগে দেখেছি হুমায়ুন সান্যালকে এইভাবে মারা হয়েছে। যদি আমরা এই বিধানসভা থেকে ফিরে যেতে হয়ত পথে হয়ে যাবে। আমার লাইফ ইন্সিকিওর সেদিক থেকে, কারণ হাওড়ায় যে গুণ্ডারা ঐসব কাজ করেছে, আমি জানি, স্যার, তার বিরুদ্ধে অন্তত ১০টি ওয়ারেন্ট পেন্ডিং আছে। আজ পর্যন্ত পুলিশ তাকে গ্রেপ্তার করতে পারে নি। পি ডি অ্যাক্ট তার বিরুদ্ধে হয়েছিল তবু সে অ্যারেস্টেড হয় নি। যে আসামীর বিরুদ্ধে অন্তত ১০টি ওয়ারেন্ট পেন্ডিং এবং প্রকাশ্য দিবালোকে ঘুরে বেড়ায়, বাংলাদেশের হোম মিনিস্টার কি এই শক্তি রাখে না যে তাকে গ্রেপ্তার করে তার ব্যবস্থা করে? আমি তার কেস-এর নাম্বার তুলে দিতে পারবো। তার বিরুদ্ধে শিলপাঁচঘরায় ওয়ারেন্ট আছে, গোলাবাড়ি থানায় ওয়ারেন্ট আছে, লিলুয়া থানায় ওয়ারেন্ট আছে, গত ৮ বৎসর ধরে ক্রমাগত ৩৮ কেস সে করে যাচ্ছে কিন্তু তা সত্ত্বেও পুলিশ জেনেশুনে আজ পর্যন্ত তাকে গ্রেপ্তার করতে পারে নি। সেইজন্য হোম মিনিস্টার-এর আমি দৃষ্টি আকর্ষণ করছি পুলিশের কাছ থেকে তিনি সংবাদ আনুন যে তার বিরুদ্ধে পুলিশ রিপোর্ট কি আছে, কত কেস পেন্ডিং আছে এবং

I want an assurance as a member of the House

যে এখন আমি সংসদের পর যাবো আমার লাইফ ইন্সিকিওর কিনা এবং তার জন্য আমি প্রপার প্রোটেকশন পাবো কিনা মিনিস্টার-এর কাছ থেকে সেটা আমি জানতে চাই।

Shri Nepal Chandra Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানতে চাই যে এই সম্বন্ধে আপনি প্রোটেকশন দেবেন কিনা। এটা সম্বন্ধে যদি মিনিস্টার চুপ করে থাকেন, তাহলে শুনবো না। আজকে প্রপার্টিবাবু কালকে আমি, পরশু আর একজন কেউ সিকিওরড্ নয়, সেইজন্য আমরা চাইছি যে একটা ড্রাস্টিক মেজার নেওয়া হোক যাতে গুণ্ডারা হেসিটেট করতে পারে যে একজন পাবলিক রিপ্রেজেন্টেটিভ-এর গায়ে হাত দিলে ফাঁসি যাবে।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা জানতে চাই যে অনেক সময় পাড়ার গুণ্ডারা যদি কাউকে আক্রমণ করে তাহলে তারা অনেক সময় আমাদের কাছে প্রোটেকসান নিয়ে আসে এবং আমরা নেসেসারি প্রোটেকশান এর জন্য অ্যাডভাইস দিই। সেই সুযোগে এবং পরে জন্য যদি এগুলোকে দৃষ্টান্ত রাখে তাহলে কার কাছে কোথায় কতোক্ষণ দেখা দেবে সাংঘাতিক। সেইজন্য আমি আপনার মাধ্যমে বলছি যে মিনিস্টার এই সম্বন্ধে সংবাদ নিয়ে হাউস-এর মধ্যে বলে আমাদের জন্য প্রপার প্রোটেকশন এর ব্যবস্থা হয় এবং নাগরিক জীবন যাতে দুর্বিসহ না হয় তার জন্য কি ব্যবস্থা করছেন সেটা আমরা জানতে চাইছি।

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the time for the presentation of the report of the Select Committee on West Bengal Land Reforms Amendment Bill, 1964, be extended till the end of the first week of the next session of the Assembly.

Mr. Speaker: I take it that the House agrees to it.

Non-official Resolution of Shri L. R. Josse

Shri Lakshmi Ranjan Josse: Mr. Speaker, Sir, with your leave I move the following resolution:

> I beg to move that in view of the mismanaged condition of "Debattar" and "Wakf" estates, this Assembly urges upon the Government of West Bengal to appoint an Expert Committee with a retired Judge as its Chairman to enquire into the matter.

Sir, there are two subjects here Debattar and Wakf. So far as Debattar goes, it has no father, no mother. There is no Act to regularise or to administer it properly. It is going in its own merry way. So far as

Wakf goes, there is an Act, but I do not know what kind of Act it is or how it goes on or whether it has been repealed or admended. I shall come to it later on. The Debattar of the Hindus and the Wakf of the Muslims are religious institutions that have gained in tradition. They have been here from time immemorial and their virtues are there. That is why so many Debattars and so many Wakfs have been created. But these Debattars or Wakfs are more or less charitable religious endowments. They are created by settlors or donors for perpetuation of the worship or service of their family deities and maintaining a public charity in a manner prescribed by the settlors or by the donors. We will do very well to remember that these two endowments consists mostly of landed properties and that also chiefly in agricultural lands. A great revolution resulting in vast changes in our social structure has taken place in the mean time. What are the changes that have come? We have introduced (1) extensive land reforms, (2) fixation of land ceilings, (3) abolition of zemindary and intermediary system, and (4) the most important of all is the Partition of Bengal. The Partition of Bengal minimises the quantum of the endowment and the abolition of the zemindary and intermediary system vested the land in the State. Now, it has therefore devolved on the State to collect the rent and pass it on to the sebaits and mutwallis after deducting a certain percentage by way of collection charges or establishment charges. In the case of Debattar it is 15 per cent. and in the case of Wakfs it is 2½ per cent in one category and 5 per cent. in the other category. In this way a vast sum of money, nearly half a crore of rupees, is disbursed by the estates into the hands of the beneficiaries in every year. The amount is so vast and though the intention of this institution is more or less social welfare work, there is no machinery devised yet by the Government to regulate it.

[3-50—4 p.m.]

It is high time that some such arrangement was devised to control or to regulate the charitable institutions. Corruption is rampant not in one or two but in all walks of life. Therefore it is obvious that here also corruption has eaten into the warp and woof of the social structure of our life, and particularly in these charitable institutions which have nothing to regulate them, and they are the great offenders in this respect. Since 1954, when the Supreme Court ruled that even the deity is an individual under the law of the land, in the eyes of income tax, these deities also came to be taxed and became liable for income tax; and for this imposition of income tax the situation has become still worse. It has been heard - I hope my friends will confirm me—that many of these endowments and institutions are eating into the corpus of the fund to meet this tax obligation and it is dwindling.

All these considerations demand an enquiry to regulate the administration of the charitable endowments' funds and also to suggest measures to the Government for continued regulation so that corruption may be minimised and the object with which these endowments have been established are fulfilled. From the existing state of affairs it appears that the pious object of the donors is not fulfilled; it is being defeated.

Talking about the two categories, one is entirely for the benefit of public charity, and the other is partially for the benefit of the Aolad or the descendants of the donors. Government have also appointed a Commissioner and have also set up a Board; but this Board or the Commissioner is not doing its job properly or is not worthy of what it is expected to perform. From what is heard, the Act itself is defective, and as the Act itself is defective its implementation is bound to be defective, and the unscrupulous people who have to implement it are bound to take advantage of it.

Sir, I am not an expert in this line, but everybody will admit that it is an evil and my job today is to draw the attention of the Government to the continuance of these evil institutions so that an enactment would be brought about to repeal the existing law on the basis of an all India Act re-oriented to suit local conditions of Bengal. These two institutions are the two institutions which play an important part in the social life of the two major communities of Bengal, Hindus and Muslims.

I would like to make it very clear before I end that the intention of this resolution is not an irreligious one, and is not to hurt religious sentiment. The only aspect of this resolution is to sanctify something which is supposed to be sacred, and which has now gone unhealthy and diseased.

I am not qualified to go into details. I have set the ball rolling and my learned colleagues will follow it up and give specific instances of its abuses.

Shri Abani Kumar Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী যোশী যে প্রস্তাব আজকে রেখেছেন আমাদের সামনে, মোটামুটি-ভাবে আমি তাঁর বক্তব্য সমর্থন করি। কিন্তু একটা বিষয়ে আমি তার সঙ্গে একমত হতে পাচ্ছি না সেটা হচ্ছে Expert committee appointment

স্যার, আমি জানি এই যে দেবোত্তর সম্পত্তি এবং ওয়াকফ স্টেট যাঁরা তৈরী করেছিলেন তাঁদের উদ্দেশ্য ছিল অত্যন্ত মহৎ। তাঁরা দেবসেবার ব্যবস্থা করার জন্য ধর্মীয় অনুষ্ঠান করার জন্য চ্যারিটেবল পারপাস-এ দুঃস্থদের সাহায্য করার জন্য সম্পত্তি উৎসর্গ করে গিয়েছিলেন। আজকে যদি আমরা দেখি যে উদ্দেশ্যে এই সম্পত্তি উৎসর্গ করা হয়েছিল সেই উদ্দেশ্য সফল হয়েছে কিনা বা কতখানি উদ্দেশ্য সফল হয়েছে, আজকে দেবসেবার কাজ হচ্ছে কিনা, দেবসেবার নাম করে মুতোয়ালীরা সেবাইতরা নিজেদের আত্মসেবা করছে কিনা, তাহলে মনে হয় এসব বিষয়ে অনুসন্ধান করার প্রয়োজন আছে। আমরা দেখতে পাই জমিদারী দখল আইন হবার পর এবং অন্যান্য আইনে সরকার প্রায় ৫০ লক্ষ টাকা ব্যয় করে থাকেন আনুয়ালী, কিন্তু সরকারের এই দেবোত্তর সম্পত্তি State Endowment Property Wakf State

এর উপর কোন এফেকটিভ কন্ট্রোল আছে বলে মনে করতে পাচ্ছি না। আমরা জানি তাদের যে সমস্ত ব্যয় হয়, কিভাবে ব্যয় হচ্ছে, অপব্যয় হচ্ছে কিনা, এ বিষয়ে দেখবার [illegible] সরকারের নাই। অনেক সময় দেখা যায় যে ওয়াকফ কমিশনার-এর কাছ থেকে তারা টাকা পান কিন্তু সেই টাকা কিভাবে যায় দুঃস্থদের সাহায্যের জন্য ব্যয় হয় কিনা, এ বিষয়ে সরকারেতো নীরব দর্শকদের মত। তাদের এ বিষয় অন্য কিছু করার নাই। আমি মনে করি এ বিষয়ে প্রতিকার হওয়ার দরকার আছে। আজকে একথা সকলেই জানেন দেশের সমস্ত স্তরে দুর্নীতি ভরে উঠেছে, রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি। কাজে কাজেই এই যে সেবাইত মুতোয়ালী তারা নিজেদের আত্মসেবা করছে এবং এ বিষয় প্রতিকারের উপায় নাই, আপনার জানা আছে যারা interested in the subject matter of the endowment property,

তারা রিপ্রেজেন্টেটিভ পুট করে নিজেদের খরচে আজকে মিস-ম্যানেজমেন্ট-এর জন্য পরিচালক ব্যবস্থাকে সুষ্ঠু করার জন্য নিজেদেরকে এগিয়ে আসতে হয়। এ বিষয়ে কারও কোন ক্ষমতা নেই। কাজে কাজেই অধিকাংশ ক্ষেত্রে দেখতে পাই, দুর্নীতিমূলক পরিচালনার কোন প্রতিকার হয় না। এজন্য একথা জানি যে কেন্দ্রীয় গভর্নমেন্ট একটি কমিশন নিয়োগ করেছিলেন Hindu Religious Endowment Commission.

১৯৬২ সালে তারা রিপোর্ট দাখিল করেছে। আপনি জানেন বাংলাদেশে এই এন্ডাওমেন্ট প্রপার্টি পরিচালন সম্বন্ধে কোন আইন ছিল না এবং আজও নেই। একথা আপনার নিশ্চয়ই স্মরণে আছে যে, সমস্ত বড় বড় দেবসম্পত্তি রয়েছে যেমন তারকেশ্বর, সেখানে মোহান্তের

দুর্নীতির প্রতিবাদে দীর্ঘদিন ধরে সত্যাগ্রহ হয়েছিল কিন্তু তার ভালভাবে প্রতিকার আজ পর্যন্ত হয় নি। সেজন্য সেন্ট্রাল গভর্নমেন্ট নিযুক্ত কমিশন ডঃ রামস্বামী আয়ারের নেতৃত্বে রেকমেন্ড করেছেন এ বিষয়ে আইন প্রণয়ন করার জন্য। আমি সরকারকে নিশ্চয়ই অনুরোধ করবো যে এ বিষয়ে দেবোত্তর সম্পত্তি বা এন্ডাওমেন্ট প্রপার্টি পরিচালন করার জন্য, যাতে তাদের উদ্দেশ্য ব্যাহত না হয়, সাফল্যমণ্ডিত হয়, তার জন্য আইন প্রণয়ন করা উচিত।

[4—4-10 p.m.]

ওয়াকফ প্রপার্টি সম্বন্ধে আমি এই কথা জানি যে আজকে জুডিসিয়াল ডিপার্টমেন্ট এই ওয়াকফ অ্যাক্টে যে সমস্ত ত্রুটিবিচ্যুতি রয়েছে সেগুলি লক্ষ্য করে দেখার জন্য এবং সেই ত্রুটিবিচ্যুতি দূর করার জন্য নতুন অ্যামেন্ডমেন্ট করে তাঁরা চীফ জাজ অফ দি সিটি সিভিল কোর্টের উপর ভারার্পণ করেছেন। তাঁরা ওয়াকফ কমিশনারের অফিসে গিয়ে তদারক করছেন এবং তাঁরা রেকমেন্ড করবেন এই জুডিসিয়াল ডিপার্টমেন্টের কাছে যে এই ওয়াকফ আইনে যেসমস্ত ত্রুটি-বিচ্যুতি আছে সেগুলি কিভাবে দূর করা যায়। সেজন্য আমি মনে করি যে যোশীর যে প্রস্তাব এনেছেন তার মূল বক্তব্যের সঙ্গে আমি একমত। কিন্তু এক্সপার্ট কমিটি হওয়ার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। এই সঙ্গে সঙ্গে আমি সরকারকে এই বিষয়ে সজাগ দৃষ্টি নিয়ে দৃঢ় পদক্ষেপে এগিয়ে আসবার জন্য অনুরোধ জানাই। ওয়াকফ অ্যাক্টে যেসমস্ত ত্রুটি রয়েছে তাঁরা যে অ্যামেন্ডিং বিল নিয়ে এসেছেন এই সভার সামনে তার দ্বারা সেই ত্রুটি যাতে [illegible] দূর করতে পারেন তার চেষ্টা করুন এবং সঙ্গে সঙ্গে এই অনুরোধ জানাই যে হিন্দু রিলিজিয়াস এনডাউমেন্ট প্রপার্টি গ্রামে গ্রামান্তরে যেসমস্ত ছড়িয়ে রয়েছে সেগুলি সুষ্ঠু-ভাবে পরিচালনা করার জন্য সরকার শীঘ্রই একটা আইন আনুন এই বলে আমি এই প্রস্তাবকে সমর্থন জানাই।

শ্রীগনেশ ঘোষ: মিঃ স্পীকার স্যার, গডের নামে যে সম্পত্তি আছে সে সম্পর্কে শ্রীলক্ষ্মী-নারায়ণ যোশী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। এ কথা বোধ হয় শংকরবাবু জানেন যে এককালে লোকে দেবতার নামে সম্পত্তি অর্পণ করতেন সমাজের মঙ্গলের জন্য। কিন্তু আজকে সেই যে বহু লোকের বহু ত্যাগের ফলে দেবতার নামে যত সম্পত্তি হয়েছে তা বেশীর ভাগ ক্ষেত্রে জনকল্যাণের জন্য ব্যয়িত হয় না। তাঁরা যে উদ্দেশ্য নিয়ে দান করেছিলেন সেই উদ্দেশ্য আজকে সাধিত হচ্ছে না। আজকে সেই সম্পত্তিগুলি ব্যক্তিগত লালসা এবং ব্যক্তিগত দুর্নীতির মূল কেন্দ্র হয়ে দাঁড়িয়েছে। দেবতার স্থান যেগুলি আছে যেখানে শংকরবাবু যান এবং পাঁচ টাকা দেন তার বহু ক্ষেত্রে অত্যন্ত ঘৃণ্যরকমের দুর্নীতি যা হয় সে কথা আজকে কেউ হয়ত অস্বীকার করবেন না। ১৯২২-২৩ সালে আমাদের স্বর্গীয় দেশবন্ধু চিত্তরঞ্জন দাস তারকেশ্বরের [illegible] সংগ্রাম করেছিলেন আইন টাইন [illegible] সম্পর্কে হয়েছে কিন্তু সেই আইন কি তারকেশ্বরের যে দুর্নীতি হয় সেই দুর্নীতিকে বন্ধ করতে পেরেছে? বন্ধ করতে পারে নি। কালীঘাট একটা দেবতার স্থান, তারও একটা কমিটি আছে সেখানে যেরকম দুর্নীতি হয়, আইন ফাঁকি দেবার ব্যবস্থা আছে, সেগুলি কি বন্ধ করা গেছে? বন্ধ করা যায় নি। এই যে দেবতার নামে সম্পত্তি উৎসর্গ করে জনসাধারণের কল্যাণের জন্য মঙ্গলের জন্য যে ব্যবস্থা করা হয়েছিল আজকে সেই সম্পত্তিগুলি ব্যক্তিগত দুর্নীতির কারণ হয়ে দাঁড়িয়েছে। তবুও দেবোত্তর সম্পত্তি সম্বন্ধে তো কিছু নেই, মুসলিম ওয়াকফ্ সম্বন্ধে একজন কমিশনার আছে বোর্ড আছে, যদিও সেই কমিশনার কিংবা সেই বোর্ড কিছু দুর্নীতি দমন করতে পারছে না, তার ভেতর দিয়ে ট্যাক্স ফাঁকি দেওয়া দেবত্বর সম্পত্তির অপব্যবহার করা সব কিছু চলছে। হিন্দুদের যে দেবোত্তর সম্পত্তি তার কোন মা-বাপ নেই। এমন সম্পত্তি আছে যে সম্পত্তি থেকে বছর বছর লক্ষ লক্ষ টাকা উপার্জিত হয়। কিন্তু সেই টাকাগুলি থেকে সরকারের যা পাওনা সেই পাওনা তাঁরা পান না। সরকার সে সম্বন্ধে কিছু ব্যবস্থা করেন নি। উচিত ছিল এই আইন আনা সরকার পক্ষের, কিন্তু দুঃখের বিষয় তাঁরা আনেন নি। লক্ষ্মী-বাবু এনেছেন। সরকার যদি সে সম্বন্ধে অবহিত হন যে কমিশনারের কথা বলা আছে সেই কমিশনার যদি তৈরি করা হয় তাহলে কিভাবে ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে কিভাবে জনকল্যাণের জন্য লোকে যে সমস্ত সম্পত্তি দান করে গেছে সেই সম্পত্তিগুলির ভেতর দিয়ে যে দুর্নীতি

হচ্ছে সেই দুর্নীতি বন্ধ করা যায় এবং এই দেবোত্তর সম্পত্তিগুলি জনকল্যাণের জন্য ব্যয়িত হতে পারে। তা যদি করা যায় তাহলে সত্যিকারে সমাজের কল্যাণ হবে এবং সরকারের হাতেও কিছু আসবে। এর অনেক আইনঘটিত জটিলতা আছে, আমি আইনঘটিত জটিলতার ভেতরে আর গেলাম না। যাঁরা আইনজ্ঞ আছেন তাঁরা এ সম্বন্ধে বলবেন। আমি সাধারণ মানুষের দৃষ্টি-ভঙ্গী থেকে যে জিনিসগুলি আমাদের মত সাধারণ মানুষের চোখে পড়ে আমি সেই দিক থেকে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে অবিলম্বে একটা কমিশান গঠন করা হোক। সরকার যদি নিজের উদ্যোগে এইরকম একটা আইন প্রণয়ন করেন যে আইনের বলে যে সমস্ত দেবোত্তর সম্পত্তি ব্যক্তিগত সম্পত্তি হিসাবে ব্যবহৃত হচ্ছে সেই সম্পত্তিগুলি যদি নিয়ন্ত্রণ করার ব্যবস্থা করা হয় তাহলে ভাল হয়। ছেলে যদি উচ্ছৃঙ্খল হয়, দুর্নীতিপরায়ণ হয়, সেজন্য বাবা দেবতার নামে সম্পত্তি উৎসর্গ করে গিয়েছিলেন। আজ সেই সম্পত্তির ভেতরে দুর্নীতি বাসা বেঁধেছে। সুতরাং সরকার যদি এই বিষয়ে অবহিত হন সরকার যদি গুরুত্ব দিয়ে এই প্রস্তাবটি বিবেচনা করেন তাহলে আমি মনে করি বাংলাদেশের জনসাধারণের কল্যাণ হবে।

Shri Lutfal Haque:

মাননীয় স্পীকার মহাশয়, শ্রদ্ধেয় যোশী সাহেব যে প্রস্তাব এনেছেন তার মূল কথা ভাল, আমি সমর্থন করি। দেবোত্তর এবং খেসর ওয়াকফ্ এস্টেট আছে এবং ইনকামগুলি কিভাবে অপব্যয় হচ্ছে সেকথা বলে শেষ করা যায় না। আমি কিছুকাল ধরে ওয়াকফ বোর্ডের সদস্য হিসাবে ওয়াকফ্ বোর্ডে কাজ করে যাচ্ছি। সেজন্যই আমি দেখতে পাচ্ছি যে ওয়াকফ্ বোর্ডের অবস্থা কি, ওয়াকফ্ এস্টেটগুলির অবস্থা কি। অধিকাংশ এস্টেটই ব্যক্তিগত সম্পত্তিতে পরিণত হয়েছে যারা দেবোত্তরের সেবাইত ছিলেন তাঁরা সম্পত্তিতে পরিণত হয়েছে, সেগুলি হস্তান্তর করতে করতে এমন অবস্থায় এনেছেন যে সেই দেবসেবা বা সেই ওয়াকফের যে মূল নীতি, ওয়াকফের যে মূল কথা, যে উদ্দেশ্যে তাঁরা এনডাউমেন্ট করে গেছেন, ওয়াকফ করে গেছেন, তা সম্পূর্ণ ব্যর্থ হয়ে গেছে। আমি ২-১টা উদাহরণ দিই আমাদের অঞ্চলে বিরাট এক মসজিদ এবং বিরাট বাড়ি আছে, বিরাট জমিদারী ছিল বিরাট বাগান ছিল সেটা বাড়ি এলাকায় দেবোত্তর সম্পত্তি সতি থানা এলাকায়। সেই বাড়িতপর দেবোত্তর সম্পত্তির সেই জমিদারী হস্তান্তর হয়ে কোথায় চলে গেছে এস্টেট আরইকিশান ধরতে পারেন নি তার আগে চলে গেছে, যে টুকি যেটা ছিল সব চলে গেছে, যে বিরাট পুকুর ছিল তা সমস্ত চলে গেছে এখন তিনি সেই সমস্ত ভূমির সেলামেন্ট নিয়ে থাকেন বিদেশেতে সেখান থেকে পালিয়ে এসে তার ভরণপোষণ হয় সেখানে হয়ে চলে না। সেখানে দেবসেবা চলে দেবদেবীর নামে প্রত্যহ যারা ওখানে যান তাদের যা কিছু দেয় তার উপর চলে যে যেদিন কোন অবেক্ষা হয় সেদিন চলে এই হচ্ছে ওয়াকফের অবস্থা। এই ওয়াকফ এস্টেট চরকমের আছে একটা হল ব্যক্তিগত ওয়াকফ যার ইনকাম সমস্ত চারিটিতে যাবে, আর হল ১ ভাগ যার যে পোষ্টন যাবে চারিটিতে, অধিকাংশ পোষ্যরা উত্তরাধিকারীরা ভোগ করবে, কিন্তু মাতোয়ালী একজন থাকবে, সেই মাতোয়ালীর হাতে সমস্ত ক্ষমতা চলে গেল, তিনি যদি ইচ্ছা করেন যদিও আইনে লেখা আছে কমিশনারের পারমিসন দরকার, হস্তান্তর করতে হলে, কোথায় কমিশনার পড়ে থাকলেন, তিনি ভেতর ভেতর সব হস্তান্তর করে দিয়ে বসে থাকলেন।

[4-10—4-20 p.m.]

যেমন আমি একটা কথা বলি যে, অনেকেই চেনেন আমাদের এক এম পি খোন্দকার সাহেব হচ্ছে বেলডাঙ্গাকে। সেই খোন্দকার সাহেবের যে উলাওলত ওয়াকফ এস্টেট ছিল, তার তিনি মালিক হয়েছেন। সুতরাং তিনি মুতাওলি হয়ে সেখানকার দু লক্ষ টাকার সম্পত্তি হস্তান্তর করে রেখেছেন,

without permission of the Board and without permission of the Commissioner

কাজেই সেইসব সম্পত্তিকে কে উদ্ধার করবে?

According to the Court of Ward Act.

কোর্টে মামলা হল, এবং কোর্টে মামলা হয়ে, দু বছর ধরে লড়াই করেও তাকে রেসট্রেইন করা গেল না, সম্পত্তি হস্তান্তর করার জন্য। কেন না আইনে বলছে বেঙ্গল ওয়াকফ অ্যাক্ট-এ,

সেই মান্ধাতার আমলের, ১৯৩৪ সালের ওয়াকফ্ অ্যাক্ট, তাতে বলছে—
the court is the competent authority to remove mutawalis.
অতএব বোর্ডের পাওয়ার নেই। কাজেই বোর্ড তাকে রেস্ট্রেইন করতে পারলো না। সেই বিরাট বিরাট, লক্ষ টাকার, পঞ্চাশ হাজার টাকার সম্পত্তি বেলডাঙ্গার বাজারের উপর সমস্ত বিক্রয় করে দিয়ে বসে থাকলো। এই যে সম্পত্তিগুলো ধ্বংস হয়ে যাচ্ছে, ওয়াকফ অ্যাক্ট তাকে সামাল দিতে পারছে না, এনডাউমেন্ট অ্যাক্ট তাকে সামাল দিতে পারছে না।

এখনও আর একটি দেবোত্তর সম্পত্তি হস্তান্তর হতে চলেছে—বহরমপুর থানার ভোল্লা গ্রামে। সমস্ত কিছু রেডি হয়ে গিয়েছে, সব কিছু হয়ে গিয়েছে, জনসাধারণ রুখে উঠেছে বলে তারা করতে পারে নাই। কিন্তু কোন আইনের এক্তিয়ার আছে যে রেস্ট্রেইন করবে এই দেব সেবায়তকে? কাজেই এইরকম অবস্থা দাঁড়িয়েছে। দেব সেবায়ত অত্যন্ত সৎ উদ্দেশ্য নিয়ে যেসব ওয়াকফ করেছেন, অর্থাৎ যারা দেবোত্তর করেছেন দেবসেবার জন্য, অত্যন্ত সৎ উদ্দেশ্য নিয়ে, বা অত্যন্ত সৎ উদ্দেশ্য নিয়ে সেসব দেবোত্তর বা ওয়াকফ সম্পত্তি সৃষ্টি করে গিয়েছেন তা আজ সম্পূর্ণরূপে ব্যর্থ হতে চলেছে। কাজেই আমি বলবো বিশেষ করে ওয়াকফ অ্যাক্ট সম্বন্ধে, কারণ অন্য কোন দেবত্তর অ্যাক্টে আছে কিনা আমি জানি না। কিন্তু ওয়াকফ অ্যাক্ট সম্বন্ধে বলবো যে এটা সেই মান্ধাতার আমলের অ্যাক্ট, একে যত শীঘ্র সম্ভব হয়, আজ যদি সম্ভব হয়, কাল যেতে হবে না, এইভাবে অ্যামেন্ড করতে হবে এবং তা করে একটি নূতন কম্প্রিহেন্সিভ ওয়াকফ অ্যাক্ট করতে হবে। ওয়াকফ সম্পত্তির হস্তান্তর ব্যাপারে কমিশনারের পারমিশন দরকার। ধরুন কোন মাতোয়ালীর কলকাতা এরিয়াতে কাদাপাড়ায় এক ওয়াকফ স্টেট আছে, তিনি কমিশনারের কাছে এলেন, এসে তিনি কমিশনারকে কি সব বোঝালেন কমিশনার পারমিশন দিয়ে দিলেন যে, এই মসজিদ রক্ষা করতে ১২ কাঠা জমির সম্পত্তি হস্তান্তর করা দরকার। কমিশনার সরল বিশ্বাসে সেই অনুমতি দিয়ে দিলেন। এই এরিয়াটা হল যেখানে ইমপ্রুভমেন্ট ট্রাস্ট ইমপ্রুভ করেছেন এবং একটা লেক তৈরী করেছেন, ঐ সল্ট লেক রিক্লামেসন এরিয়াটার ঠিক পাশে লাগাও, ঐ নারকলডাঙ্গা অঞ্চলে। সেখানে সেই ১২ কাঠা জমি, এ সম্পত্তি সে তার নিজের দুই স্ত্রীর নামে, বেনামী করে, দু হাজার টাকা সেলামীতে পার্মানেন্ট বন্দোবস্ত করে নিলো। তাকে রিস্ট্রেইন করবার কি আছে? সেখান থেকে তাকে রিমুভ করবার কোন পাওয়ার নেই, এই বোর্ডের। যতক্ষণ পর্যন্ত না সেটা কোর্টে যায়, তার কোন ব্যবস্থা করা সম্ভব নয়। আর এই যে ১ লক্ষ ১২ হাজার টাকার সম্পত্তি, সেল করলে, কম পক্ষে ১০ হাজার টাকা প্রতি কাঠা তার দাম হবে, সেটা মাত্র দু হাজার টাকায় পার্মানেন্ট সেল হয়ে গেলো। তাকে উদ্ধার করবার কোন পথ আছে? এই যে লক্ষ লক্ষ টাকার সম্পত্তি খোদাবক্স সাহেব হস্তান্তর করেছেন, তার অ্যাডভেলোরেম কোর্ট ফি দিয়ে, কার ক্ষমতা আছে সেই সম্পত্তিগুলোকে কোর্টে গিয়ে মামলা করে, উদ্ধার করবেন? কাজেই দেখা যাচ্ছে যে তাকে রিস্ট্রেইন করার জন্য কোন পাওয়ার দেওয়া হয় নি বোর্ডকে বা কমিশনারকে যে, তাঁরা বলতে পারেন যে এই ওয়াকফ অ্যাক্ট অনুসারে তাকে রিস্ট্রেইন করা হোক। কাজেই এইসব সর্বনাশ হতে চলেছে। এই ডিম্যান্ড বহুকাল আগে করা হয়। গণী সাহেব একটা আমেন্ডিং অ্যাক্ট এনেছিলেন, এই ওয়াকফ অ্যাক্ট-এর কিছুদিন আগে, সেই সময় স্বর্গত নেতা ডাঃ বিধানচন্দ্র রায় বেঁচে ছিলেন, তখন তিনি আমাদের অ্যাসিওরেন্স দিয়ে বলেছিলেন যে যত শীঘ্র সম্ভব এই অ্যাক্টকে অ্যামেন্ড করা হবে। কিন্তু আজ পর্যন্ত তা করা হল না। কাজেই নানান কারণে, আজকে এই যে অবস্থা সৃষ্টি হয়েছে দেবত্তর সম্পত্তি নিয়ে এবং ওয়াকফ নিয়ে, এর সংশোধন করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। আমরা সকলেই জানি, এই সভার সকলেই জানেন কিছু কিছু মাতোয়ালীও হয়ত এখানে আছেন, কিছু কিছু দেবোত্তরের সেবায়ৎও হয়ত এদিক-ওদিক আছেন, সবাই জানি যে কি আকারে চলছে, এই সভার সমস্ত সদস্যরাই জানেন যে এইসব সম্পত্তি কি আকারে কি হচ্ছে। এই যে জমিদারী অ্যাবোলিশন অ্যাক্ট-এ কমপেনসেসন দেওয়া হচ্ছে সেই দিকটা পড়ছে কার হাতে? ঐ মোতোয়াল্লীর হাতে। মোতোয়াল্লী কিভাবে টাকাটা ব্যয় করছেন, তার কোন স্কীম নেই, তিনি যদি টাকাটা পকেটস্থ করে নেন, আদার বেনিফিসিয়ারীরা সমস্ত বাদ পড়ে গেল, তারা সব ডিপ্রাইভড হয়ে গেল, তাকে রুখবার কোন ব্যবস্থা নেই। কাজেই এইগুলি যদি ভেবে দেখা

যায় যে এটা একটা বিরাট ব্যাপার, বিরাট একটা জনসেবার ক্ষেত্র, এইভাবে নেগলেকটেড হয়ে পড়ে আছে, তাই ইমিডিয়েটলি এই আইনগুলি সংশোধন করে এর সমস্ত কিছু ব্যবস্থা করা উচিত। যোশী সাহেব কমিশনের কথা বলেছেন, আমার মনে হচ্ছে এই কমিশন করে আবার আরো কিছুদিন এই দুর্নীতি ও পাপ চলবার জন্য তিনি যেন সাজেস্ট করেছেন যে এটা হোক, কিন্তু আমি এইজন্য এটা বাধা দিচ্ছি যে এই দুর্নীতি রন্ধ্রে রন্ধ্রে চলছে, এটা তিনিও জানেন এবং সকলেই জানেন। কাজেই এই দুর্নীতিকে দূর করবার জন্য এখনই আইন প্রণয়ন করে এই দুর্নীতির মুখ বন্ধ করা হোক, যত শীঘ্র বন্ধ করা হয় ততই দেশের মঙ্গল হবে। আর একটি কথা আমি 'ওয়াকফ' সম্বন্ধে না বলে পারছি না যে, পার্টিশান-এর পরে বহু মোতোয়াল্লী যারা ঐ পাকিস্তানে চলে গিয়েছে তারা আজকে এই কলকাতার বুকে মোতোয়াল্লী হয়ে বসে আছে। তারা থাকে ঢাকাতে, তারা থাকে পাকিস্তানের মধ্যে, তাদের কোন ইন্টারেস্ট এখানে নেই, কিন্তু তারা ওখানকার লোক এখানকার ওয়াকফকে কন্ট্রোল করে এবং এখানকার ইনকাম নিয়ে তারা কি অবস্থার সৃষ্টি করে? এর কোন বিধান নেই এতে, কোন ব্যবস্থা নেই, আমি মনে করি কোন পাকিস্তানী লোকের ইন্ডিয়া বা পশ্চিমবঙ্গের কোন ওয়াকফের মোতোয়াল্লী থাকতে পারবে না এই আইন করা উচিত। কাজেই এই সবগুলি দেখতে হবে, দেখে ব্যবস্থা করতে হবে। যত শীঘ্র ব্যবস্থা করা যায় ততই মঙ্গল, না হলে দেরীতে অমঙ্গলের আরো সৃষ্টি হবে।

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

Mr. Speaker, Sir,

এই ওয়াকফ সম্বন্ধে অন্যান্য সভ্যরা এর দুর্নীতির দৃষ্টান্ত রেখেছেন, দেবোত্তর সম্পত্তি সম্বন্ধে আমি খুব বেশী কিছু জানি না তবে এইটুকু জানি যে এটা একটা ভেস্টেড ইন্টারেস্ট হয়ে পড়েছে সমস্ত জায়গায়, ওয়াকফের সঙ্গে পার্থক্য আছে সেটাও বলে দেবো, এটা বেশীর ভাগই পাবলিক মানি এবং যাঁরা দখল করে বসে আছেন যে কাজের জন্য এটা দান করা হয়েছিল এবং করে যাচ্ছে জনসাধারণ তা ছাড়াও অন্য কাজেও ব্যবহার হচ্ছে। করাপশন চতুর্দিকে রয়েছে, এমন কি গভর্নমেন্ট-এর অরগ্যানাইজড টাকাও কোথাও করাপশান-এর মধ্যে চলে যাচ্ছে তা কেউ জানে না। এই স্বাধীনতার পর থেকে অনেক ঘটনা হয়েছে। বড় বড় রিফিউজি প্রবলেম বার বার আমাদের মাথার উপরে আসছে, তার জন্য গভর্নমেন্ট এর তরফ থেকে এবং পাবলিক-এর তরফ থেকে কত কোটি কোটি টাকা দেওয়া হয়েছে সেই টাকাগুলি গেল কোথায়—এখনও রিফিউজীরা ঘুরে বেড়াচ্ছে, এখনও ত তাদের পুনর্বাসন হয় নি এবং সেই জিনিসটা যদি এই গভর্নমেন্ট-এর আওতার ভিতরে হতে থাকে তাহলে এই যে ওয়াকফ ইনস্টিটিউসান এবং দেবোত্তর ইনস্টিটিউসন, যার কোন মা বাপ নেই, আমি ওয়াকফ সম্বন্ধে এই বলতে চাই যে এরও মা-বাপ নেই। গভর্নমেন্ট শুধু একটা কমিশনার অ্যাপয়েন্ট করে এবং বোর্ড-এ কিছু মেম্বার পাঠিয়ে দিয়ে এরা নিশ্চিন্ত হয়ে বসে আছেন। যেন একটা গভর্নমেন্ট অফিসের মত এবং গভর্নমেন্ট অফিসই বা বলি কি করে ভালভাবে কাজ চলছে। আমি শ্রী যোশীর এটা সমর্থন করছি। উনি যে বলছেন একটা এক্সপার্ট কমিশন লাগবে, একটা নয়, দুটি এক্সপার্ট কমিশন লাগবে। কেন না দুটি ভিন্ন ইনস্টিটিউসান রয়েছে এবং এর জন্যে ভিন্ন কমিশন লাগবে এবং তার চেয়ারম্যান একজন জজ হতে পারে এবং এই অ্যাক্ট-এর যে অ্যামেন্ডমেন্ট দরকার সেটা মাননীয় সদস্য ওখান থেকে বলেছেন যে আমি এই অ্যাসেম্বলিতে আসবার পরেই একটা অ্যামেন্ডিং বিল এনেছিলাম এবং সেটা স্বর্গীয় ডাঃ বিধান রায় তখন আমাদের এবং এই হাউসকে এই অ্যাসিওরেন্স দেন যে সমস্ত ভারতবর্ষে মুসলিম স্টলওয়ার্টসদের সঙ্গে পরামর্শ করে উনি শীঘ্রই একটা বিল আনবেন, সেইজন্য আমি ওটা প্রত্যাহার করেছিলাম।

[4-20—4-30 p.m.]

প্রত্যেকবার আমি শুনেছি লিগ্যাল অ্যাডভাইসার-এর হাতে এই বিলটা রয়েছে, যত শীঘ্র সম্ভব রেডি হবে, অ্যাসেম্বলীর সামনে আসবে। কিন্তু ৭-৮ বৎসর কেটে গিয়েছে, কোন আলোচনা হয় নি। স্যার, আপনি জানেন কিছুদিন আগে গভর্নমেন্ট নিজে জুডিসিয়াল অফিসার দিয়ে একটা এনকোয়ারী ইনস্টিটিউট করেছিলেন ওয়াকফ-এর ব্যাপারে। ওয়াকফ এ্যাক্ট-এর পরিবর্তন

দরকার, ৭-৮ বৎসর এই সাজেসান গভর্নমেন্ট-এর কাছে রয়েছে, কিন্তু আজ পর্যন্ত হয় নি। বর্তমানে এর মধ্যে যে দুর্নীতি চলছে তা দূর করার জন্য ইমিডিয়েটলি একটা ইনস্পেকশন হওয়া দরকার। এটা একটা স্ট্যাটিউটারি ইনস্টিটিউশান, এবং অ্যানুয়াল ইনস্পেকশান-এর ব্যবস্থাও আছে। আশা করি তাঁরা যে এনকোয়ারী করেছেন সেই এনকোয়ারী রিপোর্ট আমাদের সামনে আসবে। দুর্নীতি সম্বন্ধে আমি কোয়েশ্চেন দিয়েছিলাম। আপনি জানেন স্যার, মন্ত্রিমহাশয় যে উত্তর দিয়েছিলেন তাতে আমরা জানতে পেরেছিলাম যে, গভর্নমেন্ট অ্যাপয়েন্টেড কমিশনার ১লা এপ্রিল থেকে ১৭ই মে পর্যন্ত দেড় মাসের বেশি সময় অফিসে যান নি, অথচ ছুটিও নেন নি, তিনি নিজের মর্জিমত কাজ করে থাকেন। সেখানে বহু আনঅথোরাইজড মানুষ বসে আছেন এবং তারা তাঁকে নানান পরামর্শ দিচ্ছে। সেখানে যে ক্ল্যারিক্যাল অ্যাপয়েন্টমেন্ট আছে তার বিরুদ্ধে লিগ্যাল রিমেমব্রানসার-এর কাছে রেফার করতে হয়েছিল, তিনি এনকোয়ারী করে তার এনকোয়ারী রিপোর্ট এ এই অ্যাপয়েন্টমেন্ট ইররেগুলার, ইমপ্রপার, ইনভ্যালিড ডিক্লেয়ার করেছিলেন। তৎসত্ত্বেও সেই ভদ্রলোক অফিসে বসে আছেন। এভাবে ডিফায়েন্স অফ গভর্নমেন্ট অথরিটি অফ লিগ্যাল ওপিনিয়ন ওয়াকফ অফিসে চলছে। ওখানে আরো অনেক রকম দুর্নীতি আছে, যার ফলে চ্যারিটি সাফার করে, বেনিফিসিয়ারিসরা সাফার করে। সেখানকার মোতাওয়ালি এবং কমিশনারকে ঐ ভদ্রলোক গ্রাহ্য করেন না, তাঁদের সঙ্গে পরামর্শ করা দূরের কথা, তাঁদের কোন নির্দেশ তিনি পালন করেন না। দৃষ্টান্ত দিতে গেলে অনেক দৃষ্টান্তই দেওয়া যায় কিন্তু সেই সময় এখানে পাওয়া যাবে না। পার্টিসান-এর পরে অনেক মোতাওয়ালী চলে গিয়েছে, আবার অনেক মোতাওয়ালী যাঁদের এখানে থাকবার অধিকার নাই তাঁরা এখানে বসে আছেন তাঁদের রাইট এখনো রয়েছে ইমিডিয়েটলি এসব পরিবর্তন করা দরকার। ওয়াকফ অ্যাক্ট-এ [illegible] রয়েছে আমি এখন সেসব ডিটেল-এর মধ্যে যাচ্ছি না। আমি শুধু এটুকু বলব যে এইসমস্ত ত্রুটি দূর করার জন্য অবিলম্বে রেগুলার গভর্নমেন্ট ইনস্পেকশান-এর ব্যবস্থা করা হলে সেটা ঠিক হস্তক্ষেপ হবে বলে মনে করি না। আমি দুটো দৃষ্টান্ত আরো দেব দুর্নীতির এই কলকাতা শহর থেকেই। ওয়াকফ স্টেট-এর একটা বিরাট ফান্ড আছে, কথাটা হচ্ছে এই ফান্ড এর ইমপ্রপার ইউজ সম্পর্কিত। এক ভদ্রলোক এইভাবে একটা প্রাইভেট এরোপ্লেন এর মালিক হয়ে বসে আছেন অথচ তিনি যে ব্যবসা করেন তাতে তাঁর মাসিক আয় এক-দেড় হাজার, তাঁর মোটরগাড়ি তো আছেই, তাছাড়াও কি তিনি এই আয়ের উপর একটা এরোপ্লেন রাখতে পারেন যদি না তিনি স্টেট এর সমস্ত টাকা আত্মসাৎ না করে থাকেন? সিমিলারলি আরেকটা স্টেট-এ শ্রীনেপালচন্দ্র রায়ং নামটা বলুন। নামটা হচ্ছে ডাঃ রহিম। মোতাওয়ালি নিজে একজন ব্যারিস্টার লোক, কিন্তু জানি না কেন কিছু করতে পারছেন না। তাছাড়া [illegible] থাকবার ব্যবস্থা রয়েছে, তারা পড়াশুনা করবে। কিন্তু ওয়াকফ ডিপার্টমেন্টে [illegible] যদি দেখেন [illegible] সেখানে অনেক অ্যানঅথরাইজড লোক বসে আছে এবং নানারকম কাণ্ড হচ্ছে। এরকম অবস্থা সমস্ত ওয়াকফ স্টেট-এ রয়েছে। তারপর [illegible] বাড়ি আছে সেখানে ঘরবাড়িই বেশী কিছুটা এগ্রিকালচারাল পোর্সন রয়েছে, কিন্তু সেগুলি রিপেয়ারিং এর ব্যবস্থা নেই, সমস্তই টটারিং অবস্থায় রয়েছে। রিপেয়ার-এর জন্য যে খরচ খাতাপত্রে দেখান হয় সেগুলি মোতাওয়ালি মহাশয় বা তাঁর কোন হেন্সম্যান-এর পকেটে যায়। এর ফলে স্টেট আস্তে আস্তে ভেঙ্গে চুরমার হচ্ছে। এই ব্যাপারে আমার ইন্টারেস্ট এইজন্য বেশী যে, আমার ধর্মের মধ্যে একটা জিনিস রয়েছে যেটা আমার কাছে অত্যন্ত প্রিয় এবং সেটা হচ্ছে এই ওয়াকফ ইনস্টিটিউসন। কিন্তু এখানে দেখতে পাচ্ছি ইচ্ছাকৃতভাবে ন্যাসনালাইজেসন অফ প্রাইভেট প্রপারটি করা হয়েছে। অর্থাৎ এক কলম লিখে দিল যে আমি সমস্ত প্রপারটি পাবলিক-এর জন্য দান করলাম এবং অমনি সেটা পাবলিক-এর হয়ে গেল। কিন্তু আনফরচুনেটলী এরকম একটা ভাল ইনস্টিটিউসনকে যেভাবে গড়ে তোলা হচ্ছে এবং আইনের যে অবস্থা রয়েছে সেটা আপনি জানেন। ১৯৪৪ সালের আইন যেটা ২০ বছর হয়ে গেছে, তারপর কত চেঞ্জেস হয়েছে, পার্টিসন হয়েছে, নানারকম আইন বদল হয়েছে এবং সেগুলি অধ্যক্ষ মহাশয়, আপনি ভালভাবেই জানেন। এ বিষয়ে ডাঃ রায় একবার বলেছিলেন যে, অল ইন্ডিয়া বেসিস-এ এই ওয়াকফ অ্যাক্ট-এর অ্যামেন্ডমেন্ট আনবার চেষ্টা আমরা করছি। কিন্তু অল ইন্ডিয়া বেসিস-এ এটা হতে পারে না, কারণ ভিন্ন ভিন্ন প্রদেশে যে অবস্থা রয়েছে সেটা এক নয়। তাছাড়া এর সঙ্গে যুক্ত রয়েছে নানারকম প্রভিনসিয়াল অ্যাক্ট, যেমন ল্যান্ড রিফর্ম অ্যাক্ট, ল্যান্ড অ্যাকুইযিসান অ্যাক্ট, জমি-

ারী অ্যাক্ট, ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট—এসব জিনিস এমনভাবে জড়িত রয়েছে যে, প্রত্যেকটি প্রদেশে কোন না কোন পার্থক্য থাকবেই। কাজেই ওয়াকফ অ্যাক্ট একভাবে সমস্ত ভারতবর্ষে প্রচারিত হতে পারে না। শুধু তাই নয়, অনেক জায়গায় এমন আছে যেখানে ওয়াকফ প্রোপার্টি নেই, আবার অনেক জায়গা এমন আছে যার সমস্যা ভিন্ন। কাজেই অল ইণ্ডিয়ার জন্য বসে থাকলে এক সেঞ্চুরি কেটে যাবে। আমার শেষ বক্তব্য হচ্ছে আমাদের প্রদেশে কি প্রয়োজন, এখানে কি কি চেঞ্জেস দরকার সেটা বিচার করে যত তাড়াতাড়ি সম্ভব একটি অ্যামেন্ডমেন্ট বিল আনা হোক।

শ্রীশঙ্করদাস বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি খুব মন দিয়ে শুনলাম কি বক্তৃতা হোল। কিন্তু বক্তৃতার ধারা শুনে মনে হচ্ছে কেউ যে ওয়াকফ অ্যাক্ট পড়ে এসে বক্তৃতা দিচ্ছেন তা নয়—আন্দাজে বক্তৃতা করলেন। অবনীবাবু দুর্নীতির কথা বললেন এবং সেটা এমনি নয়, একেবারে রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি দেখছেন। (জনৈক সদস্যঃ সেম সাইড হচ্ছে যে!) আমি যা বলবার বলব, সেম সাইড কি অন্য জিনিস সেটা দেখা যাবে। তারপর, লুতফুল সাহেবও অনেক দিন আগে বক্তৃতা করেছিলেন। যা হোক, এখন কথা হচ্ছে জিনিসটা কি সেটা আমাদের ভাল করে আগে বুঝতে হবে। প্রথম কথা হচ্ছে ওয়াকফ আগে যাঁরা তৈরী করেছে ক্রিয়েটার্স অফ ওয়াকফ তাঁরা কি কারণে তৈরী করেছিলেন। কতগুলি পাবলিক চ্যারিটি আর কতগুলি ওয়াকফ-আল-আল-আউলাদ। এই ওয়াকফ-আল-আল-আউলাদের সঙ্গে পাবলিকের কোন সম্পর্ক নেই—এটা চিরকাল চলে আসছে। এটা আমাদের কোন অ্যাক্ট-এ তৈরী করি নি পুরাতন মুসলমানদেরই এই ওয়াকফ-আল-আল-আউলাদ সৃষ্টি। ওয়াকফ-আল-আল-আউলাদ মিনস এ ওয়াক আন্ডার

which not less than 75 per cent. of the net available income is for the time being payable to waklf for himself or any member of his family or decendants.

অর্থাৎ এই যে ওয়াকফ তৈরী করা হয়েছে—ওয়াকফ-আল-আল-আউলাদ মেইনলী তার উদ্দেশ্য হচ্ছে যাতে পরিবারের লোকেরা খেয়ে পরে বেঁচে থাকতে পারে। কাজেই গনি সাহেব যা বললেন সব পাবলিক চ্যারিটি তাতে আমার বক্তব্য হচ্ছে আমরা এই ওয়াকফ-আল-আল-আউলাদ তুলে দিতে পারব না, কারণ এটা তুললে আবার একটা ভুল দৃষ্টিভংগী নিয়ে দেখা হবে। তার ওয়াকফ হচ্ছে পাবলিক চ্যারিটি। তারপর, আর একটা কথা বলি রাগ করবেন না জমিদারী গিয়ে এখন খেতে শুধু এই ওয়াকফটুকু এবং দেবোত্তরটুকু। সর্বস্বান্ত হো হওয়াই গেছে, এখন ওপরেই নির্ভর। কাজেই যদি লুচি খেতে হয় তাহলে সন্ধ্যাবেলা দেবতাকে দিয়েই আমি খাই

[1-30- 1-40 p.m.]

পীর সাহেবরা পোলাও খেয়ে থাকেন ঘন ঘন তার জন্য চিন্তা বা দুঃখ করার কোন কারণ নাই এ বিষয়ে আমার একটু জানা আছে, আমি স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয়ের সঙ্গে এ নি আলোচনা করেছি। আপনারা ওয়াকফ অ্যাক্ট যদি যত্ন করে পড়ে দেখেন, দেখবেন এতে বিশে কিছু গলতি নেই, যথেষ্ট বন্ধন আছে, যথেষ্ট শক্তি কমিশনারকে দেওয়া আছে, কিন্তু সবে মধ্যে যদি ভূত থাকে সে ভূত ছাড়ান ওঝার কর্ম নয়। ব্যাপার হচ্ছে, ৪-৫ জন এল তাঁরাও যে করেন, কমিশনার সাহেব একা কি করেন, অ্যাক্ট ঠিক আছে, ভালভাবে চালাতে চেষ্টা কর তাহলে আর একটু ভালভাবে দেখতে হবে, বিশেষ যে নীতিগত পরিবর্তন করতে হবে আ তা আমার মনে হয় না। এ ছাড়া পশ্চিমবঙ্গ সরকার সম্প্রতি একজন জজকে নিযুক্ত করেছে একজামিন the workings of the Act.

তিনি দেখছেন কোথায় কোথায় গলদ আছে, কি কি করা যাবে, তার রিপোর্ট নিশ্চয়ই দেখতে আসবে। আমি জানি যেসব জিনিসে গলদ থাকবে, স্পষ্ট কথা বলছি, স্পষ্ট কথা বলার কারও ভয় পাবার কারণ নেই, আগে বড় লোকেরাই ওয়াকফ করত, এটা গরীবের ব্যাপার গ্রামে গ্রামে যখন যাই তখন দেখতে পাই বড় বড় মসজিদ, পুরানো মসজিদ পড়ে আছে, সংস্কার হয় না, কেন হয় না? টাকা নাই, যেখানে যা আছে ঝড়তি পড়তি সে টাকা খে

ফুরিয়ে যায়, মানুষ পেটে খায়, দেবোত্তর সম্পত্তির সেই অবস্থা। এক একটা লোক ৪-৫ লক্ষ টাকা আয়ের দেবোত্তর সম্পত্তি করে গেছল, কিসের জন্য? পরিবারের লোক খাবে বলে, বিলাতের ট্রাস্ট আমাদের ছিল না।

The conception of English trust was not in India, the conception of Debattar was in India, the conception is peculiarly oriental.

আজকে আমরা বলছিলাম দুর্নীতি কিসের? তারা কি চুরি করে? ভগবানের নাম করে দেওয়া আছে, একটা মন্দির আছে, কতগুলি প্রপার্টি আছে, নিশ্চয়ই মানুষের পরিবারে যে মানুষ জন্মাচ্ছে তারা এই প্রতিষ্ঠিত দেবোত্তর থেকেই খেয়ে আসছে চিরকাল, এতে দুর্নীতি কিছু দেখতে পাই না। তবে হ্যাঁ, তারকেশ্বরের কথা, নিশ্চয়ই তারকেশ্বরের ভয়ানক দুর্নীতি ছিল, মামলা হয়েছিল, প্রপার্টি অ্যাডমিনিস্ট্রেটারের, হাইকোর্টের অর্ডারে রিসিভারে ভেস্ট করে গেছে। সম্পূর্ণ কন্ট্রোল বোর্ডের, এ বিষয়ে কোন ভুল নাই। আজকে আমাদের দেশে একটি হিন্দু রিলিজিয়াস কমিশনের কথা বললেন অবনীবাবু জানেন যে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এই কমিশন অ্যাপয়েন্ট করেছিলেন। Mr. Justice K. C. Sen of the Bombay High Court. প্রত্যেক জায়গা থেকে বড় বড় লোকই ছিল, তার প্রধান কারণ হচ্ছে, মাদ্রাজে যে সমস্ত দেবোত্তর আছে, তাতে ভাস্ট স্টেট, কি করে সেটা কন্ট্রোল হবে,

they are public property, completely public property,

কন্ট্রোল করা দরকার, ম্যানেজ করা দরকার, বাংলা দেশে এমন অবস্থা হয়েছে দেবোত্তর, মন্দির ভাঙ্গলে এখানে সংস্কার হয় না মসজিদ ভাঙ্গলে এখানে সংস্কার হয় না, আমি একবার বিধানবাবুকে বলেছিলাম এ নিয়ে যে বিধানবাবু, মুসলিম বন্ধুদের একটা ওয়াকফ অ্যাক্ট আছে Government of India, Wakf Act of 1913.

এবং একটা ওয়েস্ট বেঙ্গল অ্যাক্ট অফ ১৯১৩ আছে দেবোত্তর সম্পত্তি দেখবার জন্য। অল ইন্ডিয়া কমিশন নিশ্চয়ই আইন তৈরী করবে, তবে আমাদের এখানে একটা কথা অ্যাসেম্বলীর সদস্যরা বললেন যে যদি অন্যায় করে কমিশনার বেচে দেন, যদি নালিশ করে উদ্ধার করতে হয় তাহলে একজন সাধারণ লোকের পক্ষে টাকা দিয়ে নালিশ করে—রশুন দিয়ে কেস করা অসম্ভব, টাকা থাকে না। অবশ্য এটুকু করতে পারেন, টাকা না দিয়ে মামলা করা, রশুন মাপ দেওয়া, তারও আবার মুসকিল আছে, যেই বললাম যে কোর্ট ফী নেব না, অমনি ৫ হাজার মামলা আরম্ভ হয়ে গেল, এ জিনিষটা ভাবতে হবে।

কাজেই সেই বিষয়ে খুব সাবধান হয়ে চলতে হবে। আজকে আমি তাড়াতাড়ি আর একবার ওয়াকফ অ্যাক্টটা খুলে দেখলাম— provisions of the Wakf Act are good enough সামান্য সামান্য পরিবর্তন আবশ্যক হতে পারে। কিন্তু যিনি কমিশনার তাঁর পক্ষে একা করা সম্ভব নয়। আমি একটা প্রশ্ন শ্যামাদাসবাবুকে জিজ্ঞাসা করেছিলাম আপনি কি টক করে বলতে পারেন কতগুলি ওয়াকফ বাংলা দেশে আছে? কত পাবলিক ওয়াকফ, কত ওয়াকফ-আল-আল-আওলাত, কত দেবোত্তর? প্রত্যেকটির জবাব ওঁর পক্ষে দেওয়া সম্ভব নয়। উনি বললেন আমি বলতে পারব না। আমি এতে দোষ দেখতে পাই না। কি করে বলবেন? বোধ হয় আমাদের ১০ হাজার ওয়াকফ আছে, ২০ হাজার দেবত্তর আছে, খোঁজ করলে পাবেন।

শ্রীলুতফল হকঃ ওয়াকফ বোর্ডে এনরোলমেন্ট ৭ হাজার আছে।

শ্রীশঙ্করদাস ব্যানার্জীঃ আমি লুতফল হক সাহেবের কাছে কৃতজ্ঞ, কারণ, উনি ফিগারটা দিলেন যে ৭ হাজার আছে। ৭ হাজার ওয়াকফ আজকে যদি বাংলাদেশে থাকে, তা ছাড়া দেবত্তর ৮-১০ হাজার রয়েছে, তাহলে একজন কমিশনার বসে তার প্রত্যেকটি ইঞ্চি ভূমি বিক্রি হচ্ছে কিনা, লিজ হচ্ছে কিনা, মর্টগেজ হচ্ছে কিনা, তার টাকা ভালভাবে ব্যয় হচ্ছে কিনা এগুলি দেখা একটা অসম্ভব শক্ত কাজ। অথচ পাবলিকের হাতেও তুলে দেওয়া যায় না। আইন করলেই যে কাজ ভাল হয় আমি সেটা মোটেই বিশ্বাস করি না। আপনাদের আমি বলি ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টে এতদিন ধরে চলে আসছে, তাতে পাঁচ শোর অধিক সেকসান আছে, খুব কি

ভাল মিউনিসিপ্যালিটি চলছে? আপনারাই সেটা বিচার করে দেখুন। বেঙ্গল মিউনিসিপ্যালিটি অ্যাক্ট আছে। মিউনিসিপ্যালিটিগুলি কি চলছে? নিত্য নতুন গুটিকয়েক ধারা এনে বসিয়ে দিলে যদি দেশ ভালভাবে চলত তাহলে আর ভাবনা থাকত না। আপনারা ভিলেজ পঞ্চায়েত অ্যাক্ট নতুন আইন প্রণয়ন করেছেন, এখন হাইকোর্টে দিনে ৩০টা করে মামলা মুভড হচ্ছে, সকলেই একেবারে মামলা করতে ব্যস্ত। এখন দেবোত্তর সুচারুভাবে যদি ম্যানেজ করতে হয়, তাহলে রিপোর্ট একখানা আসবে আমাদের কাছে নিশ্চয়ই যখন সিটি সিভিল কোর্টের একজন অভিজ্ঞ জাজ এনকোয়ারী করছেন, তখন আমরা নিশ্চয়ই বিচার করে দেখতে পারব যে লোকসান হচ্ছে বা অন্যায়ভাবে সম্পত্তি বিক্রি করা হচ্ছে সেগুলি কি করে ঠেকান যেতে পারে। কিন্তু আমার ৩৫ বছর ধরে হাইকোর্টে প্র্যাকটিসের অভিজ্ঞতা থেকে আমি এটুকু জানাচ্ছি মিতাক্ষর ল-তে লেখা আছে— property shall not be sold except without legal necessity.

অথচ লক্ষ লক্ষ মামলা হচ্ছে, সোলডও হচ্ছে, জাজরা অ্যাভয়েড করে দিচ্ছেন, আবার হচ্ছে। এত ফুল প্রুফ জিনিস তৈরি করা সম্ভব নয়। তবে ওঁরা বলছেন যে একজন কমিশনার নিয়োগ করুন, আমি মনে করি না যে এই বিষয়ে কমিশনার অ্যাপয়েন্ট করে কিছু করতে পারবেন। আমাদের যে বেঙ্গল ওয়াকফ অ্যাক্ট অফ ১৯৩৪ আছে আমার মনে হয় তা মোটামুটি যথেষ্ট ভাল, কিছু পরিবর্তন দরকার হতে পারে এবং কিছু পরিবর্তন করা চলবে। যখন এই রিপোর্ট আসবে তখন করা যাবে। বরঞ্চ এটা বলা যেতে পারে দেবত্তরের কোন আইন নেই। আইন প্রণয়ন করে আর একটা কমিশনার এনে যে খুব একটা দেশের মঙ্গল করতে পারব তা আমার মনে হয় না। দু-চারটা বাড়িতে গৃহদেবতা আছে। তা ছাড়া এমন জায়গা আছে যেমন কালীঘাটের মন্দির, যেমন তারকেশ্বরের মন্দির, তার কন্ট্রোলের জন্য একটা আইন প্রণয়ন করা উচিত। আমি মনে করি যে বাংলাদেশের দেবোত্তর কন্ট্রোল করার জন্য একটা ল প্রণয়ন করা উচিত এইরকম বড় বড় ফাউন্ডেশানের জন্য। আর ছোটখাট বাড়িতে কার দেবতা আছে, কে লুচি খাচ্ছে, রন্ধ্রে রন্ধ্রে তার কলুষিত হোক না হোক, তার প্রাণটা বাঁচুক খেয়ে। আমি এটা বিশ্বাস করি। নিশ্চয়ই বাপ-ঠাকুরদা প্রতিষ্ঠা করে গেছেন, নিশ্চয়ই আমি লুচি খাব, এই নিয়ে যদি আপত্তি করেন, করতে পারেন, আমার বলার কিছু নেই। আমি মনে করি এতে অন্যায় কিছু হয় নি। আমাদের জাতীয় দোষ হচ্ছে পরের হাঁড়িতে কাটি দিতে পারলেই আমরা সন্তুষ্ট। আপনারা ধৈর্য ধরে অপেক্ষা করুন, দেখুন সরকার কি করেন।

[4.40- 4-50 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

চেয়ারম্যান, স্যার, মাননীয় শঙ্করবাবু যা বললেন আমি তো বুঝে উঠতে পারলাম না যে, উনি কি চান। উনি বললেন যে, সংস্কার এরকম করতে পারছেন না পয়সা নেই তবে একটা আইন করলে যা বলছেন করা যাক। ওয়াকফ অ্যাক্ট সব ঠিক আছে, দুর্নীতি আর কি, একটু-আধটু খাচ্ছে। স্যার যখন ওদিক থেকে কোন বিল আসে আর রোজই যা কিছু আইন ওদিক থেকে আসে আমি একদিনও শুনি নি মাননীয় শঙ্করবাবুর কাছ থেকে যে, এসব আইন করে কি হবে, এ আইন করাও যা, না করাও তাই--কোন বিরোধিতা কোনদিন শঙ্করবাবুর কাছ থেকে শুনি নি। আজকে একটা প্রস্তাব আমাদের মাননীয় বন্ধু মিঃ যোশী যেটা এনেছেন এতদিন পরে এই বিধানসভায় চতুর্দিক থেকে সেটা সমর্থিত হয়েছে, কিন্তু আজও দেখলাম যে, বোধহয় শঙ্করবাবু ছাড়া আর কেউ এর বিরুদ্ধে বা কোনরকম এর প্রতি কটাক্ষপাত করে কোন কথা এই সভার ভেতর বলেন নি। স্যার, আমি আজকে প্রথমেই সমস্ত সভ্যদের কাছে কৃতজ্ঞ যে এই বিধানসভায় প্রত্যেকদিন যা হয় আজ তা হয় নি, অন্তত একটা বিষয়ে তার যে প্রয়োজনীয়তা আছে, সার্থকতা আছে এটা উপলব্ধি করেছেন এই সভায় সদস্যরা দলনির্বিশেষে। সেজন্য আজকে এই যে গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করেছেন আমার বন্ধু মিঃ যোশী যে দায়িত্ব সরকারের পালন করার কথা ছিল আজকে কংগ্রেস দলের সভ্যরা সেই দায়িত্ব সেই ত্রুটি-বিচ্যুতির কথা নিজেরাই স্বীকার করেছে। সুতরাং সেই হিসাবে আমি আমার বন্ধু মিঃ যোশীর কাছে কৃতজ্ঞ যে সরকারের ত্রুটি-বিচ্যুতিগুলি আজকে তাদের দলের লোকদের দ্বারা স্বীকৃতি পেয়েছে

য, এরকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের ত্রুটিবিচ্যুতি হয়েছে, এজন্য একটা আইন প্রণয়নের অত্যন্ত আবশ্যকতা আছে। স্যার, দুর্ভাগ্যবশত, মাননীয় শঙ্করবাবু এখানে নেই, থাকলে আমি তাঁর কথাগুলির উত্তর দিতে পারতাম। আমরা জানি এই দেবোত্তর এই ওয়াকফ এতে সম্প্রদায়ের কথা নেই, হিন্দু-মুসলমান সকলের কাছে ধর্মের নামে তাঁরা তাঁদের জীবনের অর্জিত তাঁদের উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সমস্ত ধনদৌলত তাঁরা মানুষের সেবার জন্য ধর্মকে সুপ্রতিষ্ঠিত ও সুপ্রচারিত করার জন্য তাঁদের ধর্মের প্রতি যেটুকু বিশ্বাস আছে যাতে অন্যরা সেই বিশ্বাস করে সেই বিশ্বাস দেখাবার জন্য জনসাধারণের সেবার মাধ্যমে ভগবানকে আরাধনা করার জন্য যুগ যুগ ধরে এই দেবোত্তরের সৃষ্টি হয়েছে, এই ওয়াকফের সৃষ্টি হয়েছে। স্যার, ইংরাজ আমলে ১৮১০ সালে যখন এ সমস্যার সম্মুখীন ইংরাজ শাসকরা হয়েছিল—তারা জানত বা জেনেছিল যে, এই দেবোত্তর সম্পত্তি বা ওয়াকফ সম্পত্তির আয় কি বিরাট—কোটি কোটি টাকার সম্পত্তি, এই সম্পত্তির আয় সম্বন্ধে তারা হস্তক্ষেপ করতে চেয়েছিল, তাদের কর্তৃত্বকে বজায় রাখতে চেয়েছিল। এই ইতিহাস আজকে জানা উচিত যে, ১৮১০ সালে প্রথম রেগুলেশনে ইংরাজ এই জিনিস করতে চায়। তারা সমস্ত জিনিসটা ধর্মের হাতে দেব না বলে তারা বোর্ড অফ রেভিনিউর হাতে এই সমস্ত দেবোত্তর ও পীরোত্তর সম্পত্তি যা কিছু দেখাশুনার ভার তারা দিয়েছিল। ক্রমশ সেই আইন যখন কার্যকরী হবার পালা তখন অনেক অন্তরায় দেখা দিল। তখন আমাদের সিভিল প্রসিডিওর কোডে এমন ব্যবস্থা করে দিল যাতে কিছু কিছু সাধারণের তরফ থেকে রিলিজিয়াস ট্রাস্টে যাদের ইন্টারেস্ট আছে তারা নালিশ করলে হয়ত সেসমস্ত ট্রাস্ট তার এনডাউমেন্টের বিস্তারিত বিবরণ জানবার অধিকার তারা দিয়েছিল কোর্টের মারফত।

কিন্তু এই সমস্ত নানা অসুবিধার মধ্যে আমাদের এই বৃহত্তর দেবোত্তর সম্পত্তির একটা অংশ এবং তার আয় যখন এইরকমভাবে তছনছ হয়ে যাচ্ছে, তখন এটা সরকারের দৃষ্টি আকর্ষণ করে এবং তারপর কেন্দ্রীয় সরকার ১৯৬০ সালে একটা হিন্দু রিলিজিয়াস এনডাউমেন্ট কমিশন গঠন করেন।

মাননীয় শঙ্করবাবু এখানে নেই, এইসবগুলি তাঁর জানা উচিত বা তিনি হয়ত সব জেনেও জেনেও বলছেন না। আমার এক বন্ধু কংগ্রেসী সদস্য যিনি বলেছেন, তাঁর উদ্দেশ্যে আমি বলছি, এবং বিশেষ করে সরকারের উদ্দেশ্যে বলছি, পশ্চিম বাংলায় এই দেবোত্তর সম্পত্তি সম্বন্ধে তাঁদের কি অভিমত এই বইতে লিপিবদ্ধ আছে। সেই কমিশনের সামনে আমাদের স্বর্গীয় ডঃ বিধানচন্দ্র সাক্ষ্য দিয়েছিলেন, কাউন্সিলের প্রেসিডেন্ট সুনীতিবাবু সাক্ষ্য দিয়েছিলেন। আমাদের ভারতবর্ষের, বিশেষ করে বাংলাদেশে বহু মনীষী বহু পণ্ডিত যাঁরা সাধারণসমাজের বিশিষ্ট ব্যক্তি আছেন যাঁরা সেখানে সাক্ষ্য দিয়েছিলেন। আমাদের দেবোত্তর সম্পত্তি সম্পর্কে এইসব টাকাকড়ি রক্ষা করার জন্য কি বিধিব্যবস্থা করা যায়, তা নির্ধারণ করার জন্য, এই কমিশনের সদস্যগণ ভারতবর্ষের সমস্ত পীঠস্থান ও দেবস্থান পরিদর্শন করেছিলেন এবং তা করে তাঁরা প্রত্যেকটি খুঁটিনাটি বিষয় সম্বন্ধে পর্যালোচনা করে এমন কি আমাদের বাংলাদেশের মধ্যে আমাদের [illegible]কালীঘাটের ব্যাপারে, সমস্ত জায়গার বিবরণী এই বইতে তাঁরা লিপিবদ্ধ করেছেন।

স্যার, সেই সময় তাঁরা বলেন, ভারতবর্ষের সমস্ত প্রদেশে আমাদের এই দেবোত্তর সম্পত্তি রক্ষণাবেক্ষণ করার জন্য আইন প্রণয়ন হয়ে গিয়েছে। বোম্বেতে হয়েছে, মাদ্রাজে হয়েছে, অন্ধ্রতে হয়েছে, সমস্ত জায়গায় হয়েছে, যার ফলে আজকে দেখা যাচ্ছে যে, ধর্মের নামে যে সমস্ত টাকা তুলে যে উদ্দেশ্য নিয়ে মঠ স্থাপিত হয়েছিল, মন্দির স্থাপিত হয়েছিল, সেই উদ্দেশ্য যাতে বলবৎ রাখা যায় সেই টাকা যাতে অপচয় না হয় এবং কেউ সম্পত্তি বিনষ্ট না করতে পারে, তার জন্য বিধিব্যবস্থার প্রয়োজন।

স্যার, এই কমিশনের রিপোর্টের এক জায়গায় আছে, এটা শঙ্করবাবুর ইচ্ছায় হবে না, বাধ্য হয়ে আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে এই আইন আনতেই হবে। কোন ক্ষমতা নেই তাদের যাতে আইন না আনেন। কারণ কমিশনের সেই রিপোর্ট সেন্ট্রাল লেজিসলেচারএর রিপোর্ট, সেই কমিশনের রিপোর্টকে এড়িয়ে যাবার ক্ষমতা এই পশ্চিমবঙ্গ সরকারের নেই। সুতরাং এটা আজকে শঙ্করবাবুর অনুনয়-বিনয়ের জন্য বা তাঁর অনুগ্রহের উপর নির্ভরশীল নয়। কমিশন রিপোর্টে লেখা আছে—

West Bengal, for instance, is a prominent example of an enlightened State with a highly developed social consciousness where important temples are

regarded and treated as private property and no check or scrutiny of the resources is exercised or contemplated. It is in our view a matter of imperative necessity that suitable legislation should be undertaken by a State having no legislation as in West Bengal.

স্যার, এই হল তার একটি কথা। আর একটি কথা আমি বলছি—ডাঃ বি সি রায়, তাঁর নাম এখানে লেখা আছে, তিনি সেখানে সাক্ষ্য দিয়েছিলেন। আমাদের প্রাক্তন বিচারপতি শ্যামাপ্রসাদ মুখার্জি, as a retired Judge of the Calcutta High Court,
তিনি নিজে সেখানে সাক্ষ্য দিয়েছিলেন। আমার বন্ধু মাননীয় শঙ্করবাবু বলেছেন—শুধু একটু লুচি-টুচি তারা খায়, এমন কি অন্যায় তারা করেছে। তিনি তাঁর সাক্ষ্যতে বলেছিলেন

Most of the Debattar properties is being treated as private by those in charge of the institution. He has further stated that after the abolition of zemindary the position of a smaller temple specially will be very dificult became in most of these cases the records of rights are in the name of particular persons as managers or sebaits and when they are told limitation comes in and the compensation is paid over to such persons and the endowment loses to that extent, most of the smaller Debattar estates would lose an the properties. He also given instances of temples which were working under the scheme framed by the court.
সেইখানে তিনি কালীঘাট টেম্পলএর কথা বলেছেন। আমি আর পড়ব না।

[4-50 - 5 p.m.]

চ্যাটার্জি, তিনি বলেছিলেন যে, এইসব পুরোহিতদের কিভাবে শিক্ষা দিতে হবে, তাদের বিধি-ব্যবস্থা কিভাবে করতে হবে, সমস্ত তাঁর রেকমেন্ডেশন এখানে আছে। স্যার, আমি আর একটি কথা বলতে চাই, স্যার, এই রিপোর্টএ লেখা আছে

"We have, in the course of this Report, had to point out there have been literally hundreds of cases in which a head of the Mohunt, the Sebait or Trustee of a temple and other religious foundations, has burdened or alienated the properties of the Math endowment to the serious detriment of the Trust. In most, if not in all, cases some valuable consideration is alleged in the deed of alienation. The evidence before us is to the effect that generally such recitals are either false or camouflaged, colourable or benami transactions."

স্যার, এর উপর ভিত্তি করেই তাঁরা রেকমেন্ডেশন করে দিয়েছেন যে, যেসব স্টেটে এখন অবধি কোন ভাল আইন নেই, এইসব বিষয় সম্পর্কে সেই সব আইন তাদের করতে হবে ও আমি জানি যে, আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই কমিশনের নির্দেশ যা আছে তাকে অমান্য করতে পারবেন না। স্যার আমি একটা কথা বলতে চাই যে আজকে আমরা সোসিয়ালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি হতে চলেছি কিন্তু এই দেবোত্তর সম্বন্ধে উনি একটা সংখ্যা জানতে চেয়েছিলেন এইখানে এই বিধানসভায় ২৩এ জুলাই তারিখে, আমাদের মন্ত্রিমহাশয় উত্তর দিয়েছিলেন একটি প্রশ্নের যে, কত দেবোত্তর আছে যাদের পারপেচুয়াল অ্যানুইটি দেওয়া হয়, আপনারা শুনে অবাক হয়ে যাবেন যে, দেবোত্তরের জন্যে পারপেচুয়াল অ্যানুইটি, মানে চিরকালের জন্য বার্ষিক অ্যানুইটি এই সরকার দেয় তার পরিমাণ হচ্ছে ১ কোটি ৪ লক্ষ ২২ হাজার ৫১৯, আর তার সংখ্যা হচ্ছে মাত্র তখনকার দিনে ৩৫৮৫। এ ছাড়া বহু সংখ্যা আরও আছে কিন্তু তিনি তাঁর উত্তরে সেকথা বলতে পারেন নি। তাঁকে বলা হয়েছিল এই যে, টাকা আপনারা দিচ্ছেন এই টাকা দেবোত্তর সম্পত্তির জন্যে ভালভাবে খরচ হচ্ছে কিনা সে সম্বন্ধে কিছু জানেন? তার উত্তরে তিনি বলেছিলেন যে, তিনি জানেন না। স্যার, এইরকম করে কোটি কোটি টাকার সম্পত্তি যাঁরা ট্রাস্ট করে গিয়েছেন, দেবোত্তর করে গিয়েছেন তাঁদের সেই ধর্মভাবকে বিনষ্ট করে স্বার্থ-পরায়ণ মানুষেরা তা সদুপায় করেছে। ঠাকুরের সামনে ভোগ দেয়, সেখানে নিজেরা খায়। মামলায় নালিশ করলে সেখানেও সেই দেবোত্তর সম্পত্তিকে উদ্ধার করার জন্যে সেখানে কত টাকা খরচ

হয়ে যাচ্ছে। আদালতে বিচার তাড়াতাড়ি হয় না। এইরকম নানাভাবে আমাদের যে চিরাচরি প্রথা ছিল সেটা আমরা করতে পারছি না। স্যার, আমি শেষ কথা এই বলছি, আজকে এখানে কম্পেনসেশনএর টাকা দেওয়া হয়েছে। কম্পেনসেশন টাকা ও অ্যানুইটিও দিয়েছে এবং বেনা ক'রে হাজার হাজার বিঘা জমি সরিয়ে রেখেছে এবং এস্টেট কম্পেনসেশনএর টাকা নিয়েছে এদিকে পারপেচুয়াল অ্যানুইটি, বেনামী করে একই পরিবার হাজার হাজার টাকা নিয়ে চ যাচ্ছে। সুতরাং আমি আজকে যে শুধু সমর্থন করছি মিঃ যোশীর এই প্রস্তাব, এতে প্রমাণিত হবে তা দিয়ে, আজকে সরকারের তরফ থেকে, আজকে সর্বদলীয় যে দাবী, সকলে সমর্থিত যে প্রস্তাব সেই প্রস্তাবের ভিত্তিতে সরকারের তরফ থেকে আমি আশ্বাস চাই আজকে বা অচিরে এই সমস্ত টাকা যাতে আত্মসাৎ না করতে পারে দেবোত্তর সম্পত্তি যা রক্ষা হয় তার উচিতমত আইন সরকার প্রণয়ন করবেন। যদি তা না করেন তাহলে এই ভাষণ দেবার কোন সার্থকতা নেই।

Shri Nepal Chandra Roy:

মিঃ স্পীকার, স্যার, মিঃ যোশী যে নন-অফিসিয়াল রেজলিউশন এনেছেন আমি সেটা সমর্থ করি। একটু আগে মাননীয় শঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় বললেন যে, দেবোত্তর সম্পত্তি যাঁরা করেছেন তাঁরা তাঁদের আত্মীয়স্বজনের ভবিষ্যৎ সংস্থানের জন্যই এগুলি করেছেন। আমি ধরে নিলাম তাঁর এই কথা সত্য, কিন্তু এটা আমি জানতে চাই প্রতিটি ট্রাস্টে সেবাদাসী রাখবার অধিকার কি তাঁদের আছে। আমরা অনেক ক্ষেত্রে দেখেছি যে, ট্রাস্ট প্রপার্টির অর্থ উত্তরাধিকার সেবাইত হিসাবে যারা থাকে তারা নানা উচ্ছৃঙ্খলতার মধ্যে দিয়ে নষ্ট করে। এজন্য আমি মাননীয় শঙ্করদাস বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে একমত হতে পারলাম না। তারকেশ্বরের কথাই ধরা যা সেখানে কিরকম অনাচার চলছে, কিভাবে সম্পত্তি নষ্ট করা হচ্ছে সেটা যদি এনকোয়ারি ক দেখা যায়, দেখা যাবে যে, সেখানকার ম্যানেজারএর যে টাকা পাওয়ার কথা সেটার কিছু পাও হয় না। কালীঘাটের কথাই যদি ধরেন, সেখানকার বলি বিক্রি হয়। এইসব অনাচার যা বন্ধ করতে হয় তাহলে আপনাকে আরও কঠোর আইন আনতে হবে। আপনি জানেন স্যা যাঁরা আমাদের দেশে মন্দির প্রতিষ্ঠা করেন তাঁরা মন্দিরের সঙ্গে সঙ্গে একটা টাকাও মন্দিরে নামে দিয়ে দেন, এর মধ্যে নির্দেশ থাকে যে, প্রতিদিন বলি দিতে হবে, প্রতিদিন এত মণ ভাতপ্রসাদ গরিব জনসাধারণের মধ্যে বিতরণ করতে হবে। আজকে বাংলাদেশে এমন কে মন্দির বা মসজিদ নাই যেখানে গরীব জনসাধারণকে খাওয়ানো না হয়। এই জিনিষ আমাদে দেশে ছিল, তারই অপব্যবহার আজকে দেশে হচ্ছে। মিঃ যোশী কমিশনের কথা বলেছে তাতে আমার আপত্তি নাই, কিন্তু কমিশনের নামে যদি এভাবে গড়িমসি করা হয় তাহ ওয়াকফ এস্টেট বা দেবোত্তর বলে কিছু থাকবে না। সেজন্য ইমিডিয়েটলি একটা অরডিন্যান্স করে এইসব সম্পত্তি সরকারী দখলে নিয়ে আসার জন্য আমি বলব, কারণ একজন সেবাই বা একজন মোতাওয়ালী সব লুটেপুটে খাবে এটা অত্যন্ত অন্যায়। এইসব সম্পত্তি দেশে জনসাধারণের ভালোর জন্যই আমাদের পূর্বপুরুষেরা করেছিলেন, কিন্তু তাঁরা একথা বলে নি আমার পরবর্তী লোকই মোহান্ত বা মোতাওয়ালী হবে।

[5—5-10 p.m.]

তার নিজের জন্য নয়। সে লুচি, পোলাও মাংস খাক আমাদের আপত্তি নেই এবং তার জ যে সম্পত্তি লেখা আছে সেটা সে ভোগ করুক। কিন্তু যেগুলি পাবলিক ট্রাস্টের ব্যাপা যেগুলি পাবলিকের উপকারের জন্য করা হয়েছে সেখানে তার অধিকার নেই। একজন লো করে দিল এবং আমি সব লুটেপুটে খেলাম এটা হয় না। কাজেই আমি বলছি হাউসের সক মিলে এটা সমর্থন করে ইমিডিয়েটলি অর্ডিনান্স করে এটা আটকানো দরকার। যদি এখন অর্ডিনান্স না করেন তাহলে এর মধ্যে তারা সব বেচে কিনে মাঠ করে দেবে এবং আপনারা ও আটকাতে পারবেন না। তারপর, যদি কোন ট্রাস্টি অন্যায় করে তার জন্য অবনীবাবু বললে মামলা করতে হবে। আমি জিজ্ঞাসা করি কোন্ পাবলিক নিজের পকেট থেকে টাকা খর করে যাবে বাইরের মোষ তাড়াতে? এটা কখনও বিশ্বাস হয় না যে, অপরের উপকারের জন নিজের পকেট থেকে পয়সা কেউ খরচ করবে এবং বিশেষ করে যেখানে রন্ধ্রে রন্ধ্রে ভূত ঢু আছে। কাজেই সরকার একটা কমিটি করে দিন এবং তাঁরাই সাজেশন দেবেন কোন কেস্ ক

দরকার এবং কোনটা দরকার নয় এবং বিনা কোর্ট ফিতে মামলা করা হবে এটা আমরা চাই। দেশে এমন মানুষ নেই যে নিজের পকেট থেকে টাকা দিয়ে মামলা ঘরে ডেকে আনবে। সরকারের যদি মামলা করবার অধিকার না থাকে তাহলে আইনে সেই মামলা করবার অধিকার তাঁরা নিয়ে নিন। সরকারের দায়িত্ব আছে, কিন্তু সরকার যদি বলেন আমার দায়িত্ব নেই তাহলে আমি বলব সরকারের দেশ শাসন করবার দায়িত্বও নেই। কাজেই সরকারের তরফ থেকে এই অ্যাসিওরেন্স দেওয়া হোক যে, মামলা রুজু করা হবে। যদি কোন কমপ্লেন বা স্পেসিফিক চার্জেস থাকে তাহলে শঙ্করবাবু বললেন ৫,০০০ টাকার মামলা এখনই রুজু হবে। এইভাবে যদি আমরা বলি বা আমরা যদি মনে করি কিছু সাহায্য করলে সব ভিখারি এসে যাবে তাহলে তো আর সরকার চালানো যায় না। কাজেই আমি কোন দলের প্রতি ইঙ্গিত না করে বলছি, হিন্দু এবং মুসলমানের মধ্যে এই যে গলদ ঢুকে বসে আছে—অর্থাৎ হিন্দুর মন্দিরে যে ভূত ঢুকে বসে আছে এবং মুসলমানের মসজিদে যে ভূত ঢুকে বসে আছে সেই ভূতকে না তাড়ালে এই দেবোত্তর সম্পত্তি বা ওয়াকফ স্টেট রক্ষা করা যাবে না।

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে লক্ষ্মীনারায়ণ ঘোশী মহাশয় যে প্রস্তাব এনেছেন তার নৈতিক দিক সম্বন্ধে আমি তাঁর সঙ্গে একমত হলেও কমিটি করবার উপযোগিতায় আমি একমত হতে পারছি না। আমি মনে করি সরকার এ বিষয়ে অবহিত আছেন এবং তাঁরা সেটা বিবেচনা করবেন। তবে আমি দুটি বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ওয়াকফ কমিশনার সম্বন্ধে শঙ্করবাবু যথেষ্ট ক্ষমতা আছে বলে যা বললেন তাতে আমি মনে করি সেই ক্ষমতা নেই। আজকে খোদাবক্স সাহেবকে মুর্শিদাবাদ থেকে সরাতে হয়েছে এবং কোর্টে মামলা করা ছাড়া আইনে কিছু নেই।

আজকে যদি সাত হাজার ওয়াকফ স্টেট দেখাশোনার জন্য মাত্র ৬টি ইন্সপেক্টর থাকে তাহলে সাত হাজার ওয়াকফ সম্পত্তি দেখা সম্ভব নয়, এটা ফিজিক্যালি পসিবল নয়। আমি জানি বছর দেড়েক আগে কতকগুলি পোস্ট ক্রিয়েট করে পাঠিয়েছেন ওয়াকফ কমিশনার, ওয়াকফ বোর্ড কিন্তু আজ পর্যন্ত, এই বছর দেড়েকের মধ্যে সেই পোস্টগুলি স্যাংশন করেন নি, মতামত জানান নি, এ থেকে মনে হয় যে সরকার উদাসীন। ওয়াকফ স্টেটগুলি সম্বন্ধে আজকে দুটো জিনিস আছে, কিছু কিছু ওয়াকফ স্টেট আছে, যারা কিছু ভাল কাজ করতে চায়, তার জন্য অনেক অসুবিধা দেখা দিয়েছে, আইনটা পরিবর্তন করা দরকার। কমিশনারকে ক্ষমতা দেওয়া খুব প্রয়োজন। দ্বিতীয় কথা, ৫ পারসেন্ট 5 per cent. of the net income যা হত সাত হাজার সম্পত্তি থেকে, ওয়াকফ চলবে এটা যদি সরকার চান তাহলে সরকার নিজেরা ৫ পারসেন্ট আদায় করুন, ওয়াকফ বোর্ড কিছু যে টাকা দেবেন তার উপর যেন নির্ভর করতে না হয়। নির্ভর করতে হলে পর কোন বোর্ডের পক্ষেই কাজ চালনা করা সম্ভব নয়। আর্থিক অভাব আগেও শুনেছি, আজও শুনছি। সিভিল কোর্টের রিটায়ার্ড জজকে নিয়ে ওয়াকফ কমিশনারের অফিস ইন্সপেকশন করানো হবে, আমি জানি না কি পরিমাণ দুর্নীতি থাকতে পারে সেখানে। ওয়াকফ স্টেটগুলিকে যদি রেগুলারাইজ করতে হয়, তাহলে অধিক ক্ষমতাসম্পন্ন আইন থাকা দরকার। আজকে দুটি জিনিস ভাবতে হবে, এর কি সমাধান হবে। আজকে মাদ্রাজের যে দেবোত্তর স্টেট আর বাংলাদেশের যে দেবোত্তর স্টেট তা ঠিক এক নয়। মাদ্রাজে প্রত্যেকটি মন্দিরে প্রচুর অর্থ, স্বর্ণ, সম্পত্তি আছে, বাংলা দেশের সমস্ত দেবোত্তর স্টেট তা নয়। কিন্তু দেবোত্তর স্টেটগুলি রেগুলেট করার কোন আইন নাই। সেজন্য অবিলম্বে একটা আইন করা দরকার। শ্রদ্ধেয় বিজয় ব্যানার্জি, আমাদের হাউসের মেম্বার বললেন যে, সরকারের গাফিলতি হয়েছে এবং সরকারের গাফিলতি সকলেই স্বীকার করেছেন, কিন্তু যত বক্তৃতা শুনেছি তাতে সরকারের কোন গাফিলতি আছে বলে মনে হয় না। আজকে সামাজিক অবস্থার পরিবর্তনের সঙ্গে সঙ্গে, আমাদের দেবোত্তর সম্পত্তির অবস্থাও খারাপ হয়েছে, আগে যখন সকলেরই স্বচ্ছল অবস্থা ছিল, সংসারে জনসংখ্যা কম ছিল, জিনিসপত্রের দাম কম ছিল, তখন ভগবানের নামে সকলেই উৎসর্গ করেছিল। আজকে প্রত্যেক সংসারের লোকসংখ্যা বেড়েছে বিভিন্নভাবে খরচ বেড়েছে কাজেই ভগবানকে দেওয়ার আগে স্বেচ্ছায় হোক অনিচ্ছায় হোক সমস্ত অর্থ যা ব্যয় করা উচিত তা আমরা করতে পারছি না। আর একটা কথা দেবোত্তর সম্পত্তি সবই সব

যড় বড় সম্পত্তি তা নয়, মধ্যবিত্ত পরিবারের কথা আমি জানি যাদের পিতামাতা পূর্বপুরুষ কতগুলি দেবোত্তর ঘরে বসিয়ে রেখে গেছেন। কিন্তু আজকে দেবোত্তর সম্পত্তির যে ইনকাম তা থেকে পূজা চালান সম্ভব নয়। তাঁরা তাই এক মহা সমস্যায় পড়েছেন, বাড়ীতে একটি ছেলে সে হয়ত কলকাতায় চাকরি করে বাড়িতে ঠাকুর সেবায়েতের ব্যবস্থা করতে পারে না ফেলতেও পারছে না, রাখতেও পারছে না, আগে একজন ঠাকুর তিন টাকায় পাওয়া যেত, আজকে ৩০ টাকা দিলেও থাকে না, এগুলো ভাবতে হবে। যেসব মধ্যবিত্ত পরিবার এমন সেণ্টিমেণ্টাল অবস্থায় পড়ে আছে তাদের কি হবে সেটা ভাবতে হবে। কাজেই ভাল দিকও আছে, খারাপ দিকও আছে, দুটো দিকই আমাদের ভাবতে হবে। এগুলো সমস্তই স্টেট অফিসিয়াল ট্রাস্টিদের হাতে দিলেই মিটে যাবে তা মনে করতে পারছি না। আমরা দেখছি, অফিসিয়াল ট্রাস্টিদের হাতে অনেকগুলি দেবোত্তর স্টেট আছে, তাতে কোন কাজ হয় না। আমাদের জেলা গাজোলের দেবোত্তর স্টেটের কথা বলব, তার ইনকাম ৩৫ হাজার টাকা বছরে, সেটা দেওয়া হয়েছে স্টেট অফিসিয়াল ট্রাস্টির হাতে, কিন্তু তার এত সময় নাই যে সেটা তিনি দেখাশোনা করেন। আজকে সাত-আট মাস যাবৎ ঠাকুর সেবার টাকা যায় না, সাত-আট মাস যাবত হাসপাতালের ডাক্তার বেতন পান না, বছর বছর ধরে সেখানে ঔষধ পৌঁছে না, বা ঠাকুরের পূজো হয় না, অফিসিয়াল ট্রাস্টির হাতে দিয়েও সেই দেবোত্তরের কাজ চলছে না। তাহলে এখন বুঝতে হবে আমাদের কিভাবে আইনটা করতে হবে। আমি সে দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দেবোত্তর স্টেটগুলি রেগুলেট করার জন্য আইন করা দরকার। যারা চালাতে পারছে না তাদের হাতে থেকে নিয়ে কিভাবে চলবে সেটাও ভাবা দরকার। আমাদের মালদহ জেলায় বৈষ্ণবদের বিশিষ্ট তীর্থক্ষেত্র রামকেলি আছে। সেখানে মদনমোহন জিউ আছেন। যখন জিনিসপত্রের দাম কম ছিল ফসলের দাম কম ছিল তখন হুগলি জেলার সেবায়িতরা ওখানে ফেলে দিয়ে এসেছিলেন, কোনদিন দেখতেন না। আজকে সেখানে ট্রাস্টি স্টেট করা হয়েছে, তার উন্নতি করা হয়েছে। এখন জিনিসপত্রের দাম যখন বেড়েছে ফসলের দাম বেড়েছে তখন পুরাতন সেবাইতরা মামলা করে মদনমোহন জিউ এর দখল নিচ্ছেন। জানি না তাঁরা কিভাবে চালাবেন। আজকে এইসব জিনিস বিবেচনা করে অবিলম্বে দেবোত্তর সম্পত্তি রক্ষা করার জন্য একটা আইন করা দরকার। অনেকে ইচ্ছায় বা অনিচ্ছায় দেবোত্তর সম্পত্তি নষ্ট করছেন। এক্সপার্ট কমিটি করে এর সমাধান হবে কিনা আমরা জানি না। কিন্তু আমরা সরকারকে বলতে চাই এই বিষয়ে তাঁদের অবিলম্বে আইন প্রণয়ন করার সময় এসেছে বলে মনে করি।

[5-10—5-20 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় চেয়ারম্যান মহোদয়, মিঃ যোশী যে প্রস্তাবটা রেখেছেন দেবোত্তর এবং ওয়াকফ স্টেট সম্বন্ধে আমি তাকে সমর্থন করবার জন্য দাঁড়িয়েছি। এ সম্পর্কে আমাদের বিজয়বাবু বিস্তৃত আলোচনা করেছেন এবং উভয় পক্ষ থেকে এই প্রস্তাবের সমর্থনে অনেকে বলেছেন এবং এ সম্পর্কে একটা এক্সপার্ট কমিটি হওয়ার একান্ত প্রয়োজন। তবে মাননীয় শঙ্করদাসবাবু অনেক সময় অনেক আশ্চর্য কথা এখানে বলেন, আজো তিনি আশ্চর্য কথা বলেছেন। তাঁর বক্তব্য হচ্ছে দেবোত্তর সম্পত্তিগুলি পরিবারের স্বার্থের জন্য রাখা হয়েছিল এবং তাদের লুচিমণ্ডা খাবার জন্য রাখা হয়েছিল। এইরকম অদ্ভুত কথা শুনতে পাব এটা ভাবতে পারি নি। প্রকৃত প্রস্তাবে হিন্দু হোক মুসলমান হোক যারা একান্ত ধর্মবিশ্বাসী ছিল তারা ধর্মীয় অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য দেবত্ত সম্পত্তি রেখে গিয়েছিলেন। একথা ঠিকই যে পরিবারের লোককে সেবায়িত রেখে গেছেন অনেক জায়গায়। এর অর্থ এই নয় যে তাঁরা সবাই মিলে লুটে-পুটে খাবে। আমরা জানি বহু জায়গায় কোথাও কেউ নারায়ণ বসিয়ে গেছেন, কেউ রথযাত্রার ব্যবস্থা করে গেছেন, কেউ ঝুলনের ব্যবস্থা করে গেছেন আবার মুসলমানদের কেউ মসজিদ রেখে গেছেন। তাদের উদ্দেশ্য ছিল এর মাধ্যমে জনসাধারণের সেবা করবেন কোথাও স্কুলের ব্যবস্থা করবেন, আবার যে কথা নেপালবাবু উল্লেখ করেছেন যে এক মণ চাল কি ২ মণ চাল একটা উৎসবে খরচ হবে, দীন দরিদ্রের মধ্যে তা বিতরণ হবে এই ব্যবস্থা ছিল। প্রত্যেকটি উৎসবের সঙ্গে এই ব্যবস্থা ছিল। এমন কি প্রত্যেক দিন ভোগের সময় এত চাল সেখানে তৈরি হবে এবং তা দীন দরিদ্রকে খাওয়াতে হবে এইরকম বহু জায়গায় ব্যবস্থা আছে। কাজেই শঙ্করদাসবাবু যে বললেন তাদের পরিবারবর্গের স্বার্থের জন্য এটা কোথায় থেকে পেলেন আমরা

জানি না। তবে হ্যাঁ, নিশ্চয়ই বলবেন তিনি, কারণ, এই দেবোত্তরের ফাঁকে জমিদারী দখল আইনের ফাঁকে যেসব দেবত্ত সম্পত্তি বেনামী করা হয়েছে যেটার কথা এখানে বার বার তোলা হয়েছে সেই-সব দেবত্ত সম্পত্তি আইনের ফাঁক রেখে তারা ভোগ করুন তাহলে তিনি ঠিকই বলেছেন। কিন্তু প্রকৃত দেবোত্তর সম্পত্তি বা ওয়াকফ স্টেট-এর উদ্দেশ্য কোনদিন এই ছিল না। জনসাধারণের মঙ্গলের জন্য দীন দরিদ্রদের সেবার জন্য তাঁরা এইসমস্ত করে গিয়েছিলেন। তিনি তারকেশ্বরের কথা উল্লেখ করেছেন। আমি ছাত্রজীবনে তারকেশ্বরে একদিন সত্যাগ্রাহী ছিলাম, সেখানকার সেই মহান্তের বিরুদ্ধে আমি সত্যাগ্রহ করতে গিয়েছিলাম যখন দেশবন্ধু চিত্তরঞ্জন দাস শেষ পর্যন্ত মহান্তের বিরুদ্ধে সত্যাগ্রহ সুরু করেছিলেন। কাজেই সেই অত্যাচারী মহান্তকে আমি দেখেছি। সেই মহান্তের দল আজো শেষ হয় নি। আজকে বাংলাদেশে বহু ছোটখাট মহান্ত রয়েছে, সেখানে অনাচার লেগেই রয়েছে। নেপালবাবু যেটা বললেন সেবা দাসীর কথা আমি আর সে কথা উল্লেখ করতে চাই না। এইরকম বহু দেবত্ত সম্পত্তি অনাচারের একটা কেন্দ্র হয়ে রয়েছে। আমি মনে করি যে এই সম্পর্কে একটা বিশেষজ্ঞ কমিটি গঠন করা হোক এবং একটা আইন করে কি করে সম্পত্তিগুলির সৎ ব্যবহার হয় তার ব্যবস্থা করা হোক। আমি আর একটা কথা বলব যেটা সম্পর্কে বীরেনবাবু বললেন। সত্যসত্যই আমরা জানি যে অনেক জায়গায় অফি-সিয়াল ট্রাস্টি আছে, সেখানে দুর্গাপূজা এসে গেল অথচ টাকা পাওয়া যাচ্ছে না। অনেক দেবতার সেবার জন্য ঠিক সময়ে টাকা যায় না। আবার এমন হয়ত বরাদ্দ করেন যার দ্বারা তাঁর সেবা হয় না। কাজেই সব সময় অফিসিয়াল ট্রাস্টি করলেই যে সমস্যা সমাধান হয়ে যাবে তা আমি মনে করি না। সেখানে যে ট্রাস্টি থাকবে তাদের ধর্মে বিশ্বাস থাকা উচিত এবং যে উদ্দেশ্য নিয়ে সম্পত্তিগুলি আছে সে সম্বন্ধে অনুভব করা দরকার। কারণ যাদের কোন বিশ্বাস নেই তাদের হাতে দিয়ে দেয়া হলে সেই উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। সেজন্য আজকে যে প্রস্তাবটা আনা হয়েছে তার সময়োপযোগী প্রস্তাব আনা হয়েছে আমি এটা সমর্থন করছি। এ সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন, আমি আর বিরক্ত করতে চাই না, আমি কেবল বলছি যে অবিলম্বে একটা এক্সপার্ট কমিটি করা হোক এবং মাননীয় বিধানবাবু যেসব কথা বলেছেন, সুনীতি চ্যাটার্জী মহাশয় যেসব মূল্যবান অভিমত প্রকাশ করেছেন সেই সবের উপর ভিত্তি করে সুন্দর একটা আইন যাতে অবিলম্বে তৈরী হয় এবং বাংলাদেশে সমস্ত দেবোত্তর সম্পত্তি এবং ওয়াকফ স্টেট সুপরিচালিত হয় তার ব্যবস্থা যাতে হয় সেজন্য সরকারকে অনুরোধ করবো। এটা উভয় পক্ষ থেকেই সমর্থিত হয়েছে। আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এটাকে স্বীকার করে নিয়ে যাতে অবিলম্বে একটা আইন প্রস্তুত হয় তার ব্যবস্থা তিনি করবেন।

Shri Jehangir Kabir:

মাননীয় সভাপাল মহাশয়, আজকের বিতর্কে যোগ দেবার ইচ্ছা আমার ছিল না, কিন্তু আমার বন্ধু ডাঃ গণি যে ২-১টা কথা বলেছেন তার জন্য আমার কিছু বলা দরকার। প্রথমে আমি দেবোত্তর, ওয়াকফ সম্পত্তি সম্পর্কে একটা কথা বলবো দাতারা যাঁরা কোন বিশেষ উদ্দেশ্যে এই-সমস্ত জিনিস সৃষ্টি করেছিলেন তার পরবর্তী যেসব সেবায়েত বা মাতোয়াল্লী হয়েছেন তাঁরা যদি তার সেই উদ্দেশ্যকে ঠিক না রেখে নিজেদের কাজের জন্য টাকা ব্যয় করেন, সে লুচি ভেজে খেয়েই করুন, আর যেভাবেই করুন তাহলে সেটা মিস-অ্যাপ্রোপ্রিয়েসন অফ মানি হবে, এই ফারাল ডিগ্রেডেসনটাকে কিছুতেই সমর্থন করা চলে না। আমাদের ট্রাস্ট অ্যাক্ট অনুসারে যেমন পুলিশ ট্রাস্ট অ্যাক্ট হয়, তেমন এখানে ট্রাস্ট অ্যাক্ট হোক, তা করে সম্পত্তিগুলি রক্ষা করার ব্যবস্থা করুন তাতে কোন আপত্তি থাকতে পারে না, কিন্তু একটা বিশেষ উদ্দেশ্যের জন্য এটাকে দেয়ে টাকা মিস-অ্যাপ্রোপ্রিয়েসান করবেন এটা কোনরকমে সমর্থনযোগ্য নয়। যেটা ডাঃ গণি বললেন- সেন্ট্রাল অ্যাক্ট সম্পর্কে তিনি একটা আপত্তি করেছেন, আমি তো মনে করি না যে ওয়াকফ সম্পর্কে সেন্ট্রাল অ্যাক্টের দিক থেকে আপত্তির কারণ থাকতে পারে, কারণ ওয়াকফ যেটা সেটা মুসলিম পার্সোনাল লাতে গভর্নড হয় এবং মুসলিম পার্সোনাল লাতে কোন স্টেট বা প্রভিন্স বা কোন জায়গায় কোন ইতর বিশেষ আছে বলে আমার জানা নেই। কাজে কাজেই এমন একটা ল হওয়া উচিত যেটা বিজ্ঞানসম্মত এবং সমস্ত জায়গায় একই রকমভাবে প্রযোজ্য হতে পারে এবং আমি মনে করি ওয়াকফ অ্যাক্ট যদি ঠিকমত করা যায় তাহলে অন্তত দরিদ্র ছেলেদের লেখাপড়া এবং অন্য ব্যাপারে সাহায্য পাওয়া যেতে পারে এবং সেজন্য এটা একটা সেন্ট্রালাইজড আইন এবং

একটা রেগুলারাইজড আইন হওয়া উচিত। এই অ্যাক্টের কথা যেটা আমাদের শ্রদ্ধেয় শংকরবাবু বলেছেন এই অ্যাক্টের মধ্যে বিশেষ দোষ নেই, আমি যতদূর দেখেছি এই অ্যাক্ট ১৯৩৪ সালের অ্যাক্ট, তারপরে দেশ বদলে গেছে, দেশের কনটেক্স্ট বদলে গেছে, সমস্ত কিছু বদলে গেছে--আজকে এই অবস্থায় সেই অ্যাক্ট অচল অ্যাক্ট এবং সেই অ্যাক্ট দিয়ে কিছু করার উপায় নেই এবং কমিশনারেরও বিশেষ কোন ক্ষমতা নেই, বোর্ডেরও কোন ক্ষমতা নেই এবং এর মধ্যে এমন সমস্ত ব্যাপারে রয়েছে যার ফলে অনর্থক জটিলতার সৃষ্টি হচ্ছে। কাজেই আমি অনুরোধ করবো যে অত্যন্ত তাড়াতাড়ি এই অ্যাক্ট বদলানো দরকার এবং বর্তমান সময়োপযোগী করে এই অ্যাক্ট বদলানোর দরকার হয়ে পড়েছে। তারপরে আর একটা জিনিস, সেটা হচ্ছে অ্যাডমিনিস্ট্রেসন সম্পর্কে—সেটা অনেকেই বলেছেন যে বিরাট ৭-৮ হাজার সম্পত্তি যদি খালি ওয়াকফের হয় সেখানে যা আজকে কর্মচারীর সংখ্যা আছে সেটা অত্যন্ত ইনঅ্যাডিকোয়েট যার ফলে সেটা দেখা সম্ভব নয়। আমাকে একদিন আমাদের ওয়াকফ কমিশনার বলেছিলেন যে তাঁরা দেড় বছর আগে গভর্নমেন্টের কাছে ১০টা নতুন চাকরী স্যাংসান করার প্রপোজাল দিয়ে পাঠিয়েছেন কিন্তু এই দেড় বছরের মধ্যে গভর্নমেন্টের সময় হয় নি অ্যাপ্রুভাল দেবার। গভর্নমেন্ট যদি এভাবে ঘুমিয়ে থাকেন বা এইসমস্ত বিষয়ে অমনযোগী হন, তাহলে ওয়াকফ অর্গানাইজেশনকে কিছুতেই ভাল করার উপায় নেই। তাঁরা যদি ত্বরান্বিত করে এইসমস্ত স্যাংসানগুলি দিয়ে দেন তাহলে কিছুটা ওয়াকফ অ্যাডমিনিস্ট্রেসনের ইমপ্রুভমেন্ট হওয়া সম্ভব। তারপর আর একটা জিনিস দেখেছি যে বহু ওয়াকফ প্রপার্টি কোলকাতায় আছে সেগুলি আন-অথোরাইজড পার্সোনদের দ্বারা অকুপায়েড হয়ে আছে। এই যে সমস্ত সম্পত্তি এর মধ্যে বহু রিফিউজী আছে এবং ওয়াকফ কমিশনার বার বার রেফিউজী রিহ্যাবিলিটেশান ডিপার্টমেন্টকে লিখেছেন যাতে এইসমস্ত সম্পত্তি ছেড়ে দেয়া হয়।

[5-20--5-30 p.m.]

আমি জানি না আইনের চোখে এর কি ব্যবস্থা হবে। যেসমস্ত ওয়াকফ সম্পত্তি আছে, সেগুলি যদি অন্য লোকেরা আন-অথরাইজড অকুপেসান করে রেখে দেয়, তাহলে সেটার কি ব্যবস্থা আছে, আমি জানি না। সুতরাং সে সম্বন্ধে কি করা যায়, সেটা আজকে গভর্নমেন্টকে ভাবতে হবে।

আমি বসবার আগে, আর একটি কথা বলতে চাই, যে গণি সাহেব দুজন ভদ্রলোক মতোয়ালী সম্পর্কে উল্লেখ করেছিলেন। তার মধ্যে একজন ডাক্তার, আর একজন ব্যারিস্টার। এই ডাক্তারের সম্পর্কে আমার কিছু বলার নেই, তাঁকে সকলেই চেনেন। এই ব্যারিস্টার সম্পর্কে তিনি যে ইঙ্গিত দিয়েছেন, এটা শুনে আমি অত্যন্ত দুঃখিত হলাম, কারণ তিনি বোধ হয় সমস্ত বিষয়টা জানেন না।

সে ভদ্রলোককে আমি চিনি, তাঁর নাম হচ্ছে মিঃ হায়দার। তিনি অন্ততঃ মাসে বোধ হয় দু হাজার টাকার উপর স্টাইপেন্ড ছেলেদের দিয়ে থাকেন। এটা আমরা সকলেই জানি। কাইজার স্ট্রীট-এ তাঁর একটা হোস্টেল আছে। সেই হোস্টেল সম্পর্কে তিনি বললেন যে এটা একটা অত্যন্ত অবাস্তব অবস্থার মধ্যে রয়েছে। আমি গনি সাহেব এবং বিশেষ করে কমিউনিস্ট পার্টির মেম্বারদের বলবো এই হোস্টেলের অবাস্তবতার জন্য দায়ী, প্রধানতঃ ডাক্তার কেষ্ট ঘোষ মহাশয়, যিনি কর্পোরেশনের কমিউনিস্ট কাউন্সিলর, তিনি আন-অথোরাইজডভাবে সেখানে ঘর অকুপাই করে বসে আছেন, তাঁকে উচ্ছেদ করা হয়েছে, তবু তিনি সেটা ছাড়ছেন না। তিনি নানারকমে সেখানকার ছেলেদের হাতে নিয়ে, ছেলেদের এমন বেয়াড়াভাবে প্রশ্রয় দিয়ে, তিনি সেখানে বসে থেকে, সমস্ত হোস্টেলকে বানচাল করে দিয়েছেন।

কাজেই ডাঃ গণির সেই মতোয়ালীর ক্রিটিসিজম না করে, যদি তাঁর দলীয় সদস্য ডাঃ কেষ্ট ঘোষকে ওখান থেকে সরিয়ে দিতে পারেন, তাহলে মনে হয় আমরা হোস্টেলটাকে সুষ্ঠুভাবে চালাতে পারবো।

Shri S. M. Abdullah:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে এই হাউসের সামনে ওয়াকফ এস্টেট এবং দেবোত্তর সম্পত্তি উন্নতির জন্য যে রেজলিউশন মিঃ যোসী এনেছেন, সেটা আমি সমর্থন করছি। কারণ ওয়াকফ

এস্টেট এবং দেবোত্তর সম্পত্তি যারা দান করে গিয়েছেন এক মহৎ উদ্দেশ্য নিয়ে, সেটা শুধু ধর্মের দিক দিয়েই নয়, মানবতার দিক থেকেও দেখতে হবে, এই সব সম্পত্তির ইনকাম থেকে, আয় থেকে গরীবের শিক্ষা এবং নানা রকম ভাবে উপকার হয়ে থাকে। আমাদের এই ওয়াকফ এস্টেট যখন দান করা হয়, তখন তাতে কতকগুলি পার্টিকুলার পারপাস মেনশন করা থাকে। কতকগুলি শিক্ষার জন্য দেওয়া হয়, আবার কতকগুলি ধর্মস্থান, মসজিদ প্রভৃতিগুলি ঠিকভাবে রাখার জন্য দেওয়া হয়ে থাকে। আমাদের পশ্চিমবাংলায় এই রকম সাত হাজার ওয়াকফ এস্টেট মুসলমানদের আছে। কিন্তু এই সম্পর্কে ১৯৩৪ সালে যে আইন হয়েছে তাতে এত বেশী ডিফেক্ট আছে এবং ওয়াকফ কমিশনার-এর এমন কোন পাওয়ার নেই যে তিনি সম্পূর্ণভাবে এই ওয়াকফ এস্টেটগুলিকে কন্ট্রোল করতে পারেন। এবং মতোয়ালী যারা হন, তারা, ঐ সাত হাজার ওয়াকফ এস্টেট-এর অধিকাংশ ক্ষেত্রে দেখা গিয়েছে যে মতোয়ালীরা যে উদ্দেশ্যে সম্পত্তি দান করে ছিলেন, সেই উদ্দেশ্যে টাকা ব্যয় না করে, তাঁরা তাদের পারসোনাল প্রপার্টি করে, নিজেরাই এইগুলি আত্মসাৎ করে ভোগ করছেন, এবং যার জন্য আজ মুসলমান সমাজের বিশেষ ক্ষতি হচ্ছে। হাজী মহসীন, তিনি তাঁর সমস্ত সম্পত্তি দান করে ছিলেন ওয়াকফ এস্টেট-এ শিক্ষার জন্য। বাংলাদেশ পার্টিসন হবার পর, সে সম্বন্ধে আমরা চিন্তা করছি না। আমার মনে হয় এই ওয়াকফ এস্টেট সম্পর্কে ১৯৩৪ সালের যে পুরান আইন রয়েছে, তাকে পরিবর্তন করে, গভর্নমেন্ট যদি একটা নূতন আইন করেন তাহলে ভাল হয়। ১৯৩৪ সালে যে আইন হয়েছে, দেশ স্বাধীন হবার পর, আর সে আইনের কোন মূল্য নেই। অতএব এর পরিবর্তন করে, একটি নূতন আইন করা উচিত। কারণ সত্যিকার যদি সমাজের সেবা করতে হয়, সত্যিকার শিক্ষার প্রসার যদি করতে হয়, তাহলে বহু লক্ষ টাকা এই ওয়াকফ এস্টেট থেকে ব্যয় হতে পারে। বহু ধর্ম প্রতিষ্ঠান, বহু মসজিদ আজ অবহেলিত অবস্থায় পড়ে আছে, সেগুলির সুব্যবস্থা হতে পারে। গনি সাহেব যা বললেন—কলকাতায় বহু মসজিদ আজ অযত্ন অবস্থায় পড়ে আছে সেগুলিতে শুধু যে রিফিউজিরা আছে তা নয়, মুসলমান মতোয়ালীরা, আমরা দেখছি, সেগুলিকে সম্পূর্ণরূপে আত্মসাৎ করে তারা ভোগ করছেন। সেই সব মসজিদের কোন সুব্যবস্থা হচ্ছে না। অতএব আমার মনে হয়, আজকে এমন একটা দিন এসেছে, যখন এই আইনটা সম্পূর্ণভাবে পরিবর্তন করে, একটি নূতন আইন আনা উচিত। এবং সেই রকম হিন্দুদের দেবোত্তর সম্পত্তিতেও দেখা যাচ্ছে যে, যে উদ্দেশ্য নিয়ে দেওয়া হয়েছিল সেই উদ্দেশ্যে ব্যবহৃত না হয়ে যারা তার সেবায়েৎ, তারাই আত্মসাৎ করে খাচ্ছে তার বহু উদাহরণ অনেকেই দিয়েছেন। অতএব আমার মনে হয় এখন কমিশন বসিয়ে খুব বেশী কাজ হবে না, কমিশন না বসিয়ে যত শীঘ্র হয় একটা আইন করে গভর্নমেন্ট-এর উচিত এর সম্পূর্ণ পরিবর্তন করে যে মহৎ উদ্দেশ্য নিয়ে আমাদের দেশবাসীর কল্যাণের জন্যে, দেশের উন্নতির জন্য যে সম্পত্তি তাঁরা দান করে গিয়েছেন আজকে যাতে তার সত্যিকার সৎ ব্যবহার হয় সেটা করা উচিত। কারণ যদি আমরা এদিকে দৃষ্টি না রাখি তাহলে আমরা নিশ্চয়ই জানি যে আমাদের মুসলমানরা যাঁরা দান করেন তাঁরা এই দান এই উদ্দেশ্যেই করেন যে ভগবানের জন্যে। মানবতার জন্যে, শিক্ষার জন্যে ঐ দান যত ব্যবহার হবে তার সয়াব পাবে। অতএব এই মহৎ উদ্দেশ্য নিয়ে তাঁরা দান করেছেন আমার মনে হয় এই বিলকে সম্পূর্ণ পরিবর্তন করে একটা নূতন বিল যাতে গভর্নমেন্ট আনেন সেই বিষয় আমি অনুরোধ করবো। তা ছাড়া আমরা ওয়াকফ কমিশনারকে অনেক সময় বলেছি যে ওয়াকফ-এর সম্পত্তির যা অবাবস্থা, সমস্ত সম্পত্তি মতোয়ালীরা লুটেপুটে খাচ্ছে আপনি কোন ব্যবস্থা করছেন না? উনি বলেছেন আমার এমন ক্ষমতা নেই। অ্যাক্টটা এত ডিফেকটিভ যে অ্যাক্ট-এ কমিশনারের কোন পাওয়ারই নেই। অতএব যে উদ্দেশ্য নিয়ে এই অ্যাক্ট করা হয়েছিল, সম্পত্তির যাতে ভাল ব্যবস্থা হয়, সে উদ্দেশ্যে করা হয়েছিল, তা যখন ভালভাবে কাজ হচ্ছে না, আমার মনে হয় অতি শীঘ্র গভর্নমেন্ট-এর উচিত এই বিষয় পরিবর্তন করা। অতএব আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এবিষয়ে আকর্ষণ করছি, এবং আমি বিশেষ করে বলছি, এই হাজিমহসিনের এস্টেট-এর কথা বললাম, সেই বহু টাকার সম্পত্তি আজ কি হচ্ছে আমরা জানি না। সেই এস্টেট থেকে একদিন স্কুল চলেছে, কলেজ চলেছে, বহু মুসলিম স্টুডেন্টকে স্টাইপেন্ড দেওয়া হয়েছে, আজকে বাংলাদেশের পার্টিশান-এর পর সেই সম্পত্তির যে কি হল আমরা জানি না; কারা খাচ্ছে, কে নিচ্ছে? পাবলিক-এর এই সম্পত্তি। এই ওয়াকফ

কমিশনার যাকে রাখা হয়েছে তাকে দিয়ে যদি কোন কাজ না হয় তাহলে আমাদের উচিত মানবতার দিক দিয়ে এইটে পরিবর্তন করে যাতে সত্যিকার কাজ হয় সেইভাবে আইনকে সংশোধন করা উচিত এবং দরকার হলে, নেপালবাবু যেটা বলেছেন অর্ডিন্যান্স করা উচিত। আমি মনে করি অর্ডিন্যান্স করেও যদি করতে হয় তাহলেও আমাদের এই কাজটা করা উচিত।

Dr. Sushil Kumar Das Gupta:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় মোশারফ সাহেব যে নন-অফিসিয়াল রেজলিউশন এনেছেন আমি নীতিগতভাবে তাঁকে সমর্থন করি। শুধু তিনি যেখানে কমিশনের কথা বলেছেন সেখানে আমাদের সম্মতি নেই। আমাদের ভারতবর্ষে যাঁরা পূর্বপুরুষ ছিলেন তাঁদের চিন্তাধারা যদি আমরা অনুসরণ করি আমরা দেখতে পাই তাঁদের মনেতে এক জাতি গঠন করার উদ্দেশ্য ছিল। আজকে আমরা যা চিন্তা করছি সোসিয়ালিস্ট প্যাটার্ন অফ সোসাইটি যারা তখনকার দিনের সম্পত্তির অধিকারী ছিলেন তাঁরা সেই চিন্তাধারায় উদ্বুদ্ধ ছিলেন এবং তাঁদের যে সম্পত্তি তাকে দেবোত্তর করে বা ওয়াকফ এস্টেট-এ পরিণত করে তাঁরা তাঁদের প্রতিবেশী যে গরীব মানুষ তাদের ভরনপোষণের ব্যবস্থা এই সম্পত্তির মাধ্যমে তাঁরা করে গিয়েছিলেন। দিন চলে যাচ্ছে, আজকে আমরা কি দেখতে পাই? আমি যে স্থান থেকে নির্বাচিত হয়ে এসেছি, কাশীপুর, সেখানে অনেক বড় বড় দেবোত্তর ও ওয়াকফ সম্পত্তি আছে। আমি ৩০ বৎসর আগে দেখেছি যে বড় বড় দেবোত্তর সম্পত্তির যারা মালিক তাদের বাড়ীতে ছেলেদের রেখে দিতো, ছেলেদের পড়ার খরচা দিতো, তারা গরীব লোকদের ঐ দেবোত্তর পূজার ভোগ দিয়ে তাদের দু বেলার আহার যোগাতো কিন্তু আজকে কি দেখতে পাচ্ছি? ৩০ বৎসরে সেই মানুষের সেবা দেবতার সেবার নাম করে যে সেবা তারা করতেন সে উঠে গিয়েছে, দেবতার সেবা নামে মাত্র আছে, যেটুকু ফুল-জল না দিলে হয় না, দেবতাকে বেশীর ভাগ স্থানেই আমরা দেখতে পাই সেই রকমভাবে পূজা করা হচ্ছে। কিন্তু যারা সেবায়েৎ তাদের চালচলন সম্পূর্ণ বদলে গিয়েছে। বেশীর ভাগ জায়গার কথা আমি বলছি। কারণ তাদের গাড়ী, তাদের বাড়ী ক্রমশঃই বাড়ছে। সব চাইতে আশ্চর্যের কথা যে আমাদের ধারণা ছিল যে দেবোত্তর সম্পত্তি বোধ হয় হস্তান্তরিত করা যায় না। কিন্তু আজকে দেখতে পাচ্ছি অতি সহজে সম্পত্তি হস্তান্তরিত করা যায়। এটা শুধু ৯৯ ইয়ার্স লিজ দিয়ে নয়, আমার কাশীপুর এলাকার বহু সম্পত্তি সরকার অ্যাকুইজিশন করে নিয়েছেন, যে সম্পত্তির মালিক ছিল, তাদের খালি জমি পড়েছিল, কর্পোরেশনের বিরাট ট্যাক্স তাঁদের দিতে হতো।

[5-30—5-40 p.m.]

এখন তাঁদের সুবিধা হয়ে গিয়েছে, কর্পোরেশনকে ট্যাক্স দিতে হয় না। কাজেই দেবোত্তর সম্পত্তি থেকে তাঁদের আয় বেড়ে গিয়েছে, কিন্তু তাঁরা মানুষের জন্য একটা পয়সাও খরচ করেন না। কাজেই এই দুর্নীতি যাতে আমাদের সমাজে না থাকতে পারে তার জন্যে চেষ্টা করার সময় এসেছে। তারপর, গত দাঙ্গার সময় আমরা দেখেছি যে, অনেক জায়গায় মসজিদের পাশের জমি জবরদখল হয়ে গিয়েছে অন্য লোকের দ্বারা, মতোয়ালীরা তা রক্ষা করতে পারেন নি। তাই আমাদের বক্তব্য হল, আইন করে, যার আইন করতে যদি দেরি হয় তাহলে একটা অর্ডিন্যান্স করে এর একটা বিহিত করা দরকার।

Shri Nani Bhattacharya:

স্যার, এর পরে করাপসান-এর উপর একটা রিজলিউশন-এর আলোচনা এবং এপক্ষে ৫ জন বক্তা থাকবেন এই রকম আশ্বাস পেয়েছিলাম, কিন্তু সেটা যাতে না হয় তার জন্য চেষ্টা চলছে। এই সুযোগ যাতে আমরা পাই তা দেখবার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

Dr. Radha Krishna Pal:

স্যার, শ্রীমান নেপালচন্দ্র রায় ওয়াকফ স্টেট সম্পর্কে বক্তৃতার অনেক কথা বলে গিয়েছেন, এবং মহাপাত্র মহাশয় তারকেশ্বরে যে বিরাট আন্দোলন হয়েছিল সেই কথার উল্লেখ করেছেন, সেবা-

দাসীর কথাও তিনি বলেছেন। সেখানকার সেবাদাসী এলোকেশীর মরার ব্যাপারে সতীশ গিরির ১০ বৎসর কারাদণ্ড হয়েছিল, আমিও তখন কারাবরণ করেছিলাম। আজো সেখানে ব্যভিচার অব্যাহত রয়েছে। এই জিনিস আমরা অনেক জায়গায়ই দেখতে পাই। প্রাতঃস্মরণীয় হাজী মোহম্মদ মহসীন শিক্ষার বিস্তারের জন্য যে সম্পত্তি দান করেছিলেন আজকে সেখানেও কিছু অনাচার ঢুকেছে।

সুতরাং আজকে মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব এই দেবোত্তর সম্পর্কে এবং ওয়াকফ সম্পত্তি যে অবস্থায় এসেছে তার জন্য নীতির পরিবর্তন করা দরকার। শংকরবাবু যা বলেছেন আমি তা শুনেছি, কিন্তু একথা বলব যে হাউস থেকে এই বিষয়টা বিবেচনা করা দরকার কারণ দেবতার ভোগের চেয়ে এটা নিজেদের ভোগে এখন ব্যবহৃত হচ্ছে। আমি এঁদের করাপসন সম্বন্ধে জানি—চাতরার মোহান্তের ওখানে আমি গিয়েছিলাম, মেদিনীপুরে চন্দ্রকোণার মোহান্তের ওখানে আমি হানা দিয়েছিলাম। পাঠ্যাবস্থায় এসব আমরা করেছি। সার, চারিদিকে সংক্রামক ব্যাধির মত এটা ছড়িয়ে পড়েছে কাজেই যদি কোন ব্যবস্থা আমরা করতে না পারি তাহলে এটা প্রত্যেকের ব্যক্তিগত সম্পত্তি হিসেবে ব্যবহৃত হবে। সুতরাং মিঃ যোশী যে প্রস্তাব এনেছেন তাতে আমার বক্তব্য হচ্ছে অর্ডিন্যান্স করে হোক, আইন করে হোক বা যেভাবে হোক এটা বন্ধ করা দরকার।

The Hon'ble Syamadas Bhattacharyya: Mr. Chairman, Sir, I am thankful to Mr. Josse for bringing this particular resolution before the House and for drawing the attention of all of us here and of the public in general to a very urgent problem which faces the State. I am, however, of the opinion that the suggestion for appointment of a Committee of Experts is not necessary for us to accept because, so far as Hindu Religious Endowment and Trusts are concerned, we have got before us the report of the Hindu Religious Endowments Commission of which the Chairman was Dr. Ramaswami Iyer, and the members included retired Judges and others also; e.g., Shri Sankar Saran, who was a retired Judge of the Allahabad High Court and Shri Mahabir Prasad, Advocate-General, Bihar, were members of this particular Commission. The terms of reference of the Commission included this particular term, "to enquire into the manner in which the Hindu Public Religious Endowments are being managed and the resources thereof are being utilised and to recommend ways and means for the proper management of such endowments and proper utilisation of their resources". Sir, this covers, therefore, the very first of the only point which Shri Josse presses before us as the most important factor for having a Committee of Experts, namely 'mismanaged condition of the Debattar and also of the Wakf Estates'. So this Commission was asked to enquire into the conditions regarding management of the Debattar Hindu Public Religious Institutions and how the resources thereof were being utilised. This Commission was also asked to recommend ways and means for the proper management of such endowments and for the proper utilisation of their resources.

[5-40—5-50 p.m.]

Therefore, although I am in full sympathy with Shri Josse and I do feel that there is scope for better management, better control and better supervision of the religious endowments, trusts and other institutions—still because of what I have already said I hope he will not press his resolution to a vote.

Sir, we all know—Shri Josse has also drawn attention to this fact—that conditions have changed soon after the introduction of the Land Reforms Act under which we have fixed a ceiling after the abolition of the intermediaries and, particularly, after the partition of the province of Bengal. It is true that under the Estates Acquisition Act, under section 6, sub-section 1, clause (i) when the intermediary is an institution established exclusively for a religious or a charitable purpose or both or is a

person holding under a trust or an endowment or other legal obligation exclusively for the purpose which is charitable or religious or both, it can hold land holding in khas by such institution or person. It means, therefore, that such an institution, which is regarded exclusively as a religious or charitable institution, has the right to hold the lands, the whole area of the lands, which are hold in khas. There is a special privilege which has been granted to such institutions. Also such an institution will be in a position to have an annuity year after year on the basis of the net income which such intermediary used to earn.

Sir, these are the two most important concessions and privileges which this Legislature granted in favour of absolutely religious trusts or endowments. Therefore, it becomes all the more necessary for us to try to know how these religious trusts and endowments are actually managed. If today the State Exchequer has to find, year after year, a considerable sum of money for meeting the expenditure of Debattar of Wakfs then, I believe, people have every right to know whether the money that is given by the State year after year is properly utilised for the purpose for which the trusts were actually created. And, therefore, I hold the view that there should be some such suitable legislation by which we can have effective control upon the management of such institutions, including Wakfs.

Sir, I may mention in this connection the present position of law. So far Debattar properties are concerned, only section 92 of the Civil Procedure Code provides a legal remedy. If a person is interested in a trust created for a public purpose of a charitable and religious nature he may seek remedy under section 92 of the Civil Procedure Code. Now, there is something to which references have been made by my friends here and they have pointed out that this is a costly remedy, a remedy which is not very often found in actual practice. Therefore, this has practically of no avail in ordinary circumstances. And there is no law at the present moment under which the State can probe into the affairs of such an institution under which the State can call for its accounts. Therefore, even if the income of a Debattar particularly is mismanaged, at the present moment in West Bengal, we have no law under which we can have a probe into the accounts, into the expenditure of the Debattar Estate. So I do feel that there is a very good case for having a new legislation for this particular purpose.

As I have told you, the Hindu Religious Endowment Commission which was appointed in 1960 and gave its report in 1962 was a very valuable document in this regard. It has said thus: This Commission is definitely of the opinion that those States where there are no enactments governing Hindu Religious Endowment, viz., Assam, Punjab, West Bengal and U.P. will speedily undertake suitable legislation in this behalf. Sir, that is something which we want to act upon and therefore we have actually decided to undertake legislation for better management of Hindu Religious Trust and I may assure my friend, Mr. Josse that the Bill is under preparation. I may tell you, Sir, that it is a bit complicated and Mr. Josse will kindly agree with me that this subject-matter bristles with difficulties. There are problems which have got to be faced and we are collecting data and facts and figures in relation to religious endowment. At the present moment we are paying annually about 13 lakhs of rupees as annuities to Debattar estates. I am afraid this amount may increase every year to 20 lakhs of rupees, may be to higher sums. Therefore, I repeat that I am in complete agreement with Mr. Josse so far as that there should be suitable and effective legislation for the control of Debattar properties. But as I told you, in view of the report of the Commission which is before us, I do not agree, I do not accept—I am sorry I cannot accept—the suggestion

of Mr. Josse that an expert committee is necessary at this stage. We are always eager to have the valued opinion of experts. But at the present moment when we have already undertaken the process of drafting of the law, I do not think that an expert committee is necessary. We have before us volumes, reports of Madras, U.P.. M.P. and other States. These Acts will serve as models for us and we expect to make amendments to suit our peculiar conditions.

So far as the Wakf estates are concerned, I do agree with my friend Mr. Lutfal Hoque and other friends who have also pointed out that everything is not well here although there is an Wakf Act. As our friend Dr. Dasgupta was saying in his very characteristic way and also in a sarcastic manner, while the sebaits go on accumulating the number of houses, increasing the number of houses, cars or increasing the value of the property, the diety remains firm and the temples's look is in a dilapidated condition. Similarly, these things happened in the case of Wakf estates also as was pointed out by my friends here. Therefore, as my friend Shri Sankardas Banerjee said here, we have actually undertaken steps for having a proper law to plug the loopholes of the present Wakf Act. We have, of course, an Act now which is known as the Bengal Wakf Act of 1934. We know, of course, that there are loopholes and we are to plug the loopholes and to make this Act more effective. I understand the Judicial Department is going to undertake a comprehensive amendment of the said Act and a Bill is likely to be placed before the legislature in a few months it may be before the next session of the Legislatures. Of course, I want to tighten up the measures of control over the Wakf estates and we want to have better management of Wakf estates.

[5-50—6 p.m.]

As my friend had also told us, the Judicial Department has appointed the revered Chief Judge of the City Civil Court as a Special Officer to make full inspection of the office of the Wakf Commissioner who is continuing his inspection. On receipt of his note of inspection and suggestion for proper management of the Wakf Estates, of course we contemplate taking further necessary steps so that management of the Wakf Estates is properly done.

Mr. Speaker: Mr. Josse, you may reply, if you like.

Shri Lakshmi Ranjan Josse: It is not a reply; rather an appreciation of what is going on here today. I will take it in a sporting spirit as we always do. This resolution had an object; that was, to bring to the notice of the Government and to the notice of many other people in the House of the urgency of something being done about the Wakf and Debattar. Now the Hon'ble Minister has told me in so many words and held out assurance that steps are being taken in this direction and the consensus of the House also, as I can find, is that there should be a legislation and not an expert Commission or a Committee. These are days of going by consensus and not by voting. Therefore, I will not press for a vote. I have reason to be gratified today that this resolution of mine has brought about a sense of harmony and accord in this House and excepting one member of the House who struck a rather discordant note, others are all in agreement about there being a rot in the Wakf and Debattar Estates and about the necessity of something being done. May be, they differ when I ask for a Commission. Well, a Commisasion is perhaps not required in view of what is going to be done. Therefore, I do not press for a vote, and I am glad that this resolution has generated some heat in the otherwise very cold House. Thank you, Sir.

Mr. Speaker: Mr. Josse. may I take it that you withdraw the resolution?

Shri Lakshmi Ranjan Josse: Yes, I withdraw it.

(The Resolution was withdrawn by the leave of the House,)

Resolution of Shri Apurba Lal Majumdar

Shri Apurba Lal Majumdar: Sir, with your leave, I beg to move that whereas corruption has become rempant at all levels, this Assembly is of opinion that Government should take effective measures to eradicate such corruption.

মিঃ স্পীকার, স্যার, প্রশাসনিক ব্যবস্থাকে দুর্নীতি মুক্ত করার যে সমস্যা সারা দেশের সামনে দেখা দিয়েছে এই গুরুত্বপূর্ণ সমস্যা সম্পর্কে আলোচনা করতে গেলে প্রথমেই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয় ও হাউসের অন্যান্য সভ্যদের দৃষ্টি আকর্ষণ করি যে, ইদানিংকালে বাংলাদেশে শুধু নয়, সারা ভারতবর্ষে বিভিন্ন সরকারী কর্মচারী উচ্চপদস্থ ও নিম্নপদস্থ এবং ক্ষমতাসীন যে দল তার মধ্যে যাঁরা ক্ষমতায় আসীন আছেন বর্তমানে তাঁদের মধ্যে দুর্নীতি দিনের পর দিন যেভাবে বেড়ে চলেছে সারা ভারতব্যাপী এবং সমাজের আবহাওয়া যে রকম ভাবে দূষিত ও কলঙ্কিত হয়ে উঠছে তাতে ভবিষ্যতের দিকে তাকালে সকল সুস্থবুদ্ধি সম্পন্ন মানুষ আঁতকে উঠতে বাধ্য হচ্ছে। শুধু বাংলাদেশের বিধানসভার মধ্যে ইতিপূর্বে বহু মাননীয় সদস্য এবং আমিও অনেক

specific instances of complain against the minister

এবং সরকারী কর্মচারীদের বিরুদ্ধে উত্থাপন করেছি। বাংলাদেশের বাইরেও দেখেছি বিভিন্ন এস্টেট-এর মন্ত্রিমণ্ডলীর বিরুদ্ধে অভিযোগ উঠেছে যার ফলে অনেকে তাঁদের মুখ্যমন্ত্রীর পদ থেকে সরে গিয়েছেন, অনেক মন্ত্রীকে সরে যেতে হয়েছে এবং আজো বিভিন্ন জায়গায় এভাবে তাঁদের বিরুদ্ধে সারা দেশের জনমত এত প্রবল যে অবিলম্বে এই সম্পর্কে সরকারী কোন ব্যবস্থা অবলম্বন করে আমাদের প্রশাসনিক ব্যবস্থার মধ্যে যে দুর্নীতি আছে তা থেকে তাকে যদি মুক্ত করতে না পারি তাহলে গণতন্ত্র কেন, আমাদের কোন বিষয়ে কোন কার্যক্রম বা পঞ্চবার্ষিক পরিকল্পনা যার মধ্যে দিয়ে আমরা দেশকে গড়ে তুলতে চাই, উন্নয়নের পথে আমরা সমাজকে টেনে নিয়ে যেতে চাই, কোন ব্যবস্থকেই আমরা কার্যকরী করতে পারব না। যে হিসাব আমাদের সামনে আছে সেই হিসাবগুলি যদি আমরা দেখবার চেষ্টা করি তাহলে আমরা দেখব যে, গভর্নমেন্ট চেষ্টা করেছেন ১৯৪৯ সাল থেকে বিভিন্ন কমিশন এই সম্পর্কে তাঁদের বক্তব্য রেখেছেন, ১৯৪৯ সালে টেকচাঁদ কমিটি, ১৯৫৩ সলে রেলওয়ের দুর্নীতি অনুসন্ধান কমিটি, এছাড়া ভিভিয়ান বসু কমিটি, চাগলা কমিটি বা শান্তানম্ কমিটি তাঁরা বিভিন্ন স্তরে বিভিন্ন সময়ে এই দুর্নীতির বিষয় অনুসন্ধান করে যে সমস্ত বক্তব্য পেশ করে গেছেন সেই বক্তব্যগুলি যদি আমরা সাজিয়ে দেখবার চেষ্টা করি তাহলে সমস্ত কমিশন বা কমিটিগুলো এক মত হয়েছে যে দেশে দিনের পর দিন বছরের পর বছর দুর্নীতি বেড়ে যাচ্ছে এবং দুর্নীতি অপসারণ করার জন্য শাসনব্যবস্থা বা প্রশাসনিক ব্যবস্থকে দুর্নীতি মুক্ত করার জন্য এখন পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, খরদার কমিশনের যে হিসেব প্রকাশিত হয়েছে আমরা দেখতে পাচ্ছি তাতে দেখা যায় প্রথম পরিকল্পনার আমলে দুর্নীতির যে হিসাব আমরা পাই সে হিসাব হয় পরিকল্পনার আমলে ৩ গুণ বেশী বেড়ে গেছে এবং শেষে শান্তানম কমিটির রিপোর্ট যতদূর আমরা জানতে পেরেছি সেই শান্তানাম কমিটির রিপোর্টের দিকে যদি আমরা তাকাই তাহলে আমরা দেখতে পাবো যে গভর্নমেন্ট যে আয় হয়, তৃতীয় পরিকল্পনার মধ্যে ব্যয় করছেন উন্নয়নের খাতে বা পারচেজ অ্যান্ড সেলস এই খাতে, তার মধ্যে আমরা দেখছি যে কম করে ৫ পারসেন্ট অর্থ উৎকোচ এবং দুর্নীতির মধ্য দিয়ে অপব্যয় আমরা করছি এবং সেই হিসেবে ২য় পরিকল্পনায় যে ২ হাজার চার কোটি টাকা ব্যয় হয়েছে তার মধ্যে আমরা হিসাব করে দেখতে পাবো প্রায় ১৪০ কোটি টাকা শান্তানাম কমিটির রিপোর্ট অনুসারে দুর্নীতির কবলে অপব্যয়িত হয়েছে। শান্তানম কমিটি বলেছেন যে ৫ পারসেন্ট বিভিন্ন দপ্তরে টাকা ব্যয় করে সেই দপ্তরে যে ৫ পারসেন্ট অফ দি টোটাল মানি উৎকোচের মাধ্যমে অপব্যয় হয়ে থাকে

দুর্নীতির রন্ধ্রপথে। শুধু তাই নয়, হিসেবে দেখা যায় আজ সেই ৫ পারসেন্ট-এর জায়গায় শতকরা ১০।১১ পারসেন্ট গভর্নমেন্ট যে টাকা ব্যয় করেন তার মধ্যে দুর্নীতির মধ্যে দিয়ে উৎকোচের পথে হোক, দুর্নীতির অন্ধ পথে হোক সেই টাকা আমাদের অপব্যয় হয়ে চলেছে। ঠিক তেমনি শুধু কেন্দ্রীয় দপ্তরে নয় কেন্দ্রীয় সরকারের শান্তানাম কমিটির হিসেবে বলছেন যে দ্বিতীয় পরিকল্পনায় সেই হিসাবে দেখা যায় যে প্রায় ২৫০ কোটি টাকা শুধু আয়কর ফাঁকি দিয়েছে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যদি আমরা আসি ঠিক সেই একই অবস্থার সামনে এসে আমরা পৌঁছাব। প্রথম ও দ্বিতীয় পরিকল্পনায় গভর্নমেন্ট যে অর্থ ব্যয় করেছেন সেই অর্থের মধ্যে ৫ পারসেন্ট থেকে ১০ পারসেন্ট এই দুর্নীতির রন্ধ্রপথে নষ্ট হয়ে গেছে--বিশেষ বিশেষ যেসমস্ত দপ্তর, যেমন সিভিল সাপ্লাই, সরবরাহ দপ্তর, খাদ্য দপ্তর, পুনর্বাসন দপ্তর এবং পূর্ত দপ্তর পি ডবলিউ ডি ইত্যাদি উন্নয়নমূলক যে সমস্ত দপ্তর রয়েছে সেই সমস্ত দপ্তরে দুর্নীতির পথে যেভাবে অর্থ ব্যয় হয়ে চলেছে, সেটাকে রোধ করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে কি ব্যবস্থা করা হয়েছে? আমরা জানি পশ্চিমবঙ্গে দীর্ঘদিন ধরে অ্যান্টি-করাপশন ডিপার্টমেন্ট আছে। এই অ্যান্টি করাপশন ডিপার্টমেন্ট দুঃখের সঙ্গে বলতে হয় যে পূর্বে করাপশন-এর মাত্রা একটু কম ছিল আজকের তুলনায় সেই সময় অ্যান্টি করাপশন ডিপার্টমেন্ট-এর যিনি হেড ছিলেন তিনি ছিলেন ডিপার্টমেন্টাল একজন আই সি এস অফিসার, তিনি সেই অ্যান্টি করাপশন-এর হেড হিসাবে কিছু কিছু জায়গায় করাপশন বন্ধ করার চেষ্টা করেছেন। কিন্তু আজ সরকার কি কারণে জানি না সমস্ত অ্যান্টি-করাপশন-এর দায়িত্ব একজন পুলিসের ডেপুটি কমিশনার-এর হাতে ন্যস্ত করেছেন? এই পুলিসের বিরুদ্ধে বা ডেপুটি কমেশনার-এর বিরুদ্ধে বহু অভিযোগ আমরা বিধানসভার মধ্যে উত্থাপন করি সেই পুলিসের হাতেই সম্পূর্ণ বিচারের ভার। এবং সেই

[6—6-12 p.m.]

পুলিসকেই অ্যান্টি-করাপশন-এর সমস্ত মূল এবং হেড অফ দি ডিপার্টমেন্ট করে রাখা হয়েছে। একটু আগেই সর্ষের মধ্যে ভূত থাকলে সেই সর্ষে দিয়ে কোন কাজ হবে না। যে পুলিস দপ্তরের বিরুদ্ধে আমাদের অভিযোগ সেই পুলিস দপ্তরকেই আজকে সর্বময় করে রাখা হয়েছে এবং আগে যে একজন সেক্রেটারি আই সি এস অফিসারকে এই দপ্তরের পরিচালনার ভার দেওয়া হয়েছিল সেই ভার আজকে দেওয়া হচ্ছে না এবং তাঁকে সরিয়ে দেওয়া হয়েছে ডিপার্টমেন্ট থেকে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে কেন্দ্রের তরফ থেকে নির্দেশ এসেছে যে, ভিজিলেন্স কমিশন গঠন করা হোক, এই সম্পর্কে আমাদের পশ্চিমবঙ্গ সরকার আজ পর্যন্ত কোন সিদ্ধান্তে পৌঁছাতে পারেন নি, কেন্দ্রীয় সরকার একজন জজকে এই ভিজিলেন্স কমিশন-এর চেয়ারম্যান নিযুক্ত করেছেন। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এবং বিভিন্ন রাজ্যকে নির্দেশ দিয়েছেন যে ভিজিলেন্স কমিশন গঠন করা হোক, এবং একজন জজ যেন সেই কমিশনের চেয়ারম্যান হিসাবে কাজ করেন কিন্তু কি কারণে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার কোন ভিজিলেন্স কমিশন গঠন করেন নি, এবং শুধু তাই নয়, তাঁরা এখন এই মতে এসেছেন যে, ভিজিলেন্স যা আমরা করব সেখানে আমরা কোন জজকে রাখব না এবং সেখানে তাঁদেরই একজন কর্মচারীকে নিযুক্ত করতে চাচ্ছেন। গভর্নমেন্ট-এর কোন কর্মচারী, তাঁকে সেখানে যদি নিযুক্ত করে দেন তাহলে সেই কমিশন গভর্নমেন্ট-এর উর্ধ্বে থেকে সরকারী নির্দেশের উর্ধ্বে থেকে তাঁর মাইন্ড অ্যাপ্লাই করা তাঁর পক্ষে কখনো সম্ভব নয়। সে জন্য আমরা এই কথা বলি যে, ভিজিলেন্স কমিশন যা পশ্চিমবঙ্গে গঠন হবে তার চেয়ারম্যান যেন একজন জজ হন। আমরা ইতিমধ্যেই দেখেছি যে, পশ্চিমবঙ্গ সরকার যে বক্তব্য পেশ করছেন, আমরা শুনেছি তাঁরা সেটা ভালো চোখে দেখছেন না, তাঁরা চাচ্ছেন তাঁদেরই হাতের এবং তাঁদের আন্ডার-এ কাজ করেন একজন সাধারণ লোককে বা একজন সরকারী কর্মচারীকে সেই পদে নিযুক্ত করার জন্য। মিস্টার স্পীকার, স্যার, যদি সত্যিই করাপশন দূর করার ইচ্ছা থাকে এবং

independent probe into each and every allegation of corruption

যা আপনারা পেয়ে থাকেন করার ইচ্ছা থাকে তাহলে সেখানে ভিজিলেন্স কমিশনকে ইনডিপেন্ডেন্ট করবার প্রয়োজন আছে, একজন জুডিসিয়াল মাইন্ড-এর লোককে সেখানে দেওয়ার প্রয়োজন আছে। অ্যান্টি করাপশন ডিপার্টমেন্ট-এর যে অভিজ্ঞতা আমরা দেখেছি, এবং অ্যান্টি করাপশন ডিপার্টমেন্ট যেভাবে বাংলাদেশে চালু হচ্ছে তার কাছে অনেক দরখাস্ত অর অ্যালিগেশন থাকা সত্ত্বেও

কোন এনকোয়ারি অর প্রোব হয় না। আমি নিজে অ্যান্টি করাপশন-এর কাছে উচ্চপদস্থ কর্মচারীদের বিরুদ্ধে আমি সই করে দরখাস্ত পাঠিয়েছিলাম, কিন্তু দুঃখের কথা অ্যান্টি করাপশন ডিপার্টমেন্ট-এর যারা কর্মচারী বা পদস্থ যারা তাঁদের বিরুদ্ধে কোন রকম এনকোয়ারী করার ব্যবস্থা হয় নি। অ্যান্টি করাপশন থেকে সেই দরখাস্ত ডিসমিস্ড লেভেল-এ একজন ordinary Sub-Inspector of Enforcement ব্রাঞ্চ-এর কর্মচারী তাদের হাতে দেওয়া হয় গেজেটেড অফিসারের বিরুদ্ধে যে সব অভিযোগ উল্লেখ করেছি তার বিরুদ্ধে। এই সমস্ত ফার্স না হওয়াই উচিত, যদিও আমরা জানি এই অ্যান্টি করাপশন ডিপার্টমেন্ট জিইয়ে রাখা হয়েছে। সেখানে মন্ত্রিমণ্ডলীর মধ্যে আপনার অনেক করাপশন, আপনারা অনেক করাপশন প্রশ্রয় দেন, তাঁরা চাচ্ছেন তাঁদের অনুগৃহীত যে সমস্ত ব্যক্তি রয়েছে, তাঁরা চাচ্ছেন তাঁদের হাতে বা দলের যে সমস্ত লোক করাপটেড তাদের বিরুদ্ধে যাতে কোন ব্যবস্থা অবলম্বন করা না হয়। সেই জন্য একজন ডি সি-কে সারা বাংলার অ্যান্টি করাপশন-এর সমস্ত দায়িত্ব দিয়ে রাখা হয়েছে। এটা অত্যন্ত অন্যায় বলে মনে করি।

বর্তমানে যে অ্যান্টি করাপশন ডিপার্টমেন্ট আছে তা দিয়ে কোন কাজ হবে না, এবং এই ডিবেট এই আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে জবাব চাই, এই ভিজিলেন্স কমিশন-এ কোন জজকে তিনি নিযুক্ত করছেন অ্যাজ চেয়ারম্যান। শান্তনম্ কমিটির তরফ থেকে শুধু এখানকার শাসকগোষ্ঠী সম্পর্কই নয়, কেন্দ্রীয় শাসকগোষ্ঠী সম্পর্কেও একটা বিশেষ ইমপরট্যান্ট সুপারিশ করা হয়েছে। এই সুপারিশে আছে, কেন্দ্রীয় কোন মন্ত্রীর বিরুদ্ধে যদি সেখানকার দশজন এম পি লিখিতভাবে অ্যালিগেশন উত্থাপন করেন তাহলে সঙ্গে সঙ্গে সেটা এনকোয়ারী করার জন্য একটা কমিশন বসাবার ব্যবস্থা করতে হবে, যদি রাজ্যসরকারের কোন মন্ত্রীর বিরুদ্ধে দশজন সদস্য অভিযোগ উত্থাপন করেন তাহলে সেই অভিযোগ সম্পর্কে এনকোয়ারী করবার জন্য একটা কমিশন নিযুক্ত করতে হবে। আমরা লক্ষ্য করে দেখেছি কেন্দ্রীয় মন্ত্রিমণ্ডলী শান্তনম কমিটির সুপারিশ অনুসারে তদন্ত কমিশন নিযুক্ত হোক এটা চান না, দুর্নীতি বাঁচিয়ে রাখবার জন্য তাঁরা কমিটির রিপোর্ট ছুঁড়ে ফেলে দিলেন। আপনারা সংবাদপত্রে দেখে থাকবেন যে, তাঁরা একটা ব্যবস্থা করেছেন যাতে কেন্দ্রীয় সরকারের কোন মন্ত্রীর বিরুদ্ধে অ্যালিগেশন হলে তার এনকোয়ারী করবেন প্রধানমন্ত্রী, আর রাজ্যসরকারের কোন মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হলে সেই অভিযোগের তদন্ত করবেন মুখ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ আনীত হলে হোম মিনিস্টার অফ দি সেন্টার বা প্রাইম মিনিস্টার। কেন? কারণ, তাঁরা ভীত সন্ত্রস্ত। তাই আমাদের এখানে দুর্নীতির কোন কথা উঠলেই মন্ত্রিমহাশয়রা তৎক্ষণাৎ বলেন এই সব অভিযোগ অসত্য। তাই আমরা চেয়েছিলাম যে সব অভিযোগ হাউস থেকে উঠবে সেগুলির তদন্তের জন্য একটা কমিশন নিযুক্ত হোক। ভিভিয়ান বোস কমিশন বা দাস কমিশনের মতো। আজকে তাঁরা মন্ত্রীদের আচরণ বিধি তৈরী করলেন, কার কত অ্যাসেটস মন্ত্রী হবার আগে ছিল এবং মন্ত্রী হবার পরে কি সম্পত্তি হয়েছে এসব খোঁজ করবেন বলছেন, ভালো কথা, কিন্তু কারুর বিরুদ্ধে অভিযোগ হলে তার তদন্ত করার জন্য কমিশন নিযুক্ত করা হবে কি না শান্তনম কমিটির সুপারিশ অনুসারে সেদিকে তাঁরা যাচ্ছেন না। অবশ্য আমাদের মুখ্যমন্ত্রী একটা ভালো কাজ করেছেন কিছুদিন আগে গম এবং হুইট নিয়ে যে প্রফিটিয়ারিং হয়েছিল তাতে ৭ জনকে ডি আই রুল-এ গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু এর মধ্যেও গাফিলতি হয়েছে। ১৫ জনের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা হয়েছিল, এবং সতর্কতামূলক ব্যবস্থাও অবলম্বন করা হয়েছিল, কিন্তু তৎসত্ত্বেও কি করে অন্যান্যরা পালিয়ে গেল সেটা এখনো গোপন আছে, এটা আমরা মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই। ডি ডি-র তরফ থেকে কিশোরীলাল চৌধুরীর খাতাপত্র সিজ করা হয়েছে। আমি জানি তাঁর ২ লক্ষ ৫৮ হাজার ব্ল্যাক মানি ধরা হয়েছে, এবং আমি দায়িত্ব নিয়ে বলছি তাঁর কাছ থেকে যে খাতা সিজ করা হয়েছে তাতে রেশনিং ডাইরেক্টর পি কে সেন-এর নামে লেখা রয়েছে সেই টাকাটা তাঁকে দেওয়া হয়েছে বলে। তারপর, সিরাজুদ্দীনের কেস-এ যে খাতা ধরা হয়েছে তাতেও পি কে সেন, ডাইরেক্টর অফ রেশনিংকে ৫৪ হাজার টাকা দেওয়া হয়েছে বলে লিপিবদ্ধ আছে। তাছাড়া সেই খাতার মধ্যে কেন্দ্রীয় সরকারের বড় বড় মন্ত্রী এবং উচ্চপদস্থ অফিসারের নামও আছে।

আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি নিজে যদি সেই খাতা চেয়ে নেন তাহলে দেখবেন সেই খাতা থেকে আরও অনেক অভিযোগ প্রমাণিত হবে এবং দেখবেন কিভাবে উচ্চপদস্থ কর্মচারী জড়িত হয়ে রয়েছে। এই সমস্ত নির্দিষ্ট অভিযোগ আছে বলেই আমি বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি শান্তনম কমিটির রিপোর্ট-এ যে সুপারিশ আছে সেটা কার্যকরী করুন। স্যার, আজকে সদাচার কমিটিকে আমরা কবর দিতে চলেছি। নন-অফিসিয়াল কমিটি হিসেবে তার এক্তিয়ার নেই একটা গভর্নমেন্ট অফিসে গিয়ে তাঁদের খাতাপত্র চেক করা। তাঁরা সদাচার কমিটির লোককে ঘড় ধরে বের করে দেবেন, তাঁদের কোন লিগ্যাল স্ট্যাটাস নেই, তাঁদের উপর সরকারী কোন নির্দেশনামা নেই। মাননীয় স্পীকার মহাশয়, দুর্নীতি সম্বন্ধে এই সামান্য সময়ের মধ্যে কিছু বলা সম্ভব নয়। তবুও যে দৃষ্টি আকর্ষণ করছি তার কারণ হচ্ছে আপনারা লোককে এটাই দেখাচ্ছেন যে আপনারা যেন দুর্নীতি দূর করবার চেষ্টা করছেন। এই যে ক্রোকোডাইল অ্যাটমোসফিয়ার, এই যে ফোর্সড প্র্যাকটিস, জনসাধারণকে এই যে প্রতারণা করছেন এটা না করে শান্তনম কমিটির রিপোর্ট কার্যকরী করুন এবং বাংলাদেশ ও ভারতবর্ষকে প্রশাসনিক দিক থেকে দুর্নীতিমুক্ত করুন। একথা বলে এই প্রস্তাব আমি হাউসে রাখছি।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে অপূর্ববাবু যে প্রস্তাব উত্থাপন করেছেন তাতে এই সংশোধনী প্রস্তাব যেটা নিখিলবাবুর নামে আছে সেটা আমি আনছি।

Sir, I beg to move that the following new paragraph be added at the end, viz.:—

> "This Assembly is further of opinion that a Committee of Enquiry consisting of both officials and non-officials (including one representative from each political party and group in the State Legislature) be set up to look into the alleged cases of corruption favouritism and nepotism amongst Ministers and high Government officials."

স্যার, আমার বক্তব্য পরের সেসনে রাখব।

Mr. Speaker: This will continue. The House stands adjourned till 1 p.m. on Monday next.

Adjournment ...

The House was accordingly adjourned at 6-12 p.m. till 1 p.m. on Monday, the 21st September, 1964, at the Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 21st September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 8 Ministers, 3 Ministers of State and 140 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Issue of taxi-permits in Calcutta

[1—1-10 p.m.]

***398.** (Admitted questios No. *1264.)

শ্রীসুধীরচন্দ্র দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতায় যাতায়াতের সুবিধার জন্য আরও কিছুসংখ্যক ট্যাক্সির পারমিট দেওয়ার ব্যবস্থা হইতেছে;

(খ) সত্য হইলে, উহার সংখ্যা কত; এবং ঐ পারমিটের জন্য কোন সর্ত আরোপ করা হইয়াছে কিনা; এবং

(গ) বর্তমানে কলিকাতায় মোট চালু ট্যাক্সির সংখ্যা কত?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) হাঁ, ইহা সত্য। কিন্তু কলিকাতা হাইকোর্টের নিষেধ আজ্ঞার ফলে কলিকাতার আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ এই বিষয়ে যে দরখাস্তগুলি পাইয়াছেন তাহার বিবেচনা স্থগিত রাখিয়াছেন।

(খ) আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ এই বিষয়ে কোন স্থির সিদ্ধান্ত করেন নাই তবে নূতন পারমিটের সংখ্যা ৮০০ শতের অধিক হইবে না। দরখাস্তকারীর অবশ্যই ট্যাক্সি করার উপযোগী একটি গাড়ী নিজের নামে কলিকাতায় রেজিস্টারিং অথরিটির নিকট রেজিস্টী থাকিতে হইবে।

(গ) ২৭।৮।৬৪ তারিখ পর্যন্ত সংখ্যা ৪,৩৪৯ ছিল।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: আপনি বললেন যে অথরিটির কাছে একটা গাড়ী রেজিস্টী করে রাখতে হবে। যদি টাকা রাখে তাহলে হবে কিনা?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: ব্যাঙ্ক গ্যারান্টি দিতে হয়, কিন্তু গাড়ীটি প্রোডিউস করতে হয়।

শ্রীকাশীকান্ত মৈত্র: মোটর ভিহিকলস আইনে আপনি জানেন বোধ হয় সেকসান ৪৭তে কতকগুলি কন্ডিশান দেওয়া আছে। তাতে এই কথা বলা নেই সুটেবিলিটি বিচার করার সময় যে he must produce a car in order to be adjudged suitable to get a permit. এই রকম কোন কন্ডিশান বা টেস্ট মোটর ভিহিকলস অ্যাক্টে নেই। সুতরাং আপনারা এটা যে করছেন এটা কি মোটর ভিহিকলস আইনের আওতার বাইরে একটা কন্ডিশান দিচ্ছেন না?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: না, তা নয়। মোটর ভিহিকলস অ্যাক্টের আণ্ডারে যে বিরাট রুলস আছে সেটা দেখবেন। তাতে লেখা আছে ট্যাক্সির পারমিট গাড়ী যদি প্রোডিউস না করে তাহলে কিসের উপর দেবে? পারমিট চাওয়ার জন্য দরখাস্ত করার সময় যে কন্ডিসানগুলি দিয়ে দেওয়া হয় তার মধ্যে লাস্ট হচ্ছে যখন পারমিট গ্রান্টেড হবে তখন গাড়ী তাকে প্রোডিউস করতে হবে।

শ্রী [illegible] মৈত্র: মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যদি আইনটা ভাল করে পড়ে দেখেন তাহলে যে স্টেটমেন্ট করলেন এই রকম একটা ওমনিবাস স্টেটমেন্ট করতেন না। মোটর ভিহিকলস অ্যাক্টে আপনি খবর নিলে জানবেন, আপনার ডিপার্টমেন্ট জানাবে যে যারা মোটর ভিহিকলস-এর পারমিট পেতে চান তাঁদের ব্যাঙ্ক গ্যারান্টি দেখাতে হয়। তাঁরা যে কোয়েশ্চেনিয়ার তৈরি করে দেন সেগুলি ফিল আপ করে পাঠাতে হয়। এমন কোন আইন নেই যে প্রত্যেকটি লোককে পারমিট পেতে হলে আগে তাকে গাড়ী রেজিস্ট্রি করে দেখাতে হবে।

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: আগে থেকে গাড়ী রেজিস্ট্রি করার কথা তো বলিনি। আমি বলেছি পারমিট পেয়েছে তখন তাকে অ্যাকচুয়ালি অ্যালটেড গাড়ীটি দেখাতে হবে।

Shri Balai Lal Das Mahapatra:

এই ট্যাক্সীর যাঁরা ড্রাইভারী জানেন তাঁদের দেবেন, না যাঁদের টাকা আছে তাঁদের দেবেন—কাকে প্রাইয়োরিটি দেবেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

যে সমস্ত নিয়মকানুন আছে সেই অনুসারে পারমিট দেয়া হয়। মনে করুন ১০ হাজার দরখাস্ত পড়েছিল, তার মধ্যে যে ৪,৫০০ আইনের আওতায় এসেছিলেন সেই ৪,৫০০ জনকে পারমিট দেয়া হয়েছে।

Issue of Taxi-permits in Calcutta

***403.** (Admitted question No. *1294.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত জানুয়ারী মাস হইতে জুলাই মাস পর্যন্ত এই ৭ মাসে কলিকাতা সহরে কতগুলি ট্যাক্সির নূতন পারমিট দেওয়া হইয়াছে;

(খ) পারমিটপ্রাপ্ত ব্যক্তিগণ সকলেই ট্যাক্সি চালাইতেছে কিনা;

(গ) পারমিট পাওয়ার ৬ মাসের মধ্যে যাহারা ট্যাক্সি ক্রয় করিয়া চালাইতেছে না তাহাদের সংখ্যা কত; এবং

(ঘ) উহাদের পারমিট বাতিল করার কোন ব্যবস্থা হইতেছে কি না?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) মোট ১,৫৫৪ খানা মঞ্জুর হয়েছিল;

(খ) ৭৪ খানা ট্যাক্সি এখন পর্যন্ত চালান হইতেছে না;

(গ) যাঁহাদের পারমিট দিবার প্রতিশ্রুতি দেওয়া হইয়াছিল তাহাদের মধ্যে যাহারা গাড়ী ক্রয় করিতে পারেন নাই তাঁহাদিগকে শেষ পর্যন্ত আদৌ পারমিট মঞ্জুর করা হয় নাই। ইঁহাদের সংখ্যা ৬২৬;

(ঘ) প্রশ্ন উঠে না।

Shri Ananga Mohan Das:

যাঁদের পারমিট দিয়েছিলেন তাঁদের মধ্যে আপনি বলছেন ৭৪ জন বোধ হয় গাড়ী প্লেস করেন নি। এই যে কোলকাতার গাড়ীর এত অসুবিধে, গাড়ীর অভাবে লোকেদের চলাফেরার অসুবিধা হচ্ছে, ৭৪ জন যে গাড়ী দিল না, তার বদলে আবার যাতে ৭৪ জন গাড়ী দিতে পারে তার কোন ব্যবস্থা আছে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আপনি জিনিসটা বুঝুন—

"Applications were invited and 10.000 applications were received, 2,782 applicants were found to be fit for for obtainnig taxi permits. Offer letters

were issued to them informing them that permit would be issued if they can produce vehicles which are fit to be used as taxi

এতে ৮ মাস সময় দেওয়া হয়েছিল গাড়ী প্রোডিউস করার জন্য।

Out of the total number of 2,782 applicants, about 2,156 persons were able to produce vehicles within the time, i.e., 31st March, 1964. Therefore, sanction letters were issued to them. Permits were issued to 1,554 applicants who deposited the permit fee.".

যারা ঐ সময়ের মধ্যে গাড়ী দিতে পারলো না তাদের অটমেটিক্যালি মোটর ভিহিকলস রুল অনুসারে পারমিট ল্যাপ্স করে গেল।

Shri Ananga Mohan Das:

আপনি যে বললেন ৬ মাসের মধ্যে যারা গাড়ী দিতে পারলো না তাদের পারমিট অটোমেটিক্যালী ল্যাপ্স করে গেল কিন্তু সেই যে গাড়ী যতগুলি দেবার কথা যাতে সেগুলি আবার দেয়া হয় তার কোন ব্যবস্থা করা হচ্ছে কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

যারা গাড়ী দেবে তারা পাবে।

Shri Bejoy Kumar Banerjee:

মন্ত্রিমহাশয় কি বলবেন টাকা দিলেই কি গাড়ী ন্যায্য মূল্যে পাওয়া যায়?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এই প্রশ্নের সঙ্গে আপনার প্রশ্নটা আসে না।

Shri Bejoy Kumar Banerjee:

আমার সাপ্লিমেণ্টারী হচ্ছে গাড়ী যদি বাজারে ন্যায্য মূল্যে না পাওয়া যায় তাহলে তারা কিনবে কি করে? ন্যায্যমূল্যে তো গাড়ী কিনতে পাওয়া যায় না, পয়সা দিলেও হয় না। একটা দরখাস্ত করে অন্ততঃ এক বছরের উপর লাগে গাড়ী পেতে—তারা পারমিট পাবে কি করে, সেটার কিছু ব্যবস্থা করছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি আপনাকে জানাতে পারি যে ২,৭৮২ জন ঐ ৬ মাসের মধ্যে গাড়ী পেয়ে, পারমিট পেয়ে গেছে এবং সেই পারমিটে ট্যাক্সী চালিয়ে তাঁরা উপার্জন করছেন।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি কি জানেন যে টাকা খরচ করেও গাড়ী পাওয়া যাচ্ছে না, এজন্য এমনকি ১৯৪৮ মডেলের গাড়ী চালাতে তাঁরা বাধ্য হচ্ছেন।

The Hon'ble Saila Kumar Mukherjee:

১৯৪৮ মডেল হলেও ডিপার্টমেণ্ট যদি সেটা মেকানিক্যালী ফিট মনে করে তো দেবেন।

Shrimati Biva Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি একটা প্রশ্ন জিজ্ঞাসা করছি। আপনি কি জানেন যে এই ১৯৪৮ কিম্বা ১৯৫২ মডেলের যে সমস্ত গাড়ি বেরিয়েছে, সেই সমস্ত গাড়ি ২০ হাজার টাকা মূল্যে বিক্রয় করেছে—এই ট্যাক্সী পারমিট-এর জন্য?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমার জানা নেই।

Bengal (Rural) Primary Education Act, 1930

*433. (Admitted question No. *999.) **Shri Sambhu Charan Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be

pleased to state whether the Government consider the desirability of repealing the Bengal (Rural) Primary Education Act, 1930, and bringing a comprehensive Bill to advance the cause of rural education?

[1-10—1-20 p.m.]

The Hon'ble Rabindralal Sinha: The answer is 'No'.

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে কমপ্রিহেনসিভ আইন করবার ব্যাপারে বা বিল আনবার ব্যাপারে, তারা কোন বিষয় চিন্তা করেছেন কিনা, বিশেষ করে যখন জেলা পরিষদে আইন পাশ হয়ে গিয়েছে, তার পরে?

The Hon'ble Rabindralal Sinha:

আমিত গোড়াতেই বলেছি, না। কমপ্রিহেনসিভ আইন বলতে কি বোঝাচ্ছেন আমি বুঝতে পারলাম না। আইনত আছেই এবং
it comprehends the whole of the rural area of the State.
তবে নূতন জেলা পরিষদ আইনেতে, জেলা স্কুল বোর্ডকে জেলা পরিষদের প্রাইমারী এডুকেশন স্ট্যান্ডিং কমিটি করা হয়েছে, এবং জেলা পরিষদকে কিছু ক্ষমতা দেওয়া হয়েছে। এখন বর্তমানে আমরা কিছু চিন্তা করছি না। তবে জেলা পরিষদ গঠিত হবার পরে, ওয়ার্কিং দেখে, যদি প্রয়োজন হয়, করা যাবে।

Shri Sanat Kumar Raha:

প্রাইমারী স্কুলের জন্য যে প্রাইমারী এডুকেশন অ্যাক্ট ছিল, তাতে, অর্থাৎ প্রভিশান ছিল যে প্রাইমারী টিচার্সরা ইলেকটেড হতে পারে স্কুল বোর্ডে, এবং সেই প্রভিশানটা জেলা পরিষদের আওতায় আসলে পরে নষ্ট হয়ে যাবে, এইটা আইনের ব্যাখ্যা কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

আইনের ব্যাখ্যা উকিল করবেন। আইনের ব্যাখ্যা আমার পক্ষে করা সম্ভব নয়।

Shri Sanat Kumar Raha:

জেলা পরিষদের আন্ডার-এ যদি এডুকেশন স্ট্যান্ডিং কমিটি হয়, তাহলে প্রাইমারী টিচাররা জেলা পরিষদের এমপ্লয়ী হিসাবে গণ্য হবেন কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

সেটাত আইনে বলা আছে।

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—এই জেলা পরিষদে যে এডুকেশান স্ট্যান্ডিং কমিটি হচ্ছে এই এডুকেশান স্ট্যান্ডিং কমিটি এবং জেলা স্কুল বোর্ড, এই দু'জনের মধ্যে প্রাইমারী স্কুল গুলির উপর কর্তৃত্বভার কি রকম ভাবে ভাগ হবে?

The Hon'ble Rabindralal Sinha:

যে রকম জেলা পরিষদ আইনে এবং রুরাল প্রাইমারী এডুকেশান অ্যাক্টএ আছে, সেই রকম হবে মাননীয় সদস্য সিলেক্ট কমিটিতে ছিলেন, এবং হাউসের একজন ইমপর্টেন্ট মেম্বার, তিনি নিশ্চয় এটা পড়েছেন বলে ধরে নিতে পারি।

Scarcity of fish in Midnapore town

***434.** (Admitted question No. *1581.)

শ্রীজনমোহন দাস: মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) সরকার কি মেদিনীপুর সহরে মাছের দুষ্প্রাপ্যতা সম্পর্কে অবহিত আছেন;

(খ) অবহিত থাকিলে—

(১) এই দুষ্প্রাপ্যতার কারণ কি; এবং

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Hon'ble S. M. Fazlur Rahman:

(ক) হ্যাঁ

(খ) (১) বর্ষাকালে নৈসর্গিক কারণেই সর্বত্র মৎস্যের সরবরাহ কমিয়া যায়। এতদ্ব্যতীত গত ১৬ই অগাস্ট হইতে মেদিনীপুর পৌরসভার অন্তর্ভুক্ত এলাকায় মৎস্যমূল্য সম্পর্কিত আদেশ বলবৎ হওয়ার পর হইতে কিছু অসাধু ব্যবসায়ীর মধ্যে উক্ত এলাকার বাহিরে উচ্চমূল্যে মৎস্য বিক্রয়ের প্রবণতাও উক্ত এলাকায় মৎস্য সরবরাহের স্বল্পতার জন্য দায়ী।

(২) বর্তমানে সমবায় সমিতির মাধ্যমে মেদিনীপুর সহরে জুনপুটের সরকারী মৎস্যচাষ কেন্দ্র হইতে আনীত মৎস্যের বণ্টনের ব্যবস্থা করা হইয়াছে। মৎস্য মূল্য নিয়ন্ত্রণ সম্পর্কিত আদেশ কার্যকর করার জন্যই যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

Shri Ananga Mohan Das:

মেদিনীপুর সহরে প্রত্যহ কি পরিমাণ মাছের আবশ্যক আছে বলে আপনি মনে করেন?

The Hon'ble S. M. Fazlur Rahman:

আবশ্যক কত, সেটা আমি বলতে পারবো না। তবে প্রত্যহ সেখানে তিন মণ করে রুই, কাতলা, মৃগেল মাছ, যায়।

Shri Ananga Mohan Das:

যেখানে মেদিনীপুর সহরে প্রায় ৭০ হাজার লোক বাস করে, সেখানে প্রত্যহ মাত্র তিন মণ মাছ সরবরাহের ব্যবস্থা করে কি সেখানকার মৎস্য চাহিদা মেটানো সম্ভব হবে?

The Hon'ble S. M. Fazlur Rahman:

সেখানকার পুরো চাহিদা মেটান সম্ভব না হলেও, সেখানে এখন প্রত্যহ মাছ পাঠান হচ্ছে। এক মণ মাছে ৩০০ জন লোক সাধারণত খেয়ে থাকে।

Shri Ananga Mohan Das:

উনি বলছেন যে মেদিনীপুর সহরে গত বৎসর, বর্ষাকালে, মাছ একটু কম পাওয়া যায়। কিন্তু গত বছর মেদিনীপুর সহরে গরীব লোকের কাছে কি মাছ অত্যন্ত দুষ্প্রাপ্য ছিল?

The Hon'ble S. M. Fazlur Rahman:

আমার জানা নেই।

Berhampore-Krishnagore bus route permit

***435.** (Admitted question No. *1629.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর বহরমপুর-কৃষ্ণনগর রুটের পারমিট-এর জন্য কত জন আবেদন করেন;

(খ) উক্ত আবেদনকারীর মধ্যে কোন সমবায় প্রতিষ্ঠান ছিল কিনা; এবং

(গ) উক্ত রুট পারমিট কে পাইয়াছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) এই বৎসর মুর্শিদাবাদ আর টি এ বহরমপুর-কৃষ্ণনগর রুটে বাস পারমিটের আবেদন আহ্বান করেন নাই এবং এ সম্বন্ধে কোন আবেদনও পান নাই;

(খ) এবং (গ) এ প্রশ্ন উঠে না।

Shri Sanat Kumar Raha:

বহরমপুর-কৃষ্ণনগর রুটের জন্য একমাত্র বহরমপুর আর টি এ থেকে পারমিট দেয়, না নদীয়া জেলা থেকেও দেওয়া হয়?

The Hon'ble Saila Kumar Mukherjee:

পশ্চিমে এপ্রিল ১৯৬৪ সালে আর টি এ মুর্শিদাবাদ মিটিং-এ সিদ্ধান্ত গ্রহণ করেন কিন্তু এখনও কোন অ্যাপ্লিকেশন পান নি।

Shri Sanat Kumar Raha:

প্রশ্নটা হচ্ছে যে ঐ রুটের জন্য শুধুমাত্র মুর্শিদাবাদ থেকে পারমিট দেওয়া হয়, না কৃষ্ণনগর থেকেও দেওয়া হয়?

The Hon'ble Saila Kumar Mukherjee:

যে জেলার অধীনে থাকে সেই রুট সেই জেলার আর টি এ দেয়। এটা আর টি এ মুর্শিদাবাদের অধীনে।

Shri Sanat Kumar Raha:

আচ্ছা এ বৎসর যদি না দেওয়া হয়ে থাকে তাহলে কৃষনগরেও রুট পারমিট পেয়েছে, ক'টা গাড়ী চালু আছে বলতে পারেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

না কৃষ্ণনগরের কথা বলতে পারবো না।

Shri Sanat Kumar Raha:

না, বহরমপুর টু কৃষ্ণনগর এই রুটে গাড়ী চালু আছে কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

একখানি গাড়ী চালু আছে
temporary permit was granted on this route to Shri Madan Mohan Sinha for plying one bus.

Shri Sanat Kumar Raha:

এখানে কো-অপারেটিভ-কে না দিয়ে কংগ্রেসের সেক্রেটারী মদনমোহন সিংহকে দেওয়া হয়েছে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

কো-অপারেটিভ-কে না দেওয়ার প্রশ্ন আসে না। কো-অপারেটিভ-এর অ্যাপ্লিকেশন যদি থাকে নিশ্চয়ই পাবে। অ্যাপ্লিকেশন এখনও ইনভাইট করা হয় নি।

Shri Sanat Kumar Raha:

কাঁন্দি জনতা কো-অপারিটিভ একই সঙ্গে অ্যাপ্লিকেশন করেছিল মদনমোহন সিংহের সঙ্গে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

সে অ্যাপ্লিকেশন এখনও ডিসাইড করা হয় নি। ৪০টি অ্যাপ্লিকেশন ছিল, তার মধ্যে ৪টি যে কো-অপারেটিভ-এর অ্যাপ্লিকেশন তার মধ্যে একখানি রান করছে টেম্পোরারি পারমিট-এ।

Shri Sanat Kumar Raha:

সেই একখানি পারমিট কেন কো-অপারেটিভকে দেওয়া হল না?

The Hon'ble Saila Kumar Mukherjee:

তা বলতে পারবো না। আর টি এ হচ্ছে নন অফিসিয়াল বডি, তারা যে সিদ্ধান্ত করেছেন তার উপরে বলবার কিছু নেই।

Senior teachers of Complete Basic Schools in Cooch Behar district

***438.** (Admitted question No. *1640.)

শ্রীজীবনকৃষ্ণ দে: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় কমপ্লিট বেসিক স্কুল-এর সিনিয়ার শিক্ষকেরা সেকেন্ডারী স্কুল-টিচার কি না?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ জেলার এইরূপ স্কুল এবং তার শিক্ষকের সংখ্যা কত;

(২) হাই স্কুলের রিভাইজড পে-স্কেল এদের বেলায় প্রযোজ্য হইতেছে কিনা; এবং

(৩) যদি উত্তর 'না' হয়, তবে সরকার এ বিষয়ে কি বিবেচনা করিতেছেন?

The Hon'ble Rabindralal Sinha:

(ক) না। চাকুরীর সিনিয়রিটি অনুযায়ী কেহ সেকেন্ডারী স্কুলের শিক্ষক বলিয়া গণ্য হন না।

(খ) (১) এবং (২)-এ প্রশ্ন উঠে না।

(৩) জুনিয়ার ও সিনিয়ার বেসিক শ্রেণীর শিক্ষকগণ যোগ্যতা অনুযায়ী পরিবর্তিত হারে বেতন পাইয়া থাকেন।

Shri Jiban Krishna Dey:

এই হার অনেক সময় দেখা যায় আগেকার যে স্টাফ এবং কোয়ালিফায়েড স্টাফ যারা আগে থেকে চাকরী করে এসেছেন কিন্তু পরে যাঁরা চাকরী পেয়েছেন, লেস কোয়ালিফায়েড তাঁরা আগের স্টাফের চেয়ে বেশী টাকা পাচ্ছে এটা সত্যি কি না?

The Hon'ble Rabindralal Sinha:

এটা আমি বলতে পারবো না। তবে
evised scale of pay for basic school teachers
যেটা হয়েছে অ্যাকর্ডিং টু কোয়ালিফিকেশন সেই কোয়ালিফিকেশন অনুযায়ী সেই স্কেল সবাই পাচ্ছেন।

Shri Jiban Krishna Dey:

আগে যে সমস্ত স্কুল ছিল তাদের সম্বন্ধে কি করা হচ্ছে?

The Hon'ble Rabindralal Sinha:

আগেকার যা স্কুল ছিল সেগুলিকেও সিনিয়ার বেসিক-এ কনভার্ট করা হয়েছে। সেখানে জুনিয়ার বেসিক সেকশন আছে, সিনিয়ার বেসিক সেকশনও আছে। আর কতকগুলি জুনিয়ার বেসিক সেকশনও আছে। সুতরাং তারা সেই অনুযায়ী স্কেল পান।

Dearness allowance of the Calcutta Corporation employees

***437.** (Admitted question No. *1701.)

শ্রীসোমনাথ লাহিড়ী: স্বায়ত্তশাসন এবং পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) ১৯৪২ সালে বাংলা সরকার কলিকাতা করপোরেশনকে আশ্বাস দিয়াছিলেন যে, করপোরেশনের শ্রমিক-কর্মচারীদের মাগ্‌গি ভাতা যদি সরকারী কর্মচারীদের মাগ্‌গি ভাতা অপেক্ষা বেশী না হয় তবে করপোরেশনের মাগ্‌গি ভাতার খরচের ৮০ শতাংশ সরকার বহন করিবেন; এবং

(২) ১৯৫১ সালে যখন সরকারী কর্মচারীদের খাদ্য ভাতার পরিবর্তে ৫ টাকা নগত মাগ্‌গি ভাতা ধার্য হয় তখন করপোরেশন কর্মচারীদের অনুরূপ মাগ্‌গি ভাতা দিবার জন্য খরচের ৮০ শতাংশ বহন করিতে সরকার অস্বীকৃত হন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করিয়া জানাইবেন কি উক্ত (ক) (২) প্রশ্নে বর্ণিত সরকারী অস্বীকৃতির ফলে করপোরেশনের শ্রমিক ও কর্মচারীরা উক্ত মাগ্‌গি ভাতা হইতে বঞ্চিত হইয়াছিলেন কিনা এবং বঞ্চিত হইয়া থাকিলে কত দিনের জন্য?

The Hon'ble S. M. Fazlur Rahman:

(ক) (১) গত বিশ্বযুদ্ধের সময় কলিকাতা কর্পোরেশনের তৎকালীন আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে সরকার এইরূপ আশ্বাস দিয়াছিলেন।

(ক) (২) হ্যাঁ।

(খ) ১লা জুলাই ১৯৫১ হইতে ২৩শে ফেব্রুয়ারী ১৯৬১ পর্যন্ত উক্ত ৫ টাকা হিসাবে কর্পোরেশন নিজ তহবিল হইতে দিয়াছিলেন। বাকী ৪ টাকা যাহা সরকারের দেয় বলিয়া দাবী করা হইয়াছিল—দেওয়া হয় নাই।

[1-20—1-30 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ী: এই যে ৪ টাকা দেওয়া হয় নি সেটা দেবার কথা কি সরকার বিবেচনা করেছেন?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: আগামী ২৪ তারিখ মুখ্যমন্ত্রী মহাশয়, আমি এবং কর্পোরেশন অথরিটি এ সম্বন্ধে আলোচনা করব।

শ্রীসোমনাথ লাহিড়ী: এরপর আরও ৫ টাকা মাগ্‌গিভাতা সরকারী কর্মচারীদের বোধ হয় বেড়েছে যেটা কর্পোরেশনের কর্মচারীরা এখনও পায় নি। এ সম্বন্ধে কিছু জানেন কি?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: কর্পোরেশন-এর এমপ্লয়ীজরা এটা পেয়েছেন কি না আমি জানি না। তবে লেবার মিনিস্টারের সম্মুখে ত্রিপাক্ষিক কথাবার্তা হচ্ছে এবং ৩টি সম্বন্ধেই আমরা আলোচনা করব। যদি তার অন্তর্ভুক্ত হয়ে থাকে তাহলে ২৪ তারিখে সে সম্বন্ধে নিশ্চয়ই আলোচনা করব।

Contingency grant to primary and special cadre schools

***438.** (Admitted question No. *1000.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বোর্ড পরিচালিত প্রাথমিক বিদ্যালয়গুলিতে গত বৎসরে (১৯৬৩) কনটিনজেন্সী গ্রান্ট কত পরিমাণ দেওয়া হয়েছে; এবং

(খ) ঐ বৎসর পশ্চিমবঙ্গে স্পেশাল ক্যাডার স্কুলগুলিতে কনটিনজেন্সী গ্র্যান্ট কত দেওয়া হয়েছে?

The Hon'ble Rabindralal Sinha:

(ক) যে সকল এলাকায় প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে প্রবর্তিত হইয়াছে সেখানকার বিদ্যালয়গুলির জন্য মোট ২৩,৮৭,৮২৫ টাকা কনটিনজেন্সী বাবদ ১৯৬৩-৬৪ সালে অনুদান দেওয়া হইয়াছে। অন্য এলাকার সকল হিসাব সংগৃহীত হয় নাই।

(খ) "এক্সপ্যানশন অফ এডুকেশন অ্যান্ড ওয়েলফেয়ার সার্ভিস" নামক একটি বিশেষ প্রকল্প অনুসারে ১৯৫৪ সাল হইতে ১৯৫৭ সাল পর্যন্ত জেলা স্কুল বোর্ডের পরিচালনাধীনে যে সমস্ত নূতন প্রাথমিক স্কুল স্থাপিত হইয়াছিল সেগুলিকে তখন "স্পেশাল ক্যাডার স্কুল" বলা হইত। বর্তমানে বোর্ড পরিচালিত অন্যান্য প্রাথমিক বিদ্যালয়ের সহিত ইহাদের কোন পার্থক্য নাই। তাহাদের জন্য কোন পৃথক হিসাব রাখা হয় না।

শ্রীসনৎকুমার রাহাঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, বেসিক স্কুল এবং অন্যান্য স্কুল-এ হায়ার কনটিনজেন্সী গ্রান্ট দেওয়া হয় কিনা?

দি অনারেবল [illegible] সিংহঃ না।

শ্রীবিজয়কুমার ব্যানার্জীঃ কতগুলি প্রাথমিক স্কুলকে বাধ্যতামূলক গ্রান্ট দেওয়া হবে। আমার প্রশ্ন হোল কনটিনজেন্সী-তে এই যে ২৩ লক্ষ টাকা খরচ হ'ল এই কনটিনজেন্সী মানে কি?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ বাধ্যতামূলক গ্রান্ট কি আমি বুঝতে পারছি না। কনটিনজেন্সীটা হোল মাসিক ১৫ টাকা দেওয়া হয়। এটা হর্টিকালচার, গার্ডেনিং, সিম্পল ক্রাফটস, কাগজের জিনিস তৈরী করা এবং স্কুলের বাড়ী পরিষ্কার পরিচ্ছন্ন করবার জন্য দেওয়া হয়।

শ্রীবিজয়কুমার ব্যানার্জীঃ বাজেট হেড-এ কনটিনজেন্সী মানে যা, স্কুলের বেলায় কি তার মানে আলাদা? ২৪ লক্ষ টাকা এই যে কনটিনজেন্সীতে গেছে এর জন্য কি অন্য বাজেট হেড আছে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এই সমস্ত স্কুলকে ১৫ টাকা কনটিনজেন্সী দেওয়া হয় এবং এটা বলতে কি বোঝায় আমি জানি না। নিয়ম অনুযায়ী যা দেওয়া হয় আমি সেটাই বললাম।

শ্রীননী ভট্টাচার্যঃ যে সমস্ত জায়গায় আবশ্যিক শিক্ষার স্কুল আছে সেখানে কনটিনজেন্সী খাতে ২৩ লক্ষ ৮৭ হাজার টাকা খরচ হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে কোন কোন জায়গায় সেই আবশ্যিক শিক্ষার স্কুল আছে এবং তার সংখ্যা কত?

দি অনারেবল [illegible] সিংহঃ সংখ্যা আমি বলতে পারব না। আবশ্যিকভাবে প্রাথমিক শিক্ষা আইন চালু হয়েছে এবং এটা একমাত্র পুরুলিয়া জেলা ছাড়া পশ্চিমবাংলার সমস্ত জেলায় আছে।

শ্রীঅবনীকুমার বসুঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলার সমস্ত জেলায় এই যে আবশ্যিকভাবে প্রাথমিক শিক্ষা চালু আছে এটা কি কোন ফেস্‌ড প্রোগ্রাম অনুসারে চালু হয়েছে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আবশ্যিক শিক্ষা সম্বন্ধে যখন প্রশ্ন হবে তখন আমি এর জবাব দেব—এটা কনটিনজেন্সী গ্রান্টের প্রশ্ন।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ প্রাথমিক বিদ্যালয়কে মাসিক ১৫ টাকা করে কনটিনজেন্সী খরচ দেওয়া হয় এবং তাতে তাঁদের কতগুলি করণীয় কাজ থাকে—যেমন, বিদ্যালয়ের গৃহ পরিষ্কার রাখা, কালি কলম দেওয়া, ছাত্রদের পানীয় জল দেওয়া, ইত্যাদি। আমার প্রশ্ন হচ্ছে আপনি হিসেব করে এটা কি দেখিয়ে দেবেন যে কোন বাবদ মাসিক কত খরচ করা চলে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এরকম আলাদা আলাদা হিসেব করা নেই—কনটিনজেন্সী বাবদ ১৫ টাকা দেওয়া হয়।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মন্ত্রিমহাশয় কি জানেন যে, এই ১৫ টাকায় কোন খরচ মিট করা সম্ভব নয়।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এটা মতামতের প্রশ্ন।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ এই যে ১৫ টাকা এটা অত্যন্ত অল্প কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এটা মতামতের প্রশ্ন দাঁড়াল।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ যদি অত্যন্ত অল্প হয়ে থাকে, যাতে অন্ততঃ পাঠশালার গৃহগুলিতে যেখানে ছাত্ররা সারাদিন থাকে, তা পরিষ্কার রাখা যায়, বাগানের কথা ছেড়ে দিন, যাতে সেখানে পানীয় জল দেওয়া হয়, স্কুল বোর্ডের সঙ্গে চিঠিপত্র লেখার জন্য কাগজ পেনসিলের জন্য যে খরচ সেই টাকা দেওয়া হবে কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এই কনটিনজেন্সী আগে ছিল না, গত বছর থেকে সরকার মাসে ১৫ টাকা করে দিচ্ছেন, ভবিষ্যতে আর্থিক সংগতি অনুযায়ী যদি আরও দেওয়া যায়, তাহলে খুব ভাল কথা।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ এটা কি ক্যাটল পার্চেস লোনের মতই ১৫ টাকা দেওয়া হচ্ছে, কেন না, এই ১৫ টাকায় একটা গরুর লেজও কেনা যায় না?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ ক্যাটল পার্চেস লোন সম্বন্ধে বোধ হয় মাননীয় বন্ধুর আমার চেয়ে বেশী জ্ঞান আছে।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ এই কনটিনজেন্সীর পরিমাণ বাড়িয়ে মিড-ডে টিফিনের ব্যবস্থা করবেন কি?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ এই মিড-ডে টিফিনের ব্যাপারে আমাদের লক্ষ্য আছে, কিন্তু বর্তমানে বিশেষ কিছু করা যাচ্ছে না।

শ্রীসনৎকুমার রাহাঃ বেসিক স্কুলের কনটিনজেন্সী কি স্কুল বোর্ডের কনটিনজেন্সীর খরচ থেকে বেশী?

দি অনারেবল [illegible] সিংহঃ হ্যাঁ, আন্দাজে বলছি, যতটা পারি মন থেকে বললুম।

শ্রীসনৎকুমার রাহাঃ এই ১৫ টাকা এখন দিচ্ছেন, সেটা কি আগে দু টাকা করে ছিল মাসে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিন্‌হাঃ আগে কনটিনজেন্সী বলে আলাদা কোন গভর্নমেন্ট গ্রান্ট ছিল না, স্কুল বোর্ড নিজস্ব ফান্ড থেকে কিছু কিছু দিত, কোথাও এক টাকা, কোথাও আট আনা, কোথাও দশ আনা।

শ্রীসনৎকুমার রাহাঃ ১৫ টাকা কি সর্বসাকুল্যে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিনহাঃ এটা এখনও বোর্ড কোন কোন যায়গায় দিয়ে যাচ্ছে।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ এই কনটিনজেন্সী যেটা আগে ছিল না, ১৯৬৩ সালে চালু করেছেন, কি কি বিষয়ে দেওয়া হচ্ছে, ১৯৬৩ সালের আগে কি এই সব স্কুলে জলের ব্যবস্থা ছিল না, ঘরবাড়ী পরিষ্কারের ব্যবস্থা ছিল না, অর্থাৎ গ্রান্ট না দিলে কি স্কুল কর্তৃপক্ষ স্কুল পরিষ্কার রাখতেন না, ছেলেদের জল খেতে দিতেন না, এই ছিল কি অবস্থা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিন্‌হাঃ কখনো তা হতে পারে না, গ্রামবাসীরা এই সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে সক্রিয় সাহায্য করতো এবং গ্রামবাসীদের সক্রিয় সাহায্য দ্বারা এই কার্য হত, তবে দেখা গেল অভিজ্ঞতা থেকে যে স্কুল অথরিটিরও কিছু পয়সা খরচ করা উচিত।

শ্রীনিখিল দাসঃ আমরা দেখলাম, উনি উত্তরে বললেন, ২৩,৮৭,৮৮৫ টাকা লাগছে কনটিনজেন্সী বাবদ, এর মধ্যে বেসিক স্কুল নিশ্চয়ই ধরেন নি, তাহলে তো স্কুল ১ লক্ষের উপর দেখছি, প্রাইমারী স্কুলে ১৫ টাকা হিসাবে যদি ধরা হয় তাহলে প্রাথমিক স্কুলের সংখ্যা কত?

দি অনারেবল রবীন্দ্রলাল সিন্‌হাঃ এটা এখন বলতে পারি না, হয়ত আগের বছরের টাকা বাকি ছিল, দেওয়া হয়েছে।

শ্রীনিখিল দাসঃ আমার কথা হচ্ছে প্রাথমিক স্কুলের সংখ্যা এত না। এই কনটিনজেন্সী ১৫ টাকা করে প্রাইমারী স্কুলে দেন তাতে দেখবেন এই হিসাব মত দেড় লক্ষের মত প্রাইমারী স্কুল হয়ে যাচ্ছে, দেড় লক্ষ লোকতো নেই, এই টাকার অংকটা এল কাথা থেকে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেনঃ এটা মাসে দেওয়া হয়, ১৫×১২=১৮০ হবে যে?

শ্রীঅবনীকুমার বসুঃ শিক্ষামন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে ১৫ টাকা করে কনটিনজেন্সী গ্রান্ট দেওয়া হয় এতে প্রপার তদারকির ব্যবস্থা আছে কিনা?

দি অনরেবল রবীন্দ্রলাল সিন্‌হাঃ জেলা স্কুল বোর্ড এ সম্বন্ধে তদারকি করে।

Loan for pisciculture

***439.** (Admitted question No. *1583.)

শ্রীঅনঙ্গমোহন দাস: মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মহকুমার কোন্ কোন্ থানাতে দীর্ঘমেয়াদী পরিকল্পনাতে মাছের চাষের জন্য ঋণ দেওয়া হইয়াছে;

(খ) উক্ত স্কীমগুলির নাম কি এবং উহাতে কত কত টাকা ঋণ দেওয়া হইয়াছে; এবং

(গ) ঐ স্কীমগুলির কোন কোনটিতে বৎসরে কি পরিমাণ মাছ উৎপাদিত হইতেছে এবং তাহা কিভাবে ও কি মূল্যে বিক্রয় করা হইতেছে?

[1-30—1-40 p.m.]

The Hon'ble S. M. Fazlur Rahman:

(ক) মৎস্যচাষের জন্য কোন দীর্ঘমেয়াদী ঋণদান প্রকল্প নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

শ্রীঅনঙ্গমোহন দাস: মাছের চাষ বৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী ঋণ দেওয়ার ব্যবস্থা রাখা উচিত মনে করেন কিনা?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: বর্তমানে মাঝারী ধরনের যে মিডিয়াম লোন আছে সেই টাকাটা পুরোদস্তুর ঠিকমত নিয়ে মৎস উৎপাদন বৃদ্ধি যদি পায় তাহলে নিশ্চয়ই সে সম্বন্ধে বিবেচনা করা যাবে।

শ্রীঅবনিকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, দীর্ঘমেয়াদী ঋণ ছাড়া অন্য কোন ঋণ দেওয়া হয় কিনা?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: হ্যাঁ, জাল কেনা, নৌকা তৈরি করা, এগুলি দেওয়া হয়।

শ্রীঅবনিকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন সেই খাতে পরিমাণ কত? একজন ইন্ডিভিজুয়াল ফিসারম্যানকে কত পরিমাণ পর্যন্ত ঋণ দেওয়া চলতে পারে এবং সেই ঋণ দিতে গেলে কি কি জিনিস দেখে তাঁরা ঋণ মঞ্জুর করেন?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: তাদের নৌকা যেটা সেটা বাঁধা রেখে নিতে হয় এবং জাল ব্যবহারের জন্য তাদের আরো সুযোগ-সুবিধা দেওয়া আছে। যাতে সহজভাবে বেশী দায় দায়িত্ব না থাকে ঋণ পরিশোধ করতে পারে সেই সুযোগ তাদের দেওয়া হয়।

শ্রীঅবনিকুমার বসু: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যেসমস্ত মৎসজীবীর নৌকা নেই তারা কোন ঋণ পেতে পারে কিনা?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: নৌকা তৈরি করতে তো ঋণ দেওয়া হয়।

শ্রীঅবনিকুমার বসু: তাহলে সিকিউরিটি কি? কিসের ভিত্তিতে ঋণ দেন?

দি অনারেবল এস এম ফজলুর রহমান: যে নৌকাটা তৈরি করতে দেওয়া হয় সেটা তৈরি হয়ে যাওয়ার ৪ বছর পরে ঋণ শোধের প্রথম কিস্তি সুরু হয়। অর্থাৎ ৬ টাকা ৪ আনা সুদে যে টাকা দেওয়া হয় নৌকা তৈরি করতে যা খরচ হয় সেটা দেওয়া হয়। ৪ বছর পরে নৌকা চালু হলে, তারপরে জাল দড়ি দিয়ে মাছ ধরা চালু হলে কিস্তিতে শোধ আরম্ভ হয়। যদি রেগুলার কিস্তি দিয়ে যায় তাহলে লাস্ট কিস্তি তাদের সাবসিডি হিসাবে দেওয়া হয়।

শ্রীমতী বিভা মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি একথা জানাবেন যে প্রাইভেট পুকুর আছে বা দীঘি আছে সেগুলি অবস্থার জন্য পরিষ্কার করাতে পারছে না। কিন্তু পরিষ্কার করতে পারলে মাছের চাষ বাড়ত। তাদের ঋণ দেওয়া হবে কিনা?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ প্রতিটি ব্যক্তিকে ৪ শো টাকা ঋণ দেওয়া হয়। ৬ হাজার টাকা পর্যন্ত স্থানীয় অফিসাররা দিতে পারেন। তার উর্ধে যদি দিতে হয় তাহলে ফিসারি ডিপার্টমেন্টের স্যাংকসান দরকার হয়।

শ্রীঅনঙ্গমোহন দাসঃ আপনি যে ঋণ দিচ্ছেন নৌকা তৈরির জন্য, জাল তৈরির জন্য সেটা তো মাছ ধরার ব্যবস্থা হচ্ছে। কিন্তু মাছের চাষ বৃদ্ধির জন্য কি ব্যবস্থা করেছেন?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ সেজন্য অনেকগুলি প্রকল্প আছে। মাছের চাষ বৃদ্ধির জন্য পৃথক মালিকানায় যাদের পুকুর আছে সেই পুকুরে অধিক পরিমাণে মাছের চাষ করতে গেলে তাদের ঋণ দেওয়ার ব্যবস্থা আছে, তাদের সিড অর্থাৎ মাছের চারা দেওয়ার ব্যবস্থা আছে এবং অন্যান্য মাছের খোরাক পণ্ড ফিসের জন্য যে খাবার দরকার তারও দেওয়ার ব্যবস্থা আছে।

শ্রীসনৎকুমার রাহাঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ঋণটা জেলেদের দেওয়া হয় জাল কেনা বা নৌকা তৈরির জন্য সেটা দেওয়া হয় ব্যক্তিগতভাবে, কিন্তু মৎস্যজীবীরা যদি যৌথভাবে কোন সমিতি প্রতিষ্ঠা করে তাহলে সেই ক্ষেত্রে কি নিয়মে দেওয়া হয়?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ সে ক্ষেত্রে বেশী পাওয়ার সম্ভাবনা আছে।

শ্রীনিখিল দাসঃ আপনি বললেন দীর্ঘমেয়াদী কোন পরিকল্পনাতে লোন দেন না মাছের চাষে। স্বল্পমেয়াদী পরিকল্পনাতে কি ঋণ দেওয়া হয়েছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ নিশ্চয়ই দেওয়া হয়েছে।

শ্রীনিখিল দাসঃ কত টাকা ঋণ দেওয়া হয়েছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ ৩৪ হাজার ৩ শো ৪৫ টাকা।

শ্রীনিখিল দাসঃ এই যে ৩৪ হাজার টাকা ঋণ দিলেন মাছের চাষ বাড়াবার জন্য তাতে কি পরিমাণ মাছ বেড়েছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ তার কোন ডাটা এখন আমার কাছে নেই।

Fixation of fish-price

***440.** (Admitted question No. *1631.)

শ্রীসনৎকুমার রাহাঃ মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ এলাকার জন্য মৎস্যের দর নির্দিষ্ট করা হইয়াছে; এবং

(খ) উক্ত নির্দিষ্ট দরে মৎস্য সরবরাহের কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:

(ক) পশ্চিমবঙ্গে নিম্নলিখিত এলাকাসমূহে মৎস্যের দর নির্দিষ্ট করা হইয়াছে—

(১) কলিকাতা, অর্থাৎ
Calcutta Municipal Act, 1951 (West Bengal Act XXXIII of 1951)
এবং ১নং তফসীলে বর্ণিত এলাকা উক্ত আইন-এর ৫৯৪ ধারার বিজ্ঞপ্তি অনুসারে সংশোধন সহ এবং তৎসহ ফোর্ট উইলিয়াম, ক্লাইভ রো-এর দক্ষিণস্থ উত্তর হেস্টিংসের অংশ এবং হুগলি নদীর তীর পর্যন্ত স্ট্রান্ড রোড।

(২) পোর্ট অফ কালকাটা-এর অন্তর্গত অঞ্চলে অর্থাৎ ইন্ডিয়ান পোর্টস অ্যাক্ট, ১৯০৮ (অ্যাক্ট ১৫ অফ ১৯০৮)-এর ৫নং ধারার বিজ্ঞপ্তিতে বর্ণিত অঞ্চল।

(৩) হাওড়া জেলা।

(৪) চব্বিশ-পরগনা জেলা।

(৫) হুগলি জেলার অন্তর্গত উত্তরপাড়া, কোতরং, রিষড়া, কোন্নগর, শ্রীরামপুর, বৈদ্যবাটী, চাঁপদানী, ভদ্রেশ্বর, হুগলী-চুঁচুড়া, বাঁশবেড়িয়া এবং আরামবাগ মিউনিসিপ্যালিটি সমূহ
Chandernagor Municipal Act, 1955 (West Bengal Act XVIII of 1955)
এ বর্ণিত চন্দননগর।

(৬) বর্ধমান জেলার বর্ধমান, আসানসোল, রানীগঞ্জ মিউনিসিপ্যালিটিসমূহ হীরাপুর, কুলটি, এবং চিত্তরঞ্জন থানাসমূহ এবং

Bengal Municipal Act, 1962 (Bengal Act XV of 1932)

এর চ্যাপটার থ্রি-এতে বিজ্ঞাপিত দুর্গাপুর এলাকা।

(৭) মেদিনীপুর জেলার অন্তর্গত খড়্গপুর এবং মেদিনীপুর মিউনিসিপ্যালিটি।

(৮) নদীয়া জেলার অন্তর্গত রানাঘাট, কৃষ্ণনগর, শান্তিপুর এবং নবদ্বীপ মিউনিসিপ্যালিটি।

(৯) মুর্শিদাবাদ জেলার বহরমপুর মিউনিসিপ্যালিটি এবং লালগোলা থানার লালগোলা মৌজার অন্তর্গত (জে এল নং ৮০) এলাকা।

(খ) পশ্চিমবঙ্গে মৎস্য নিয়ন্ত্রণাধীন এলাকাসমূহের সমস্ত অঞ্চলে নির্দিষ্ট মূল্যে মৎস্য সরবরাহ করার কোন ব্যবস্থা করা হয় নাই। তবে মেদিনীপুর জেলার অন্তগত জুনপুটে এবং নদীয়া জেলার কৃষ্ণনগর সরকারী মৎস্যচাষকেন্দ্রদ্বয় হইতে নিকটস্থ মৎস্য মূল্য নিয়ন্ত্রিত অঞ্চলসমূহে নির্দিষ্ট দরে মৎস্য সরবরাহ করা হইতেছে।

Shri Sanat Kumar Raha:

এই তালিকা থেকে দেখা যাচ্ছে যে বাংলাদেশের বহু জায়গাতে এই মৎস্যের নির্দিষ্ট মূল্য নিয়ন্ত্রণ করার যে আইন তা চালু হয় নি—এটা কোন দৃষ্টিভঙ্গী থেকে, কোন বিচার থেকে আংশিকভাবে করলেন? সমস্ত সহরতলিতে করলে না হয় একটা নীতি ছিল। আমাদের মুর্শিদাবাদ জেলায় বহরমপুরে হল, লালগোলায় হল, ধুলিয়ানে হল না, জঙ্গীপুরে হল না, লালবাগে হল না। কাজেই কোন দৃষ্টিভঙ্গী থেকে এটা করলেন?

The Hon'ble S. M. Fazlur Rahman:

শুধু মৎস্যের উৎপাদন ভাল হলে তো হয় না। মৎস্য যেখানে উৎপাদন হয়, উৎপাদনকেন্দ্র থেকে বাজারে আসা-যাওয়ার উপর সেখানে চাহিদা এবং যোগান মেটানোর প্রশ্ন আছে। আমরা রেল-লাইন ধরে সেখানে যদি পেরিসেবল কমোডিটি তাড়াতাড়ি আসতে পারে—সেখানে লোকের চাহিদা এবং সেখানে তারতম্যের উপর চোরাকারবারে অধিক মূল্যে বিক্রয় হতে পারে। সেই দৃষ্টি-ভঙ্গী রেখে করা হয়েছে—যদি কোলকাতার বাজার দর বেঁধে দেয়া যায় তাহলে সেই মাছ কোল-কাতা থেকে অন্য অঞ্চলে নিয়ে গিয়ে বেশী মূল্যে বিক্রয় হতে পারে, কিম্বা অন্য জায়গায় যেমন লালগোলা থেকে মাছ ধরে যদি এখানে চালান নিয়ে আসে, এসে যদি সেখানে বেশী দামে বিক্রি করে, কৃষ্ণনগর থেকে রানাঘাট পর্যন্ত কোলকাতা এলাকা পর্যন্ত এসে বেশী দামে বিক্রয় করতে পারে। কাজেই মৎস্য নিয়ন্ত্রণ না করলে কালকাটা থেকে যেমন ডাইভারসন হবে না, আবার ওখান থেকে ডাইভারটেড হয়ে অন্য জায়গায় নিয়ে গিয়ে অধিক মূল্যে বিক্রয় হবে না—এই দৃষ্টিভঙ্গীতেই করা হয়েছে।

Shri Sanat Kumar Raha:

তা যদি হয় তাহলে আমাদের জেলায় মুর্শিদাবাদে পদ্মার দিকে ধুলিয়ান, নিমতিতিয়া ভাল মাছের উৎপাদন হয়, সেই জায়গায় কোন নিয়ন্ত্রণের ব্যবস্থা হল না কেন?

The Hon'ble S. M. Fazlur Rahman:

সেখানে নিয়ন্ত্রণের ব্যবস্থা না হলেও যে দর নির্দিষ্ট হয়েছে তার চেয়ে কম দরে হয়ত মাছ পাওয়া যায়।

Shri Nani Bhattacharjee:

এই নিয়ন্ত্রণ চালু করার যে নীতি সেই নীতির ব্যাখ্যা প্রসঙ্গে মন্ত্রিমহাশয় বললেন যে মাছের যেখানে সোর্স সেখানে এই নিয়ন্ত্রণ চালু করা হয়েছে এবং সেখান থেকে যাতে সহজে মাছ অন্যান্য জায়গায় যেতে পারে মিউনিসিপ্যালিটি বা সহরে সেইসব জায়গাতে কিছু কিছু নিয়ন্ত্রণ চালু করা হয়েছে, কিন্তু আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে যেখানে মাছের সোর্স অন্য রাজ্যের মধ্যে পড়ে সেইসমস্ত মাছ যেগুলি বাংলাদেশে আসছে সেগুলি নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা করেছেন কিনা? যেমন ধরুন মনিহারীঘাট একটা সোর্স, যার মাছ উত্তরবঙ্গের বিভিন্ন জেলাতে যায়, ঠিক তেমনি ধুবুরি একটা সোর্স যার মাছ উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় যায়, আপনার নিয়ন্ত্রণ তালিকার

মধ্যে উত্তর বাংলার কোন জেলা আমরা দেখলাম না। সুতরাং বাইরে থেকে অন্য সংশ্লিষ্ট বা অ্যাডজাসেন্ট রাজ্য থেকে সে ক্ষেত্রে মাছ সরবরাহ করে সেই মাছগুলি নিয়ন্ত্রিত মূল্যে বিক্রীর কোন ব্যবস্থা বা কোন অফীস আপনারা নিয়েছেন কিনা এবং না নিয়ে থাকলে কি ভাবছেন সে সম্বন্ধে?

[1-40—1-50 p.m.]

The Hon'ble S. M. Fazlur Rahman:

বর্তমানে ঐ রকম কোন আলোচনার বিষয় আমাদের চিন্তার মধ্যে নেই। তবে উত্তরবঙ্গে যে-সমস্ত মাছ মালদা এবং পশ্চিম দিনাজপুর থেকে যায় এবং তার যে সংখ্যাতত্ত্ব আমাদের আছে, তাতে দেখা যায় যে মালদা এবং পশ্চিম দিনাজপুর থেকে প্রচুর মাছ, যেটা কলকাতার বাজারে আসে না, উত্তরবঙ্গেই যায়, সেই মাছের উৎপাদন যখন বৃদ্ধি হয়, তাকে নিয়ন্ত্রাধীনে এনে, আরও অধিকতর দায়িত্ব না নিয়ে, যাতে ঐ মাছটা সোজাসুজি বাজারে আসতে পারে, তার জন্য ব্যবস্থা করা হয়, এবং সেই ব্যবস্থাটা চালু রাখাই বাঞ্ছনীয়। তবে যদি অসম্ভব রকম অবস্থা সৃষ্টি হয়, তাহলে তখন তার জন্য ব্যবস্থা অবলম্বন করা যাবে।

Shri Gopal Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, পূর্বে আমাদের এই সময়তে, সাধারণত যে ইলিশ মাছ টাটকা আসতো, সেই ইলিশ মাছ বর্তমানে, নুন দিয়ে মাখান, আড়াই হাজার, তিন হাজার মণ করে প্রত্যহ এখানে আসছে?

The Hon'ble S. M. Fazlur Rahman:

প্রত্যহ এই আড়াই হাজার, তিন হাজার মণ মাছ কোন পথে আসছে, সেটা জানলে উত্তর দিতে পারি।

Shri Gopal Basu:

ইলিশ মাছ এখন বাইরে থেকে আসছে।

The Hon'ble S. M. Fazlur Rahman:

এ দেশের ইলিশ মাছ, যা এদেশে, কলকাতার বাজারে আসে, তা নুন দিয়ে আসছে কিনা বলতে পারবো না। তবে, পাকিস্তান থেকে যে ইলিশ মাছ আসে, তার কিছুটা অংশ নুন দিয়ে মাখা আসে।

Shri Gopal Basu:

লালগোলা প্রভৃতি যেসমস্ত অংশ থেকে পূর্বে টাটকা ইলিশ মাছ এখানে আসতো, সেখান থেকে এখন আর টাটকা ইলিশ মাছ আসছে না, সব নুন দিয়ে মাখা মাছ আসছে, এটা আপনি জানেন কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:

এবারে ইলিশ মাছ খুব কম উঠেছে।

Shri Gopal Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে পারেন যে, আগে আমাদের দেশে পশ্চিমবাংলায় ১৫ সের, ৮ সের, এইরকম ওজনের যেসব মাছ ঐ ইউ পি প্রভৃতি জায়গা থেকে আসতো, সেগুলো কতটা আসছে এবং যদি না আসে, কেন আসছে না?

The Hon'ble S. M. Fazlur Rahman:

যে পরিমাণ ১০ সের, ২০ সের ওজনের মাছ আমরা কলকাতার লোক খেতে আরম্ভ করেছি, কাজে কাজেই সব বুড়ো মাছগুলি খাওয়া হয়ে গিয়েছে, এখন বাচ্চা মাছগুলো খেতে হবে।

Shri Gopal Basu:

আমি জিজ্ঞাসা করছি যে ঐসব জায়গা থেকে যেসমস্ত মাছ চালান হয়ে এখানে আসতো, সেটা বর্তমানে বন্ধ হয়েছে কেন?

The Hon'ble S. M. Fazlur Rahman:

বন্ধ হবে কেন! মাছ ত চালান আসছে।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহোদয় জানাবেন কি, তিনি রিটেইলারদের কাছ থেকে কলকাতার আশেপাশে মৎস্য সরবরাহের সুব্যবস্থার জন্য কোনরকম রিপ্রেজেনটেসান পেয়েছেন কিনা? যদি পেয়ে থাকেন, তাহলে সেই অনুযায়ী তাদের কোন স্কীম গ্রহণ করেছেন কিনা?

The Hon'ble S. M. Fazlur Rahman:

হ্যাঁ, এই রকম দু-তিনটি দল আমার কাছে এসেছিল এবং তাদের কথা শুনেছি এবং তাঁরা যে দাবী করেছিলেন যে আমরা যদি কো-অপারেটিভ অর্গানাইজেসান থেকে মাছ নিয়ে আসতে পারি এবং আমাদের এক্তিয়ারের মধ্যে যে মাছ থাকে তাদের কো-অপারেটিভ অর্গানাইজেসান করলে পরে, তাদের বিশেষ বিশেষ হোলসেলার-এর কাছ থেকে তাদের ট্যাগ করে দিয়ে মাছ আনবার কথা বলে দিয়েছিলাম। তারা সেইরকম যদি রিস্ক নিতে পারেন তাহলে ঠিক সৎ পাইকারী ব্যবসায়ী-দের দিতে পারেন এবং তাহলে আমরা সরকারী একটা নির্দেশ অনুসারে সেই কাজে ট্যাগ করে দিতে পারি। কিন্তু তারা কেউ দিতে পারেন নি।

Shri Rabindra Nath Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, এই যে মাছের মূল্য বেঁধে দেওয়া হয়েছে.....

Mr. Speaker:

আপনি একটা প্রশ্ন করেছেন, বলুন আর একজন বলবেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

এটা কি আপনি নূতন করে নিয়ম করে দিচ্ছেন? তাহলে এটা সকলের জন্য নিয়ম করে দিন!

Mr. Speaker:

আপনাদের অনেক সময়, ম্যাটার অফ অ্যাকোমোডেসান হিসাবে আমি পর পর দু-তিনটা সাপ্লি-মেন্টারী করতে দিই। আপনি যখন আইনের এতই বশবর্তী হয়ে থাকতে চান, তখন Let the supplementary go to Ananda Gopal Mukhopadhyay, I will give you the next chance. Now Shri Mukhopadhyay please.

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই মাছের মূল্য নিয়ন্ত্রণ করবার সময় উৎপাদনের ক্ষেত্রে মাছের যে দাম এবং সহরের বাজারে এসে মাছের যে দাম, এই দুটোর মধ্যে তিনি কোন পার্থক্য রেখেছেন কিনা? না, শুধু যেসমস্ত জেলাতেও মাছের যে দাম তিনি স্থির করেছেন, সেই দাম তিনি কলকাতাতেও রেখেছেন এবং এক দাম হওয়ার দরুন মাছ মফঃস্বল থেকে কলকাতায় আসে না এটার কি কারণ, তিনি জানাবেন

The Hon'ble S. M. Fazlur Rahman:

মাছ মফঃস্বল থেকে কলকাতায় আসে না, একথা ঠিক নয়। মফঃস্বলের লোকের মাছ খাওয়ার ক্ষমতা যদি বাড়ে, তাহলে মফঃস্বলের মাছ কলকাতায় আসবে না। কারণ, আমরা এইটা দেখতে পেরেছি যে কলকাতায় মাছের প্রাচুর্য ঘটলে, অলি-গলি পথে উচিত মূল্যে ক্রয় ক্ষমতার যারা অধিকারী, তাদের কাছে পৌঁছে দেবার জন্য কলকাতার মাছ ডাইভারটেড হয়ে যায় এবং অধিক উৎপাদন বা মার্কেটবল সারপ্লাস যদি হয়, তাহলে সেটা আপনা আপনি কলকাতার বাজারে আসে বা এদিক-ওদিক যেতে পারে।

Shri Nikhil Das:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সারা বাংলাদেশে ওঁরা নিয়ন্ত্রিত দর করেন নি। নিয়ন্ত্রিত কলকাতার বাইরে অন্য এলাকায় উনি করলেন কেন যাতে কলকাতা থেকে মাছগুলো ডাইভার্ট হয়ে না যেতে পারে তাহলে কলকাতায় যে নিয়ন্ত্রিত মূল্যে মাছ পাওয়া যাচ্ছিল না তার কারণ

হিসাবে বললেন যে যেহেতু বাইরে মাছগুলি চলে যাচ্ছিল সুতরাং রেলওয়ে স্টেশান ধরে আমরা নিয়ন্ত্রিত করেছি। আমার সাপ্লিমেন্টারী হচ্ছে এই যে, এই যে রেলওয়ে লাইন ধরে আপনি নিয়ন্ত্রিত করলেন, তার ফলে কি কলকাতায় মাছের সাপ্লাই বেড়েছে?

The Hon'ble S. M. Fazlur Rahman:

নিয়ন্ত্রণ করলে মাছের সাপ্লাই বাড়বে এই ভিত্তিতে ত নিয়ন্ত্রণ করে না। যে দরটি করা হয়েছে সেই দরের সীমারেখার ঊর্ধ্বে যাতে দরটি না উঠে বা বাড়াবার কোন ক্ষেত্র সৃষ্টি না হয়। সেজন্যই ডাইভারসান ওয়ান অফ দি রিজনস লোকের ক্রয়ক্ষমতা বেশী হলে সেখানে নিয়ে গেলে বেশী দামে বিক্রি হবে। সেইজন্যই সেটা করা হয়েছে।

Shri Rabindra Nath Mukhopadhyay:

একথা কি সত্য যে, আপনি নিজে বেহালার একদল মৎস্য ব্যবসায়ীদের সঙ্গে দেখা করেছিলেন তারা আপনার সঙ্গে দেখা করেছিল, এবং আপনার কথা অনুযায়ী তারা আপনার কাছে যথারীতি একদল ব্যবসায়ীর নাম, হোলসেলারদের নাম আপনি চেয়েছিলেন বলে আপনার কাছে তারা দিয়েছিল, ওটা বোধ হয় ডায়মন্ডহারবার অঞ্চলে এবং সে দেওয়ার পরেও আপনার আশ্বাস-দানের পরেও আজ পর্যন্ত সেখানে কোনরূপ মাছ সাপ্লাইএর ব্যবস্থা হয় নি। কিন্তু যেমনটি চেয়েছিলেন তেমনটি সাপ্লাই করেছিল, তা সত্ত্বেও আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি, তাকি আপনি জানেন?

The Hon'ble S. M. Fazlur Rahman:

মাননীয় সদস্য মহাশয় যাঁদের নিয়ে গিয়েছিলেন তাঁদের এই কথাই বলেছিলাম যে ডায়মন্ডহার-বারে তখন মৎস্য নিয়ন্ত্রণ আইনটা জারী করা হয় নি, সেখানে যারা হোলসেলার, আড়ৎদার, যারা মাছ বিক্রি করতো, এখান থেকে কলকাতার বাজারের যারা পাইকার, তারা মাছ কিনতে যেতো, অধিক দামে মাছ নিতো। আমি বলেছিলাম যে সেখানে অধিক দরে যাতে মাছ না নিতে পারে সেইরকম ভাবে একটা ডিপার্টমেন্ট থেকে ডাইরেকটিভ দিয়ে কোন কোন রিটেইলার তাদের কাছ থেকে মাছ নিতে পারে তার একটা লিস্ট দেবেন। উনি দু-একটা দিলেন। ইন দি মিন টাইম সমস্ত চব্বিশ-পরগনা জেলা ইনক্লুডিং ডায়মন্ডহারবার মৎস্য নিয়ন্ত্রণের আওতায় এসে গেল। সেইজন্য আর করা হয় নি।

Shri Rabindra Nath Mukhopadhyay:

উনি বললেন যে, যে সময়ের কথা তারপরে মৎস্য নিয়ন্ত্রণ আইন প্রসারিত করেছেন ঠিক কথা। কিন্তু নামগুলি তাঁর কাছে রয়েছে। রিটেইলারদের নাম দিয়ে এসেছি এবং তার সঙ্গে হোল-সেলারদের নাম পর্যন্ত দিয়ে এসেছি, সেখানে তিনি বলেছিলেন সাপ্লাই করবেন ডিপার্টমেন্ট-এর ভিত্তিতে, সে নাম তার কাছে থাকা সত্ত্বেও এবং সেখানে সেই নাম থাকা সত্ত্বেও আপনি সেখানে বলেছিলেন যে সেখান থেকে মাছ সাপ্লাই ট্যাগ করে আপনি দেবেন। আজ তারপর দু-মাস অতিক্রান্ত হয়ে গেছে আপনি তার কতটুকু করতে পেরেছেন তার কোন কৈফিয়ৎ দেবেন কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

তাদের সঙ্গে কথা হয়েছিল যখন মৎস্য নিয়ন্ত্রণ আইন চালু হয় নি এই অবস্থায়, যাতে অধিক দামে না নেয় আন্ডার দি ভিজিলেন্স অফ মাই অফিসার করবো। এখন অধিক দামে হোল-সেলাররা রিটেইলারদের কাছে বিক্রি করছে না এইটাই ধরে নিতে হবে যখন মৎস্য নিয়ন্ত্রণ আইন বলবৎ হয়েছে। দ্বিতীয়ত, তারা মৎস্য আনতে যাবেন অথচ ঠিক দামে পাচ্ছেন না, এইরকম অভিযোগ মৎস্য নিয়ন্ত্রণ আইন চালু হবার পর আমি পাই নি। যদি সেইরকম অভিযোগ থাকে তাহলে নিশ্চয়ই আমি দেখবো।

1-50—2 p.m.]

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, মুর্শিদাবাদের লালগোলা অঞ্চলে পদ্মা নদীতে যে ইলিশ মাছ উঠছে সেই ইলিশ মাছ সেখানকার স্থানীয় লোকের কাছে বিক্রি না করে কোলকাতায় যে চালান দেওয়া হচ্ছে সেই চালানী মাছ কোলকাতায় কোন মার্কেটে আসছে?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ ইলিশ মাছ যদি উঠে থাকে তাহলে শিয়ালদহে যাদের নামে লাইসেন্স আছে তাদের কাছেই আসছে—তার বাইরে যাবার তো উপায় নেই।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আপনারা মাছের দাম যে নির্দিষ্ট করেছেন তাতে দেখছি কোনটা করেছেন এবং কোনটা করেন নি—এর কারণ কি?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ কি কি মাছ করেছি এবং কি কি মাছ করি নি?

শ্রীসোমনাথ লাহিড়ীঃ প্রথমতঃ, কৈ-মাগুর নেই। তারপর ট্যালাপিয়া জীবিত অবস্থায় কন্ট্রোলড, ১ টাকা ৮০ নয়া পয়সা এবং মৃত হলে আর কন্ট্রোল নেই। এর ফলে মেছুয়ারা মাছগুলো মেরে আড়াই টাকা দরে বিক্রি করছে। তারপর, ইলিশ মাছ জীবিত হলে কন্ট্রোলড এবং নোনা ইলিশে কোন কন্ট্রোল নেই। এর ফলে আমরা দেখছি লালগোলার তাজা ইলিশকে মেরে নোনা ইলিশে পরিণত করে কোলকাতায় এনে ৬-৭ টাকা দরে বিক্রি করছে। কাজেই প্রশ্ন করছি কোনটায় করেছেন এবং কোনটায় করেন নি সেটা বলুন এবং তার কারণ কি?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ মাছ জল থেকে উঠালেই মরে যায় শুধু জিয়ল মাছ ছাড়া। জিয়ল মাছ, যেমন কৈ, সিং, মাগুর এগুলো ডাঙ্গায় উঠালেও মরে না। আমরা কৈ, সিং এবং মাগুর মাছের দর সে বেঁধে দেই নি তার কারণ হচ্ছে এগুলি সাধারণত সকল শ্রেণীর মানুষের কাছে গিয়ে পৌঁছায় না। এগুলি বিশেষ বিশেষ শ্রেণীর কাছে যায় অর্থাৎ রোগীদের জন্য এই মাছ নেওয়া হয়। এই মাছ ব্যাপকভাবে ব্যবহৃত হয় না, আংশিকভাবে ব্যবহৃত হয় এবং সেইজন্যই এর দর বেঁধে দেই নি।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আপনি কি জানেন এই রোগীদের মাছ এখন বড়লোকরা খাচ্ছে বলে রোগীরা আর পাচ্ছে না?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ ভগবান তাদের যেন আরও রোগ দেন। রোগীর খাদ্য যারা অপহরণ করে খাচ্ছে ভগবান তাদের যেন চিররুগ্ন করেন।

শ্রীগোপাল বসুঃ মন্ত্রিমহাশয় বলেছেন ডায়মন্ডহারবারে মাছের দাম কন্ট্রোল করেছি এবং সেখানে কন্ট্রোল দর ছাড়া বেচাকেনা হয় না। কিন্তু আপনি কি জানেন যে, রামকৃষ্ণ মিশনের তরফ থেকে ২টি লরী ডায়মন্ডহারবারে যায় এবং সেখানের সমস্ত মাছ বেশী দামে কিনে নিয়ে আসে?

দি অনারেবল এস এম ফজলুর রহমানঃ আপনি রামকৃষ্ণ মিশন ডায়মন্ডহারবার থেকে মাছ নেয় বলছেন, কিন্তু আপনি যদি মূল্য নিয়ন্ত্রণ আইনটা দেখেন তাহলে দেখবেন কোন ইনস্টিটিউশনকে যদি কোন কন্ট্রাক্টর মাছ সরবরাহ করবার দায়িত্ব নিয়ে থাকেন তাহলে দেখবেন মূল্য নিয়ন্ত্রণ আইন তাদের কাছে প্রযোজ্য নয়।

Admission into Engineering Colleges

***441.** (Admitted question No. *1007.)

শ্রীশম্ভুচরণ ঘোষঃ শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সম্প্রতি সরকার মেডিক্যাল কলেজে বিশ্ববিদ্যালয় বা স্কুল বোর্ডের ফলাফলের ভিত্তিতে ভর্তির যে ব্যবস্থা করিয়াছেন সেইরূপ স্কুল বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ফলাফলের ভিত্তিতে ইঞ্জিনীয়ারিং কলেজসমূহে ভর্তির ব্যবস্থা সম্বন্ধে সরকার চিন্তা করিতেছেন কিনা?

দি অনারেবল [illegible] সিনহা: বর্তমান শিক্ষা বৎসরে ভর্তির এইরূপ ব্যবস্থা হয় নাই। তবে এ বিষয়ে চিন্তা করা হইতেছে। বিভিন্ন দৃষ্টিকোণ হইতে ইহা বিবেচনা করিতে হইবে।

শ্রীননী ভট্টাচার্য: এই বিভিন্ন দৃষ্টিকোণ কি কি মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

দি অনারেবল রবীন্দ্রলাল সিনহা: যেমন ধরুন, আজ কেউ কেউ প্রি ইউনিভার্সিটি পাশ করে এসেছে, কেউ হাইয়ার সেকেন্ডারী সায়ান্স থেকে এসেছে। সুতরাং স্ট্যান্ডার্ড এক নয়। সুতরাং বিচার করতে হবে এখন তার অ্যাডমিশন টেস্ট দিয়ে একই রকমভাবে তাদের মূল্যায়ণ করা সম্ভব হচ্ছে। খালি যদি বোর্ডের রেজাল্টের উপর হয় কি ইউনিভার্সিটির রেজাল্টের উপর হয়, যেখানে পরীক্ষা পদ্ধতির উপর নম্বর পেয়েছে এটা কি করে সামঞ্জস্যবিধান করা যায় এটা বিচার করতে হবে। কেন্দ্রীয় সরকারের যেমন খড়্গপুরে আছে সেখানে অ্যাডমিশন টেস্টের বেসিসে হয়, এগুলি বিচার করে দেখতে হবে করা যায় কিনা পারলে খুসী হবো, যাদবপুরে এরকম করেছে শুনেছি, তাঁরা কোন অসুবিধায় পড়েছেন কিনা পরামর্শ করে দেখে ব্যবস্থা করবো।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মেডিক্যাল কলেজে ভর্তির ব্যাপারে বিশ্ববিদ্যালয় বা স্কুল-বোর্ডের ফলাফলের উপর ভিত্তিতে কি স্থির করেছেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিনহা: মাননীয় সদস্যমহাশয়ের বোধ হয় জানা নাই যে মেডিক্যাল কলেজ শিক্ষাদপ্তরের আওতায় আসে না।

State bus

***442.** (Admitted question No. *1591.)

শ্রীজনগমোহন দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিময়াশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বর্তমানে কলিকাতা সহরে কতগুলি কি প্রকার সরকারী বাস চলাচল করে;

(খ) ঐ সংখ্যা অবিলম্বে বৃদ্ধি করার কোন প্রস্তাব আছে কি না; এবং

(গ) প্রস্তাব থাকিলে, কতগুলি নূতন বাস কবে হইতে চালু করা হইবে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) নিম্নলিখিত প্রকারের (টাইপ) মোট ৮৯১টি সরকারী বাসের মধ্যে কলিকাতা শহরে দৈনিক ৬৬০টি বাস চলাচল করে:—

বাসের টাইপ		বাসের সংখ্যা
(1) Leyland Double Decker	...	306
(2) Leyland Tiger (Single Decker)	..	144
(3) Royal Tiger Cab (do)	...	49
(4) Royal Tiger (do)	..	99
(5) Royal Tiger PS2 (do)	.	78
(6) Converted (Single Decker)	...	2
(7) A. E. C. Mark III (Single Decker)	...	149
(8) A. E. C. Mark IV (Single Decker)	...	40
(9) A. E. C. Mark V (Single Decker)	...	40
(10) Leyland Comet (Single Decker)	...	74
		891

(খ) হাঁ, আছে।

(গ) ১৯৬৫ সালের অগাস্ট-সেপ্টেম্বর মাসের মধ্যে কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন কর্তৃক ২২৫টি নূতন বাস চালু করার প্রস্তাব আছে।

শ্রীজনগমোহন দাস: বর্তমানে যে বাস চলছে কিংবা যে ২৬৫ খানা নূতন বাস করবেন, তদ্বারা কি কলিকাতার পরিবহণ সমস্যার মীমাংসা হবে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: মোটেই হবে না, কলকাতায় আপনারা দেখে থাকবেন traffic problem has reached a saturation point.
এজন্য পশ্চিমবঙ্গ সরকার অল্টারনেটিভ ট্রাফিক সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমরা সক্রিয় অংশগ্রহণ করছি, যেমন সার্কুলার রেলওয়ে তেমনি কলকাতা সি এম পি ও, আবার আধুনিক বিজ্ঞান সম্মত যে পাশ্চাত্য শহর সেকথাও ভাবছি।

শ্রীঅনঙ্গমোহন দাস: এই যে বিকল্প পরিকল্পনা আপনারা করেছেন, এই পরিকল্পনা যাতে তাড়াতাড়ি কার্যকরী হয় তার জন্য আপনারা কি কেন্দ্রীয় সরকারের সঙ্গে লেখালেখি করছেন, চাপ দিচ্ছেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: সার্কুলার রেলওয়ে এটা রেলওয়ে বিভাগ দ্বারা সম্পন্ন হবে, সুতরাং সেই সার্কুলার রেলওয়ে সম্বন্ধে এ পর্যন্ত যত স্পেশাল কমিটি আলোচনা করেছে, গত পরশুদিন হাইয়ার লেভেলে যারা সংশ্লিষ্ট পোর্ট কমিশন এবং রেলওয়ে কর্তৃপক্ষ এদের সঙ্গে পশ্চিমবঙ্গ পরিবহণ বিভাগের আলোচনার পর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে এটা টেকনিকেলী এবং ইঞ্জিনীয়ারিং প্রব্লেম থেকে এটা অসম্ভব নয়। সুতরাং কেন্দ্রীয় সরকার-এর কাছে তিন জনের সম্মতি নিয়ে যাওয়া হয়েছে যাতে চতুর্থ পরিকল্পনায় অতি আবশ্যিক হিসাবে এটা গ্রহণ করা হয়।

Dearness allowances for the non-teaching staff of secondary schools

443. (Admitted question No. *1639.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সাম্প্রতিক যে মাগ্‌গি ভাতা শিক্ষকগণের জন্য ঘোষণা করা হইয়াছে তাহা বিদ্যালয়ের কর্মচারীদের দিবার জন্য সরকার বিবেচনা করিতেছেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিনহা: না।

শ্রীসনৎকুমার রাহা: আপনি যে না করলেন, এটা কোন বিচারের ভিত্তিতে বললেন। তাদের জীবনেও দুর্মূল্য আছে, শিক্ষকদের জীবনেও দুর্মূল্য আছে, আমি বিচারের দৃষ্টিভঙ্গীটা কি জানতে চাইছিলাম, এদের হল না কেন?

দি অনারেবল [illegible] সিনহা: কেন, এর জবাব দেওয়া মুসকিল, তবে এটুকু বলতে পারি, মাগ্‌গি ভাতা যেটা দেওয়া হয়েছে সেটা সরকারী কর্মচারী যারা নিম্ন বেতনভোগী--৩০০ টাকা পর্যন্ত যারা বেতন পায়। তবে শিক্ষকরা জাতি গঠনের যে মহৎ কার্যে লিপ্ত আছেন এবং তাঁরা অল্প বেতন পান সেটা নিশ্চয়ই একশো বার স্বীকার করি। এ কথা কখনও জীবনে অস্বীকার করি নি। সুতরাং আজকে এই কথাই বলতে পারি সেটা বিবেচনা করে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে যেটা করা হয়েছিল সেটা শিক্ষকদের ক্ষেত্রে এক্সটেন্ড করা হয়েছে। শিক্ষা ছাড়া অন্য আরো অনেক জায়গায় যেমন লোকাল অথরিটির যেসমস্ত কর্মচারী আছে তাদের জন্য তো সরকার কিছুটা সাহায্য করেন, সেইরকম কোন জায়গায় এটা এক্সটেন্ড করা হয় নি। তৃতীয় কথা হচ্ছে, অর্থ কোথায় বলুন। এটা হিসাব করে দেখেছি যে ১০ লক্ষ ৪৬ হাজার টাকা এক্সট্রা লেগে যাচ্ছে। বর্তমানে এই টাকা দেওয়া সম্ভব নয়।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Imports of mustard seeds and mustard oil into West Bengal

765. (Admitted question No. 1293.)

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬১, ১৯৬২ এবং ১৯৬৩ সালে কত তেল ও সরিষা কোন্ কোন্ রাজ্য হইতে কি পরিমাণ আমদানী করা হইয়াছিল;

(খ) তন্মধ্যে কত পরিমাণ কলিকাতা সহরে এবং কত পরিমাণ বিভিন্ন জেলাতে ব্যবহৃত হইয়াছে;

(গ) সরিষা তৈলের বিকল্পে কি তৈল আবিষ্কৃত হইয়াছে;

(ঘ) উহা যথেষ্ট পরিমাণে বাজারে পাওয়া যাইবে কিনা; এবং

(ঙ) উহার মূল্য কিরূপ হইবে?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) রাজ্য সরকার নিজস্ব হিসাবে সরিষার তৈল বা সরিষা আমদানী করেন নাই ব্যবসায়ী কর্তৃক জলপথে ও রেলযোগে আমদানী সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি এতৎসহ উপস্থাপিত করা হইল। তৈল ব্যবসায় সংক্রান্ত কোন লাইসেন্স প্রথা চালু না থাকায় জেলা ভিত্তিক তথ্য পেশ করা সম্ভব হইল না।

(গ) ব্যাপক ব্যবহারের মত সরিষা তৈলের বিকল্প কোন তৈল আবিষ্কৃত হয় নাই।

(ঘ) ও (ঙ) এ প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clauses (ka) and Kha) of unstarred question No. 765.

Imports of mustard seeds and mustard oil into West Bengal during the year 1960-61, 1961-62 and 1962-63.

(Figures in Quintals).

Imported From.	Imports into West Bengal.								
	1960-61			1961-62			1962-63		
	West Bengal Districts.	Calcutta.	Total.	West Bengal Districts.	Calcutta.	Total.	West Bengal Districts.	Calcutta.	Total.
				Rape and Mustard Seeds.					
1. Andhra Pradesh ..	2,811	471	3,282	256	64	320	..	109	109
2. Assam	31	1,298	1,329	227	3,927	4,164	6	1,651	1,657
3. Bihar	22,894	122,818	145,712	20,314	77,771	98,085	39,818	121,415	161,233
4. Bombay	4,949	95,732	100,681	2,344	10,293	12,637	G.—5,735	82,264	87,999
							M —1,832	11,843	13,675
5. Delhi	321	7,985	8,306	4,509	26,242	30,751	42,384	50,324	92,708
6. Madhya Pradesh ..	80,228	99,837	180,065	84,619	55,436	140,055	92,170	96,061	188,231
7. Orissa	15,892	6,454	22,346	1,743	5,855	7,598	5,659	12,277	17,936
8. Punjab	77,323	263,548	341,871	185,353	424,261	609,614	233,401	582,598	815,999
9. Rajasthan	131,714	436,588	568,302	139,979	272,082	412,061	201,063	291,466	492,529
10. Uttar Pradesh ..	123,106	750,379	873,485	121,261	820,037	941,298	73,041	602,686	675,727
11. Madras	..	3	3				..	..	..
12. Pondichery	..	..	..	..	19	19	..	..	..
13. Mysore	..	..	..	..	..	..	221	165	386
Total ..	459,269	1,786,113	2,245,382	560,605	1,695,997	2,256,602	695,330	1,852,859	2,548,189
				Mustard Oil					
Uttar Pradesh	177,400	217,000	394,400	200,000	248,000	448,000	225,000	275,000	5,500,000

N. B.—M—Maharastra.

G—Gujarat.

Rice from Midnapore and Orissa in Sankrail police-station, Howrah

766. (Admitted question No. 1562.) **Shri Dulal Chandra Mondal:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state if it is a fact that the Subdivisional Officer, Sadar Howrah, and the Block Development Officer, police-station Sankrail, district Howrah, have instructed the wholesale rice dealers of the police-station concerned to bring rice from Midnapore and Orissa Mills and have made the arrangements to sell those coarse rice under the supervision of all Ancha Pradhans of Sankrail Block Development Officer area at the rate of 0.91 nP., 0.92 nP., 0.95 nP., and 0.98 nP. even?

The Minister for Food and Supplies: It is a fact that the local wholesalers were encouraged to bring rice from other districts and also from Orissa. But no arrangements for sale of such rice at prices higher than the controlled rates were made.

Basirhat Irrigation Division, 24-Parganas

767. (Admitted question No. 1619.)

শ্রীজনন্তকুমার বৈদ্য: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশ-পরগনা জেলার বসিরহাট ইরিগেশন ডিভিসনের হারোয়া, হাসনাবাদ, হিংগলগঞ্জ, কালিনগর ও গোসাবা ইরিগেশন সাবডিভিসনগুলির প্রতিটির নদী বাঁধের পরিমাণ কত;

(খ) ১৯৬২-৬৩ সালের উল্লেখিত প্রতিটি সাবডিভিসনের বাঁধ মেরামত ও নির্মাণের জন্য কত টাকা ব্যয় হইয়াছে? তাহার মধ্যেও পুরাতন বাঁধ মেরামত কার্যে কত এবং নতুন বাঁধ নির্মাণ (রিটার্ড বাঁধ নির্মাণ) বাবত ব্যয়ের পরিমাণ কত;

(গ) বাঁধ মেরামত সাহায্যার্থে কোন্ কোন্ সাবডিভিসনের কতজন হিসাবে স্থায়ী খেলদার আছে; এবং

(ঘ) সুন্দরবনাঞ্চলে নদীর বাঁধ মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য অধিক সংখ্যক স্থায়ী খেলদার রাখার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Irrigation and Waterways:

(ক)

			মাইল
(১) হারোয়া ইরিগেসান সাবডিভিসন	...	...	১৪৯
(২) হিংগলগঞ্জ ইরিগেসান সাবডিভিসন	...	...	১৮১
(৩) কালিনগর ইরিগেসান সাবডিভিসন	...	...	১৫০
(৪) গোসাবা ইরিগেসান সাবডিভিসন	...	...	২৩০
মোট		...	৭১০

হাসনাবাদ সাবডিভিসন বলিয়া কোন সাবডিভিসন নাই।

(খ) ১৯৬২-৬৩ সনে ব্যয়—

সাবডিভিসন		বাঁধ মেরামত টাকা	বাঁধ নির্মাণ (রিটার্ড বাঁধ নির্মাণ) টাকা
(১) হারোয়া	...	২,৭২,২০০·০০	১,৩৪,০০০·০০
(২) হিংগলগঞ্জ	...	২,৬৫,৫০০·০০	১,৭২,৬০০·০০
(৩) কালিনগর	...	১,৭৬,৬০০·০০	১,৬১,১০০·০০
(৪) গোসাবা	...	৪,১৭,৬০০·০০	১,৫৪,৮০০·০০
	...	১১,৩১,৯০০·০০	৬,২২,৫০০·০০

মোট ব্যয় ১৭,৫৪,৪০০·০০ টাকা

(গ) স্থায়ী বেলদার সংখ্যা—

হারোয়া সাবডিভিসন	...	৩০ জন
কালিনগর সাবডিভিসন	...	৩৪ জন
হিংগলগঞ্জ সাবডিভিসন	...	৩৭ জন
গোসাবা সাবডিভিসন	...	৪৬ জন

(ঘ) একটি পরিকল্পনা এখন সরকারের বিবেচনাধীন আছে।

State Trading in Paddy from Murshidabad district

768. (Admitted question No. 1626.)

শ্রীসনৎকুমার রাহা: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, স্টেট ট্রেডিং-এর জন্য মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ সংস্থা মারফৎ ধান ক্রয় করা হইবে এবং এই জেলা হইতে কি পরিমাণ ধান কোন্ মহকুমা হইতে ক্রয় করা হইবে?

The Minister for Food and Supplies:

একমাত্র কান্দী মহকুমা ছাড়া মুর্শিদাবাদ জেলার অন্যত্র ধান ক্রয় করিবার সম্ভাবনা কম। এই ধানের পরিমাণ কত হইবে তাহা এখনই বলা কঠিন এবং সঠিক কোন্ সংস্থা মারফত ইহা ক্রয় করা হইবে তাহাও বর্তমানে নির্ধারিত হয় নাই, তবে চাউল কল মালিক, এজেন্ট ও কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি দ্বারা এই কাজ করান হইবে।

Housing Scheme for Low and Middle Income Croup in West Bengal

769. (Admitted question No. 1634.)

শ্রীসনৎকুমার রাহা: গৃহ নির্মাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবঙ্গে নিম্ন আয়কারী ও মাঝারী আয়কারীর (লো অ্যান্ড মিড্‌ল্ ইনকাম গ্রুপ) জন্য কতগুলি বাসগৃহ নির্মাণের লক্ষ্য ছিল;

(খ) অদ্যাবধি মোট কতগুলি নির্মিত হইয়াছে;

(গ) কোন্ জেলায় কতগুলি বাড়ি এই কারণে নির্মিত হইয়াছে; এবং

(ঘ) সমস্ত নির্মিত গৃহগুলিতে ভাড়াটিয়া বন্দোবস্ত হইয়াছে কিনা?

The Minister for Housing:

(ক) তৃতীয় পরিকল্পনায় নিম্ন আয় সম্পন্নদের জন্য ৩,৫০০ গৃহ নির্মাণের লক্ষ্য আছে। মধ্য আয় সম্পন্নদের জন্য গৃহ নির্মাণের লক্ষ্য স্থির করা সম্ভব নয় কারণ জীবন বীমা কর্পোরেশনের নিকট হইতে ঋণ হিসাবে অর্থ লইয়া এই স্কীম রূপায়িত করা হয় এবং স্কীমটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা বহির্ভূত। উক্ত কর্পোরেশন ভারত সরকারের মাধ্যমে প্রতি বৎসর অর্থ বরাদ্দ করেন এবং এই বরাদ্দ সম্পর্কে কোন অগ্রিম আভাষ পাওয়া সম্ভব নয়।

(খ) গত তিন বৎসরে নিম্ন আয় সম্পন্নদের গৃহ নির্মাণ পরিকল্পনায় ১,৩৩৪টি ও মধ্য আয় সম্পন্নদের গৃহ নির্মাণ পরিকল্পনায় ৭২৪টি গৃহ নির্মাণ করা হইয়াছে।

(গ) জেলাওয়াড়ী সংখ্যা সংলগ্ন বিবরণীতে প্রদত্ত হইল।

(ঘ) ভাড়া দেওয়ার উদ্দেশ্যে যে বাড়িগুলি নির্মিত হইয়াছে সেগুলির কিছু সংখ্যক ভাড়া দেওয়া হইয়াছে ও বাকীগুলি ভাড়া দেওয়ার ব্যবস্থা হইতেছে।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 769

		কোন্ জেলায় কতগুলি বাড়ী এই কারণে নির্মিত হইয়াছে	
		নিম্ন আয় সম্পন্নদের গৃহ নির্মাণ পরিকল্পনায়	মধ্য আয় সম্পন্নদের গৃহ নির্মাণ পরিকল্পনায়
প্রেসিডেন্সী ডিভিসান	(১) কলিকাতা	১৬৬	১৯৬
	(২) ২৪-পরগণা	২২০	১২১
	(৩) নদীয়া	২	৪
	(৪) মুর্শিদাবাদ	৪	..
	(৫) হাওড়া	৫০	২০
বর্দ্ধমান ডিভিসান ..	(৬) বর্দ্ধমান	৫	২
	(৭) বীরভূম	৫	১
	(৮) বাঁকুড়া	৩৪	..
	(৯) মেদিনীপুর	২	২
	(১০) হুগলী	২৭	১১
	(১১) পুরুলিয়া	১	.
জলপাইগুড়ি ডিভিসান ..	(১২) মালদহ	৩	..
	(১৩) পশ্চিম দিনাজপুর .	..	.
	(১৪) জলপাইগুড়ি . ..	..	..
	(১৫) কুচবিহার	৮	..
	(১৬) দার্জিলিং	৫	..
	সমবায় সমিতি	২৩	..
	বেসরকারী প্রতিষ্ঠান	১৭১	..
	রাজ্য সরকার (১) বিক্রয়	৪০০	১৯১
	(২) ভাড়া	২০৮	১৭৬
		১,৩৩৪	৭২৪

Berhampore Maternity Home

770. (Admitted question No. 1651.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর মাতৃসদনে শয্যাসংখ্যা কত;

(খ) কার্যতঃ মাসিক কত রোগী গড়ে ভর্তি হয়, উহা শয্যা সংখ্যার বেশী হইলে তাহার জন্য বাড়তি নার্স দেওয়া হয় কিনা; এবং

(গ) ফ্রি বেডের রোগীদের জন্য ঔষধ ও পথ্য বিষয়ে কি হারে টাকা প্রতিদিনের জন্য বরাদ্দ আছে?

The Minister for Health:

(ক) বহরমপুরস্থিত রাও জে এন রায় হাসপাতালের অনুমোদিত শয্যাসংখ্যা ২৭৫। তন্মধ্যে ম্যাটারনিটি ওয়ার্ডের শয্যাসংখ্যা ৮০।

(খ) ম্যাটারনিটি ওয়ার্ডে মাসিক গড়ে ৪৯৫ জন রোগী ভর্তি হয়। বহরমপুর হাসপাতালে ২৭৫টি শয্যার জন্য প্রয়োজনীয় নার্স আছে। শয্যাসংখ্যার বেশী রোগী ভর্তি হইলে বাড়তি নার্স দেওয়া সম্ভব হয় না।

(গ) শয্যা প্রতি গড়ে সাধারণ ঔষধের জন্য ০·৫০ পয়সা এবং পথ্যের জন্য ১·৫০ পয়সা বরাদ্দ আছে। বিশেষ ঔষধাদির জন্য শয্যা প্রতি বার্ষিক গড়ে অতিরিক্ত ৫০ টাকা বরাদ্দ আছে।

Waiting room for Criminal Court at Berhampore town

771. (Admitted question No. 1658.)

শ্রীসনৎকুমার রাহা: বিচার বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর শহরে ফৌজদারী কোর্টে সাধারণের জন্য কোন বিশ্রামাগার বা প্রতীক্ষালয় আছে কিনা; এবং

(খ) না থাকিলে, উহার জন্য কোন ব্যবস্থা করা হইতেছে কিনা?

The Minister for Judicial:

(ক) নাই।

(খ) সাধারণতঃ ফৌজদারী কোর্টে সাধারণের জন্য কোন বিশ্রামাগার (ওয়েটিং রুম) নির্মাণ করা হয় না। মামলাকারী ব্যক্তিদিগের জন্য প্রতীক্ষালয় (উইটনেস শেড্) নির্মাণ করা হয়। বহরমপুর ফৌজদারী কোর্টের প্রতীক্ষালয় (উইটনেস শেড্) নির্মাণের পরিকল্পনাটি দেশের বর্তমান জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে স্থগিত আছে।

Employment Committee in Midnapore district

772. (Admitted question No. 1660.) **Shri Hrishikesh Chakraborty:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether there is any Employment Committee in the district of Midnapore; and

(b) if so, who are the members of the Committee and when it was formed?

The Minister for Labour: (a) Yes.

(b) Names of the Members of the Committee:—
(1) District Magistrate—Chairman.
(2) District Employment Officer—Secretary.
(3) Shri Krishna Prasad Mondal, M.L.A.
(4) Shri Ananga Mohan Das, M.L.A.
(5) Shri Mrityunjoy Jana, M.L.A.
(6) Labour Officer, South Eastern Railway Workshop, Kharagpur.
(7) One representative of Indian Institute of Technology, Kharagpur.
(8) One representative of I.N.T.U.C.
(9) One representative of A.I.T.U.C.
(10) District Development Officer.
(11) Executive Engineer, C.P.W.D., Kharagpur.
(12) One representative of District Rice Mill Owners' Association.
(13) Chairman, District Board.
(14) Chairman, Midnapore Municipality.
(15) Secretary, District Soldiers', Sailors' and Airmen's Board.

The Committee was formed on the 29th May, 1964.

E. S. I. Scheme

773. (Admitted question No. 1667.)

শ্রীগোপাল বসু: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এমপ্লইজ স্টেট ইন্সিওরেন্স স্কীম মারফত এ স্কীম চালু হইবার পর হইতে আজ পর্যন্ত মোট কত টাকা পশ্চিমবঙ্গ সরকারের হাতে সংগৃহীত হইয়াছে;

(খ) মোটামুটি কি বাবদে (ব্রড হেডিং) কত টাকা খরচ হইয়াছে;

(গ) এ পর্যন্ত নীট কত টাকা সরকারের হাতে জমিয়াছে;

(ঘ) ইহা কি সত্য যে, শিল্পপ্রধান বারাকপুর মহকুমার উত্তর অঞ্চলে কোন ই এস আই হাসপাতাল নাই;

(ঙ) নৈহাটি, হাজিনগর, জগদ্দল এলাকায় এরূপ কোন হাসপাতাল তৈরী করার পরিকল্পন সরকারের আছে কিনা;

(চ) পরিকল্পনা থাকিলে তাহা কবে কার্যকরী করা হইবে; এবং

(ছ) ই এস আই স্কীমের শ্রমিক কর্মচারীদের জন্য কয়টি অ্যাম্বুলেন্স রয়েছে এবং কলিকাতার বাহিরে শিল্পাঞ্চলে তাহাদের জন্য কোনও অ্যাম্বুলেন্স সেন্টার আছে কিনা?

The Minister for Labour:

(ক), (খ) ও (গ) রাজ্য বীমা করপোরেশনের মতামত লইয়া শ্রমিকদের জন্য চিকিৎসার ব্যবস্থা করা রাজ্যসরকারের দায়িত্ব। অন্যান্য বিষয়ের ব্যবস্থা করপোরেশন করিয়া থাকেন। রাজ্য বীমা আইনানুযায়ী মালিক এবং শ্রমিকদের দেয় টাকা আদায়ের ভার ও তাহার খরচ এবং সেই খরচের হিসাব সংরক্ষণের ভার রাজ্য বীমা করপোরেশনের। রাজ্যসরকার যতদূর অবগত আছেন তাহাতে জানা যায় যে, ১৯৬২-৬৩ এই আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গে মোট ২,১৭,২৮,৬১৬ টাকা মালিক ও শ্রমিকদের নিকট হইতে আদায় হইয়াছে।

(ঘ) ও (ঙ) হ্যাঁ।

(চ) সঠিক কিছু বলা সম্ভবপর নয়। প্রয়োজনীয় জমি সংগ্রহের জন্য আইন অনুযায়ী সমস্ত কাজ শেষ করিবার পর হাসপাতাল তৈরীর কাজ আরম্ভ করা যাইতে পারে।

(ছ) ৮টি, কলিকাতার বাহিরে কামারহাটি রাজ্য বীমা হাসপাতালে, বজবজের সেন্ট্রাল জুট মিলে এবং [illegible] ফায়ার ব্রিগেড কেন্দ্রে অ্যাম্বুলেন্স রাখার ব্যবস্থা করা হইয়াছে।

C. R. in Banduan block, Purulia

774. (Admitted question No. 1678.)

শ্রীঅশ্বিনী মণ্ডল: ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার বানদোয়ান ব্লকে বর্তমানে দুঃস্থ ব্যক্তিদের জি আর সংখ্যা কম করিয়া দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, তাহার কারণ কি?

The Minister for Relief:

(ক) ও (খ) বর্তমানে বর্ষাকালীন কৃষিকার্যে অধিক কর্মসংস্থানের সুযোগ হইয়াছে; ফলে ক্ষেতমজুরদের মধ্যে যাঁহাদিগকে বর্ষাকালের পূর্বে খয়রাতি সাহায্য দেওয়া হইতেছিল, তাঁহাদের অনেককেই বর্তমানে আর খয়রাতি সাহায্য দেওয়ার প্রয়োজন না থাকায় খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যা কিছু হ্রাস পাইয়াছে।

Silt Surveyor

775. (Admitted question No. 1681.)

শ্রীজীবনকৃষ্ণ দে: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আই এস-সি পাশ ও ম্যাট্রিক পাশ সিল্ট সার্ভেয়ারদের নিউ পে স্কেল কত;

(খ) ইহা কি সত্য যে, কোচবিহার ইরিগেশন ডিপার্টমেন্ট-এর আই এস-সি পাশ সিল্ট সার্ভেয়াররা জলপাইগুড়ি জেলার ইরিগেশন ডিপার্টমেন্ট-এর আই এস-সি পাশ সিল্ট সার্ভেয়ার অপেক্ষা ২৫ টাকা কম পায়;

(গ) সত্য হইলে, ইহার কারণ কি, এবং এইরূপ বৈষম্য দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন;

(ঘ) ঐ দুই জেলার ঐ সকল কর্মীদের যে নিউ পে স্কেল-এর প্রবর্তন হইয়াছে তাহা চালু আছে কিনা; এবং

(ঙ) চালু না থাকিলে তাহা কত দিনের মধ্যে চালু করা হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) সিল্ট সার্ভেয়ার পদের সর্বনিম্ন যোগ্যতা বি এস-সি। ঐ পদের নির্ধারিত মাহিনা ১৭৫—৭—২৪৫—৮—৩২৫ টাকা।

উত্তরবঙ্গের আভ্যন্তরীণ এলাকায় যোগ্যতাসম্পন্ন ব্যক্তির অভাবে ঐ সকল পদে নিম্ন যোগ্যতাসম্পন্ন ব্যক্তিগণকে মাসিক ৮০ টাকা নির্দিষ্ট মাহিনা ও ৪৫ টাকা ভাতায় নিয়োগ করা হয়। ঐ সকল ব্যক্তির জন্য পরিবর্তিত বেতনের মান নির্ধারণের বিষয় এখন বিবেচনাধীন আছে।

(খ) এইরূপ কোন বৈষম্য সরকারের গোচরে আসে নাই।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) ঐ সকল কর্মীদের জন্য নূতন বেতনের হার এখনও চালু করা হয় নাই।

(ঙ) শীঘ্রই চালু করা যাইবে বলিয়া আশা করা যায়।

E.S.I. Scheme for 24-Parganas

776. (Admitted question No. 1665.)

শ্রীগোপাল বসু: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এমপ্লয়িজ স্টেট ইন্সিওরেন্স স্কীম-এর ২৪-পরগনা জেলার অন্তর্ভুক্তির আগে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলা ও শিল্পাঞ্চল উক্ত স্কীম-এর অন্তর্ভুক্ত ছিল এবং শেষ্যা সহ মোট কতজন শ্রমিক কর্মচারী এই স্কীমের আওতায় ছিল;

(খ) ২৪-পরগনা এবং বিশেষভাবে বারাকপুর মহকুমায় বর্তমানে মোট কতজন শ্রমিক কর্মচারী এই স্কীমের অন্তর্ভুক্ত; এবং

(গ) ই এস আই স্কীম-এ ২৪-পরগনার অন্তর্ভুক্তির আগে উক্ত স্কীমের শ্রমিক কর্মচারীদের জন্য কত বেডযুক্ত কয়টা ই এস আই হসপিটাল ছিল এবং কোন্ কোন্ হাসপাতালে কয়টি বেড (টি বি বেড সহ) সংরক্ষিত ছিল; এবং ২৪-পরগনার অন্তর্ভুক্তির পর সেই সংখ্যা কত দাঁড়াইয়াছে?

The Minister for Labour:

(ক) ২৪-পরগনা জেলার অন্তর্ভুক্তির পূর্বে হাওড়া জেলার ও কলিকাতা পৌর অঞ্চলের ৩,৫৫,০০০ শ্রমিক তাহাদের পোষ্য সহ রাষ্ট্রীয় কর্মচারী বীমার অন্তর্ভুক্ত ছিল।

(খ) বারাকপুর মহকুমার ১,৮০,০০০ শ্রমিক সমেত ২৪-পরগনা জেলার প্রায় ৩ লক্ষ শ্রমিক কর্মচারী বর্তমানে এই পরিকল্পনার অন্তর্ভুক্ত।

(গ) এই পরিকল্পনা ২৪-পরগনা জেলায় চালু হইবার কয়েকদিন পূর্ব হইতেই কামারহাটিতে একটি ই এস আই হাসপাতাল চালু করা হইয়াছিল। ঐ সময়ে নিম্নলিখিত কয়েকটি সরকারী ও বেসরকারী হাসপাতালেও ২৯৪টি টি বি বেড সমেত মোট ৬১৫টি বেড সংরক্ষিত ছিল।

হাওড়া জেনারেল হাসপাতাল—১৮

হনুমান হাসপাতাল—৬১

লেডী ডাফরিন ভিক্টোরিয়া হাসপাতাল—২

নর্থ সুবার্বন হাসপাতাল—৫০

মেয়ো হাসপাতাল ২০

ইসলামিয়া হাসপাতাল—২০

রামরিকদাস হরলালকা হাসপাতাল—১৫

আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতাল—৫০

আশারাম ভিয়ানিওয়ালা হাসপাতাল—৩০

এম আর বাঙ্গুর হাসপাতাল—৫

বনহুগলী হাসপাতাল—৫০

কে এস রায় টি বি হাসপাতাল—১০০

গৌরহাটি টি বি হাসপাতাল—৫০

ধুবুলিয়া টি বি হাসপাতাল—৭৫

কে সি গুহ মেমোরিয়াল টি বি হাসপাতাল—১০

বারাকপুর চেষ্ট ক্লিনিক—১০

বালানন্দ ব্রহ্মচারী সেবায়তন—২৫

জি কে খেমকা চেষ্ট ক্লিনিক—২৪

২৪-পরগনা অন্তর্ভুক্তির পর কামারহাটি রাজ্যবীমা হাসপাতালের ১০০টি বেড সমেত বর্তমানে মোট বেড সংখ্যা ৮৯৫। ইহা ছাড়া সংক্রামক রোগাক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য হাওড়ার সত্যবালা দেবী হাসপাতাল, উলুবেড়িয়া মহকুমা হাসপাতাল, ২৪-পরগনা জেলার বেলিয়াঘাটা ইনফেকসাস ডিজিসেস হাসপাতাল এবং উত্তরপাড়া সরকারী হাসপাতালে ব্যবস্থা করা হইয়াছে। যে সমস্ত রোগের চিকিৎসার ব্যবস্থা অন্য কোন হাসপাতালে নাই সেই সমস্ত রোগাক্রান্ত ব্যক্তিদের চিকিৎসার জন্য শেঠ সুখলাল কার্নানী হাসপাতালে ব্যবস্থা করা হইয়া থাকে।

Silk Weavers of Murshidabad district

777. (Admitted question No. 1686.)

শ্রীসনৎকুমার রাহা: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কত রেশম শিল্পী সমবায়ভুক্ত এবং মোট শিল্পীর সংখ্যা কত; এবং

(খ) বর্তমানে কতগুলি উক্ত সমবায় সমিতি চালু আছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) মুর্শিদাবাদ জেলায় মোট সমবায়ভুক্ত রেশমশিল্পীর সংখ্যা ১,১৩২ জন এবং মোট শিল্পীর সংখ্যা ১৪,১৫০ জন।

(খ) বর্তমানে ১৪টি রেশম সমবায় সমিতি চালু আছে।

C. R. in West Bengal

778. (Admitted question No. 1687.)

শ্রীসনৎকুমার রাহা: ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৪ সালের মে হইতে অগাস্ট পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট কত ইউনিট রিলিফ, জি আর হিসাবে দেওয়া হইয়াছে এবং গত বৎসর এই সময় মধ্যে কত দেওয়া হইয়াছিল?

The Minister for Relief:

(জি আর প্রাপ্ত ইউনিটের সংখ্যা)

মাস	১৯৬৩	১৯৬৪
মে	৯৮৯,১০৮	১,১৯১,০০৯
জুন	১,১১৬,১১৩	১,২৭৮,৫৮৭
জুলাই	১,৫৫৫,৯৩৯	১,৫১২,৯০৪
অগস্ট	১,৮৪২,৫৭৮	১,৬২৮,৫৮৬

C. R. in Rajnagar police-station, Birbhum

779. (Admitted question No. 1689.)

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডল: ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রাজনগর থানায় গত বৎসরে অর্থাৎ ১৯৬৩-৬৪ সালে কত জন ব্যক্তিকে জি আর দেওয়া হইয়াছিল; এবং

(খ) উক্ত থানায় টেস্ট রিলিফের কার্যে উক্ত বৎসর কত টাকা ব্যয়িত হইয়াছিল?

The Minister for Relief:

(ক) ৬,০৪৯ জনকে।

(খ) ৯,০১৬ টাকা।

Lands beyond Mayurakshi Irrigation Scheme in Kuntala Anchal, Birbhum

780. (Admitted question No. 1703.)

শ্রীমতী নীহারিকা মজুমদার: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলার ময়ূরেশ্বর থানার অধীন কুনতলা অঞ্চলের প্রায় দুই হাজার বিঘা ময়ূরাক্ষী সেচ পরিকল্পনার বহির্ভূত এবং প্রতি বৎসর অজন্মা হয়;

(খ) উক্ত এলাকায় চাষের ব্যবস্থার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, কতদিনে তাহা কার্যকরী হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) কুনতলা ইউনিয়নের যে অংশ মনিকর্ণিকা (বা ডাউকী) নদীর উত্তর তীরে অবস্থিত সেই অংশ ময়ূরাক্ষী ক্যানেলের জল পাইয়া থাকে, কিন্তু উক্ত ইউনিয়নের যে বৃহত্তর অংশ মনিকর্ণিকা নদীর দক্ষিণ তীর ও ময়ূরাক্ষী নদীর উত্তর তীর পর্যন্ত বিস্তৃত, সেই অংশে বর্তমানে কোন সেচের বন্দোবস্ত নাই।

(খ) ময়ূরাক্ষী পরিকল্পনা হইতে ঐ এলাকায় সেচের বন্দোবস্ত করা সম্ভবপর কিনা তাহা বর্তমানে অনুসন্ধান করিয়া দেখা হইতেছে।

(গ) এখন বলা সম্ভবপর নহে।

Excise shops and revenue therefrom in Purulia district

781. (Admitted question No. 1706.)

শ্রীঅম্বিকা মণ্ডল: আবগারী বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার (১) দেশী মদ, (২) বিলাতী মদ, (৩) সিদ্ধি গাঁজা, (৪) আফিং এবং (৫) অন্যান্য মাদক দ্রব্য হইতে গত পাঁচ বৎসরে কোন্ বৎসর কত টাকা সরকারের আয় হইয়াছে; এবং

(খ) উক্ত জেলায় উক্ত প্রকারের মাদক দ্রব্য বিক্রয়ের দোকান কয়টি আছে?

The Minister for Excise:

(ক) এই সম্পর্কে 'ক' বিবরণী দ্রষ্টব্য।

(খ) এই সম্পর্কে 'খ' বিবরণী দ্রষ্টব্য।

Statement referred to in reply to unstarred question No. 781.

'ক' বিবরণী

পুরুলিয়া জেলায় বিভিন্ন মাদক দ্রব্য হইতে বাৎসরিক আয়

বৎসর	দেশী মদ	বিলাতী মদ	পচুই	তাড়ি	গাঁজা	সিদ্ধি	আফিম	মোট
	(টাকা)	(টাকা)	(টাকা)	(টাকা)	(টাকা)	(টাকা)	(টাকা)	(টাকা)
১৯৫৮-৫৯	১৫,০৫,৪৫৪	৬,৪৮৪	১,৭৭,০৩৩	১১,৬৭৯	১,১৬,৩৭৫	১৭,৬৭০	৯,৩১২	১৮,৪৪,০০৭
১৯৫৯-৬০	১৮,১২,৯২৫	১০,২৪৬	২,২৭,১৫০	১৪,৩৫৫	১,২০,৬০৭	১৮,১০২	৫,২১৭	২২,০৮,৬০২
১৯৬০-৬১	২০,৩৪,৭৬৩	১৯,৬৮৩	২,৫৬,৮৪৭	১৫,৯৮৫	৯৭,০৪৬	১৮,০২৪	৪,৫২৩	২৪,৪৬,৮৭১
১৯৬১-৬২	২৪,২১,৭১১	১২,১৬৭	২,২৬,৯০১	১৫,৪৭০	৭৩,১০৩	১৭,৯৪৪	২,৮৩১	২৭,৬৯,৪২৭
১৯৬২-৬৩	২৪,৩৫,৫৩৯	১০,৪৯৬	১,৮৫,৫৭০	১৭,৫৪০	৫৭,৩০২	১০,৮৮৯	৩,৪৯৫	২৭,২০,৮৩১

খ বিবরণী

পুরুলিয়া জেলায় আবগারী দোকানের সংখ্যা

	দেশী মদ	বিলাতী মদ	পচুই	তাড়ি	গাঁজা	সিদ্ধি	আফিম	মোট
	৫৬	৩	২৬	৫	২৮	১০	৮	১৩৬

T. R. Roads in Banduan Block, Purulia

782. (Admitted question No. 1711.)

শ্রীঅদ্বৈত মণ্ডল: ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বান্দোয়ান ব্লকে (১) ১৯৬০, (২) ১৯৬১, (৩) ১৯৬২ এবং (৪) ১৯৬৩ সালের কোন্ বৎসর কতগুলি রাস্তা টেস্ট রিলিফের মাধ্যমে তৈয়ার হইয়াছে;

(খ) উক্ত রাস্তাগুলির কোন্‌টিতে কত খরচ হইয়াছে; এবং

(গ) কোন্ রাস্তার জন্য কি পরিমাণ গম দেওয়া হইয়াছে?

The Minister for Relief:

(ক) ১৯৬০-৬১, ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালে টেস্ট রিলিফ রাস্তার কোন কাজ গ্রহণ করা হয় নাই; ১৯৬৩-৬৪ সালে ৪টি রাস্তার কাজ গ্রহণ করা হইয়াছিল।

(খ) ও (গ)

১৯৬৩-৬৪ সালে বান্দোয়ান ব্লকে টেস্ট রিলিফে গৃহীত রাস্তার নাম	মোট খরচ (নগদ অর্থে ও গমে) (টাকা)	মজুরি হিসাবে বিতরিত গমের পরিমাণ (কুইন্টাল)
(১) চিলা-পারগেলা রাস্তা	১৯,৬৭৬	৪০০
(২) চাঁদড়া-হেতাকোল রাস্তা	১৮,৪৯৪	৪৩১·৬২
(৩) সাহেবডাঙ্গা-তালপাত রাস্তা	৯,৪৯৭	২১৫·৮
(৪) পাটকিটা-গোলকাটা রাস্তা	৮,১৩৫	১৭১·১৫

Banduan-Quilapal and Banduan-Kuchia Roads in Purulia district

783. (Admitted question No. 1712.)

শ্রীঅদ্বৈত মণ্ডল: ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় (১) বান্দোয়ান-কুইলাপাল এবং (২) বান্দোয়ান-কুচিয়া রাস্তা দুইটিতে টেস্ট রিলিফের মাধ্যমে মাটি ফেলার কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি;

(খ) গ্রহণ করিয়া থাকিলে কোন্ সময় পরিকল্পনা দুইটি গ্রহণ করিয়াছিলেন;

(গ) বর্তমান সময় পর্যন্ত উক্ত রাস্তা দুইটির কোন্‌টিতে কত অংশ নির্মাণকার্য শেষ হইয়াছে;

(ঘ) উহাতে (১) কত টাকা এবং (২) কত কুইন্টাল গম দেওয়া হইয়াছে; এবং

(ঙ) উক্ত রাস্তা দুইটি কোন্ সময়ের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Relief:

(ক) প্রশ্নোক্ত রাস্তা দুইটিতে ত্রাণ কার্যের মাধ্যমে মাটি ফেলার কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নাই।

(খ), (গ), (ঘ) এবং (ঙ) প্রশ্ন উঠে না।

C. R. in Joypur police-station, Purulia

784. (Admitted question No. 1717.)

জৈবেন্দ্র মণ্ডলঃ ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার জয়পুর থানায় ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালের বর্তমান সময় পর্যন্ত কোন কোন গ্রামের (১) কয়জন দুঃস্থকে (২) কি কি প্রকারের খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত দুই বৎসরে উক্ত থানায় মাথা পিছু কত (১) গম এবং (২) অর্থ দেওয়া হইয়াছে?

The Minister for Relief:

(ক) ও (খ) জয়পুর থানায় বিভিন্ন গ্রামে ১৯৬২-৬৩ সালে ও ১৯৬৩-৬৪ সালে খয়রাতি সাহায্য প্রাপকের সংখ্যা এতৎসহ উপস্থাপিত তালিকা দুইটিতে প্রদর্শিত হইয়াছে; এই সময়ে উক্ত থানায় সাধারণতঃ মাথাপিছু প্রতিপক্ষে ৪ কেজি গম হিসাবে খাদ্যশস্যে এবং বিশেষ ক্ষেত্রে মাথাপিছু প্রতি পক্ষে ২ টাকা হিসাবে নগদ অর্থে খয়রাতি সাহায্য বিতরণ করা হইয়াছে।

Statement referred to in reply to unstarred question No. 784

তালিকা—১

. No., Name of village under Joypur P.S. and No. of distressed persons given G.R. during 1962-63.

1.	Natundih	8	17.	Barabenda	4
2.	Ghagra	17	18.	Hatimuri	1
3.	Salgram	5	19.	Beltanr	1
4.	Srirampur	13	20.	Palanja	4
5.	Chitahi	3	21.	Jahajpur	2
6.	Bhatdih	4	22.	Jaipur	49
7.	Rohardaga	7	23.	Narayanpur	7
8.	Mukundapur ..	10	24.	Manipur	2
9.	Kusumtikri	3	25.	Uparkahan	9
0.	Bhelaidih	1	26.	Chapaitanr	3
1.	Durma	1	27.	Pipratanr	3
2.	Dhabani	1	28.	Gunja	11
3.	Beligara	1	29.	Ramamoti	5
4.	Silfhar	5	30.	Chaitandih	5
5.	Hargarah	1	31.	Kokiyara	2
6.	Bangara	3	32.	Salani	3
			33.	Baragra ..	20

তালিকা—২

Sl. No., Name of village under Joypur P. S. and No. of distressed persons giv
G. R. during 1962-63.

1.	Baragram	..	48	49.	Bheria	..	
2.	Ramamoti	..	7	50.	Bongora	..	1
3.	Gunja	..	18	51.	Silfore	..	2
4.	Chaitandih	..	14	52.	Panrga	..	1
5.	Sabanur	..	3	53.	Beltanr	..	
6.	Narayanpur	..	15	54.	Jamra	..	1
7.	Bhelaidih	..	23	55.	Sidhi	..	2
8.	Chapaitanr	..	15	56.	Karkara	..	2
9.	Dumurdhih	..	1	57.	Baijanathdih	..	
10.	Upparkahan	..	41	58.	Damru	..	
11.	Monipur	..	2	59.	Kashipur	..	
12.	Hetkahan	..	7	60.	Dhadkidih	..	
13.	Pipratanr	..	3	61.	Rerekotcha	..	
14.	Kanudih	..	1	62.	Bhadadih	..	
15.	Kokiyara	..	5	63.	Mantanr	..	
16.	Ratnadih	..	3	64.	Dambera	..	
17.	Agarpur	..	5	65.	Chirkamu	..	
18.	Kathaltanr	..	2	66.	Malakah	..	
19.	Salani	..	6	67.	Chhakudih	..	
20.	Jaipur	..	424	68.	Bali	..	1
21.	Simultanr	..	3	69.	Rundag	..	1
22.	Khedatanr	..	4	70.	Chokibera	..	
23.	Nutandih	..	25	71.	Nayadih	..	
24.	Alkusha	..	6	72.	Hatinada	..	
25.	Hatimuri	..	6	73.	Dahikuri	..	
26.	Barabenda	..	17	74.	Baglata	..	
27.	Huyangda	..	6	75.	Singhghara	..	
28.	Dhabani	..	3	76.	Talamu	..	
29.	Mukundapur	..	17	77.	Piri	..	
30.	Shyampur	..	31	78.	Asania	..	
31.	Srirampur	..	12	79.	Akduar	..	
32.	Salagram	..	14	80.	Ropo	..	
33.	Chitahi	..	3	81.	Patamjuri	..	
34.	Bhatdih	..	6	82.	Ghagara	..	
35.	Rahardaga	..	10	83.	Rangadih	..	
36.	Palanja	..	13	84.	Rampur	..	
37.	Tanasi	..	4	85.	Bangidiri	..	
38.	Kulara	..	3	86.	Susunidih	..	
39.	Baliagora	..	1	87.	Kasangi	..	
40.	Jahajpur	..	1	88.	Hingri	..	
41.	Pratappur	..	2	89.	Dimdiha	..	
42.	Ranganitanr	..	2	90.	Chhatka	..	
43.	Mirdih	..	2	91.	Udaypur	..	
44.	Dumurdih	..	4	92.	Bassgarh	..	
45.	Kusumtikri	..	20	93.	Kalyanpur	..	
46.	Durma	..	17	94.	Jarrah	..	
47.	Balibhasa	..	4	95.	Karmatanr	..	
48.	Hargara	..	4				

[2—2-10 p.m.]

Refusal of consent to Adjournment Motion

Mr. Speaker: I have received notice of an adjournment motion from Shri Nani Bhattacharjee on the subject of Prime Minister's statement yesterday in connection with the proposed general strike on the 25th September, 1964.

I have refused consent.

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of Agriculture Department will please make a statement on the attack of insects on paddy lands in Egra P.S. and Contai P.S. of Midnapore district called attention by Shri Hrishikesh Chakravarty.

The Hon'ble Smarajit Bandyopadhyay: Sir, with reference to the Calling Attention notice of Shri Hrishikesh Chakravarty I beg to make the following statement:—

There had been an attack of the insect 'Hispa' on paddy fields of Egra I, Egra II and Contai I Blocks in Midnapore district. The infestation was not very widespread. The affected areas were inspected by the agricultural field officers on 27th August, 1964. Immediate steps were taken by them to weed out the infestation by 'Hispa' and to control its widespread attack. Plant protection work has already been started extensively in the areas. To look after the operations, a contingent of plant protction staff has already been sent. The B.D.O.s have been requested to mobilise the staff under their control. The Subdivisional Agricultural Officer, Contai, has been put in overall charge of the operation. Additional 20 M. tons of BHC 10 per cent. duster have been rushed to the affected areas over and above the existing stock in the blocks. Thirty hand dusters and 5 power dusters have already been supplied for use in addition to the existing stock. Further supply of plant protection equipments has already been arranged by the Deputy Director of Agriculture, Western Range. Free distribution of insecticides to the cultivators has already been started by the field staff from 30th August, 1964. The infestation in the above areas is now under control.

Mr. Speaker: I may inform honourable members that the Calling Attention notice of Shri Gour Chandra Kundu on the subject of Chittaranjan Cancer Hospital on which a statement was due to be made today has been withdrawn by the honourable member.

Now, Mr. Bhattacharjee.

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, কালকে ময়দানে পৌর সম্বর্ধনার উত্তরে আমাদের ভারতবর্ষের প্রধানমন্ত্রী যে সমস্ত কথা বলেছেন বিশেষ করে ১৯৬৪ সালের ২৫শে সেপ্টেম্বর যে হরতালের বা ধর্মঘটের ডাক বিভিন্ন বামপন্থীদল এবং ট্রেড ইউনিয়ন সংগঠনগুলি দিয়েছেন সে সম্পর্কে এবং এ সম্বন্ধে জেসপ কোম্পানীর শ্রমিকদের সামনে তিনি যেসমস্ত কথা বলেছেন তাতে আমি মনে করি যে হরতাল করা, ধর্মঘট করা গণতান্ত্রিক অধিকারের মধ্যে পড়ে এবং প্রধানমন্ত্রী যে সমস্ত কথা বলেছেন সেগুলি প্ররোচনামূলক এবং মুখ্যমন্ত্রীর দিকে তাকিয়ে তিনি বলেছেন সব রকম ব্যবস্থা করতে হবে এবং তার ফলে দেশের জনসাধারণের মনে শ্রমিকদের মনে একটা বিশেষ চাঞ্চল্য দেখা দিয়েছে এবং সেজন্য, এখানে চীফ মিনিস্টার নেই, তাঁর তরফ থেকে এটা পরিষ্কারভাবে বলা দরকার বাংলাদেশের লোকের সামনে যে এই ধর্মঘট ভাংগার জন্য যেন কোন ষড়যন্ত্র না করেন।

Arrest of workers at Bankola Colliery

Shri Haridas Chakravarty:

মিঃ স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী বা পুলিশ বিভাগের রাষ্ট্রমন্ত্রী এখানে নেই, যাহোক এখানে অন্যান্য ক্যাবিনেট মিনিস্টাররা রয়েছেন। আমি তাঁদের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে বর্ধমান জেলার ওণ্ডাল থানায় বাংকোলা কোলিয়ারী বলে একটা কোলিয়ারী আছে, সেখানে প্রায় ৩০০০ শ্রমিক কাজ করে। সেখানে ১৭ই তারিখে সেই কোলিয়ারীর ম্যানেজার মিঃ শর্মা স্থানীয় পুলিশের সহযোগিতা নিয়ে সেখানকার শ্রমিকদের অনেকগুলি বাড়ী পুড়িয়ে দিয়েছেন এবং পোড়াবার একমাত্র উদ্দেশ্য হচ্ছে যে ওখানকার পুরানো ওয়ার্কারদের সরিয়ে দেয়া। কারণ ডিক্রী আছে, ভায়োলেসনের কেস আছে সে কেসের জন্য পুরানো ওয়ার্কাররা যেহেতু লড়াই করেছে সেহেতু তিক্ত বিরক্ত করার জন্য টেরোরাইজ করে সেখান থেকে তাদের তাড়িয়ে দেয়ার জন্য তাদের ঘরগুলি পুড়িয়ে দেয়া হয়েছে, এমন কি মিঃ শর্মা তিনি লীড করেছেন, রামলগন সিং বলে একজন কনট্রাকটর আছে তাঁকে সঙ্গে করে নিয়ে এবং এই করার পর পুলিশ ১৬ জন ওয়ার্কারকে য়্যারেস্ট করেছে, সেখানে ১৫ রাউন্ড টিয়ার গ্যাসিং হয়েছে। বাস্তবিকপক্ষে সেখানে সন্ত্রাসের রাজত্ব চলছে। পুলিশের সহযোগিতায় সেখানকার মালিক এবং ম্যানেজার এই জিনিস করেছে। আমাদের মুখ্যমন্ত্রী এখানে নেই, তিনি ঘর থেকে শুনছেন কিনা জানি না অন্ততঃ জগন্নাথবাবু আছেন, তাঁকে বলবেন যাতে ইমিডিয়েটলি একটা স্টেপ নেয়া হয়।

Fall in the price of paddy

Shri Panchu Copal Bhaduri:

মিঃ স্পীকার স্যার, সরকারের নির্দিষ্ট আউস ধানের দাম যেখানে ১৩ টাকা সেখানে ব্যাপারীরা যাদের কেনবার স্বাধীনতা আছে তারা কৃষকদের নূতন কাটা আউস ধানের দাম ডিপ্রেস করে নির্দিষ্ট দর থেকে অনেক কম দর দিয়ে কিনছে--১৩ টাকার জায়গায় ১০ টাকা পর্যন্ত দর দিয়ে কিনছে। এইভাবে ব্যাপারীদের হাতে গরীব কৃষকদের ছেড়ে দেয়া যে সরকারী নীতি সেটা পরিবর্তনের প্রয়োজন যাতে সরকার অনুভব করেন সেদিকে আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি।

Cancellation of ration cards in Park Street area

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

স্যার, মুখ্যমন্ত্রী এখানে নেই--আমি খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী দুজনেরই দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ের প্রতি। আমার কনস্টিটিউয়েন্সী পার্ক ষ্ট্রীট এরিয়ার মধ্যে একটা মডিফায়েড রেশন শপ আছে ১৮৩৩। গত ১৬ই তারিখে হঠাৎ ওখানে রেশন কিনতে গিয়ে কার্ড হোল্ডাররা দেখতে পেলেন যে তাঁদের কার্ড ক্যানসেল হয়ে গেছে। আমি নিজেও ওখানে গিয়েছিলাম দেখলাম সমস্ত খাতায় লাল কালি দিয়ে টেনে টেনে এনটায়ার খাতাটা ক্যানসেল করা হয়েছে তলায় লেখা আছে পি আর। আমি থানায় ইনকোয়ারী করলাম, থানা অফিসার বললেন আমরা এভাবে রেকমেণ্ড করিনি যে একধার থেকে কেটে দেওয়া হোক, রেশন অফিসে বললেন আমরা কিছু জানি না, পুলিশ যা রেকমেণ্ড করেছে আমরা তাই করেছি। পুলিশ এখন য়্যাডভাইস করলো যে ইমিডিয়েটলী তাঁরা রেশনের জন্য য়্যাপ্লাই করুন। ৩ হাজার রেশন কার্ড সেখানে রেজিস্টার্ড, তার থেকে ২৩০০ রেশন কার্ড ওখানে ক্যানসেল করা হয়েছে, affecting about 15 thousand people.
এবং তাঁরা সেদিন য়্যাপ্লাই করে নেক্সট ডে থেকে আস্তে আস্তে করে রেশন পাচ্ছেন। এখন পর্যন্ত প্রায় ৭০।৮০ পার্সেন্ট পাওয়া গেছে, রেণ্টোর হয়ে গেছে এবং এতে য়্যাফেকটেড হচ্ছে পার্ক ষ্ট্রীট, কলিকাতা এবং এখানে ভাল ভাল গভর্নমেন্ট অফিসার্স, কমার্শিয়াল অফিসার্স এঁরা সব রয়েছেন, তাঁদের রেশন কার্ড ক্যানসেল করা হয়েছে। কেন এরকম হ্যারাসমেন্ট করা হয়েছে আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এটা অনুসন্ধান করবেন এবং ভবিষ্যতে যাতে এরকম ঘটনা না ঘটে তার ব্যবস্থা করবেন।

Scarcity of rice in Kharagpur

Shri Somnath Lahiri:

স্যার, আমি খড়্গপুর থেকে শ্রীনারায়ণ চৌবের কাছ থেকে একটা টেলিগ্রাম পেয়েছি, সেটা খাদ্য-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার জন্য পড়ে দিচ্ছি—

Food situation Kharagpur very serious. Almost no rice with stockists. Great alarm among people. Thursday's Assembly Calling Attention statement biggest lie, please intervene.

এটা কাইণ্ডলি ওদের দিয়ে দেবেন।

Messages

[2-10—2-20 p.m.]

The Secretary (Shri P. Roy): Sir, I beg to report that messages have been received from the West Bengal Legislative Council to the effect that the Council at its meeting held on the 16th September, 1964, agreed to the City Sessions Court (Amendment) Bill, 1964 and the Land Acquisition West Bengal (Amendment) Bill, 1964, without any amendments.

Sir, I beg to lay the messages on the table.

The Government Bills

The Annual Reports of the Public Service Commission, West Bengal, for the years 1959-60 and 1960-61.

The Hon'ble Jagannath Kolay: Sir, I beg to lay before the Assembly the Annual Reports of the Public Service Commission, West Bengal, for the years 1959-60 and 1960-61 together with memoranda explaining, as respects the cases where the advice of the Commission was not accepted, the reasons for such non-acceptance, under Article 323(2) of the Constitution of India.

Discharge of Order Constituting Select Committee on the West Bengal Land Reforms (Amendments) Bill, 1964.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the order of the Assembly constituting the Select Committee on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, be discharged.

The motion was then put and agreed to.

Motion for Reference of the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, to a Joint Committee

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, be referred to a Joint Committee of the Houses consisting of 24 members; 19 members from this House, namely:

1. Shri Syed Abul Mansur Habibullah,
2. Shri Hare Krishna Konar,
3. Shri Amarendra Nath Roy Prodhan,
4. Shri Nani Bhattacharjee,
5. Shri Aswini Roy,
6. Dr. Radha Krishna Singha,
7. Shri Sudhir Chandra Das,
8. Shri Birendra Kumar Maitra,
9. Shri Abani Kumar Basu,

10. Shri Ananda Gopal Mukhopadhyay,
11. Shri Arun Kumar Moitra,
12. Shri Pijus Kanti Mukherjee,
13. Shri Shamsuddin Ahmed,
14. Shri Ajoy Kumar Mukherjee,
15. Srhi Gakul Behari Das,
16. Shri Sankardas Banerji,
17. The Hon'ble Sowrindra Mohan Misra,
18. The Hon'ble Purabi Mukhopadhyay, and
19. The Hon'ble Syamadas Bhattacharyya,

and five members from the Council;

that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of members of the Joint Committee;

that the Committee shall make a report to this House by the end of the second week of the next Session;

that in other respects the rules of procedure of this House relating to Committees will apply with such variations and modifications as the Speaker may make;

that this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House the names of members to be appointed by the Council to the Joint Committee.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে আমি ওয়েষ্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস এ্যামেন্ডমেন্ট বিল ১৯৬৪, এই কক্ষের নিকট উপস্থিত করেছিলাম এবং আমি মাননীয় সদস্যদের পরামর্শক্রমে এই বিলটি এই হাউসের একটি সিলেক্ট কমিটির নিকট প্রেরণ করতে প্রস্তাব গ্রহণ করেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তখনই বলেছিলাম যে এই বিলে আমরা যে বিধানগুলি আলোচন করছিলাম সেগুলি বিশেষ গুরুত্বপূর্ণ এবং আমার নিজের অভিমত ছিল এই যে সেই বিলের ধারাগুলি, অন্ততঃ কতকগুলি এখনই গ্রহণ করে, কার্যকরী করা প্রয়োজন। এইজন্যই আমি মাননীয় সদস্যগণের নিকট এই অনুরোধ জানিয়েছিলাম যে যাতে এই অধিবেশন কালের মধ্যেই এই বিলটি আলোচনা হতে পারে এবং এই বিলটি আলোচনা করে, দফাওয়ারি আলোচনা করে সকলের অভিমত গ্রহণ করে বিলটি আমরা কার্যে পরিণত করতে পারি। যখন সিলেক্ট কমিটিতে আমরা আলোচনা করলাম তখন আমরা অনেকগুলি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করেছি এবং আমরা দেখলাম যে বিলটিতে আরো বেশী সময় দিয়ে আলোচনা করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে সিলেক্ট কমিটির অধিবেশন হয়েছে সেই সিলেক্ট কমিটির অধিবেশনের মধ্যে মাননীয় সদস্যদের এই অভিমত পেয়েছি যে এখনি, এই অধিবেশনের মধ্যে এই বিলটি পাশ করে যে আইনে পরিণত করতেই হবে এমন কোন কথা নেই। আমি একথাও বলতে চাই যে এমন কতকগুলি ধারা এর মধ্যে আছে যেগুলি যত শীঘ্র কার্যকরী করা যায় ততই মঙ্গল। যেমন ৮নং ধারার কথা বলি, ৮নং ধারাতে আছে, ৮নং ধারাতে আমরা যে সংশোধনী আনতে চাচ্ছি তাতে এই কথা বলেছি যে ভাগচাষী বর্তমানে ভাগের অংশ বা কৃষিজাত উৎপন্ন দ্রব্যের অংশ শস্যের অংশ যদি না দেয় তাহলে তার বিরুদ্ধে মালিক যে কোন বছরে মামলা করতে পারে অর্থাৎ মালিকের মামলা করার ব্যাপারে কোন লিমিটেশন আইনের কোন ধারায় প্রযুক্ত হচ্ছে না এমন উদাহরণ আছে যে মালিক ১০ বৎসর, ১২ বৎসর পর্যন্ত আদায়ের দাবী করে, ভাগ শস্যের দাবী করে, নালিশ করেছেন এবং হাইকোর্ট থেকেও সেই নালিশের উপর ডিগ্রি বাহাল হয়ে গিয়েছে। এই সব ক্ষেত্রে স্বভাবতঃই দরিদ্র ভাগচাষীরা উৎখাত হয়ে যাচ্ছে। মাননীয় সদস্যগণ আমাকে সকলেই বলেছেন যে এক্ষেত্রে সেই ভাগচাষীকে রক্ষা করবার জন্যে লিমিটেশনের সময়টা কমিয়ে দেওয়া উচিত। আমি সেইজন্য চাইছিলাম যে এই রকম একটা ধারা বেশী দেরী না করে এই অধিবেশন কালের মধ্যেই পাশ করিয়ে নেওয়া যেতে পারে এ সম্পর্কেও মাননীয় সদস্যগণ বিশেষ করে সিলেক্ট কমিটির মাননীয় সদস্যগণ, আমাকে অনেক রকম মূল্যবান পরামর্শ দিয়েছেন

অন্যান্য অনেকগুলি ধারা এর মধ্যে আছে যেগুলি হয়ত একটু দেরী করা যেতে পারে। মাননীয় সদস্যগণ জানেন যে আমরা ল্যান্ড রিফর্ম আইনের মধ্যে খাজনা নির্ণয় সম্পর্কে যে অধ্যায়টি আছে সেটি এখনও প্রয়োগ করিনি। খাজনা নির্ণয় অধ্যায়টি যখন আমরা সন্নিবেশ করেছিলাম তখন হয়ত ভেবেছিলাম যে এটি বেশ একটা সর্বাঙ্গসুন্দর অধ্যায় আমরা রচনা করেছি। কিন্তু পরে কার্যে পরিণত করতে গিয়ে দেখলাম যে সেই ৪র্থ অধ্যায়, ল্যান্ড রিফর্ম আইনের ৪র্থ অধ্যায়, কাজে পরিণত করা খুব সোজা নয়, সেইজন্য আমি কিছু প্রস্তাব করেছিলাম খাজনা নির্ণয়ের বেলাতে। এ সম্পর্কেও আমাদের সিলেক্ট কমিটির মাননীয় সদস্যগণ, তাঁরা প্রস্তাব করেছেন এবং আমরা মোটমুটি এই হাউসে যে সিলেক্ট কমিটি ছিল তাতে আমরা একটা সর্বসম্মত সিদ্ধান্তে আসতে পেরেছি। মাননীয় সদস্যগণ সেই সর্বসম্মত সিদ্ধান্ত শুনলে খুব আপত্তি করবেন না। কিন্তু তাহলেও অনেকগুলি বিষয় রয়েছে এখনও সেই বিষয়গুলি সম্পর্কে মাননীয় সদস্যগণ, কমিটির সদস্যগণ, আমাকে বলেছেন যে তাঁরা আরো বেশী সময় চান।

[2-20—2-30 p.m.]

আমি এখনো বলি এমন করা হয়তো দরকার হবে। দ্বিতীয় অধিবেশনের কাজ যদি শীঘ্র আরম্ভ না করতে পারি তাহলে কিছু কিছু অংশ মাননীয় সদস্যদের সম্মতির আভাস পেলে আমরা অন্যভাবে আইনে পরিণত করবার চেষ্টা করতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কারণে আমরা মাননীয় সদস্যদের কাছে প্রথমেই আমি অনুমতি চাচ্ছি যাতে আমরা যে সিলেক্ট কমিটি গঠনের অনুমতি এখানে দেওয়া হয়েছে সেই অনুমতি ছাড়াও তাঁরা যেন আরেকটা জয়েন্ট সিলেক্ট কমিটি করবার অনুমতি দেন, তার কারণ হচ্ছে এই যে, যখন আমাদের এই বিলটা দুটো কক্ষেই পাস করতে হবে তখন আমাদের কর্তব্য হচ্ছে দুই কক্ষের মাননীয় সদস্যদের মধ্যে যাঁরা এইসব বিষয়ে অনুরাগী এবং যাঁরা উৎসাহ প্রকাশ করেন তাঁদের সঙ্গে বসে কমিটি করে সিদ্ধান্ত ঠিক করে নেওয়া। কোন কোন মাননীয় সদস্য মনে করেছিলেন এবং আমাকে জানিয়েছিলেন যে, আমরা কেন আপার হাউস-এর প্রতি শ্রদ্ধা জানিয়েছি। এটা কখনোই আমাদের মনোভাব ছিল না। আমরা চেয়েছিলাম ২০ তারিখের মধ্যে আলোচনা করে সিলেক্ট কমিটি কর্তৃক একটা সিদ্ধান্ত যাতে এখানে উপস্থাপিত করতে পারি, তারপর যথারীতি সেটা আপার হাউসএ উত্থাপন করবার অবকাশ পাব। এই ছিল আমাদের আসল উদ্দেশ্য, এবং অন্য কোন উদ্দেশ্য ছিল না। এখন যখন সিলেক্ট কমিটির সদস্যগণ এবং অন্যান্য অনেক মাননীয় সদস্য এবং বেশির ভাগ সদস্য এই সম্পর্কে একমত হয়েছেন যে, এই বিলটা আরো ভালভাবে আলোচনা করে, গভীরভাবে আলোচনা করে, সর্বদিক বিবেচনা করে তবে আইন প্রণয়নের জন্য এই হাউসের সামনে উপস্থিত করা উচিত তখন আমরা একটা জয়েন্ট সিলেক্ট কমিটি গঠন করার প্রস্তাব করছি এবং আশা করি মাননীয় সদস্যগণ আমার এই প্রস্তাবটা গ্রহণ করবেন।

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, be refered to a Joint Committee of the Houses consisting of 24 members; 19 members from this House namely:

1. Shri Syed Abul Mansur Habibullah,
2. Shri Hare Krishna Konar,
3. Shri Amarendra Nath Roy Prodhan,
4. Shri Nani Bhattacharjee,
5. Shri Aswini Roy,
6. Dr. Radha Krishna Singha,
7. Shri Sudhir Chandra Das,
8. Shri Birendra Kumar Maitra,
9. Shri Abani Kumar Basu,
10. Shri Ananda Gopal Mukhopadhyay,
11. Shri Arun Kumar Moitra,
12. Shri Pijus Kanti Mukherjee,
13. Shri Shamsuddin Ahmed,
14. Shri Ajoy Kumar Mukherjee,

15. Shri Gokul Behari Das,
16. Shri Sankardas Banerji,
17. The Hon'ble Sowrindra Mohan Misra,
18. The Hon'ble Purabi Mukhopadhyay, and
19. The Hon'ble Syamadas Bhattacharyya,

and five members from the Council;

that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of members of the Join Committee;

that the Committee shall make a report to this House by the end of th second week of the next Session;

that in other respect the rules of procedure of this House relating t Committees will apply with such variations and modifications a the Speaker may make;

that this House recommends to the Council that the Council do join ir the said Joint Committee and communicate to this House th names of members to be appointed by the Council to the Join Committee, was

then put and agreed to.

The West Bengal Mining Settlement (Health and Welfare) Bill, 1982

Clause 8

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে বলা হয়েছে

The State Government shall appoint two of the members of a Board to b the Chairman and the Vice-Chairman respectively of the Board.

স্যার, এই যে বোর্ড গঠন করা হল এটা একটা মালিকঘেঁষা বোর্ড গঠন করা হল, এতে আমর দেখতে পাচ্ছি শ্রমিকদের মাত্র ২ জন প্রতিনিধি আসছেন সরকার কর্তৃক মনোনীত। আমি মনে করি এখানেই গণতন্ত্র নষ্ট করা হয়েছে। চেয়ারম্যান এবং ভাইসচেয়ারম্যান এদেরও মনোনীত প্রতিনিধি করা হচ্ছে। আমি এখানেই বলতে চাচ্ছি বোর্ডের যাঁরা মেম্বার তারা

shall elect the Chairman and Vice-Chairman respectively of the Board in such manner as may be prescribed.

আমি চাচ্ছি, এটা যেন সরকারের অনুগৃহীত আমলাতান্ত্রিক কাঠামোতে পরিণত না হয়। আমি চাচ্ছি সরকার যে কমিটি মনোনয়ন দ্বারা গঠন করলেন তার উপরই ছেড়ে দেওয়া হোক।

The question that clause 8 do stand part of the Bill was then put an agreed to.

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি না এই প্রস্তা গ্রহণ করা যেতে পারে। যেভাবে কনস্টিটিউশন আছে, ক্লজ সেভেন যেটা আপনারা অনুগ্র করে অনুমোদন করেছেন তারপর ক্লজ এইট স্বভাবতঃই আসে। ক্লজ এইট-এ এমন কথা লে নেই যাতে আমাদের মূল উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতি থাকবে না।

Clause 9

Deb Saran Ghosh: Sir, I beg to move that in clause 9(1), items (a and (b) be omitted.

I also beg to move that in clause 9(1), in lines 11 and 12, for the word "is accepted by the State Government or the Board, as the case may be the words "is accepted by the Board" be substituted.

I also beg to move that clause 9(2), the following be substituted namely:—

"(2) Leave of absence may be granted to the Chairman, Vice-Chairma or any other member of the Board by the Board.".

স্যার, চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যান যখন রিজাইন করবেন তখন রেজিগনেসন এ্যাকসেপ্ট করবার ব্যাপারে আইনে বলছে সরকারের কাছে রেজিগনেসন দাখিল করতে হবে। কিন্তু আমার সেখানে বক্তব্য হচ্ছে বোর্ডের কাছে দাখিল করতে হবে। এঁরা যা বলেছেন সেটা অগণতান্ত্রিক এবং সেইজন্য আমি মনে করছি বোর্ডের কাছে দাখিল করতে হবে। এই সঙ্গে ক্লজ নাইন-এ ছুটি নেবার ব্যাপারে আমি বলছি, লিভ অব এ্যাবসেন্স মে বি গ্রানটেড টু দি চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান অর এনি আদার মেম্বার অব দি বোর্ড বাই দি বোর্ড। এখানে নাইন (টু-তে) বলা আছে চেয়ারম্যান গভর্নমেন্টের কাছে তাঁর ছুটির জন্য এ্যাপ্লাই করবেন এবং ভাইস-চেয়ারম্যান বোর্ডের কাছে করবেন। আমি সেখানে বলছি ছুটির জন্য সরাসরি বোর্ডের কাছে এ্যাপ্লাই করবেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র : মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ নাইন, সাব-ক্লজ ওয়ান-এতে বলা হয়েছে চেয়ারম্যান রেজিগনেসন দিলে স্টেট গভর্নমেন্ট-এর কাছে দেবে। আমার বক্তব্য হচ্ছে চেয়ারম্যান যদি পদত্যাগ করেন তাহলে ভাইস-চেয়ারম্যানের কাছে করবেন এবং ভাইস-চেয়ারম্যান সেটা বোর্ডের কাছে উপস্থিত করবেন। অর্থাৎ আমার বক্তব্য হচ্ছে কারুর রেজিগনেসন অ্যাকসেপ্ট করার ব্যাপারে একমাত্র বোর্ডেরই ক্ষমতা থাকবে। তারপর ছুটির ব্যাপারে যা বলা হয়েছে সেখানে আমি বলছি বাই দি বোর্ড এবং ভাইস-চেয়ারম্যানের ব্যাপারে বোর্ডই অধিকারী।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে ক্লজ এইট যেটা পাশ করা হয়েছে তাতে বলা হয়েছে,

The State Government shall appoint Two of the members of a Board to be the Chairman and the Vice-Chairman respectively of the Board.

কাজেই এটা সঙ্গত বলে মনে হচ্ছে যে, চেয়ারম্যান তাঁর ছুটির কথা স্টেট গভর্নমেন্টকে জানাবেন এবং ব্যবস্থা করে নেবেন। আর ভাইস-চেয়ারম্যানের বেলাতে আমি বলেছি, ইন দি কেস অব দি ভাইস-চেয়ারম্যান অর এনি মেম্বার অব দি বোর্ড

he will resign by informing the Chairman of the Board who shall forthwith lay notice before the Board.

অর্থাৎ ভাইস-চেয়ারম্যানের বেলায় আমি ব্যবস্থা করেছি এবং চেয়ারম্যানের বেলায় বলছি,

As regards it is desirable that he should approach the State Government for his re-signation or for having leave of absence.

The motion of Shri Deb Saran Ghosh that in clause 9(1), items (a) and (b) be omitted, was then put and lost.

The motion of Shri Deb Saran Ghosh that in clause 9(1), in lines 11 and 12, for the words "is accepted by the State Government or the Board, as the case may be" the words "is accepted by the Board" be substituted, was then put and lost.

The motion of Shri Deb Saran Ghosh that for clause 9(2), the following be substituted, namely:—

"(2) Leave of absence may be granted to the Chairman, Vice-Chairman or any other member of the Board by the Board.", was then put and lost.

[2-30—2-40 p.m.]

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 10, 11, 12, 13 and 14

The question that clauses 10, 11, 12, 13 and 14 do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

Shri Monoranjan Roy: Sir, I beg to move that the following further proviso be added to clause 15(2):—

"Provided further that the whole process including appeal shall be completed within 45 days."

I also move that in clause 15(3), in line 4, after the word "owner", the words "and occupier" be inserted.

ক্লজ নম্বর ১৫তে বিজয় পাল মহাশয়ের যে অ্যামেণ্ডমেণ্ট সেই অ্যামেণ্ডমেণ্ট আমি সমর্থন করছি। কেন সমর্থন করছি বলছি। যে সমস্ত ঘরবাড়ী মাইনিং সেটলমেন্টের ভিতর তৈরী হয়েছে আগে কিংবা আইন হয়ে যাবার পর সেই সমস্তই তৈরী হচ্ছে মালিক পক্ষ থেকে এবং তারা খরচ বাঁচাবার জন্য নানাভাবে সেই আইনকে ভঙ্গ করে ঘরবাড়ী তৈরী করে দেন শ্রমিকদের জন্য। এখন সেই ঘরবাড়ীগুলিকে যখন বলা হয় এগুলিকে ভেঙ্গে দাও তখন তারা এই আইনের সাহায্য নেন। আইনের সাহায্য নেওয়ার অর্থ হচ্ছে প্রায় বছরের পর বছর শ্রমিকদের এই অস্বাস্থ্যকর অবস্থার ভিতর রাখার জন্য যে আইন বেঁধে দেওয়া আছে, অর্থাৎ আইনের যে উদ্দেশ্য—স্যানিটেশনের ব্যবস্থা রাখা, পানীয় জলের ব্যবস্থা রাখা, অন্যান্য ব্যবস্থা রাখা, এই ঘরবাড়ী তৈরী করলে যে ব্যবস্থা করা দরকার সেই ব্যবস্থা না করেই তাঁরা ঐভাবে আইনের সমস্ত উদ্দেশ্যটাকে ব্যর্থ করে দেন। সেজন্য আমি বলেছিলাম যে আপীল করেই হোক বা যেভাবেই হোক, লীগেল প্রসিডিওরের মধ্য দিয়ে সেটা যাতে ৪৫ দিনের মধ্যে সত্বর প্রয়োগ করা হয়। এই ঘরবাড়ী ভেঙ্গে দিয়ে যাতে জলের ব্যবস্থা, স্যানিটেশনের ব্যবস্থা ইত্যাদি তাড়াতাড়ি করা হয়, তা না হলে এর ফাঁক দিয়ে আপীল করবে এবং আইনের সুবিধা নেবে এবং এইভাবে চিরকালের জন্য তারা বেঁচে যেতে পারে। আর একটা কথা এখানে আছে। সেটা হচ্ছে ওনার সম্বন্ধে এখানে লেখা আছে তুলে দেওয়া যে ঘরবাড়ী উঠিয়ে দিয়ে সেখানে অকুপাইয়ার শব্দটা রাখতে চাই। অর্থাৎ লীজ হোল্ডার যদি কেউ থাকে তাকে কিছুটা কমপেনসেসন দেওয়ার প্রস্তাব করছি।

শ্রীহরিদাস চক্রবর্তী: আমি বিজয় পাল মহাশয়ের যে এ্যামেন্ডমেন্ট তার সমর্থনে আমি বলছি। তা যদি না হয়

Provided further that the whole process including appeal shall be completed within 45 days

এটা যদি না করেন তাহলে হোল পারপাসটা নষ্ট হয়ে যাবে। আপনারা ক্লজ ১৫তে যেটা রেখেছেন সেটা কনফর্ম করছেন না। স্যানিটেশন, হেলথ ইত্যাদির দিক থেকে কনস্ট্রাকশন থাকলে সেটা ভেঙ্গে ফেলতে হবে। তারপর যেটা রেখেছেন মালিক যদি ইচ্ছা করে সে আপীল করতে পারে, নোটিশ দিলেন ভাঙ্গ যদি ভাঙ্গে ভাল নইলে আপীলের ফাঁক দিয়ে দীর্ঘদিন পর্যন্ত স্যানিটেশন ডিস্টার্ব করবে, হেলথকে ডিস্টার্ব করবে, এমতাবস্থায় যে সমস্ত কনস্ট্রাকশন ডুয়েলিং প্লেসে থাকবে সেগুলি বজায় থাকবে যতদিন না আপীল শেষ হবে। আমরা বিভিন্ন জায়গায় দেখেছি আপীলের নাম করে বছরের পর বছর চলে যাচ্ছে এবং সেই সমস্ত আনহাইজিনিক কনস্ট্রাকশন—খাবারের দোকান যেগুলি সম্বন্ধে আইন করতে যাচ্ছেন সেগুলি প্রিভেইল করছে, এই আপীলের সুযোগে। সুতরাং এই আপীলের প্রসেসটা একটা নির্দিষ্ট সময়ের মধ্যে কমপ্লিট করা উচিত। এই প্রভিশনটা থাকা দরকার তা যদি না হয় এটা যেমন আছে তেমনি থাকবে কাজেই একটা টাইম লিমিট বেঁধে দেওয়া দরকার।

দি অনরেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় সদস্যগণ বলেছেন যে

Provided further that the whole process including appeal shall be completed within 45 days.

এখন আমরা দেখতে পাচ্ছি এর সঙ্গে পরের ক্লজ নাম্বার ১৬ জড়িত আছে। ক্লজ ১৬তে আমাদের প্রস্তাব হচ্ছে এই

An appeal may be prepared against the Board's order within thirty days of the date of such order.

একটা এ্যাপিল করতে যদি দিতে হয় তাহলে ৩০ দিনের কম সময় দিলে খুব খারাপ দেখায়, অত্যন্ত অল্প হয়। এখানে মাননীয় সদস্যগণ প্রস্তাব করেছেন যে ৩০টাকে কমিয়ে ১০ করা হোক। আমরা সেটা গ্রহণ করা সুবিধা হবে বলে মনে করি না। যদি ৩০টাকে রাখি তাহলে আর ১৫ দিনের মধ্যে এনটায়ার প্রসেস শ্যাল বি কমপ্লিটেড। প্রসেস এই কথার অর্থ দাঁড়াবে এই প্রসেস মানে সমস্ত জিনিস ইনক্লুডিং ডেমোলিসান।

I take it that the intention is that everything must be completed, disposal of the case, disposal of the appeal and also demolition & kindly look at the wordings "Buildings and structures constructed within mining settlements to conform to prescribed conditions and power of the Board to demolish buildings and structures in certain cases"

এখানে ডেমোলিসটা হচ্ছে বড় কথা। এই ডেমোলিস ৪৫ দিনের মধ্যে করা যেতে পারে, মন্দ কথা নয়, খুব উচিত। আমি মাননীয় সদস্যদের উদ্দেশ্যটা বুঝতে পারছি, উদ্দেশ্যটা হচ্ছে এই যে দীর্ঘসূত্রতার ফলে সমস্ত জিনিসটার উদ্দেশ্য নষ্ট হয়ে যাবে। ৩ বছর ধরে যদি মামলা চলে ৩ বছর ধরে যদি একটা অথরিটির কাছ থেকে আর একটা অথরিটির কাছে ঘোরাফেরা করতে থাকে ফাইল নাড়াচাড়া করতে থাকে তাহলে আমার এই কথার কোন অর্থ হয় না। কবে ডেমোলিসড হবে—

Demolition must be carried out and the entire process must be completed within 45 days.

এটা হল মাননীয় সদস্যগণের উদ্দেশ্য। কিন্তু আপনি ডিস্ট্রিক্ট জাজের কাছে নিয়ে যাচ্ছেন—

The appeal will be heard by the District Judge.

আমি সেখানে কি করে বলে দেব যে আপনাকে এত দিনের মধ্যে হিয়ারিং শেষ করতে হবে? মাননীয় সদস্যগণ জানেন যে বহু মামলা আদালতে ঝুলছে এবং আদালতকে আমরা এইভাবে নির্দেশ দিতে পারি না যে আপনি এত দিনের মধ্যে শেষ করবেন। করতে পারলে ভাল হত। আমি সবচেয়ে বেশী খুসী হতাম, কারণ, অন্যান্য ব্যাপারে—জমি জায়গার ব্যাপারে বিশেষ করে ভূমি সংস্কারের ব্যাপারে অনেক জমি পড়ে রয়েছে যেখানে আমরা কিনারা করতে পারি নি, সেখানে যদি নির্দিষ্ট সময় করে দেওয়া যেত যে

within such and such time, the appeal must be heard,

তাহলে ভাল হত। কিন্তু এখন আমার মনে হচ্ছে যে যেখানে ডিস্ট্রিক্ট জাজের আদালতে মামলা এ্যাপিল করতে হবে সেখানে আমাকে বলে দেওয়া যে এত দিনের মধ্যে মোট ৪৫ দিনের মধ্যে মাননীয় সদস্যগণ যে কথা বলেছেন

The whole process including appeal shall be completed

শ্রীহরিদাস চক্রবর্তী: আপনি পরেরটা দেখুন—

Provided that no such order shall be executed until after the expiry of the period of appeal or until any appeal filed against it has been disposed of.

অর্থাৎ আপনি এগজিকিউসান স্টার্ট করতে পারছেন না। আপনি ডেমোলিসান নাই বা করলেন: কিন্তু ৩০ দিনের নোটিশ দিচ্ছেন তারপর ডিস্ট্রিক্ট জাজের কোর্টে এ্যাপিল হবে সেই এ্যাপিল ৩ বছর চলবে, তার মানে আপনি ৩।৫ বছর লাগিয়ে দেবেন। অথচ যে কারণে আপনি ডেমোলিসান অব বিল্ডিং বলছেন সেই কারণে সেখানকার লোকাল পিপলের হেলথ ডিসটার্ব করছে, সানিটারী কনডিসান ডিসটার্ব করছে। অথচ সেই কনস্ট্রাকসান সেখানে থাকছে ফর ইয়ার্স টু কাম। তার বিরুদ্ধে আপনি কি চেক নেবেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: I have no objection fundamentaly.

মৌলিক দৃষ্টিতে আমার কোন আপত্তি নেই। কিন্তু এটা কার্যকরী হতে পারবে কি পারবে না এটাই প্রশ্ন। এটা যদি করা যায় আইনের বাঁধন কোথাও ভেতর দিয়ে যে

The whole process must be completed within 45 days.

তাহলে আমার কোন আপত্তি নেই। আমার কেবল জিজ্ঞাস্য ছিল সম্ভব কি সম্ভব নয়। আপনি যদি বলেন তা হলে

I may discuss these things also at a later stage.

শ্রীমনোরঞ্জন রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি দেখিয়ে দিচ্ছি যে কোন কোন বিল্ডিং আপনারা ডেমোলিস করার কথা বলছেন, না,
Which endangers the safety of the dwellers therein.

অর্থাৎ বাড়ীটা ভেঙ্গে পড়ছে এই রকম বাড়ী যদি হয় তাহলে সেটাকে ডেমোলিস করার কথা বলা হচ্ছে। অথচ তাঁরা আইনের মারফত ৩ বছর কাটিয়ে দেবেন। তাহলে বাড়ীটি ভেঙ্গে পড়বে এবং লোক মারা যাবে। তারজন্য দায়িত্ব আর কারোর থাকছে না। কারণ, মামলা তো চলে গেছে। সেজন্য আমরা এটা বলছিলাম যে এ্যাপিলটা অন্য কোন কিছু করা যায় কিনা যে এই রকম যদি কনডিসান হয় তাহলে তার এ্যাপিল করার কোন অধিকার থাকবে না। তা না হলে ৩ বছর তো করবেই, এ আপনি কিছুতেই আটকাতে পারবেন না।

Mr. Speaker: Honourable members, the question before the House is the amendments Nos. 62 and 63 moved by Shri Monoranjan Roy.

শ্রীমনোরঞ্জন রায়ঃ স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এ সম্বন্ধে আমরা আলোচনা করে দেখতে পারি। এখন যদি পাশ করিয়ে নেন তাহলে আর আলোচনা করার কোন স্কোপ থাকবে না, পরে দেখবারও কোন স্কোপ থাকবে না। সেটা কি করবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya: Mr. Speaker, Sir, if you will allow me, I have no objection to discuss the matter with my honourable friends there.

Mr. Speaker: Clauses 15 and 16 are held over until after recess.

Clauses 17-21

The question that clauses 17 to 21 do stand part of the Bill was then put and agreed to.

Clause 22

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that in clause 22, line 4, for the words "Commissioner of the Division" the words "District Judge" be substituted.

I also move that in clause 22, line 8, for the word "Commissioner" the words "District Judge" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার য়্যামেন্ডমেন্টটা খুব সোজা, আমি বলতে চাই যে আপীলের যেখানে ব্যবস্থা আছে সেটা কমিশনার অব্ দি ডিভিশনের উপর না দিয়া ডিস্ট্রিক্ট জজের উপর সেই ক্ষমতাটা দেয়া হোক্।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হরিদাসবাবু নিশ্চয়ই এবার লক্ষ্য করবেন যে এখানে আমার বন্ধু যে প্রস্তাব করলেন তার ফলাফল কি দাঁড়াবে। উনি এখানে বলছেন কমিশনারের কাছে আপীলের ব্যবস্থা না করে ডিস্ট্রিক্ট জজের কাছে আপীল করতে দিন। ডিস্ট্রিক্ট-জজের কাছে যদি আপীলের ব্যবস্থা দেন তাহলে কতদিনে এটা শেষ হবে সেটা মাননীয় সদস্য নিশ্চয়ই অনুভব করবেন। এখন কথা হচ্ছে সেক্সান ১৯(৩) এবং ২২ এই দুটো অর্ডারের বিরুদ্ধে আপীল করতে যদি ডিষ্ট্রিক্ট জজের কাছে দেন তাহলে অনেক সময় লাগবে। আমাদের উদ্দেশ্য মাননীয় সদস্যগণ যে কথা বল্লেন যে তাড়াতাড়ি যাতে কাজ ভাল হয় সেই তাড়াতাড়ি কাজ করতে গেলে আদালতে ভাল কাজ হতে পারে কিন্তু তাড়াতাড়ি কাজ হবার সম্ভাবনা কম থাকে। সেজন্য এই য়্যামেন্ডমেন্ট সম্বন্ধে আমি মাননীয় সদস্যকে বিবেচনা করতে বলছি।

The motions were then put and lost.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clause 23

[2-40—2-50 p.m.]

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that in clause 23(2), line 4, for the word "such" the word "a" be substituted.

I also move that in clause 23(2), line 4, words "not exceeding" be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে "সাচ"-এর পরিবর্তে "এ" করতে বলছি এবং যেখানে "নট এক্সিডিং" আছে সেটাকে ওমিট করতে বলছি।

Shri Haridas Chakravarty: Sir, I beg to move that in clause 23(2)(i), line 1, after the words "in the case of the fee", the words "rupees twenty" be inserted.

আমার এমেণ্ডমেণ্টটা হচ্ছে ক্লজ (২৩)-তে, যেখানে ফির কথা বলা হয়েছে। ১০ টাকা রেট যেখানে আছে সেখানে আমি ২০ টাকা করতে বলছি

"for the purpose of meeting the expenses to be incurred by a Board under this Act, the Board may, in such manner and subject to such terms and conditions as may be prescribed, impose and assess on the owners of a mine or mines, the employees of which reside within the mining settlement, after giving such owners an opportunity of being heard".

ওয়াটার সাপ্লাই এবং [illegible]। সার্ভিসেস যারা নেবেন, তাঁরা স্বভাবতই এই সার্ভিসের পরিবর্তে টাকা দেবেন। এখানে কনজারভেন্সী রেট ও ওয়াটার রেট যেটা আছে, সে সম্বন্ধে আমার বক্তব্য রাখছি না। কিন্তু অ্যাসেস্‌মেণ্ট অব ফিস সম্বন্ধে যেটা বলা হয়েছে,

in the case of the fee rupees ten per hundred metric tonnes,

সেখানে রুপিস টেন-এর জায়গায় রুপিস টুয়েন্টী লেভি করা হোক। কারণ হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাচ্ছি যে, এই যে কম্‌প্রিহেন্‌সিভ বিল আনা হয়েছে, ঐ খনি অঞ্চলে স্বাস্থ্য এবং সেখানকার পরিবেশ উন্নত করার জন্য, এবং তা যদি করতে হয়, তাহলে আপনার কিছু আর্থিক সঙ্গতি দরকার। কিন্তু সেই আর্থিক সঙ্গতি কিছুতেই করতে পারবেন না, যদি সেখানকার যে সব বড়, বড় খনির মালিক আছেন, সেই সব খনির মালিকদের যে আর্থিক আয়, সেই আয়ের উপর আপনি যদি লেভি করতে না পারেন। কাজেই

in the case of the fee rupees ten per hundred metric tonnes,

যেখানে বলা হয়েছে, সেখানে ঐ রুপিস টেন-এর জায়গায়, আমি রুপিস টুয়েন্টী করতে বলছি। কারণ ১০ টাকা যেটা ধরা হয়েছে, তা দিয়ে ঐ অঞ্চলের স্বাস্থ্য ইত্যাদির উন্নতি করা সম্ভব নয়। ঐ টাকার সীমাটা আর একটু বাড়িয়ে দেওয়া হোক, যেটা আমি আমার এ্যামেণ্ডমেণ্টে বলেছি। রুপিস টেন-এর জায়গায় রুপিস টুয়েন্টী করে, আমার এই এ্যামেণ্ডমেণ্টটা একসেপ্ট্ করুন।

Shri Monoranjan Roy:

আমি বলছি সেকসান ২৩, ক্লজ ২, সাব-ক্লজ (৪)এ যেটা আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য হরিদাস চক্রবর্তী মহাশয় যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন যে ১০ টাকা ফির জায়গায় ২০ টাকা করা হোক, এবং যেটা খনির মালিকরা দেবেন, সেটা আমি সমর্থন করে বলছি এই জন্য যে বোর্ডের সমস্ত কাজ চালাবার জন্য এবং বিশেষ করে ওয়াটার সাপ্লাই ও কনজারভেন্সী এবং মেডিক্যাল-এর ব্যবস্থা যদি ভাল ভাবে করতে হয়, তাহলে ঐ ১০ টাকা করে দিলে, তাতে কুলাবে না, এবং তাতে দেখা যাবে যে টাকার অভাবে কাজ হচ্ছে না। অথচ আমরা জানি যে কলিয়ারীর মালিকরা, কয়লা খনির মালিকদের, তারা পার মেট্রিক টন ১০ টাকার জায়গায় ২০ টাকা দেওয়ার মত, ক্ষমতা আছে, এবং আমি মনে করিনা যে, এর জন্য কয়লার দাম ১ পয়সাও বাড়ানর প্রয়োজন আছে। কারণ আমার আশঙ্কা রয়েছে যে ১০ টাকার স্থলে ২০ টাকা দিলে, হয়ত শেষকালে সরকার বলতে পারেন যে, আচ্ছা, কয়লার দামটাও একটু বাড়িয়ে দিলাম। কারণ ওদিকে আমরা দেখেছি ওয়েজ বোর্ড-এর ট্রাইব্যুনাল-এর যখন প্রয়োজন হয়েছে,

শ্রমিকদের মাইনে বাড়ান হয়েছে, তার পরেই সরকার বলে দিয়েছে যে কয়লার দামটা বেড়ে গেলো, এবং তার ফলে, সাধারণের মাথায় সেই বোঝাটা এসে চাপলো। সেই জন্য সেটা যাতে শেষকালে না আসে, এদিকে দৃষ্টি রেখেই আমি বলছি ১০ টাকার জায়গায় ২০ টাকা করা হোক। বিশেষ করে যে সমস্ত কয়লা শ্রমিক এলাকা রয়েছে, তার আশে-পাশে জনসাধারণের জন্যে বিশেষ করে পানীয় জল এবং কনজারভেন্সী সারভিস্, এটা ঐ বোর্ড দিতে পারেন। বিলের ক্লজ ২, সাব-ক্লজ (৪), সেকশান ২৩তে রয়েছে

subject to the approval of the State Government the Board may, on such terms as may be prescribed, supply water or render conservancy services to private persons, railway authority, local authorities and industrial concerns within the mining settlements.

মাইনিং সেটেলমেণ্ট-এর মধ্যে বহু জায়গায় বাইরের লোকরা এসে বসবাস করেন, এবং সেখানে কিছু কিছু ইনডাসট্রি আছে, এবং রেলওয়ের কতকগুলি এরিয়া সেখানে পড়ছে। কাজেই সেখানকার সেই সমস্ত লোকদের জন্য যদি জল সরবরাহ করতে হয়, তাদের কনজারভেন্সী সার্ভিস দিতে হয়, তাহলে বোর্ডের হাতে আরও বেশী টাকা দেওয়া দরকার। বোর্ডের হাতে টাকা থাকলে, তারা এই জিনিষগুলি করতে পারেন, তা নাহলে টাকার অভাবে সেখানে পানীয় জল, পায়খানা, হেল্‌থ ও মেডিকেলের ব্যাপারে, আর তারা বেশী দূর এগিয়ে যেতে পারবেন না, টাকার অভাবে সমস্ত কিছু বন্ধ হয়ে যাবে। এই জন্যই বোর্ডের হাতে টাকা বাড়ানর প্রয়োজন রয়েছে। কয়লা খনির মালিকরা ২০ টাকা দিতে পারেন বলেই, আমি ১০ টাকার স্থলে ২০ টাকা করতে বলছি। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এটা মেনে নেবেন।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মাঝামাঝি একটা এ্যামেণ্ডমেণ্ট আছে। আমি বলছি ঐ ২৩(২)( )তে—যেখানে ১০ টাকা আছে, সেখানে ১৫ টাকা রাখতে চেয়েছি। সেখানে ফি সম্বন্ধে বলা হচ্ছে যে—ইন দি কেস অব দি ফি রুপস টেন, সেখানে আমি ১৫ টাকা করতে বলছি, মাঝামাঝি একটা রেখেছি। কারণ উনি এখানে পরশুদিন বলেছিলেন এই রকম ভাবে, যে সাড়ে চার টাকা ছিল, পাঁচ টাকা ছিল, আমরা সেখানে দশ টাকায় এসেছি। আমি তখন তাঁকে বললাম সেটা বলার কোন প্রয়োজন নেই। কারণ আমি পরে আসছি, আমি দেখাবো যে আউট পুটটা তিনি রাখতে চাচ্ছেন, সেই আউট পুটটা ভাল করে পড়লে, তিনি নিজেই সেটা বুঝতে পারবেন, যে এটা কি রকম হচ্ছে।

[2-50—3 p.m.]

আমার এখানে বক্তব্য হচ্ছে এই ১৫ রাখতে চাচ্ছি এও যথেষ্ট কম। আমি আপনাকে দেখাচ্ছি যে যেখানে ১৯৫৭-৫৮ সালে আউট পুট ছিল সারা ভারতে ৪ কোটি ১৫ লক্ষ টন সেখানে ১৯৬২-৬৩তে আউট পুট ৬ কোটি ৪০ লক্ষ মেট্রিক টনস-এ পেঁাচেছে। এবং আমার মনে হয় তৃতীয় পরিকল্পনায় ১৯৬৫-৬৬তে তৃতীয় পরিকল্পনার লক্ষ্যই হচ্ছে ৯ কোটি ৭০ লক্ষ টন সেখানে আমি তাঁকে বলতে চাই শ্রমিকদের সুস্থ, সবল না করে তুলতে পারলে কি করে ওই উৎপাদন হবে? এটা হচ্ছে—কি ইনডাসট্রি, যার উপর সমস্ত ভারতবর্ষের কলকারখানা, যান-বাহন অনেক কিছু নির্ভর করে। কাজেই আমি তাঁকে বলছি যে তিনি একটা মহৎ উদ্দেশ্য নিয়ে এই বিলটা এনেছেন সেইখানে বোর্ডের হাতে যদি টাকা না দিতে পারেন, আর সে টাকাও আপনার ভিক্ষা করার দরকার নেই। আমরা সেস্ আলোচনাকালে বলেছি তাঁকে যে, যে আউট পুটটা দেখান হয় তার চেয়ে বেশী উৎপাদন হয় অর্থাৎ লক্ষ লক্ষ মণ কয়লা ট্রাক-এ করে সারা বাংলাদেশে বিতরণ হচ্ছে সেখানে তারা গভর্নমেণ্টকে সেলস ট্যাক্স ফাঁকি দিচ্ছে, আয়কর ফাঁকি দিচ্ছে কাজেই যেটুকু আউট পুট তাঁরা দেখতে পান তা যথেষ্ট কম। কাজেই তাঁদের প্রতি আর অনুগ্রহ দেখাবার প্রয়োজন নেই, তাঁরা এতদিন পর্যন্ত লক্ষ লক্ষ টাকা লুঠেছেন, শোষণ করেছেন। কাজেই সেই শ্রমিকের মঙ্গলের জন্য, সঙ্গে সঙ্গে তাঁদেরও মঙ্গল, কাজেই বেশী করে যদি টাকা নেওয়া হয় তাহলে অন্যায় হবে না। কাজেই আমার এই য়্যামেণ্ডমেণ্টটা যুক্তিসঙ্গত। এটা মাননীয় মন্ত্রিমহাশয় বিবেচনা করে দেখবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্যরা যখন বলছেন যে বোর্ডের হাতে অনেক টাকা দেওয়া প্রয়োজন সেটা ঠিকই যে বোর্ডের হাতে অনেক টাকা দেওয়া প্রয়োজন। কিন্তু এখনই বোর্ডের হাতে যা টাকা আছে তারও পরিমাণ কম নয়। বোর্ডের হাতে টাকা যে কম আছে তা নয়, বোর্ডের কাজকর্ম যাতে ভালভাবে হতে পারে সেই উদ্দেশ্যে এই নূতন আইনটি আনা হয়েছে এবং আমরা এখন পার ১০০ টন সাড়ে সাত টাকা ফি আদায় করতে পারি সেই টাকাকে আমরা আড়াই গুণ বাড়াবার অধিকার দিচ্ছি। অন্যান্য জায়গায় যদি দেখি, বিহারের মধ্যে, বিহারের মাইনিং সেটেলমেণ্ট আইন অনুযায়ী সেখানে সাড়ে পাঁচ টাকা পার ১০০ টন ধার্য করা হয়। সেখানে প্রায় দ্বিগুণ আমাদের ধার্য করবার কথা হচ্ছে। কাজেই এটা যে খুব কম করা হচ্ছে তা নয়, তবে এটা আবার মার্কাসিমাম বলা হয়েছে যে এ পর্যন্ত করা যেতে পারে প্রয়োজন বোধে এবং সব দিকে ভাল করে বিবেচনা করে তবে এই ফির হার ধার্য করা যেতে পারে। কয়লার উপরে অনেক রকমের কর ধার্য আছে, সেস, ইত্যাদি। সুতরাং আমরা সাড়ে ৪ টাকা থেকে ২০ টাকা করে দিলে অনেক টাকা আদায় হতে পারে কিন্তু এই কয়লা শিল্পের উপর কতখানি চাপ পড়বে সেটাও ভাবতে হবে। এই সমস্ত দিক বিবেচনা করে, আশেপাশে বিহারের উপর কত ধার্য হয়েছে সে সব বিবেচনা করে আমরা সাড়ে ৪ টাকা থেকে ১০ টাকা পর্যন্ত ফি ধার্য করা যেতে পারে এইটাই করা হয়েছে। আর ওয়াটার রেট সম্বন্ধে দেখছিলাম ঝরিয়া ওয়াটার সাপ্লাই আইন অনুযায়ী সেখানে ৬ পয়সা পার টন ধার্য হতে পারে, আমাদের এখানে
in the case of water rate 15 nP. per metric tonne
অর্থাৎ ৬ এর জায়গায় আমরা ১৫ পর্যন্ত ধার্য করতে পারি। কম ধার্য করার কোন কথা নেই কোন জায়গার তুলনায় এবং যেটা ধার্য করা হচ্ছে তা আগের চেয়ে অনেক বেশী এবং আমাদের প্রয়োজনের সংগে এবং কয়লা ব্যবসার সুবিধা অসুবিধার দিকে লক্ষ্য করে, শ্রমিকদের সুবিধার দিকে লক্ষ্য করে আমরা যে কর ধার্য করেছি আশা করি সেটা সংগত বলেই বিবেচিত হবে।

Shri Haridas Chakravarty:

মাননীয় স্পীকার মহাশয়, কলিয়ারীর মালিকদের সুখসুবিধা বাড়ানোর কথা হলে তাঁরা স্বভাবতঃই বলেন, এবং মালিকপক্ষের ফি বাড়ানোর বেলায়ও আপনারা বলেন, টাকার অভাব নাই। কিন্তু মাইনস্-এর ফাণ্ড যদি যথেষ্ট থাকে তাহলে সেখানকার [illegible] স্বাস্থ্যের প্রতি নজর রেখে এইটুকু ব্যবস্থা কেন করা যায় না; তখন আপনারা অজুহাত হিসাবে বলেন টাকা নাই। তাছাড়া আরেকটা কথা আছে যে, বর্তমান মাইনিং বোর্ড অব হেলথে যে ফাণ্ড আছে তা নিয়ে তাঁরা এখন যে কাজ করেন এই বিল পাস করার পর তাঁরা কাজ করবেন তাতে আকাশ-পাতাল তফাৎ হবে। বর্তমানে মাইনিং সেটেলমেণ্ট-এ ওয়াটার সার্ভিস নাই, সেনিটেসান-এর ব্যবস্থা অত্যন্ত খারাপ। এই বিলে খনি অঞ্চলের জন্য কনজারভেন্সী রেটস ধার্য করেছেন, যে ওয়াটার সাপ্লাই করা হবে তার জন্যও রেট ধার্য করেছেন। সুতরাং এনুটায়ার বেল্ট-এ কি এমাউণ্ট-এর টাকা দরকার নিশ্চয়ই বুঝতে পারছেন। সমস্ত স্কীমটা যদি দেখেন তাহলে বর্তমান ফাণ্ড যথেষ্ট এটা ঠিক যুক্তি বলে মনে হচ্ছে না। বিহারের সংগে তুলনা করে দেখলে চলবে না। আমি বলছি এই ১০ টাকা লিমিট করে অনেক কম করছেন। যদি ভবিষ্যতে রিকোয়ারমেণ্ট অনুযায়ী বাড়াতে পারেন তাহলে সেটা ১০ থেকে ২০ করলেও কিছু এসে যায় না।

The motion of Shri Deb Saran Ghosh that in clause 23(2), line 4, for the word "such" the word "a" be substituted, was then put and lost.

The motion of Shri Deb Saran Ghosh that in clause 23(2), line 4, words "not exceeding" be omitted, was then put and lost.

The motion of Shri Haridas Chakravarty that in clause 23(2)(i), line 1, after the words "in the case of the fee" the words "rupees twenty" be inserted, was then put and lost.

The question that clause 23 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 24, 25, 26

The question that clauses 24, 25 and 26 do stand part of the Bill was then put and agreed to.

Clause 27

Shri Haridas Chakravarty: Sir, I beg to move that in clause 27(2), line 5, for the word "one", the word "five" be substituted.

I also beg to move that in clause 27(3), line 8, after the words "punishable with", the following be inserted:—

"imprisonment and".

I also beg to move that in clause 27(3), line 8, for the words "one thousand" the words "five thousand" be substituted.

আমরা যেসমস্ত ধারা পাস করলাম সেগুলি যদি কয়লাখনির মালিকেরা ভায়লেট করেন তাহলে কি ব্যবস্থা করা হবে এই হচ্ছে আমার অ্যামেন্ডমেন্ট, একসঙ্গে আমি সবটা বলে দিচ্ছি, ২৭(২)-এর লিমিট এতে যেখানে ১০০০ আছে সেখানে আমি বলছি ৫০০০ করা হোক, ক্লজ ২৭(৩) এর লাইন এইট-এ আমি বলছি ফাইন এর পরে উইথ ইমপ্রিজনমেন্ট করা হোক।

[3—3-10 p.m.]

আমার থার্ড এ্যামেন্ডমেন্ট হচ্ছে ক্লজ টুয়ান্টি সেভেন (থ্রি), লাইন এইট-এ যেখানে আছে থাউজ্যান্ড, আমি সেখানে বলছি ফাইভ থাউজ্যান্ড। মাননীয় স্পীকার মহাশয়, আপনি বোধহয় জানেন যে, যে সমস্ত মেয়ে শ্রমিকরা তাদের বাচ্চা নিয়ে খনিতে কাজ করতে যায় তাদের জন্য আজকাল কিছু কিছু ব্যবস্থা করা হয়েছে, অর্থাৎ তাদের জন্য নার্সের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু একটা কথা প্রচলিত আছে যে, এই সমস্ত খনির মালিকরা মুনাফার লালসায় ফ্লগিং এখনও বহুল পরিমাণে চালু রেখেছে। ফ্লগ করা হয়—অর্থাৎ বেশী পরিমাণে কাজ করিয়ে, পাতাল থেকে কাড়ি কাড়ি কয়লা তুলিয়ে তারা যাতে আরও কাড়ি কাড়ি টাকা করতে পারে সেটা হচ্ছে সেখানকার গাইডিং ফোর্স এবং মালিকরা, ম্যানেজাররা ফোর্স করে সেটা নেয়। আজকের যুগে ফ্লগিং অনেকটা উঠে গেছে, কিন্তু আমার কাছে খবর আছে এবং আমি নাম করে বলতে পারি বার্ড কোম্পানির কলিয়ারী, নিউ জামাড়িয়া কলিয়ারী, মডার্ন কলিয়ারী ইত্যাদি জায়গায় ম্যানেজার এবং মালিকরা দরকার হলে বন্দুক নিয়ে থ্রেট করে এবং থ্রেট করে ওভারটাইম খাটতে বাধ্য করে। স্যার, সাধারণতঃ কলকারখানায় এবং অন্যান্য দপ্তরে আমরা যে জিনিস দেখতে অভ্যস্ত, কয়লা খনি অঞ্চলে আমরা অন্য রকম ব্যবস্থা দেখতে পাচ্ছি। অর্থাৎ সেখানে দেখছি আমরা পুরোপুরি এক মধ্যযুগীয় বর্বর পরিস্থিতি চলছে এবং এইভাবে কয়লা খনির মালিকরা কোটি কোটি টাকা মুনাফা করছে। তারপর সেখানে যে সমস্ত শ্রমিক এবং কর্মচারীরা কাজ করে তাদের বাইরে থেকে নিয়ে আসা হয়। কন্ট্রাক্ট সিসটেম অব লেবার যেটা বহুল পরিমাণে প্রচলিত ছিল সেটা যদিও আইন করে তুলে দেওয়া হয়েছে কিন্তু সেই সমস্ত কনট্রাক্টররা বর্তমানে সুপারভাইসর হয়েছে। অর্থাৎ আইনের পরিবর্তন হয়েছে, কিন্তু মূলতঃ জুলুম যেটা চলছিল সেটা এখনও চলছে এবং ফ্লগ করে, বন্দুক নিয়ে থ্রেট করে শ্রমিকদের খাটিয়ে মুনাফার চেষ্টা করছে, শ্রমিকদের কাজ করাতে বাধ্য করছে এবং সেণ্ট্রাল লেজিজলেসন-এর যে সমস্ত ধারা আছে তাকে ভাওলেট করছে। আমি জানি বিধানসভায় বলে কিছু হবে না, কিন্তু আমরা দেখছি সেণ্ট্রাল লেজিজলেসন অর্থাৎ মজুরদের মিনিমাম বেনিফিট যা দেওয়া দরকার সেটা তারা ভাওলেট করছে এবং ভাওলেট করবার সময় পশ্চিমবঙ্গ সরকারের পুলিশ বাহিনীর সাহায্য নিচ্ছে এবং আপনারা সেই ভাওলেসন-কে পার্পিচুয়েট করছেন। আপনারা মাইনিং সেটেলমেন্ট বিল এখানে পাশ করলেন এবং বললেন যে কন্সট্রাকসন ভেঙ্গে দিতে হবে এবং এই যে অনহাইজিনিক অবস্থা রয়েছে সেটা দূর করতে হবে। কিন্তু এর সঙ্গে সঙ্গে মালিকরা সেই অনুযায়ী কাজ

করছে সেটা আশা করা যাচ্ছে না এবং আপনিও আশা করছেন না। আপনি বললেন এক হাজার টাকা জরিমানা—তর্থাৎ যদি একটা বিশেষ ধারা তারা অগ্রাহ্য করে বা না মেনে চলে তাহলে ১ হাজার টাকা জরিমানা করবেন। কিন্তু স্যার, আমি বলছি এই ১ হাজার টাকা জরিমানা দিতে প্রত্যেকটি [illegible] মালিক রাজী। কারণ একটা ধারা ভায়লেট করে যদি তারা কয়েক হাজার টাকা মুনাফা করতে পারে তাহলে তারা সেটা ভায়লেট করবে এবং এইভাবে মুনাফা করবে এবং তার জন্য যদি ১ হাজার টাকা জরিমানা দিতে হয় তাহলে সেটা তারা দেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পেমেণ্ট অব ওয়েজেজ এ্যাক্ট-এ আছে যে, একটা সার্টেন ডেট-এর মধ্যে তাদের মাইনে দিতে হবে এবং না দিলে ফাইন হবে—অর্থাৎ পানিসেবেল। কিন্তু আমার কাছে এরকম বহু খবর আছে, বহু কারখানা নির্ধারিত দিনে বেতন দেন না। এর কারণ হচ্ছে নির্ধারিত দিনের ৭ দিন পরে বেতন দিলে যে টাকা তারা ব্যাঙ্কে ইণ্টারেস্ট আর্ন করে তার চেয়ে অনেক কম টাকা তাদের ফাইন দিতে হয়। টেকনিক্যালি নমিন্যাল তাদের ৫/১০ টাকা ফাইন দিতে হয় এবং এতে তারা অসুবিধা বোধ করে না—বরং তারা এনথিউস্ হয়। এই সমস্ত কয়লা খনির মালিকদের আপনি ১ হাজার টাকা ফাইন করছেন, কিন্তু এই ১ হাজার টাকা তাদের কাছে একটা প্রশ্নই নয়। ধরুন একটা বিল্ডিং ভাঙ্গলে তাদের অনেক টাকা লস্ হবে এবং সেই কারণে সেটা সে ভাঙ্গল না এবং আপনি যে ১ হাজার টাকা ফাইন করলেন সেটা সে দিয়ে দিল। কাজেই বলছি যে, এই মধ্যযুগীয় বর্বর মালিক শ্রেণীকে আপনি আইন করে, ১ হাজার টাকার জরিমানার ভয় দেখিয়ে নিরস্ত্র করতে পারবেন না, এঁদের জন্য ৫ হাজার টাকা ফাইনের ব্যবস্থা করুন এবং সেই সঙ্গে হাজতবাস রাখুন। এই ব্যবস্থা যদি না করেন তাহলে তাদের আপনি ঠাণ্ডা করতে পারবেন না।

যদি আপনি সত্যি সত্যি চান যে ঐ খনি অঞ্চলের স্বাস্থ্য ভাল হোক, যে আনহাইজেনিক কণ্ডিশন আছে সেটা ভাল হোক—আপনি জানেন যে মালিক মুনাফার লোভে যে সমস্ত বিপজ্জনক কনস্ট্রাক্শন করেছে সেগুলি বিদূরিত হোক তাহলে এই এক হাজার টাকা জরিমানাতে কাজ হবে না। মালিক স্যাণ্ড ফিলিং না করেই কয়লা তুলে নিয়ে যায়, তার ফলে গ্রামকে গ্রাম ধ্বসে যায়, নষ্ট হয়ে যায়, এই ভাইয়োলেশন যদি বন্ধ করতে চান তাহলে এই এক হাজার টাকা যদি জরিমানা তাকে তাহলে তাতে তা হবে না, বরং এক হাজার টাকা জরিমানা দিয়ে যদি ১০ হাজার টাকা আয় করতে পারে তাহলে সে সেটা করতে উৎসাহ বোধ করবে এই আইন ভঙ্গ করতে। সেজন্য তাকে কিছুদিন হাজত বাস করাবার ব্যবস্থা রাখুন, তাহলে আইন মানবার প্রবৃত্তি জাগবে। সেজন্য আমি মনে করি যে এই এক হাজারটা পাঁচ হাজার করা হোক এবং তার সঙ্গে হাজত বা জেলের ব্যবস্থাটা রাখুন, ইম্প্রিজনমেণ্টের প্রভিশনটা রাখুন।

শ্রীমনোরঞ্জন রায়ঃ আমি হরিদাসবাবুকে সমর্থন করছি। ক্লজ ২৭, সাব-ক্লজ (১), যেটা হচ্ছে

imprisonment for a term which may extend to three months,

এটা সেসব জায়গায় হবে যদি কোন জায়গায় বোর্ডের ইন্সপেক্টারকে বা কোন হেল্থ অফিসারকে বাধা দেন। কিন্তু যে সমস্ত খবর দেওয়ার কথা মালিকের অর্থাৎ যে রিটার্ন দেওয়ার কথা - সে এভাবে ঘর বাড়ী করেছে, এরকম স্বাস্থ্যের ব্যবস্থা করেছে, এরকম স্যানিটেশন-এর ব্যবস্থা করেছে, এই রকম রিটার্নে যদি কোন ভুল সংবাদ পরিবেশন করে তাহলে মাত্র তার এক হাজার টাকা কি পাঁচ শত টাকা জরিমানা হতে পারে। আমি এখানে খুব আশ্চর্য বোধ করছি কেন এখানে কারাবাসের কথাটা থাকল না। মন্ত্রিমহাশয় একটু ভেবে দেখুন। প্রথম দিকে কারাবাসের কথাটা রেখেছেন কিন্তু পরের দিকে এই কারাবাসের কথাটা রাখছেন না অর্থাৎ সে যা ইচ্ছে ভুল রিটার্ন দিয়ে যেতে পারে। যদি কোন দিন ধরা পড়ে তাহলে তার এক হাজার টাকা জরিমানা হবে আর কিছু নয়। সেটা হরিদাসবাবু খুব ভালভাবে বলেছেন। যদি একজন মালিকের এক লক্ষ মুনাফা হয় তাহলে তার পক্ষে এক হাজার টাকা জরিমানা দেওয়া কিছুই নয়, সে হাজার টাকা জরিমানা দিয়ে আবার ৫০ হাজার টাকা লাভ করে নিতে পারে কাজেই সেকশন ২৭(৩বি) যে প্রভাইসো রয়েছে শুধু ফাইনের সেটাকে ফাইন এবং ইম্প্রিজনমেণ্ট, অর্থাৎ কারাবাসের ব্যবস্থা দিন, এটাই বলছি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আমিও এখানে এটা বলতে চাই যে এই ২৭ ধারার সাব-ক্লজ (১)এর যেখানে আছে স্যানিটারী ইন্সপেক্টারকে বাধা দিলে ফাইনের ব্যবস্থা আছে সেখানে আমি বলতে চাই যে যদি দণ্ড দিতেই হয়, তাহলে লঘু দণ্ড দিয়ে লাভ নাই। তাই আমার সংশোধন হচ্ছে

shall be punishable with imprisonment for a term which may extened to three months,

আমি সেখানে করতে চাই এক বছর। তাকে অন্ততঃ এক বছর সাজা দেওয়া হোক। তারপর

or with fine which may extend to one thousand rupees.

আমি করতে চাচ্ছি থ্রী থাউজেণ্ড, অন্ততঃপক্ষে আমি এক বছরের জেল এবং তিন হাজার টাকা পর্যন্ত ফাইন করার ব্যবস্থা করা হোক। যদি সত্যিকারের আবর্জনার স্তূপ পরিষ্কার করতে চাই তাহলে না না প্রতিবন্ধক যা আছে, হেল্থ অফিসার বা স্যানিটারী ইন্সপেক্টার যারা পদে পদে বাধা পাবে, সেখানে যদি শাস্তিমূলক ব্যবস্থা না হয় তাহলে কোন ফল হবে না। সেজন্য বলতে চাই যে শাস্তির এই ব্যবস্থাটা রাখা হোক। তারপর ক্লজ ২ করা হয়েছে। শুধু জরিমানার ব্যাপার করা হয়েছে, সেখানে জেলের ব্যবস্থা নাই। আমি বলছি যে সেখানে জেলের ব্যবস্থাটাও থাকুক। অর্থাৎ করুণা না দেখিয়ে যদি আইনটাকে সত্যিকারের কার্যকরী করতে চান তাহলে দৃষ্টান্তমূলক পানিশমেণ্ট না দিলে তা সম্ভবপর হবে না। আমরা মজুতদার এবং চোরা-কারবারীদের সম্পর্কে দেখেছি জরিমানা না করে যদি তাদের জেল দেওয়া হত, যদি ১০ বছরের জেল দেওয়া যেত তাহলে আমি মনে করি সারা বাংলাদেশে মুনাফাখোরী বন্ধ হয়ে যেত। যেটা পণ্ডিত নেহেরু বলেছিলেন যে তাদের ল্যাম্প পোস্টে ঝুলিয়ে দেবেন সেই রকম যদি দুটো লোককে ঝুলিয়ে দেওয়া হত তাহলে আমি মনে করি সারা ভারতবর্ষময় আজকে গভর্ন-মেণ্টকে যে চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়েছে তা সম্ভবপর হত না। এজন্য আমি বলি যদি আপনারা এটাকে কার্যকরী করতে চান এবং সহজে কাজকর্ম করবার পথ পরিষ্কার করতে চান তাহলে দৃষ্টান্তমূলক পানিশমেণ্টের ব্যবস্থা করুন।

[3-10—3-20 p.m.]

দি অনারেবল শ্যামদাস ভট্টাচার্যঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ ২৭, সাব-ক্লজ ১ এটা সম্বন্ধে কোন এ্যামেণ্ডমেণ্ট নেই। ক্লজ ২তে একটা এ্যামেণ্ডমেণ্ট এল। তাতে আমরা দেখছি, হরিদাস চক্রবর্তী মহাশয় মুভ করেছেন ক্লজ ২ এর শেষ লাইনে ওয়ান থাউজ্যাণ্ড রুপিজের জায়গায় ৫ হাজার টাকা করবার জন্য। আমরা যদি আমাদের বর্তমান আইনের ১৫ ধারা দেখি তাহলে দেখতে পাব যে সেখানে আছে

"whoever fails to comply with any requisition or, etc., for which no penalty is otherwise provided, shall be punishable with fine which may extend to one thousand rupees, and, in the case where such breach is a continuing breach, with a further fine which may extend to one hundred rupees for every day during which the breach is provided to have been persisted in after the date on which the requirements become operative.

এখানে আমরা দেখতে পাচ্ছি তার জায়গাতে পেনাল্টি প্রভিসান আরো বাড়ান হয়েছে। এখানে পেনাল্টি প্রভিসানের প্রথম কথা হচ্ছে ১ হাজার টাকা করা হয়েছে ২ শো টাকা থেকে। মাননীয় সদস্য হরিদাসবাবু ১ হাজারকে ৫ হাজার করার কথা বলছিলেন। আমার মনে হয় এই এ্যামেণ্ড-মেণ্ট আমরা এ্যাক্সেপ্ট করতে পারি। তারপর ক্লজ ২৭, সাব-ক্লজ ৩ সেখানে মাননীয় সদস্যের প্রস্তাব হচ্ছে—

"whoever commits a breach of the requirements of any notice or order made under any provision of this Act or any rule, by-law or order made thereunder or of any provision of this Act or any rule, by-law or order made thereunder for which no penalty is otherwise provided shall be punishable with imprisonment and fine which may extend to Rs. 1000".

এখানে উনি ১ হাজারের জায়গায় ৫ হাজার বলেছেন। এখানে যদি আমরা অস্পষ্টভাবে শুধু ইমপ্রিজনমেণ্ট বলি তাতেও আমাদের কোন কাজ হবে না, শুধু ইমপ্রিজনমেণ্ট বললে আইনগত অসুবিধা দেখা দিতে পারে। দ্বিতীয় কথা হচ্ছে যেখানে ১ হাজার টাকার বদলে ৫ হাজারের কথা বলেছেন সেটা আমরা অবশ্য গ্রহণ করতে পারি

subject to these portions regarding imprisonment we cannot accept the other amendments.

শ্রীহরিদাস চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি ইমপ্রিজনমেণ্টকে যথেষ্ট পরিষ্কারভাবে বলা হচ্ছে না বলে আপনি এ্যাক্সেপ্ট করতে পারছেন না, তখন সেটা আমি পরিষ্কারভাবে বলে দিই। আপনি বললেন ভেগ থাকলে এ্যাক্সেপ্ট করে কোন লাভ হবে না।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য:
As it stands it is not accepted. If it is properly amended it can be accepted.

Shri Haridas Chakravarty:

এটা আপনি করে দিন। এটা না করলে হোল পার্পাসটা মিস হয়ে যাবে, কোন লাভ হবে না।

শ্রীমনোরঞ্জন রায়: স্যার, আগে সাব-ক্লজ ২ তে ইমপ্রিজনমেণ্ট রয়েছে। সুতরাং পরেরটাতে অসুবিধা কি হল?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: সো ফার এ্যাজ আই নো ইমপ্রিজনমেণ্ট রয়েছে সেকশান ১০এ, একই জিনিস আছে এ্যাজ ইন সেকসান ১৫। সেখানে রয়েছে
for a term which may extend to three months or with fine which may extend to one thousand rupees, or with both.
এখন সেটা আলাদা জিনিস। ক্লজ ২৭, সাব-ক্লজ ২ হচ্ছে আলাদা জিনিস এবং সাব-ক্লজ ৩ সাব-ক্লজ ১ এবং ২ থেকে আলাদা জিনিস। কাজেই তিন রকম জিনিসের কথা বলছেন। সেজন্য ক্লজ ১ তে আছে বলেই ক্লজ ২ এবং ক্লজ ৩ তে থাকবে এমন কোন কথা নেই।

Mr. Speaker: Hon'ble Bhattacharyya, then you are accepting amendments Nos. 66 and 68?

The Hon'ble Syamadas Bhattacharyya: Yes.

Mr. Speaker: I now put amendments Nos. 66, 67 and 68 to vote.

The motion of Shri Haridas Chakravarty that in clause 27(3), line 8, after the words "punishable with", the following be inserted:—

"imprisonment and"

was then put and lost.

The motion of Shri Haridas Chakravarty that in clause 27(2), line 5, for the word "one", the word "five" be substituted, was then put and agreed to.

The motion of Shri Haridas Chakravarty that in clause 27(3), line 8, for the words "one thousand" the words "five thousand" be substituted, was then put and agreed to.

The question that clause 27, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 28 to 33

The question that clause 28 to 33 do stand part of the Bill was then put and agreed to.

Clause 34

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that in clause 34(2)(e), line 2, for the words "where no" the words "whether any" be substituted.

Sir, I also beg to move that in clause 34(2)(e), in line 3, after the words "for such appeals" the words "or not" be inserted.

The Hon'ble Syamadas Bhattacharyya:

স্যার, মাননীয় সদস্য অনুগ্রহ করে তাঁর প্রস্তাবিত কথাগুলি বসিয়ে যদি পড়েন তাহলে তাঁর প্রস্তাবমত অংশটা এইভাবে দাঁড়াবে

appeals from any orders passed under this Act whether any specific provision exists in this Act or not.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে লেখা আছে এই,

"The State Government may by notification make after previous publication rules for carrying out the purposes of this Act in respect of any mining settlement or any group or class of mining settlements and different rules may be made for different mining settlements or for different groups or classes of mining settlements, in particular and without prejudice to the generality of the foregoing power, such rules may provide for.

তারপরে আসুন (ই)তে

appeals from any orders passed under this Act where no specific provision exists in this Act for such appeals.

এই হল আমাদের উদ্দেশ্য। উনি বলছেন

appeals from any orders passed under this Act whether any specific provision exists.

স্পেসিফিক প্রভিসন একজিস্ট করায় সেখানে কথা বলা হচ্ছে যে সেখানে তো রয়েছে, আমরা বলছি একথা

where no specific provision exists in this Act for such appeals.

সেখানে রুলস্-এর কথা হচ্ছে, যদি স্পেসিফিক প্রভিসন থাকে তাহলে রুলস্-এর কোন প্রশ্ন ওঠে না।

[3-20—3-50 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যেভাবে আছে, যে

appeals from any orders passed under this Act, where no specific provision exists,

তাতে অনেক অসুবিধা আছে। এখানে অ্যাপিল করার ব্যাপারে যদি এই আইনে কোন স্পেসিফিক প্রভিসান না থাকে, তাহলে যে সমস্ত ক্ষেত্রে রুলস তৈরী করা হচ্ছে, অ্যাপিল প্রসঙ্গে রুলস তৈরী করা হচ্ছে, তা ঠিকমত কার্যকরী হবে না। আমরা এখানে এইটা বলতে চাচ্ছি যে যদি এই আইন অনুসারে একটা অর্ডার পাশ হয়, যেটা শুধু অ্যাপিল এর রুলটা তৈরী করার ব্যাপারে কোন খানটায় আসছে, কোন স্পেসিফিক প্রভিসান আছে, কি, আছে না, এবং সেই সংক্রান্ত ব্যাপারে অর্ডারটা পাশ হয়েছে, কি হয়নি, এবং সেই সংক্রান্ত ব্যাপারে যদি কোন অ্যাপিল হয়, তাহলে রুলস তৈরীর প্রশ্নটা আসে। এই জন্যই আমার এই অ্যামেন্ডমেন্টটা আনা হয়েছে। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এটা মেনে নেবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya: We have got general powers. This is not necessary.

The motion of Shri Deb Saran Ghosh that in clause 34(2)(e), line 2, for the words "where no" the words "whether any" be substituted, was then put and lost.

The motion of Shri Deb Saran Ghosh that in clause 34(2)(e), in line 3, after the words "for such appeals" the words "or not" be inserted, was then put and lost.

The question that clause 34 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 35 to 44

The question that clauses 35 to 44 do stand part of the Bill, was then put and agreed to.

[At this stage the House adjourned for 25 minutes.]

[After Adjournment]

Clause 15

[3-50—4 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ নং ১৫(২) প্রভাইসো এইভাবে আছে

"no such order shall be executed until after the expiry of the period of appeal or until any appeal filed against it has been disposed of

এর পরে ক্লজ ১৬এ আছে

clause 16, any person aggrieved by an order under sub-section (2) or by the decision of the authority referred to in sub-section (3) of section 15 may, within thirty days from the date of the order or decision of such authority, as the case may be, prefer an appeal to the District Judge."

মাননীয় সদস্যগণ আমাকে এই পরামর্শ দিচ্ছিলেন যে ৪৫ দিনের মধ্যে এই সমস্ত বিষয়টির নিষ্পত্তি হওয়া প্রয়োজন। আমি মাননীয় সদস্যগণের কাছে বলেছি যে ৪৫ দিনের মধ্যে সমস্ত বিষয়ের নিষ্পত্তি হওয়া সম্ভব হবে না, বিশেষ করে জেলা জজের কাছে যখন মামলা বিচারাধীনের জন্য যাবে। তারপরে পরামর্শ করে করা হয়েছে যে ক্লজ ১৬এ

within thirty days from the date of the order or decision of such authority

ঐ যে আপিল করবার ক্ষমতা সেইটাকে কমিয়ে ১৫ দিন করা হোক, আমি এই ১৫ দিন করবার প্রস্তাবটি গ্রহণ করতে চাই।

Sir, though there is no amendment but it has been decided in consultation with honourable members that this may be reduced, if you so permit, to 15 days.

Mr. Speaker: I shall have it as verbal amendment. You move it when we come to the next clause.

The motion of Shri Monoranjan Roy that the following further proviso be added to clause 15(2):—

"Provided further that the whole process including appeal shall be completed within 45 days.",

was then put and lost.

The motion of Shri Monoranjan Roy that in clause 15(3), in line 4, after the word "owner", the words "and occupier" be inserted, was then put and lost.

The question that clause 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

Shri Copikaranjan Mitra:

এখানে স্যার, আমার বলবার কথা হচ্ছে যে যখন আমরা সেই ডিলেড প্রসিডিওরটাকে এ্যাকসেপ্ট করতে পারলাম না, যখন ডিস্ট্রিক্ট জাজ-এর কাছে গেলে এই জিনিষটা ডিলেডই হবে তখন পিরিয়ড অব এ্যাপিলটা ৩০ দিনের থেকে কমিয়ে ১৫ দিন করলে অনেক অসুবিধা হবে। আমি,

স্যার, একটা কনক্রিট ইনস্‌টান্স বলতে পারি যে, এমন কোন আন-অথারাইজড লোক আছে, কোন রকম যোগসাজসে মাইন ওনার তাকে তুলে দিতে চাইছে, সে সাব-ইনস্‌পেক্টার-এর কাছে একটা রিপোর্ট করলো যে এটা ইনসেনিটারী বা সামান্য জিনিষ; সে একটা অর্ডার করিয়ে নিলো যে ঐ জিনিষটাকে ডিমোলিস করে দেওয়া হোক। এই সব কেসে, স্যার, অর্ডিনারী সিটিজেন-এর পক্ষে বা ওয়ার্কার-এর পক্ষে ঠিক ১৫ দিনের মধ্যে তার কেসটাকে তৈরী করে তোলা অনেক সময় অসুবিধা হতে পারে। আমরা যখন তার প্রসিডিওর-এর ডিলেটাকে বন্ধ করতে পারছি না তখন তার পিরিয়ড অব এ্যাপিলটা ৩০ দিন থেকে ১৫ দিন করে দিয়ে এমন কিছু সময় আমরা সংক্ষেপ করতে পারছি না এবং তাতে কোন কোন ক্ষেত্রে অসুবিধা হতে পারে। এটা আমি আমাদের মাননীয় মন্ত্রিমহাশয়কে একটু চিন্তা করে দেখতে বলছি।

The Hon'ble Syamadas Bhattacharyya: In that case I do not propose to move the amendment.

The question that clause 16 do stand part of the Bill, was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Mining Settlements (Health and Welfare) Bill, 1962, as settled in the Assembly, be passed.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Bengal Mining Settlements (Health and Welfare) Bill, 1962, as settled in in the Assembly, be passed was then put and agreed to.

The West Bengal Gramdan Bill, 1963, as reported by the Joint Committee

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Gramdan Bill, 1963, as reported by the Joint Committee, be taken into consideration.

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই গ্রামদান বিল জয়েণ্ট সিলেক্ট কমিটির কাছে উপস্থিত করা হয়েছিল, এবং তাঁরা এই বিল সম্পর্কে অনেক আলোচনা করার পর একটা বিল দাখিল করেছেন। এই রিপোর্টে মূল প্রস্তাবের কিছু কিছু পরিবর্তন করা হয়েছে, কোন কোন অংশ যোগ করা হয়েছে। এই সমস্ত বিষয়টা একটা বিশেষ উদ্দেশ্য নিয়ে করা হয়েছে। আশ্চর্যভাবে একটা বিশেষ লক্ষ্য নিয়ে এই গ্রামদান আন্দোলন শুরু করেছেন। এই আন্দোলনের একটা অংশের নাম হল ভূদান আন্দোলন, আরেকটা গ্রামদান আন্দোলন। আচার্য ভাবে প্রায় দশ মাস পশ্চিম-বাংলার বিভিন্ন জায়গায় ভ্রমণ করেছিলেন, এবং তাঁর বাণী প্রচার করেছিলেন। বহু কর্মী তাঁর আদর্শে উদ্বুদ্ধ হয়ে তাঁর বাণী প্রচার করেছিলেন, ফলে তাঁরা অনেক গ্রামদান পান। তখন তাঁরা এই গ্রামদানগুলিকে আইনসিদ্ধ করার জন্য আমাদের কাছে আসেন, কারণ এই দান স্বেচ্ছাকৃত এবং এগুলি যদি আইনের সীমানার বাইরে রাখা হয় তাহলে অনেক অসুবিধা দেখা দিতে পারে, এবং তাঁরা এইসব অসুবিধার কথা উল্লেখ করে আমাদের কাছে এই দাবী জানান যে গ্রামদান আন্দোলনকে আইনসম্মত রূপদান করার জন্য একটা আইন করা হোক। এই ব্যাপারে আমি স্বয়ং ভাবেজী এবং শ্রীচারুচন্দ্র ভাণ্ডারী মহাশয়ের সঙ্গে আলোচনা করেছি। এই কথা বল্লে অত্যুক্তি হবে না যে, এই বিলটা তাঁদের আশীর্বাদপুত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ সকলেই গ্রামদান সম্পর্কে মোটামুটি একটা ধারণা রাখেন, তা পক্ষেই হোক বা বিপক্ষেই হোক।

[4—4-4 p.m.]

স্যার, অনেক মাননীয় সদস্য বলেছেন যে, মৌলিকভাবে তাঁরা গ্রামদানকে সমর্থন করেন না এবং স্পষ্টভাবে একথাও বলেছেন যে, গ্রামদান আন্দোলন যে কোন বৈপ্লবিক আন্দোলনের পরিপন্থি। দানের উপর প্রতিষ্ঠিত যে আন্দোলন তাকে তাঁরা সমর্থন জানাননি এবং একে প্রতিক্রিয়াপন্থী

আন্দোলন বলে অভিহিত করেছেন। আবার অনেকে এই আন্দোলনের মধ্যে একটা মহৎ সম্ভাবনা দেখতে পেয়েছেন এবং একে স্বাগত জানিয়েছেন। আমরা কতটা সফলতা লাভ করতে পারব বা পারব না সেটা এখনই আমার পক্ষে বলা সম্ভব নয়, তবে এটুকু বলতে পারি গ্রামদান সম্পর্কে একটা অনুকূল মনোভাব যখন বিনোবাজী বিভিন্ন জায়গায় পরিভ্রমণ করেছিলেন তখন আমরা লক্ষ্য করেছিলাম। তার কতটা এখন আছে বা নেই সেটা এখন আমাদের বিচার্য বিষয়। তবে একথা ঠিক বিনোবাজীর অনুরক্ত কর্মীরা এখনও বিভিন্ন গ্রামে পরিভ্রমণ করছেন এবং যেখানে যেখানে ভূদান পেয়েছেন বা গ্রামদানের প্রতিশ্রুতি পেয়েছেন সেখানে গঠনমূলক কার্য করে যাচ্ছেন এবং আশা করছেন গ্রামদানকে আইনে রূপ দিলে তাঁদের কাজের পক্ষে সুবিধা হবে। এই আন্দোলনের একটা মহত সম্ভাবনা আছে এইজন্য সরকারের তরফ থেকে আমরা বিনোবাজীর এই আন্দোলনকে স্বাগত জানিয়েছি এবং এই আন্দোলনকে সাহায্য করতে পারে, এই আন্দোলনের সহায়ক হতে পারে এমন কিছু কাজ করব বলে বিনোবাজীকে কথা দিয়েছিলাম। এ সম্পর্কে যখন আইন করা হয় তখন তাঁর সঙ্গে পরামর্শ করে সূত্রগুলি স্থির করা হয়। যখন আইনের খসড়া তৈরী হোল তখন সেটা তাঁর কাছে পাঠান হয়েছিল এবং তিনি সেই খসড়া দেখে কিছু কিছু অদল বদল করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই গ্রামদান আন্দোলন নিয়ে মোটামুটি যে উৎসাহের সঞ্চার হয়েছিল সেই উৎসাহকে কাজে লাগাবার জন্য, সেই উৎসাহকে কার্যকরী করে তুলবার জন্য এবং সত্যিসত্যিই এই আন্দোলনকে একটা কার্যকরী রূপ দেবার জন্য এরকম একটা আইনের দরকার। তাই আমি আশা করি মাননীয় সদস্যগণ এই বিধেয়ক সম্পর্কে তাঁদের সুচিন্তিত অভিমত জানিয়ে উপকৃত করবেন এবং এই বিধেয়ককে আইনে পরিণত করে এই বিধেয়কের উদ্দেশ্য যাতে সাধিত হয় সেইজন্য সকলে চেষ্টা করবেন।

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. day after tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 4-4 p.m. till 1 p.m. on Wednesday, the 23rd September, 1964, at the Assembly House Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 23rd September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 9 Ministers, 3 Ministers of State and 158 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1-00—1-10p.m.]

Arrest of students at Contai

*444. (Admitted question No. *1803.) **Shri Narayan Choubey:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether it is a fact that a large number of students have been arrested at Contai on the 9th September, 1964; and

(b) if the answer to question (a) be in the affirmative, what is the number and what are the reasons for such arrest ?

The Hon'ble Ardhendu Sekhar Naskar: (a) Yes. (b) Some students of P. K. College, Contai, started agitation since 31st August, 1964, over the expulsion of a student from that college by resorting to hunger strike, picketing etc., before the college gate. On 9th September, 1964, picketing by some students continued and a written complaint was made by a section of the students before the police against those who obstructed their entry into the college. On that day S.D.O. along with S.D.P.O. and C.I., Contai, hastened to the spot and found that some students and outsiders were making inflammatory speeches and inciting students. When an attempt was made to arrest the outsiders, there was a violent resistance and scuffle with the police. At this stage 100 persons, mostly students, were students who had resorted to hunger strike were arrested and removed to hospital.

শ্রীনারায়ণ চৌবেঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই অ্যারেস্ট কি কলেজ কম্পাউণ্ডের মধ্যে হয়েছিল ?

Did the police enter the college compound for the arrest ?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ একশ জন ছাত্রকে আমরা অ্যারেস্ট করেছিলাম। কলেজ কম্পাউণ্ডের মধ্যে না বাইরে সেটা আমি ঠিক বলতে পারব না।

শ্রীনারায়ণ চৌবেঃ ছাত্র যারা হাঙ্গার স্ট্রাইক করছিল তাদের ৬ জনকে অ্যারেস্ট করা হয়েছিল বলে বলছেন। আমি জিজ্ঞাস করছি, তাদের কি কলেজ কম্পাউণ্ডের মধ্যে অ্যারেস্ট করা হয়েছিল ?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ ৬ জন ছাত্রকে হাঙ্গার স্ট্রাইক করবার জন্য অ্যারেস্ট করেছে।

শ্রীনারায়ণ চৌবেঃ তারা হাঙ্গার স্ট্রাইক কোথায় করেছিল ?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ কলেজ প্রেমিসেসের মধ্যে করেছিল।

শ্রীনারায়ণ চৌবেঃ কলেজ প্রেমিসেসের মধ্যে ঢুকে পুলিশ অ্যারেস্ট করেছিল এটা কি সত্য?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ তারা যেখানে করেছিল সেখান থেকে পুলিশ তাদের অ্যারেস্ট করে।

শ্রীনারায়ণ চৌবেঃ এটা কি সত্য, অ্যারেস্ট করার আগে পুলিস লাঠি চার্জ করে কয়েকজন লোককে আহত করেছিল?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ সেখানে কোন লাঠিচার্জ করা হয় নি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যারা হাঙ্গার স্ট্রাইক করছিল পুলিস তাদের উপর খুব জবরদস্তি করেছিল?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ ইহা সত্য নহে।

শ্রীনারায়ণ চৌবেঃ ডি আই রুলে কয়জনকে অ্যারেস্ট করা হয়েছিল?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ তিনজনকে অ্যারেস্ট করা হয়েছিল।

শ্রীবিজয়কুমার ব্যানার্জীঃ হাঙ্গার স্ট্রাইক করাটা আইনবিরুদ্ধ কাজ, না আইনসম্মত কাজ?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ নিশ্চয়ই বেআইনী কিছু করেছিল?

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: In the answer it is stated that written complaint was made to the police.

কলেজ অথরিটি কি কমপ্লেন করেছিল?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ কয়েকজন স্ট্রাইকার কমপ্লেন করেছিল।

ডঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গণিঃ কলেজ অথরিটি করে নি?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ আমার কাছে সে ইনফর্মেশান নেই, আমার কাছে যা আছে তাই বললাম।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ আমি আপনার কাছে জানতে চাচ্ছি, সেখানে যে টিয়ার গ্যাসিং হল—পুলিস সেখানে কলেজ কম্পাউণ্ডে ঢুকেছিল কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এ সংবাদ সত্য নয়।

Shri Birendra Narayan Ray:

মন্ত্রিমহাশয় বললেন যে, তাঁর কাছে এমন ইনফরমেশন নেই যে, কলেজ কর্তৃপক্ষ ইনফরমেশন দিয়াছিলেন—এটা কি করে বললেন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমি কলিং অ্যাটেনশনে আপনাদের কাছে ডিটেল্ড তথ্য জানিয়েছি।

Shri Nani Bhattacharjee:

মন্ত্রিমহাশয় বললেন যে, কতকগুলি ছাত্রের অভিযোগক্রমে পুলিস সেই কলেজের মধ্যে ঢুকেছে—আমি জিজ্ঞাসা করতে চাই যে, যেখানে কলেজ কর্তৃপক্ষ ডেকে পাঠান নি সেই সমস্ত ক্ষেত্রে মাত্র গোটাকয়েক ছাত্রের অভিযোগক্রমে কি কলেজ কম্পাউণ্ডের মধ্যে পুলিস ঢুকতে পারে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমি লার্জ সেকসন অব দি স্টুডেণ্টস বলেছি।

Shri Nani Bhattacharjee:

এখানে কাল বলা হয়েছে, এখানে প্রিন্সিপলগত প্রশ্ন আছে যে, কখন পুলিস কলেজ কম্পাউন্ডে ঢুকতে পারে। ধরুন যদি দশ কি এক হাজার ছাত্র পুলিসের কাছে অভিযোগ করলেন, সেখানে কলেজ অথরিটির কোন পার্মিশন থাকল না—তাঁরা পুলিস ডাকলেন, সেখানে পুলিস আউট-সাইডারদের অ্যারেস্ট করবার নাম করে ভেতরে গেল, গিয়ে হাঙ্গার স্ট্রাইকারদের অ্যারেস্ট করে নিয়ে চলে আসল, তখন যে নীতিগত প্রশ্ন জড়িত আছে, সেটার উত্তর দিন whether the college authority gave them permission
অথবা কলেজ অথরিটি তাদের ডেকে পাঠিয়েছিলেন কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar: On 8th September, 1964 the students again picketed in front of the college gate preventing other students from attending their classes.
এই কারণে অ্যারেস্ট করা হয়েছিল।

Shri Nani Bhattacharjee:

কলেজের ভেতর পুলিস ঢুকেছিল কিনা, হাঙ্গার স্ট্রাইকাররা কলেজের ভেতর বসে হাঙ্গার স্ট্রাইক করছিল। সুতরাং সেখানে পুলিস ঢুকেছিল এবং আপনার আগের যে স্টেটমেন্ট তাতে খানিকটা আভাস আছে। অতএব সেখানে কলেজ অথরিটির পারমিশন ছাড়া পুলিস কলেজ কম্পাউন্ডে ঢুকতে পারে কিনা সে বিষয়ে নীতিটা বলুন।

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

ডাকা হয়েছিল বলেই পুলিস গিয়েছিল।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, উনি আমার প্রশ্নটা ইভেড করছেন।

মিঃ স্পীকার: কোয়েশ্চেন ইভেড করেন নি কেন বলছি। আপনাকে কে ডেকেছিল বলেছেন, পুলিস গিয়েছিল বলেছেন, সব কটারই উত্তর দিয়েছেন।

শ্রীননী ভট্টাচার্য: আমি সাপ্লিমেন্টারি করেছি যে কলেজ অথরিটি পুলিসকে যদি খবর না দেয় এবং কলেজ অথরিটির কোন পার্মিশন সেখানে নেই সেই অবস্থায় পুলিস কলেজ কম্পাউন্ডের মধ্যে ঢুকে অ্যারেস্ট করতে পারে কিনা, সে বিষয়ে তাঁদের নীতিটা কি সেটার সম্বন্ধে উত্তর চেয়েছি—সেই উত্তর দেন নি।

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমার কাছে যা ইনফরমেশন আছে, কলেজের গেট থেকে ছাত্রদের অ্যারেস্ট করা হয়েছিল। অন্য ছাত্রদের ঢোকবার সময় যখন তারা বাধা দিচ্ছিল, তখন গেটের মুখে তাদের অ্যারেস্ট করা হয়, আর যেটা বলেছেন যারা হাঙ্গার স্ট্রাইক করেছিল তারা কলেজ প্রেমিসেসের গেটের মুখে করেছিল, সেই সময় তাদের অ্যারেস্ট করা হয়।

Shri Nani Bhattacharjee:

আপনি কি বলতে চান যে, কলেজ কম্পাউন্ডের ভেতর ঢোকে নি? তা সত্ত্বেও যে নীতিগত প্রশ্ন থেকে যাচ্ছে, সেটার উত্তর দিন।

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

কি বলুন আর একবার।

Mr. Speaker: Without the permission of the college authority পুলিস যেতে পারে কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এ সম্বন্ধে ডিটেল্ড যা নোট আছে সেটা যদি আমি পড়ে দিই তাহলে পরিষ্কার হয়ে যাবে।

Shri Kamal Kanti Guha:

পুলিস ঢুকতে পারে কিনা কলেজের মধ্যে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এ সম্বন্ধে নোটিস দিলে বলতে পারব।

Shri Nani Bhattacharjee:

পলিসিটা কি?

without the permission of the college authority whether on complaint of some students the police can enter into the college premises and make arrests? That is the question,

এখানে প্রিন্সিপল ইনভল্‌ভড্‌ রয়েছে, অ্যাডমিনিস্ট্রেটিভ পলিসিটা কি?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এ সমস্ত নোটিশ দিলে বলতে পারব।

11-10—1-20 p.m.]

Shri Nani Bhattacharjee:

মিঃ স্পীকার, স্যার, এটা তো নোটিসের ব্যাপার নয়। আপনি ওঁকে এটা বুঝিয়ে দিন যে, এটার জন্য নোটিস দরকার করে না। এটা অ্যাডমিনিস্ট্রেটিভ পলিসি কি, জিজ্ঞাসা করা হয়েছে। সে সম্বন্ধে উনি যদি না জানেন, তাহলে বলুন যে মশাই, আমি জানি না। আহলে অন্য মন্ত্রী উত্তর দেবেন।

Mr. Speaker: Mr. Bhattacharjee,

এটা কোয়েশ্চেন অফ পলিসি, আপনি জিজ্ঞাসা করেছেন হোয়াট ইজ দি পলিসি? উনি যদি এখনই উত্তর দিতে পারেন ভালই, তা না হলে পরে উত্তর দেবেন।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

মিঃ স্পীকার, স্যার, এই সাপ্লিমেন্টারি, এই কোয়েশ্চেন থেকে, কেমন করে আসে?

(Noise and interruptions.)

Mr. Speaker: Mr. Das Gupta, that supplementary does arise on this question. They want to know the policy that is acted upon here, the policy behind such arrests.

Shri Nani Bhattacharjee:

মিঃ স্পীকার, স্যার, আমার উত্তরটা পাই নি। উনি যদি না জানেন, তাহলে উনি বলুন যে, আমি এখন জানি না, পরে জেনেশুনে উত্তর দেব। এই কথা উনি বলুন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমি তো বলেছি, আমি পরে জবাব দেব।

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

মাননীয় মন্ত্রিমহাশয় কি স্যাটিসফায়েড যে যাঁরা খবর দিয়েছিলেন তাঁরা ছাত্র, না আউটসাইডার?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

স্টুডেন্টস যারা অ্যারেস্টেড হয়, তার মধ্যে আউটসাইডারও কিছু ছিল।

Shri Narayan Choubey:

যারা খবর দিয়েছিল, তারা কি সব স্টুডেন্টস?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

যারা অ্যারেস্টেড হয়েছিল, তার মধ্যে আউটসাইডারও কিছু ছিল।

Shri Narayan Choubey:

অনেক আই, বি, ডিপার্টমেন্টের লোক, তারা ছাত্রদের নাম করে খবর দিয়েছিল, এটা কি আপনি জানেন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এ খবর আমি জানি না।

Shri Narayan Choubey:

আপনি কি বলতে পারেন, কাঁথিতে অ্যাজিটেশন সম্পর্কে ছাত্রদের স্কুলে টোটাল কত পুলিস গিয়েছিল?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

সে খবর আমি বলতে পারব না।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহোদয়ের বক্তব্য থেকে এটা পরিষ্কার হল যে, কলেজ অথরিটি পুলিসকে ডাকে নি, ছাত্ররা অভিযোগ করেছিল, এবং এর জন্য সেখানে পুলিস গিয়েছিল। আমি সেদিন এ সম্পর্কে বিধানসভার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আমি জানতে চাচ্ছি, ছাত্রদের অভিযোগটা এমন কি ছিল, যার জন্য, সেই অভিযোগের ফলে, পুলিসকে সেখানে যেতে হল, লাঠি-বন্দুক এবং টিয়ার গ্যাস নিয়ে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

না। পুলিস সেখানে টিয়ার গ্যাস নিয়ে যায় নি।

Shri Balai Lal Das Mahapatra:

যাই হোক, আমরা প্রত্যক্ষদর্শী হিসাবে এই রকম সর্বত্র হচ্ছে দেখছি। আমার প্রশ্ন হচ্ছে, আপনি যে বলেছেন ছাত্রদের অভিযোগক্রমে পুলিস সেখানে গিয়েছিল, কলেজ অথরিটি তাদের ডাকে নি; সেই অভিযোগটা কি ছিল?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

যে কোন কগনিজেবল অফেন্স হলে, পুলিস সেখানে যেতে বাধ্য।

Shri Balai Lal Das Mahapatra:

সেই অভিযোগটা কি ছিল?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

যারা ক্লাসে জয়েন করতে চেয়েছিল তাদের বাধা দেওয়াতে তারা আবেদন জানায় যে আমরা কলেজের ভিতর ক্লাসে জয়েন করতে চাই তখন সেই ব্যাপারে পুলিশ ডাকা হয় এবং পুলিশ সেখানে গিয়ে স্লোগানকারদের অ্যারেস্ট করে।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, এই যে এতগুলি ছাত্রদের অ্যারেস্ট করা হয়েছে, তাদের বিরুদ্ধে কোন চার্জসীট আনা হয়েছে কিনা, এবং তাদের সকলকে গ্রেপ্তার করে ছেড়ে দেওয়া হয়েছে কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

সবাইকে ছেড়ে দেওয়া হয়েছে। কেবল একজন আউটসাইডারএর বিরুদ্ধে যে চার্জসীট দেওয়া হয়েছে, সেটা সরকারের বিবেচনাধীন আছে এবং বোধহয় শীঘ্রই সেটাও উইথড্র করে নেওয়া হবে। অন্য সব কেসগুলো উইথড্র করে নেওয়া হয়েছে।

Anchalik and Zilla Parishads

***445.** (Admitted question No. *1595.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত (পঞ্চায়েত) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আঞ্চলিক পরিষদ ও জেলা পরিষদের নমিনেটেড সভ্য কি ভিত্তির উপর বাছাই করা হয়; এবং

(খ) বীরভূম জেলার খয়রাশোল, দুবরাজপুর ও ইলামবাজারের নমিনেটেড সদস্যগণের নাম কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ জিলা পরিষদ আইনের ৪ ধারার ১ প্রকরণের (চ) উপ-প্রকরণ অনুসারে জিলা পরিষদের সরকারের দ্বারা মনোনীত সদস্য সেই জিলার অধিবাসী হওয়া চাই। উক্ত আইনের ৫২ ধারার (১) প্রকরণের (খ) উপ-প্রকরণ অনুসারে আঞ্চলিক পরিষদের সরকারের দ্বারা মনোনীত সদস্য সেই ব্লকের অধিবাসী হওয়া চাই।

(খ)

খয়রাশোল

মহিলা সদস্য	অনুন্নত সম্প্রদায়ের সদস্য
(ক) শ্রীমতী গীতা চক্রবর্তী	(ক) শ্রীসীতারাম মণ্ডল
(খ) শ্রীমতী অঞ্জলি মিত্র	(খ) শ্রীনিমাই ডোম

দুবরাজপুর

(ক) শ্রীমতী সরস্বতী মিত্র	(ক) শ্রীঅমলেশ সাউ
(খ) শ্রীমতী রেখা সরকার	(খ) শ্রীনরেন্দ্র বাগ্‌দি

ইলামবাজার

(ক) শ্রীমতী কণকলতা ঘোষ হাজরা	(ক) শ্রীরায় মর্দি
(খ) শ্রীমতী দুর্গাবালা ব্যানার্জি	(খ) শ্রীনন্দ মেটে

Shri Deb Saran Ghosh:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই নমিনেটেড সদস্যগণের নাম সরকারের কাছে কিভাবে যায়?

The Hon'ble Sowrindra Mohan Misra:

সরকারের কাছে আমরা জেলা ম্যাজিস্ট্রেটের কাছে নাম পাঠাবার জন্য বলেছিলাম, সাজেসশন পাঠাবার জন্য বলেছিলাম, তাঁরা পাঠিয়েছেন। এ ছাড়াও বিভিন্ন উপায়ে নাম সংগ্রহ করে দেওয়া হয়েছে।

Dr. Kanailal Bhattacharyya:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, এর একমাত্র কোয়ালিফিকেশন হচ্ছে যে, ঐ জেলার ও ঐ অঞ্চলের অধিবাসী হওয়া চাই। এ ছাড়াও কি মন্ত্রিমহাশয়ের জানা আছে যে, তারা কংগ্রেসী সদস্য না হলে বা কংগ্রেসের পুরো সমর্থক না হলে তাদের নমিনেশন দেওয়া হয় না একথা কি মন্ত্রিমহাশয় জানেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

না, এই রকম কোন কথা আমার জানা নেই। বরং আমার কাছে কংগ্রেসী সভ্যরা, বিশেষ করে আমার জেলার, অভিযোগ করেছেন যে, মশায়, কি রকম নমিনেশন দিয়েছেন যে, আমাদের কংগ্রেসের কোন সভ্য নিচ্ছেন না।

Dr. Kanailal Bhattacharyya:

মাননীয় [illegible] কি এর থেকে মনে করেন না যে, তাঁর জেলাতেই এই রকম একটা একসেপশন হয়েছে যার জন্য তাঁর জেলার কংগ্রেসীরা বিক্ষুব্ধ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

আমি তো বলেছি যে, এইরকম শুধু আমার জেলায় নয়, অনেকেই করেছেন, বিশেষ করে আমার জেলার খবরটা আমি ভালভাবে জানি বলেই বলেছি।

Shri Kamal Kanti Guha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যাদের জেলাশাসক আপনাদের কাছে নাম পাঠিয়েছে, জেলাশাসকের কাছে এই নামগুলি কিভাবে আসে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

জেলা শাসক কিভাবে নাম নিয়েছেন তা আমি এ প্রশ্ন থেকে বলতে পারবো না।

Shri Kamal Kanti Guha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, পঞ্চায়েতের সেক্রেটারী অথবা নমিনেটেড মেম্বার কাকে কাকে করা হবে তার জন্য জেলা কংগ্রেস কমিটি ও মণ্ডল কংগ্রেস কমিটির কাছে তালিকা পাঠানোর জন্য বলা হয়?

The Hon'ble Sowrindra Mohan Misra:

কোন্ জেলা কংগ্রেস কমিটি বা মণ্ডল কংগ্রেস কমিটি জানি না, তবে এটা জানি এই প্রশ্নকর্তার বন্ধু সুধীর দাস মহাশয় আমার কাছে সেক্রেটারী সম্বন্ধে কতকগুলি নাম পাঠিয়েছিলেন।

Dr. Radha Krishna Singha:

মাননীয় মন্ত্রিমহাশয় আমাকে জানাবেন কি, বীরভূম জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট নমিনেশন-এর জন্য যে সমস্ত নাম পাঠিয়েছিলেন সেই সমস্ত নামগুলি কেটে বীরভূম জেলার কংগ্রেস কমিটি নূতন করে নাম পাঠিয়েছিল এটা সত্য কি না?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এই রকম কোন খবর আমি জানি না। যে প্রশ্ন আজকে এখানে উঠেছে আমি সেখানে লক্ষ্য করে দেখছি যে ১২টি নামের মধ্যে ৯টি জেলা ম্যাজিস্ট্রেট যা পাঠিয়েছেন তার থেকেই নেওয়া হয়েছে।

Dr. Radha Krishna Singha:

আমি খুব ভালভাবে জানি যে যে নামগুলি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পাঠিয়েছিলেন সে নামগুলি যায় নি।

The Hon'ble Sowrindra Mohan Misra:

একথা আদৌ সত্য নহে। আমি পড়ে দিতে পারি জেলা ম্যাজিস্ট্রেট যে নামগুলি পাঠিয়েছেন, তার কোয়ালিফিকেশন দিয়েছেন, সেই নামগুলির মধ্যে ৯টি নাম এর মধ্যে আছে।

[1-20—1-30 p.m.]

ডাঃ কানাইলাল ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় এই মাত্র বললেন যে, দুবরাজপুর থেকে শ্রীমতী মিত্রকে আঞ্চলিক পরিষদের সদস্যা হিসেবে মনোনীত করেছেন। আমি জিজ্ঞাসা করছি আপনি কি জানেন যে, তিনি ওখানকার মণ্ডল কংগ্রেসের সভাপতি কালিকৃষ্ণ মিত্রের কন্যা এবং তাঁর আইন অনুসারে ২৫ বছর বয়স না হওয়া সত্ত্বেও তাঁকে নমিনেশন দেওয়া হয়েছে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র: এরকম খবর আমার জানা নেই।

শ্রীননী ভট্টাচার্য: মন্ত্রিমহাশয়, "ক" প্রশ্নের উত্তরে বলেছেন এটা সাধারণ আইনে আছে। আমার প্রশ্ন হচ্ছে ম্যাজিস্ট্রেট যখন কাউকে নমিনেসন দেবেন তখন বিশেষ কোন গুণ দেখে দেন কি না এবং এ সম্বন্ধে কোন সেট পলিসি আছে কি না। আমি যে একথা জিজ্ঞাসা করছি তার

কারণ হচ্ছে এরকম দৃষ্টান্ত দিতে পারি যে, একজন লোক হয়ত অঞ্চলে হেরে গেল কিন্তু পরে তিনি নমিনেটেড মেম্বার হিসেবে এলেন এবং দেখা গেল গভর্নমেন্ট তাঁকে নিয়ে নিয়েছেন।

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ আমি একটা খবর বলছি যাতে কিছুটা সুবিধা হতে পারে। গীতা চক্রবর্তী, ডটার অফ শ্রীপ্রহ্লাদ চক্রবর্তী, গ্রাজুয়েট, রেকমেন্ডেড বাই ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট। এরকমভাবে ১টির কথা পড়তে পারি, তবে অ্যাসেম্বলীর প্রশ্নের অসুবিধা হবে বলে আর পড়লাম না।

শ্রীননী ভট্টাচার্যঃ এগুলির কি হয়েছে।

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ গীতা চক্রবর্তী, তিনি একজন গ্রাজুয়েট এবং রেকমেন্ডেড বাই ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট। শুধু তাই নয়, ১২টির মধ্যে ৯টির ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের নাম আছে এবং এছাড়া আরও ৩টি নাম আছে যেগুলি নানাভাবে সংগ্রহ করা হয়েছে।

শ্রীকমলকান্তি গুহঃ কিভাবে করা হয়েছে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ এই যে বললাম ডেপুটি ডিরেক্টর অফ পঞ্চায়েতের কাছ থেকে নাম পেয়েছে।

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্যঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, আঞ্চলিক পরিষদে, জেলা পরিষদে যাঁরা গভর্নমেন্ট থেকে নমিনেটেড হলেন তাঁরা কি আঞ্চলিক পরিষদে এবং জেলা পরিষদে সভাপতি বা সহ-সভাপতি হতে পারেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ এটা জেলা পরিষদ আইন দেখলে বুঝতে পারবেন।

শ্রীবীজেশচন্দ্র সেনঃ মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, বাংলাদেশের বহু নমিনেটেড মেম্বার কমিউনিস্ট পার্টি, ফরওয়ার্ড ব্লক এবং অন্যান্য দলকে ভোট দিয়েছেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ কাকে কে ভোট দিয়েছেন আমি বলতে পারি না বা কোন্ মেম্বারের গায়ে কোন্ স্ট্যাম্প আছে আমি তা জানি না। তবে অনেকে অভিযোগ করেছেন এবং আমি তাঁদের বলেছি সরকার মনোনীত সদস্য কংগ্রেস মনোনীত সদস্যকে ভোট দেবেন তার কোন মানে নেই।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ বিরোধীদলের কোন লোককে কোন আঞ্চলিক পরিষদে কি নমিনেশন দিয়েছেন?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ আমি বিরোধী বা সরোধী দলের কথা বলি নি।

শ্রীবিজয়কুমার ব্যানার্জীঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বোলপুর-নানুর ব্লক-এ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যাঁদের রেকমেন্ড করেছিলেন তাঁদের একজনও হন নি এবং যে কজন সভ্য হয়েছেন তাঁরা সব কংগ্রেসের সভ্য কি না?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ এটা হচ্ছে খয়রাসোলের প্রশ্ন, এখানে নানুর-বোলপুরের কথা কি করে আসে আমি জানি না।

শ্রীঅবনীকুমার বসুঃ কংগ্রেস সমর্থক হলে নমিনেসন পেতে আইনে কোন বাধা আছে কি?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ বাধা নেই এবং কংগ্রেসের সমর্থক কি না সেটা জানাবারও উপায় নেই।

শ্রীকমলকান্তি গুহঃ মন্ত্রিমহাশয় এরকম খবর জানেন কি যে, এমন লোক আছে যিনি পাকিস্তান থেকে এসে এখানে নাগরিক অধিকার অর্জন করেন নি, অথবা এমন লোক আছে যার বিরুদ্ধে মৎস্য সমবায় সমিতি বা অন্যান্য সমিতির টাকা তছরুপের মামলা রয়েছে তবুও তাকে মনোনীত করা হয়েছে যেহেতু তিনি কংগ্রেসের মেম্বার?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ এই প্রশ্ন হচ্ছে খয়রাসোলের।

শ্রী [illegible] রায়ঃ ইমামবাজারে এমন একজন আছে দুর্গাবালা ব্যানার্জী তিনি কংগ্রেস সদস্য বৈদ্যনাথ ব্যানার্জীর কি নিকট আত্মীয়?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ কে কার নিকট আত্মীয় জানি না।

Road from N. H. 31 to Falakata police-station, Jalpaiguri

***446.** (Admitted question No. *1670.) **Shri Hira Lal Singha:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state if it is a fact (i) that the road from N. H. 31 to Falakata police-station in the district of Jalpaiguri is in a damaged and unrepaired condition, and (ii) that the approaches of Saptara river of the said road are similarly damaged?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) what steps are being taken to repair the road and the approaches thereof; and

(ii) the approximate time that will be taken for completion of the repair work?

The Hon'ble Khagendra Nath Das Gupta: (a) (i) The road has been damaged and needs repair. But it is negotiable to traffic in the present condition.

(ii) Yes.

(b) (i) The repair work to the road including approaches to the bridge over the Saptara river will be taken up during the coming winter season.

(ii) The repair work is expected to be completed by March, 1965.

Mr. Speaker: Copy of the answer has not been furnished. A copy should be given to me.

Banduan Anchal Panchayat, Purulia

***447.** (Admitted question No. *1675.)

শ্রীঅদ্বৈত মণ্ডলঃ স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত (পঞ্চায়েত) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার অন্তর্গত বান্দোয়ান থানার বান্দোয়ান অঞ্চল পঞ্চায়েত নির্বাচন বাতিল করিয়া পুনঃ নির্বাচনের আদেশ জেলা ম্যাজিস্ট্রেট গত ১৬ই ডিসেম্বর ১৯৬৩ তারিখে দেওয়া সত্ত্বেও এ পর্যন্ত পুনঃ নির্বাচনের কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই ;

(খ) সত্য হইলে, কতদিনের মধ্যে পুনঃনির্বাচন হইবে বলিয়া আশা করা যায় ;

(গ) ইহা কি সত্য যে, সেখানে এড্ হক পঞ্চায়েত গঠন করা হইয়াছে ;

(ঘ) সত্য হইলে, ইহা কোন্ আইন অনুসারে গঠিত হইয়াছে ; এবং

(ঙ) উক্ত এড্ হক পঞ্চায়েতের সদস্যদের পরিচয় কি?

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) ও (খ) পুরুলিয়া জেলার অতিরিক্ত জেলা-শাসক মহাশয় বান্দোয়ান থানার বান্দোয়ান অঞ্চল পঞ্চায়েতের অন্তর্গত গঙ্গামাম্মা ও বান্দোয়ান গ্রাম সভা হইতে উক্ত অঞ্চল পঞ্চায়েতের প্রতিনিধি পুনঃনির্বাচনের আদেশ দিয়াছিলেন এবং এই পুনঃনির্বাচনের দিন ধার্য হইয়াছে ২২শে সেপ্টেম্বর ১৯৬৪ সাল।

(গ) না।

(ঘ) ও (ঙ) এ প্রশ্ন উঠে না।

Canteen in the City Court

***448.** (Admitted question No. *1786.) **Shri Canesh Ghosh:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state if it is a fact (i) that permission was given by the Government to an individual to establish a Canteen in the City Court without fixing a rent and without security; and (ii) that furniture and crockeries were bought by the Government for the Canteen at its own expense?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) how much rent the individual has paid so far and how much are his present liabilities on that issue; and

(ii) at what cost Government bought the said furniture?

(c) If it is a fact that furniture bought by the Government has been attached due to the non-payment of full rent?

(d) If so, whether the Government is involved in litigation?

(e) If it is a fact that the individual concerned is untraceable?

The Hon'ble Iswar Das Jalan: (a)(i) Yes, on an undertaking given by him to pay rent as and when assessed by Government.

(ii) Some articles of furniture were purchased by Government for the Canteen but no crockeries.

(b) (i) No rent has been paid by the Canteen owner so far and his liabilities on that account are about Rs. 10,000.

(ii) Rs. 1,381.83P.

(c) No. The items of furniture supplied by Government were however attached by a private party in a suit against the Canteen owner, and Government got the furniture released by instituting a claim proceeding in the Small Causes Court, Calcutta.

(d) No other litigation except the claim case at (c) above

(e) It is not true

Shri Canesh Ghosh: Will you kindly give us the name of the person who was allowed to open the canteen at the City Court?

The Hon'ble Iswar Das Jalan: Syam Kali Ganguli.

শ্রীজ্যোতি বসু: এই ভদ্রলোক কে? রেন্ট ফিক্স করা ছাড়া ভবিষ্যতে কি হবে, তার উপর একজনকে দিয়ে দেওয়া হল, কেন এভাবে কাজ করলেন সরকার?

The Hon'ble Iswar Das Jalan: The canteen was given to Syam Kali Ganguli on his assurance that he will pay rent.

[1-30—1-40 p.m.]

শ্রীজ্যোতি বসু: আমি জিজ্ঞাসা করছিলাম সরকার যখন একটা লোককে ঠিক করেছেন ক্যানটিন খোলার জন্য তখন প্রমিসে তো হবে না। কত রেন্ট ফিক্স হল—৪ টাকা দেবে কি ২৫ টাকা দেবে কি ১ হাজার টাকা দেবে সেটা আমরা জানতে চাই? কিছু ফিক্স না করে কেন এই ব্যক্তিকে দেওয়া হবে? ইনি কে, এঁর পরিচয় ভাল করে দিন এবং কেনই বা দেওয়া হল এটা জানতে চাই?

The Hon'ble Iswar Das Jalan: The rent was to be fixed by the P. W. Department, and this gentleman took possession on 7th May, 1962, and he wrote to the P.W.D. to fix rent on 10th April, 1962. The rent was fixed a little later, and when rent was demanded, he began to evade. Ultimately he was evicted, and now we are going to institute a suit for recovery of the rent.

শ্রীজ্যোতি বসু: তাহলে আমি জানতে চাই এই যে চেয়ার টেবিল কেনা হল সরকার পক্ষ থেকে এই সুযোগই বা সেই ভদ্রলোককে দেওয়া হল কেন? এই যে শ্যামা কালী না কার কথা বলছেন এই শ্যামা কালীকে এই সুযোগটা দেওয়া হল কেন? রেন্ট কিছু ফিক্স করা হল না, অথচ দিয়ে দেওয়া হল ফার্নিচার, ঘটনাটা কি একটু খুলে বলুন, লুকোবেন না।

দি অনারেবল ঈশ্বরদাস জালান:

It was necessary to supply the canteen with some furniture and necessary furniture was supplied to him.

শ্রীজ্যোতি বসু: আপনারা কি এর জন্য অ্যাডভারটাইজ দিয়েছিলেন?

The Hon'ble Iswar Das Jalan: No advertisement was made for setting this canteen. We received applications out of them one of the applicants was chosen.

শ্রীজ্যোতি বসু: আপনি বলছেন যে উই রিসিভড অ্যাপ্লিকেশনস অ্যাপ্লিকান্টরা কি জানতেন যে একটা রেন্ট হবে? কত রেন্ট কিসের জন্য তারা অ্যাপ্লাই করছেন এগুলি সম্বন্ধে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল কি না?

দি অনারেবল ঈশ্বরদাস জালান: বিজ্ঞাপন দেওয়া হয় নি, রেন্ট দিতে হবে সেটা ঠিক। কিন্তু রেন্ট উইল বি ফিক্সড বাই পি ডবলিউ ডি।

শ্রীজ্যোতি বসু: রেন্ট কত না জেনেই একটা লোক নিয়ে নিল আর আপনারা চেয়ার টেবিল কিনে দিলেন?

দি অনারেবল ঈশ্বরদাস জালান: ওয়েল দ্যাট হ্যাপেন্স।

শ্রীজ্যোতি বসু: এই যে মন্ত্রিমহাশয় বললেন ইট হ্যাপেন্স আমি কখনও জানি না সরকার এইভাবে কাজ করেন কি না। স্পীকার মহাশয়, আপনি সলিসিটর, এই রকম হয় কি না সেটা আপনি জানেন কি না আমি জানি না। কাজেই ইট হ্যাপেন্স এই উত্তর আমরা মেনে নিতে রাজী নই। আমরা জানি এই কংগ্রেস সরকার চোর সরকার। কিন্তু তবুও কতকগুলি নিয়ম কানুন আছে যেগুলি লোকে মানে। আমি একটা লোককে বললাম যে তুমি ক্যানটিন খুলবে, অমনি শ্যামা কালী ক্যানটিন খুলে দিল, তার টেবিল চেয়ার নেই তাকে টেবিল চেয়ার কিনে দেওয়া হল, তারপর ৭ হাজার টাকা মেরে দিয়ে তিনি চলে গেলেন। এখন উনি বলছেন তার বিরুদ্ধে আমরা মামলা করে দিয়েছি। সেজন্য আমরা বার বার যা জিজ্ঞাসা করছিলাম তার উত্তর পাচ্ছি না। তিনি কি পি ডবলিউ ডি মিনিস্টার বা আপনার কোন পরিচিত ব্যক্তি? এই শ্যামা কালী আপনাদের সঙ্গে কি করে কানেকটেড হলেন? সরকারী ব্যাপার, এটা একটু এক্সপ্লেন করবেন। রেন্ট ফিক্স না করে টেবিল চেয়ার নিজে থেকে কিনে দিলেন? কোন ইন্টারেস্ট নেই? সেজন্য জানতে চাই খুলে একটু বলুন সব ব্যাপারটা।

The Hon'ble Iswar Das Jalan:

We have no connection with this gentleman. It seems his father was an ex-employee of the Government of West Bengal, Home Department and so he was considered to be thoroughly dependable person.

Shri Jyoti Basu:

যেহেতু ওঁর বাবা হোম ডিপার্টমেন্টে চাকরি করতেন সেহেতু থরোলি ডিপেন্ডেবল হল? ব্যাপারটা একটু বুঝিয়ে বলুন!

The Hon'ble Iswar Das Jalan: This is a matter of judgment of the man who settled it.

Shri Jyoti Basu:

ফাইন্যালি কে জাজমেন্ট দিলেন—আপনি দিলেন, কি পি ডবলিউ ডি মিনিস্টার দিলেন, কি কে দিলেন?

The Hon'ble Iswar Das Jalan:

It was given by the Judicial Department.

Shri Jyoti Basu:

আমি জানতে চাই জুডিসিয়াল ডিপার্টমেন্টের কোন অফিসার এই ক্যানটিন করতে দিলেন?

The Hon'ble Iswar Das Jalan: The decision is made by the Judicial Secretary in the last rung.

Shri Jyoti Basu:

এই যে সরকারের ৭ হাজার টাকা মারা যাওয়ার জন্য, এই রকম একটা ফাউল ডিড যা হয়েছে এর জন্য জুডিসিয়াল সেক্রেটারীর বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

The Hon'ble Iswar Das Jalan:

ফাউল ডিড হয় নি।

The canteen had been given on this assurance that he will pay the rent as assessed by the P. W. D. On 10th April, 1962, we asked to fix the rent and it was fixed on February, 1963 and when it was demanded the man began to evade payment and ultimately we found that he did not pay and so we filed a suit to evict him.

Shri Jyoti Basu: It is a bad judgment I would like to know whether any proceedings have been adopted against this particular person who finally gave that judgment on behalf of this canteen-holder?

The Hon'ble Iswar Das Jalan: That question is a different question altogether. Until and unless responsibility of a particular person is fixed, no steps can be taken.

Shri Jyoti Basu:

আমি জিজ্ঞাসা করতে চাই এই ৭ হাজার টাকা কে দেবে?

Shyamakali is unable to pay, it is obvious. (Noise and interruptions)

আমি জিজ্ঞাসা করছি, এটা কি মল্লিকমহাশয় দেবেন, যিনি গান্ধীটুপি পরে বসে আছেন বা তাঁর পেছনে যিনি বসে আছেন তিনি দেবেন?

[Noise and interruptions.]

The Hon'ble Iswar Das Jalan: My friend presumes that a particular person is responsible. Until and unless that responsibility is understood and clarified no question can be answered. Whether it is Kalitopi or Golitopi, that is immaterial.

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, যে লোক রেন্ট পর্যন্ত দেয় নি, সেই লোক যে ৭ হাজার টাকা দেবে এটা আমি বিশ্বাস করতে পারছি না, সেজন্যই প্রশ্নটা করেছিলাম। আমি আর একটা প্রশ্ন করছি, রিটুন কোন ডকুমেন্ট এই লোকের সঙ্গে হয়েছিল কি না?

The Hon'ble Iswar Das Jalan: I cannot say off-hand as to whether there was any written document. That will be a matter for litigation. I am not aware of the fact whether there was any document.

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমার কোয়েশ্চেনটা ভাইটাল—একটা লোকের সঙ্গে একটা কন্ট্রাক্ট হল, সেই কন্ট্রাক্টের টার্মস ঠিক হল না, তবুও উনি বলছেন, তিনি বলেছিলেন যে আমাদের রেন্ট দেবেন। আমি জিজ্ঞাসা করছি, যেখানে সরকারের টাকা নিয়া তছরুপ হচ্ছে সেখানে বলছেন আমি জানি না রিটেন কন্ট্রাক্ট হয়েছিল কি না—জুডিসিয়াল সেক্রেটারী ইফ হি ইজ রেসপনসিবল, তিনি যদি পারমিশন দিয়ে থাকেন ঐ কন্ডিসনে এবং জুডিসিয়াল সেক্রেটারীর যদি কোন ডকুমেন্ট না থাকে তাহলে তাঁর বিরুদ্ধে প্রসিড করবেন কি না সেটা জানতে চাচ্ছিলাম—তার উত্তর কি?

The Hon'ble Iswar Das Jalan: I have already stated thaat it is too premature to fix any responsibility in this matter. As a matter of fact, in all Government canteens furniture was supplied.

Shri Jyoti Basu: Is it a fact that in all Government canteens, it is under such terms and conditions, that is, without fixing any rent, without any details, a man is given permission to run a canteen?

The Hon'ble Iswar Das Jalan: I cannot say about other canteens but so far as this canteen is concerned, this is done.

Shri Jyoti Basu:

এই মাত্র উনি বললেন যে, গভর্নমেন্ট ক্যান্টিনে না কি এরকম হয়ে থাকে। আমি যখন স্পেসিফিক কোয়েশ্চেন করলাম-

I do not know about other canteens but in this canteen it so happened.

এই সব মুর্খের মত উত্তরের কি মানে আছে?

Mr. Speaker:

উনি তো বললেন এই ক্যানটিন সম্বন্ধে।

Shri Jyoti Basu:

আমি যেটা পয়েন্ট আউট করেছি সেটা বলুন।

[1-40—1-50 p.m.]

Shri Bejoy Kumar Banerjee: Will the Hon'ble Minister kindly state how long was this canteen owner there without paying the rent and without knowing anything?

Mr. Speaker: Mr. Banerjee, this question has been answered.

Shri Bejoy Kumar Banerjee: Sir, let me have it from the Minister. You are not to give the answer.

Mr. Speaker:

মিঃ ব্যানার্জী, আপনি আমার ঘরে আসবেন, এর যদি অ্যানসার দেওয়া না হয়ে থাকে, তাহলে আমি কালকে অ্যানসার দিতে বলবো।

I will request the Hon'ble Minister to give you the answer tomorrow.

The Hon'ble Iswar Das Jalan: I may add, Sir, that there is a letter written by the party. He says, "I agree to pay rent as may be assessed by the P.W.D.".

The Drain along the B. T. Road

***449.** (Admitted question No. *1792.)

শ্রীগোপাল ব্যানার্জি: পূর্তবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বি টি রোডের পূর্বধার দিয়া টালা পলতা ৭২ ইঞ্চি পাইপ বসাইবার পরে বি টি রোডের ঐ পার্শ্বের ড্রেনটি পুনরায় খনন করা হয় নাই;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ড্রেনটি পুনরায় খননের দায়িত্ব কাহার ছিল ;

(২) এ যাবৎ খনন না করিবার কারণ কি ; এবং

(৩) ড্রেনটি খনন করিবার কি ব্যবস্থা হইতেছে?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

(ক) না, ড্রেনটি সম্প্রতি খনন করা হইয়াছে।

(খ) (১) ড্রেনটি পুনরায় খননের দায়িত্ব কলিকাতা পৌরসংস্থার উপর ন্যস্ত ছিল।

(২) প্রশ্ন ওঠে না।

(৩) প্রশ্ন ওঠে না।

Shri Copal Banerjee:

আপনি কি সম্পূর্ণরূপে সঠিকভাবে জেনে, এই কথা বলছেন যে ড্রেনটি খনন করা হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

হ্যাঁ, নিশ্চয়। জেনেই বলছি।

Shri Copal Banerjee:

আপনি যে রিপোর্ট পেয়েছেন, সেই রিপোর্টটা কোন অফিসার দিয়েছেন? আমি সেই এলাকার লোক কি না?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

আমার অফিসের অফিসারদের কাছ থেকে পেয়েছি। তবে, কোন অফিসার, তা আমি জানি না।

Shri Copal Banerjee:

বি, টি রোড প্রায়ই জলে প্লাবিত হয়ে যায়, এবং এই ড্রেনটা দিয়ে জল না বেরোনর জন্যই, এটা আপনি জানেন কি?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

এটা আলাদা প্রশ্ন। এই ড্রেন দিয়ে জল যাবে কি করে? যেখান দিয়ে যাবে, সেখানটা উঁচু হয়ে আছে। ড্রেন খনন করা হয়েছে।

Shri Copal Banerjee:

আমি জিজ্ঞাসা করছি, এই ড্রেনটা পুনরায় না খনন করার জন্যই, সেখানে জলে প্লাবিত হয় কি না?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

না।

Shri Copal Banerjee:

আপনি কি জানেন যে এখানের সমস্ত অঞ্চলটা এখনও জলে ডুবে আছে, এবং আপনার ডিপার্টমেন্টের অফিসারের কাছে পুনঃ পুনঃ রিপোর্ট এসেছে এবং এখনও আসছে, যে ঐ ড্রেনটা খনন করা হয় নি, এ সম্পর্কে রিপ্রেজেনটেশন আসছে আপনি জানেন?

The Hon'ble Khagendra Nath Das Cupta:

না। ড্রেনটা খনন করা হয় নি বলে সেখানটা জলে ডুবে আছে, এ রকম কোন খবর আমার কাছে আসে নি।

Shri Gopal Banerjee:

আপনি প্রশ্নোত্তরে বলেছেন—ড্রেনটি পুনরায় খননের দায়িত্ব কলকাতা কর্পোরেশনের উপর ন্যস্ত ছিল। আমার সাপ্লিমেণ্টারী হচ্ছে, কর্পোরেশনেরই কি কেবল নিজের দায়িত্ব ছিল, না, টালা, পলতার মেন পাইপটা যারা, কনট্রাকটাররা বসিয়েছেন, তাদের ঐ ড্রেনটা কাটবার কথা ছিল?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কর্পোরেশনের সংগে যে চুক্তি হয়েছিল, সেই চুক্তির (বি) ও (জি) ধারা অনুযায়ী পাইপ বসাবার সমস্ত দায়িত্ব কর্পোরেশনের উপরই ছিল।

Shri Gopal Banerjee:

কর্পোরেশনের নিজের ডিপার্টমেণ্টের করবার কথা ছিল, না, কনট্রাকটারের স্ট্রাকচারাল ইঞ্জিনীয়ার যারা পাইপটা বসিয়েছিল, তাদেরই করবার কথা ছিল, কার উপর দায়িত্বটা ছিল?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কর্পোরেশনের সাথে চুক্তি হয়েছিল যে কর্পোরেশনই এটা করবেন। এটা করবার দায়িত্ব সম্পূর্ণ কর্পোরেশনের উপরই থাকবে। কর্পোরেশনের এটা দায়িত্ব।

Telephones in the Anchals of Harishchandrapur police-station, Malda

***450.** (Admitted question No. *1822.)

ডাঃ গোলাম ইয়াজদানি: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত (পঞ্চায়েত) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর থানায় কতগুলি অঞ্চলে সরকারী টেলিফোন দেওয়া হইয়াছে এবং তাহা প্রধানদের বাড়িতে আছে কিনা;

(খ) প্রত্যেক অঞ্চলে এই টেলিফোনের জন্য গত তিন বৎসরে বৎসর প্রতি কত টাকা খরচ হইয়াছে এবং এই টাকা কে দিয়াছে; এবং

(গ) ট্রাঙ্ককল বাবত হরিশ্চন্দ্রপুর থানার প্রত্যেক অঞ্চলে গত তিন বৎসরে বৎসর প্রতি কত টাকা লাগিয়াছে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) হরিশ্চন্দ্রপুর থানার কোন অঞ্চলে সরকারী টেলিফোন দেওয়া হয় নাই।

(খ) ও (গ) এ প্রশ্ন ওঠে না।

(No supplementary.)

Anchal Panchayat Secretaries

***451.** (Admitted question No. *1838.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats (Panchayat) Department be pleased to state—

(a) whether the Government have any proposal to introduce pay scale and service conditions for the Secretaries of Anchal Panchayats; and

(b) if so, when the said scheme is likely to be introduced and the particulars of such proposal?

The Hon'ble Sowrindra Mohan Misra: (a) Pay scale and service conditions are already there for Anchal Panchayat Secretaries. At present permanent Secretaries draw their pay in the unrevised scale of Rs. 50—1—63—2—80 plus dearness allowance at Rs. 30 and cash allowance at Rs. 5.

(b) Does not arise.

Shri Aswini Roy:

এই যে বর্তমান পে স্কেল চালু আছে, এই পে স্কেল চালু হবার সময়, তার ভিত্তিটা কি ছিল? কোন্ ক্রাইটেরিয়ার উপরে ভিত্তি করে এই পে স্কেলটা চালু করা হয়েছিল?

The Hon'ble Sowrindra Mohan Misra:

কি ক্রাইটেরিয়া, তা আমি বলতে পারবো না।

Shri Aswini Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে কি বলবেন, এদের কি কি কাজ করতে হয়?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এদের অঞ্চল পঞ্চায়েত থেকে যেসমস্ত চিঠিপত্র আসে তার জবাব দিতে হয়, অর্থাৎ যাবতীয় কাজ অঞ্চল পঞ্চায়েতের সম্পাদক মহাশয়দের করতে হয়।

Shri Aswini Roy:

এই যে লোয়ার গ্রেড ক্লার্ক আছে, তাদের কাজের চেয়ে, অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীদের কাজের দায়িত্ব কম না, বেশী?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এতো মতামতের প্রশ্ন, কাজের দায়িত্ব, কম কি বেশী, আমি কি করে বলবো। এখানে একটা কথা মাননীয় সদস্য মহাশয়কে মনে রাখতে বলি, সরকারী কর্মচারী হিসাবে এদের মাইনেটা যদিও সরকার থেকে দেওয়া হয়, কিন্তু এরা হচ্ছেন অঞ্চল পঞ্চায়েতের লোক, এবং অঞ্চল পঞ্চায়েত থেকে এদের কাজ দেওয়া হয়।

Shri Aswini Roy:

এটাত মন্ত্রিমহাশয় জানেন যে, পঞ্চায়েত অ্যাক্টে আছে যে এই সমস্ত সেক্রেটারীদের নিয়োগের ব্যাপারে জেলা ম্যাজিস্ট্রেটই একমাত্র নিয়োগ করতে পারেন তাতে অঞ্চল প্রধানদের কারো কোন অধিকার নেই?

The Hon'ble Sowrindra Mohan Misra:

জেলা ম্যাজিস্ট্রেট নিয়োগ করতে পারেন এইরকম কোন কথা ত আমার জানা নেই। অঞ্চল পঞ্চায়েতের প্রধানরা করতে পারেন এইত জানি। কিন্তু যে কথা বললেন যে জেলা ম্যাজিস্ট্রেট নিয়োগ করতে পারেন, সেকথা আমার জানা নেই।

Shri Aswini Roy:

মাননীয় মন্ত্রিমহাশয়, বোধ হয় আইনটা অনেকদিন আগে পাশ হয়েছে, ভুলে গিয়েছেন কিন্তু এই-টাই স্পেসিফিক্যালি আছে এবং আইনটা পাশ হবার সময় এই নিয়ে অনেক বিতর্ক হয়। এখন এদের যেভাবে কাজ করতে হয় তাতে লোয়ার গ্রেড-এর যে ক্লার্ক সেই ক্লার্ক-এর বেতন দেওয়াটা কি উচিত নয়?

The Hon'ble Sowrindra Mohan Misra:

কোনটা দেওয়া উচিত অনুচিত তার প্রশ্ন নেই। আর পূর্বে যে কথাটি বললেন আমি মাননীয় সদস্যকে ভাল করে আইনটা পড়ে দেখতে বলি। কারণ, অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারী জেলা ম্যাজিস্ট্রেট দেয় না।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে এদের নিয়োগকর্তা জেলা পরিষদ বা অঞ্চল পরিষদ। কিন্তু পে স্কেল ঠিক করার কর্তা গভর্নমেন্ট। তাহলে বর্তমানে এই দুর্মূল্যের বাজারে তাদের ভাতা বৃদ্ধি করার কথা সরকার চিন্তা করছেন কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এ প্রশ্নের উত্তর হচ্ছে দুটি। প্রথম কথা যা বললেন যে, এর নিয়োগকর্তা হচ্ছে জেলা পরিষদ বা অঞ্চল পরিষদ, তা নয়, এর নিয়োগকর্তা এই গভর্নমেন্টএর ডাইরেক্টরেট থেকে আসে—তাই হল এক নম্বর। আর দ্বিতীয় কথা যা বললেন যে এদের ভাতা ইত্যাদির বৃদ্ধির কথা, আমি কিছুদিন যাবত সম্পাদকদের কাছ থেকে নানারকম আবেদন নিবেদন পাচ্ছি তাদের যাতে বেতন বৃদ্ধি করা হয়। সে সম্বন্ধে বিবেচনা করে দেখা হচ্ছে।

Shri Sanat Kumar Raha:

তাহলে স্যার, এদের সার্ভিস কন্ডিসান-এর রুলসগুলি জেলা পরিষদ থেকে তৈরী হবে না গভর্নমেন্ট সার্ভিস রুলস হবে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

গভর্নমেন্ট সার্ভিস কন্ডিসান নয়, এর রুলস হয়ে আছে। আমার উত্তরটা যদি শুনতেন, এদের সার্ভিস কন্ডিসান করে দেওয়া আছে। নূতন করে আর করবার কিছু নেই। তবে অঞ্চল পরিষদ বা জেলা পরিষদ হলে হয়ত তাদের হাতে এটা আরো ভালভাবে বিবেচনার জন্য আমরা ছেড়ে দিতে পারি।

Shri Jiban Krishna Dey:

একটা অঞ্চল থেকে আর একটা অঞ্চলে এদের ট্রান্সফার করে কে?

The Hon'ble Sowrindra Mohan Misra:

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা এস ডি ও করেন।

Shri Jiban Krishna Dey:

পঞ্চায়েত সুপারভাইজার ট্রান্সফার করেন এইরকম কোন নজীর আছে কি?

The Hon'ble Sowrindra Mohan Misra.

পঞ্চায়েত সুপারভাইজার ট্রান্সফার করার মালিক নয়, এইটাই আমার জানা আছে।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, যে আইনে বলা আছে যে নিয়োগের কর্তা স্টেট গভর্নমেন্ট। কিন্তু আপনারা কি সরাসরি নিযুক্ত করেন, না অন্য কোন ভাবে করেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

আপনি যে প্রশ্নটা করলেন তাহলে দেখুন মাননীয় প্রশ্নকর্তা অশ্বিনীবাবুর কতখানি ভুল ছিল। এর নিয়োগের কর্তা হচ্ছে স্টেট গভর্নমেন্ট এবং সবাসরি স্টেট গভর্নমেন্ট থেকেই যায়। তবে এখানে এস ডি ও-র কাছ থেকে প্যানেল আনান হয়, তার থেকে বিবেচনা করা হয়, বলাইলাল দাস মহাশয় যদি আমাকে বলেন যে এই লোকটার কথা বিবেচনা করেন তাও হয়ত করতে হয়, কিন্তু প্যানেলটা হয় এস ডি ও-র কাছ থেকে।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এস ডি ও যে প্যানেলটি পাঠিয়ে দেন, হয়ত ৫ জনের নাম পাঠান তার মধ্যে আপনারা কিভাবে প্রাইয়োরিটি হিসাবে নেন, না আপনাদের খুশীমত নেন, কিভাবে নেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এস ডি ও-র প্যানেলের মধ্যে থেকেইত নেওয়া হয়। কোন প্রাইয়োরিটি বলে কিছু নেই।

Shri Mrigendra Bhattacharyya:

মন্ত্রিমহাশয় জানেন যে নিয়ম আছে ইউনিয়ন বোর্ড-এর ক্লার্ক থেকেই পঞ্চায়েতের ক্লার্ক নিয়োগ করা হবে, কিন্তু মন্ত্রিমহাশয় কি জানেন যে এই নিয়ম মানা হয় নাই?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এইরকম কথা কোথায়ও বলা আছে যে ইউনিয়ন বোর্ড-এর সমস্ত ক্লার্কদের নিতে হবে—এইরকম কথা আমার জানা নেই।

[1-50—2 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ স্টেট গভর্নমেন্ট-এর পক্ষ থেকে যখন নিযুক্ত করেন বলছেন তখন আমার প্রশ্ন হচ্ছে লোয়ার ডিভিসন ক্লার্কদের সার্ভিস রুলস প্রয়োগ করা হয় নি কেন?

দি অনারেবল সৌরিন্দ্রমোহন মিশ্রঃ সমস্ত প্রয়োগ করার প্রশ্ন আসে নি।

Anchal Panchayat Secretaries

***452.** (Admitted question No. *1841.)

শ্রীঅশ্বিনী রায়ঃ স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত (পঞ্চায়েত) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অণ্ডল পঞ্চায়েতের সেক্রেটারীদের বেতন যথাসময়ে দেওয়া হয় না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৬৩ সালের সেপ্টেম্বর হইতে ১৯৬৪ সালের অগাস্ট পর্যন্ত প্রতি মাসে বর্ধমান জেলার ভাতাড় উন্নয়ন ব্লকের অন্তর্ভুক্ত অণ্ডল পঞ্চায়েতের সেক্রেটারীদের প্রত্যেকের (১) বেতন প্রাপ্তির তারিখ, (২) বিলম্বের কারণ এবং (৩) সময়মত প্রাপ্তির কোনও ব্যবস্থা অবলম্বিত হইলে তাহার বিবরণ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) হ্যাঁ, কোন কোন ক্ষেত্রে পঞ্চায়েত সেক্রেটারীদের বেতন দিতে বিলম্ব হইয়াছে।

(খ) (১) বর্ধমান জেলার ভাতার ব্লকের সেক্রেটারীদের বেতন প্রাপ্তির তারিখঃ—

অগাস্ট, ১৯৬৩—২০-৯-৬৩। ২৯-৯-৬৩।

সেপ্টেম্বর, ১৯৬৩—১৮-১০-৬৩।

অক্টোবর, ১৯৬৩—২৭-১১-৬৩। ৬-১২-৬৩।

নবেম্বর ১৯৬৩—১৯-১২-৬৩। ৩১-১-৬৪।

ডিসেম্বর ১৯৬৩—১৭-১-৬৪। ১৮-১-৬৪। ২১-১-৬৪। ৩১-১-৬৪।

জানুয়ারী ১৯৬৪—২০-২-৬৪।

ফেব্রুয়ারী ১৯৬৪ ২০-৩-৬৪। ২৩-৩-৬৪।

মার্চ ১৯৬৪ হইতে জুন ১৯৬৪—২৪-৭-৬৪, ২৮-৮-৬৪ এবং ৩-৯-৬৪।

জুলাই ১৯৬৪—৩-৯-৬৪, ৪-৯-৬৪, ৮-৯-৬৪ এবং ১১-৯-৬৪।

অগাস্ট ১৯৬৪ ২১-৯-৬৪ তারিখে বেতন দিবার দিন ধার্য করা হইয়াছিল।

(২) সেক্রেটারীদের বেতন বাবদ অর্থ সরকার এককালীন অনুদান হিসাবে দিয়া থাকেন। সরকারের মঞ্জুরীকৃত এই অর্থ অনেক হাত ঘুরিয়া মফঃস্বলে, কোন কোন স্কুলে দুর্গম অণ্ডলে, পঞ্চায়েতে পৌঁছিতে বিলম্ব হয়।

(৩) সরকার এ বিষয়ে সচেতন আছেন এবং যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বিত হইতেছে।

শ্রীঅশ্বিনী রায়ঃ বেতন প্রাপ্তির কথা কখন ধার্য করা হয়েছে সেটা আমার প্রশ্ন নয়, ধার্য করার ব্যাপারে দেখছি কোন কোন ক্ষেত্রে এক মাসেরও বেশী বেতন পাবার তারিখ ধার্য করা হয়েছে। যা হোক, আমার প্রশ্ন হচ্ছে এই যে এক মাস বা এক মাসের বেশী সময় লাগছে এদের ক্ষেত্রে কি পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্ট চালু হয় নি?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র : পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্ট-এর কথা বলতে পারি না। তবে ধার্য করার কথা যেটা বললেন তাতে বলতে পারি ২১-৯-৬৪ তারিখে ধার্য করা হয়েছে—উত্তরটা তার আগে এসেছে। আর একটা কথা জানাচ্ছি, আমি পূর্বেই স্বীকার করেছি যে, বিলম্ব হয়েছে, তবে ভবিষ্যতে যাতে আর বিলম্ব না হয় তার জন্য যথোপযুক্ত ব্যবস্থা করা হচ্ছে।

শ্রীঅশ্বিনী রায় : যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বনের কথা যদি কংক্রিটলী বলেন তাহলে আপনি নিজেই অনুভব করছেন যে দেরী হচ্ছে এবং তার ফলে তাদের সংসার চালাতে অসুবিধা হচ্ছে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র : মাননীয় সদস্য দেখেছেন এক মাসের বেতন তার পরের মাসে দেওয়া হয়েছে। সবচেয়ে দেরী হয়েছে মে-জুন-জুলাই এবং অগাস্ট মাসে। ভবিষ্যতে যাতে এই গাফিলতী না হয় তার জন্য বলা হয়েছে সতর্ক থাক। আর একটা ব্যবস্থা অবলম্বন করা হয়েছে এবং সেটা হচ্ছে সাধারণত চৌকিদার এবং দফাদারদের বেতন বিলম্বে দেওয়া হয় এবং সেখানে একটা সার্কুলার দেওয়া হয়েছে যে, অঞ্চল পঞ্চায়েতের তহবিল থেকে তাদের মাইনে দেওয়া হবে। আমি নির্দেশ দিয়েছি যে, সতর্কতা অবলম্বন করা সত্ত্বেও যদি কোন কারণে সরকারী টাকা যেতে দেরী হয় তাহলে অঞ্চল পঞ্চায়েতের তহবিল থেকে দেওয়া হবে যাতে এক মাসের মধ্যেই পায়।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি : পূজো আসছে, মাইনে পূজোর আগে পাবে না পরে পাবে?

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ মিঃ স্পীকার, স্যার, যে অ্যাডজোর্নমেন্ট মোশান কমল গুহ দিয়েছেন আপনি তার কনসেন্ট রিফিউজ করেছেন। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে মুখ্যমন্ত্রী ঘরে নেই, আপনাকে অনুরোধ করব তাঁকে এই ঘরে আসতে বলুন। কারণ, আজকে যে ব্যাপার তাঁর সরকারের পক্ষ থেকে করা হয়েছে সেটা হচ্ছে ২৫এ সেপ্টেম্বর ধর্মঘট আহ্বান করা হয়েছে শান্তিপূর্ণভাবে এবং সেই আহ্বান করার অধিকার প্রত্যেক দলের আছে। এটা একটা গণতান্ত্রিক অধিকার। সেই অধিকার তাঁর সরকার হরণ করবার প্রচেষ্টা করেছেন এবং আজকে অ্যাসেম্বলী চলাকালীন আমাদের বিরোধী দলের নেতাদের তাঁরা অ্যারেস্ট করেছেন। তাহলে [illegible] চলার দরকার কি? যদি অ্যাসেম্বলী আহ্বান করে যে কোন একটা ছুতো নিয়ে অ্যাসেম্বলীর এম এল এ-দের অ্যারেস্ট করা হয় তাহলে [illegible] চলবে কি করে? তাহলে আমাদের সকলকে জেলে রেখে দিয়ে ওঁরা [illegible]তে বিলগুলি পাশ করিয়ে নিয়ে যান। তাহলে গণতন্ত্র কি বেশ ভালভাবে চালু হবে? সেজন্য আমি আপনাকে অনুরোধ করছি আপনি জিনিসটা বিবেচনা করে দেখবেন। এই সরকার খাদ্যসমস্যা সমাধান করতে পারে নি। আমরা বিরোধী পক্ষ থেকে বহুবার বহু আবেদন-নিবেদন জানিয়েছি তা সত্ত্বেও সে সমস্যার কোন সমাধান হয় নি। জিনিসপত্রের দাম আজো হুহু করে বেড়ে চলেছে। এরই প্রতিবাদে আমরা জনসাধারণের কাছে আহ্বান জানিয়েছি যে তোমরা ২৫এ সেপ্টেম্বর হরতাল কর। সরকার যে-সমস্ত সমস্যা সমাধান করতে পারেন নি বলে আমরা জনসাধারণের কাছে হরতালের আহ্বান জানিয়েছি সরকার যদি মনে করেন যে তাঁরা সেইসমস্ত সমস্যা সমাধান করতে পেরেছেন তাহলে জনসাধারণ সেই আহ্বানে সাড়া দেবে না, এতো স্পষ্ট কথা। কিন্তু আমাদের এইসমস্ত সদস্যরা আজকে আহ্বান জানিয়ে এমন কি দেশের নিরাপত্তা বিঘ্নিত করেছেন সেটা আমরা মুখ্যমন্ত্রীর

কাছ থেকে জানতে চাই। অহেতুক জানতে চাই তাদের প্রত্যেককে কি আই ম্যুলে কেন গ্রেপ্তার করা হল? তাঁরা কি ভারতবর্ষের নিরাপত্তায় বিঘ্ন ঘটিয়েছেন? কোন দিক থেকে ঘটিয়েছেন সেটা তিনি হাউসের সামনে এসে বলবেন। আজকে এই হাউসের সর্বশুদ্ধ প্রায় ১৪-১৫ জন মেম্বারকে অ্যারেস্ট করেছেন একটা ছুতো নিয়ে। এই যদি অবস্থা হয় এবং আপনি যদি এ সম্বন্ধে আমাদের আলোচনা করতে না দেন তাহলে গণতন্ত্রের কথা বলা মানে হয় না। আমরা এখানে কি করতে এসেছি? গণতান্ত্রিক উপায়ে আমরা একটা হরতালের আহ্বান জানিয়েছি, সেই হরতালকে বানচাল করে দেওয়ার জন্য এইভাবে ডি আই রুলের যে অপব্যবহার সে সম্বন্ধে আলোচনা হওয়া দরকার। সেজন্য আমি আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি আপনি বিশেষভাবে চিন্তা করে দেখুন যে এ সম্বন্ধে আমাদের একটা সুযোগ দেওয়া যায় কিনা এবং মেম্বারদের অ্যারেস্ট করেছেন তার জবাব সরকার পক্ষ থেকে দেবেন কিনা?

Shri Sanat Kumar Raha:

মিঃ স্পীকার, স্যার, এ সম্বন্ধে আমার বক্তব্য রয়েছে। একটা অ্যাডজোর্নমেন্ট মোশান দেওয়া হয়েছিল, আপনার পার্মিসান নিয়ে বলতে চাই। কথা হচ্ছে এই সংবিধানে এবং পার্লামেন্টারী ডেমোক্র্যাসিতে আমাদের অনেক গুরুত্বপূর্ণ অধিকার দেওয়া আছে। আজকে বাংলাদেশে যে সমস্যা নিয়ে শান্তিপূর্ণ ধর্মঘট হরতাল ডাকা হয়েছে তাতে করে কোন প্রকারে চিন্তা করা যায় না যে বাংলাদেশের নাগরিক জীবন বিপন্ন হবে, নিরাপত্তা ক্ষুন্ন হবে, শান্তি ভঙ্গ হবে। বরং আমার মনে হয় পাল্টা চার্জ এই করা সম্ভব যে সরকার প্রোভোকেশান উত্তেজনা সৃষ্টি করে দেশের লোকের মধ্যে নিরাপত্তা বিঘ্নিত করার চেষ্টা করছেন। কাজেই শান্তিপূর্ণভাবে ধর্মঘট এবং হরতাল করার ডাক দেওয়া হয়েছে এবং জনসাধারণকে নিয়ে যদি পার্লামেন্টারী ডেমোক্র্যাসি এবং সংবিধানগত অধিকার ব্যবহার করতে হয় তাহলে আমাদের যে সমস্যা তা আমাদের নিজের হাতে শান্তিপূর্ণ উপায়ে সমাধান করতে হবে। সেই অধিকার সার্বভৌম অধিকার, সেই অধিকার নিয়ে আমরা অ্যাসেম্বলীতে এসেছি এবং আশা করি সেই অধিকার যদি আমরা কার্যকরী করতে না পারি তাহলে আমাদের দেশের শুধু শাসক শক্তি নিজের কায়দায় নিজের পার্টির বলে এত বড় সমস্যা সমাধান করতে পারবে না। সরকার তাঁর স্টেটমেন্টে বলেছেন যে ১০ কোটি টাকা ক্ষতি হবে বাংলাদেশের উৎপাদন না হওয়ার ফলে। আমি জিজ্ঞাসা করতে চাই কত হাজার হাজার লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা মুনাফাখোরীরা ব্যবসাদাররা আমাদের দেশের লোকের কাছ থেকে অপহরণ করে নিয়েছে? সে দিক থেকে সংগ্রামের মধ্যে ঐরকম বেনামী ব্যবসাদারদের মত লাভ-লোকসানের চিন্তা করে এইরকমভাবে যদি হরতাল ধর্মঘটকে দমন করবার চেষ্টা করা হয় তাহলে আমার মনে হয় শাসক পার্টি গণতন্ত্রের নামে প্রহসন করছে, সত্যই তারা প্রোভোকেশান উত্তেজনার সৃষ্টি করবে। তার ফলে বাংলাদেশে শান্তিপূর্ণভাবে জীবন-যাপন করা সম্ভব হবে না। আমি অনুরোধ করব আপনি এই বিষয়ে চিন্তা করে দেখুন। অত্যন্ত গুরুত্বপূর্ণ সংকটের মুখে আমরা এসে পড়েছি এবং আপনি বিবেচনা করে আমাদের আলোচনা করার সুযোগ দিন।

Shri Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে মুলতুবী প্রস্তাব দিয়েছিলাম আপনি তাতে আপনার সম্মতি দেন নি। আমি আপনাকে অনুরোধ করবো যে আপনি পুনরায় এটা চিন্তা করুন, কারণ সমস্যাটা অত্যন্ত গুরুতর। আমাদের বিধানসভার সদস্যদের অধিকার, তাদের রাজনৈতিক এবং গণতান্ত্রিক অধিকার সব কিছু এর দ্বারা ব্যাহত হচ্ছে এবং তাই ব্যাহত হওয়ার দরুন আপনার একতিয়ারের মধ্যে যতটুকু পড়ে সেটা আপনি নিশ্চয়ই সংশোধন করবেন এটা আমি আশা করি। আজকে এই খাদ্য-সংকটের সময় আমরা জানি যদি এই সরকার খাদ্য-সংকটের সমাধান করতে এগিয়ে যেতে পারতেন, আমরা সানন্দে এই সরকারের সংগে সহযোগিতা করতাম কিন্তু তারা মুনাফাখোরদের সংগে সহযোগিতা করছেন এবং আশ্চর্যের বিষয়, মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি না একথা আপনার মনে গিয়ে লাগবে কি না যে কাল বিধানসভা বন্ধ রেখে মুখ্যমন্ত্রী বিশ্বাসী তার কমার্স-এর সমস্ত লোকদের সংগে দেখা করছেন, ট্রাম কোং-র সমস্ত লোকদের সংগে দেখা করেছেন, ভেস্টেড ইন্টারেস্ট যারা কলকাতায় আছেন তাদের সংগে ষড়যন্ত্র করেছেন এই হরতালকে বানচাল করবার জন্য এবং সংগে সংগে আবার উল্টোদিক দিয়ে গভীর রাত্রে গ্রেপ্তার সুরু করেছেন। আমরা বিধানসভায় আসার সময় নিশ্চিন্তভাবে আসতে পারছি না কখন পুলিশ

গ্রেপ্তার করবে, এই তো পরিস্থিতি। অথচ আমাদের হরতাল করবার গণতান্ত্রিক অধিকার আছে, হরতালের আহ্বান জানাবার অধিকার আছে। যদি শান্তিপূর্ণভাবে আমরা আমাদের দেশের জনসাধারণকে একটা পথ দেখিয়ে দেবার চেষ্টা করি—তাহলে সরকারের কোন আপত্তি থাকতে পারে না, তাঁরাও তাদের কর্মসূচী জানান। জনসাধারণকে তাঁদের দিকে টানছেন কিন্তু এইভাবে হিটিং বিলো দি বেল্ট এটা করা অত্যন্ত গর্হিত কার্য এবং বিশেষ করে তাঁরা যখন গণতন্ত্রের বড়াই করেন, সেই গণতন্ত্রের বড়াইয়ের কথা এই সময় মনে থাকে না এবং স্বর্গত প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরুর কথা আজকে স্মরণ করে বলতে হয় যে তিনি যদি আজকে এই হরতাল সম্বন্ধে কথা বলতেন, তিনি নীতিগত দিক দিয়ে আক্রমণ করতেন এবং দুঃখের সঙ্গে বলতে হচ্ছে কোলকাতায় মেঠো বক্তৃতা করে তিনি জনসাধারণকে উত্তেজিত করার চেষ্টা করেছেন কিনা জানি না, তার দলের লোকদের উত্তেজিত করার চেষ্টা করেছেন যেমন করে পার হরতাল বন্ধ কর। স্বর্গতঃ প্রধানমন্ত্রীর সঙ্গে বর্তমান প্রধানমন্ত্রীর আকাশ-পাতাল তফাৎ। সেজন্য আশঙ্কা করছি যে আমাদের গণতান্ত্রিক অধিকার বিঘ্নিত হবে এবং হরতাল করলে নাকি উৎপাদন বৃদ্ধি হবে না। এতদিন এত উৎপাদন হয়েছে যে লোকের ঘরে ঘরে খাদ্যশস্য পৌঁছে গেছে। আমরা তো ব্রিটিশ আমলে সংগ্রাম করতাম, তখন আমরা দেশের কথা ভাবিনি—আজকে এইসব ছেলেমানুষি যুক্তিগুলো তো বাদ হয়ে যায়। কাজে কাজেই মাননীয় স্পীকার মহাশয়, এ বিষয়টা আলোচনা হওয়া দরকার এবং আমি আশা করি যে আপনি আপনার রুলিং পরিবর্তন করবেন।

Shri Debi Prosad Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্পর্কে আমি দু' মিনিট বলতে চাই। ওঁরা শান্তিভঙ্গের আশঙ্কা করে শ্রীঅমরবাবুর মত একজন অক্রোধ প্রশান্ত মানুষ তাঁর কাছ থেকে শান্তিভঙ্গের আশঙ্কা করে তাঁর মত লোককে গ্রেপ্তার করেছেন। ১ নং হেমন্তবাবু মহাশয়কে গ্রেপ্তার করেছেন। এর পরে আমি বলতে চাই ওঁরা উৎপাদন ব্যাহত হবে বলে খুব দুঃখ প্রকাশ করেছেন। তার চেয়ে সাদা কথা বলুন যে সরকারের প্রতি সমর্থন প্রকাশের জন্য যদি উৎপাদন ব্যাহত হয় ক্ষতি নেই কিন্তু যদি কোন বিক্ষোভ প্রকাশের জন্য উৎপাদন ব্যাহত হয় তো ক্ষতি আছে। কেননা ২৪শে মে তারিখের হরতালে এই যুক্তি দেয়া হয়েছিল এবং তার দু'দিন আগে আমাদের গ্রেপ্তার করা হয়েছিল, কিন্তু এমনই অদৃষ্টের পরিহাস যে তার ৭ দিন বাদে তারা বন্ধ করেছিল—সেটা হল আমাদের পরলোকগত প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরুর মৃত্যু। তার ৭ দিন বাদে হল, তাতে দু'দিন বন্ধ করে দিলেন, তখন উৎপাদন ব্যাহত হবার জন্য ক্ষতি হল না। কাজেই সরকার নিজেদের বেলায় যদি করতে পারেন তাহলে জনসাধারণ বিক্ষোভ প্রকাশ করবে, তার বেলায় উৎপাদন ব্যাহত হবে বলে চেঁচাবেন এই জঘন্যতম ভণ্ডামীর শেষ হয়ে যাওয়া উচিত এবং সরকার মানুষের আইনসম্মত বিক্ষোভ প্রকাশের পথ যদি বন্ধ করে দেন তাহলে বলপ্রয়োগের পথ ছাড়া আর দ্বিতীয় পথ মানুষ খুঁজে পাবে না এবং সেই পথে মানুষকে চলতে হবে।

[2-10—2-20 p.m.]

Shri Mrigendra Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ২৫এ তারিখে যে সাধারণ ধর্মঘট ডাকা হয়েছে, এটা হঠাৎ আসে নি। দেশের বর্তমান খাদ্যপরিস্থিতি এবং দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে সারা দেশব্যাপি এই আন্দোলন হয়েছে, পার্লামেন্টে ও আইনসভায় এই বিষয় সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। কিন্তু সরকার দেশের সাধারণ লোকের যে দাবী, তাতে কর্ণপাত করেন নি। কর্ণপাত না করে, তাঁরা এইরকম ভাবে গণতন্ত্রকে হত্যা করবার জন্য, তারা এইরকম জুলুমবাজী আরম্ভ করেছেন। এইভাবে যদি তাঁরা জুলুমবাজী চালান, এইরকম ভাবে যদি তারা গণতন্ত্রকে হত্যা করেন, তাহলে দেশের লোককে বুঝে নিতে হবে যে গণতন্ত্রের বদলে স্বাঁটাতন্ত্রের দ্বারা না খেদালে, দেশে শান্তি আসবে না। এইটাই আজ দেশের লোক বুঝতে পেরেছে এবং সেই পথে তারা অগ্রসর হতে চলেছে।

Shri Bejoy Kumar Banerjee:

স্পীকার স্যার, আমরা এখানে জনসাধারণের প্রতিনিধি হিসাবে এসেছি। এ মস্ত বড় গণতান্ত্রিক বিধান সভা, এখানে জনসাধারণের কথা যা, তা আমরা দুবেলা শুনছি, তারা আজ খেতে পাচ্ছে না এবং সরকারও সেটা স্বীকার করেছেন যে জিনিসের দাম অত্যন্ত বেড়ে গিয়েছে, কোনরকমে আজ মানুষের বাঁচবার উপায় নেই। এমন অবস্থায় আজ দেশের মানুষকে সরকার এনেছেন। কিন্তু সে দিক দিয়ে কোন কথা হচ্ছে না যে আচ্ছা, আমরা কি করে দাম কমিয়ে ফেলতে পারি।

আমরা দেখছি যে জনসাধারণের নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম, কমছে না, ক্রমশ বেড়েই চলেছে। ১ টাকা ১০ নয়া পয়সা সের আলু হয়ে গিয়েছে। দেড় টাকা পটলের সের। এটা সাধারণের কথা বলছি, আমার রাজনীতির কথা নয়। এখানে বিধানসভায় আমরা বসে আছি, এখানে আবার আমরা বলছি জনসাধারণের কথা। কারণ তাদের কথা বলবার জন্যই আমরা এখানে তাদের প্রতিনিধি হয়ে এসেছি। আপনি স্যার, আমাদের মালিক, আপনি যা বলবেন তাই হবে। আমরা এখানে বলতে পারবো না, আমরা মাঠে-ঘাটেও বলতে পারবো না, অথচ দেখছি সংবাদপত্রে—কোথায় সরকার আর আমরা, সরকারের সাথে আমাদের কোন যোগাযোগ নেই। কাগজের মারফত সরকারের ব্যাপার আমরা দেখি। আমাদের সাথে বুড়োমানুষ অমর-বাবু ও হেমন্তবাবু এখানে বসতেন, তাঁদের আজকে এখানে দেখতে পাচ্ছি না। নিরাপত্তা বিধিতে হবে বলে তাঁদের দুজনকে ধরে নিয়ে গেলেন এবং এইরকম আরও কত লোককে তাঁরা আটক করেছেন। আপনারা যা করছেন আপনারা যা বোঝেন, তা করুন। কিন্তু আমাদের হাউস থেকে মেম্বারদের ধরে নিয়ে যাবেন, আর আমরা তাদের কথা এখানে বলতে পারবো না, এটা হতে পারে না। সমস্ত কলকাতা শহরের এবং সারা বাংলাদেশের প্রত্যেকটি মানুষের সঙ্গে জড়িত আমরা, তাদের সমস্যার কথা আমরা এখানে বলতে পারবো না? তাহলে হাউস একেবারে বন্ধ করে দিন, আমাদের সব লোককে গ্রেপ্তার করে রেখে দিন। গণতন্ত্র যদি আপনারা রাখতে চান, তাহলে আমরা কেন সেটা পাবো না? আমাদের বক্তব্য আমরা এখানে রাখতে চাই, আমাদের কথা আপনি বিচার করুন। এখানে মুখ্যমন্ত্রী মহাশয় আসুন, তিনি এসে বলুন কি ব্যাপার! সেটা আপনি স্যার, কেন আমাদের বলতে দেবেন না? আমাদের বলতে দিন। আমরা যেসমস্ত টেবল করেছি, সেগুলি এখানে আলোচনা করবার জন্য। আজ দেশের মানুষ খেতে পাচ্ছে না, সে সম্বন্ধে আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই। আপনি আমাদের কেন বলতে দেবেন না? তাহলে কিসের জন্য এই সভা করছেন? আপনি ধরে নিয়ে যান আমাদের সকলকে।

Mr. Speaker:

আমি ধরতে পারবো না।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি আজ সকালে কলকাতায় ফেরবার পথে বর্ধমানে কাগজ কিনে দেখলাম যে বহু এখানকার সদস্য এবং বাইরের রাজনৈতিক দলের নেতাদের গ্রেপ্তার করা হয়েছে। যাই হোক, বাড়ি পৌঁছেই এখানে চলে এলাম। এখন এখানে এসে দেখছি অনেকেই মুলতবী প্রস্তাব দিয়েছেন। মুলতবী প্রস্তাব আমার নিজের নামে নেই, কারণ আমি এখানে একটার পরে এসেছি। মুলতবী প্রস্তাব অনেকেই দিয়েছেন। কিন্তু আমি এটা বুঝতে পারছি না যে আপনি সেই মুলতবী প্রস্তাবের উপর, অন্য আমাদের যে সব আলোচনা আছে, তা স্থগিত রেখে, কেন আজকে আলোচনা করতে দিচ্ছেন না? সরকার পক্ষ যদি আপত্তি করেন, সেটা আমরা বুঝতে পারি, কারণ আমাদের স্বৈরাচারী সরকার, তারা আপত্তি করবে, তারা গায়ের জোরে কাজ করতে চাচ্ছেন। কিন্তু, আপনি স্পীকার, আপনি কেন এটা করছেন? এটাত শুধু কয়েক জনের ধড়পাকড়ের ব্যাপার নয়, এর সঙ্গে জড়িত রয়েছে ঐ ২৫এ তারিখের হরতাল। ট্রেড ইউনিয়ন বা যেই সে হরতাল ও ধর্মঘট আহ্বান করুক, আমরা কি সেই গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে এখানে আলোচনা করতে পারবো না? আমি ত জানি না, গ্রামদান বিল, আমাদের কাছে এর থেকেও গুরুত্বপূর্ণ বিষয় কিনা?

এই যে গণ্ডগোল চলছে, ওঁরা ভোরে আরম্ভ করেছেন, পরে হয়ত সেখানে গুলী চলবে, লাঠি চলবে, সেটা ওঁরা জানেন। আর ২৫এ তারিখে যদি হাউস থাকে, আমরাই বা আসবো কি করে?

এই হচ্ছে অবস্থা। আর ২৫ তারিখে যদি হাউস থাকে তাহলে আমরাই বা এখানে আসবো কি করে তা আমরা জানি না। সেইজন্য এটা শুধু অ্যাসেম্বলীর কয়েকজন সদস্যের ঘটনা নয়, এতে জড়িত হচ্ছে সমস্ত পশ্চিমবাংলা এবং ভারতব্যাপী অন্যান্য জায়গাতেও হরতাল ধর্মঘট হচ্ছে এবং সেই হিসাবে আমরা জনগণের প্রতিনিধি নিশ্চয়ই আমাদের এই আলোচনা করবার অধিকারও আছে এবং আমার এটা ধারনার বাইরে যে না, এটা কোন গুরুত্বপূর্ণ বিষয় না।

It is not a matter of urgent public important and of recent occurrence

য হরতাল ধর্মঘটের নোটিস দেওয়া হয়েছে এটা কি করে হতে পারে আজকের দিনে অথবা কালকে এর চেয়ে বড় ঘটনা আর কি আছে? এইজন্যে আপনি কেন এটা নিজের উপরে ঝুঁকি নিলেন? সরকার পক্ষ নিক। কারণ আমাদের এই আলোচনার প্রয়োজন আছে। এইজন্য আমরা সাধারণত বলি না, আপনি যখন বলে দেন, রুলিং দিয়ে দেন অ্যাড্জোর্নমেন্ট মোশান-এর উপর, আমরা কিছু বলি না, কিন্তু এটা একটা এমন গুরুত্বপূর্ণ বিষয় যার জন্য আপনাকে এটা পুনর্বিবেচনা করবার জন্য সকলে এ পক্ষ থেকে বলছি। সেইজন্যে আমি আশা করি আপনি পুনর্বিবেচনা করবেন। এর পর আর একটা কথা শুধু আপনাকে আমি মনে করিয়ে দেবো মুখ্যমন্ত্রী এখানে নেই, এই মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে, আপনার হয়ত মনে আছে খাদ্য আলোচনার সময় এবং ঐ অনাস্থা প্রস্তাব আলোচনার সময়, তিনি আমাকে লক্ষ্য করে বলেছিলেন য জ্যোতিবাবু আগে মিটিং করলে লোককে ডাক দিলে ৪০ হাজার লোক জড় হতো এবং আমরা ত লাঠিও চালাচ্ছি না, গুলীও চালাচ্ছি না, গ্রেপ্তারও করছি না, তবু কৈ আজকাল ত ১,০০০র বেশী লোক হয় না। তা সেই কথা শুনেই আমরা ৪০ লক্ষ লোককে ডাক দিয়েছি, ৪০ হাজার নয়। আমরা ডাক দিয়েছি যে শান্তিপূর্ণভাবে আপনারা হরতাল করুন যেটা আমাদের গণতান্ত্রিক অধিকার আছে একথা বলার তাদের খাদ্য সমস্যার সমাধানের জন্যে। আমাদের মন্ত্রীরা বলতে পারেন প্রধানমন্ত্রী নাকি এখানে এসে বলেছেন যে বিরোধী পক্ষের তাতে ভাল হবে যদি তাঁরা ঘরে বসে থাকেন ২৫ তারিখে। নীরবে আমরা সহ্য করবো অত্যাচার এবং প্রতিবাদ আমরা করতে পারবো না এখনও এই অবস্থা বাংলাদেশের মানুষের হয় নি সৌভাগ্যবশতঃ। এইজন্যই খতে আমাদের না দিতে পারে সরকার, কিন্তু আমাদের প্রতিবাদ করবার, প্রতিরোধ করবার অধিকার তাঁরা কি করে কেড়ে নিতে পারেন? তাঁরা কেড়ে নিতে পারেন না দু-দশজনকে গ্রেপ্তার করে। সেইজন্যে সরকারের পক্ষের কথা সরকার বলবেন, কিন্তু আপনার কাছে আমার অনুরোধ য আপনি এটা এত গুরুত্বপূর্ণ বিষয় যে এখন হাউস অ্যাডজর্ন করুন আপনি। আপনি বিরোধী পক্ষের সঙ্গে একটু বসুন যেখান থেকে এই প্রস্তাব রাখা হয়েছে, আপনি এটা আলোচনা করে কেন পুনর্বিবেচনা করবেন সেটা এখানে বলেছি আরো আপনার কাছে নিবেদন করতে চাই। সেইজন্য আর এখন হাউস চালাবেন না। গ্রামদান আর আমাদের কাছে এখন গুরুত্বপূর্ণ না, যখন আমাদের সাথীরা জেলে আছেন, জানি না আরো কত লোককে আপনারা গ্রেপ্তার করবার জন্য তৈরী হচ্ছেন ও গ্রেপ্তার করছেন যখন আমরা এখানে আলোচনা করছি। সেইজন্যে আমরা মনে করি যে এ অধিকার সরকারের নেই। যদি আইন শৃঙ্খলা জোর জুলুম করে কেউ করতো তাহলে একটা প্রশ্ন উঠতে পারতো। কিন্তু আমার অধিকার আছে দোকানদারকে বলার, দোকানদারের অধিকার আছে যে দোকান আমি খুলবো না। ট্রাম শ্রমিকের একথা বলার অধিকার আছে যে আমি ট্রাম বের করবো না, যা কনসিকোয়েনসেস হয় তা আমি মাথা পেতে নেবো। এ বলার আমাদের অধিকার আছে। সেইজন্য সরকার পক্ষ, তাঁদের যদি সেই প্রভাব থাকতো সাধারণ মানুষের উপর—তাহলে তাঁরা মনুমেন্টের কাছে গিয়ে ডাক দিয়ে, কাগজে বিবৃতি দিয়ে বলতেন—যদিও ওঁদেরই কাগজ সব—যে আপনারা স্ট্রাইক করবেন না, আপনারা ও পথে যাবেন না। না খেতে পেয়ে মরে যান কিন্তু প্রতিবাদ করবেন না, এই কথা তাঁরা বলতে পারতেন কিন্তু সেই পথে না গিয়ে কেন, প্রফুল্লবাবু এইখানে দাঁড়িয়ে দাম্ভিকভাবে বলেছিলেন যে আপনাদের ডাকে ত কেউ সাড়া দেয় না। কেন এই অত্যাচার শুরু করেছেন, কেন দাঁড়িয়ে দেখলেন না—তাঁরা নাকি স্টেট বাস চালাবেন, তাঁরা নাকি কয়েকটি ট্রাম চালাবেন তাঁদের মজদুর

পঞ্চায়েত তাদের মারফত, এইসব শোনা যাচ্ছে –তা সেখানে কত লোক তার অফিসে যায় আমরাও দেখি, ওঁরাও দেখুন, জোর জুলুমের কোন কথা নেই, আমরাও কল-কারখানায় গিয়ে, রাস্তা-ঘাটে মানুষের কাছে পতাকাতলে দাঁড়িয়ে একথা বলছি ঐক্যবদ্ধভাবে হরতাল কর, ধর্মঘট কর, এটা পাপ, চুপ করে থাকা যখন সরকার অত্যাচারের বন্যা বইয়ে দিচ্ছে চারধারে। যখন খেতে পরতে সরকার দিচ্ছে না, নিশ্চয়ই জনগণের অধিকার আছে প্রতিবাদ করার শান্তিপূর্ণভাবে সেই কথাই আজকে মানুষের কাছে বলছি।

[2-20—2-30 p.m.]

আমি বলি এটা সরকারের দুর্বলতার পরিচায়ক, তাঁদের শক্তি নেই, তাঁরা পারছেন না। আজকে পি সি সেনের মুখে কথা নেই এবং তাঁর ঘরে থাকবারও সাহস নেই—কোথায় কোন চেম্বারে গিয়ে বসে আছেন। এর কারণ হচ্ছে তিনি জানেন তাঁর কথা কেউ শুনবেন না। সরকারী কর্মচারীরা হয়ত চাকুরী-বাকুরীর ভয়ে বা আপনারা লাঠি-গুলী চালাবেন, গ্রেপ্তার করবেন এই ভয়ে কিছু লোক অফিস, আদালতে যাবেন। কিন্তু আমি বলব সরকার দুর্বলতার পরিচয় দিচ্ছেন আমাদের উপর অত্যাচার করে। জানি না আজকে হাউস থেকে বাড়ি গিয়ে আর ফিরে আসব কিনা, কারণ শুনছি গ্রেপ্তার চলছে। যা হোক, এখন কথা হোল আমি বুঝতে পারছি না আপনি কি বুঝে এটা রিফিউজ করলেন, আনতে দিলেন না। আমি আপনাকে বলছি আপনি ১০-১৫ মিনিটের জন্য হাউস অ্যাডজোর্ন করুন যাতে আপনার সঙ্গে আমরা মিলিত হতে পারি। এখানে অনেক সময় এরকম হয়েছে যে, হিট জেনারেট না করে স্পীকার পুনর্বিবেচনা করেছেন। এতে আপনার সম্মান বাড়বে, হাউসের সম্মান বাড়বে এবং ওঁদেরও অপমান নেই। আমরা ঐক্যবদ্ধভাবে আপনাকে বলছি এবং আশা করছি আমাদের মিলিত হবার জন্য আপনি সুযোগ দেবেন। আপনি এখন প্রসিডিংস স্থগিত রাখুন এবং আধ ঘণ্টা পরে আমরা এটা নেব, যদি তখনও আপনি মনে করেন যে আপনি কিছুই করতে পারছেন না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিরোধী দলের পক্ষ থেকে যে অ্যাডজোর্নমেন্ট মোসন দিয়েছিলাম সেটা আপনি আলোচনা করতে দিলেন না বলে আমি দুঃখিত হয়েছি। কিন্তু আপনি একবার চিন্তা করুন আজকে যেভাবে গ্রেপ্তার করা হচ্ছে তাতে মনে হয় যেখানে ডিক্‌টেটরসিপ চলছে তারাও বোধ হয় লজ্জাবোধ করবে। কোন কারণ না থাকা সত্ত্বেও ভারত রক্ষা আইন অনুসারে গ্রেপ্তার করা হচ্ছে। আমরা কি করেছি যে আমাদের এইভাবে গ্রেপ্তার করা হচ্ছে? আমরা বলেছি যে, সরকার খাদ্যের ব্যবস্থা করতে পারছেন না, চোরাকারবারীদের দমন করতে পারছেন না, মজুতদারদের সায়েস্তা করতে পারছেন না এবং দেখছি বরং তারাই সরকারকে চ্যালেঞ্জ করছে। আর আপনারা কি করছেন? আপনারা এই অ্যাসেম্বলীর মেম্বারদের গ্রেপ্তার করে, বাইরের লোকদের গ্রেপ্তার করে এই সমস্ত চোরাকারবারী, মুনাফাখোরদের হাত শক্ত করছেন। এতে আমাদের যে সাংবিধানিক অধিকার ছিল তাকে ক্ষুণ্ণ করেছেন, আমাদের যে গণতান্ত্রিক শাসন পদ্ধতি তাকে ক্ষুণ্ণ করেছেন। মনুমেন্ট-এর নীচে প্রধানমন্ত্রী যখন ভাষণ দিয়েছেন তখনই আমরা অনুমান করেছি এবং দেখলাম তিনি সাধারণ পুলিস অফিসারের মত হুকুম দিয়েছেন। আমি মনে করি প্রধানমন্ত্রী হিসেবে তাঁর এরকম বলা উচিত ছিল যাতে শান্তিপূর্ণভাবে এর সমাধান হয়। কিন্তু তিনি তা করেন নি। আমাদের মুখ্যমন্ত্রী যদি মনে করে থাকেন যে, কয়েক সহস্র লোককে গ্রেপ্তার করে, পুলিশ লেলিয়ে দিয়ে খাদ্য সমস্যার সমাধান করতে পারব তাহলে আমি বলব তিনি ভুল করেছেন। আমরা দেখলাম নেতারা শান্তিপূর্ণভাবে এটা করছেন, কিন্তু ওঁরা তাঁদের আটক রেখে দিলেন। স্যার, আমি ওঁদের ১৯৪২ সালের কথা স্মরণ করতে বলি। বৃটিশ গভর্নমেন্ট তখন গ্রেপ্তার করে ভুল করেছিল এবং তার ফলে আন্দোলন সুরু হয়েছিল। ওঁরা যে অবস্থার সৃষ্টি করেছেন তাতে এখানেও তাই হবে। তাই বলছি যাঁদের গ্রেপ্তার করেছেন তাঁদের ছেড়ে দিন এবং আমি চ্যালেঞ্জ করে বলতে পারি ওঁরা যত চেষ্টাই করুন না কেন ২৫শে সেপ্টেম্বরের হরতাল বন্ধ করতে পারবেন না। মেজারী বেঞ্চ-এ বসে তাঁরা অনেক কিছু ভাবতে পারেন, কিন্তু কারুর ক্ষমতা নেই এই হরতাল বন্ধ করে। এই সরকারকে মাথা নীচু করতে হবে এবং এই যে অত্যাচার তাঁরা চালাচ্ছেন তার জন্য তাঁরা হেয় প্রতিপন্ন হবেন।

শ্রীকমলকান্তি গুহঃ স্যার, আমিও মুলতুবি প্রস্তাব দিয়েছি, বিরোধী দলের সদস্যরা যারা মুলতুবি প্রস্তাব দিয়েছেন, তাদের প্রস্তাব আলোচনা করবার সুযোগ দিয়েছেন, সম্মতি জ্ঞাপন করেছেন। এই যে অ্যারেস্ট হয়েছে আমি সে সম্বন্ধে কিছু বলতে চাই না। কারণ দুর্বল মেরুদণ্ডহীন, নীতিহীন সরকার এই ধরণের কাজ করবেন এবং করছেন, অতীতেও আমরা দেখেছি। আপনার কাছে আমার অবেদন হচ্ছে আপনি সারা দেশের অবস্থাটা চিন্তা করে দেখুন। খাদ্য নাই, যে খাদ্য বরাদ্দ করা হয়েছিল রেশনে সেটা কমে গিয়েছে, জিনিষপত্রের দাম কমে নি। এমন কি আমাদের প্রধানমন্ত্রী পর্যন্ত বলেছেন আগামী দু-মাস পর্যন্ত অভাব থাকবে। অবশ্য আমাদের মূর্খ মুখ্যমন্ত্রী বলেছেন যে অভাব নেই, ফসল ভাল হবে এবং সেই ফসল পৌষ মাঘ মাসে আসবে, তাই বলছেন আর ভয়ের কারণ নেই। আমরা নিজেদের শঙ্কা দূর করতে পাচ্ছি না। তাই আমরা ধর্মঘটের আহ্বান দিয়েছি। ও'রা আগে বলেছিলেন—লোকে নাকি আমাদের কথা শুনে না, দেশে দুর্ভিক্ষ নেই। সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছেন, যে খাদ্যনীতি গ্রহণ করেছেন, তা যদি সুষ্ঠু হয়, জনগণ বা জনমত যদি তাদের পেছনে থাকে তার প্রমাণ ২৫শে তারিখেই হয়ে যাবে। আমরা তাই দেখতে চাচ্ছি এতদিন ধরে আমরা যে কথা বলেছি সেকথা সত্য না সরকার যা বলেছেন সেটা সত্য। কাজেই আমি আপনার কাছে আবেদন করবো যে আপনি এটা পুনর্বিবেচনা করুন, আপনি সারা দেশের কথা চিন্তা করুন আজকে গণতন্ত্র রক্ষার জন্য আপনি ওখানে বসেছেন, আপনার কিছুটা দায়িত্ব আছে। কিন্তু সরকার যেভাবে চলেছে এতে গণতন্ত্র রক্ষা হবে না, এতে বিধান সভার যে রীতি সেটা রক্ষা হবে না, দেশের মানুষকে এরা আগুনের দিকে ঠেলে দিচ্ছেন, বিপ্লবের দিকে ঠেলে দিচ্ছেন। আমাদের গণতান্ত্রিক অধিকার যদি না থাকে আমরা যে ধর্মঘটের আহ্বান জানিয়েছি জোর করে তার যদি কণ্ঠরোধ করা হয়, লোককে জেলের মধ্যে নিয়ে গিয়ে যদি তাদের বক্তব্যকে চেপে রাখা হয়, আমাদের বক্তব্যকে চেপে রাখা হয়, আমরাও চাইব, দেশের লোককে এমন স্তরে নিয়ে যাবো যেভাবে পৃথিবীর সমস্ত নির্যাতিত মানুষকে নিয়ে গেছে তাদের স্বৈরাচারী সরকারকে উৎখাত করতে, সেটা বিপ্লবের পথেই হোক্, হিংসার পথেই হোক্, পার্লামেন্টের নীতির বাইরে যে নীতি আমরা পারি সেই পথেই আমরা যাব -কারণ আমরা বাঁচতে চাই, আমরাও দেশের মানুষ, এ দেশের সন্তান, ভারতবর্ষকে আমরা ভালবাসি। আজকে ডি আই রুলে আমাদের নেতাদের অ্যারেস্ট করা হয়েছে। আমরা কি করেছি? আমরা চাই দারিদ্রের হাত থেকে ক্ষুধার হাত থেকে সমস্ত মানুষকে ঊর্ধ্বে তুলে ধরতে, সুস্থ সুষ্ঠু নাগরিক জীবন গড়ে তুলতে। আর তারা ব্ল্যাক মার্কেটিয়ার, স্মাগলার, হোর্ডার তাদের সুযোগ দিচ্ছেন কংগ্রেসী সদস্যরা আজকে শক্তির আড়ালে থেকে নিজেদের পাপকার্য চালাচ্ছেন আর আমাদের এভাবে কণ্ঠরোধ করছেন। তাই আপনাকে বলতে চাই যে আপনি পুনর্বিবেচনা করুন। আপনি চিন্তা করুন এটা আলোচনা করতে দেবেন কি না। গ্রামদান বিল আলোচনা হয়েছে, পঞ্চায়েত সম্বন্ধে আলোচনা হয়েছে, সেখানে আমরা দেখেছি এদের ব্যাভিচারিতা, স্বেচ্ছাচারিতা পরিষ্কারভাবে ফুটে উঠেছে, সরকার তাদের দলীয় স্বার্থসিদ্ধি করছে। কাজেই গ্রামদান আলোচনা জরুরী নয় আমাদের কাছে। হাজার হাজার মানুষের ক্ষুধার যে কাতর ধ্বনি, আমাদের কাছে আজকে সেটাই বড় কথা, বাংলাদেশ আজকে যেভাবে ধ্বংসের পথে চলেছে সেটাই বড় কথা। তাই আমি আপনার কাছে আবেদন করবো, জ্যোতিবাবু যেকথা বলেছেন ১০ মিনিট মুলতুবি রাখবার জন্য সেটা চিন্তা করুন, আপনি আমাদের ডাকুন সরকারকে ডাকুন, আলোচনা করুন আমরা যে মুলতুবি প্রস্তাব দিয়েছি সে সম্বন্ধে আলোচনা করতে দেবেন কি না।

শ্রীজীবনকৃষ্ণ দেঃ আমি দেখছি অবস্থা অতি গুরুতর, কয়েকদিন আগে কর্পোরেশনের সাধারণ কর্মচারী শ্রমিকরা সেখানে নিজের বক্তব্য রাখতে গেলে বিনা অজুহাতে সেখানে তাদের উপর লাঠিপেটা করলো, এমনভাবে তাদের মারা হল তাতে একজন মরে যাবে কি না কেউ বলতে পারে না। কণ্টাইতে লাঠি চালনা করলেন, ছেলেদের গ্রেপ্তার করে নিয়ে গেলেন, মন্ত্রিমহাশয় একটু আগে বলে গেলেন কিন্তু পুলিশকে কেন ডাকা হল সে সম্বন্ধে কোন জবাব দিলেন না, এখানে যখন আলোচনা করার কথা উঠেছে সে সমস্ত যদি আলোচনা করতে না দেন পরের অবস্থাটা কি দাঁড়াবে? পরের অবস্থা অতি ভয়াবহ, এই হাউসে গত এক মাস ধরে আলোচনা হচ্ছে, প্রত্যেকটি জিনিষে ভেজাল, কেরোসীন তেলে ভেজাল, আটাতে ভেজাল, আজকে সব জায়গাতেই সাধারণ মানুষের ঘৃণা মজুতদারদের বিরুদ্ধে, চোরাকারবারীদের বিরুদ্ধে ফুটে উঠেছে। সেই

সময়ে কংগ্রেস সরকারের বিরুদ্ধেও মানুষের বিক্ষোভ জমে উঠেছে। আমরা দেখছি যখন আমরা হরতালের মুখে এসে দাঁড়িয়েছি তখন সমস্ত জায়গায় ধরপাকড় আরম্ভ হয়ে গেছে, আজকে যদি এসব আলোচনা করতে না দেন তাহলে কি অবস্থা দাঁড়াবে। ২৫শে তারিখে গণতান্ত্রিকভাবে, শান্তিপূর্ণভাবে যে হরতাল হবে তাতে জনসাধারণ কোনটা সত্য বলে মনে করেন, তাঁদের বিকল্প প্রস্তাব আছে কি না, তাঁরা সে সম্বন্ধে ভাবেন কি না সেটা বিবেচনা করা হবে না, হবে এই— দু-চারটা আমলাকে জোর করে বের করবেন এবং আপনাদেরই আই বি দিয়ে দু-চারটা ঢিল মারবেন, তারপর সেখানে লাঠি চালাবার উপযুক্ত ক্ষেত্র আপনারা তৈরি করবেন। রাস্তায় রাস্তায় আপনারা এইভাবে চূড়ান্ত অশান্তি দাঁড় করাবেন। সুতরাং আমি বলতে চাই, স্পীকার মহাশয়, আমাদের বলতে দিতে হবে, আর যদি না দেন তাহলে মুখ্যমন্ত্রী মহাশয় যে দম্ভ করে বলে থাকেন যে জনসাধারণ সুখে আছে, সেটা নয়, এবং সেজন্যই তিনি এই আন্দোলনের মুখে পশ্চাদপসরণ করছেন।

[2-30—2-50 p.m.]

প্রাইভেট মিটিং করেছেন তাদের নিয়ে, আজকে কাগজে বিজ্ঞাপন দিচ্ছেন, বক্তৃতা দিচ্ছেন, উপদেশ দিচ্ছেন মানুষকে যে ১০ কোটি টাকা লোকসান হবে। শুধু ময়দা কলের মালিকরা যে কয়েক কোটি টাকা মুনাফা করে নিল একথা আজকে দেশের মানুষ জানে এবং তার বিচার দেশের মানুষ ২৫শে তারিখে করবে। মুখ্যমন্ত্রী সেইসব চোরাকারবারীদের সমাজের মধ্যমণি করে, তাঁর মাথার মণি করে সকলের কাছে প্রচার করছেন কাগজে বিবৃতি দিচ্ছেন যে হরতাল কোরো না, ধর্মঘট কোরো না তাহলে দেশের ক্ষতি হবে। বলছে কে, না, সেই ভেজালকারী, সেই চোরাকারবারী, সেই মজুতদার এবং এর সাথে জনসাধারণের মোকাবেলা হবে এবং সেটা শান্তিপূর্ণভাবে হোক এটা আমরা চাই। স্যার, আজকে যেভাবে গভর্নমেন্ট চলেছে — কিছুক্ষণ আগে যখন অ্যাসেম্বলীতে আসি তখন দেখলাম লরিকে লরি শুধু পুলিস নয়, কারণ, এই রকম পুলিস আমি দেখি নি, স্বভাবতঃই মনে হল মিলিটারী টাইপের, এই সমস্ত লোককে রাস্তায় নামিয়ে দেওয়া হয়েছে। এখনই যদি তাদের নামিয়ে দেওয়া হয়ে থাকে এবং খবরাখবর যা আমরা পাচ্ছি তাতে সব জায়গায় পুলিসে ছেয়ে গেছে, তারপরে সেই পুলিসের লাঠি, গুলি দিয়ে হরতাল দমন করবেন আর বলবেন যে জনসাধারণ হরতাল চাইছে না, আন্দোলন চাইছে না, প্রতিবাদও করছে না, বামপন্থীদের কথাও শুনছে না, তারা কংগ্রেসের মজুতদারদের কথা শুনে মুখ বুজে বসে আছে তাহলে এই যুক্তি এই অজুহাত আমরা মেনে নিতে রাজী নই। আরো বড় অশান্তি ঘটবার আগে আমরা আপনার কাছে বলব আপনি আমাদেরও বলতে দেবেন না, বাইরে আন্দোলনও করতে দেবেন না, তাহলে আমরা করব কি? তাহলে স্বভাবতঃই প্রশ্ন আসবে ওরা যখন লাঠি মারবে তখন মানুষকেও লাঠি মারতে হবে, সেই দিকে আপনারা তাদের ঠেলে দিচ্ছেন। সেজন্য আমি আপনাদের কাছে আবেদন জানাচ্ছি এই হঠকারী সিদ্ধান্ত জনসাধারণের শত্রুতামূলক সিদ্ধান্ত দেশের স্বার্থ বিপন্নকারী সিদ্ধান্ত আপনারা পরিত্যাগ করুন। দেশ বিপন্ন। আজকে যে কথা বলেছেন যে দেশ আমরা বিপন্ন করিনি তাহলে যারা বিপন্ন করেছে তাদের নিরাপত্তা আইনে গ্রেপ্তার করা উচিত ছিল। ঐ প্রফুল্লবাবু যিনি আজ বাংলাদেশকে অশান্তির মধ্যে ঠেলে দিচ্ছেন তাঁকে গ্রেপ্তার করা দরকার: কারণ তিনি হোর্ডারদের সাথে যুক্ত হয়ে জনসাধারণকে শান্তিপূর্ণভাবে মোকাবেলা করতে না দিয়ে রাস্তায় ময়দানে সর্বত্র অশান্তি ছড়িয়ে দিচ্ছেন। এইদিকে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

Shri Nepal Chandra Roy:

স্যার, আলোচনা একতরফা হচ্ছে। আপনি আমাদের আলোচনা করবার পারমিশান দিন। ওরা ওদের বক্তব্য বলবে, আমরা আমাদের বক্তব্য বলব। আপনি আমাদের বলবার পারমিশান দিন।

Mr. Speaker:

মিঃ রায়, ওঁরা আমার কাছে অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছেন, ওঁরা আমার কাছে স্টেটমেন্টটুকু রাখছেন, আলোচনা হয় নি।

Shri Ganesh Ghosh:

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার কাছে দুটো অ্যাডজোর্নমেন্ট মোশন রেখেছিলাম, ত দুঃখের কথা আপনি দুটোর একটাও গ্রহণ করতে পারেন নি। তার মধ্যে একটা ছিল পর ক্যালকাটা মিউনিসিপ্যাল অফিসের ভেতর পুলিস শ্রমিক এবং [illegible] উপর অন্যায অন্যায়ভাবে যে মর্মন্তুদ এবং পাশবিক লাঠিচার্জ করেছে সে সম্বন্ধে আলোচনা করতে জন্য। শ্রমিক এবং [illegible] দাবি ছিল খুবই সামান্য—কিছু বেতন বাড়ানর, বোনাসের জন্য, সরকারের কাছে তাদের যে কিছু পাওনা আছে যেটা সরকার দিতে পারেন নি সে স তারা মেয়রের কাছে গিয়েছিলেন দাবি জানাতে। পুলিস সেখানে গিয়ে শান্তিপূর্ণ শ্রমি উপর যেভাবে বর্বর অত্যাচার করেছে তার কোন যুক্তি আছে কি? আশ্চর্যের কথা মন্ত্রিম সে সম্বন্ধে কোন জবাবদিহি পর্যন্ত করলেন না। আজকে গ্রামদান বিলের আলোচনা স্ রেখে ঐ বিষয়ে আলোচনা করবার জন্য আপনার কাছে আবেদন করেছিলাম। দুঃখের কথা অ সেটা রাখতে পারেন নি। কিন্তু কলিং অ্যাটেনশন আপনি গ্রহণ করেছেন। আমি আশা ও'রা সে সম্বন্ধে একটা কৈফিয়ৎ দেবেন। আমার দ্বিতীয় কথা হচ্ছে মিঃ স্পীকার, স্যার যে পরশুদিন যেরকম ব্যাপকভাবে ট্রেড ইউনিয়ন এবং রাজনৈতিক কর্মীদের গ্রেপ্তার করা হ আগামী ২৫শে ধর্মঘটের অজুহাতে সেই বিষয়ে আলোচনা করার জন্য আর একটা অ্যাডজে মোশান দিয়েছিলাম আপনি সেটা গ্রহণ করেন নি। প্রশ্ন হচ্ছে আমরা আলোচনা করতে যে কেন এই গ্রেপ্তার হল। কেউ কেউ এখানে দাবি করছেন ও'দের আলোচনা করতে অ দিচ্ছেন না কেন। আমরা তো আলোচনা করতে চাই না, আমরা আপনার কাছে যুক্তি নিবেদন করছি যাতে আপনি বিবেচনা করেন। ও'দের যা বক্তব্য সে তো বিভিন্ন চেম্বার্স কমার্সের যারা মালিক, ট্রামওয়ে এজেন্ট তাদের মুখ দিয়ে তো প্রফুল্লবাবুর কাছে বলানই হ আর ও'রা কি বলবেন। কিন্তু মিঃ স্পীকার, স্যার, কথা হচ্ছে ২৫শে তারিখে যে আহ্বান জ হয়েছে এই হরতাল ধর্মঘট কি আমাদের দেশে নতুন একটা কিছু? এই ধর্মঘট হরতাল আমাদের দেশে ৪০ বছর ধরে হয়ে আসছে না? জনসাধারণ যখন বিক্ষুব্ধ হয়েছে, যখন সরকারী কোন কাজে অসন্তুষ্ট হয়েছে তখন তার অভিব্যক্তি হরতাল এবং ধর্মঘটের ভেতর কি হয় নি? ১৯২০।২১ সাল থেকে এই ৪০ বছর ধরে এটা কি নতুন কিছু? আজকে জনসাধারণকে খেতে দিতে পারছেন না। যে খাদ্য নীতি এঁরা গ্রহণ করেছেন সেই খাদ্যনীতি ব্যাপক জনসাধারণ অসন্তুষ্ট।

সরকারী অফিসার, আই এ এস অফিসার তাঁরা কি খুসী, পুলিস অফিসার তাঁরা কি খু কাদের খুশী করতে পেরেছেন? মুষ্টিমেয় অতিবড় ধনী ছাড়া আর কি কেউ খুশী? চালের ১, ১।০ হয়ে গেছে, কন্ট্রোল করতে পারছেন না, আটা দিতে পারছেন না, ভিক্ষাপাত্র আমেরিকায় যাচ্ছেন, আটা ময়দা নিয়ে আসছেন, আটা, ময়দা দিতে পারছেন না এই তো অব তেলের দাম বাড়িয়ে দিচ্ছেন ২৷৷৵০, ৩ টাকা, ৩·৯০ পয়সা, তাও তেল দিতে পারছেন না। ৩ মার্কা যেটা ৩·৯০ পয়সা করেছেন সেই আগমার্কা তেলও ভেজাল বেরুচ্ছে, যে ভেজাল ধর ক্ষমতা আপনাদের নেই। চাল, মাছ কিছু দিতে পারছেন না—এই অবস্থায় জনসাধারণ প্রতিবাদ জানাতে চায়, হরতাল এবং ধর্মঘট মারফৎ তার জবাব কি ডি আই রুলস দিয়ে দিতে হ এতে কি সত্যই ভারতের স্বাধীনতা বিপন্ন হচ্ছে বা শান্তিশৃঙ্খলা বিপন্ন হয়েছে? আপনারা অজুহাতে ডি আই রুলস অ্যাপ্লাই করেন? বিধান সভার সদস্য, রাজনৈতিক কর্মী এবং ইউনিয়ন কর্মীদের গ্রেপ্তার করা হয়েছে ২৫শে তারিখের হরতালের জন্য। মুখ্যমন্ত্রী ব এখানে যে আমরা এই নীতি নিচ্ছি আমরা খাদ্যনীতি পরিবর্তন করে এমন ব্যবস্থা করছি জনসাধারণ স্বল্পমূল্যে, ন্যায্য মূল্যে খাদ্য পায়। সেকথা তিনি বলছেন না, তিনি শুধু বল হরতাল ভেঙ্গে দেব। কে দিল্লী থেকে একজন অপদার্থ দায়িত্বহীন ব্যক্তি এখানে বলে গেলেন হরতাল করা উচিত নয়, তিনি বলেছিলেন নিউ দিল্লীর কনট সার্কাসে হরতাল করতে পারে আমার দোকানের সামনে পুলিস দাঁড় করিয়ে হরতাল করতে দিই নি—প্রফুল্লবাবুর সামনে এ বললেন আর বাংলার মুখ্যমন্ত্রী সেই ইঙ্গিত গ্রহণ করে পুলিস লেলিয়ে দিলেন হরতাল ভা জন্য। যদি সত্যসত্যই ও'দের কোন যুক্তি থাকতো এই হরতালের বিরুদ্ধে তাহলে উচিত

ুল্লবাবুর এবং কংগ্রেস নেতাদের গাড়ীতে করে মাইকে করে করে সারা দেশে ঘুরে বেড়ানো ন্তু তা এখানে করেন নি—কেবল কাপুরুষের মত ডি আই রুল অ্যাপ্লাই করে কতকগুলি নুষকে বিনাবিচারে আটক রেখে ধর্মঘট ভাঙ্গবার প্রচেষ্টা করছেন। নিজেদের যুক্তির জোর ই, রাজনীতির জোর নেই, ক্ষমতার অপব্যবহার করে যাঁরা জনসাধারণের মুখ বন্ধ করতে চান্ দের ধিক্কার দেয়া ছাড়া আর কিছু বলবার নেই। সুতরাং মিঃ স্পীকার, স্যার, আপনার কাছে মি আবেদন করছি যে গ্রামদান বিল আলোচনা করে কি হবে, আজ সাধারণ মানুষের স্বাধীনতা পন্ন, জীবন বিপর্যস্ত-- আজ তাদের স্বাধীনতা হরণ করা হচ্ছে। কাজেই আজকে গ্রামদান বিল লোচনা করে কি হবে। সুতরাং আজকের কাজ স্থগিত রেখে আপনি মুখ্যমন্ত্রীকে ডাকুন, ভিন্ন দলের সব নেতাকে ডাকুন, ডেকে সব শুনুন, শুনে আমরা বিশ্বাস করি আপনি আমাদের থাগুলি বিচার করে পুনর্বিবেচনা করে আজকে এই গ্রেপ্তারের জন্য যে পরিস্থিতির উদ্ভব য়েছে আশা করি সে সম্বন্ধে একটা আলোচনা করার সুযোগ আমাদের দেবেন।

Mr. Speaker: I have heard with full attention the statements made on ie floor of the House by the Honourable members. I have already given y decision.

Shri Jyoti Basu:

ীকার মহাশয়, আমরা আপনাকে অনুরোধ করেছিলাম যা সচরাচর করি না আমরা ঐক্যবদ্ধ-ভাবে যা অনুরোধ করলাম আপনি তা শুনলেন, সেটা বিবেচনা করবার জন্য আর একবার আমাদের সুযোগ দিন যে আপনার সঙ্গে আমরা মিলিত হই, কারণ আপনার সঙ্গে আমাদের বিরোধের প্রশ্ন নেই, প্রশ্নটা সরকারের সঙ্গে আমাদের বিরোধ এবং আমরা আলোচনা করতে চাই ২৫শে তারিখে যে হরতাল হতে চলেছে সে ব্যাপারে সরকার যে তাণ্ডবলীলা সুরু করেছেন সে সম্বন্ধে। সেজন্য আমরা আর একটু সুযোগ চাই, এখানে এইসব জিনিস হয় না আমরা জানি কিন্তু এ ব্যাপারে আপনি হাউস অ্যাডজোর্ন করুন, বাকী এজেন্ডায় আমাদের মন নেই এখন আলোচনা করবার-- এই অবস্থা এবং আমরা জানি না কালকে কি কাণ্ড ও'রা চালাবেন, সরকার বাইরে কি কাণ্ড চালাবেন। সেজন্য এটা বিবেচনা করতে বলছি। আপনি এক সেকেন্ডে সমস্ত বিবেচনা করে আমাদের বলে দিলেন এটা আমরা আশা করি নি আপনার কাছে। আমাদের আজকে যা কিছু বিক্ষোভ, যা কিছু প্রতিবাদ তা আপনার বিরুদ্ধে নয় কিন্তু দুর্ভাগ্যবশতঃ সেটা আপনার সঙ্গে আমাদের হয়ে যাচ্ছে, আসলে কিন্তু সরকারের বিরুদ্ধে। সরকার আলোচনার জন্য প্রস্তুত, আপনি কেন দিতে পারছেন না--সরকার পক্ষীয় লোক পর্যন্ত বলছেন আলোচনা হোক, সরকার যখন প্রস্তুত আছেন, তখন স্পীকারের কি অসুবিধা আছে এটা বুঝি না।

[2-40—2-50 p.m.]

সরকার যখন প্রস্তুত আছেন, তখন সেখানে স্পীকারের কি অসুবিধা, তা আমরা বুঝলাম না। সচরাচর আমরা দেখি যে সরকার প্রস্তুত থাকেন না, সরকার আপত্তি করেন, তখন অবশ্য, স্পীকারের খানিকটা অসুবিধা হয়। সেই জন্য আমরা বলছি, আমরা এটা নিয়ে আলোচনা করতে চাই, সরকার যখন প্রস্তুত, তখন আপনি দয়া করে দশ মিনিটের জন্য স্থগিত রাখুন এখানকার অন্য কাজ। আজকে আলোচনা করবার অন্য বিষয়, বিশেষ কিছু নেই। যখন সরকার প্রস্তুত আছেন আলোচনা করতে, তখন আলোচনা করতে আমাদের কোন অসুবিধা নেই। সেই জন্য অন্য কোন এজেন্ডার মধ্যে যাবেন না, আপনাকে আর একবার অনুরোধ করছি।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে অনুরোধ রাখছি--গ্রামদান বিল বা অন্য কিছুতে যাবার আগে, আমরা এটা নিয়ে আলোচনা করতে চাই। আপনার চেম্বারে আমাদের ডাকুন, এবং আমরা আলোচনা করে, আরও অনেক কিছু আপনাকে বলতে পারবো, জানাতে পারবো। সুতরাং আমার অনুরোধ এই মুলতুবী প্রস্তাব যাতে এখানে আলোচনা হয়, সেইভাবে ব্যবস্থা করুন।

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of Transport Departmen will now reply to the calling attention notice. I have already given my decision in the matter.

Shri Kamal Kanti Guha:

স্পীকার মহাশয়, আপনি এটা চিন্তা করুন, আপনার কাছে অনুরোধ করছি, আমাদের কথা শুনুন। আজকে আমাদের সে রকম মানসিক অবস্থা নেই যে অন্য আলোচনায় যোগ দিতে পারি আমরা গুরুত্বপূর্ণ যে বিষয় আলোচনা করবার জন্য আবেদন করছি, আমরা আশা করি যে আপনি সেটা আলোচনা করতে দেবেন।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, এতে সরকারের যখন আপত্তি নেই, তখন আপনার কেন আপত্তি হচ্ছে, আমরা বুঝতে পারছি না।

Mr. Speaker:

মিঃ বোস, শুনুন, প্রথম কথা অ্যাডজোর্নমেন্ট মোশন-এর সঙ্গে সরকারের কোন সম্পর্ক থাকে না, দ্যাট ইজ ফান্ডামেন্টাল। তারপরে আপনারা যেটা বলছেন যে সরকার পক্ষ রাজী আছেন আলোচনা করতে, এ সম্বন্ধে আমিত হাউসে কোন কথা শুনি নি।

[নয়েজ অ্যান্ড ইন্টারাপশন]

Shri Jyoti Basu:

কোথায় তাঁদের আপত্তি? ঐত মন্ত্রীরা ওখানে বসে আছেন, তাঁরাত আপত্তি করছেন না; আর আপনি জোর করে আপত্তি করাবেন ওঁদের? সরকারের আপত্তি নেই, আপনি কেন জোর করে ওঁদের আপত্তি করাচ্ছেন? স্পীকার মহাশয়, এই রকম স্বৈরাচারী কাজ করবার পর, ওঁদের ক্ষমতা আছে বলার যে তাঁরা আপত্তি করছেন এই আলোচনায়? তা কখনও হতে পারে না। আপনি সেই জন্য অনুমতি দিন আমাদের এটা আলোচনা করতে। সরকারের আপত্তি নেই আপনি দেখছেন, আর কতবার বলবো। কিছুক্ষণের জন্য আপনি হাউস অ্যাডজোর্ন করে দিন, আপনার চেম্বারে আমরা সবাই গিয়ে কথাবার্তা বলে এটা ঠিক করে ফেলি। আপনার কাছে এই কথা আর একবার বলছি।

The Hon'ble Salla Kumar Mukherjee: Sir, may I explain the position? Shri Jyoti Basu has repeatedly said that we do not object to it. Our submission is that so far as the admission of adjournment motion is concerned, Shri Jyoti Basu, as a very old parliamentarian knows that Government does not come into the picture at all. It is entirely for the Speaker to decide according to rules, procedures and conventions which matters are to be treated as urgent, superseding all other matters.

[Noise and interruptions.]

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, শৈলবাবু ভাল কথা বলেছেন, আপনি অ্যাডজোর্ন করে দিন, আলোচনা হোক। উনিত বলেছেন যে আপনার যদি আপত্তি না থাকে তাহলে ত চুকে গেল।

Mr. Speaker:

আপনারা adjournment, not to speak of any adjournment motion সরকার এবং আপনারা বলেন ডিসকাশন হবে always the Speaker will submit to it but here that question has not arisen. This is a question to which I have refused my consent.

Shri Jyoti Basu: As you have just now stated it will arise provided you wanted it to arise, and as far as this side of the House is concrned we have already expressed a desire to speak and that is why the notice of the adjournment motion has been given. Since the Government has not positively objected and as you say that you have no.....

The Hon'ble Saila Kumar Mukherjee: There is no scope for Government supporting or objecting it.

Mr. Speaker: Are you supporting?

The Hon'ble Saila Kumar Mukherjee: Certainly not.

Shri Kamal Kanti Guha:

আপনি অন্য বিজনেসে যাবার আগে সকলেই যখন পুনর্বিবেচনার জন্য বলছেন তখন আপনি আমাদের সকলকে নিয়ে বসুন। সরকার পক্ষ যখন বলছেন যে আপনার ডিসিশনটাই ফাইনাল।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনাকে জিজ্ঞাসা করার পর আমিও বুঝতে পারলাম না কি হল। উনি বললেন যে আপনি যদি অনুমতি দেন—এটা পরিষ্কার বলেছেন উনি—তাহলে কোন রকম আপত্তি নেই।

The Hon'ble Saila Kumar Mukherjee: I have never said that. May I make my submissions. I cannot support the adjournment motion. I have said that this is entirely a matter for the Speaker to allow under the rules. Therefore this question does not come into the picture at all.

[Noise and interruptions.]

Shri Jyoti Basu:

না না, উনি আপত্তি করলে আপনার বলার কি আছে?

Mr. Speaker:

আপনি সাপোর্ট করছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee: I have never said that. Why is he putting into my mouth something which I have never said.

[Noise and interruptions.]

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনি অন্য এজেন্ডায় যাবেন না। আমরা আপনাকে অনুরোধ করছি এবং আপনি বারে বারে দেখছেন যে সরকার পক্ষ একবারও বলছেন না একথা যে তাঁদের আপত্তি আছে তখন কেন আপনি জোর করে ওঁদের দিয়ে বলাচ্ছেন?

Mr. Speaker: Mr. Basu,

জোর করে বলাই নি। আপনারা বলেছিলেন যে ওঁরা সাপোর্ট করছে সেই জন্য জিজ্ঞাসা করেছিলাম।

Shri Jyoti Basu:

তখন ওঁরা চুপ করে ছিলেন। সেই জন্য আমরা বলছি যে আমরা যখন সবাই মিলে অনুরোধ করছি আর শৈলবাবুর যখন আপত্তি নেই আপনি যদি অনুমতি দেন.....

Mr. Speaker:

উনি বলেছেন যদি আমি অনুমতি দিই।
Any member should not have any objection I have exercised my discretion.

Shri Jyoti Basu:

না তাতেও অবজেকশন থাকতে পারে।

Mr. Speaker:

থাকলে পরেও সেটা চলে না।

Shri Jyoti Basu:

সেটা সত্য কথা। কিন্তু এখানে এত বড় একটা সুযোগ আমাদের সরকার দিচ্ছেন, আপনি কেন সেটা কেড়ে নিচ্ছেন।

[Noise and interruptions.]

স্পীকার মহাশয়, আমি আবার আপনাকে অনুরোধ করছি যে আপনি হাউস অ্যাডজোর্ন করুন এবং আপনার ঘরে মিট করতে দিন আমাদের।

Shri Ananda Gopal Mukhopadhyay: Sir, leader of the opposition.

কি জোর করে হাউস বন্ধ করবেন?

[Noise and interruptions.]

[2-50—3 p.m.]

শ্রীজ্যোতি বসুঃ মাননীয় স্পীকার মহাশয়, আমরা আশা করি আপনার সঙ্গে কথা বলবার জন্য আপনি আমাদের একটা সুযোগ দেবেন।

মিঃ স্পীকারঃ আপনাদের যখন ইচ্ছা আমার চেম্বারে আসতে পারেন, কিন্তু আই কান্ট অ্যাডজোর্ন দি হাউস।

শ্রীজ্যোতি বসুঃ আপনার যখন সেই অধিকার আছে তখন আপনি কেন হাউস অ্যাডজোর্ন করতে পারবেন না? আপনি আমাদের কথা শুনুন এবং শোনবার পর আপনার যা খুসী তাই করবেন। কিন্তু আপনি আমাদের সেই সুযোগই দিচ্ছেন না।

মিঃ স্পীকারঃ আমি সুযোগ দিচ্ছি না যদি বলেন তাহলে অন্যায়ভাবে বলা হবে। আই হ্যাভ অ্যালাউড এভরিওয়ান।

শ্রীজ্যোতি বসুঃ আপনার ঘরে গিয়ে বলতে হবে, সরকারের বিরুদ্ধে বলতে হবে। কাজেই বলছি হাউস অ্যাডজোর্ন করুন এবং আমাদের বক্তব্য বলতে দিন।

মিঃ স্পীকারঃ মিঃ বসু, ইউ আর দি লিডার অফ দি অপজিশন।

শ্রীজ্যোতি বসুঃ আর লিডার অফ দি অপজিশন! কোথাও কিছু নেই। "লিডার অফ দি অপজিশন" চমৎকার ইংরেজের দেওয়া নাম। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আপনি তো জানেন ১৩ মাস বিনা বিচারে আটক রেখেছিল এই লিডার অফ দি অপজিশনকে। কাজেই এসব লিডার অফ দি অপজিশন বলে কিছু হবে না। এখানে কি গণতন্ত্র আছে, না কিছু আছে? গণতান্ত্রিক অধিকার পর্যন্ত নেই। আপনি যদি অপরাধ করেন তাহলে আপনাকে কোর্টে দাঁড় করিয়ে দেবে। কিন্তু কোথায় সেই সুযোগ? এখানে যদি গণতন্ত্র থাকত তাহলে আমরা আপনাকে এতটা বিরক্ত করতাম না—কিন্তু এখানে গণতন্ত্র নেই। অবশ্য যতক্ষণ এখানে আছি এখানে সেটা এখনও করে নি অর্থাৎ এখানে পুলিস ঢুকিয়ে গ্রেপ্তার করায় নি। তবে অন্য জায়গায় এই কংগ্রেস সরকার সেটাও করেছে। স্যার, ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস-এর কথা উঠেছে আর মুখ্যমন্ত্রী চেম্বার অফ কমার্স-এর সঙ্গে বিবৃতি দিচ্ছেন যারা কালোবাজারী, যারা আনঅ্যাকাউন্টেড মানি নিয়ে কারবার করে। এই যখন অবস্থা তখন গণতন্ত্র, লিডার অফ দি অপজিশন এসব আপনি কি বলছেন জানি না। শুধু কি তাই, আমরা জানি না এই ১৭ বছরের কংগ্রেস রাজত্বে আমাদের

কি অধিকার আছে। যাহোক, এখন আমার কথা হচ্ছে আমরা আপনাকে অসম্মান করতে চাই না কিন্তু আমি আশ্চর্য হয়ে যাচ্ছি আপনি আমাদের সুযোগ পর্যন্ত দিচ্ছেন না। আমরা এই সুযোগ পেয়েছি—অর্থাৎ ১০ মিনিটের জন্য হাউস অ্যাডজোর্ন করা হয়েছে—কিন্তু আজকে সেই সুযোগ আমরা পাচ্ছি না। বাংলাদেশে যখন আগুন জ্বলতে চলেছে তখন এই অবস্থা কেন—তাই স্পীকার মহাশয়, আপনাকে অনুরোধ করছি আপনার ঘরে বসে কাম অ্যাটমোসফিয়ার-এ যদি আপনাকে আমরা বোঝাতে পারি তাহলে হয়ত ফল ভালই হবে। আর তা যদি না পারি তাহলে আপনি যেভাবে পারেন হাউস চালাবেন - আমাদের বলবার কিছু নেই। কাজেই আমাদের এই সুযোগ দিন এবং তারপর আপনার যা ইচ্ছা তাই করুন কলিং অ্যাটেনসন সম্বন্ধে এখন বলবেন না।

মিঃ স্পীকারঃ আমি ডিসিশন দিয়ে দিয়েছি।

শ্রীজ্যোতি বসুঃ আপনি এত জিদ করছেন কেন? আমরা ঐক্যবদ্ধভাবে বিরোধী পক্ষ থেকে যা বলছি সেটা আপনি শুনুন, এতে আপনার মান, সম্মান বা ইজ্জতের কোন হানি হবে না। কাজেই আমি আবার আপনাকে অনুরোধ করছি আপনি আমাদের কথা শুনুন। আজকে আমাদের উপর জুলুম চলছে, আমাদের বন্ধুদের বিনাবিচারে আটক করে রেখেছে এবং তার মধ্যে অ্যাসেম্বলীর মেম্বাররা আছেন, ট্রেড ইউনিয়ন লিডার্স আছেন। কংগ্রেস পক্ষ থেকে বলা হচ্ছে আপনার উপরে নাকি জুলুম হচ্ছে। আমি আশ্চর্য হয়ে যাই যে এই সব নির্লজ্জদের এই সব কথা বলতে লজ্জা করে না। যা হোক, আমি আপনাকে আবার অনুরোধ করছি আপনি এখন অন্য কোন বিজনেস-এ যাবেন না, আপনার ঘরে মিলিত হবার জন্য আমাদের একবার সুযোগ দিন। আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন সরকার যেভাবে আমাদের আক্রমণ করেছেন, গণতন্ত্রকে হত্যা করবার জন্য যেভাবে বদ্ধপরিকর হয়েছেন তাতে আমাদের মন খুবই ভারাক্রান্ত। কিন্তু এই অধিকারটুকুও যদি আমরা হারাই তাহলে আমাদের আর কি থাকবে? এঁরা খেতে-পরতে দিতে পারবে না, গণতান্ত্রিক অধিকারটুকু পর্যন্ত কেড়ে নিচ্ছে। তাহলে ভবিষ্যতে কোন জিনিস আর থাকছে সেটা আমি জানি না। কজেই সকলের পক্ষ থেকে যে অনুরোধ করা হয়েছে সকলের হয়ে আমি আপনার কাছে আর একবার অনুরোধ করছি যে, আপনি আমাদের সুযোগ দিন এবং আশা করি আপনি আমাদের সকলের কথা শুনবেন।

ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ এতক্ষণ ধরে অনেকের কথা আপনি শুনলেন, যেকথা জ্যোতিবাবু বলেছেন তা ছাড়াও আমার একটা বক্তব্য আছে, আপনি হচ্ছেন এই হাউসের প্রিভিলেজ অ্যান্ড রাইট্স-এর কাস্টোডিয়ান। কিন্তু এই হাউসের বাইরে এই সরকার কিভাবে অগণতান্ত্রিকভাবে আমাদের গণতান্ত্রিক অধিকারে হস্তক্ষেপ করছে, অগণতান্ত্রিক কাজ করছে, সে সম্বন্ধে আমি আপনার কাছে আমার বক্তব্য রাখবো। এটুকু অ্যাডভান্টেজ আমাদের আপনি দিন। (নয়েজ) বড় বড় কথা বলবেন না, একটা কথা আপনারা মনে রাখবেন, যারা কাল টাকা নিয়ে আজকে দেশের এই অবস্থা এনেছেন, তাদের সঙ্গে গাঁটছড়া বেঁধে আপনারা লীডারী করছেন, এবং দেশের এই অবস্থার জন্য দায়ী আপনারা। আমার কথা তাই শুনবার জন্য আপনাদের ধৈর্য থাকা উচিত। আপনি স্যার, এই দিকটা একটু চিন্তা করুন—আমাদের এই হাউসের ১১ জন মেম্বারকে তাঁরা ডি আই রুলে আটকে রেখে দিচ্ছেন, আপনার ক্ষমতা নেই তাঁদের বিরুদ্ধে স্টেপ নেওয়ার, আমাদের সরকার পক্ষের এই যে অন্যায় তার প্রতিবাদে প্লু লেজিসলেশন রাখবো, এই সুযোগ আমরা চাই। আমরা আজকে ইন দি ফর্ম অফ অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছি, সেটা আপনি রিফিউজ করেছেন। আপনাকে অনুরোধ করছি ব্যাপারটা রিকন্সিডার করতে। কি আপনার আপত্তি থাকতে পারে বুঝতে পারছি না। যদি আপনার কোন আপত্তি থাকে তাহলে আপনি হাউস অ্যাডজোর্ন করে দিন যাতে আপনার ঘরে যেয়ে পার্সনাল লেবেলে আমরা বুঝাতে পারি, তাতেও যদি আপনি রাজী না হন সেটা আলাদা কথা। আপনি আমাদের সে সুযোগ দিন জ্যোতিবাবুও সে অনুরোধ করেছেন, আমি করছি।

[3—3-30 p.m.]

শ্রীননী ভট্টাচার্য : আপনি স্যার, নিজেও বহুবার বলেছেন যে আপনি কনভেনশনের বদলে রুলস্ অনুসারে আপনি চলতে চান। এখানকার কোন রুলে কিভাবে আটকাল সেটা অবশ্য আপনি বলেননি, কোন কারণ দেখাননি। কেন মুলতুবি প্রস্তাব অগ্রাহ্য করেছে তার কোন কারণ দেখাননি। কারণ দেখান না দেখান আপনার অভিপ্রায়ের উপরই নির্ভর করে, এই রুলসে আছে। কিন্তু আমরা জানতে পারতাম না, আমরা এটাই বুঝি যে প্রায় ১০০ নেতৃবৃন্দ গ্রেপ্তার হয়েছে এ বিষয়টার গুরুত্ব নেই, বরং আরও বেশী করে কি করে গ্রেপ্তার করতে পারবেন এটা নিয়েই তাঁরা মাথা ঘামাচ্ছেন। কিন্তু আপনার কাছে, স্পীকার-এর কাছে যিনি গণতন্ত্রের কাস্টোডিয়ান তাঁর কাছে এ বিষয়টা গুরুত্বপূর্ণ কিনা? মাননীয় স্পীকার মহাশয়, ২৫শে তারিখের ধর্মঘটের সঙ্গে এই সমস্ত বিষয় জড়িত। গোটা বাংলাদেশ জুড়ে সেদিন হরতাল এবং ধর্মঘট ডাকা হয়েছে। সেই বিষয়টা মাননীয় মন্ত্রীদের কাছে গুরুত্বপূর্ণ বলে মনে না হতে পারে, তাঁরা হয়ত এটাকে ধ্বংস করবার জন্য নানাভাবে ষড়যন্ত্র করতে পারেন কিন্তু আপনি যেখানে গণতন্ত্রের রক্ষক সেখানে আপনি কি মনে করেন যে দিনের উপর গোটা বাংলাদেশের জীবন জড়িত আছে সেটা গুরুত্বপূর্ণ নয়? এটা রিসেন্ট অকারেন্সের মধ্যে পড়ে কিনা আপনি সেটা বলুন? আপনি বলুন এটা কোন এ্যান্টিসিপেটেড ঘটনা কিনা? বলে আপনি সেটা বিচার করে দেখুন। আমি সেই জন্যই বলছিলাম যে যদি ১০ মিনিট কি ১৫ মিনিট আমরা সবাই মিলে আপনার চেম্বারে বসে আলোচনা করতে পারতাম তাহলে আপনিই কনভিন্সড হতে পারতেন যে বিষয়টা গুরুত্বপূর্ণ এবং মুলতুবী প্রস্তাব যেভাবে আনা হয় মুলতুবী প্রস্তাবে যে বিষয় থাকা উচিৎ সেই বিষয় এর মধ্যে আছে এবং সেই অনুযায়ী আপনি বসে এটা করতে পারতেন। মাঝখান থেকে হচ্ছে কি আপনার সঙ্গে আমাদের একটা অপ্রিয় সম্পর্কে ঘটে যাচ্ছে, ওঁরা কিছু বলছেন না। ওঁরা বলছেন আমরা কনসার্নড্ নই। রুলস অনুসারে হয়ত ওঁরা কনসার্নড নয়। কিন্তু এই রকম একটা আলাপ-আলোচনায় ওঁরা কেন আপত্তি তোলেননি। কোন কোন কংগ্রেস সদস্য বলেছেন আলোচনা হোক, সেইভাবে তাঁরা মত প্রকাশ করেছেন। সুতরাং সেইভাবে আলোচনা করতে দেওয়ার অসুবিধা কি আপনার দিক থেকে দেখা দিল আমি বুঝি না। সেই দিকে তাকিয়ে আমি আবার অনুরোধ করব দেশের লোক যখন একটা সাংঘাতিক দিনের সামনা-সামনি, আসছে পরশুদিন যখন ধর্মঘট হচ্ছে হরতাল হচ্ছে তখন সরকার যে রাস্তা নিয়ে চলছেন তাতে কি যে অবস্থা দাঁড়াবে বলা যায় না। কিন্তু বাংলাদেশের লোক নিশ্চয়ই এই খাদ্য নীতি বলুন আর মূল্য নীতি বলুন এর জবাব দেবে। তারা শান্তিপূর্ণভাবে ধর্মঘট এবং হরতালের পথে জবাব দেওয়ার জন্য উদ্যত হয়েছে। মাননীয় জ্যোতি বসু যা বলেছেন তার পুনরাবৃত্তি করতে চাই না। মুখ্যমন্ত্রী তো বলছেন, কই, বামপন্থী সদস্যদের দিকে তো লোক নাই, আমি যাচ্ছি না সেই পয়েন্টে, কিন্তু সেখানে তাঁরা গণতান্ত্রিক কায়দায় বলতে পারতেন যে ঠিক আছে আমরা চাই না হরতাল। ওঁরা বললেন হরতাল চান না। যারা হরতাল চায় প্রচার করুন সেই ধরণের অবস্থা তাঁরা আনতে পারেন তা তাঁরা করছেন না। সরকার নিজে এই প্রশ্নে জড়িত আছেন। সুতরাং সব দিক বিবেচনা করে আপনি বিষয়টা পুনর্বিবেচনা করুন এবং আপনার চেম্বারে সবাইকে ডেকে এই বিষয়ে আলোচনা করার একটা সুযোগ যাতে দিতে পারেন তার ব্যবস্থা করুন।

Statement on Calling Attention Notice to Matters of urgent public importance

Mr. Speaker: Mr. Mukherjee will reply to the Calling Attention, Calling Attention notices to matters of urgent public importance.

(Noise and interruptions... ....continued throughout.)

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, in response to the calling attention given notice of by Shri Birendra Narayan Roy and others, I beg to state that the Vice-Chancellor of the Calcutta University approached the State Government in May 1964, for the allotment of a scooter from their

quota for the use of his Secretary who was stated to be in urgent need of it. Accordingly, in the month of June, 1964, a Lambretta scooter from the quota for the quarter ending August 1964, was alloted in favour of the "Private Secretary to the Vice-Chancellor, University of Calcutta, Senate House, Calcutta-12" and the scooter has been registered in the office of the Director, Public Vehicles Department, Calcutta, in this style. The letter was signed by the Vice-Chancellor in his personal capacity.

2. The Vice-Chancellor has explained that the post of Private Secretary to the Vice-Chancellor does not exist and that he had wanted the scooter for his Personal Secretary who resides in Allahabad. He himself paid the price of the scooter and took delivery of it on the 8th August 1964. He despatched it to Allahabad on the 14th August, 1964, with his Chaprasi. The railway freight for the scooter and the railway fare and travelling allowance for the Chaprasi were also paid by him personally.

[At this stage the House was adjourned for 25 minutes.]

(After adjournment.)

[3-30—3-40 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

স্যার, কর্পোরেশনের লোকগুলোকে মারলো, আজকে আবার তারা হাঙ্গার স্ট্রাইক করছে, আজকেও হয়ত মারবে। ঘরের ভেতর ঢুকে বেপরোয়াভাবে লাঠি চালিয়েছে। এ সম্বন্ধে স্যার, চুপ করে বসে থাকলে হবে না। আপনি মেয়র ছিলেন, আপনি জানেন যে কিভাবে নিরীহ লোকদের বেপরোয়াভাবে মেরেছে, কি কান্ড হল।

Mr. Speaker: Mr. Banerjee, on this issue I am just now allowing one calling attention notice that has been tabled.

Shri Bejoy Kumar Banerjee:

সে তো স্যার, ওঁরা এখানে এসে বসে চলে যাবেন, আর তো কিছু হবে না। আমাদের ওঁরা বলবেন, আমরা শুনবো।

Mr. Speaker:

এখন আলোচনা তো চলতে পারে না এখানে মিঃ ঘোষ এ্যাডজোর্নমেন্ট মোসান দিয়েছেন, তিনি তাঁর সাবমিসনও করেছেন এই পয়েন্টে।

Shri Bejoy Kumar Banerjee:

এটা স্যার, গুরুত্বপূর্ণ ব্যাপার, এই রকম কর্পোরেশনের ইতিহাসে কখনও হয়নি। আপনি মেয়র ছিলেন, আপনি জানেন যে তাদের ঘরের ভেতর ঢুকে মেরেছে, ১০।১২ জনের মাথা ফাটিয়ে দিয়েছে, আবার কতজনকে খুঁজে পাওয়া যাচ্ছে না।

Mr. Speaker: Now, I have received two calling attention notices.

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, যখন শৈলবাবু হঠাৎ বলতে উঠলেন তখন আপনার কাছে অনুরোধ করেছিলাম যে ঐ সাবজেক্ট যাবার আগে আপনি হাউসের কাজ মুলতুবী রাখুন যাতে আপনার ঘরে গিয়ে আমরা আলোচনা করতে পারি কিন্তু দেখলাম ৮।১০ জন উঠে বলা সত্ত্বেও আপনি বললেন আপনি বলে যান এবং উনি বলে গেলেন। কি বলে গেলেন, সেটা রেকর্ডেড হয়েছে কিনা জানিনা, আমরা কিছু শুনতে পাইনি। এখন এইভাবে কি আপনি মনে করেন যে হাউসের কাজ চলতে পারে, আমার মনে হয় চলতে পারে না, আমার যতটুকু অভিজ্ঞতা আছে।
we do not take any note.

উনি যেটা বল্লেন সেই সমস্ত কি হয়েছে না হয়েছে জানিনা কিন্তু আমাদের যা বক্তব্য ছিল তার জের টেনে আমি আবার অনুরোধ করছি যে আপনি আমাদের কথা শোনবার জন্য সভার কাজ মুলতুবী রেখে আপনার ঘরে আমাদের সঙ্গে দেখা করুন যাতে আমরা ঐ অ্যাডজোর্নমেন্ট মোশান নিয়া আলোচনা করতে পারি, আপনি সেই অনুমতি দিন এবং আজকেও আমাদের যে সময় আছে, আমরা আলোচনা করতে পারি ঐ স্ট্রাইক ধর্মঘট ২০ তারিখের প্রস্তাব যা হয়েছে সে বিষয়ে এবং আমাদের বহু নেতাকে যে গ্রেপ্তার করেছেন সে বিষয়ে। তা না হলে বাংলাদেশে গণতন্ত্র itself is being turned into a farce.

এবং এজন্য আমরা এটাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে করছি। আপনি এও দেখেছেন যে দুর্ভাগ্যবশতঃ শুধু সরকারই এই স্ট্রাইকের বিরোধী নয়, সরকার ব্ল্যাক মার্কেটিয়ার, প্রফিটিয়ার-দের সঙ্গে এক হয়ে এই সমস্ত জিনিসের দামের ব্যবস্থা করেছেন, আমরা দেখছি যে তারা এবং সরকার এক হয়ে বলছেন প্রতিবাদ তোমরা করো না, তাহলে উৎপাদন হবে না। উৎপাদন তো ৮ লক্ষ টন হয়েছে, অথচ আমরা তো খেতে পাচ্ছি না, চাল কিনতে পারছি না। সেজন্য এটা যদি সরকার নিজেও বলতেন তাহলে বুঝতাম সমস্ত বিষয়টা আমাদের আলোচনার বিষয়বস্তু কারণ আমরা দেখছি এতদিন সরকারের কাছে শুনেছি শায়েস্তা করবো, ডি আই রুল ব্যবহার করবো ঐ সমস্ত কালোবাজারী এবং মুনাফাখোরদের বিরুদ্ধে যারা এই অবস্থা সৃষ্টি করেছে কিন্তু আমি বলছি সরকার এই সংকট সৃষ্টি করেছেন, অর্থাৎ আজকে এটা পরিষ্কার হয়ে যাচ্ছে যে সরকার এবং মুনাফাখোর, কালোবাজারীরা কিভাবে হঠাৎ একত্রিত হয়ে গেলেন, এক হয়ে বিবৃতি দিচ্ছেন হরতাল ধর্মঘটের বিরুদ্ধে, আপনাদের না খাইয়ে মারবো, জিনিসে ভেজাল দেব, জিনিসের দাম বাড়াবো কিন্তু আপনারা হরতাল ধর্মঘট করতে পারবেন না। যদি আপনারা করেন তাহলে আমাদের বশম্বদ সরকার আছেন, সেই সরকার তোমাদের গ্রেপ্তার করবে, লাঠি, গুলি চলবে, এই কথা তারা বলেন। আপনি কি বলেন এই জিনিষ বাংলাদেশের মানুষ নীরবে সহ্য করবে? এবং ঐ রকম আত্মম্ভরীতার কথা শোনবার পর, মানুষের দুঃখ, কষ্ট, লাঞ্ছনা যাই হোক, আমাদের এত মানুষ ভোট দিয়েছে, তারা যে বলেন,—কি হল সেই ভোট-গুলি? তাহলে আপনারা ডি, আই, রুলস প্রয়োগ করে, মানুষের উপর জোর না করে কোন রাজনৈতিক ডাক আপনারা দিতে পারলেন না মানুষকে যে কোন হরতাল বা ধর্মঘট করো না। কেন এ কথা আপনারা বলতে পারলেন না? এর জন্য আমি মনে করি জবাবদিহি সরকারকে করতে হবে ২৫শে তারিখের আগে, যেদিন আমাদের হরতাল করবার কথা আছে। সেই জন্য আমরা এই বিষয় এর উপর আলোচনা করতে চাই।

স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করেছেন যে মুখ্যমন্ত্রি মহাশয়ের সেই যে অনুপস্থিত, সেই অনুপস্থিতই এখনও আছে। কোথায় যে সেই ভদ্রলোকটি পালিয়ে আছেন, তাঁকে খুঁজে পাওয়া যাচ্ছে না। সেই জন্য আমরা বলি, কারণ এখন আমাদের বলতেই হবে। আপনি হয়ত বলতে পারেন, এই সব কথা আমরা পরে বলবো। কিন্তু মশাই, পরে যে আমরা এখানে কবে আসবো, তাতো ভাবতে পারছি না। কালকে আমি এখানে আসতে পারবো কিনা জানিনা। কতদিন না আসবো তাও ভাবতে পারছি না। কারণ আমাদের বিনা বিচারে গ্রেপ্তারে আটক করে রাখতে পারে। এখানে আইন-কানুন কিছু নেই। আয়ুবখানকেও এঁরা পরাস্ত করেছেন। বৃটিশ সাম্রাজ্যবাদ যারা নিজেদের দেশে এই সব করেন, এক যুদ্ধের সময় ছাড়া, তাদেরও এঁরা পরাজিত করেছেন। স্লেভের জন্য তাঁরা যে আইন করেছিলেন তার দুটে এখনও আছে—ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস এবং প্রিভেন্টিভ ডিটেনসান অ্যাক্ট যাতে বিনা বিচারে মানুষকে আটক করা যায়। আমরা শুনছি যে পুলিশ যেভাবে ছোটাছুটি করছে, তাতে মনে হয় যে আরও অনেক কিছু করবার জন্য এঁরা প্রস্তুত হচ্ছেন। সেই জন্য এত বড় গুরুত্বপূর্ণ ঘটনা সম্পর্কে আমরা যে মুলতবী প্রস্তাব দিলাম, সেটাও আপনি নাকচ করে দিলেন, এটাই আমাদের কাছে অত্যন্ত আশ্চর্য লাগছে। সেই জন্য আপনার কাছে আবেদন করবো আপনি জোর করে হাউস চালাবার চেষ্টা করবেন না, অন্ততঃ আমরা যেটুকু অনুরোধ করছি, সেটুক শুনুন; তারপরে আপনার যা করবার আছে, আপনি তাই করবেন। আমাদেরও পার্লামেন্টারী উপায়ে যা আছে, তাই করবো। কিন্তু আমরা আপনার ঘরে গিয়ে আপনাকে শোনাতে পারছি না। কি করে আপনার ঘরটাও ১৪৪ ধারা হয়ে গেলো, সেটাও বুঝতে পারছি না। এ্যাসেম্বলীর বাইরে তো আছেই

১৪৪ ধারা, আবার আপনার ঐ ঘরটাও যে এর আওতার মধ্যে এসে গেলো দেখছি। এখন আপনিও যদি আমাদের ছেড়ে দেন, তাহলে কে দেখবে আমাদের? এই হাউসে খুব অসুবিধা হবে আমাদের। আর আপনিত বুঝতেই পারছেন, যে বাইরে গেলে ওঁরা আমাদের ধরবেন জ্যান, ট্যান দাঁড়িয়ে আছে। সুতরাং আপনি যদি এখানে আমাদের কথা না শোনেন, তাহলে কি করে, কি হতে পারে, আমি বুঝতে পারছি না। সেই জন্য আমরা বারে বারে এটা বলছি। কিন্তু আমি জানলাম, আপনি এর আগে কতবার, আমি যখন দাঁড়িয়েছিলাম বলতে ঐ অনাস্থা প্রস্তাবের সময়, তখন ওদিকের সদস্যরা জোরে, জোরে টেবিল চাপ্‌ড়াতে থাকেন, আমি বসে পড়িনি, আপনি এখান থেকে চলে গেলেন, এই কথা বলে
the House adjourns for 15 minutes
কিন্তু আজকে যখন টেবিল চাপড়ান হল, কই হাউস ত অ্যাডজোর্ন করলেন না, ওঁদের বলতে দিলেন তাই আমাদের একটু অসুবিধা হচ্ছে আপনার কথাগুলো বুঝতে। সেই জন্য আমি আশা করি আপনি আর একবার অন্ততঃ ১০।১৫ মিনিটের জন্য হাউস অ্যাডজোর্ন করে দিয়ে, আপনার ঘরে আমাদের ডেকে নিয়ে গিয়ে আমাদের কথাগুলি শুনবেন। এইটা আমি আপনার কাছে অনুরোধ করছি।

Mr. Speaker: Now Mr. Basu,

সাবজেক্ট শেষ হয়ে গিয়েছে।

Shri Jyoti Basu:

আপনার কাছে শেষ হয়ে গিয়ে থাকতে পারে, আমাদের কাছে শেষ হয়নি। এই জন্যই ত অনুরোধ করছি। কি করে শেষ হবে? আমাদের বন্ধুদের এখনও আমরা ফিরে পাইনি। তাঁদের কেন ধরলেন জানি না।

Shri Narayan Choubey:

ধান, চালের দাম বেড়েই চলেছে। এখন আবার আটা, ময়দা বাজারে পাওয়া যাচ্ছে না। স্যার, আপনি যদি আমার এলাকায় যান, দেখবেন সেখানে আটা, ময়দা কিছুই পাওয়া যাচ্ছে না। অতএব আপনি যে শেষ হয়ে গিয়েছে বলছেন, শেষ মোটেই হয়নি, লড়াই সবে সুরু হয়েছে, হরতাল হবেই। ওঁরা যতই কিছু করুন না কেন, হরতাল নিশ্চয়ই হবে।

আপনার কাছে আমাদের এইটুকু নিবেদন, আমাদের সম্বন্ধে একটু বিচার করুন, এবং আমাদের আর একবার বলবার সুযোগ দিন।

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার স্যার, সরকার পক্ষ এতক্ষণ ধরে বলে চলেছেন যে মুখ্যমন্ত্রিমহাশয় কাউন্সিলে ব্যস্ত আছেন। আমরা তাঁর খোঁজ নেবার জন্য লোক পাঠিয়েছিলাম, মুখ্যমন্ত্রি মহাশয় কাউন্সিলে নেই। যখন জ্যোতিবাবু বলেছিলেন যে মুখ্যমন্ত্রি মহাশয় পালিয়ে, পালিয়ে বেড়াচ্ছেন, তখন ওদিক থেকে ওঁরা বললেন যে তিনি কাউন্সিলে আছেন। আমরা এখনই সেখানে খোঁজ নিয়ে জানলাম যে তিনি সেখানে নেই, কোথায় পালিয়েছেন। তাই দেখা যাচ্ছে ওঁরা নানা রকমভাবে অসত্য কথা বলছেন।

যাইহোক স্যার, আপনার কাছে আমাদের এখনও অনেক কিছু বলবার আছে, আমাদের বলা শেষ হয়নি।

আপনি নূতন করে চিন্তা করুন। আর কথা হচ্ছে ঐ শৈলবাবুরা দাঁড়িয়ে এখানে কাজ করে যাবেন ওঁদের চিন্তাও নেই ভাবনাও নেই। বৃটিশের দালালি করেছেন। এখন করছেন কালোবাজারীর দালালী, ওঁদেরও খাওয়া পরার অভাব নেই আমাদের আছে কাজেই আপনি আমাদের কথা চিন্তা করুন।

[3-40—3-50 p.m.]

Shri Bhadra Bahadur Hamal:

স্যার, আপনি যদি পারমিশান দেন তাহলে দুটি কথা বলবো। স্যার, আজকের দিনে এক কেজি চাল খেয়ে কতদিন বাঁচবো, স্যার, দুদিনের মধ্যে শেষ হয়ে গিয়েছে চিঁড়ে খেয়ে এসেছি। খেতে দিতে পারছেন না। আমরা বলছি খেতে দাও, ওঁরা বলছেন খেতে দেবো না, ডি. আই, রুল দেবো ঐ খেয়ে নেও জেলে বসে। এর কি হবে স্যার, আজকে বাজারে গিয়েছিলাম ১ টাকা চার আনা করে বেগুনের দাম।

Shri Debi Prosad Basu:

স্যার, এখানে ওঁরা আপনার আড়ালে আত্মরক্ষা করছে, আর বাইরে পুলিশের আড়ালে আত্মরক্ষা করেন। আপনি সরে যান, স্যার, আমরা একবার দেখে নিই।

(Shri Balai Lal Das Mahapatra rose to speak.)

Mr. Speaker: Mr. Mahapatra, please take your seat. Now, honourable members, I have received two calling attention notices on the subject of...

(At this stage several members of the opposition rose to speak.)

Shri Balai Lal Das Mahapatra:

এখন ৩২ টাকা চালের মণ, আটা গম পাওয়া যাচ্ছে না মফঃস্বলে, সেখানে তেল পাওয়া যায় না। এই গুরুত্বপূর্ণ অবস্থার কথা আপনি বিবেচনা করছেন না। এটা আলোচনা করতে দিলে কি এখন মহাভারত অশুদ্ধ হয়ে যাবে?

Mr. Speaker: Mr. Mahapatra, please take your seat.

[Noise and interruptions.]

Shri Nani Bhattacharjee:

Mr. Speaker, Sir

আমরা টেবিল চাপড়াচ্ছি না। ওঁরা টেবিল চাপড়িয়ে হাউস বন্ধ করে দিতে পারেন, আবার বিনীতভাবে সেই একই অনুরোধ আপনার কাছে রাখছি যে আপনি পুনর্বিবেচনা করুন। তার কারণ আমরা মনে করি এখানে যে অন্যান্য আইটেম অব বিসিনেস আছে এবং বিশেষ করে গ্রামদান বিলের আলোচনা হচ্ছে তার থেকে আজকে বহুগুণ গুরুত্বপূর্ণ বিষয় আমাদের সামনে এসেছে এবং সে সম্বন্ধে আলোচনা করতে দেওয়া উচিত। আপনাকে তার জন্য আবার অনুরোধ করা হচ্ছে এবং অনুরোধ করছি আমরা সবাই, এখানে কোন একজনের ব্যাপার নয়, একটা বিশেষ ব্লকের সদস্যদের ব্যাপার নয়, সবাই একথাটা বলছে। সুতরাং এ কথাটা দেখে আপনি আবার পুনর্বিবেচনা করুন এবং আপনি ডাকুন, ডেকে আমাদের সঙ্গে আলাপ করে আপনি একটা ব্যবস্থা করুন যাতে আমরা আলোচনা করার সুযোগ পাই।

Shri Sudhir Das:

স্যার, এই সব কথা প্রায় একঘণ্টা হল চলছে। আপনি ইচ্ছা করলে আলোচনা করতে দিতে পারতেন।

Shri Monoranjan Hazra:

এখন চারটা বাজে, স্যার, আলোচনা করতে দিলে এতক্ষণ হয়ে যেতো। আপনার কাছে আমরা আবেদন জানাচ্ছি যে এই রকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপার আপনি দয়া করে বিবেচনা করুন।

Shri Balai Lal Das Mahapatra:

কি অপরাধে আমাদের গ্রেপ্তার করা হচ্ছে সেটা আমরা জানতে চাই।

Shri Monoranjan Hazra:

আর, স্যার, ২৫শে তারিখে আপনি এ্যাসেম্বলী বন্ধ রাখুন। কারণ, কালকে বন্ধ রেখে মুখ্যমন্ত্রীকে ভেস্টেড ইন্টারেষ্ট-এর সঙ্গে ষড়যন্ত্র করতে দিয়েছেন। এক তরফাকে যদি এইভাবে কাজ চালাতে দেওয়া হয় তাহলে ২৫ তারিখেও বন্ধ রাখতে হবে।

[Noise and interruptions.]

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: তাহলে কি হোল স্যার?

মিঃ স্পীকার: আপনি তো কর্পোরেশনের কথাও বলছেন, আবার এটাও বলছেন।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: আপনি যখন আমাদের মালিক তখন আপনার কাছে আমার অনুরোধ হচ্ছে হাউসের সদস্যদের এইভাবে যে ধরে নিয়ে যাওয়া হচ্ছে এ সম্বন্ধে মুখ্যমন্ত্রী কিছু বলুন। মুখ্যমন্ত্রী এখানে নেই, কোন ব্যবস্থা নেই, কিন্তু আপনিও যদি আমাদের জনসাধারণের কথা বলতে না দেন, সারা বাংলাদেশের কথা বলতে না দেন তাহলে আমাদের এখানে বসে থাকার কি প্রয়োজন আছে? জনসাধারণ আমাদের এখানে পাঠিয়েছেন তাই তাঁদের কথা আমরা বলতে এসেছি এবং বলছি। কিন্তু আপনি তো কেবল হাতুড়ি পিটিয়ে যাচ্ছেন।

মিঃ স্পীকার: লোকরা আপনাদের পাঠিয়েছেন, আপনারা ডিউটি করছেন। আমি এখানে চেয়ারে বসেছি এবং আমার যা ডিসক্রিসন মনে হয়েছে আমি সেটা করেছি।

শ্রীনারায়ণ চৌবে: নো স্টেটমেণ্ট হ্যাজ বিন মেড হাউ মেনি এম. এল. এস হ্যাভ বিন এ্যারেস্টেড।

শ্রীকমলকান্তি গুহ: স্যার, আপনি বললেন লোকরা আমাদের পাঠিয়েছে, আমরা আমাদের ডিউটি করছি এবং আপনিও আপনার ডিউটি করছেন। কিন্তু এটা উল্টো হচ্ছে। লোকরা আমাদের চাপ দিচ্ছে কাজেই সেটা থেকে বাঁচাবার জন্য আপনি কিছু করুন।

শ্রীজ্যোতি বসু: স্যার, আপনি এখন হাউস এ্যাডজোর্ন করলেন না, আমাদের মনের অবস্থা বিবেচনা করলেন না, বাইরে যে পরিস্থিতি হয়েছে সেটা বুঝলেন না, যাঁরা এ্যারেস্টেড হয়েছেন তাঁদের নাম বললেন না এবং ডিফেন্স অব ইন্ডিয়া রুলস যেটা প্রয়োগ করা হচ্ছে সে সম্বন্ধেও কিছু বললেন না। সরকার আজ চারিদিকে আগুন জ্বালিয়েছেন, লোককে খেতে দিতে পারছেন না। লোককে খেতে দিলে এরকম অবস্থা হোত না। আজ পি. সি. সেন কোথায়? তিনি তো বলেছিলেন, আমরা তো গ্রেপ্তার করিনি, লাঠি চালাইনি- কোথায় লোক, লোক তো আপনাদের কথা আর শোনে না। কিন্তু আমি বলছি সমস্ত বাংলাদেশের লোক আজ প্রতিবাদ করছে এবং আমরা তার কোন জবাব পাচ্ছিনা। আমি জিজ্ঞাসা করি এটা কি আলোচনার বিষয়বস্তু নয়? আমি এই হাউসে বহুদিন ধরে আছি, কিন্তু এরকম অবস্থা কখনও দেখিনি যে, আমরা যখন আগুনের মুখে দাঁড়িয়ে আছি তখন আপনি বলছেন এটা আলোচনার বিষয়বস্তু নয়, ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস নিয়ে কি করে আলোচনা করব, কি রুলস-এ ধরা পড়েছে জানিনা। ঘটনা হোল একটা হরতাল হতে চলেছে এবং তার জন্য এই এ্যাসেম্বলীর সদস্যসহ কিছু লোক ধরা পড়েছে। আগামী ২৫ তারিখ যে ধর্মঘট হতে পারে সে সম্বন্ধে বাংলাদেশের আইনসভায় যদি আলোচনা করতে না পারি তাহলে কোথায় গিয়ে আমরা আলোচনা করব? ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস সম্বন্ধে যখন আলোচনা হয়েছিল তখন তিনি বলেছিলেন পার্লামেণ্ট-এ গিয়ে আলোচনা করুন। উনি এখানে প্রয়োগ করবেন আর আলোচনা করব গিয়ে পার্লামেণ্ট-এ। উনি বললেন ৫০০ জনের মধ্যে দুজনকে অর্থাৎ অমর বসু এবং হেমন্ত বসুকে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু আমরা কাগজ থেকে পড়েছি ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস প্রয়োগ করেছে, আরও আরও গ্রেপ্তার করবার জন্য প্রস্তুত হচ্ছে। তবে একটা নূতন জিনিষ দেখলাম যে আমরা এসব কাগজ থেকে পড়েছি, আপনার কাছ থেকে কোন কিছু শুনিনি। আমরা তো জানি স্পীকার-এর কাছে ইন্টিমেশন আসে।

[3-50—4 p.m.]

আমাদের জানা আছে যে স্পীকারের কাছে একটা ইন্টিমেশন আসে, আমি জানিনা, সেই ইন্টিমেশান আপনার কাছে এসেছে কিনা। যাই হোক, আমরা ধরে নিচ্ছি কাগজে যেটা বেরিয়েছে সেটা ঠিক। কিন্তু এই সমস্ত বিষয়গুলি আলোচনার বিষয়বস্তুতো বটে। আপনি বললেন এ ব্যাপার হয়ে গেছে, এ ব্যাপার কিছুই হয়নি। এটা যদি আলোচনা হয়ে থাকে এমন হতে পারে সরকার এমন সব কথা বলবেন, লাঠি গুলির কথা না বলে, মানুষকে খাদ্য দেবার কথা এমনভাবে বলবেন যাতে আমরা বুঝতে পারি দুদিন পরে আমরা কিছু পাব, কিন্তু আজতো বুঝতে পারলাম না, ঐ যে অনাস্থা প্রস্তাব হয়ে গেল, খাদ্য আলোচনা হয়ে গেল তাতে কোন সুবিধা হয়েছে কিনা। জিনিষপত্রের দাম কি কমেছে? আমরা দেখলাম তেলের দাম ৩·২৫ নঃ পঃ থেকে ৩·৯০ নঃ পঃ হয়ে গেল টিন ছাড়া, আর টিন নিলে ৫ টাকা দাম, এই সব বিষয় বস্তু নিয়ে ধর্মঘট হতে চলেছে, এটা কি আলোচনার বিষয় বস্তু নয়? এবং এ নিয়েই প্রতিবাদ করতে যাওয়া হচ্ছে গণতান্ত্রিক উপায়ে শান্তিপূর্ণ উপায়ে, বরাবরই এটা শান্তিপূর্ণ উপায়েই হয়ে থাকে। ২০শে মে তারিখেও শান্তিপূর্ণভাবে হয়ে গেল, ট্রামে বাসে তো আগুন লাগাতে যায় নি। সেজন্য বলছি সরকার যে এই রকমভাবে [illegible] কার্যক্রম গ্রহণ করেছেন, মানুষের গণতান্ত্রিক অধিকার হরণ করছেন, সেসব আলোচনা করার প্রয়োজন আছে তো? আমরা এটুকুই জানাতে চাই—এই হাউস চলাকালীন, হাউসতো সাইনি ডাই অ্যাডজোর্ন হয়নি বা প্রোরোগ হয়নি, সেই অবস্থায় মুখ্যমন্ত্রী মহাশয় এমন একটা বিবৃতি দিলেন যা হাউসে দেবার সাহস নেই। উনি একটা বিবৃতি দিয়ে দিলেন যে ১০ কোটি টাকা ক্ষতি হবে, উৎপাদন ব্যাহত হবে ইত্যাদি। অনেক কথা উনি বলে গেলেন। আমরা বলি সেগুলি একটু আলোচনা হোক না, কারা উৎপাদন ব্যাহত করছে বা বাংলাদেশের বা ভারতবর্ষের খাদ্য কেড়ে নিচ্ছে। ৪৮ লক্ষ টন ধান চাল উৎপাদন বৃদ্ধি হওয়া সত্ত্বেও আমরা কেন এক টাকা চার আনা কে জি দিয়ে আমরা চাল কিনবো, কেন ভেজাল দেবে আমাদের দেশে—এক্ষুনি আমরা জানতে চাই ধর্মঘটের উত্তরে। শৈলবাবু বলেছেন সরকারী [illegible] মাইনে আমি বাড়াবো না, জিনিষপত্রের দাম বাড়লেও কমিশন আমরা বসাবো না। সেজন্য এও একটা দাবী হরতালের ২৫শে তারিখ যা নিয়ে ধর্মঘট হচ্ছে। সেজন্য আমরা ভেবেছিলাম আমরা আপনাকে আমরা এই প্রস্তাবেই মারফৎ বুঝাতে পেরেছি, এখন দেখছি আপনি ঠিক প্রস্তাবের মারফৎ বুঝেননি এর গুরুত্ব, সেজন্য এতক্ষণ ধরে বলছি, কিন্তু এখনও আপনাকে বুঝাতে পেরেছি বলে মনে হচ্ছে না। সেজন্য যদি আপনার ঘরে যেতে পারতাম তাহলে হয়ত আপনাকে বুঝাতে পারতাম, আপনি শান্ত মনে আমাদের কথা বুঝতে পারতেন, সেখানে গিয়ে যদি ব্যর্থ হই, আপনি জানেন কিভাবে আপনি হাউস চালাবেন, আপনি আপনার কাজ করবেন, করবেন আপনার কর্তব্য কিন্তু আপনি একটা অনুরোধও শুনবেন না? এত বড় একটা ঘটনা হয়ে গেল বাংলাদেশে, আমাদের আশ্চর্য লাগছে, আমরা মর্মাহত হয়েছি, সেজন্যই বারে বারে বলছি। উনি এটা পড়বার পরেই মুলতুবি করে চলে গেলেন, কেন ওটা আগে করতে পারতেন না ১০ মিনিট? আর আপনি যদি কংগ্রেসের কথায় চলেন তাহলে কেন করবেন না, ঠিক কথা; কিন্তু আমরাও একটা অনুরোধ করেছি, জোর জুলুমের ব্যাপার নয়, সেজন্য আমরা বলছি যে এটা করুন, এতে আপনার মর্যাদা হাউসের মর্যাদা বাড়বে। তারপর যদি আপনাকে বুঝাতে না পারি তাহলে আর কি করবো, আপনার ঘরে আমাদের একবার যেতে দিন, আপনার সঙ্গে বসতে দিন কয়েক মিনিট আলোচনা করবার জন্য। আপনি এই মাত্র যা বললেন শ্রীগণেশ ঘোষকে তার তো কোন অর্থ হয় না, আপনি বলেছেন ডি আই রুলের ব্যাপারে কি করে আলোচনা করতে দিতে পারি। এ কি কথা? এটা ডি আই রুলের ব্যাপার নয়, এর সঙ্গে সমস্ত স্ট্রাইকের ব্যাপার হরতালের ব্যাপারটা জড়িত। বাংলাদেশে সেদিন কি হবে না হবে, কত লোক খুন করবেন, কজনের উপর লাঠি চালাবেন কজন লোককে গ্রেপ্তার করবেন এই সমস্তই জড়িত, তার চেয়ে বড় কি গ্রামদান বিল যা আলোচনা হবে?

তার থেকে কি বড় হবে আজকে এই গ্রামদান বিলের আলোচনা করা? ৩০ তারিখ অবধি সময় আছে গ্রামদান বিল আলোচনা করবার জন্য। আমি যা টাইম টেবিল দেখছি তাতে যথেষ্ট সময় আছে। এটা নয় যে সময়ের অভাব আছে, তাহলে আপনি বলতে পারতেন যে আমরা তাড়াহুড়ার মধ্যে আছি। তা তো নেই। সুতরাং যথেষ্ট সময় আছে। আমি কোন যুক্তি

পাচ্ছি না কেন আপনি বলেছেন যে এটা আলোচনার বিষয় বস্তু নয়। এখন আপনি যা বললেন, গণেশবাবু যেটা বলেছেন সেটা যদি বুঝে থাকেন তাহলে এটা কোন যুক্তি হতে পারে না। আপনি তো কারণ দেখাননি আমাদের কাছে যে ডি, আই, আরে যদি কিছু হয়ে থাকে তাহলে আমি কি করব। কেন করবেন না? আপনি জানেন যে আপনার রুলিং নিয়ে এখানে কত আলোচনা হয়েছিল, আপনি তারপর জিনিসটা ক্ল্যারিফাই করেছিলেন যখন ট্রেটর, ইত্যাদি আমাদের ওঁরা বলেছিলেন। এখন দেশের কাছে একটু প্রমাণ হোক না যে কারা ট্রেটর, কারা মানুষকে খেতে দিচ্ছে না, কারা মানুষকে স্বিধা বিভক্ত করছে, কারা দেশকে দুর্বল করছে এবং কারা ব্ল্যাক-মার্কেটিয়ারদের শক্তিশালী করছে? এটা আলোচনার বিষয় বস্তু বইকি। এইজন্য ২৫ তারিখে আমরা স্ট্রাইক করতে চাচ্ছি। সেজন্য আমি মনে করি এটা নিয়ে আমাদের আর যেন চিৎকার করতে না হয়। আপনি একটা ব্যবস্থা করে দিন যাতে আমরা শান্ত মনে এটা করতে পারি। বিশেষ করে আমরা জানি সরকার আপত্তি করতে পারবেন না, সেই মরাল কারেজ ওঁদের নাই।

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার, স্যার, আপনি ডি, আই, আর, সম্বন্ধে কিছু করতে পারবেন না ঠিক কথা, কিন্তু আমরা বিক্ষুব্ধ হই, দুঃখিত হই যখন দেখি যে যাঁরা দেশের মানুষের স্বার্থের জন্য তাঁদেরকে আন্দোলনের পথে চলেছেন তাঁদের ডি, আই রুলে এ্যারেস্ট করা হয়, যখন আমরা দেখি যে বাংলাদেশের প্রবীণতম দেশকর্মী হেমন্ত বসুকে ডি, আই, রুলে এ্যারেস্ট করা হয় যাঁর সততা নিষ্ঠা ত্যাগ সম্বন্ধে বাংলাদেশের আবাল বৃদ্ধ-বনিতার কোন রকম দ্বিমত নেই, তাঁকে যখন ডি, আই, রুলে এ্যারেস্ট করা হয় তখন আমরা স্বাভাবিকভাবে বিচলিত হয়ে পড়ি। আরো আমরা বিচলিত হই যখন দেখি ওপক্ষে এমন অনেক সদস্য আছে যদি একটা কমিশান বসান সেই কমিশনের কাছে প্রমাণ করে দিতে পারব, যারা পাকিস্তানের সাথে নিজেদের যুক্ত রেখে আমাদের দেশের সর্বনাশ করছে। আমরা প্রমাণ করে দিতে পারব ওপক্ষের এমন অনেক সদস্য আছেন যাঁর কালোবাজারী চোরাকারবারীদের সাথে যুক্ত হয়ে দেশের লক্ষ লক্ষ মানুষকে দুর্ভিক্ষের মুখে ঠেলে দিচ্ছেন। কাজেই আমরা মনে করি এ সম্বন্ধে আলোচনা করবার প্রয়োজন আছে।

[তুমুল হট্টগোল।]

আমরা মনে করি এ সম্বন্ধে আলোচনা করে আমাদের সুযোগ দিতে হবে। আমরা জানতে চাই সরকার পক্ষের কি যুক্তি থাকতে পারে হেমন্ত বসুর মত নেতাদের ডি, আই, রুলে এ্যারেস্ট করবার? আমরা জানতে চাই আজকে যারা দেশকে ভালবাসে দেশের লোককে খাওয়াতে পরাতে চায় তাদের ডি, আই রুলে এ্যারেস্ট করবার সরকার পক্ষের কি যুক্তি থাকতে পারে? দেশে অশান্তি বিশৃঙ্খলা নেই, ২৫ তারিখে হরতালের সময় আমরা যদি কোন বিশৃঙ্খলা সৃষ্টি করতাম আমরা যদি কোন রকম ডিসিপ্লিন ব্রেক করতাম তাহলে এ্যারেস্ট করলে যুক্তি বুঝতাম। আজকে আমরা শুনতে চাই এ্যারেস্ট করার কি যুক্তি আছে? আমরা জানতে চাই ঐ চোরাচালানদের কি যুক্তি থাকতে পারে?

Mr. Speaker: I have given my decision. I have thought over the matter. I have heard you all. My appeal to you would be that we have taken sufficient time of the House on this subject and now we should take up the business on the agenda.

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনার কাছে আমরা আবেদন করছি যে আমরা যুক্তি তর্ক বহু আপনাকে দিলাম কিন্তু আপনি উঠে একই কথা বলে যাচ্ছেন যে

I have given thought to it.

Mr. Speaker:

আপনারাও বলে যাচ্ছেন।

Shri Jyoti Basu:

আমরা আপনাকে যুক্তি দিচ্ছি বোঝাবার চেষ্টা করছি এবং সেজন্য আপনাকে শুধু এইটুকু বলছিলাম আপনার ঘরে গিয়ে একটু আলোচনা করার জন্য এবং সেটা আপনি না করছেন কেন তা বুঝতে পারছি না। কি অসুবিধা হবে যদি ১০।১২ মিনিট আমাদের কথাটা শুনেন? এটা কেন করছেন না আমরা বুঝতে পারছি না। এটা তো বহুবার হয়েছে। আপনি নিজেও তো আমাদের ডেকে পাঠিয়েছেন, আলোচনা করেছেন, এবং হাউস মুলতুবী রেখেছেন এবং সেদিন তো হয়ে গেল যখন ওরা আমাকে বলতে দিল না। ওরা যখন টেবিল চাপড়াল তখন আপনিই তো হাউস এ্যাডজোর্ন করে দিয়ে চলে গেলেন। সেজন্য আমরা আপনাকে বলতে চাই অন্য কোন বিজনেস নেক্সট এ আমরা চাই না। আমরা চাই যে মুলতুবী প্রস্তাবের উপর আলোচনা হোক। তাদের কি টেবিল চাপড়ে বন্ধ করতে হবে হাউস?

Mr. Speaker:

করুন আপনারা বন্ধ, আমি তা করব না।

I think we should now go on with the day's proceedings.

[4—4-25 p.m.]

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আজকে আমরা আলোচনা করে যেতে চাই, ৫ ঘন্টা ২ টায় এসেছিলাম আমরা কেউ জানিনা আপনাদের ডি, আই, রুলস এবং পি, ডি এক্ট যাইহোক ৬ টা। সেই জন্য আমরা এসেছি কোন রকমে, আমরা আলোচনা করে যেতে চাই। প্রমোশন নিয়ে ওদের কাছে ইমপরট্যান্ট না। এটা পরে নেবেন, এমপাট হাউস নেবেন। আপনি কি আমাদের প্রোটেকসান দিতে পারেন,

you cannot protect us, you have no power to protect us.

Mr. Speaker: Hon'ble members, I have received.. ...

Shri Gopal Banerjee:

স্যার, এই যে আডজোর্নমেন্ট মোশান এগুলি কি সরকার মনিটর এর পার্লিয়ামেন্টারী বলে মনে করেন না?

Mr. Speaker: I have given my decision.

Shri Gopal Banerjee:

আপনি বলেছেন যে আপনি থপ্ দিয়েছেন কনসেন্ট দেন নি। আপনি কি এইকে আলোচনা যোগ্য ব্যাপার বলে মনে করেন না?

Mr. Speaker: I have given my decision.

Shri Gopal Banerjee:

আপনি এটা বুঝিয়ে দিন না। আপনি মনে করছেন এটা জরুরী নয়, আমরা মনে করি জরুরী।

Mr. Speaker: I have given enough time to this matter.

Shri Jyoti Basu:

এনাফ টাইম দিলে কি হবে, আলোচনা চলতে পারে না।

Mr. Speaker: I have said that I have rejected the motion.

Shri Kamal Kanti Guha:

স্যার, আমরা অন্যদিন কোশ্চেন আওয়ার, নন অফিসিয়াল ছেড়ে দেব গ্রামদান বিল আলোচনা হবে কিন্তু আপনি আমাদের এটা আলোচনা করার সুযোগ দিন।

Mr. Speaker: I am adjourning the House for twenty minutes.

[At this stage the House was accordingly adjourned for 20 minutes.]

[After adjournment]

[4-25—4-31 p.m.]

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, কিছুই যখন হ'ল না, তখন গ্রামদান বিলটা আর এখন হতে পারে না। আমরাও আপনার ঘরে গিয়ে এটা আপনাকে বোঝাতে চেষ্টা করলাম কিন্তু তা আপনাকে আমরা বোঝাতে পারলাম না, দুঃখের আমাদের। কিন্তু আজকে এই রকম আবহাওয়ার মধ্যে এবং আমাদের মানসিক অবস্থা এই রকম, এবং সরকারের এই স্বৈরাচারী অত্যাচার, এই সবের মধ্যে এখন আমাদের গ্রামদান বিল আলোচনা করবার মত অবস্থা নেই। কাজেই আমার মনে হয় এই গ্রামদান বিলটা আজকের কার্যসূচীর মধ্যে আর নেবেন না। যখন আগেরটা হল না, তখন ছেড়ে দিন, ও নিয়ে আমরা আর তর্ক করতে চাই না। যখন আপনি রিভাইজ করবেন না আপনার যা রুলিং, ঠিক আছে।

আমি আবার আপনাকে বলছি যে আমরা যারা বাইরে যাবো আজকে, তার মধ্যে আমরা কয়জন কাল ফিরে আসতে পারিনা। সেখানে আপনি এটা আশা করতে পারেন না, যে আমরা মন স্থির করে গ্রামদান বিল আলোচনা করবো, যে বিলের কার্যসূচী এখানে আছে। সেই জন্য আমি আবার আপনাকে অনুরোধ করবো, আপনি যখন ইটা পরবর্তন করলেন না, তখন এটাকে স্থগিত রেখে দিন, আমরা দেখবো পরে কি হয়।

এখন আমাদের কথা হচ্ছে আজকে আর অন্য কোন বিল বা বিজনেস নেবেন না। এরকম একটা পরিস্থিতির মধ্যে এগুলো আমাদের মনের দিকে আপনি দেখুন।

Mr. Speaker: Shri Basu, let me take up all the miscellaneous matters. So far as the Gramdan (Amendment) Bill is concerned, I will consider your suggestion.

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার স্যার, আমাকে যে অবজেকশনটি করতে দিচ্ছেন না, এর পরে আর অন্য কিছু আলোচনা করে ফল নেই।

Mr. Speaker: Mr. Guha, Mr. Basu has represented your case fully.

I have received two calling attention notices, one from Shri Kashi Kanta Maitra regarding taking prisoners in jail in West Bengal and the other from Shri Ganesh Ghosh regarding the recent lathi charge by police on Corporation employees.

I have selected the notice of Shri Ganesh Ghosh regarding the recent lathi charge by the police on the Corporation employees. The Hon'ble Minister-in-charge will please make a statement to-day or give a date on which the statement will be made.

The Hon'ble Sana Kumar Mukherjee: The statement will be made tomorrow.

Arrest of Members

Mr. Speaker: I have to report that intimation has been received by me regarding arrest and detention of the following members of this House:—

(1) Shri Gour Chandra Kundu, arrested on the 21st September, 1962.
(2) Shri Monoranjan Roy,
(3) Shri Kashi Kanta Maitra,
(4) Shri Amarendra Nath Basu,
(5) Shri Girija Bhusan Mukherjee,
(6) Shri Niranjan Sen Gupta,
(7) Shri Tarun Kumar Sen Gupta,
(8) Shri Rabindra Nath Mukhopadhyay,
(9) Shri Anadi Das,
(10) Shri Nikhil Das,
(11) Shri Hemanta Kumar Basu.

All of them have been arrested under rule 30 of the Defence of India Rules and have been lodged in the Dum Dum Central Jail.

Message

Secretary (Shri P. Roy): Sir, message has been received from the West Bengal Legislative Council to the effect that the Council at its meeting held on the 21st September, 1964, agreed to the West Bengal Official Language (Amendment) Bill, 1964, without any amendment.

Sir, I beg to lay the message on the table.

Shri Sanat Kumar Raha: Sir, I want to draw your attention to a very important matter.

Mr. Speaker: After all, drawing attention to an important matter can be permitted. You may do so.

Shri Kamal Kanti Guha: We do not want to discuss any matter now.

Mr. Speaker: The House stands adjourned till 2-30 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 4-31 p.m. till 2-30 p.m. on Thursday, the 24th September, 1964, at the "Legislative Building", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly house, Calcutta, on Thursday, the 24th September, 1964, at 2-30 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 7 Ministers, 4 Ministers of State and 128 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[2-30—2-40 p.m.]

Non-trained nurses

*418. (Admitted question No. *1625.)

শ্রীগোপাল ব্যানার্জি: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিক্ষণ প্রাপ্ত নহে এইরূপ পুরুষ নার্সের সংখ্যা এবং এইরূপ মহিলা নার্সের সংখ্যা পশ্চিমবঙ্গে কত; এবং

(খ) এই সকল নার্সদের বর্তমান বেতন-হার কিরূপ

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) শিক্ষণ প্রাপ্ত নহে এইরূপ পুরুষ নার্সের সংখ্যা ৩১৭, এইরূপ মহিলা নার্সের সংখ্যা ৯০৪।

(খ) বেতন হার টাকা ৬৫-১-৬৫, ইহা ছাড়া তাহারা নিম্নলিখিত ভাতা ও সুবিধাগুলি ভোগ করেন: -

বিনা ভাড়ায় বাসগৃহ অথবা বাড়ি ভাড়া ভাতা (হাউস রেন্ট অ্যালাওয়েন্স)
বিনামূল্যে খাদ্য বিকল্পে মহার্ঘ ভাতা (ডিয়ারনেস অ্যালাওয়েন্স)
ও নগদ ভাতা (ক্যাশ অ্যালাওয়েন্স)
স্বাচ্ছন্দ্য ভাতা (কনভিনিয়েন্স অ্যালাওয়েন্স)
পোষাক ভাতা (টেইলরিং অ্যালাওয়েন্স) এবং
ধোবি ভাতা (ওয়াসিং অ্যালাওয়েন্স)।

শ্রীগোপাল ব্যানার্জী: এই বেতনের হার কোন্ সালে নির্ধারণ করা হয়েছিল জানাবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: যখন পে কমিটি হয়েছিল তখন এঁদের সম্পর্কে কোন-রকম পরিবর্তন করে নি। তারপর স্বাস্থ্য দপ্তর এটা টেক আপ করে ফাইনান্স ডিপার্টমেন্টের সঙ্গে কথাবার্তা বলে মাত্র ৫ টাকা ১৯৬২ সালে বৃদ্ধি করেছে।

শ্রীগোপাল ব্যানার্জি: পে কমিটি এই হেলথ ডিপার্টমেন্ট সম্পর্কে যে বিবেচনা করে নি তার কারণ কি? এঁদের সম্পর্কে তখন কি বলা হয় নি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: বলা হয়েছিল, কিন্তু এঁরা আনট্রেন্ড বলে বেতন বৃদ্ধি না করে অন্য দিকে অ্যাবজর্ভ করা যায় কিনা সে সম্পর্কে অ্যাডভাইস করেছিলেন।

শ্রীগোপাল ব্যানার্জী: তাঁরা যখন অ্যাডভাইস করলেন তখন আপনারা সে বিষয় কি ব্যবস্থা করলেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: আমাদের হসপিটালএ যত নার্স থাকা দরকার সেই অনুপাতে নেই বলে এঁদের ইউটিলাইজ করতে হচ্ছে। যখন আমরা সমস্ত কোটা ফিলআপ করতে পারব বাই স্পেশালি ট্রেন্ড নার্সেস, তখন যতদূর সম্ভব এঁদের হেলথ ডিপার্টমেন্ট-এর অন্য কাজে অ্যাবজর্ব করে নেব।

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister just stated that there is insufficiency of nurses in the hospitals. But I want the Hon'ble Minister to state whether there are qualified nurses in Calcutta and its surroundings who are working as private nurses?

The Hon'ble Purabi Mukhopadhyay: Yes.

Shri A. H. Besterwitch: Why should not these private nurses be appointed by the Government?

The Hon'ble Purabi Mukhopadhyay: I cannot force them.

Shri A. H. Besterwitch: There is an association of these nurses. Why should not the Government go to this association to get them enlisted as Government nurses?

The Hon'ble Purabi Mukhopadhyay: Applications are invited through papers. We advertise in all the leading papers. It is up to the nurses to apply and join our department. How can we force them to do it

ডঃ কানাইলাল ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় কিছুক্ষণ আগে জানালেন তাদের ভাতা দেওয়া হয়। আমরা শুনেছি সেটা নিয়ে তাদের সবশুদ্ধ পেতে কষ্ট হয়।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এ'রা লাভিং-এর জন্য পান টেন পারসেন্ট পে'র লাস্থ অফ দেয়ার বেসিক স্যালারি। তবে সেটা কোনরকমে ১০ টাকার কম যাতে না হয় সেটা তাকিয়ে দেখেন। তারপর যারা বোর্ডিং বা হোস্টেলে থাকেন তাঁদের ২ টাকা হিসেবে পার ডে ফুড এর জন্য খরচ করা হয়। যাঁদের বোর্ডিং-এ রাখার ব্যবস্থা নেই তাঁদের মহার্ঘ ভাতা দেওয়া হয়। এটা যে গ্রেড এর [illegible] ৮৫ থেকে ৬৫ টাকা [illegible] সেটা ১০ টাকার সঙ্গে সামঞ্জস্য করে ডিসাইড করা হয়েছে এবং এতে ৬০ টাকা করে পাবেন। তাছাড়া বাস এলাউন্স পাবেন। ইউনিফর্ম [illegible] ওয়াশিং অ্যালাউন্স ৫ টাকা হারে পান।

শ্রীমতী নিভা মিত্র: যে সব নার্সদের ইনটেনসিভ নার্সিং, হসপিটাল নার্সিং এসব স্পেশাল ট্রেনিং হয়ে গেছে তাদের সামান্য একটা পরীক্ষা করে সার্ভিস রেগুলেশনটা বদলে দিতে পারেন কিনা এ সম্বন্ধে আপনি চিন্তা করছেন কিনা?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল এদের পরীক্ষা নেন এবং সার্টিফিকেট দেন, নার্সিং কাউন্সিল এই আনট্রেইন্ড নার্সদের হাতেকলমে যত শিক্ষাই থাকুক না কেন তারা তাদের সার্টিফিকেট দিতে সাধারণত রাজী হন না, কয়েক জনের বয়স কম থাকাতে আমরা তাদের নার্সিং এর ব্যবস্থা করতে পেরেছিলাম, তারা সমস্ত ডাইরেক্ট রেগুলার ট্রেনিং হয়, সেই ট্রেনিং চলার পর ইনক্লুডেড হয়ে গেছে। এদের মধ্যেই [illegible] আজকে নূতন করে আবার পুরো কোর্সের মধ্য দিয়ে নার্সিং কাউন্সিলের মান অনুযায়ী মানে পৌঁছতে সময় লাগবে। নার্সিং কাউন্সিল করলে [illegible] সেটা সমস্ত [illegible] এদের এক্সিস্টেন্সভুক্ত।

ডঃ আবু আসাদ মহম্মদ অবেইদুল গণি: এদের দীর্ঘকালের এক্সপিরিয়েন্স বিবেচনা করে এদের জন্য কোন কনডেনসড কোর্স চিন্তা করছেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: এই ট্রেনিং-এর যে সিলেবাস তা নার্সিং কাউন্সিল থেকেই করে দেন।

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister said that applications have been called from the nurses and they have not applied, or only a few applied, or something like that. I want to konw, is this because the difference between the scale of pay of the Government nurses and what the private nurses are getting is such that none of these private nurses are prepared to apply for Government jobs?

The Hon'ble Purabi Mukhopadhyay: That may be your observation.

Shri A. H. Besterwitch: It might be my observation, but I know it for a fact that private nurses, during the day time, are given Rs. 18 per day and for night attendance Rs. 21 per night, whereas Government pays something like Rs. 240 or so, per month.

The Hon'ble Purabi Mukhopadhyay: How can I compensate for the wage if a nurse who attends a private hospital gets, according to your observation, Rs. 18 for one attendance. To compensate them by increasing their salary will be something which Government cannot accept.

Dr. Narayan Chandra Roy: Is it a fact that nurses are not recognised by the Council because recognition involves training in both nursing and midwifery, and these two conditions can be provided only by the Health Department; and only then the Council can recognise them.

Hospital, etc., but we cannot employ them in Calcutta hospitals because we are utilising them specially in the T. B. hospitals and remote corners where there are no nurses. To combine nursing with midwifery means we have to post them in the general hospitals like Calcutta Medical College, N. R. S. Hospital, etc., but we cannot employ them in Calcutta hospitals because they are untrained nurses.

Supply Filtered Water in the South Suburban Municipality

*419. (Admitted question No. *1641.)

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ শহরতলী পৌরসভার (বেহালা) জন্য বিশুদ্ধ পানীয় জল সরবরাহের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, উহা কি?

The Hon'ble Purabi Mnkhopadhyay:

(ক) হ্যাঁ, আছে।

(খ) দক্ষিণ শহরতলী পৌরসভা জল সরবরাহ পরিকল্পনাটি দুই পর্বে বিভক্ত। প্রথম পর্বের [illegible] ১৭ লক্ষ [illegible] ২য় পর্বের ৯ লক্ষ ৫৮ হাজার টাকা। প্রথম পর্বটি [illegible] পরিকল্পনাকালে [illegible] হইয়াছিল। উহার কার্য সমাপ্তপ্রায়। ২য় পর্বটি মঞ্জুর করার বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

[2-40 2-50 p.m.]

Dr. Kanai Lal Bhattacharya:

[illegible] মিউনিসিপ্যালিটিতে এখন উপস্থিত কত জল সরবরাহ করা হচ্ছে পার হেড ইন গ্যালন?

The Hon'ble Purabi Mnkhopadhyay:

আমরা যে স্কীমটা করেছি এন্ডারার স্কীম হয়ে গেলে পর ১ লক্ষ ৭৫ হাজার লোককে ক্যাটার করা [illegible] গ্যালন করে। এখন সমস্ত স্কীমটা [illegible] হয় নি [illegible] নতুন ৬ ইঞ্চি ডাইমিটারের [illegible] থেকে ওভারহেড ট্যাঙ্ক বসিয়ে বর্তমানে যে পপুলেশান ওখানে রয়েছে [illegible] গ্যালন [illegible] দিতে পারছি। দ্বিতীয় পর্ব আমরা ধরি নি। সে দিকে জনসংখ্যা খুব কম আছে। কিন্তু আমরা ধরে নিচ্ছি যে কলকাতার কাছাকাছি শহরতলির জনসংখ্যা আগামী ৮ বছরের মধ্যে কোথাও বাকি থাকবে না। এজন্য ১৯৭৮ সালে যে পপুলেশান হতে পারে সেই পপুলেশানকে ভিত্তি ধরে নিয়ে দুটো ফেজে এই স্কীমটা চালু করা হচ্ছে। ফার্স্ট ফেজে মিউনিসিপ্যালিটির অন্তর্গত [illegible] জলসংকুলান হচ্ছে।

Balurghat General Hospital

*420. (Admitted question No. *1645.)

শ্রীনাথানিয়েল মুরমু: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বালুরঘাট জেনারেল হসপিটালে মোট কয়টি বেড আছে;

(খ) গত জুলাই এবং অগাস্ট মাসে দৈনিক গড়ে কতজন রোগী ঐ হাসপাতালের অন্তর্বিভাগে ভর্তি ছিল ; এবং

(গ) ঐ দুই মাসে দৈনিক গড়ে কতজন রোগীর জন্য হাসপাতাল হইতে ডায়েট সরবরাহ করা হইয়াছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) ১৩৬টি।

(খ) জুলাই - ১৭৫ জন, অগাস্ট ১৮৫ জন।

(গ) জুলাই ১৬৮ জনের, অগাস্ট -১৭৭ জনের।

Shri Nathaniel Murmu:

এই যে রোগীদের আপনি বললেন ডায়েট দেওয়া হচ্ছে মাঝখানে কিছু সংখ্যক বাদ পড়েছে। তারা ডায়েট পাচ্ছে কোথা থেকে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমাদের এখন সমস্ত হাসপাতালে নিয়ম হচ্ছে প্রথম দিন তারা যখন ভর্তি হয় তখন শুধু মিল্ক এই তাদের মিলের ভেতর থাকে। কারণ সকাল বেলায় যখন কনট্রাক্টর আসে তখন সেদিনকার যে ফিগার সেই অনুযায়ী কনট্রাক্ট দেওয়া হয়, জিনিস আনতে বলা হয়। কিন্তু সারাদিনে তারপরে যদি কেউ ভর্তি হয় তাহলে সেদিন তাকে দুধ পাউরুটি দেওয়া হয়। আপনাকে যে ফিগারটা দেওয়া হচ্ছে এটা পুরো এক মাসের। অতএব সেই মাসে যখন সকাল বেলায় লোক চলে গেছে ডায়েটের কনট্রাক্ট নিয়ে কিংবা সন্ধ্যাবেলায় একবার ডায়েটের জন্য লোক আসে, তারপরে যদি লোক ভর্তি হয় তাহলে সেই লোককে ফুল মিল ডায়েট দুধ পাউরুটি দেওয়া হয়।

Shri Nathaniel Murmu:

বালুরঘাট জেনারেল হাসপাতালে এই অবস্থা দীর্ঘদিন চলছে এবং সেখানকার কর্তৃপক্ষ সরকারকে জানিয়েছেন যাতে সেখানে সিট বাড়ান যায়। তাহলে এই অসুবিধা আর হয় না। মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এ সম্পর্কে তাঁরা কোন কিছু বিবেচনা করছেন কিনা? কারণ, সেখানে স্পেস আছে সিট বাড়ান যায়। সিট না থাকার ফলে বহু রোগীকে বিছানা ছাড়া মাটিতে শুয়ে থাকতে হয়। সে সম্পর্কে তাঁরা কোন বিবেচনা করছেন কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এখন ১৩৬টা বেড আছে ওখানে। আমাদের সাধারণত ডিস্ট্রিক্ট হাসপাতালে ১৩৬টা বেড রাখার দরকার হয় না। তবে যেমন চাহিদা হয় সেরকম আমাদের সিট বাড়িয়ে দিতে হয়। যদি জায়গা থাকে আর আমাদের অর্থ-সংকুলান থাকে তাহলে সমস্ত জায়গাতে বেড বাড়াব। কিন্তু প্রশ্ন হচ্ছে অর্থ-সংকুলান নাই।

Balurghat General Hospital

***423.** (Admitted question No. *1646.)

শ্রীনাথানিয়েল মুরমু: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বালুরঘাট জেনারেল হসপিটালের চেস্ট ক্লিনিক এবং ফ্যামিলি প্ল্যানিং বিভাগ দুইটিতে গত ১৯৬১ সাল হইতে কোন ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার নাই ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং মেডিক্যাল অফিসার নিয়োগের কোন ব্যবস্থা হইয়াছে কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) হ্যাঁ, ইহা সত্য যে বালুরঘাট হাসপাতালে গত ২-১২-৬১ তারিখ হইতে চেস্ট ক্লিনিক--এর এবং ৮-৭-৬৩ তারিখ হইতে ফ্যামিলি প্ল্যানিং সেন্টার-এর জন্য পৃথক ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার নাই। তবে ঐ হাসপাতালের অন্যান্য মেডিক্যাল অফিসারগণ উক্ত ক্লিনিক এবং সেন্টার-এর কাজ চালাইয়া যাইতেছেন।

(খ) পৃথক ডাক্তার নিয়োগ করা সত্ত্বেও তাহারা এ যাবত কাজে যোগদান করে নাই। পাবলিক সার্ভিস কমিশনকে পুনরায় ৩৯০ জন ডাক্তারকে মনোনীত করিবার জন্য অনুরোধ করা হইয়াছে এবং উক্ত কমিশনের মনোনয়ন পাইলেই বিভাগ দুইটিতে ডাক্তার পাঠান হইবে। ইতিমধ্যে তথায় অন্য কোথাও হইতে ডাক্তার পাঠান যায় কিনা বিবেচনা করা হইতেছে।

Shri Nathaniel Murmu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যাঁদের ফ্যামিলী প্ল্যানিং এবং চেস্ট ক্লিনিকে নিয়োগ করা হয়, নিয়োগপত্র পাবার পরে প্রায় দেখা যায় যে যাদের নিয়োগ করা হয় কংগ্রেস দলের অনেক নেতারা চেম্বারা গিয়ে তদ্বির করেন যাতে তাঁদের বালুরঘাট হসপিটালে না দিয়ে অন্য জায়গায় দেয়া হয় এবং সেখানে তাঁদের অন্য জায়গায় ট্রান্সফার করা হয় ডাক্তারেরা যে যায় না এটাই কি তার মুখ্য কারণ নয়?

The Hon'ble Purabi Mukhopadhyay:

মুখ্য তো নয়ই, গৌণ কারণও নয়। আমাদের পশ্চিমবাংলায় ৩৯০ জন ডাক্তারের যে প্রয়োজন সেই ৩৯০টা ভেকান্সি এখনও রয়েছে। যখন আমরা কোন গ্রামাঞ্চলে বা জেলা-শহরেতে বা সাবডিভিসনাল টাউনে পোস্টিং-এর অর্ডার দিই তখন দেখা যায় যে তাঁরা সেখানে যেতে চান না। তাঁর সকলেই পাবলিক সার্ভিস কমিশন মারফত আমাদের কাছে আসেন পাবলিক সার্ভিস কমিশন যখন আমাদের কাছে কেস রেকমেন্ড করে পাঠান এবং আমরা যখন কোন য়্যাপয়েন্টমেন্ট, য়্যাপয়েন্টমেন্ট লেটারে যেই যাকে অমুক জেলায় বা অমুক গ্রামে পাঠাই তখন তারা য়্যাপয়েন্টমেন্ট রিফিউজ করে দিয়ে চলে যান। এই হিসাবে আমাদের ৩৯০টী পোস্ট এখনও খালি পড়ে আছে। এখন বালুরঘাটে বা অন্য কোন জেলায় বা গ্রামাঞ্চলে প্রায় সর্বত্রই এটা একটা বিরাট সমস্যা স্বাস্থ্য দপ্তরের সামনে এসে দাঁড়িয়েছে, আর তদ্বিরের কথা যদি বলেন তাহলে কংগ্রেসপক্ষেরও তদ্বিরে যেমন স্বাস্থ্যদপ্তর চলতে না তেমনি আপনাদের তদ্বিরেও স্বাস্থ্যদপ্তর চলবে না, কারণ সেখানে লোকের প্রাণের প্রশ্ন বিরোধীদলের বা কংগ্রেসদলের প্রশ্ন নয়।

Shri Nathaniel Murmu:

স্যার, ফ্যামিলি প্ল্যানিং-এর প্রয়োজনীয়তার কথা তারা প্রচুর বলেন এবং বালুরঘাট জেনারেল হসপিটালে সেখানে উপদেশ দেয়ার জন্য মেডিকাল অফিসার পান না এরকম বহু নজির আছে বা সেই সমস্ত চিকিৎসা সংক্রান্ত ব্যাপারে বা যা প্রয়োজন সেখানে তাঁরা তা পাচ্ছেন না। আমরা মালথুসিয়ান থিওরীর কথা শুনি যে লোকসংখ্যা বাড়ছে অথচ ফ্যামিলি প্ল্যানিং ব্যাপারে নিয়োগ করেও লোক যান না। তিনি কি উত্তর দেবেন যে ফ্যামিলি প্ল্যানিং-এর জন্য বালুরঘাটে কাজ করতে হবে এ রকম নির্দেশ য়্যাপয়েন্টমেন্ট দিয়ে কোন লোককে সেখানে পাঠানো সম্ভব কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমরা এভাবে বলতে পারি না, তবে এই ৩৯০টা পোস্টের জন্য আমরা আবার পাবলিক সার্ভিস কমিশনের কাছে লিখেছি তাতেও হয়ত দেখা যাবে যে গ্রামে বা কোলকাতার বাইরে সেই পোস্ট করবো তাঁরা যেতে পারবেন না। তাঁর জন্য বিকল্প প্রস্তাব হিসাবে আমরা দিয়েছি যে স্থানীয় সাকসেসফুল প্র্যাকটিসনার যদি থাকেন সাকসেসফুল বলছি এই কারণে যে তাঁরা হাসপাতালে হাত পাকাতে আসবেন না, যাঁদের হাত আগেই পাকা হয়ে আছে প্রাইভেট প্র্যাকটিস করে, যাঁরা হাত পাকাবার জন্য এটাকে ট্রেনিং সেন্টার হিসাবে বা হার করবেন না এই রকম ডাক্তার যদি পাওয়া যায় তো আমরা তাঁদের য়্যাপয়েন্টমেন্ট দেব পার্টটাইম বেসিসে।

Shrimati Santi Das:

স্বাস্থ্য মন্ত্রিমহাশয় নিশ্চয়ই স্বীকার করবেন যে ফ্যামিলি প্ল্যানিং-এর সমস্ত কিছু এক্সপেরিমেন্ট মৎস্য জগতে করছেন, মনুষ্য জগতে না করে?

No reply.

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

মাননীয়া মন্ত্রিমহাশয়া একটা রিমার্ক করেছেন যে এটা একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে—এর সমাধানের কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আপনার পরবর্তী প্রশ্ন এ সম্পর্কে আছে।

Use of cocoanut oil as edible oil

***425.** (Admitted question No. *1685.)

শ্রীসনৎকুমার রাহা: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরিষার তৈলের পরিবর্তে এডিব্‌ল্ অয়েল হিসাবে নারিকেল তৈলের ব্যবহার সম্পর্কে কোন চিকিৎসক বা বিশেষজ্ঞের কোন মতামত লওয়া হইয়াছে কিনা; এবং

(খ) মতামত লওয়া হইয়া থাকিলে, তাহা কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Alleged attempt of suicide by a patient in Balurghat General Hospital

***427.** (Admitted question No. *1617.)

শ্রীনাথানিয়েল মুর্মু: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) [illegible] যে,

(১) বালুরঘাট জেনারেল হসপিটালের টি বি ফিমেল ওয়ার্ডের ২নং বেডের রোগীণী [illegible] তারিখে আত্মহত্যা [illegible]

(২) সেই সময় তাহাকে দেখাশোনা করিবার কোন লোক ছিল না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে মাননীয়া মন্ত্রিমহাশয়া জানাইবেন কি যে, এই সম্পর্কে সংশ্লিষ্ট কর্মচারীদের প্রতি কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

[2-50 3 p.m.]

The Hon'ble Purabi Mnkhopadhyay:

(ক) (১) ইহা ঠিক নহে যে রোগযন্ত্রণা সহ্য করিতে না পারিয়া রোগিণী আত্মহত্যা করিতে চেষ্টা করিয়াছিল। হাসপাতালে চিকিৎসায় রোগিণীর স্বাস্থ্যের উন্নতি হইয়াছিল এবং রোগিণীকে [illegible] করিবার অনুমতি দেওয়া হইয়াছিল। প্রাথমিক বিবরণীতে জানা গিয়াছে যে [illegible] রোগিণী দোতলা হইতে ঝাঁপ দিয়াছিল।

(২) কর্তব্যরত নার্স পাশের ঘরে এবং একজন ওয়ার্ডবয় বারান্দায় উপস্থিত ছিলেন।

(খ) বিষয়টি পশ্চিম দিনাজপুরের সি এম ও এইচ এর তদন্তাধীনে আছে এবং তাঁহার রিপোর্ট পাইলেই এ বিষয় যথোচিত ব্যবস্থা অবলম্বন করা হইবে।

Shri Nathaniel Murmu:

বালুরঘাট জেনারেল হসপিটালের টি বি ওয়ার্ডে ওখানকার টি বি পেসেন্টদের প্রয়োজন মত ডায়েট দেওয়া হয় না এবং [illegible] নার্স পায় না, এজন্য সেখানে প্রায়ই গোলযোগ সৃষ্টি হয়। সেখানকার নির্যাতিত কর্মী ষষ্ঠী মুখার্জী, তিনি এ সম্পর্কে একটা বিবৃতি দিয়েছিলেন এবং তিনিও সেখান থেকে পালিয়ে যেতে চেষ্টা করেন।

আমি মাননীয়া মন্ত্রিমহোদয়াকে জিজ্ঞাসা করবো এই যে বেলা কর, যিনি আত্মহত্যার জন্য ঝাঁপ দিয়েছিলেন, সেটা কি তাঁদের অবহেলার মুখ্য কারণ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এই সমস্ত বিষয়টি সি এম ও এইচকে তদন্ত করতে বলা হয়েছে। হাসপাতালের প্রাথমিক রিপোর্ট যা আসে, তাতে দেখতে পাচ্ছি শ্রীমতী বেলা কর, একটি হিন্দু বিধবা, ৪০ বৎসর তার বয়স, সে টি বি ফিমেল ওয়ার্ড-এ ভর্তি হয়েছিল ১৯৬৩ সালের অগাস্ট মাসে। সেখানে তার ট্রিটমেন্ট হচ্ছিল এবং তার ট্রিটমেন্ট-এর পরে তিনি খানিকটা সুস্থ হয়েছিলেন। কিন্তু তারপরে তার কিছুটা মস্তিষ্ক বিকৃতি হয়, যা তাদের ট্রেডেন্সিস দেখা যায়, যা সাধারণতঃ টি বি পেসেন্টদের ক্ষেত্রে দেখা যায় দীর্ঘ রোগভোগের পরেতে। এটা ডেভেলাপ করছে কিনা সেটা টি বি স্পেশালিস্টরা বলতে পারেন। তাদের মানসিক কারণে হোক বা শারীরিক কারণে হোক, এটা ঘটতে দেখা যাচ্ছে। এর ক্ষেত্রেও এইরকম ঘটেছিল। টি বি পেসেন্টটি সেদিন ওখানে খাওয়াদাওয়ার পর ওখানে অন্যান্য নার্সরা যখন তার পাশাপাশি ওয়ার্ডে কাজ করছিল এবং বিছানায় অন্যান্য পেসেন্টদের সঙ্গে কথা-বার্তা বলছিল, সেইসময় তিনি জানালার পাশে দাঁড়িয়েছিলেন এবং সেখানে দাঁড়িয়ে থাকতে থাকতে হঠাৎ জানালার ভিতর থেকে তিনি লাফ দেন। এইসময় কাছাকাছি নার্সরা এবং অন্যান্য পেসেন্টরাও সেখানে ছিলেন। তাকে সেখান থেকে পূর্বে ট্রান্সফার করে নিয়ে যাবার কথা ছিল কাশিয়াং-এ এবং টি বি [illegible] কিন্তু সেই ও অন্য কাউন্টার [illegible] স্থগিত হয়েছে।

টি বি পেসেন্টদের নির্দিষ্ট ডায়েট আমরা ঠিক করে অনুমতি দিই। তাদের সেটা দেওয়া হচ্ছে না এইরকম কোন অভিযোগ আমার কাছে আসে নি। তবে সাধারণভাবে একটা অভিযোগ বালুরঘাট হাসপাতাল সম্পর্কে আমার কাছে এসেছিল যে হোমনকার কিছু ডাক্তার ইন্টার্ন এবং রেসিডেন্ট ডাক্তারদের দিয়ে ঠিকমত কাজ করাচ্ছেন না। সেটা তদন্ত করে দেখেছিলাম এবং যেসমস্ত ডাক্তারদের বিরুদ্ধে অভিযোগ ছিল যে তাঁরা ডাক্তারদের গুরুত্বপূর্ণ পরিবারের চাপ দিচ্ছেন ইন্টার্ন হাসপাতালে নার্সদের তাঁদের অন্যান্য জায়গায় ট্রান্সফার করে দিয়েছিলাম। কিন্তু টি বি ডেডের পেসেন্টরা যে নির্দিষ্ট ডায়েট পান না, এইরকম কোন অভিযোগ ছিল না।

Medernisation of trenching ground of South Suburban Municipality

***453.** (Admitted question No. *1642.)

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাউথ সাবারবন মিউনিসিপ্যালিটিতে বর্তমানে যে ট্রেঞ্চিং গ্রাউন্ড আছে, লোকসংখ্যা বৃদ্ধি হেতু সেই ট্রেঞ্চিং গ্রাউন্ডটিকে আধুনিকীকরণ অথবা অন্য কোথাও কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) সাউথ সাবারবন মিউনিসিপ্যালিটির নিকট হইতে এ সম্পর্কে কোন সাহায্যের আবেদন সরকার পাইয়াছেন কিনা; এবং

(গ) ঐ পরিকল্পনায় মিউনিসিপ্যালিটির জন্য বরাদ্দকৃত অর্থ হইতে উক্ত মিউনিসিপ্যালিটিকে উপরোক্ত বিষয়ে সাহায্য করার জন্য সরকার চিন্তা করিতেছেন কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) না, এরূপ কোন পরিকল্পনা [illegible] সেরূপ কোন সংবাদ সে বিষয়ে আলোচনা করা হইতেছে।

(খ) [illegible] ও অন্যান্য [illegible] এরূপ কোন আবেদন পাওয়া যায় নাই।

(গ) না।

(No supplementary)

Appointment of Health Officer under Berhampore Municipality

***454.** (Admitted question No. *1726.)

শ্রীননকুমার রাহা: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বঙ্গীয় মিউনিসিপ্যাল আইনের ৬৭নং ধারা অনুযায়ী বহরমপুর পৌরসভার অধীনে কোন হেলথ অফিসার নিযুক্ত হইয়াছে কিনা; এবং

(খ) নিযুক্ত না হইয়া থাকিলে, তাহার কারণ কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) না।

(খ) পুনঃ পুনঃ চেষ্টা সত্ত্বেও হেলথ অফিসার পদের জন্য উপযুক্ত যোগ্যতা সম্পন্ন কোন প্রার্থী পাওয়া যায় নাই।

Dr. Kanai Lal Bhattacharya:

ওখানে বর্তমানে কোন হেলথ অফিসার নেই?

The Hon'ble Purabi Mukhopadhyay:

না।

Retrenchment in certain jute mills

*455. (Admitted question No. *1757.)

শ্রীদুলালচন্দ্র মণ্ডল: শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শ্রীলক্ষ্মীনারায়ণ জুট মিলস, হেস্টিংস জুট মিলস, ইন্ডিয়া জুট মিলস, প্রেসিডেন্সী জুট মিলস এবং ন্যাশন্যাল জুট মিলসে মালিক কর্তৃক কয়েক হাজার শ্রমিককে কর্মচ্যুত করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Hon'ble Jagannath Kolay:

(ক) প্রতি বৎসরের ন্যায় এই বৎসরেও বর্তমান মরসুমে কয়েক প্রকার পাটজাত দ্রব্যাদির উৎপাদন বন্ধ রাখার জন্য লক্ষ্মীনারায়ণ ইন্ডিয়া ও প্রেসিডেন্সী জুট মিলে কিছু অস্থায়ী কর্মী কর্মচ্যুত হইয়াছেন। এইপ্রকার কর্মচ্যুতির সঠিক সংখ্যা সম্পর্কে উপস্থিত কোন তথ্য সরকারের নিকট নাই। কোন স্থায়ী কর্মীর চাকরী গিয়াছে বলিয়া কোন খবর পাওয়া যায় নাই। হেস্টিং জুট মিলে ছাঁটাই সম্পর্কে কোন খবর পাওয়া যায় নাই। ন্যাশনাল জুট মিলে যথারীতি কর্মী সংখ্যা বহাল আছে।

(খ) এইসব মিলে ওয়েজবোর্ডের সুপারিশ অপেক্ষা বেশী সংখ্যায় কর্মী নিয়োজিত হয় এবং বৎসরের এইসময়ে অস্থায়ী কর্মীর এই প্রকার কর্মচ্যুতি নূতন ব্যাপার নয়। বিরোধ তুলিলে শিল্প বিরোধবালী আইনের আওতায় যথোচিত ব্যবস্থা গৃহীত হয়।

Shri A. H. Besterwitch: You are aware that during the food debate the Chief Minister stated that lands meant for the cultivation of paddy had been converted into jute cultivation, and that there was less production of paddy as a result of extra production of jute. Now the Hon'ble Minister states that due to shortage of jute factories had to retrench certain number of workers. Is it not a fact that it is the intention of the factories to retrench workers every now and then?

The Hon'ble Jagannath Kolay: What is your question.

Shri A. H. Besterwitch: My question is, whether the factories intentionally retrench workers every now and then.

The Hon'ble Jagannath Kolay: No. The fact is that in West Bengal in the last few months during this season there was shortage of jute. Either for economic reasons particularly due to abnormal rise in prices of raw jute or due to apprehension of the reduced supply, the jute mills restricted the production. So, there was no other alternative but to retrench workers.

Shri A. H. Besterwitch: Is it not a fact that the Chief Minister made certain statement that there was more jute production and due to that there was less production of paddy. Now the Hon'ble Minister states that due to less production and less supply of jute they retrenched workers. Is it not a contradiction?

The Hon'ble Jagannath Kolay: More jute production than before—that you can say, but we are not self-sufficient as yet.

Shri Somnath Lahiri:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যে কিছু কিছু শ্রমিকদের ছাঁটাই করা হয়েছে, এই বদলী শ্রমিকদের, এ বিষয় সরকার কি করেছেন এই ছাঁটাই বন্ধ করার জন্য?

The Hon'ble Jagannath Kolay:

এটা জুট সর্টেজের জন্য হয়েছে। যে সময় সাপ্লাই বেশী হয় তখন বেশী লুম চলে, এক্সট্রা লুম চলে, সেই সময় অনেক বদলী ও বেশী লোক নেয় কিন্তু এই সময় যখন সর্ট সাপ্লাই হয় তখন কিছু কাজ তাদের বন্ধ করতে হয়। সেই জন্যই আমাদের ওয়েজ বোর্ড ঠিক করেছেন যে, মিনিমাম ওয়ার্কার কতজন থাকবে। কিন্তু তার উপরে গেলে ছাঁটাই করে দিতে পারবে। মিনিমাম একটা বেঁধে দেওয়া হয়েছে ওয়েজ বোর্ড থেকে যে এই মিনিমাম থাকতে হবেই।

Shri Somnath Lahiri:

তার মানে বদলী শ্রমিকদের তাঁরা যখন ইচ্ছা বেশী নেবেন যখন ইচ্ছা ছাঁটাই করবেন দাম বাড়লেই?

The Hon'ble Jagannath Kolay:

এটা বদলী ব্যাপার নয়। এটা এক্সট্রা শ্রমিক বলতে পারেন। বদলী হচ্ছে এক জিনিষ আর এক্সট্রা হচ্ছে আর এক জিনিষ; এর মধ্যে তফাত আছে।

Shri Aswini Roy:

আপনি বললেন এই বৎসরে পাটের দাম বাড়ানোর জন্য মালিকরা কিনছেন না। তাহলে গত বৎসরে এর দাম কত ছিল এবং এই বৎসর এর দাম কত আছে?

The Hon'ble Jagannath Kolay:

পাটের যখন দরটা বাড়ে তখন সর্ট সাপ্লাই-এর জন্য দরটা বাড়ে এবং আপনি বোধ হয় শোনেন নি মুখ্যমন্ত্রী ফুড ডিবেট-এর সময় একটা প্রশ্নের উত্তরে বলেছিলেন যে পাটের দর মণ প্রতি ৪২-৪৩ টাকা হয়ে গিয়েছিল, যেখানে আমাদের এখানে ধার্য আছে ৩০ টাকা মার্কিমাম প্রাইস। কাজেই সর্ট সাপ্লাই-এর জন্য পাটের দর বেড়ে গিয়েছিল। এখনও পাটের দর ৩৫-৩৬ টাকা করে যাচ্ছে, সেই জন্য পাটের আমদানী কম হবার জন্যে যে লুমটা চালু থাকে সেই লুমটা বন্ধ করার জন্যই কিছু লোক ছাঁটাই হয়।

শ্রীবিজয়কুমার ব্যানার্জী: এই অস্থায়ী কর্মচারী যারা ছাঁটাই হয়েছে তারা কতদিন কাজ করেছিল?

দি অনারেবল জগন্নাথ কোলে: আমার মনে হয় বছরে ৩/৪ মাস এমন হয়।

Qualified anaesthetists in Calcutta hospitals

*456. (Admitted question No. *1826.) **Shri GANESH GHOSH:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there are qualified anaesthetists in all the Government Hospitals in Calcutta;

(b) if so, the number of qualified anaesthetists in each Hospital in Calcutta;

(c) if there is any qualified anaesthetist in Lady Dufferin Hospital and

(d) if not, the reason therefor?

[3-2-10 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) There are qualified anaesthetists in all the Government hospitals in Calcutta except Lady Dufferin Victoria Hospital where services of anaesthetists are necessary.

(b) A statement showing the number of whole-time qualified anaesthetists in different Government hospitals in Calcutta is given below:—

1. Medical College Hospital, Calcutta-11.
2. Nilratan Sear Medical College Hospital, Calcutta-15.
3. Seth Sukhlal Karnani Hospital, Calcutta-6.
4. R. G. Kar Medical College Hospital, Calcutta-3.
5. M. R. Bangur Hospital, Calcutta-2.
6. Sambhu Nath Pandit Hospital, Calcutta-1.
7. Lady Dufferin Victoria Hospital, Calcutta-1. (on leave)

(c) and (d) The Lady Medical Officer who had been working as Anaesthetist at the Lady Dufferin Victoria Hospital, Calcutta is now on leave. Recently a newly Public Service Commission selected Lady Doctor has been posted to the Lady Dufferin Victoria Hospital, Calcutta, to work as anaesthetist and she is expected to join soon. In this hospital no male doctor can be posted.

ডঃ কানাইলাল ভট্টাচার্য: লেডি ডাফরিন হসপিটালে এই অ্যানাস্থেটিস্ট-এর পোস্ট কতদিন খালি ছিল জানাবেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: একজন আছেন তিনি লং লিভ এ গেছেন।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: তিনি লিভ এ যাবার পরে এই হসপিটালে যিনি নিউলি অ্যাপয়েন্টেড হয়েছেন তিনি কতদিন হয় জয়েন করেন নি এবং একটিই যখন পোস্ট এবং একজন লিভ-এ আছেন তখন কতদিন পর্যন্ত এই অ্যানাস্থেটিস্টএর পোস্ট খালি আছে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: সি ইজ অন লং লিভ একথা বলা হয়েছে। এখন যিনি সার্জন সুপারিন্টেন্ডেন্ট আছেন তিনি নিজে একজন আনাস্থেটিসিয়ান এবং ওখানে অপারেশন হয়। আমরা একজনকে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছি, আশা করি তিনি ২-৪ দিনের মধ্যে জয়েন করবেন।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গনি: ওখানে ডেলি কতটা কেস্ আসে?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: অন্ততঃপক্ষে ১০/১২টি সার্জিকাল অপারেশন-এর কেস থাকে এবং এগুলি মেজর ও টি এবং মাইনর ও টি মিশিয়ে। এখন যিনি সুপারিন্টেন্ডেন্ট আছেন তিনি কেপেবেল এবং মেজর অপারেশনের মধ্যে যেগুলি ওয়েট করতে পারে, কোল্ড কেস, সেগুলি আনাস্থেটিস্টকে সংগে না রেখে করা হয় না।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গনি: লেডি সুপারিন্টেন্ডেন্ট যিনি অ্যানাস্থেসিয়া দেন তিনি কি ট্রেন্ড অ্যানাস্থেটিস্ট?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়: সি ইজ এ ট্রেন্ড আনাস্থেটিস্ট টু সে দ্যাট সি নোজ দি জব।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গনিঃ একজন এক্সট্রা অ্যানাস্থেটিস্ট রাখবার পরিকল্পনা আছে কি?

দি অনারেবল পুরবী মুখোপাধ্যায়ঃ রাখতে চাই, কিন্তু পাচ্ছি না। একজনকে পেয়েছি এবং উই হ্যাভ গিভন হার আপয়েন্টমেন্ট।

ডাঃ গোলাম ইয়াজদানীঃ কোয়ালিফাইড অ্যানাস্থেটিস্ট কথা বললেন। আমার প্রশ্ন হচ্ছে মেডিকেল কলেজ এবং আর জি করএ যে ৩ জন আছে সেই ৩ জন অ্যানাস্থেটিস্টএ কি কাজ চলে যায়?

দি অনারেবল পুরবী মুখোপাধ্যায়ঃ হ্যাঁ, চলে যায়।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মন্ত্রিমহাশয়া বললেন সে কোয়ালিফাইড নয়, আবার বললেন সি নোজ দি জব এটা কি করে সম্ভব?

দি অনারেবল পুরবী মুখোপাধ্যায়ঃ আপনি যদি উইদাউট নোয়িং দি জব কোশ্চেন করেন তাহলে হাউ ক্যান আই কনভিন্স ইউ? হার পারফরমেন্স ইন দি হসপিটাল প্রুভস দ্যাট সি নোজ দি জব।

Doctors in the State Health Service

*457. (Admitted question No. *1827.) **Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the policy of making the doctors in the State Health Service non-practising has been given up; and

(b) if so, what are the factors which led to this change in policy?

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) The whole matter is under consideration of Government.

(b) Does not arise.

Incident of Dengue fever in Calcutta and its suburbs

*458. (Admitted question No. *1836.)

শ্রীঅশ্বিনী রায়ঃ স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) সরকার কি অবগত আছেন যে, গত জুলাই (১৯৬৪) মাস হইতে কলিকাতা ও সহরতলী এলাকায় ডেংগু জ্বরের প্রাদুর্ভাব ব্যাপকভাবে দেখা দিয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান বৎসরের জুলাই হইতে অগাস্ট পর্যন্ত প্রতি মাসে (১) আক্রান্তের সংখ্যা, (২) মৃতের সংখ্যা, (৩) হাসপাতালে ভর্তির সংখ্যা এবং (৪) অদ্যাবধি স্থায়ী প্রতিকারের কোনও ব্যবস্থা থাকিলে তাহার বিবরণ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) ব্যাপকভাবে ডেংগুজ্বরের প্রাদুর্ভাব কলিকাতা ও সহরতলী এলাকায় দেখা দিয়াছে, ইহা ঠিক নহে। বিক্ষিপ্তভাবে ডেংগুজ্বর হইতেছে।

(খ) (১) সঠিক জানা নাই।

(২) জুলাই ১, আগস্ট ৪।

(৩) জুলাই ১, আগস্ট ৪।

(৪) কলিকাতা বন্দর, বিমান বন্দর ও রেল কর্তৃপক্ষ সংস্থার অন্তর্ভুক্ত অঞ্চল এই রোগের বাহক মশক নিবারণের কাজ চালু রহিয়াছে। কলিকাতা পৌর প্রতিষ্ঠান সাধারণতঃ মশক নিবারণের উদ্দেশ্যে ব্যবস্থা অবলম্বন করিয়া থাকেন

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয়া মন্ত্রিমহোদয়া বললেন ব্যাপকভাবে নয়, রোগের প্রাদুর্ভাব দেখছি না। কি কি অবস্থা হলে ব্যাপকভাবে দেখা দিয়েছে বলে বুঝা যাবে? আপনি পরে বলেছেন এতটি আক্রান্ত হয়েছে, এতটি মারা গেছে, তাহলে কি অবস্থা হলে ব্যাপকভাবে বলতে পারেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ প্রাদুর্ভাব কিম্বা ব্যাপকভাবে বললে আমরা বুঝি এই— নোটিফায়েড ডিজিজে যেমন কত হাসপাতালে এল, অন্যান্য জায়গায় নোটিফায়েড হলে সেই সমস্ত ধরে, সংখ্যা ধরে আমরা ব্যাপকভাবে বলি, আপনাদের কাছে যে ফিগার তাতে নিজেরাই দেখতে পাচ্ছেন জুলাই এবং অগাস্টে যথাক্রমে ১ এবং ৪, এতেই প্রমাণ করছে যে এটা ব্যাপকভাবে নয়।

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ আগস্ট মাসের এবং জুলাই মাসের ফিগার যে এখন আউট অফ ডেট হয়ে গেছে, সেটা জানেন কি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ আউট অফ ডেটের ফিগার আপনারাই আউট অফ ডেটের লোক চাইছেন।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আপনি বললেন (১) নম্বরে সঠিকভাবে জানা নাই। তাহলে কি করে বুঝলেন ব্যাপকভাবে হচ্ছে না?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ কোন প্রাইভেট ডাক্তার যখন রোগী দেখতে যান, কত কেস উনি পেলেন সেটা আমাদের জানবার কোন সম্ভবনা নাই যতক্ষণ না তা নোটিফায়েড ডিজিজ বলে ডিক্লেয়ার হচ্ছে। আমরা শুধু ফিগার নিচ্ছি হাসপাতালে এসে যেগুলি পৌঁছুল আর মৃতের সংখ্যা থেকে, কেননা কোন প্রাইভেট প্র্যাকটিশনারকেও ডেথ সার্টিফিকেট দেবার সময় তাকে লিখতে হয় কি হয়ে মারা গেছে, সেখানে ৪টি সার্টিফিকেটে লেখা রয়েছে যে ডেঙ্গুতে মারা গেছে। এজন্যই বলছি যে ব্যাপকভাবে নয়।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাসে কতজন মারা গেলে ব্যাপকভাবে বলে আপনারা মনে করবেন?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ আমাদের মনে করার প্রশ্ন নয়, ৫টি লোক এক মাসে যে-কোন ওয়ার্ডেই মারা যেতে পারে তাকে কেউ বলবে না কলকাতা সহরে বা পশ্চিমবঙ্গে অমুক অসুখ ব্যাপক হয়েছে।
there is the figure of 4.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আমি জিজ্ঞাসা করছি মাসে কতজন মারা গেলে ওঁদের হিসাবে ব্যাপকভাবে রোগের প্রাদুর্ভাব হয়েছে বলে ধরা হয়, তার কোন জবাব উনি দিলেন না, উনি একটা বক্তৃতা দিলেন।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ
There is no reply to such a question.

মিঃ স্পীকারঃ মিসেস মুখার্জী, উনি বললেন কত মরলে ব্যাপক হয়?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ
Will you please give me some indication by which I will reply to this question? How can I reply to this question whether
ব্যাপকভাবে রোগ হয়েছে কি না?

মিঃ স্পীকারঃ শ্রীমতী মুখার্জী, আপনি কোশ্চেনটা বুঝতে পারেন নি, কত পারসেন্ট মরলে ব্যাপক হয়?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ আমি বলতে পারব না।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ যদি না পারেন তাহলে কি করে বললেন যে ব্যাপকভাবে হয়নি?

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ এ সম্বন্ধে আনেই এক্সপ্লেন করেছি।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ উনি বললেন ব্যাপকভাবে হয়নি, যখন খবর পাওয়া যাচ্ছে বিভিন্ন সোর্স থেকে বিভিন্ন জায়গা থেকে যে ডেঙ্গু হচ্ছে তখন সরকার থেকে তদন্ত করা হয়নি কেন?

[3-10—3-20 p.m.]

4.	Misti Mahal, Bijoy Toran ..	6	27	11	11	7	4	4	4	4	4	2	3
5.	Jalajog, Bijoy Toran ..	7	18	12	10	7	4	4	4	4	2·50	3	4·50
6.	Sri Rasomoy Kar, Vender, B. K. Rly, B. K. R. Station.	3	3	5	4	3·50	2	3	2	2	2	1	1
7.	Gopeswar Nag, Barabazar ..	1·75	3	3	2·62	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50
8.	Kuchil Singh, Tentutala ..	1	4	4	4	3·50	2	2	2	2	2	1	1
9.	Udayan Mistanna Bhandar, Tentutala	2	5	7	4	3·50	2	2	3	2	2	1	1·50
10.	Gorachand Sen, Khoshbagan ..	1	1·20	1·60	1·40	·80	·80	·80	·80	·80	·80	·80	·80
11.	Misti Mukh, Borehat ..	5	12	13·72	10	7	4	5	4	4	4	2	3
12.	Apurba Nag, Barabazar ..	2·20	4	7	4	3·50	2	2	2	2	2	1	2·50
13.	Bardhaman Netaji Mistanna Bhandar, Stationbazar.	4	17	11	10	7	4	4	4	4	4	2	2
14.	Onkar Mistanna Vandar, G. T. Road	4	16	12	10	7	4	4	4	4	4	2	2

Serial No.	Name and address of the sweetmeat shops.	Quantity of sugar supplied during the period from September, 1963 to August, 1964 (in quintals)											
		September, 1963	October, 1963.	November, 1963.	December, 1963.	January, 1964.	February, 1964.	March, 1964.	April, 1964.	May, 1964.	June, 1964.	July, 1964.	August 1964.
15.	Satyanarayan Mukherjee, Sadar Ghat	2	8	6	7	7			4	4	4	2	3
16.	Balahari Nandy, Sadar Ghat ..	2	6	6	7	7	4	4	4	4	4	2	3
17.	Dibakar Nandy, Sadar Ghat ..	2	6	6	7	7	4	4	4	4	4	2	3
18.	Gopal Chandra Haluikar, Bajepratappore.	·30	2	2	1·75	1	1	1	1	1	1	1	1
19.	Rakhahari Nandy, Sadar Ghat ..	2	6	6	7	7	4	4	4	4	4	2	2·50
20.	Purnima Mistanna Vandar, G.T. Road	2	8	9	7	7	4	4	4	4	4	2	3
21.	New Satyanarayan Mistanna Vandar, G. T. Road.	1	4	4	4	3·50	2	2	2	2	2	1	2
22.	Pannalal Shaw, G. T. Road ..	1	4	4	4	3·50	2	2	2	2	2	1	1
23.	Pashupati Ghosh, Keshabganj ..	1	2	5	4	3·50	2	2	2	2	2	1	1
24.	Narendra Nath Mondal, B. L. Hati Road.	1	4	3	4	3·50	2	2	2	2	2	1	1·50
25.	Ganesh Chandra Datta, B. B. Ghosh Road.	1·15	4	7	4	3·50	2	2	2	2	2	1	1
26.	Mangala Mistanna Vandar, Stationbazar.	1	5	7	5	3·50	2	2	2	2	2	1	2·50
27.	Saktipada Dutta, Badamtala ..	1·10	4	5	3	3·50	2	2	2	2	2	1	1·50
28.	Bhutnath Sen, Birhata ..	1·15	4	6	4	3·50	2	2	2	2	2	1	2·50
29.	Sarbamangala Mistanna Vandar, Raniganjbazar.	2	4	5	4	3·50	2	2	2	2	2	1	1·50

30.	Rajlakshmi Mistanna Vandar, Station Bazar.	4	16	10	10	7	4	4	4	4	4	2	2
31.	Subodh Chandra Pal, G. T.Road ..	2·40	5	4	4	3·50	2	2	2	2	2	1	·50
32.	Satyanarayan Gupta, Choudhurybazar	1	4	4	4	3·50	2	2	2	2	2	1	1
33.	Jagabandhu Nag, Sadar Ghat ..	1·25	4	3	3	2·50	2	2	4	4	4	2	1·50
34.	Bhagabandas Sen, Raniganjbazar ..	..	2	3	1·40	·80	·80	·80	·80	·80	·80	·80	·80
35.	Surja Kanta Barat, Raniganjbazar	..	2	3	1·40	·80	·80	·80	·80	·80	·80	·80	·80
36.	Kanailal Dutta, Raniganjbazar ..	0·15	5	3	1·40	·80	·80	·80	1·80	·80	·80	·80	·80
37.	Srikanta Mistanna Vandar, Stn.. Bazar.	0·30	4	11	7	7	4	4	4	4	4	2·50	2·50
38.	Annapurna Mistanna Vandar, Stn. Bazar.	..	9	12	7	7	4	4	4	4	4	2	3
39.	Anadikumar Dey, B. C· Road ..	..	..	3	1·40	·80	·80	1·80	·80	1·80	·80	·80	·80
40.	Anil Chandra Nandy, Perbirhata ..	0·40	3	2	1·75	1	1	1·	1	1	1	1	1
41.	Sukha Ranjan Paul, Perbirhata ..	0·50	3	2	1·75	1	1	1	1	1	1	1	1
42.	Munju Rani Barat, Birhata ..	0·15	5·30	6	7	7	4	4	2	2	2	1	2·50
43.	Gobinda Modak, Ghorasahid ..	0·60	2	4	1·65	1	1	2	1	1	1	1	1
44.	Paresh Chandra Datta, B. C. Road ..	0·40	1·05	2·40	1·22	·70	·70	·70	·70	·70	·70	·70	·70
45.	Dinath Palit, B. C. Road ..	..	..	1	1·75	1	1	1	1	1	1	1	1
46.	Sankar Kumar Hui, Keshabganj ..	..	..	3	..	..	..	..	1·50	2	2	1	1·50
47.	Sripati Charan Sen, Shyambazar ..	..	1·60	2·60	1·40	·80	·80	·80	·80	·80	·80	·80	·80
48.	Amar Banerjee, Shyamsangar ..	..	1·60	1·60	1·40	·80	·80	·80	·80	·80	·80	·80	·80
49.	Ashutosh Ghosh, Kalibazar ..	0·40	1·00	1·20	1·75	1	1	1	1	1	1	1	1
50.	Ajit Kumar Rakshit, B. B. Ghosh Road.	..	·80	1·80	·70	·40	·40	·40	·40	·40	·40	·40	·40

Serial No.	Name and address of the sweetmeat shops.	Quantity of sugar supplied during the period from September, 1963 to August, 1964 (in quintals)											
		September, 1963.	October, 1963.	November, 1963.	December, 1963.	January, 1964.	February, 1964.	March, 1964.	April, 1964.	May, 1964.	June, 1964.	July, 1964.	August, 1964.
51.	Chunilal Shaw, B. B. Ghosh Road ..	0·15	..	1·00	·46	·40	·40	·40	·40	·40	·40	·40	·40
52.	Satyanarayan Mistanna Vandar, Sadar Ghat.	2·00	6·00	6·00	7	7	4	4	4	4	4	2	3
53.	Ajit Kumar Dutta, Bajepratappore ..	0·30	2·00	4·00	4	3·50	2·00	2·00	2·00	2·00	2·00	1·00	1·50
54.	Bankim Dutta, Bajepratappore ..	0·30	2·00	4·00	4	3·50	2·00	2·00	2·00	2·00	2·00	1·00	1·00
55.	Basudev Konar, B. C. Road ..	0·20	4·00	4·00	4	3·50	2	2	2	2	2	1	2·50
56.	Jogajog, G. T. Road	..	6·00	4·00	5	3·50	2	2	2	2	·50	..	..
57.	Burdwan Mistanna Vandar, Raniganjbazar.	..	2·00	3·00	4	3·50	2	2	2	2	2	1	1
58.	Kamala Kanta Samanta, Keshabgar ..	..	..	..	4	3·50	2	2	2	2	2	1	1·50
59.	Joy Bharat Mistanna Vandar, Stn. Bazar.	..	2·00	3·00	7	7	4	4	4	4	4	2	1·50
60.	Upendra Mohan Das, Perbirhata ..	0·90	2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
61.	Akbar Ali, Goda	0·30	1·60	1·60	1·40	·80	·80	·80	·80	·80	·80	·80	·80
62.	Kalipada Rakshit, Nutanganj ..	0·60	2·00	2·00	1·75	1	1	1	·50	2	2	1	1
63.	Broja Kishore Rakshit, Nutanganj ..	0·60	2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
64.	Krishnapada Dutta, Kanchannagar ..	0·30	1·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
65.	Tarak Ash, B. C. Road	0·95	3·00	3·00	2·62	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50
66.	Sailendra Nath Sen, Shyambazar ..	0·60	2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
67.	Falguni Nag, B. C. Road	0·70	1·20	1·20	1·05	·60	·60	·60	·60	·60	·60	·60	·60
68.	Bahadur Singh, B. C. Road	0·35	1·00	1·00	·87	·50	·50	·50	·50	·50	..	..	..

69.	Probodh Ch. Sen, Ra ihanagar ..	0·70	2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
70.	Sabita Rani Barat, Shyamsagar ..	0·20	0·80	0·80	0·70	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40
71.	Faluram Modak (Barat), Shyamsagar	0·20	2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
72.	Amratilal Nandy, B. B. Ghosh Road..	0·70	2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
73.	Gopal Ch. Dutta, B. B. Ghosh Road ..	0·60	2·00	2·00	1·75	1	1	1	1	1	2	2	2
74.	Narendra Nath Dey, Ranigan] ..		.	1·56	1·75	1	1	1	1	1	1	1	1
75.	Subal Chandra Dey, Sarbamangala-para.	0·67	2·08	2·08	1·82	1·04	1·04	1·04	1·04	1·04	1·04	1·04	1·04
76.	Falguni Nag, D. N. Sarkar Road ..	0·35	0·80	0·80	0·70	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40
77.	Dhirendra Nath Daw, Perbirhata	0·50	2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
78.	Nepal Chandra Das, Baranilpore ..	0·75	3·00	3·00	2·60	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50
79.	Anil Ch. Nandy, Perbirhatta ..	0·50	2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
80.	Nandadulal Mandal, Sadarghat .		2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
81.	Narayan Ch. Dey, B. B. Ghosh Road	0·75	3·00	3·00	2·60	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50
82.	Subal Chandra Kundu, Khaja Anwar-ber.	0·40	1·60	1·60	1·40	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80
83.	Bibhuti Bh. Roy, B. C. Road ..	0·20	0·80	0·80	0·70	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40
84	Dakhi Ram Dey, Sarbamangalapara .		0·90	1·20	1·05	0·60	0·60	0·60	0·60	0·60	0·60	0·60	0·60
85	Sudhir Kumar Nag, Narayanganj .	0·50	2·00	2·00	1·75	1	1	2	1	1	1	1	1
86.	Bholanath Nag, Rajbar .	0·25	1·00	1·00	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50
87.	Jagadindra Chatterjee, Agartala .	0·30	1·20	1·20	1·05	0·60	0·60	0·60	0·60	0·60	0·60	0·60	0·60
88.	Santosh Kumar Nandi, Agartala .	..	2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
89.	Charu Chandra Dey, Uhlpore ..	..	0·80	1·60	1·40	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80
90.	Matilal Haldar, Baradwani ..	..	..	0·80	0·70	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40

Serial No.	Name and address of the sweetmeat shops.	Quantity of sugar supplied during the period from September, 1963 to August, 1964 (in quintals.)											
		September, 1963.	October, 1963.	November, 1963.	December, 1963.	January, 1964.	February, 1964.	March, 1964.	April, 1964.	May, 1964.	June, 1964.	July, 1964.	August, 1964.
91.	Anwari Ali, Goda .. .	..	..	1·20	1·40	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80
92.	Ram Chandra Modak, Alamganj ..	.	..	0·60	0·70	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40
93.	Nemai Chandra Shaw, B. C. Road ..	0·75	3·00	3·00	2·60	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50
94.	Baldeo Shaw, Mehedibagan ..	0·50	2·00	2·00	1·70	1	1	1	1	1	1	1	1
95.	Fakir Dutta, Keshabganj ..	..	2·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
96.	Kshudiram Hazra, Bajepratappore ..	..	1·00	1·00	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50
97.	Badrinarayan Sen, Keshabganj ..	..	1·00	2·00	1·75	1	1	1	1	1	1	1	1
98.	Satish Chandra Modak, Bajepratappore.	..	0·80	1·60	1·40	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80
99.	Ganesh Chandra Dey, B. C. Road ..	2·75	3·00	3·00	2·62	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50
100.	Hira Singh, G. T. Road	0·25	1·00	1·00	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50
101.	Tinkari Sen, Barabazar	..	0·80	0·80	0·70	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40
102.	Prabash Dey, Shyambazar	..	1·20	2·60	1·40	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80
103.	Jogendra Nath Ash, Court Compound ..	..	0·90	1·20	1·05	0·60	0·60	0·60	0·60	0·60	0·60	0·60	0·60
104.	Sahadeb Ash, M. K. Chatterjee Road ..	..	..	0·45	0·55	0·30	0·30	0·30	0·30	0·30	0·30	0·30	0·30
105.	Nandadulal Kundu, D. N. Sarkar Road ..	..	0·75	1·00	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50
106.	Khagendra Nath Indra, D. N. Sarkar Road.	..	0·80	1·00	1·40	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80	0·80
107.	Hrishi Kesh Ghosh, Radhanagar ..	..	0·50	1·00	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50
108.	Radhaballav Paul, Baldanga ..	..	..	0·75	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50		

109.	Jatindra Nath Mondal, G. T. Road ..	..	..	..	..	..	..	..	..	..	1·50	1·00	1·50
110.	Nehar Paul, G. T. Road ..	..	..	..	..	..	..	..	..	..	..	..	2·00
111.	Jamini Kumar Das, Khanpukur ..	1	1	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	
112.	Debiprasad Ghosh, Court Compound ..	1	1	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	
113.	Bamkim Chandra Roy, Court Compound. ..	2	2	1·73	1·76	1	1	1	1	1	1	1	
114.	Sital Ch. Khan, Judges' Court Compound. ..	1·00	1·00	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	
115.	Dulal Chandra Ghosh, Judges' Court Compound. ..	.	1 40	1·22	0·70	0·70	0·70	0·70	0·70	0·70	0·70	0·70	
116.	Abhay Pada Ghosh, Kalna Road ..	1·50	2 00	1·75	1·00	1·00	1·00	1·00	1·00	1·00	1·00	1·00	
117.	Bhairab Chandra Ghosh, Court Compound. ..	0·50	1·00	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	
118.	Khudiram Dutta, D. N. Sarkar Road ..	1·00	1·00	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	
119.	Sital Ch. Dutta, D. N. Sarkar Road	2·00	2·00	1·75	1·00	1·00	1·00	1·00	1·00	1·00	1·00	1·00	
120.	Nitai Chandra Ghosh, Raj College Road ..	..	..	..	0·25	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	
121.	Sambhu Nath Dutta, Keshabganj	..	..	..	0 10	0 40	0·40	0·40	0 40	0 40	0·40	0·40	
122.	Ambica Prosad Misra, Mehuhbagan	..	..	..	..	0·37	0·37	0·50	0·50	0·50	0·50	0·50	
123.	Anathandhu Kar, Barabalidanga	0·80	0·80	0·70	0·40	0·40	0·40	0·40	0 40	0·40	0·40	0·40	
124.	Nripendra Kumar Majumdar, Kanai Natsalla. ..	..	..	..	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	
125.	Jitendra Nath Dey, Baranipore	.	..	..	..	0 10	0 10	0·40	0·40	0 40	0·40	0·40	
126.	Nabakumar Mondal, Parkas Road . ..	2·00	2·00	1·75	1·00	1·00	1·00	1 00	1 00	1 00	1·00	1·00	
127.	Ganapati Das, Court Compound 1 00	1 00	0 87	0·50	0 50	0 50	0 50	0 50	0 50	0 50	0·50	0·50	

Serial No.	Name and address of the sweetmeat shops.	Quantity of sugar supplied during the period from September, 1963 to August 1964 (in quintals.)											
		September, 1963.	October, 1963.	November, 1963.	December, 1963.	January, 1964.	February, 1964.	March, 1964.	April, 1964.	May, 1964.	June, 1964.	July, 1964.	August, 1964.
128.	Radharaman Dhar, Sarbamangala-para.	..	1·00	1·00	0·87	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50	0·50
129.	Narayan Ch. Ghosh, B. B. Ghosh Road.	..	..	.	..	0·20	0·40	0·40	0·40	0·40	0·40	0·40	0·40
130.	Satish Ch. Nag, B. C. Road	..	3·00	3·00	2·62	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50
131.	Saktipada Nag, Badamtala	..	2·00	2·00	1·75	1·00	1·00	1·00	1·00	1·00	1·00	1·00	1·00
132.	Sasthi Charan Dey, Kalna Road	..	3·00	3·00	2·62	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50	1·50

Primary Consumers' Co-operatives in Murshidabad district

813. (Admitted question No. 1632.)

নিবকুমার রায়ঃ সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় প্রাইমারী কনজিউমার্স কো-অপারেটিভ মোট কয়টি;

(খ) এইসকল প্রাথমিক সমিতিগুলিকে বিপণনযোগ্য প্রয়োজনীয় কোন্ কোন্ জিনিস সরবরাহ করা হয়; এবং সরবরাহ কোথা হইতে করা হয়; এবং

(গ) মুর্শিদাবাদ জেলায় বিপণন প্রাথমিক সমবায় সমিতিগুলিকে ১৯৬৪ সালের অগাস্ট পর্যন্ত কত টাকার মাল সরবরাহ করা হইয়াছে?

The Minister for Co-operation:

(ক) ১৩টি।

(খ) এইসকল প্রাথমিক সমিতিগুলিকে মুর্শিদাবাদ হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ স্টোর্স লিমিটেড হইতে চাউল, সরিষার তৈল ও দিয়াশলাই সরবরাহ করা হইয়াছে। অন্যান্য নানাবিধ ভোগ্যপণ্য সরবরাহের ব্যবস্থা করা হইতেছে।

(গ) টাকা ২৫,৩৫৮·৬৭ পয়সা।

Production of paddy in Midnapore and 24-Parganas districts

814. (Admitted question No. 1748.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬২-৬৩ সালে মেদিনীপুর ও চব্বিশপরগনা জেলায় থানাওয়ারী ধানের গড় ফলন কি?

The Minister of State for Agriculture and Community Development:

জমির ফলন সংক্রান্ত পরিসংখ্যান স্যাম্পেল সার্ভে অনুসারে গৃহীত হয়। এই সার্ভে জেলা-ভিত্তিক এবং ইহার দ্বারা যে তথ্য পাওয়া যায় তাহা সমগ্র জেলার পক্ষে প্রযোজ্য—সেই জেলার অন্তর্গত কোনও থানার পক্ষে প্রযোজ্য নহে। থানা-ভিত্তিক এই পরিসংখ্যান গ্রহণের কোন ব্যবস্থা বর্তমানে নাই। সুতরাং তথ্য প্রদান করা সম্ভব নহে।

Adjournment Motions

Mr. Speaker: I have received notices of two adjournment motions one from Shri Gopal Banerjee and the other from Shri Kamal Kanti Guha on the subject of recent arrest of some members of the Legislature and other persons under the D. I. Rules to which consent has been refused by me.

Shri Gopal Banerjee:

স্যার, আজকে আমরা আবার একটা নূতন সুযোগ পাচ্ছিলাম এটা আলোচনা করার জন্য। আজকেও না করে দিলেন?

Arrest of Shri Sunil Das Gupta, M.L.A.

Dr. Kanailal Bhattacharyya:

স্পীকার মহাশয়, গতকাল আমাদের এই সমস্ত আপত্তিগুলি দাখিল করবার পরও গতকাল আমাদের এই লেজিসলেচারএর একজন মেম্বার, ফরওয়ার্ড ব্লকএর একজন মেম্বার শ্রীসুনীল দাশগুপ্তকে অ্যারেস্ট করা হয়েছে এবং এই অ্যারেস্ট করার কালে পুলিসের তরফ থেকে যে ট্যাকটিস নেওয়া হয়েছে সেটা আমি আপনার কাছে বিবৃত করছি। তিনি বাড়িতে ছিলেন, রাত্রি সাড়ে আটটার সময় টেলিফোন গেল একটা, বলা হল যুগান্তর অফিস থেকে যুগান্তরের

স্টাফ রিপোর্টার তাঁকে টেলিফোন করছেন এবং তাঁকে অনুরোধ করলেন যে, যদি তিনি বাড়িতে এখন থাকেন তা হলে তাঁর সঙ্গে কোচবিহার জেলা সম্বন্ধে কিছু আলোচনা করতে চা তাইতে তিনি বলেন যে, হ্যাঁ, আমি বাড়িতে আছি আপনি আসুন। কিছুক্ষণ বাদেই গে গেল যুগান্তরের স্টাফ রিপোর্টার পরিবর্তে আমাদের ইনটেলিজেন্স ব্রাঞ্চএর পুলিস গি হাজির হল এবং তাঁকে লর্ড সিনহা রোডএ নিয়ে গিয়ে সেখান থেকে দমদম জেলে নিয়ে যাও হল। আমার বক্তব্য হচ্ছে লেজিসলেচার মেম্বারদের অ্যারেস্ট করার জন্য পুলিসের তরফ থে এই ধরনের ট্যাকটিকস নেওয়া হচ্ছে। অবশ্য তাঁরা পুলিসের তরফ থেকে এইরকম ট্যাকটিক নিতে পারেন এবং তাঁরা নিচ্ছেন সে সম্বন্ধে আমার কিছু বক্তব্য নেই। আমার বক্তব্য হচ্ছে যে, আমরা লেজিসলেটিভ অ্যাসেমব্লির মেম্বার সাধারণ মানুষকে আমরা একটা হরতালের আহ্বান জানিয়েছি, আমরা গতকালও সেকথা বলেছি। আজকেও বলছি, সেই আহ্বানে তারা সাড়া দেবে কি না দেবে সেটা ২৫শে বুঝতে পারা যাবে এবং তার জন্য আমাদের পক্ষ থেকে কোন-রকম হিংসাত্মক কাজ করা হয় নি।

(ডাঃ গোপিকারঞ্জন মিত্রঃ হয়েছে।)

কোন্‌টা হয়েছে বলুন, ডাঃ মিত্র? আপনি তো কলকাতায় আছেন বা আসানসোলে আছেন আজ পর্যন্ত এই হরতাল আহ্বানের মধ্যে কোন হিংসাত্মক কাজ করা হয়েছে? এই হরতাল আহ্বান করার ব্যাপারে কোন হিংসাত্মক কাজ করা হয়েছে কিনা কিম্বা কোন প্রোভোকেশন পিপলকে দেওয়া হয়েছে কিনা, যার জন্য এই হরতালের ব্যাপারে এতজনকে অ্যারেস্ট করা হয়েছে এবং এ সম্পর্কে আমরা আলোচনা করতে চেয়েছিলাম কালকে, আপনি আজকেও কনসেন্ট রিফিউজ করছেন, আমি আপনাকে বলব যে, এইটা যদি আপনি আমাদের আলোচনা করতে না দেন তা হলে ব্যাপারটা হবে কি ভবিষ্যতে যে কোন পিসফুল হরতাল সরকারের যদি পক্ষ থেকে এইরকম কাজ চালানো হয় তাহলে আমাদের চুপচাপ এটা হজম করে যেতে হবে। আমার মনে হয়, যদি আপনি এই আলোচনার সুযোগ দিতেন তাহলে দুই পক্ষই তাঁদের বক্তব্যটা রাখলে আবহাওয়া কিছুটা পরিষ্কার হত। আর যদি আপনি আজকে না দেন তা হলে হবে কি, এর দ্বারা আরও দেশের মধ্যে হিংসাত্মক কার্যকলাপের প্রবণতা আরও বেড়ে যাবে। আজকে গণতন্ত্রকে ও'রা হত্যা করতে চলেছেন আমরা দেখতে পাচ্ছি। আমরা মনে করি যে, গণতন্ত্রকে সত্যিই যদি আজকে বাঁচিয়ে রাখতে হয় তাহলে অন্তত প্রত্যেকের যে বাক্ স্বাধীনতা আছে সেই স্বাধীনতাকে স্বীকার করতে হবে। সেটাকে যদি তাঁরা সরকারের পক্ষ থেকে গ্যাগ করে দেবার চেষ্টা হয় আমরা এই লেজিসলেচারএর মাধ্যমে আপনার মধ্যে দিয়ে আমরা সেটা এক্সপ্রেস করার চেষ্টা করব। সেইজন্য আমি আপনাকে আবার অনুরোধ করছি যে, আপনি এটা একটু ভেবে দেখবেন।

Mr. Speaker: Regarding the first part of the statement, certainly I will request the Hon'ble Minister to enquire into the statement that you have made in connection with the arrest of the honourable member Shri Sunil Das Gupta.

[3-30—3-40 p.m.]

Pressing for permission to discuss the subject matter of Adjournment motion to which consent is refused

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা মুলতুবী প্রস্তাব দিয়েছিলাম এবং এখন জানতে চাই সরকারপক্ষের মনোভাব কি। আমরা সরকারপক্ষের দুরকম বক্তব্য পেয়েছি এবং নেপালবাবু গতকাল বলেছেন এবং আজকেও বলছেন আলোচনা হওয়া উচিত। কিন্তু আমার বক্তব্য হচ্ছে সরকারপক্ষের যদি সৎসাহস থাকে তাহলে তাঁরা বলুন আমরা কি করেছি। আমাদের পরিষ্কার-ভাবে বুঝতে দিন আমাদের দোষ কোথায়। কিন্তু তাঁরা সেসব না বলে এইরকমভাবে ধ্বংসাত্মক এবং হিংসাত্মক কার্য করে যাচ্ছেন। এই কারণে আমি প্রস্তাব করেছি যে, আলোচনা করা উচিত। তারপর আমার বক্তব্য হচ্ছে এখানকার বিতর্কের সঙ্গে আমরা যাঁরা জনপ্রতিনিধি আছি তাঁদের সম্পর্ক আছে। কিন্তু দেখুন সেই জিনিসকে কিভাবে নষ্ট করা হচ্ছে। এরপর

"যুগান্তর" কাগজের কোন লোক যদি আমাদের সঙ্গে আলোচনা করতে চান তাহলে আমাদের সেই সাহস হবে না, আমরা তাঁদের কাছে এগিয়ে যেতে পারব না। তাহলে ভেবে দেখুন, এঁরা কত নীচ পলিসি গ্রহণ করেছেন, কতদূর জঘন্য পথে এগিয়ে গেছেন। সরকারের সাহস নেই তাই এইভাবে অ্যারেস্ট করছেন। আমরা অ্যারেস্ট হবার জন্য তৈরি আছি, কিন্তু এইভাবে কেন করছেন? কাজেই এই সরকারপক্ষ যাঁরা এতখানি নীচ মনোবৃত্তি নিয়ে চলেছেন তাঁদের সঙ্গে অ্যাসেমব্লিতে পাশাপাশি বসে চৈতন্যদের হয়ে আলোচনা করব এটা আশা করা যায় না। আমরা ডিবেট করব না এবং করতে দেব না।

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় স্পীকার মহাশয়, গ্রেপ্তার অব্যাহতভাবে চলছে, আজকেও চলছে এবং বোধহয় কালকেও চলবে। এইভাবে বেসমস্ত লোককে গ্রেপ্তার করা হচ্ছে তাদের একজনের বিরুদ্ধেও বেআইনী কাজ করবার অপরাধ প্রমাণিত হয় নি এবং প্রমাণিত হয় নি বলেই তাদের ডিফেন্স অব ইন্ডিয়া রুলসএ বিনা বিচারে আটক রাখা হয়েছে। তার অর্থ হচ্ছে সরকারের ক্ষমতা নেই এটা প্রমাণ করবে যে, তারা অপরাধ করেছে। কাজেই এরকম স্বাভাবিক অবস্থায় সরকার যখন দিনের পর দিন গ্রেপ্তার করছে তখন আমরা যদি অ্যাডজোর্নমেন্ট মোসন দিয়ে আলোচনা করতে না পারি তাহলে হাউসের এম এল এ-দের পার্সোন্যাল সেফটি কোথায়? প্রতিদিন যে কোন অজুহাতে যে কোন এম এল এ-কে গ্রেপ্তার করা যদি সরকারের পক্ষে সম্ভব হয় তাহলে আমাদের এখানে আসার কি দরকার আছে এবং আমরা কিভাবে ডিউটি ডিসচার্জ করব এবং তার গ্যারান্টি কোথায়? আমরা সরকারকে গালাগালি দিই এবং তার জন্য প্রতিহিংসার বশবর্তী হয়ে এই গ্রেপ্তার যে করা হচ্ছে না তার মানে কি? আমরা যে অ্যাডজোর্নমেন্ট মোসন দিয়েছি সেটা ইন এ সেন্স অ্যামাউন্টস টু নো কনফিডেন্স মোসন। এটা যদি গৃহীত হয় তাহলে মন্ত্রিসভাকে সাধারণ নিয়ম অনুসারে রেজিগনেশন দিতে হয়, কাজেই এটা মন্ত্রিসভার প্রেস্টিজের প্রশ্ন। কিন্তু আমার কথা হচ্ছে ইনক্রুডিং এম এল এ, এমনি দেশের নাগরিকদের এইভাবে অপরাধ প্রমাণ না করে যখন খুশি গ্রেপ্তার করার অধিকার তাঁদের আছে কিনা এবং তারপর অ্যাসেম্বলি চলার অর্থ আছে কিনা সেটা বিবেচ্য বিষয়। তাঁরা উইথ ইমপিউনিটি এম এল এ-দের গ্রেপ্তার করবেন অথচ দোষ প্রমাণ করবার দায়িত্ব নেবেন না এবং আমরা অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়ে নো কনফিডেন্স এক্সপ্রেস করবার সুযোগ পাব না এর অর্থ খুঁজে পাই না। কাজেই আমি আশা করি, আপনি এটা পুনর্বিবেচনা করবেন এবং মন্ত্রিমণ্ডলীর এই পলিসির উপর আস্থা বা অনাস্থা যাতে এক্সপ্রেসড হয় সেই সুযোগ দেবেন।

শ্রীগোপাল বসু: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে কিছু বলতে চাই। হরতালের বিষয় আমি প্রস্তাব দিয়েছি এবং তা ছাড়া আমার আর একটা বক্তব্য হচ্ছে নৈহাটিতে মাইকের পারমিশন চেয়েছিলাম এবং সেই পারমিশন পেলাম কিনা সেটা জানতে যখন দুজনকে পাঠানো হল তখন পুলিস তাদের সিকিউরিটি অ্যাক্টের ১১ ধারায় গ্রেপ্তার করল। আজকে সকালবেলায় যাঁদের সিকিউরিটি অ্যাক্টে গ্রেপ্তার করা হয়েছে, তাঁরা সব রেসপেক্টেবল লোক, কিন্তু তাঁদের হাতকড়া দিয়ে, হাঁটিয়ে নৈহাটি থেকে ব্যারাকপুর কোর্ট পর্যন্ত নিয়ে যাওয়া হয়েছে। আমার বক্তব্য হচ্ছে, পুলিস যে এরকম হীন, নীচ এবং কাপুরুষের মত গ্রেপ্তার করছে সে সম্পর্কে আলোচনা হওয়া উচিত।

শ্রীজগদ্বল্লভ মজুমদার: আমার তো মানসিক অবস্থা নেই আজকে এখানে ধীর স্থিরভাবে মস্তিষ্ক নিয়ে আলোচনা চালাবার। এজন্য সম্ভবপর বলছি মিঃ স্পীকার, স্যার, শ্রীসুনীল মজুমদার কাঁচরাপাড়ার বাড়ি, সেখানে তিনি রাজনীতি করেন। যদি ভিনডিকটিভনেস মেন্টালিটি না থাকে অত্যন্ত নীচ মনোভাব গভর্নমেন্টের না থাকে, প্রতিহিংসা প্রবৃত্তি না থাকে তা হলে কলকাতার উপর তাঁকে অ্যারেস্ট করার কোন কারণ থাকতে পারে না। আমি গতকাল দমদমে এক জনসভায় গেছিলাম শ্রমিকদের সভায়। চারদিন আগে দরখাস্ত করেছিলাম যে মাইকের পারমিশন দেওয়া হোক চারদিন ধরে চেষ্টা করা সত্ত্বেও, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হয়, গভর্নমেন্ট কতদূর নিচে নামতে পারেন, দশ বার হাঁটাহাঁটি করেও মাইকের পারমিশন পেলাম না, খালি গলায় মিটিং করতে হল। আপনাদের কাছে ফান্ডামেন্টাল রাইটসের কোন দাম নাই জানি, জনগণের যে অধিকার তার কোন দাম নাই জানি। কিন্তু তার একটা সীমা আছে, কিন্তু এঁরা এমন নির্লজ্জ, বেইমান, সেই সীমাও অতিক্রম করে গেছেন। আজকে কোর্ট

গিয়ে দেখি লোককে টেরোরাইজ করার জন্য ট্রেজারী বেঞ্চে যাঁরা বসে আছেন, তাঁরা অর্ডার দিয়েছেন প্রত্যেক থানার ও সি-কে এস পি-কে ২০০।৪০০ করে অ্যারেস্ট কর। আজকে গিয়ে করে পাঁচটার পর বাড়ি গিয়েছিল তাদেরকে অ্যারেস্ট করে নিয়ে গেছিল। শৈলবাবু নিশ্চয়ই করে পাঁচটার পর বাড়ি গিয়েছিল তাদেরকে অ্যারেস্ট করে নিয়ে গেছল। শৈলবাবু নিশ্চয়ই জানেন যে, তাঁর এলাকায় যারা দোকানে খাচ্ছিল সেই দোকানদার থেকে আরম্ভ করে যাকে পেয়েছে তাকেই ধরে নিয়ে আসা হয়েছে। লিলুয়া থানায় যারা রাত্রে ঘুমুচ্ছিল তেমন লোকের বাড়িতে দরজা ধাক্কা দিয়ে তুলে তাকে ধরে আনা হয়েছে এবং এরকম প্রায় পাঁচশত লোককে নিয়ে আসা হয়েছে কোর্টে, কোর্টে জায়গা নেই, বাইরে দাঁড় করিয়ে তাদের ফাইন করা হচ্ছে। এমন কি ট্রেজারি বেঞ্চে যাঁরা আছেন তাঁরা হাওড়া অঞ্চলে লোককে টেরোরাইজ করার জন্য অ্যারেস্ট করার জন্য ডিক্টেশন দিচ্ছে, এস-পি প্রত্যেক থানার ও-সিকে ডেকে সেই নির্দেশ দিচ্ছেন —যাকে পাওয়া যায় তাকেই ধরে কোটা ফুলফিল করে দিতে হবে। ২০০।৪০০ করে কোটা ফুলফিল করতে হবে। আমি দেখলাম নিরীহ মধ্যবিত্ত শ্রেণীর মানুষ সাধারণ মানুষ ওখানকার শ্রমিক তাদের কোমরে দড়ি বেঁধে হেডকোয়ার্টারে এনে হাজির করা হয়েছে এইরূপ হাওড়া অঞ্চলের ৫০০ লোককে। এই অবস্থায় এখানে বসে শান্ত মস্তিষ্কে ওঁরা কথা বলতে পারেন। শুধু তাই নয়, এ দিকে দেখছি এই অবস্থা সাধারণ লোকের, আমাদেরও নিরাপত্তা নেই। আমাদের উপর প্রতিহিংসামূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য কাল আলোচনা হয়ে যাবার পরেও তাঁরা বিরত হন নি, তাঁদের এই জঘন্য প্রতিহিংসা চরিতার্থ করবার জন্য আরও এগিয়েছেন, সদস্যদের গ্রেপ্তার করছেন এবং কালও হয়ত গ্রেপ্তার করবেন। মাইকের পারমিশন না দেওয়ায় এভাবে মিটিং করতে বাধ্য হয়েছি। এভাবে একদিকে মিটিং করতে বাধা দিচ্ছেন, অন্যদিকে সাধারণ মানুষের উপর অত্যাচার চলছে, যখন তখন গ্রেপ্তার করছেন এবং করে তাদের সাজা দেওয়া হচ্ছে, আমরা যারা এম এল এ, আমাদের কোন অপরাধ নেই, কোন চার্জ জাস্টিফাই করার তাঁদের সৎসাহস নেই, কোন এলিগেশন তাঁরা আমাদের বিরুদ্ধে দিতে পারবেন না তা সত্ত্বেও আমরা যাঁরা লক্ষ লক্ষ লোকের নির্বাচিত প্রতিনিধি তাঁদের প্রতি ওপাশে যাঁরা বসে আছেন, এতখানি ঘৃণিত কাজ করতে পারেন, সাহস পান তাহলে বলব এই হাউসের সদস্যদের মর্যাদাকে তাঁরা ধূলায় লুণ্ঠিত করছেন। আমরা অপোজিশন থেকে যেমন ডাক দিয়েছি হরতালের জন্য, তাঁরাও মনুমেন্টের তলায় গিয়ে বলুন না হরতাল কর না, কারণ আমরা দেশের সমস্যার সমাধান করেছি। কিন্তু তা না করে এই যে প্রতিহিংসামূলক ব্যবস্থা নিচ্ছেন আমি এর বিরুদ্ধে আপনার কাছে আবেদন জানাচ্ছি, আপনি হচ্ছেন এই হাউসের কাস্টোডিয়ান। এই হাউসের, সদস্যদের নিরাপত্তা যাতে বিঘ্নিত না হয়। আমরা দেখলাম যখন তখন এঁরা পুলিস লেলিয়ে দেন অথচ আমার বাড়িতে বোমা পড়ে, সাতবার চুরি হয়, আমার জীবনের উপর ক্রিমিন্যালসরা আঘাত দিতে উদ্যত হয়, কই তখন তো পুলিস দেখি না, তখন তো হোম মিনিস্টারকে দেখি না, প্রফুল্ল সেনকে দেখি না সেই ক্রিমিন্যালসদের ধরে সাজা দিতে? কেন আপনারা বিধানসভার সাধারণ সদস্য নিরীহ মানুষদের উপর লেলিয়ে দিচ্ছেন এই সমস্ত পুলিস বাহিনী?

[3-40—3-50 p.m.

মিঃ স্পীকার, স্যার, তাই আমি বলি শুধু মানুষের গণতান্ত্রিক অধিকার নয়, আমরা যারা এপাশে আসন দখল করে আছি আমাদের জীবন যখন সংশয়াপন্ন হয়, বোমা যখন বাড়ীতে নিক্ষেপ করে, আমি সেদিন একথা বিধানসভায় উত্থাপন করা সত্ত্বেও এক সপ্তাহ অতিক্রম হয়ে গেল পুলিস নীরব। আজও হোম মিনিস্টার অর্ধেন্দুবাবুকে দেখতে পাচ্ছি না। আমি প্রফুল্ল-বাবুকে জিজ্ঞাসা করি, কেন আজ পর্যন্ত একটা ক্রিমিন্যালকে গ্রেপ্তার করা হয় নি? কিন্তু আজ পাঁচশ নিরপরাধ শান্তিপ্রিয় মানুষকে জোর করে কোমরে দড়ি বেঁধে নিয়ে আসা হয়েছে এবং আমাদের এখানকার সদস্যদের যখন তখন এঁরা অ্যারেস্ট করে নিয়ে যাচ্ছেন। হাউস যখন চলছে যখন আমরা এখানে কাজ করতে চাইছি সেই সময় তাদের সঙ্গে গণতান্ত্রিক অধিকার নিয়ে যে সংসদীয় গণতন্ত্রের বড় বড় কথা বলে এখানে প্রফুল্লবাবু চীৎকার করেন, ট্রেজারি বেঞ্চের অন্যান্য সদস্যরা সংসদীয় গণতন্ত্রের আদর্শ ধ্বজা আমাদের সামনে তুলে ধরেন তাঁদের

লজ্জা করে না এই সংসদের যাঁরা সদস্য তাঁদের বিনা বিচারে অত্যন্ত নিকৃষ্টভাবে গ্রেপ্তার করতে? যখনই আপনাদের দরকার হয় তখনই আপনারা সংসদীয় গণতন্ত্রের মুখোস ধরেন, কিন্তু আপনাদের দলীয় স্বার্থসিদ্ধি করার জন্য সেই সংসদীয় গণতন্ত্রকে পায়ের তলায় পিষে ফেলতে এতটুকু আপনাদের বাধে না। মিঃ স্পীকার, স্যার, আমি সেজন্য বলি যে, সেই মানসিক অবস্থা আমাদের সৃষ্টি হয় নি এবং আমাদের যে মানসিক অবস্থা ছিল তা ধূলিসাৎ করেছেন, এই গণতন্ত্রের যে মূল ভিত্তি তার মূলে আপনারা কুঠারাঘাত করেছেন, এই সংসদীয় গণতন্ত্রকে ছুরিকাঘাত করেছেন অপঘাত করেছেন, তাকে মৃত্যুর মুখে ঠেলে দিয়েছেন। তাই আমার বামপন্থী সদস্য যাঁরা এপাশে বসে আছি আমরা এখানে জোর করে আপনারা এই সংসদীয় গণতন্ত্রের যে কবর রচনা করেছেন তার বিরুদ্ধে আমাদের বলিষ্ঠকণ্ঠে প্রতিবাদ জানাই এবং কারাগারের অভ্যন্তরে যাঁদের আপনারা পাঠিয়ে দিয়েছেন আপনাদের দলীয় স্বার্থকে চরিতার্থ করবার জন্য সেই মাননীয় সদস্যদের বিধানসভায় যতক্ষণ ফিরিয়ে না আনছেন ততক্ষণ আমরা এখানে কোনরকম কাজ চলতে দিতে পারি না। মিঃ স্পীকার, স্যার,সে জন্য আমি আপনার মাধ্যমে এই অনুরোধ করব যদি সত্যই সংসদীয় গণতন্ত্রের মূল্য এতটুকু আপনাদের কাছে থাকে, যদি তাকে হত্যা করতে না চান, যদি তাকে ছুরিকাঘাত করতে না চান, যদি আমাদের গণতান্ত্রিক আদর্শকে বাঁচিয়ে রাখতে চান তাহলে বিধানসভার যাঁরা সদস্য, পরিষদের যাঁরা সদস্য তাঁদের ফিরিয়ে আনুন এবং বিধানসভার যাঁরা সদস্য তাঁরা যতক্ষণ তাঁদের আসন গ্রহণ না করছেন ততক্ষণ সংসদের কোন কাজ আমরা চলতে দিতে পারি না এবং সেটা চলবে না সে কথা আমি আপনাদের জানিয়ে দিতে চাই।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, গতকাল আপনি মুলতুবী প্রস্তাবের মঞ্জুরী দেন নি, আজকে একটা মুলতুবী প্রস্তাব এসেছে তারও মঞ্জুরী আপনি দিলেন না। গতকাল আমরা দেখলাম যে, প্রফুল্লবাবু, চীফ মিনিস্টার, তিনি এই কক্ষে ছিলেন না এবং পরিষদেও ছিলেন না। আজকেও আমরা তাঁকে দেখছি না। অথচ এমন কি মূল্যবান সময় যাতে এই আইনসভা চলার সময় তাঁকে পাওয়া যাচ্ছে না? এমন মূল্যবান সময় যে, তিনি আই জি বা ডি আই জি তাঁদের সঙ্গে পরামর্শ করে ডি আই আরের আশ্রয় নিয়ে এই সভার যাঁরা সদস্য বা পরিষদের যাঁরা সদস্য তাঁদের গ্রেপ্তার করবার ষড়যন্ত্র করতে পারেন, কিন্তু এই কক্ষে আসতে পারেন না। তিনি যখন পরিষদীয় গণতন্ত্রের কথা বলেন তখন বিরোধী সদস্য বার বার একটা কথা জানতে চাইছেন যে, যখন আইনসভার অধিবেশন চলছে পরিষদের অধিবেশন চলছে তখন এই সরকার এই মন্ত্রিসভা ২৫ তারিখের হরতাল সম্বন্ধে কি পলিসি গ্রহণ করেছেন সেটা তাঁরা বলুন। মুলতুবী প্রস্তাবের ভেতর দিয়ে যখন এই দাবি উঠেছে, সেই বিষয়ে আলোচনা করার যখন দাবি উঠেছে তখন তাঁর এতই মূল্যবান সময় যে, তিনি সেই পরিষদের কোন কক্ষে না আইনসভায় না পরিষদে উপস্থিত থাকতে পারছেন না, তিনি অন্য কোন জায়গায় খুব সংগোপনে হয়ত ডি আই আরের আশ্রয় নিয়ে কিভাবে কার বিরুদ্ধে ষড়যন্ত্র করা যায়, সে সম্বন্ধে চিন্তা করছেন। বাংলাদেশের স্বাধীন প্রশাসনের আমলে মুখ্যমন্ত্রীই বটে। তাঁরা সংসদীয় গণতন্ত্রের বড় বড় কথা বলেন কিন্তু সেই সংসদীয় গণতন্ত্রকে প্রহসনে পরিণত করবার চেষ্টা করছেন। মাননীয় কংগ্রেস সদস্য কেউ কেউ বলেছেন তাঁর মূল্যবান সময়, সেজন্য তিনি আসতে পারেন নি।

মাননীয় স্পীকার মহাশয়, চাষবাসের ব্যবস্থা যে ওঁরা কতখানি করেছেন তা আপনি দেখছেন প্রত্যেকটা জিনিসের দাম বেড়ে গেছে, নির্ধারিত মূল্যে চাল বিক্রি হচ্ছে না, তেল, আটা পাওয়া যাচ্ছে না, বিভিন্ন মফস্বল শহরে রেশনের দোকান মারফৎ যে আংশিক আটা সরবরাহের ব্যবস্থা ছিল সেটাও ফেল করেছে—এই অবস্থা যে চলছে এটা সবাই জানেন। এই হাউসে যাঁরা মফঃস্বলের খবর পান তাঁরা জানেন যে বিভিন্ন জায়গা থেকে টেলিগ্রাম এসেছে, কাগজগুলি এসেছে যে জলপাইগুড়ি জেলাতে আটা পাওয়া যাচ্ছে না। সুতরাং এই তো ব্যবস্থা করছেন এবং এই ব্যবস্থা করার জন্য মুখ্যমন্ত্রীকে পালিয়ে পালিয়ে বেড়াতে হচ্ছে পাছে বিরোধীপক্ষের কথার জবাব দিতে হয়। মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে বলেছেন যে কংগ্রেসপক্ষের পক্ষে বিরোধী সদস্যদের সমর্থনে লোকে একেবারে যেন কাতারে কাতারে দাঁড়িয়ে আছে, কংগ্রেসের পেছনে সব লোকজন আছে। কংগ্রেসের পেছনে যদি লোকজন থাকে তাহলে আপনাদের রেডিও আছে, রেডিও মারফত

আপনারা জনসাধারণের কাছে আবেদন করতে পারতেন যে, ২৫এ তারিখের হরতালের মধ্যে তোমরা যেও না, তাতে জনসাধারণ নিশ্চয়ই সমর্থন করতো যদি তাঁরা আপনাদের পক্ষে থেকে থাকেন। কেন ডি আই রুলস প্রয়োগ করছেন আপনাদের রেডিও আছে, কাগজ আছে, আপনারা অহরহ প্রচার করতে পারতেন, আবেদন করতে পারতেন তাই দিয়ে। আপনারা গণতন্ত্রের কথা বলছেন কিন্তু সেদিকে নিশ্চিন্ত হতে পারেন নি। আপনারা আপনাদের দিল্লীর বড় রাজমিস্ত্রীকে এখানে আনিয়ে এই দমননীতি চালানোর গ্রাউন্ডওয়ার্ক তৈরী করবার জন্য ময়দানে মিটিং ডাকিয়ে তাঁর মুখ দিয়ে বলিয়ে নিলেন যে কিভাবে কি করতে হবে সেই কথাগুলি। লজ্জা করে না আপনাদের, বড় রাজমিস্ত্রী কংগ্রেসের বড় ইমারতকে যিনি ঠিক রেখেছেন সেই শাস্ত্রীজী, তাঁকে আনিয়ে তার মুখ দিয়ে এই কাজটা করাবার চেষ্টা করেছিলেন যে কিভাবে দমননীতির রথযাত্রা চালানো যায় জনসাধারণের উপর এবং বিরোধী সদস্যদের উপর এবং তিনি কোলকাতা-হাওড়ার সঙ্গে সঙ্গে আপনারা ৯৫ জন লিডিং মেম্বার্স ট্রেড ইউনিয়নের, বিভিন্ন পলিটিক্যাল পার্টির, এই পরিষদের এবং আইনসভায় যাঁরা সদস্য তাঁদের নিয়ে ৯৫ জনকে গ্রেপ্তার করেছেন। লজ্জা করে না আপনাদের, লজ্জা করে না ট্রেজারী বেঞ্চে যাঁরা বসে আছেন তাঁদের। গণতন্ত্রের বড় বড় কথা আপনারা বলেন, সংসদীয় গণতন্ত্রের বড় বড় কথা আপনারা বলেন, আজকে জবাব দিন কেন আপনারা ডি আই রুলের আশ্রয় নিয়েছেন, কোন কারণে ডি আই রুলের আশ্রয় নিয়েছেন? এ পর্যন্ত এক হাজার পার হয়ে গেছে অ্যারেস্টের সংখ্যা—এই অবস্থা চলছে। সেজন্য মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছ থেকে মুলতবী প্রস্তাব মারফত তার আলোচনা চাচ্ছিলাম। এটা গুরুত্বপূর্ণ এজন্য যে কালকে হরতাল হবে, এরকম উগ্র দমননীতি যদি আপনারা চালান সেই দমননীতির জবাব তারা দেবে এবং আপনারা যদি গণতান্ত্রিক পথে, আইনসঙ্গত পথে তাঁদের চলবার সুযোগ না দেন তাহলে জনসাধারণের উগ্র রোষ সেই অন্ধকার গোপন গুহাপথে তার নিজের বিস্ফোরণের জন্য অপেক্ষা করবে সেকথা ভুলে যাবেন না। মাননীয় স্পীকার মহাশয়, আমি চাই অতীতকালের কথা বলছি, অতীতকালের কথা স্মরণ করিয়ে দিতে চাই এখানে কংগ্রেস সদস্যদের এবং বিশেষ করে ট্রেজারী বেঞ্চে যাঁরা বসে আছেন তাঁদের যে যখন বাইরে অসন্তোষ প্রকাশের আইনসঙ্গত পথ রুদ্ধ করে দেওয়া হয় যখন অসন্তোষ, বিক্ষোভ প্রকাশের সমস্ত আইনসঙ্গত পথকে বন্ধ করে দেওয়া হয়, যখন দমননীতির রথচক্র চালিয়ে শাসন কর্তৃপক্ষ জনসাধারণের সমস্ত দাবীদাওয়া স্তব্ধ করে দিতে থাকে তখন সন্ত্রাসবাদের জন্ম হয়েছে। ইংরাজ রাজত্বে যে ঐতিহাসিক পটভূমিতে সন্ত্রাসবাদের জন্ম হয়েছিল সে কথাটা আপনারা কেউ ভুলে যাবেন না। মাননীয় খগেনবাবু, আপনি বৃদ্ধ, প্রবীণ কংগ্রেস নেতা, আপনি ভুলে যাবেন না, সেই অতীত ইতিহাসের কথা নিশ্চয়ই আপনার মনে আছে এবং অজয়বাবুরও নিশ্চয়ই সেকথা মনে আছে যে কিভাবে মানুষ বেআইনী রাস্তা গ্রহণ করে, কোন অবস্থার মধ্যে পড়ে। আপনারা সংসদীয় গণতন্ত্রকে প্রহসনে পরিণত করে সেই জায়গাতে বাংলাদেশের জনসাধারণকে, বাংলাদেশের যুবশক্তিকে, বাংলাদেশের তরুণকে ঠেলে দিচ্ছেন একথা জেনে রাখবেন।

[3-50—4 p.m.]

আপনারা দুর্নীতির চরম পর্যায়ে চলে গিয়েছেন। দেশের জনসাধারণের যে মৌলিক দাবীদাওয়া সেগুলির মীমাংসা করতে পারছেন না। আবার অন্য দিকে বেআইনী রাস্তায় গিয়ে আপনারা বাহাদুরী দেখাবার চেষ্টা করছেন, আপনাদের আসন ঠিক রাখার জন্য, ডি আই রুলস-এর আওতায় গিয়ে বলছেন দেশের আইন ও শৃঙ্খলা ঠিক রাখার জন্য এইসমস্ত ধর-পাকড় করতে হচ্ছে। এই প্রহসন দেশের মানুষ আর বেশীদিন সহ্য করবে না।

মাননীয় স্পীকার মহাশয়, সেইজন্যই বিশেষ করে ২৫এ তারিখে অর্থাৎ কালকে হরতাল ডাকা হয়েছে। কালকে আমাদের আইনসভা চলবে কিনা সে বিষয় প্রশ্ন আছে। সমস্ত কিছু একটা অনিশ্চিত অবস্থার মধ্যে যাচ্ছে। সব দিক বিবেচনা করে সেইজন্যই মাননীয় স্পীকার মহাশয় আপনার কাছ থেকে আশা করেছিলাম যে আপনি একটা সুযোগ করে দেবেন যাতে করে এই হাউসের মধ্যে এ সম্বন্ধে আজকে একটা আলোচনা হতে পারে। এই সুযোগটা হলে ওঁরাও জবাব দিতে পারবেন, যে হ্যাঁ, কেন ডি আই রুলস তাঁরা প্রয়োগ করছেন? কেন ডি আই রুলস-এর আশ্রয় নিতে হচ্ছে বলতে পারবেন? সেইজন্য স্পীকার মহাশয়, আপনার কাছে অনুরোধ করেছিলাম আপনার ডিসিসন পুনর্বিবেচনা করবার জন্য, সেটা দেখুন। অন্য দিকে কি বলবেন

আপনারা? কর্পোরেশনের মধ্যে কি ব্যাপার চলেছে? স্বর্গত চিত্তরঞ্জন দাস ও নেতাজী সুভাষ-চন্দ্রের যে কর্পোরেশন, যে কর্পোরেশনের মধ্যে কোনদিন পুলিশ ঢোকবার সাহস পায় নি, আজ সেখানে পুলিশ প্রবেশ করে লোককে মারধর করে লোককে ধরে নিয়ে যেতে সাহস পায়।

মিঃ স্পীকার, স্যার, আপনিত জানেন, আপনিও একদিন সেই কর্পোরেশনের মেয়র ছিলেন; আপনার সময়ও কর্পোরেশনে কর্মচারীরা তাদের দাবীদাওয়া নিয়ে আপনার কাছে উপস্থিত হয় এবং আপনাকে ঘিরে ধরে।

Mr. Speaker:

আপনি ঐটা এখন বলবেন না। ওটা আজকের আলোচনার বিষয়বস্তু নয়।

Shri Nani Bhattacharjee:

একই জিনিসের আওতার মধ্যে পড়ে যাচ্ছে। সেটার সম্বন্ধে কি জবাব দেবেন ওঁরা, আমরা শুনবো। আপনাদেরই পুলিশ সেখানে লাঠি চালাচ্ছে। অন্য দিকে ডি আই আর-এর আশ্রয় নিয়ে পুলিশ গ্রেপ্তার করছে, দমননীতি চালাচ্ছে। আপনারা এর জবাব দিন। এবং সেই জবাব দেবার সুযোগটা আনবার জন্য স্পীকার মহাশয়, আপনার কাছে আবেদন করছি যে আপনার সিদ্ধান্ত আপনি পুনর্বিবেচনা করুন।

[Noise and interruptions]

Shri Bijoy Kumar Banerjee:

মিঃ স্পীকার স্যার, এ সম্বন্ধে কালকে ঐ কথাই উঠেছিল। আজকেও ঐ অ্যাডজোর্নমেন্ট মোশানটা আলোচনা করবার এই বিধানসভার সভ্যদের আছে।

[Noise and interruptions]

মিঃ স্পীকার স্যার, অ্যাডজোর্নমেন্ট মোশান দেবার আইনগত অধিকার এই বিধানসভার সদস্যদের আছে এবং আইনে এই কথাও আছে যে কি কারণে সেটা নাকচ হল, স্পীকার ইচ্ছা করলে জানাতে পারেন। কিন্তু গতকাল এইরকম একটা অ্যাডজোর্নমেন্ট মোশান সম্বন্ধে আপনি বললেন এটা ডিসঅ্যালাউড হল। অর্থাৎ আপনি তাতে মত দেন নি। আজকেও তাতে মত দেন নি। অবশ্য আপনি মত দিতে পারেন, আবার মত নাও দিতে পারেন, সেটা আপনার ইচ্ছা। কিন্তু, আজকে আমরা এই যে গণতান্ত্রিক সভায় বসে আছি, এখানে কি এইরকমভাবে কাজ চলবে? এটা কি হচ্ছে? সেই ইংরাজ আমলের নীতি, আজকে যারা অনুসরণ করে চলেছেন এরাই সেদিন ইংরাজ আমলের নীতির বিরুদ্ধাচরণ করেছিলেন। কিন্তু আমরা স্বাধীনতা লাভ করবার পর, আমরা স্বদেশী শাসকরা, সেই বিদেশী ইংরাজ আমলের নীতি অনুসরণ করে চলেছি, এটা বড়ই দুঃখের বিষয়। আমরা স্বাধীনতা সংগ্রামে লড়েছিলাম ভারতবর্ষের প্রতিটি মানুষের স্বাধীনতা অর্জন করবার জন্য। কিন্তু এই ধরনের স্বাধীনতা কি আমরা চেয়েছিলাম? স্যার, আজকে স্বাধীনতা অর্জন করবার পর, যাঁরা আজকে মন্ত্রীসভা উজ্জ্বল করে বসে আছেন, তারা আজকে জনসাধারণের পিছনে পুলিশ লেলিয়ে দিচ্ছেন। যার পিছনেই তাঁরা পুলিশ লেলিয়ে দিন এই বিধানসভার সদস্য হিসাবে সেটা আমাদের জানবার অধিকার আছে—কেন? কি কারণে এ বিধান-সভা চলাকালীন এখানকার সদস্যদের গ্রেপ্তার করা হয়েছে? আপনি এখানে হাতুড়ি নিয়ে বসে আছেন, আপনাকে অধিকার দেওয়া হয়েছে—এই হাউস চালাবার। আপনি যে কোন সদস্যকে আইন অনুসারে বাধ্য করতে পারেন। আপনি মুখ্যমন্ত্রী মহাশয়কে একবার এখানে আসবার জন্য ডেকে পাঠান। দেশের মানুষের কথা, বিরোধী পক্ষের তরফ থেকে বার বার বলা হচ্ছে—তাঁকে, তিনি এখানে এসে সমস্ত বিষয়টা পরিষ্কার করে বলুন। তিনি বাংলাদেশের একজন মুখ্যমন্ত্রী, তিনি এখানে কেন আসছেন না? আজকে এখানে যে প্রশ্ন তোলা হয়েছে, সেটা স্বাধীন দেশের অধিকারের প্রশ্ন। আজকে আমরা যে প্রশ্ন তুলেছি, সেটা স্বাধীন দেশের নাগরিকের প্রশ্ন। আজকে এ নয়, আমরা জানি আপনারা যাঁরা আজকে ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছেন তাঁরা

নিজেদের আইনমত অন্য লোককে সেই আইনের তলে ফেলবেন ও নিজেরা সুখ ভোগ করবেন। তা করুন, কিন্তু স্যার, আমরা জানতে চাই যে আপনি এই যে অ্যাডজোর্নমেন্ট মোশন রিফিউজ করলেন তার কি কারণ আছে। অবশ্য আপনার ডিসক্রিসান থাকতে পারে, কিন্তু আইনে লেখা আছে, discretion to be exercised discretly and not perversely স্যার, আপনি যদি সে কারণ না দেখান তাহলে আমরা কি করে জানবো কেন এই আইনগত অধিকার থেকে এই অ্যাডজোর্নমেন্ট মোশান-এর আমরা আপনার সম্মতি পাবো না। এইরকম সম্মতি সেদিন কাউন্সিল-এ দেওয়া হয়েছে। এ সমস্ত অন্য জায়গায় দেওয়া হয়। বিলাতে যারা ডেমোক্র্যাসি জানে, যারা মানে বোঝে, সেই সমস্ত দেশে, পার্লামেন্টারী প্র্যাকটিস খুলে দেখুন মে'জ পার্লিয়ামেন্টারী প্র্যাকটিস-এ তা আছে, এইরকম সময়ে অ্যাডজোর্নমেন্ট মোশন তারা অ্যালাউ করে। কিন্তু আজকে আমাদের এটা কি দেশ, সেখানে আমরা জানতে পারছি না, আমাদের যাঁরা সহকর্মী, আজকে কেন তাঁদের ধরা হয়েছে এ জানতে আমরা পারবো না। কিসের আপনাদের আইন, কি আইন আপনারা এখানে করতে এসেছেন? আপনারা বলবেন না কেন তাঁদের ধরা হল। আমরাত আর কোন জিনিস জানতে চাই না। যদি তাঁদের বিরুদ্ধে কোন চার্জ থাকে, আপনারা ধরুন, আপনারা রাষ্ট্র পরিচালনায় যা করতে চান করুন। কিন্তু আপনারা জানবার পর্যন্ত সুযোগ দিচ্ছেন না। এইরকম একটা বড় প্রহসন। এত বড় একটা অ্যাসেম্বলী, এটা নিরর্থক অ্যাসেম্বলী, এর কোন মানে হয় না। আজ হয়ত ক্ষমতায় বসে আছেন কাল অন্য লোকরা বসতে পারে, কিন্তু তাই বলে আজকে এই বিধানসভার যে মান, যে সম্মান, যে ট্র্যাডিসন, তা আপনারা ভাঙ্গতে চলেছেন। আমরা জানতে পারছি না কেন আমাদের এই সহকর্মী বন্ধুদের ধরা হয়েছে। কোন কারণে তাঁদের ধরা হয়েছে একথা জানবার আমাদের অধিকার আছে। আর আপনি ওখান থেকে বলে দেবেন অ্যাডজোর্নমেন্ট মোশান ডিসঅ্যালাউড তাহলে কোথায় আমরা বলবো? কার কাছে আমরা প্রতিবাদ জানাবো। সুতরাং আমি আপনার কাছে এই অনুরোধ করছি আপনি এই হাউস-এর ট্রেডিসন, এই ডেমোক্র্যাসির ভালভাবে যে রূপ দেওয়া উচিত, আপনারা রূপ দিন। আমি রাজনীতির কথা বলছি না। ঐখানে বসে হাসা সোজা, আর একটা যদি শক্তি থাকতো, ঐ দলের ঐসব লোকদের গ্রেপ্তার যদি করতো তাহলে আর মুখে হাসি থাকতো না। জানেন, আপনাদের সৈন্য, আপনাদের পুলিশ, অন্য লোককে ধরবে, আপনাদের ধরবে না। এই যদি হয় তাহলে আজকে আমাদের সহকর্মী বন্ধু যাঁরাই হোন, যে দেশের হোক, তাঁরা যদি কোন দোষ করে থাকে, আপনারা বলুন যে কি অপরাধে তাঁদের ধরা হয়েছে? যাতে আপনারা বলে দিন যে এই হরতালকে আমরা ইললিগ্যাল ডিক্লেয়ার করেছি, তাই জন্য আমরা এটা করেছি। এই হাউস-এ ঐ বিধানসভা চালু থাকাকালীন বহুবার হরতাল হয়েছে। ডাঃ রায়ের সময় অনেকবার হরতাল হয়েছে এইসব প্রশ্ন তখন উঠে নি। হরতাল আমাদের গণতান্ত্রিক অধিকার। আমরা যদি আজকে এই সরকারের অকর্মণ্যতার জন্যে, মানুষের খাবারের জন্যে, মানুষের জীবনের জন্যে আমরা যদি তাদের প্রতিবাদ করবার জন্য বলতে না পারি তাহলে এত বড় একটা ঠাণ্ডা ঘরে এইসব প্রহসন করার কোন দরকার নেই। আমার মনে হয় দেশের মানুষকে বলা উচিত এই বিধানসভা একটা প্রহসন, এই বিধানসভায় মানুষের কোন উপকার হবে না। এই বিধানসভায় দেশের সর্বনাশ হবে। সুতরাং এইখানে বিরোধী সদস্যদের কোন মান নেই, কোন পজিসন তাঁদের দেওয়া হয় নি। আজকে, মিঃ স্পীকার, স্যার, আপনার অসহায়তা দেখে আমার দুঃখ হয়। আজকে আপনার এমন ক্ষমতা নেই আপনি চীফ মিনিস্টারকে এইখানে ডেকে বলুন যে এইসব প্রশ্ন উঠেছে আপনি তার জবাব দেন। যদি তার কারণ থাকে তিনি বলুন। কিন্তু এ কি আশ্চর্যের কথা যে এতগুলি লোক প্রশ্ন জিজ্ঞাসা করছে কেন ধরালে, কি হল, কোন কথা আমরা জানি না। নির্বাক হয়ে সব বসে আছেন, কোন কথাটি বলবেন না, আপনারা আইন পাশ করুন, আমাদের কোন সহযোগিতা কোন আইন পাশে আমরা করবো না, এই খালি ঘরে বসে আপনারা আপনাদের লোক দিয়ে সব আইন পাশ করে নিন কোন আপত্তি আমাদের তাতে থাকবে না।

[4—4-10 p.m.]

শ্রীদেবীপ্রসাদ বসু: মাননীয় স্পীকার মহাশয় আমি এই মুলতবী প্রস্তাবের পক্ষে কিছু বলতে চাই। যে সরকার শহর এবং গ্রামের লোককে উপবাসী রাখছে, যে সরকার শহর এবং গ্রামের লোককে ধরে বেঁধে জেলে পাঠাচ্ছে সেই সরকারকে যখন দেখি সেই গ্রামের লোককে গ্রামাঞ্চল

করবেন বলে এই হলের ভেতর গ্রামদান ফিল্ম নিয়ে আসেন তখন মনে হয় এর চেয়ে পরিহাসের বিষয় আর কিছু থাকতে পারে না। এই যে হরতাল হবে এটা হবেই, কেউ আটকাতে পারবে না। আপনারা যতই গ্রেপ্তার করুন, একে আটকাতে পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দিকে তাকিয়ে কেউ কেউ মুখ ভেংচোচ্ছে এবং দাঁত বার করে প্রমান করছে তাঁদের দাঁত মাণিকের কিনা। এটা পরে প্রমাণিত হবে। স্যার, এঁরা মনে করেছেন সামনে স্টেট বাস এবং ট্রাম রেখে তার পেছনে সশস্ত্র পুলিশ রেখে আত্মরক্ষা করবেন এবং মন্ত্রীসভাকে টিকিয়ে রাখবেন। আজকে যাঁরা বীর রসের অবতারণা করছেন এবং বলছেন হরতাল হবে না তাঁরা যদি সোজাসুজি রাস্তায় নেমে হরতাল ঠেকাতে যান তাহলে তাঁদের আর কাপড় থাকবে না—আন্ডার ওয়েয়ার পরে বাড়ি যেতে হবে। কাজেই বলছি এই কাজ বন্ধ করুন। আজকে এটা অনস্বীকার্য যে বাংলাদেশ ব্যাপি জনতা হরতাল করতে দৃঢ়প্রতিজ্ঞ এবং নেপালবাবুকে বলছি তাঁর এলাকায় যে সিংহবাহিনী দেখে এসেছি তিনি এবার কংগ্রেস অসুর বধ করবেন। যা হোক, এখন আমার বক্তব্য হচ্ছে বিধান সভার এবং বিধান পরিষদের সদস্যদের যেরকম অন্যায়ভাবে গ্রেপ্তার করা হয়েছে, হচ্ছে এবং আজকেও হবে সে বিষয়ে আমরা যে মুলতুবী প্রস্তাব এনেছি সেটা আলোচনা করবার সুযোগ দেওয়া হোক এবং অধিবেশন মুলতুবী থাক।

শ্রীগোপাল ব্যানার্জীঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি যে এ্যাডজোর্ন মোসন দিয়েছি তার কারণ হচ্ছে অপূর্ববাবু যে ধরনের কথা বললেন আমাদের ওখানেও সেই ঘটনা ঘটেছে। আমাদের মিউনিসিপ্যালিটির একজন কমিশনার বাজার থেকে যখন আসছেন হঠাৎ তাঁকে ঘিরে ফেলে গ্রেপ্তার করা হোল। তিনি একজন স্কুল টিচার এবং সকাল থেকে বাড়িতে ছিলেন, তাঁর বিরুদ্ধে যদি কোন অভিযোগ থাকত তাহলে এরকমভাবে করা যেত। স্যার, কাল থেকে দেখছি এঁরা একটা টেরর সৃষ্টি করেছে এবং যাদের গ্রেপ্তার করছে তার মধ্যে রাজনৈতিক কর্মী আছে এবং সাধারণ শ্রেণীর লোকও আছে। আমরা দেখলাম যেদিন লাল বাহাদুর শাস্ত্রী বললেন হরতাল কোরো না, সেদিন থেকে এঁরা এই অ্যারেস্ট করতে আরম্ভ করেছে। টিটাগড় এলাকায় সেখানে চাল এক টাকা চার আনায় নেমেছিল সেখানে এখন ১ টাকা ৩০ নয়া পয়সা, ১ টাকা ৪০ নয়া পয়সা দরে খোলা বাজারে বিক্রি হচ্ছে। (দয়ারাম বেরীঃ না, না, হরতাল হবে না) দয়ারাম বেরীর মত কিছু মুর্খ লোক থাকতে পারে যারা একথা বলছে, কিন্তু আমরা জানি ওঁরা যে পদ্ধতি নিয়েছেন এবং যে দাম বেঁধে দিয়েছেন সেই দামে চাল পাওয়া যায় না। স্যার, আমি এই দয়ারাম বেরী এবং কৃষ্ণকুমার শুক্লাকে বলেছিলাম, ৭৬ নয়া পয়সা দরে চাল বিক্রি না হলে ১ টাকা এবং তার বেশী দরে বিক্রি হচ্ছে আপনারা চলুন। তখন তাঁরা বললেন সব লোককে আপনার বাড়ি পাঠিয়ে দেব। তারা গভর্নমেন্টের নির্ধারিত দামে—৭৬ নয়া পয়সায় চাল বিক্রি কোরো না, সেদিন থেকে এঁরা এই অ্যারেস্ট করতে আরম্ভ করেছে। টিটাগড় এলাকায় যেখানে যায় তাহলে ড্রাই হয়ে যাবে সেই দয়ারাম বেরী সেই কৃষ্ণকুমার শুক্লা এখানে বসে হুংকার ছাড়তে পারেন কিন্তু তাদের এত ক্ষমতা নাই যে তারা গিয়ে টিটাগড়ে ৭৬ নয়া পয়সায় চাল দিতে পারেন। তারা পারেন নি। যাঁরা পেরেছিলেন তাদের বিরুদ্ধে পুলিশ হুমকী দিচ্ছে। তাদের হুমকী শুধু দয়ারাম বেরি কেন, তাদের এখানে যত সাকরেদ আছে, গুরু আছে, টিটাগড়ে গিয়ে ৭৬ নয়া পয়সায় চাল দিতে পারেন কিনা, ওপেন মার্কেটে চাল দিতে পারেন কিনা দেখুন। আমাদেরকে চ্যালেঞ্জ দিয়ে কোন লাভ নাই। আমরা চালেঞ্জ করছি যারা তাদের বন্ধু, যারা হরতালের বিরোধিতা করেন, যারা চেষ্টা করলে আজকে দেড় টাকা করে চাল বিক্রি করতে সাহস পেত না। কিন্তু আজকে টিটাগড়ে তাই হচ্ছে। এই হচ্ছে আজকের ঘটনা। এরা আজকে এখানে কৃতিত্ব দেখাতে চায় কিন্তু এটা বুঝছে না, আজকে ঘটনা কোন দিকে যাচ্ছে। যারা কংগ্রেসের লোক তারা দাঁত বের করে, খুব বেশী রকমের উল্লাস প্রকাশ করছেন, কিন্তু তাদের মনুষ্যত্বের যদি সামান্যতম অবশিষ্ট থাকত তাহলে আজকে আইন ও শৃঙ্খলা রক্ষার জন্য যে গলাবাজী করছেন তখন ৭৬ নয়া পয়সার চাল দেড় টাকায় বিক্রি হচ্ছে, এই যখন অবস্থা তখন তাদের গলাবাজী কোথায় থাকে? তারাই চাল দেড় টাকায় বিক্রি করতে সাহায্য করছেন, এই যাদের ভূমিকা তাদের এত বড় লম্বা-চওড়া কথা বলা সাজে না। প্রফুল্লবাবুকে জিজ্ঞাসা করা হয়েছিল ওপেন মার্কেটে প্রাইস কত? তিনি বলেছেন দাম বেঁধে দিয়েছি, ৭৬ নয়া পয়সার বেশী দরে বাংলাদেশের কোথাও চাল বিক্রি হচ্ছে না। হাজার হাজার এলেকায় সবাই ঘুরে দেখুন চাল কত দরে বিক্রি হচ্ছে, সুতরাং মিথ্যা

কথা বলে এইরূপভাবে ব্ল্যাক মার্কেটকে সাহায্য করবেন তাতে আশ্চর্য নেই। কিন্তু যে ভয়ঙ্কর পরিণতির দিকে যাচ্ছেন, ইন্ডাস্ট্রিয়েল বেল্টে যে পদ্ধতি নিয়েছেন তাতে বহু বেশী দিতে হবে। আজকে এসব বাজে কথা বস্তা পচা কথা প্রচার করা হচ্ছে যে সাধারণ লোকের একদিনের রুজি রোজগার যাবে, আমি বহু লোককে প্রশ্ন করে একথা জেনেছি, আমি তাদের বলেছি সরকার এটা বলেছে তাতে তোমাদের কি? ৫১ নয়া পয়সার চাল এক টাকা চার আনায় বিক্রী হচ্ছে তাতেইতো মাসে ৩০ টাকা পকেট থেকে চলে যাচ্ছে, তাদেরকে বলা হচ্ছে আড়াই টাকা লোকসান যাবে। এরা যে উপহাস করে তাতে দয়ারাম বেরির মত লোককে যদি সামনে পেত তাহলে থুতু ছুড়ে দিত। আজকে আলুর দাম ১·১০ নয়া পয়সা ১·১২ নয়া পয়সা কিলো, সেখানে ওরা দেখাচ্ছে আড়াই টাকা লোকসান যাবে। পটল এক কেজি দেড় টাকা, আমি আলুর কথাই বলি যারা আলু কিনছে তারা গত বছরের তুলনায় ৬০ নয়া পয়সা বেশী দিয়ে কিনছে কিলো প্রতি। কাজেই যে আড়াই টাকার ভয় ওরা দেখাচ্ছেন সেটা তো তিনদিনে উঠে যায়। সুতরাং এই ছেঁদো কথা বলে কেন প্রতারণা করছেন লোকদের। সেজন্য আলোচনার সুযোগ চেয়েছিলাম, আপনারা দেশকে মারাত্মক পরিণতির দিকে নিয়ে যাচ্ছেন, অনাসৃষ্টির দিকে নিয়ে যাচ্ছেন এবং আগামী দুমাস যখন ভয়ঙ্কর অবস্থা তখন দু টাকা করার দিকে রাস্তা খুলে দিচ্ছেন, সেজন্য এ জিনিস আলোচনা করতে দেওয়া উচিত। শুধু তাই নয়, এর চেয়ে অগণতান্ত্রিক অবস্থা যা আছে টেরার সৃষ্টি করা সেটাই করছেন, যারা অসৎ ব্যবসায়ী তাদের মুক্ত করে দিচ্ছেন। এই যে

matter of urgent public importance and recent occurrence.

বলে আমরা মোশন দিয়েছি সেটাই আলোচনা করতে অনুমতি চাইছি, কিন্তু আপনি কেন অনুমতি দিলেন না তার কারণ সরাসরি আমাদের কাছে বলেন নি, শুনলাম ডি আই আর-এর ব্যাপার বলে বলেছেন, কিন্তু আমি কোন ডি আই আর-এর কথা তুলি নি। তাই কথা হচ্ছে আলোচনার সুযোগ দিন। এটা ডি আই আর-এর কথা না বলে পি ডি অ্যাক্টের কথা বলতে পারতেন, কিন্তু যেভাবেই করুন না কেন এর সামাজিক প্রতিক্রিয়া কি?

[4-10—4-45 p.m.]

একটা অরাজকতা বন্ধ করার নামে আপনারা এই যে করছেন এতে দেশকে একটা বিরাট অরাজকতার দিকে ঠেলে দিচ্ছেন? তাঁরা বলছেন যে এক দিনের জন্য ১০ কোটি টাকা লোকসান হবে। স্যার, এক এক দিনে যারা কিলোগ্রাম প্রতি চালে এক টাকা ব্ল্যাকমার্কেটিং করেছে তারা কত টাকা দেশের লোকের সর্বনাশ করেছে সেটা আপনি বিচার করুন। আজকে যাঁরা গণতন্ত্রের বড় বড় কথা বলেন, ৩৫ কোটি টাকা ৩০ কোটি টাকা যাঁরা অ্যাডমিনিস্ট্রেসান চালাবার জন্য নেন তাঁদের লজ্জা করে না বলতে যে ১০ কোটি টাকা লোকসান হবে? এই যে এত অফিসার আছে, থানা অফিসার, এস ডি পি ও, এস ডি ও, এঁরা করছেনটা কি? কোনখানে চালের দাম কমাতে পেরেছেন? তাঁরা আবার ওদিক থেকে বড় বড় কথা বলেন। লজ্জায় মাথা হেঁট হয়ে যাওয়া উচিত। স্যার, এঁদের কাছে হাজার কোটি টাকা দেওয়া হয়েছিল কৃষি উৎপাদন করতে, এঁরা ব্যর্থ হয়েছে। এঁরা ভিক্ষা ভাণ্ড হাতে নিয়ে আমেরিকার কাছে যান ভিক্ষুকের মত। দুটো গমের জাহাজ যদি ডাইভার্ট করে না আনে তাহলে চালাতে পারেন না। এঁরা রেশনের দোকানে চাল দিতে পারেন না তাঁরা আবার কৃতিত্বের দাবি করেন? সুতরাং আমি এই কথা বলছি ওঁরা যে কৃতিত্ব এখানে দেখাচ্ছেন সেটা ওঁরা দেখাতে পারতেন না যদি ওঁরা একটুখানি সুস্থমস্তিষ্ক থাকত। আমি জানি এর মধ্যে অনেকে আছেন যাঁরা ব্ল্যাকমার্কেটিয়ারদের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত আছেন, তাঁদের মুখ থেকে আমি সবচেয়ে বড় কথা শুনেছি। কংগ্রেস দলের যাঁরা লোক তাঁদের বোঝা উচিত তাঁরা দেশকে কোথায় নিয়ে যাচ্ছেন। এখানে তাঁরাই চিৎকার করছেন যাঁদের সঙ্গে বড় বড় মালিকদের এবং ব্ল্যাকমার্কেটিয়ারদের ঘনিষ্ঠ আঁতাত। কিন্তু কংগ্রেসের মধ্যে বহু লোক আছেন যাঁরা জানেন তাঁদের নিজেদের এলাকায় গেলে লোকের কি অবস্থা। তাঁদের সুস্থ মস্তিষ্কে চিন্তা করা উচিত যে আগামী দিনে কাদের সামাজিকভাবে সাহায্য করছেন, কোন শক্তিকে তাঁরা সাহায্য করছেন। এ দিয়ে কি গণতন্ত্রকে রক্ষা করা যাবে? ব্ল্যাকমার্কেটিয়ারদের সাহায্য করে কি গণতন্ত্রকে রক্ষা করা যাবে? যাদের আজকে আপনারা এইভাবে উৎসাহিত করছেন প্রত্যক্ষভাবে এবং পরোক্ষভাবে, বেশীদিন নেই আপনাদের, গলা টিপে ধরবে, তখন অন্য শক্তির কাছে রাস্তা ছেড়ে দিতে হবে। সেজন্য অর্থনৈতিক এবং গণতান্ত্রিক এই দুই দিক বিবেচনা করে আমি এই কথা বলছি, স্যার, আপনি এটা আলোচনা করতে দিন এবং সুস্থ আলোচনা হোক।

[At this stage the House was adjourned for 30 minutes]

[After Adjournment]

[4-45—4-55]

শ্রীনেপালচন্দ্র রায়ঃ অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, স্যার। আপনি যারা শক্তিশালী মেম্বার তাঁদের ঘণ্টার পর ঘণ্টা বক্তৃতা করতে দিন, কিন্তু যারা রোগাপটকা সোমনাথবাবুর মত তাঁদের যদি ১০-১৫ মিনিটের বেশী বক্তৃতা করতে দেওয়া হয় তাহলে তাঁরা হার্টফেল করে মরে যাবে. শেষকালে আমাদের একটা কন্ডোলেন্স মিটিং করতে হবে। সেজন্য এটা আমার অনুরোধ আপনার কাছে।

STALL HOLDERS MEMORANDUM TO REHABILITATION MINISTER

শ্রীননী ভট্টাচার্যঃ মাননীয় স্পীকার মহাশয়, প্রায় ১ হাজার স্টল হোল্ডার্স যারা শিয়ালদহ থেকে আরম্ভ করে মানিকতলা পর্যন্ত আছে তারা, আপনার কনস্টিটিউয়েন্সির মধ্যে আছে, একটা মেমোর‍্যান্ডাম নিয়ে পুনর্বাসন মন্ত্রীর কাছে দেওয়ার জন্য এসেছে। তাদের কতকগুলি অভিযোগ আছে। আপনি জানেন যে ১৯৬৩ সালে আমাদের রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশান মিনিস্টার আভা মাইতি মহাশয়া এখানে ওদের স্টল ভাড়া সংক্রান্ত ব্যাপারে যে অ্যাসিওরেন্স দিয়েছিলেন এবং তাদের ওখানে যে সিকিউরিটি অর্থাৎ তাদের নানা ধরনের স্টল আছে সে সম্বন্ধে একটা মেমোর‍্যান্ডাম নিয়ে এসেছে এবং সেটা তারা পাঠিয়ে দিয়েছে। আমি আপনার মারফত সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে অল রেডি মানিকতলায় বহু স্টলকিপার উচ্ছেদ হয়ে গেছে, তারাও উচ্ছেদের আশঙ্কা করছেন। তাদের যাতে বিকল্প ব্যবস্থা হয়, এই উচ্ছেদ যাতে বন্ধ হয় এবং ১৯৬৩ সালে যে অ্যাসিওরেন্স আভা মাইতি মহাশয়া দিয়েছিলেন সেই অ্যাসিওরেন্স মত যাতে সরকার চলেন সেটা আপনি অনুগ্রহ করে দেখবেন।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ স্যার, আমি এটা সমর্থন করছি।

মিঃ স্পীকারঃ অনর্থক সমর্থন করবেন না, সমর্থনের অকেসান হলে করবেন। ওদের একটা ডেপুটেশান এসেছে।

শ্রীকমলকান্তি গুহঃ মিঃ স্পীকার, স্যার, আমি যে মুলতুবী প্রস্তাব দিয়েছি এবং পুনর্বিবেচনার জন্য আপনাকে বলছি সেটা এই কারণে যে পুলিশ বা ইন্টালিজেন্স ব্রাঞ্চ কিছু না জেনে প্রতিহিংসা নেওয়ার জন্য অ্যারেস্ট করছে। আমাদের কমরেড শৈলেন দে, বেলেঘাটায় বাড়ি, তিনি আজ ২ মাস ধরে টাইফয়েডে ভুগছেন, তিনবার অ্যাটাক করেছে, সিরিয়াসলি টাইফয়েড হয়েছে, সেই শৈলেন দে-কে তুমি হরতালে যোগ দিয়েছ, তুমি স্ট্রাইক করবার জন্য লোককে উত্তেজিত করেছ এই কথা বলে তাঁকে অ্যারেস্ট করবার জন্য পুলিশ আজ তাঁর বাড়িতে গিয়েছিল। তাহলে আমরা বুঝতে পারছি যে পুলিশ কোন খোঁজ রাখে না যে কোন লোক অসুস্থ, কে উত্তেজিত করতে পারে কে পারে না, কার দ্বারা সম্ভব, কার দ্বারা সম্ভব নয় পুলিশ এই ধরনের কোন খবর রাখে না। খালি কোটা পূরণ করতে হবে যেটা অপূর্ববাবু বলেছেন বা প্রতিহিংসা নিতে হবে যেটা কানাইবাবু বলেছেন সেই মনোভাব নিয়ে পুলিশ পাগলা কুকুরের মত ঘুরে বেড়াচ্ছে। আমি সুনীল দাস গুপ্তের কথা বলতে চাই। সুনীল দাস গুপ্তের কনস্টিটিউয়েন্সি হচ্ছে কুচবিহার। তিনি সেখানে কাজ করেন কৃষক এবং শ্রমিকদের মধ্যে, কলকাতা বা কলকাতার আশে-পাশে শহরতলীতে তাঁর কোন ইউনিট নেই, তাঁর কোন ট্রেড ইউনিয়ন নেই। এখানে তাঁকে অ্যারেস্ট করবার কি সার্থকতা আছে আমরা বুঝতে পারছি না। কিন্তু কথা হচ্ছে পুলিশ কিছু জানে না যে কি নীতির উপর অ্যারেস্ট করতে যাচ্ছে। আমরা সেটাই আলোচনা করতে চাচ্ছি যে, অ্যারেস্ট করবার সময় ওরা কি ওয়ারেন্ট নিয়ে যায়, কি নীতির উপর সবাইকে অ্যারেস্ট করছে। মিদমে খবর পেলাম ১-শোর উপরে লোককে অ্যারেস্ট করা হয়ে গেছে। সকাল বেলায় আরো লোককে অ্যারেস্ট করবার জন্য পুলিশ ঘুরে বেড়াচ্ছে। কাজেই আমরা চাচ্ছি আগে এটাই আলোচনা করা হোক।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি আপনাকে এটা বলতে চাই যে, আপনার মনে আছে যে, মুখ্যমন্ত্র আমাদের পরিষ্কারভাবে এখানে বলেছিলেন—কেউ বিশ্বাস করেছেন কেউ করেন নি, কিন্তু উ বলে দিলেন যে, যারা নাকি মজুতদার, মুনাফাখোর, তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বিত হচ্ছে তা হলে এটা কি করে হল যে, যখন হরতাল ধর্মঘট ডাকা হল ২৫শে তারিখে সেই সময় প্র একসঙ্গে আমরা দেখলাম যে, মুখ্যমন্ত্রী সমস্ত চেম্বার্স অব কমার্স, যারা হচ্ছে বড় বড় মজুত দার, বড় মুনাফাখোর, বড় বড় কালোব্যাপারী, যারা আন-অ্যাকাউন্টেড মানি নিয়ে কারব করে তাদের সঙ্গে সংযুক্ত হয়ে তিনি বিবৃতি দিলেন হরতাল ধর্মঘটের বিরুদ্ধে। আমরা খা আলোচনার সময় দেখলাম—এক কয়দিন যেতে না যেতে আবার আমরা দেখলাম সমস্ত উ গিয়ে এখন মুখ্যমন্ত্রী এঁদের সঙ্গে এক হয়ে গেলেন যাতে প্রতিবাদ না হয়, আন্দোলন না হ মজুতদার, মুনাফাখোরদের বিরুদ্ধে যাতে আন্দোলন না হয়, যাতে আমরা নিস্তব্ধ হয়ে যা সেজন্য ওঁরা যুক্ত হয়ে খোলাখুলি এরকম নির্লজ্জভাবে বিবৃতি দিলেন। আমি জানি তাঁরা এত সাহস পেলেন কোথায় যে, একসঙ্গে হয়ে তাঁরা যুদ্ধ ঘোষণা করেছেন জনসাধারণে বিরুদ্ধে এবং সেই কারণে বোধ করি মুখ্যমন্ত্রীকে এখানে দেখা যাচ্ছে না। কাল থেকে বারে বারে বলছি কোথায় তিনি, কোন জায়গায় খুঁজে পাওয়া যাচ্ছে না তাঁকে। আমি যতদূ রিপোর্ট পেয়েছি তিনি হয়ত রাইটার্স বিল্ডিংস-এ, কিম্বা লালবাজারে বা অন্য কোথা পুলিসের সঙ্গে বসে জনসাধারণের বিরুদ্ধে ষড়যন্ত্রের ব্যবস্থা করছেন, যে যদি প্রয়োজন হ তাহলে কিভাবে গুলী করা হবে, বা কিভাবে লাঠিচার্জ করা হবে, কিভাবে মানুষের যে প্রতি বাদ, তাকে স্তব্ধ করা হবে। আমার ধারণা এই ষড়যন্ত্রে তিনি লিপ্ত আছেন। এইজ আজকে অত্যন্ত আশঙ্কার কথা যে, আমাদের অত্যন্ত চরম বিপদের সময় উপস্থিত হয়েছে অর্থাৎ আমাদের অ্যাসেম্বলির মেম্বারদের বিপদের আশঙ্কা রয়েছে এই অ্যাসেমব্লির ভিত এবং বাইরেও। এইজন্যই আজকে আমরা বারবার চাইছিলাম এই মুলতুবী প্রস্তাবের উপ আলোচনা। কারণ, এখানে আলোচনা যদি হত, তাহলে মুখ্যমন্ত্রী মহাশয়কে এখানে আসতে হত এবং তাঁকে জবাবদিহি করতে হত। এই প্রতিবাদের মুখে যে তিনি কেন এই ষড়য করছেন এবং কেন ঐ অতিমুনাফাখোরদের সঙ্গে, কালোবাজারের সঙ্গে তিনি এক হ গেলেন? এটা এখানে তো তিনি বলতে পারতেন এবং আমরাও যা জানি, তা বলতাম। কি সেটা যাতে না হয়, তার জন্য তিনি বদ্ধপরিকর; এবং দুর্ভাগ্য, আপনাকেও আমরা বোঝা পারলাম না যে, এটা কত গুরুত্বপূর্ণ বিষয় এবং কেন আমাদের এই মুলতুবী প্রস্তাবের উপ আলোচনা করতে দেওয়া উচিত? সেই অবস্থায়, আমরা এখানে দেখছি যে কংগ্রেসের প থেকে, ঐদিকের এক-আধজন সদস্য অবশ্য বলেছেন যে এ সম্পর্কে আলোচনা হওয়া উচিত গতকালও তাঁরা বলেছিলেন। আপনার উপরে এটা ছেড়ে দিলে, দোষারোপ আপনার উপ করা হয়। কিন্তু, আমরা জানি, এই অত্যাচারটা তো আপনি শুরু করেন নি, করেছেন ওঁ কংগ্রেস সরকার। ওঁরা সমস্ত ব্যবস্থা করছেন জনসাধারণের বিরুদ্ধে, মুনাফাখোরদের প হয়ে, সমস্ত চেম্বার অব কমার্সের প্রতিনিধি হিসাবে। এটা অবশ্যি একটা ভাল জিনি হয়েছে, আমরা এখানে আলোচনা না করতে পারলেও, এই যে সরকার পক্ষ থেকে বিবৃ বেরিয়েছে, তার ফলে, যদি কোন পিছিয়ে পড়া মানুষ এখনও থাকেন, যাদের কাছে সরকা প্রকৃত স্বরূপ প্রকাশ পায় নি, এতদিন ধরে আমাদের বলা সত্ত্বেও, এখন হয়ত তা প্রক পেয়েছে। সেই ম্যাকলিয়ড অ্যান্ড কোম্পানির শৈল মুখার্জি, তিনি আজ মন্ত্রী হয়েছেন, তি তাদের স্বার্থ দেখেন নি, দেখেন না এটা অনেক সময় তাঁরা বোঝেন না। এখন হ অনেক সময় দেখা গিয়েছে যে, জাস্টিস পি বি মুখার্জি হাইকোর্টে বললেন যে, কংগ্রেস ফান্ড যা পলিটিক্যাল ফান্ডএ টাকা দেবার জন্য আপনারা আপনাদের আর্টিকলস অব অ্যাসোসিয়ে বদলাতে আসছেন। মার্টিন বার্ন অ্যান্ড কোম্পানি, আমি আপনাদের দেব অনুমতি, কা কোন উপায় নেই আমার। কিন্তু লোকে আপনাদের কি বলবে? কারণ পরবর্তিকালে সেই পার্টি সরকার গঠন করে, তাহলে লোকে বলবে সেই সরকার বিগ বিজনেসএর সরকার, সরকারের আপনারা এজেন্ট, আপনারা দালাল। এই কথা তিনি তাঁর জাজমেন্টএ বলেছিলে কিন্তু শুধু বক্তৃতা বা ঐগুলি কাগজে ছেপে বেরুলে, জনসাধারণ বোঝে না। কিন্তু আজ ঠিক দিবালোকের মত পরিষ্কার হয়ে যাচ্ছে আমরা যে কথা এতদিন ধরে বোঝাবার চেষ্টা ক

আসছি মানুষের কাছে যে, এই সরকার হচ্ছে মুষ্টিমেয় ধনিকগোষ্ঠীর সরকার, এই সরকার কালোবাজারী, মুনাফাখোর, মজুতদারদের সরকার, তাদের স্বার্থ দেখার জন্য এই সরকার আছেন। এটা আজ পরিষ্কার হয়ে যাচ্ছে। সেইজন্য এইভাবে আজকে আমরা দেখছি। আজ যদি সরকার মজুতদার ও কালোবাজারীদের বিরুদ্ধে হতেন, তাহলে স্বাগত জানানো উচিত ছিল জনসাধারণকে, যারা এগিয়ে আসছে আজকে এই দাবী তুলে যে, আমরা সস্তায় খাদ্য চাই, জিনিসের দাম আমরা কমাতে বলছি।

এমন কি আমি সংবাদপত্রে দেখেছি, কতটা সত্য জানি না, একটা ছোট্ট বিবৃতি দেখলাম আই এন টি ইউ সি-র, তাঁরা একথা বলতে বাধ্য হয়েছেন যে, স্ট্রাইক কর না। কিন্তু সঙ্গে সঙ্গে তাঁরা বলেছেন, সরকারকেও আমরা বলছি, বিশেষ করে পশ্চিমবঙ্গ সরকারকে যে আপনারা জিনিসের দাম কমাবার ব্যবস্থা করুন, কারণ দাম এখনও কমে নি। অনেকে বলেছেন যে, হরতাল, ধর্মঘট করলে কি জিনিসের দাম কমবে? আমি তাঁদের বলি, এই তো একমাত্র উপায় আমরা যে এতদিন ধরে আন্দোলন করে আসছি, কই সরকার তো গ্রহণ করেন নি স্টেট ট্রেডিংএর কথা? আমরা বলেছি যে, কোনরকম স্টেট ট্রেডিং হোক, তাঁরা তা করুন। কই তাঁরা তো গ্রহণ করেন নি। ব্যাঙ্ককে যে এতদিন ধরে আমরা বলে আসছি যে, কালোবাজারীদের টাকা তোমরা দিও না, এতদিন তো তাঁরা শোনেন নি।

[4-55—5-5 p.m.]

এখন আজকে শুধু পশ্চিম বাংলায় নয়, সমস্ত ভারতবর্ষব্যাপী আন্দোলন সংগ্রাম শুরু হয়েছে আপনি জানেন, এখানে শুধু ২০শে মে বাংলাদেশ নেতৃত্ব করেছিল হরতাল ধর্মঘটের, কিন্তু তার পরবর্তীকালে মহারাষ্ট্র বন্ধ হয়েছে, গুজরাট বন্ধ হয়েছে, সেখানে ৫।৬ জনকে কংগ্রেসের পুলিস গুলী করে হত্যা করেছে, কেরালা বন্ধ হয়েছে, উত্তরপ্রদেশ বন্ধ হয়েছে, এই ভাবে বিভিন্ন জায়গায় যখন এ জিনিস হয়েছে তখন আমরা দেখছি শুধু পশ্চিম বাংলা সরকার না ভারতবর্ষের সরকারও আজ বলতে আরম্ভ করেছেন যে স্টেট ট্রেডিং হয়ত আমাদের করতে হবে। কি ধরনের স্টেট ট্রেডিং আমরা এখনও জানি না। কিন্তু তাঁরা বলছেন হয়ত আমাদের করতে হবে। বলেন নি তো এতদিন। বলেন নি তো ১৯৬০ সালে ৮০টি লোককে কলকাতায় গুলী করে মেরেছিলেন, এই তো আমাদের দাবি ছিল যে, সরকারের হাতে আপনারা এইগুলি নিয়ে নিন, ব্যক্তিগত মালিকানার হাতে এইগুলি রাখবেন না মানুষের খাদ্যকে। শেষে সমস্ত জাতিকে কয়েকটি মুষ্টিমেয় ধনীলোক should not be holding act Remon এই কথা বলেছিলাম, যে সমস্ত জাতিকে হোল্ডিং অ্যাট র‍্যানসম এইভাবে করবে এ কোন সভ্য জগতে, সভ্য সমাজে চলতে পারে না। কৈ, তখনও কেন কথা আমাদের শোনেন নি। এখন নতুন আরগুমেন্ট তাঁরা বের করছেন, বোধ করি প্রধানমন্ত্রী যিনি নূতন হয়েছেন তিনি একথা বলে গিয়েছেন যে, আর কিছু না, দশ কোটি টাকার ক্ষতি হবে। কত কোটি মানুষকে আপনারা না খাইয়ে রাখছেন, অর্ধাহারে, অনাহারে আপনারা রাখছেন, আপনাদের কংগ্রেসের পক্ষ থেকে শ্রীমতী শান্তি দেবী একদিন বলেছিলেন আমার মনে আছে যে, আমাদের সধবাদের বিধবা করে কতদিন রাখবেন। মাছ খেতে আপনারা আমাদের দিচ্ছেন না। এই কথা তিনি এখানে বলেছিলেন। এই তো অবস্থা, এই ধিক্কার তো সমস্ত মানুষ আপনাদের দিচ্ছে। এই কোটি কোটি মানুষের প্রতি আপনারা তো কোনদিন নজর দেন নি। যখন জিনিসের দাম বাড়ছে আপনাদের নীতির জন্যে, অগ্নিমূল্য হচ্ছে, মানুষ পেট ভরে খেতে পাচ্ছে না, কই তখন তো কোটি কোটি মানুষের কথা আপনাদের মনে হয় না? আজ আপনাদের মনে হচ্ছে এমন স্পার্শ কোথায় পেল ঐ কালোবাজারীরা, চেম্বার অব কমার্স, যেসমস্ত তারা আজ বলছে একস্বরে, ইউরোপীয়ানরা পর্যন্ত বলছে, ভারতীয়রা বলছে তারা একত্রিত হয়ে যে আমাদের নাকি কাজ আজকে, আমরা যে অর্ধাহারে, অনাহারে আছি, দু মুঠো খেতে পাচ্ছি না, নায্য মূল্যে জিনিস কিনতে পাচ্ছি না, আমাদের নাকি আজ কর্তব্য শুচ্ছে প্রোডাকশন বাড়ান; বেশি বেশি তারও উৎপাদন আমাদের করা। কাহাল আট লক্ষ যে ধানচাল হয়েছে তা কোথায় গেল? আপনারাই বলছেন যে, এবার প্রচুর ধান-চাল হয়েছিল। আপনাদেরই হিসাবে যে ৫৩ লক্ষ টন হয়েছিল, বাদসাদ দিয়ে ৪৮ লক্ষ টন কোথায় গেল? উৎপাদন যে

করেছে কৃষকরা। যদি আপনাদের কথা সত্য হয় তাহলে সেটাও হয়েছে, তাহলে সেটাও পাচ্ছি না আমরা। তা সত্ত্বেও কেন এক টাকা চার আনা থেকে এক টাকা দশ আনা করে চাল বিক্রি হচ্ছে, এই কৈফিয়ৎ কে দেবে। আমরা জানতে চাই যে কেন সরিষার তেলের এই অবস্থা হল? উত্তরপ্রদেশেও আপনাদের কংগ্রেস সরকার এখানেও আপনাদের কংগ্রেস সরকার রাজস্থানেও আপনাদের কংগ্রেস সরকার যেখান থেকে আপনাদের সরিষার তেল আসে। তাহলে কেন পাঁচ টাকা করে সরিষার তেল কিনে আমাদের খেতে হবে: এই জবাবটা কে দেবে। কেন ব্ল্যাকমার্কেটিয়ার্স কেন চেম্বার অব কমার্স কেন শৈল মুখার্জি ম্যাকলিয়ড অ্যান্ড কোং-এর লোক একথাই আমরা জানতে চাই। সেইজন্য আজকে এই কংগ্রেস সরকার সেই পরিচয়ই দিয়েছেন যা জাস্টিস পি বি মুখার্জি বলেছিলেন একটা দালাল হিসাবে কাজ করছেন সমাজের ঐ কয়েকটি কোটি কোটি টাকার লোক যারা আছে। কই তাদের বেলায় তো আপনারা কিছু করেন না। আপনারা জানেন না কারা অট্টালিকা তৈরি করছে? জানেন না আপনারা যে কত ব্ল্যাকমার্কেটএর টাকা তাদের কাছে আছে? কই ব্যাঙ্কগুলিও তো রেইড হয় না? দশ কোটি টাকার কথা বলছেন, কত কোটি টাকা বের হত ব্যাঙ্কগুলি রেড করুন সেখানে বড়লোকের টাকা গচ্ছিত আছে। খালি কয়েকজন ফিল্ম স্টারএর বাড়িতে গিয়ে আপনারা কয়েক লক্ষ টাকা পেয়েছেন। কিন্তু যারা আসল, যাদের ঘরে কত কোটি কোটি টাকা আছে আপনারা বলছেন, যারা একশত কোটি, দুইশত কোটি টাকার ট্যাক্স ফাঁকি দেয়, আপনি বলছেন পঞ্চবার্ষিকী পরিকল্পনার টাকা নেই, কই তাদের পিছনে তো লোক লাগান না? কিরকম তৎপর তাঁরা, মুখ্যমন্ত্রীর এখানে আসবার তাঁর সময় নেই কারণ জাতির বিরুদ্ধে তিনি যুদ্ধ ঘোষণা করেছেন তিনি আজ কম্যান্ডার ইন চীফ জাতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে কিন্তু মুনাফাখোরদের বিরুদ্ধে যারা আমাদের খাদ্যে ভেজাল মিশায় তাদের বিরুদ্ধে আমাদের এই কম্যান্ডার-ইন-চীফকেও দেখি নি তাঁর আরমি তৈরি করতে? আর স্পীকার মহাশয় এই ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস নাকি চীনেদের বিরুদ্ধে ব্যবস্থা করবার জন্যে এখানে নাকি তাঁরা প্রয়োগ করেছেন এবং তাই জন্য নাকি আইন হয়েছিল। সেদিন আমি যখন বলছিলাম তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন জ্যোতিবাবুর বক্তৃতা শুনে মনে হচ্ছে বিদেশী কথা। এখন কেমন স্বদেশী কথা আমরা শুনছি। এই কাপুরুষের দল যাঁরা আমাদের গ্রেপ্তার করছে তাঁরা কি স্বদেশী? এঁরা দেখছি ডিফেন্স অফ ইন্ডিয়া রুলসএ ধরছে, কিন্তু এই ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস দিয়ে চীনাদের কিছু করতে পারল না, জনসাধারণের কিছু করতে পারল না। এর দ্বারা এঁরা কতগুলি ব্ল্যাকমার্কেটিয়ার্সকে শক্তিশালী করছে, মানুষকে দ্বিধাবিভক্ত করছে, মানুষকে টুকরা টুকরা করছে এবং তাদের অর্ধাহারে, অনাহারে রাখছে। এইভাবে দেশকে শক্তিশালী করা যায় না। দেশ শক্তিশালী করা মানে কতগুলি মিলিটারি বাড়ানো নয় বা কতগুলি আর্মস এবং অ্যামুনিশনস জোগাড় করা নয়। আমি বলব আজকে যারা জাতিকে ভাগ করে দিচ্ছে এবং মানুষকে অর্ধাহারে, অনাহারে রেখে মুনাফাখোরদের মুনাফা লুটবার সুযোগ করে দিয়েছে তারাই জাতির সামনে চরম অপরাধী। আজকে মুখ্যমন্ত্রী রাইটার্স বিল্ডিংস এবং লালবাজারে বসে জনসাধারণের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত আছেন। যা হোক, এখন আমার বক্তব্য হচ্ছে অনেক ছেঁদো যুক্তি কংগ্রেসের মুখ্যমন্ত্রীর বিবৃতিতে পড়েছি তাই কাল থেকে আমরা চর্চ্চা আলোচনা হোক। আর এটাই তো আলোচনার জায়গা। বিজয়বাবু অবশ্য অনেক সময় বলেন, জানি না আমরা এখানে কেন এসেছি—আমরা টক করতে এসেছি এবং টক করে যাচ্ছি। কিন্তু সেই টক করতে যদি অনুমতি দিতেন তাহলে ভাল হোক। কিন্তু দুর্ভাগ্যবশতঃ, আপনি যখন সেই অনুমতি দিলেন না তখন দেখছি আর উপায় নেই। স্যার, সেদিন নূতন প্রাইম মিনিস্টার কলকাতায় এসেছিলেন এবং দলে দলে মানুষ গিয়ে নাকি তাঁকে স্বাগত জানিয়েছে। তিনি যে বক্তৃতা দিয়েছিলেন তাতে নাকি এক লক্ষ লোক হয়েছিল। (জনৈক সদস্যঃ হ্যাঁ, লক্ষ লক্ষ লোক হয়েছিল) হ্যাঁ, লোকেরা তো অনেক কিছুই দেখতে যায়, কি সাইজ, কি সেপ। যা হোক আমি সে কথায় না গিয়ে বলতে চাই যে প্রধানমন্ত্রী এখানে এসে একরকম প্রায় হুকুম দিয়ে গেলেন এবং স্ট্রাইকের বিরুদ্ধে বলে গেলেন। কিন্তু জাতির এই অবস্থায় তিনি তো দুঃখ প্রকাশ করলেন না? শৈলবাবু ওখান থেকে বলছেন, হ্যাঁ, দুঃখ প্রকাশ করেছেন। শৈলবাবু তাঁর পাশে ছিলেন, তাই বোধহয় তাঁর কাছে দুঃখ প্রকাশ করেছেন। কিন্তু মানুষকে কেন খাওয়াতে পারছেন না, কেন মজুত ধরতে পারছেন না, কোথায় গেল সেই ৪৮ লক্ষ টন

চাল যেটা উৎপন্ন হয়েছিল, কোথায় গেল সেই টাকা, যেটা মজুরেরা উৎপাদন বৃদ্ধি করে আয় করেছে সে সম্বন্ধে তো কিছু বললেন না। সরকারী কর্মচারী যারা ৬৫ টাকা মাইনে পায়, এই অ্যাসেম্বলিতে ঐ সাদা পোশাক পরে দাঁড়িয়ে আছে, যারা ৬৫ টাকা মাইনে পায় তারা কি করে চালায় সে সম্বন্ধে তো কিছু বললেন না। তাদেরও তো পাঁচ টাকা দরে সরষের তেল কিনতে হয়, তিন-চারটা লোককে খাওয়াতে হয়, ঘরভাড়া দিতে হয়, কাজেই তাদের কি করে চলে সে সম্বন্ধে তো কোন কথা বললেন না। আর এদিকে আপনারা কি করলেন, চটকলের শ্রমিককে ৬৫ পয়সা মাগ্‌গী ভাতা কেটে দিলেন, কারণ জুন-জুলাই মাসে নাকি জিনিসের দাম কমে গেছে।

[5-5—5-15 p.m.]

কিন্তু একথা তো বলে গেলেন না আমাদের বাংলাদেশের মানুষ যে কটা জিনিস খেতে কেন দিতে পাচ্ছেন না, সেই তিরস্কার তো তিনি করলেন না। তিনি হুকুম দিলেন যারা নাকি এসব অবস্থার প্রতিবাদ করে, প্রতিরোধ করতে চান তাদের প্রতি আপনারা যেন আপনাদের নীতি পরিবর্তন করেন, তিনি এই হুকুম দিয়ে গেলেন, এই ব্যবস্থা করে গেলেন যে যারা মুনাফাখোর, মুনাফালুণ্ঠনকারী তাদের যদি আমরা প্রতিবাদ করি, আমরা যাতে জেলে যাই, আমাদের উপর যাতে লাঠি পড়ে। সেই ব্যবস্থাই তিনি করে গেলেন। সেজন্য আমার বক্তব্য হচ্ছে, এটা আমাদের অত্যন্ত দুর্ভাগ্য যে, আমাদের দেশের প্রধানমন্ত্রী এমন বক্তৃতা দেন, দুর্ভাগ্য এজন্য যে, প্রধানমন্ত্রীর অন্তত বুঝা উচিত ছিল যে, মানুষ সহজে এ পথে পা বাড়ায় না। কেন এই পথে যায়? কেন বারে বারে কলকাতা বন্ধ, মহারাষ্ট্র বন্ধ, কেরালা বন্ধ, উত্তর-প্রদেশ বন্ধ হবে? কেন মানুষ অনশন করবে? তাদের দাবির জন্য কেন মানুষকে দলে দলে জেলে যেতে হবে সে কথা তো উনি বলে গেলেন না। আমার মনে পড়ে পণ্ডিত নেহরু একবার বলেছিলেন যে, কলকাতা এক আজব জায়গা, এখানে কারণ থাকলেও প্রসেশন হয় কারণ না থাকলেও প্রসেশন হয়। কিন্তু আজকে সেকথা বলার উপায় নাই। আজকে শুধু কলকাতা নয়, সারা বাংলাদেশ নয় সমস্ত ভারতবর্ষব্যাপী মানুষ আজকে জেগে উঠেছে, মানুষ আজ আন্দোলন করছে, মানুষ আজ রাস্তায় বেরিয়েছে, সংগ্রামের পথে পা বাড়িয়েছে, এ জিনিসই আমরা দেখছি। একি এমনিতেই হচ্ছে, একি বিরোধী দলের লোক ক্ষেপিয়ে দিল আর এই অবস্থার সৃষ্টি হল? তা হয় নি। আমি তখন তো মিটিংএ ছিলাম না, দিল্লীতে ছিলাম এসব কথা আমি কাগজে দেখি নি। অথচ আমার মনে পড়ে বোধ হয় গত বৎসর আমাদের প্রেসিডেন্ট ডঃ রাধাকৃষ্ণণ একথা বলেছিলেন।

শ্রীদেবশরণ ঘোষ: অন এ পয়েন্ট অফ অর্ডার, মাননীয় স্পীকার, স্যার, একটা তাজ্জব ব্যাপার দেখছি। কয়েকজন মাননীয় কংগ্রেসী সদস্য যেমন নেপালবাবু, বীরেশ সেন ইত্যাদি ঘোরাঘুরি করে কংগ্রেসী সদস্যদের কাছে গিয়ে বলছেন, আপনারা চুপচাপ না বসে থেকে বাইরে যান, অ্যাসেম্বলি যাতে বন্ধ হয় তার জন্য ঘুরে ঘুরে বলছেন, এরা যাতে কোরাম না হয় তার জন্য বেরিয়ে যাচ্ছেন (নয়েজ)।

শ্রীকমলকান্তি গুহ: আপনি এই পয়েন্ট অব অর্ডারে একটা ডিসিশন দিন স্যার, ঐ দেখুন ওঁরা বেরিয়ে যাচ্ছেন।

মিঃ স্পীকার: আমি এই পয়েন্ট অব অর্ডারের কি ডিসিশন দেব?

শ্রীজ্যোতি বসু: হাঁ, আমি যেকথা বলছিলাম সেটা হল এই অবস্থার উপলব্ধি ডঃ রাধাকৃষ্ণন করলেন, যেটা অনেক মন্ত্রীরা পর্যন্ত করলেন না এবং আমি দেখছি, আপনার মনে আছে ডঃ রাধাকৃষ্ণণ একথা বলেছিলেন আমি তখন জেলে ছিলাম, কলকাতায় আমি যখন গেছলাম কলকাতার জনসাধারণ দেখলাম শান্তিপূর্ণভাবে জিনিসপত্র দোকান থেকে বার করে ন্যায্য মূল্যে বিক্রি করছে, লোক লাইন করে দাঁড়িয়ে নিয়মিত মূল্য দিচ্ছে। সেই সময় ডঃ রাধাকৃষ্ণণ বলেছিলেন লোককে যদি এভাবে অনাহারে অর্ধাহারে রাখা যায় এটাই হচ্ছে আমাদের ওয়ার্নিং, পথের মানুষ অগ্রসর হয়ে এই পথে পা বাড়ায়। অথচ আমাদের সরকার যার জন্য এই হরতাল বলুন, ধর্মঘটই বলুন মিছিলই বলুন আর মিটিংই বলুন যা হচ্ছে তার কোন প্রতিকার না করে আমরা দেখছি সরকার পক্ষ থেকে আক্রমণ শুরু করেছে জনসাধারণের উপর, এমন কি

অ্যাসেমব্লির মেম্বার কাউন্সিলের মেম্বার পর্যন্ত বাদ যান নি, গ্রেপ্তার করেছেন। এবং সেজন্য আবার আমি আপনার কাছে বলছি যে, সরকার যখন এইরকম নীতি বাইরে অবলম্বন করেছেন তখন ভেতরেও যে এই রকম করবেন বা ভেতরের যাঁরা সভ্য তাঁদের প্রতি এই ব্যবহার করবেন এটা কিছু অস্বাভাবিক বলে এখন মনে হয় না। কিন্তু আপনি ও'দের কেন এই সুযোগ করে দিচ্ছেন? ও'দের জবাবদিহি পর্যন্ত কিছু করতে হচ্ছে না এখানে দাঁড়িয়ে। কারণ, ও'রা ভাবছেন আমাদের তো কিছু বলবার নেই, আমাদের করবার আছে—যা করবার আমরা বাইরে করছি। এখানে আপনাদের বক্তৃতা দিতে হয় একতরফা বক্তৃতা দিন, কিন্তু বাইরে আমরা আপনাদের লোকদের গ্রেপ্তার করছি। এখনও শুনছি গ্রেপ্তার চলছে বিভিন্ন জায়গায় এবং এইভাবে তাঁরা জোর-জুলুম করছেন যেন একটা ওয়ার ক্যাম্পেন হয়ে গেছে অর্থাৎ চীনাদের সঙ্গে পারলাম না তো ঘরে গিয়ে নাগরিকদের উপর আমরা একহাত দেখিয়ে দিই। আমাদের মিলিটারি আছে, আমাদের পুলিস আছে, ফৌজ আছে, বন্দুক আছে, গুলী আছে আমরা দেখিয়ে দিই। এই করে আমার মনে হয় না দেশের কোন অগ্রগতি সম্ভব। কারণ, এর অর্থ কি হবে—অর্থ এটাই হবে, আমি যতদূর বুঝতে পারছি, সাধারণ মানুষ যারা, যারা উৎপাদন করে, যারা কাজকর্ম করে মেহনতী মানুষ, তারা এটা মনে করবে যে, আমরা মেহনত করে জিনিস উৎপাদন করব আর সেটা আমাদের কাছে ফিরে আসবে না সমাজের কাছে ফিরে আসবে না, তার অংশ মুষ্টিমেয় লোকের কাছে যাবে এইরকম অবস্থা আমরা কি করে বরদাস্ত করতে পারি। কাজেই মানুষের মনে তখন হবে, যার যা ইচ্ছা তাহলে আমরা ফাঁকি দিই, যে যা পারি ফাঁকি দিই, দেশকে এইভাবে তৈরি করবার আমার দরকার নাই। কারণ, এই রকম যখন সমাজব্যবস্থা যে, আমি উৎপাদন করলেও আমার কারখানায় মুনাফা হলেও সেখানে কোন ব্যবস্থা অবলম্বিত হবে না তখন আমার কাজ করেও তো কোন লাভ নেই, আর বেশি কিছু করতে গেলে হয়ত আমার উপর এরা খড়্গহস্ত হবে। এইরকম একটা মনোভাবের সৃষ্টি হবে। আর কি হবে যেটা আমি সব থেকে বড় অপরাধ বলে মনে করি—কংগ্রেস সরকার এমন কি অর্থনৈতিক অবনতি তারা দেশের যা ঘটিয়েছে, আমি সাধারণ মানুষের দিক থেকে বিবেচনা করে বলছি, তার থেকে একটা বড় অপরাধ হচ্ছে যে, তাঁরা দেশে দুর্নীতি চালিয়েছেন। তাঁরা সমস্ত দেশটাকে অবনতির দিকে ঠেলে দিচ্ছেন, নৈতিক দিক থেকে পিছনের দিকে ঠেলে দিচ্ছেন, আমরা দেখছি তাঁরা দেশের মরাল ভেঙ্গে দেবার চেষ্টা করছেন। এটা তো এমনি হয় না, এইসব কারণে হয়। কারণ, মানুষ দেখছে এখানে সততার কোন প্রশ্ন নেই। মানুষ আজ বিবেচনা করে এই স্থির করেছে যে, যদি এমনই হয় যে আমাদের দেশে যে সরকার গদিতে বসে আছে, তারা যারা মানুষের দুঃখ দৈন্য দারিদ্র্য সৃষ্টি করছে তাদেরই সঙ্গে হাত মেলায় তাদেরই পক্ষ অবলম্বন করে তাহলে দেশের মধ্যে নৈতিক চরিত্রের আর কি প্রয়োজন আছে, কিছুই প্রয়োজন নেই, তখন মানুষ মনে করে আমরা যে যার নিজেরটা করে নেই, সমাজ বলে কিছু নেই, সমষ্টিগত মানুষের স্বার্থ বলে কিছু নেই। এই কথা মানুষ মনে করা ছাড়া আর কি মনে করতে পারে? এটা একটা সর্বনাশা পথ। এই যে একটা অরাজকতা সরকার সৃষ্টি করছেন, এই যে মানুষের নৈতিক অবনতি ঘটাবার চেষ্টা সরকার করছেন সমস্ত দিক দিয়ে তারই বিরুদ্ধে আমরা রুখে দাঁড়াচ্ছি। আমরা মানুষকে বলছি যে, সংগঠিতভাবে একতাবদ্ধভাবে আপনারা রুখে দাঁড়ান, যাতে মুনাফালোভীদের হাত থেকে মুনাফা কেড়ে আনা যায় সমাজের জন্য সেই ব্যবস্থা করুন। আমরা মানুষকে বলছি যাতে মজুতদারদের হাত থেকে মজুত উদ্ধার করে ন্যায্যমূল্যে বিক্রি করা যায়। সেজন্য আমি বলছিলাম যে, এই যে একটা পবিত্র কর্তব্য হিসাবে আমরা দিয়েছি,

[5-15 5-25 p.m.]

যদি আমরা ধরুন উল্টোটা করি, আমরা যদি নতি স্বীকার করে নিই, আমরা যদি বলি যে, আচ্ছা যে কোন অবস্থা সৃষ্টি হোক, আমরা তার প্রতিবাদ করব না। আমরা যদি একথা বলি যে, মানুষের যতই দুঃখ-দারিদ্র্য হোক, কোন প্রতিবাদ করার প্রয়োজন নেই, ধরুন যদি উল্টো পথে যেতাম, আমরা যদি বলি যতই দুঃখকষ্ট হোক, আমরা এ নিয়ে প্রতিবাদ না করে ঘরে বসে হা-হুতাশ করব, ধরুন শ্রমিকরা যদি একথা বলতেন যতই মুনাফা লুটুক মালিকরা আমাদের বোনাস যদি না দেয়, আমরা উৎপাদন বাড়িয়ে যাব, আমরা তার জন্য হরতাল করব না, ধর্মঘট করব না—একথা যদি ও'রা বলতেন তাহলে কি সমাজের উন্নতি হত, দেশের উন্নতি

ত? আমরা মনে করি হত না, কারণ ঐ যে বোনাস, হাজার হাজার লক্ষ লক্ষ শ্রমিক যে টাকা ান তাঁরা হরতাল ধর্মঘট করে আদায় করে নেন বোনাস হিসাবে তাঁদের বেতন বৃদ্ধি হিসাবে, টাতে তাঁর পরিবারবর্গের জন্য বাজারে গিয়ে অনেক জিনিস কিনতে পারেন, অনেক লেনদেন য়, দোকানপাট বাড়তে পারে, এটা আমরা জানি। সেজন্য আমরা মনে করি যে, সমাজে যে াকাগুলো তৈরি হচ্ছে সেগুলি মুষ্টিমেয় লোকের হাতে না জমে যদি সমাজে বেশি বেশি ছড়িয়ে দওয়া যায়, তাহলে তাতে সমাজের কল্যাণ হবে, দেশের কল্যাণ হবে বলে আমি মনে করি। াজন্য আমাদের এই সংগ্রামের পথের কথা, এই আন্দোলনের পথের কথা লোকের কাছে আমাদের লতে হবে। সেইভাবে আপনি এটা মনে করে দেখুন যে, আমাদের দেশে এবার ৫৩ লক্ষ ন ধানচাল হল। এখন আমরা যদি এই ৫৩ লক্ষ টন ধানচাল জোর করে আদায় করতে না ারি, যদি আমরা আন্দোলন করি.....

[হট্টগোল]

সজন্য বলছি স্পীকার মহাশয়, এখানে একটা আলোচনা হোক, এখানে একটা আলোচনা হলে ারা আমাদের কথার জবাব দিতে পারেন, আমরাও ওঁদের কথার জবাব দিতে পারি এবং এই রে এমন হতে পারে যে, হয়ত আমরা একমত হয়ে যেতে পারি। যেমন আই এন টি ইউ সি পনাদের প্রতিষ্ঠান বলেছেন সরকারকে দয়া করে জিনিসের দাম কমান—স্ট্রাইক না হয় ইকলেন কিন্তু জিনিসের দাম কমান, কিন্তু সরকার দুর্ভাগ্যবশতঃ জিনিসের দাম এক কাণা-ড়িও কমাতে পারেন নি—এই জিনিস দেখছি। যেটুকু যা কিছু ব্যবস্থা হয়েছে, আমি ডঃ ত্রেয়ী বসুকে বলছি যে, ২৫শে মে আমাদের যে ধর্মঘট হয়েছিল সেই হরতাল ধর্মঘটের ং আমরা দেখালাম মিলিয়ে দেখবেন যে মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেন মহাশয় যে বিবৃতি দিলেন াতে তিনি বললেন যে, আমি ষাট লক্ষ মানুষের জন্য কলকাতা এবং আশেপাশে এক কিলো রে গম এবং এক কিলো করে চালের ব্যবস্থা করে দিচ্ছি বেঙ্গল রাইস, তার কিছুদিন পর তিনি বললেন, এক কোটি লোকের জন্য আমি ব্যবস্থা করে দিচ্ছি, আরও আশেপাশে বিভিন্ন ায়গায় পাঁচ হাজারের বেশি যেখানে লোক আছে-এটা ১০এ মের আগে থেকে হয় নি। ০এ মের আগে সরকারের কাছে চাল ছিল। আমরা জিজ্ঞাসা করেছিলাম, এই ল কোথা থেকে এল? তিনি বলেছিলেন "ঐটা বেঙ্গল রাইস, আমরা কেন্দ্রের সঙ্গে কথাবার্তা বলে, ব্যবস্থা করে এটা আমি ছেড়েছি।" বেশ, কই, "হরতালের াগে হরতাল আগে তো সেই চাল আপনারা ছাড়লেন না? ঐ এক কেজি করে চাল, এক কেজি করে গম, যত খারাপভাবেই আপনারা বিতরণ করুন, সেটা কখনও ওয়া যায়, আবার, কখনও পাওয়া যায় না এবং রদ্দি চাল আপনারা যেটা দেন, সেটাও মে দিলাম, কিন্তু এটা দেওয়া হয় নি আমাদের আন্দোলন করবার আগে। ডাঃ মৈত্রেয়ী বোস শ্চয় এটা জানেন, আর কেউ না জানুক, যে শ্রমিকরা যদি আন্দোলন না করে, হুমকি দেয়-সে শক্তি যদি তাদের না থাকে, তাহলে তাদের কেউ এক কানাকড়িও দেয় না। এটা আমরা জানি। ডঃ মৈত্রেয়ী বোস যদি ঐ পোর্টের স্টিভেডোরদের বলেন যে, পোর্ট সংক্রান্ত সমস্ত ব্যাপার ন্যাশানালাইজ করতে হবে, মালিকদের হাতে আর কোন ক্ষমতা থাকবে না, সমস্ত কিছু শ্রমিকদের হাতে নিয়ে আসতে হবে, উনি জানেন এবং আমিও জানি সেখানে আন্দোলনের ার না থাকলে, কিছুই হবে না। যুক্তি দিয়ে কাকে বোঝাবেন? যুক্তি বোঝবার মত বুদ্ধি ওঁদের নেই? বলতে চান, কংগ্রেস সরকার এমনই মূর্খ যে, এইটুকু বোঝেন না যে, লিকদের হাতে মানুষের খাদ্য বস্ত্র ও নিত্যপ্রয়োজনীয় জিনিস ছেড়ে দেওয়া উচিত নয়? ারা সব বোঝেন। কিন্তু তাঁরা করেন না। কারণ ঐ সেখানে তাঁদের গাঁটছড়া বাঁধা আছে। ও আমরা বলছি যে, করতে তাঁরা বাধ্য হবেন যদি আন্দোলনের ভয় থাকে, যদি দু-চারটা দেশ বন্ধ হয়, যদি ভারতরক্ষা আইনে দু-চারজন আটক হয়, তাহলে কিছু কনসেশন তাঁরা করবেন এবং ঐরকম কিছু নীতি তাঁরা গ্রহণ করতে পারেন। যদি এখন আমরা বুঝতাম যে, কিছুতেই কিছু হবে না ছিটেফোঁটা দাবিও আমরা পাব না, তাহলে এ পথে আমরা যেতাম না। আমরা জানি যে, এই স্বৈরাচারী কংগ্রেস সরকার, এই প্রতিক্রিয়াশীল সরকার যতদিন দিতে বসে আছে ততদিন আমূল পরিবর্তন হওয়া অসম্ভব। ক্যাপিটালিজম থেকে সোস্যা-লিজমএ চলে যাবে, এ কখনও হতে পারে না। সে কথা কংগ্রেসের অধিবেশনে মাঝে মাঝে

হয়েছে। কিন্তু কিছুটা চাল পাওয়া যেতে পারে, কিছুটা ডাল পাওয়া যেতে পারে, কিছুটা জিনিসের দাম কমানো যেতে পারে, যদি মানুষ বন্ধপরিকর হন এটা তো আমার কথা নয়, এটা স্বয়ং মুখ্যমন্ত্রী শ্রী পি সি সেন, তিনিই আমাদের বলেছেন। স্পীকার মহাশয়, আপনার বোধহয় মনে আছে যখন এখানে খাদ্য নিয়ে আলোচনা হয়, সেই সময় এবং অনাস্থা প্রস্তাবের যে আলোচনা হয়, সেই সময়, তিনি একথা আমাদের বলেছিলেন যে, কোথায় মানুষ তো বিক্ষুব্ধ নয়? তিনি বলেছিলেন যে ৪০ হাজার ৫০ হাজার এক লাখ মানুষের যে বিক্ষোভ সেই বিক্ষোভ যদি আমি দেখতাম তাহলে বুঝতাম মানুষের প্রয়োজন আছে এটা এবং মানুষ চায়। এটা তো শুধু আপনারা চীৎকার করছেন। এইজন্যই আজ আমরা ধর্মঘটের ডাক দিয়েছি। শুধু ১০ হাজার, ৪০ হাজার নয় কোটি কোটি সমস্ত মানুষকে ডাক দিয়েছি যে আপনারা প্রতিবাদ করুন, মুখ্যমন্ত্রীর কথার জবাব আপনারা দিন। তার পরিবর্তে আপনারা পলিটিক্যালি, রাজনৈতিকভাবে বলতে পারতেন, না, এটা পথ নয়, অন্য পথ আছে। অন্য পথে আমরা যাব, একথা আপনারা বলতে পারতেন। কই তা তো আপনারা বললেন না? মুখ্যমন্ত্রী বড়াই করে বলেছিলেন আমাকে সেই সময়, কই, আমি তো কাউকে গ্রেপ্তার করছি না, আমি তো লাঠি, গুলী চালাচ্ছি না, তবুও কেন আপনার ডাকে ৪০ হাজার লোক জড় হয় না, আগে যেমন জড় হত? তাহলে আমি বলি কোথায় সেকথা গেল? হরতাল, ধর্মঘট শান্তিপূর্ণভাবে করবার অধিকার প্রত্যেকটি ভারতবাসীর আছে, এ কথা তো আপনারা বলছেন না? উল্টে আপনারা সেখানে ভলান্টিয়ার্স পাঠাচ্ছেন, হরতাল, ধর্মঘট ভেঙ্গে দেবার জন্য।

[Noise and interruptions]

মিঃ স্পীকার, স্যার, আপনি দেখেছেন কিনা জানি না, আমি যতটা রিপোর্ট পেয়েছি, দেখেছি, কোনদিন তো কোথায়ও এ কয়দিনেরতে আমরা বাংলাদেশের কোথাও থেকে এই রকম রিপোর্ট পাই নি যে, দলে দলে কংগ্রেসের এম-এল-এ বা তাঁদের লোকেরা ঝাণ্ডা হাতে নিয়ে তাঁদের কাছে গিয়ে বলছেন যে তোমরা স্ট্রাইক করো না হরতাল করো না। এমন কি ঐ যে দয়ালবাবু বেরী মাঝে মাঝে ওখান থেকে বলছেন তিনিও ত বলেন নি এই কথা যে তোমরা হরতাল, ধর্মঘট করো না। এ কথা আপনাদের বলার সাহস ত হয় নি। যদি তা আপনারা করতেন, আমার কোন আপত্তি নেই।

[5-25—5-35 p.m.]

আর যদি তা করতেন তা হলে আমার তাতে আপত্তি নেই.....

[Noise and interruptions]

(এ ভয়েসঃ ময়দানে মিটিং করে বলে দেওয়া হয়েছে।)

Shri Kamal Kanti Guha:

পাতিলের মধ্যে থেকে কি বের হচ্ছে?

[Noise and interruptions]

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয় ওঁরা বললেন দুইজনে উঠে যে হাঁ, আমরা বলেছি। বেশ, আমরাও আপনাদের চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করতে রাজি আছি। কিন্তু আমরা জিজ্ঞাসা করছি যে, আপনার বলার সাথে সাথে বন্দুক নিয়ে, পুলিস নিয়ে কেন আপনারা বের হচ্ছেন? এইটাই তো আমাদের কথা আপনারা পলিটিক্যালি ডাক দিন হরতাল করব না, আমরা ডাক দিই হরতাল হবে, পুলিস সরিয়ে নিন। কিন্তু তাও আপনারা করেন নি। আপনারা ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস প্রয়োগ করছেন, আপনারা মানুষকে গ্রেপ্তার করছেন, আপনারা লাঠি, গুলীর ব্যবস্থা করছেন, জোরজুলুম আপনারা চালাচ্ছেন। আমরা ষ্টীমরোলারও দেখছি ইংরাজ ম্যানেজারও

ঘরে গিয়ে তাঁকে খোসামোদ করছেন যে, ট্রাম বের করো। কাকে দিয়ে বের করবেন? আমি জিজ্ঞাসা করি, আপনাদের ট্রামএ নাকি ইউনিয়ন আছে, ট্রাম ওয়ার্কার্সদের উপর নাকি প্রভাব আছে, বলুন না ট্রাম ওয়ার্কার্সদের যে পুলিস দেব না তোমরা ট্রাম বের কর কিন্তু তা বলতে সাহস পাবেন না।

[Noise and interruptions]

আমি বলছি একথা যে, আপনাদের স্টেট বাসএর যারা কর্মচারী আছে তাদের ভোট নিন যে, তারা বাস চালাতে চায় কিনা। তবে তো বুঝি যে, আপনাদের সাহস আছে, তবে তো বুঝি যে রাজনৈতিক চেতনা বলে কিছু আছে আপনাদের। কিন্তু জোরগলায় এখন বলছেন যে, আমরা বলেছি যে, স্ট্রাইক কর না কি কারণে বলছেন যে, আপনারা জানেন যে, প্রফুল্ল সেন মহাশয় তাঁর পুলিস নিয়ে আপনাদের পিছনে আছে, বেয়নেট নিয়ে বন্দুক নিয়ে আপনাদের পেছনে আছে। এইজন্য বুঝি এত সাহস, এই কথা বলছেন। কাজেই আমি বলছিলাম স্পীকার মহাশয়, যে উক্তি ওঁরা এখানে করছেন তার থেকেই মনে হয় এখানে আলোচনা হওয়া উচিত ছিল এবং এই কথাই তো আমরা শুনতে চাচ্ছিলাম। এই কথাই তো কংগ্রেসীদের কাছ থেকে শুনতে চাই তাঁরা নাকি দেশভক্ত, তাঁরা যদি দেশভক্ত হন, মানুষের উপর যদি প্রভাব থাকে, তাহলে আমরা আমাদের কাছে বন্দুক নেই, পুলিস নেই, আমাদের কাছে ক্লাকার নেই, কিছু নেই, কিন্তু আমরা মানুষকে ডাক দিচ্ছি। আপনারা মানুষকে ডাক দিন যদি সেই সৎসাহস থাকে। আর প্রফুল্ল সেন মহাশয়কে দয়া করে এখানে একবার ডেকে আনুন এবং এই কথাগুলি তাঁকে বলুন। আমরা বলছি যে, আপনি শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে বলুন যে, অপনার পুলিসের কোন দরকার নেই, আমরা কংগ্রেস, দেশপ্রেমিক, আমরা এমন প্রভাবশালী, আমরা যা বলব বাংলাদেশের মানুষ সেকথা শুনবে। আমি বলি শুনবে না। শুধু শুনবে না সে কথা না, আমার মনে হয় আপনাদের ঘরেও মহিলারা আছেন তাঁরা ঝাঁটা মারবেন আপনাদের যদি এই কথা বলতে যান। কারণ তাঁদেরও জিনিস কিনতে হয়। আমি বিশ্বাস করি, আপনাদের উপর বিশ্বাস নেই, কিন্তু আপনাদের ঘরের ভিতর যাঁরা মা-বোনেরা আছেন, তাঁদের উপর আমার সে বিশ্বাস এখনও আছে যে তাঁরা দুবেলা আপনাদের অভিশাপ দেন। তাঁরা বলবেন যে, কংগ্রেসে গিয়েছ, কি করছ? চমৎকার কংগ্রেস চালাচ্ছ এক টাকা দশ পয়সা করে আলু কিনতে হচ্ছে, তেল পাচ্ছি না, ভেজাল হচ্ছে, চমৎকার রাজা তৈরি হয়েছে, একথা বোধ করি কখনও কখনও শুনতে হয়। অজয়বাবু তাকাচ্ছেন, ওঁর তো সে বালাই নেই, ওঁকে এসব কথা শুনতে হয় না। কিন্তু অন্যরা আছেন যাঁদের বাড়িতে এই অবস্থা। এইজন্য আমি বলছিলাম যে, আপনাদের সে সৎসাহস নেই। একথা আমি কালকেও বলেছি, এটা আপনাদের শক্তির পরিচয় নয়, এটা হচ্ছে দুর্বলতার পরিচয়। সরকার যখন আক্রমণ করে, সরকার যখন পুলিস লেলিয়ে দেয়, যখন গুলী করে, এটা শক্তির পরিচয় নয় সরকারের, এটা হচ্ছে রাজনৈতিক দুর্বলতার পরিচয় এবং সেই হিসাবে আমি মনে করি যে, আমরা বিরোধী দলরা, ট্রেড ইউনিয়নরা, যাঁরা এই হরতাল ধর্মঘটে ডাক দিয়েছি আমাদের প্রাথমিক জয় এখানেই হয়েছে যে, আপনারা রাজনীতি থেকে সরে গিয়েছেন, আপনারা পৈশাচিক শক্তি নিয়ে মোকাবিলা করবার আপনারা চেষ্টা করছেন, এইখানেই আমাদের প্রাথমিক জয়।

মাননীয় স্পীকার মহাশয় আজকে এটা শুধু স্ট্রাইকের কথা নয়, এটা সমস্ত ভারতবর্ষের সমস্যা, সমাজের মানুষের গণতান্ত্রিক অধিকারের সমস্যা। আজকে যুদ্ধ শেষ হওয়া সত্ত্বেও কেন ডিফেন্স অব ইন্ডিয়া রুলস চালু রেখেছেন সেটা যদি বলতে পারতেন তাহলে বুঝতাম। কিন্তু এসব কি মানুষকে বোঝাতে হবে? মানুষ সব বোঝে এবং জানে কেন এই ডিফেন্স অব ইন্ডিয়া রুলস রেখেছেন ইংরেজের পদলেহনকারীরা। আজকে আমরা দেখছি যত কালো-বাজারী, যত চোর তারাই আজ কংগ্রেস চালাচ্ছে। যা হোক, এখন কথা হচ্ছে এখন সাড়ে পাঁচটা বাজে এখনও সময় আছে কাজেই আপনি আমাদের সময় দিন। আমরা যদি বুঝতাম আপনি আপনার রুলিং রিভাইজ করবেন তাহলে আমরা চুপ করে থাকতাম। কিন্তু আপনি যেভাবে হাতড়ি ধরেছেন তাতে মনে হয় সেটা হবে না—ভদ্রলোকের এক কথা সেটাই থাকবে। কিন্তু আপনি কি মনে করেন, এই অবস্থার মধ্যে সরকার যে নীতি গ্রহণ করেছেন তাতে আমরা

যে প্রোগ্রাম পেয়েছি সেই অনুসারে কাল অ্যাসেম্বলি চলবে? কাল যে ধর্মঘট এবং হরতাল ডাকা হয়েছে তাতে দেখছি সরকার সরকারী কর্মচারীদের সম্বন্ধে একটা বিবৃতি দিয়ে বলেছেন তোমরা যারা দু-তিন মাইলের মধ্যে থাক তাদের হেঁটে আসতে হবে—নইলে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হবে। একবার ভেবে দেখুন কত বড় পলিটিক্যাল প্রভাব সরকার দেখাচ্ছেন এইভাবে কখনও দেশপ্রেমে উদ্বুদ্ধ করতে পারবেন না। হরতালের বিরুদ্ধে কেন একথা বলতে পারেন না যে, দেশের সামনে চরম বিপদ কাজেই আপনারা সরকারের পাশে এসে দাঁড়ান। কখনও কি একথা বলেছেন না, তা বলেন নি। আপনারা বলছেন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হবে। তারা সরকারের অনুগৃহীত কর্মচারী, আপনারা তাদের বলছেন তোমরা দু-তিন মাইল হেঁটে আসবে। তাঁরা তার জবাব দেবেন। কিন্তু আমরা যাঁরা সরকারী কর্মচারী নই, আমরা যদি দু-তিন মাইলের মধ্যে থাকি তাহলে কি করে হেঁটে আসব? [illegible] বলছেন অফিস করবার জন্য আসবে। আমি জিজ্ঞাসা করি কে তাঁদের দায়িত্ব নেবে? কাজেই বলছি আপনি যদি আলোচনা করতে না দেন তা হলে অন্তত কালকের জন্য হাউস বন্ধ করুন। কালকে আমাদের পক্ষে আসা অসম্ভব, আমরা ব্যাক লেগিং করতে পারব না, দালালী করতে পারব না। আমরা ২।৩ মাইল হেটে আসব এটা হতে পারে না। সরকার কি কোন ব্যবস্থা করতে পারবেন, তাঁরা কি একথা বলতে পারবেন যে সমস্ত যানবাহন চলবে? কাজেই এটা আমাদের অধিকারের কথা এবং এই ঝুঁকি আমরা কাউকে নিতে বলব না। এখন কথা হোল সমস্ত অবস্থা বুঝে আপনি একটা ছুটি দিন অথবা যদি অন্য কোন রকম রুলিং দেন -অর্থাৎ আলোচনা করতে দেন তাহলে যা বললাম সেটা বিচার করবেন। আর তা যদি না হয় তাহলে আমরা অংশ গ্রহণ করতে পারি না।

Adjournment

The House was then adjourned at 5-35 p.m. till 1 p.m. on Friday, the 25th September, 1964, in the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 25th September, 1964, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the chair, 9 Ministers, 4 Ministers of State and 85 Members.

[1—1-10 p.m.]

(Point of Information)

[illegible] রায়ঃ স্যার, অন এ পয়েন্ট অব ইনফর্মেশান। অপোজিসান পার্টি কালকে বলছিলেন যে কলকাতার বাজার হাট হরতাল উপলক্ষে আজকে বন্ধ থাকবে। আমি বলেছিলাম হরতাল হবে না। দেখুন স্যার, বাজার থেকে মাছ এনেছি। এই দেখুন স্যার পুঁই শাক, আলু, পটল সব পাওয়া গেছে, সব তাজা, আজকের বাজার করা। কোথাও বাজার বন্ধ হয় নি। ওরা টোটাল ফেলিওর হয়েছে। নতুন বাজার, শোভা বাজার, সব বাজার খোলা।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Display of the names of post offices in Bengali script

***461.** (Admitted question No. *1620.) **(Called by Shri Narendra Nath Sen):**

শিল্প ও বাণিজ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সরকার কি অবগত আছেন যে, ইদানীং পশ্চিমবঙ্গের পোস্ট অফিসগুলিতে ইংরাজী ও হিন্দি হরফে "পোস্ট অফিস" লিখার সঙ্গে বাংলা হরফে "পোস্ট অফিস" লিখার ব্যবস্থা বন্ধ হইয়া গিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, বাংলা হরফে "পোস্ট অফিস" লেখার বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোন প্রস্তাব পাঠাইয়াছেন কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

(ক) ভারত সরকারের বর্তমান আদেশ অনুযায়ী পশ্চিমবঙ্গে পোষ্ট অফিসগুলির সাইন-বোর্ডে পোষ্ট অফিসের নাম বর্তমানে হিন্দী, বাংলা ও ইংরাজী হরফে লেখা হইতেছে এবং পূর্বেকার সাইনবোর্ডগুলি যাহাতে যথাশীঘ্র পরিবর্তন করা যায় তাহার জন্য ডাক ও তার বিভাগ পর্যায়ক্রম কার্যসূচী গ্রহণ করিয়াছেন।

(খ) প্রশ্ন উঠে না।

[illegible] সেনঃ সব পোস্ট অফিসগুলিতে বাংলায় নাম লেখা আছে?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্করঃ আমাদের রিজিওন্যাল ল্যাংগোয়েজে আছে, হিন্দিতে আছে, ইংরাজীতে আছে। আগামী ৩ বছরের মধ্যে যত পোস্ট অফিস আছে সেখানে প্রদেশের যে ভাষা সেই ভাষাতে হবে, হিন্দি এবং ইংরাজীতে হবে।

[illegible] সেনঃ অন্ততঃ বাংলাদেশে পোষ্ট অফিসগুলিতে যাতে পোস্ট অফিসের নাম বাংলায় লেখা হয় সরকার সে দিকে দৃষ্টি দেবেন কি?

দি অনারেবল অর্ধেন্দু শেখর নস্কর: এতে আমাদের করবার কিছু নেই, আমরা ভারত সরকারকে এ বিষয়ে জানাব।

শ্রীবিজেশচন্দ্র সেন: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন পোস্ট অফিসে শুধু বাংলা লেখার কথা বলছেন, কিন্তু পোস্ট অফিসের কাউনটারে মানি অর্ডার, এক্সপ্রেস ডেলিভারি এগুলি ইংরাজীতে লেখা আছে, এগুলি বাংলায় লেখার ব্যবস্থা হবে কিনা?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর: আগামী ৩ বছরের মধ্যে হওয়া উচিত। আমরা ভারত সরকারকে জানিয়েছি, আগামী ৩ বছরের মধ্যে হবে।

শ্রীবিজেশ সেন: এই কথাটুকু লেখার জন্য ৩ বছর সময় লাগবে?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর: হয়ত সেটা নাও লাগতে পারে।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: বাংলা ছাড়াও দার্জিলিং জেলায় নেপালী ভাষায় এবং বাংলাভাষায় লেখা হবে কিনা?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর: দার্জিলিং বাংলাদেশের মধ্যে, সুতরাং বাংলাভাষায় লিখতে হবে। আর হিন্দিতে থাকবে এবং তার সঙ্গে ইংরাজীতেও থাকবে।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: স্টেট ল্যাংগোয়েজ হিসাবে যখন নেপালী ভাষাকে স্বীকার করে নেওয়া হয়েছে তখন সেখানে নেপালী ভাষায় লেখা হবে কিনা?

দি অনারেবল অর্ধেন্দুশেখর নস্কর: এই বিষয়ে আমরা ভারত সরকারকে জানাব।

Rural survey

***462.** (Admitted question No. *1772.) **Shri Panchu Copal Bhaduri:** (Called by Shri Bijesh Chandra Sen): Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether a rural survey covering several hundred villages has been held in recent years; and

(b) if the reply to (a) is in the affirmative, will the Minister be pleased to state when the findings of the survey will come out?

The Hon'ble Syamadas Bhattacharyya: (a) No; (b) Does not arise.

Shri Ananga Mohan Das:

সেনসাস ছাড়া সব সময় রুরাল সার্ভে ঠিকমত হয় না। কাজেই রুরাল সার্ভে হওয়া উচিৎ বলে মনে করেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

রুরাল সার্ভে বলতে খুব সম্ভব প্রশ্নকর্তা মনে করেন ইকনমিক সার্ভে, যদি তাই মনে করা হয় তাহলে আমি এ পর্যন্ত বলতে পারি যে অর্থনৈতিক সমীক্ষা করার কাজ বিশেষ প্রয়োজন রয়েছে, কৃষি বিভাগ থেকে এ সম্পর্কে একটা পরিকল্পনা করা হয়েছে এবং যদি ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগ বলা যায় তাহলে আমরা অবশ্য এই স্বত্বলিপি ম্যাপ, নকসা ইত্যাদি যে সব বিষয় নিয়ে কাজ করি সে সম্পর্কে কাজ সম্পূর্ণ হয়েছে। কিন্তু অর্থনৈতিক সমীক্ষা প্রস্তুত করার কাজ গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি এবং এ বিষয়ে কৃষি বিভাগ কিছু অগ্রসর বলে আমার ধারণা কিন্তু সঠিক বলা সম্ভব হচ্ছে না।

Shri A. K. M. Ishaque:

আমাদের এ বিষয়ে মাঠে ক্যাডেস্ট্রাল সার্ভে কবে হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সেটা হঠাৎ আমি বলতে পারছি না।

Shri A. K. M. Ishaque:

এটা লাস্ট দিয়েছেন বলে এই প্রশ্নটা করেছি যে আমাদের লাস্ট ক্যাডেস্ট্রাল সার্ভে কবে হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সেটা আমি বলতে পারছি না, লাস্ট ক্যাডেস্ট্রাল সার্ভে বিভিন্ন জায়গায় বিভিন্ন সময়ে হয়েছে, ১৯১৭, ১৯১৮, ১৯১৯ থেকে আরম্ভ করে ১৯২১, ১৯২২ পর্যন্ত বিভিন্ন জায়গায় হয়েছে।

Shri A. K. M. Ishaque:

লাস্ট ক্যাডেস্ট্রাল সার্ভে হওয়ার পর আমাদের জমিগুলি কি নানারকম ফ্রাগমেন্টেসন হয়েছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমার ধারণা ফ্রাগমেনটেসন অনেক হয়েছে।

Shri A. K. M. Ishaque:

আমাদের যে সমস্ত টেনানসী আছে এই টেনানসীতে নাম্বার অব কোশেয়ারস কি অতিরিক্তভাবে বেড়ে গেছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

অনেক বেড়েছে।

Shri A. K. M. Ishaque:

এই পরিপ্রেক্ষিতে কি আমাদের দেশে আবার নূতন করে ক্যাডেস্ট্রাল সার্ভে করার প্রয়োজনীয়তা বেড়ে গেছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

তা আমি মনে করিনা।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ভূমি রাজস্ব বিভাগ থেকে যে সমস্ত স্মল ওনার্স রয়েছে তাদের সম্বন্ধে কোন সমীক্ষা করা হচ্ছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এখন করা হচ্ছে না, তবে বোধ হয় করা প্রয়োজন।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় কি অবিলম্বে সেটা যাতে করা যায় এবং যাতে অর্থনৈতিক বাংলাদেশের চিত্র পরিস্ফুট হয় সে বিষয়ে চেষ্টা করবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমার মনে হয় এটা নিশ্চয়ই বিবেচনাযোগ্য।

Government vested lands in Murshidabad District

***463.** (Admitted question No. *1830.)

Shri Sanat Kumar Raha: (Called by Shri Nepal Chandra Roy):

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় নাস্ত জমি তাহার দখল ও বিবরণ সম্পর্কে গত ১১ই সেপ্টেম্বর, ১৯৬৪ তারিখে প্রদত্ত অতিরিক্ত ৬৮১নং (এডমিটেড্ প্রশ্ন ১৩৬১) প্রশ্নের উত্তরে

বলা হইয়াছে যে, এই জেলায় ৩৭,১৩২·৬৯ একর ন্যস্ত জমির মধ্যে ১৫,৪৬৬·৫১ একর দখল সরকার পাইয়াছেন এবং ৪,৭৫১·৫২ একর বিতরিত হইয়াছে; তাহা হইলে দখলীকৃত বাকী জমি কি অবস্থায় আছে;

(খ) ন্যস্ত জমি এখনও দখল পান নাই তাহার কারণ কি;

(গ) অদখলী জমি কাহার দখলে আছে;

(ঘ) দখলী ও অদখলী জমির মধ্যে কত জমিতে বন আছে;

(ঙ) ন্যস্ত জমির মধ্যে কত জমি চাষ যোগ্য নহে; এবং

(চ) চাষ যোগ্য নহে এরূপ জমি বিতরিত হইবে কিনা এবং বিতরিত হইলে কত পরিমাণ বিতরিত হইবে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) দখলীকৃত বাকী জমির মধ্যে শ্মশান, পথ, নালা, কবর ইত্যাদি জমি সাধারণে ব্যবহার্য হিসাবে রহিয়াছে। ইহা ছাড়া কিছু জমি ডাংগা, আংশিক ভেষ্টেড, বালুচর, বন প্রভৃতি অবস্থায় আছে।

(খ) (১) যে সকল জমি আংশিকভাবে সরকারে ন্যস্ত হইয়াছে কিন্তু পৃথক বাটা দাগ এখনও হয় নাই তাহাদের নির্দিষ্ট সীমানা চিহ্নিত হয় নাই।

(২) অনেকগুলি জমির দখল লইবার কালে প্রজা বা মধ্য সত্বাধিকারী কর্তৃক আপত্তি দাখিল হইয়াছে এবং কিছু জমি সম্পর্কে আদালতে স্বত্ব সম্বন্ধীয় মামলা চলিতেছে।

(গ) জমির পূর্বতন মালিকের দখলে আছে।

(ঘ) ৬৩৩·১৪ একর।

(ঙ) আনুমানিক ১৮,০৯৪·৭৪ একর।

(চ) এইরূপ জমির অধিকাংশ সাধারণের ব্যবহার্য হিসাবে রেকর্ডভুক্ত হওয়ায় বন্দোবস্তের প্রশ্ন উঠে না। তবে বালুচর, গড়লায়েক ইত্যাদি পতিত জমি আবাদযোগ্য হইলে বিতরণ সম্ভব হইতে পারে। ইহার পরিমাণ জানান সম্ভব নয়।

[1-10—1-20 p.m.]

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে বালুচর বা জংলা জমি, আপনারা এখানে দখল করেননি, এগুলি দখল করলে, এখন দুর্মূল্যের বাজারে অনেক প্রডাকসন, সবজি, টবজি হতে পারতো, সরকারী নিয়ন্ত্রণাধীনে সেগুলি এনে যদি আপনারা চাষ করেন তাহলে দেশের অনেক উপকার হবে, এ সম্বন্ধে আপনারা কোন সিদ্ধান্ত গ্রহণ করেছেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

বালুচর বা জংলা জমি, এগুলো অর্থ হল, এমন প্রকারের জমি যেখানে এখনই চাষ করা যায় না। এগুলিকে চাষ করবার উপযোগী করতে গেলে রিক্লামেশন করতে হবে সেই জমির রকম বদলে ফেলতে হবে নানা রকম রাসায়নিক প্রক্রিয়া প্রয়োগ করে, এবং উন্নত ধরণের টেকনিক প্রবর্তন করে, এই জমিগুলিকে চাষের উপযোগী করতে হবে এবং সেটা অবশ্য নিশ্চয়ই করা প্রয়োজন। সেটার জন্য আমরা কৃষি বিভাগকে বিভিন্ন জায়গায় করবার জন্য অনুরোধ করেছি।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ঐ বালুচরে আমাদের দেশে তরমুজ বা অন্যান্য যে সমস্ত জিনিষ বালুতে হয়, যেমন আলুর চাষও বালুতে খুব ভাল হয়, মূলা, বিট্, গাজর ইত্যাদি চীনাবাদাম প্রভৃতি এই সমস্তের চাষ যদি সরকারী কৃষি দপ্তর থেকে ভার নিয়ে করা হয়, তাহলে অনেক উপকারে আসবে, সে পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

হাঁ, নিশ্চয়ই আছে।

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই সমস্ত উদ্বৃত্ত জমির খাজনা এখন কে দিচ্ছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

উদ্‌বৃত্ত জমি যেগুলো আমরা বিলি করি, বেশীর ভাগ জায়গাতে ভূমি উপদেষ্টা কমিটির মারফৎ বিলি করা হয়, এবং সেখানে খাজনার নাম দিয়ে আমরা কর আদায় করি না, সেখানে নাম দেওয়া হয় লাইসেন্স ফি, এবং যাদের লাইসেন্স ফি দেওয়া হয়, সেই লাইসেন্স, বা গ্রহীতা, তাহার কাছ থেকে এটা আদায় করা হয়।

Shri Ananda Copal Mukhopadhyay:

এই ভেষ্টেড ল্যান্ড, যেটা এখনও পর্যন্ত স্টেট পজেসন নেয়নি, এখনও সেটা মালিকের কাছে আছে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, সেই জমির খাজনা কি জমির মালিক এখনও দিচ্ছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

না।

Shri Ananda Copal Mukhopadhyay:

এই জমির খাজনা এখন আর জমির মালিক দিচ্ছেন না, মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন, তাহলে এই জমিগুলো সরকারের দখলে নিতে এত বিলম্বের কারণ কি আছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি (খ) প্রশ্নোত্তরে বলেছি কতগুলি কারণ। সেই কারণগুলির জন্য আমরা নিতে পারছি না। এর সঙ্গে এটা যোগ করতে পারি যে এস্টেটস একুইজিসন এ্যাক্টএর (১০) ধারার, (২) উপধারা মতে নোটিস দিতে হয়, এবং সেই নোটিস দেওয়ার পর (৩) উপধারা মতে দখল নিতে হয়। এ নিতে গেলে রেকর্ড প্রভৃতি দেখে কাজ করতে হয়। সুতরাং নোটিস দেওয়ার পরেও সঙ্গে, সঙ্গে দখল নিতে পারি না নানা কারণে, সেগুলি এখানে বলা হয়েছে। যেমন কতকগুলি জায়গার মামলা, মকদ্দমা হয়েছে, তারা আপত্তি তুলেছেন, আবার কতকগুলি জায়গায় এমন দেখা গিয়েছে, প্রকৃত পক্ষে যে জমি ভেষ্ট হওয়ার কথা, সেই জমি ভেষ্ট হবে না। (৬) ধারার (৫) উপধারা মতে কোন এক্স-ইন্টারমিডিয়ারী আপত্তির দাবী তুলতে পারেন, এবং বলতে পারেন যে এ জমি ভেষ্ট হওয়া উচিত নয়, যদিও একে ভেষ্টেড বলে দেখান হয়েছে। এই সব নানান কারণে আমরা অনেক জমি দখল নিতে পারিনি। কিন্তু এ কথাও ঠিক, যে এখনও অনেক জমি আমরা দখল নিতে পারি, এবং সেই কাজগুলি তরান্বিত হয়ে যাতে শীঘ্র শেষ হতে পারে সেজন্য সমস্ত অফিসারদের খুব কড়া নির্দেশ দেওয়া হয়েছে।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আপনার ডিপার্টমেণ্টের যে সমস্ত কর্মচারিরা ঐ সমস্ত জায়গায় আছে তাদের কিছু কিছু দক্ষিণা দিয়ে এই জমিগুলি বিনা পয়সায় ভোগ করছে? এই রকম অনেক দৃষ্টান্ত আছে।

The Hon'ble Syamadas Bhattacharyya:

না এই রকম দৃষ্টান্ত আমার কাছে নেই। তবে একটা প্রশ্ন বোধহয় মাননীয় সদস্য করছেন কিম্বা একটা প্রশ্নের অর্থ হচ্ছে এই যে এই জমি যদি পূর্বতন মালিকের হাতে থাকে তাহলে যতক্ষণ পর্যন্ত পূর্বতন মালিক ভোগ করছেন, ততক্ষণ পর্যন্ত বা ৩৩ বৎসর পর্যন্ত সেই জমি ভোগ করবার জন্যে তিনি কি পরিমাণ খাজনা দিতে বা কি পরিমাণ আর্থিক কর দিতে বাধ্য সে সম্বন্ধে কোন সুনির্দিষ্ট আইন আছে কিনা। বর্তমানে আইনের যে অবস্থা, হয়ত পরিবর্তন করার প্রয়োজন হবে, কিন্তু যে সমস্ত পূর্বতন মালিক যাদের বাড়তি জমি এখনও ভোগ করছেন তাদেরকে নিশ্চয়ই করভার গ্রহণ করতে হবে এই সমস্ত বাড়তি জমির যা সরকারে ন্যস্ত হয়েছে। জমি দখল করার জন্য নিশ্চয়ই তাদের অতিরিক্ত কর দেবার প্রয়োজন হবে।

Shri Ananda Copal Mukhopadhyay:

ভেষ্টেড মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ভেষ্টেড ল্যান্ড সরকার দখল না নেবার জন্যে জমির মালিক তাকে খাজনা টেনে যেতে হচ্ছে এবং জমিও পতিত পড়ে আছে।

The Hon'ble Syamadas Bhattacharyya:

কথাটা তাহতে পারে না। জমি যদি ভেষ্টেড হয়ে থাকে, অর্থাৎ রেকর্ড অব রাইটস-এ ভেষ্টে হলে যদি দেখান হয়ে থাকে তাহলে জমির মালিককে আর খাজনা দিতে হচ্ছে না। আমার কা হচ্ছে যে জমির মালিক খাজনা দিচ্ছেন না বটে কিন্তু জমির মালিক উৎপন্ন ফসলটা ভোগ করছে এবং সেই জন্যে সদস্যগণ হয়, এইটাই জানতে চাইছেন যে সে জমি বিনা খাজনাতে দখল করে বা ভোগ করছে, তার জন্য তাঁকে নিশ্চয়ই কিছু খাজনা বা কর দেওয়া উচিত।

Shri Ananda Copal Mukhopadhyay:

একটা জমার মধ্যে যখন কিছু জমি ভেষ্টেড করছে এবং কিছু জমি, জমির মালিকের হাতে থাকছে সেই ভেষ্টেড ল্যান্ড যদি সরকার পজেসান না নেন, ডিক্লারেসন ও ভেষ্ট করছে, যদি পজেসন না নেন সেখানে জমির মালিককে খাজনা দিয়ে যেতে হচ্ছে এবং সরকারও না নেবার জন্যে জমিটা পতিত পড়ে থাকছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

কথা হচ্ছে এই যে ২৫ একরের বেশী কৃষি জমি হলে তবে তার কাছে আমরা কৃষি জমি গ্রহণ করতে পারি, সে জমি নাস্ত হতে পারে। বাড়তি যে জমি নাস্ত হল এবং রেকর্ড অব রাইটস-এ দেখান হল যে নাস্ত হয়েছে সেই জমির জন্যে তাকে আর খাজনা দিতে হবে না। এই রকম কোন নিয়ম নেই যেখানে জমি ভেষ্টেড হয়েছে, বাড়তি জমি, ২৫ একরের সীমার উর্ধ্বে জমি, সেই জমি ভেষ্টেড হবার পর মালিককে খাজনা দিতে হবে এই রকম কোন নিয়ম নেই, কোন আইন নেই। তবে ২।৪টি কেস হতে পারে সেটা ব্যতিক্রম। কোন আইন নেই যে বাড়তি জমি ভেষ্ট হবার পরেও তাকে খাজনা দিতে হবে।

Shri A. K. M. Ishaque:

যে সমস্ত মধ্যস্বত্বাধীকারীর জমি নূতন রেকর্ডস হয়েছে সে সমস্ত রেকর্ডগুলি কি একটি মূল খতিয়ান এবং যেসমস্ত জমিগুলি তাদের খাসে থাকবে সেগুলি কি খণ্ড খতিয়ানে রেকর্ড হয়েছে? জমিদারের জমি যেগুলি তাদের খাসে থাকবে সেইগুলি একটা খণ্ড খতিয়ান এবং যে জমিগুলি গভর্নমেণ্ট-এ ভেষ্ট করবে সেগুলি একটা মূল খতিয়ানে রেকর্ড হয়েছে, এইভাবে রেকর্ড হয়েছে কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমার ধারণা তাই।

Shri A. K. M. Ishaque:

ঐ যে মূল খতিয়ান এবং তারই মালিক ঐ খণ্ড খতিয়ানগুলো একই সামীল জমাভুক্ত হয়েছে কি

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি সব বলতে পারবো না। খুব সম্ভব তাই।

Shri A. K. M. Ishaque:

যদি সামিল খতিয়ান হয়ে থাকে তাহলে বর্তমানে আমাদের দেশে এমন কেন আইন আছে কিনা যে আইন দ্বারা খণ্ড খতিয়ানের খাজনা দেওয়া যায় এক জায়গায় আর মূল খতিয়ানের খাজনা অন্য জায়গায় দেওয়া যায়?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমাদের ল্যান্ড রিফর্মস আইনে যেটা ছিল সে সমস্ত জমি বিভিন্ন মৌজাতে থাকতে পারে, একটি মৌজাতে বিভিন্ন প্লট-এ থাকতে পারে বা একজনের বিভিন্ন জেলাতে থাকতে পারে, সব জমি একত্র করে তার উপর খাজনা ধার্য হবে। সেই রকমভাবে একটি খতিয়ান একজনের নামে এখনও খোলা হয়নি।

[1-20—1-30 p.m.]

Dr. Pratap Chandra Chunder:

এমন অনেক সময় দেখা যায় পূর্বতন মালিকের দখলেও নাই, সরকারের দখলেও নাই, বাইরের লোকে বেআইনীভাবে দখল করে রেখেছে, সেরকম জমি চাষ হচ্ছে কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

স্যার, সদস্যগণ ১৯৬২ সালে ১৩নং আইন পাস করেছেন, তাতে আছে যেসব জায়গা বেআইনীভাবে দখল করা হয়েছে তা থেকে দখলকারীকে খুব সহজেই উচ্ছেদ করা যেতে পারে দেওয়ানী আদালতের সাহায্য নিয়ে। সেই চেষ্টা করা হচ্ছে।

Shri A. K. M. Ishaque:

এমন কোন ঘটনা হয়েছে কিনা যার ৭৫ বিঘা জমি নাই তার জমিও গভর্নমেণ্ট-এ ভেষ্ট করেছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

হ্যাঁ, এরকম বহু কেস আমাদের নোটিস-এ এসেছে। যখন এই আইনটা চালু হয় তখন একটা ভুল ধারণার বশবর্তী হয়ে অনেক জায়গায় "বি" ফর্ম দাখিল না করায় এবং অন্যান্য কারণে এই ধরণের মালিকের জমি ভেষ্ট করেছে এবং মাননীয় সদস্যগণ জানেন এষ্টেটস এ্যাকুইজিসন এ্যাক্ট ৫।৬নং ধারা নতুন করে সন্নিবেশ করা হয়েছে যার ফলে যাদের জমি সত্যিই কম ছিল তাঁরা দরখাস্ত করলে সুওমোটো প্রসিডিংস ড্র করে সেইসমস্ত জমি দিয়ে দেবার ব্যবস্থা করা হচ্ছে।

Shri A. K. M. Ishaque:

এমন কোন ঘটনা মন্ত্রিমহাশয়ের নজরে এসেছে কিনা যে "বি" ফর্ম দাখিল করা সত্ত্বেও এবং ৭৫ বিঘার নীচে থাকা সত্ত্বেও ভেষ্ট করেছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

হ্যাঁ, এটা সংশোধন করার জন্য আইন রয়েছে আমি এইমাত্র বল্লাম, তাহাদের বিশেষ করে পৃথকভাবে নোটিস দেওয়া হয়েছে।

Shri A. K. M. Ishaque:

যেক্ষেত্রে গভর্নমেণ্ট পজেসন নিয়েছেন সেগুলি ফিরিয়ে দেবার ব্যবস্থা আছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আছে।

Shri Ananda Copal Mukhopadhyay:

ভূমিরাজস্ব বিভাগে যে জমি ভেষ্ট করেছে তার জন্য কি সরকার তাদের দাম দেবেন, নাকি যাদের ইকনমিক হোল্ডিং নাই তাদের ইকনমিক হোল্ডিং যাতে হয় সে রকম করে দেবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এর মধ্যে একটা জটিল অর্থনীতির বিচার রয়েছে। আমাদের জমির পরিমাণ এত কম অথচ চাহিদা এত বেশি যে, যদি আমরা ইকনমিক হোল্ডিং করতে চাই যা নাকি ৫ একরের কমে হয় না তাহলে লক্ষ লক্ষ কৃষক পরিবারকে তাদের কৃষি জোত থেকে বঞ্চিত করতে হয়, এ সব ভেবে আমরা ইকনমিক হোল্ডিং-এর জোর দিইনি। এই ব্যাপারে আমরা ভূমি উপদেষ্টা কমিটির উপর সম্পূর্ণ নির্ভর করতে চাই। এই সম্পর্কে ভূমি উপদেষ্টা কমিটি বিভিন্ন জায়গায় বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন। কেবলমাত্র ইকনমিক হোল্ডিং-এর দিকেই নজর দেবেন এরকম কোন নির্দেশ দেওয়া সম্ভব নয়।

Dr. Radha Khishna Pal:

কোনটা ভেষ্ট আর কোনটা পজেসন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

নাস্ত মানেই ভেষ্টেড।

Sluice gates at some places in Ramnagar police-station

***464.** (Admitted question No. *1845.)

শ্রীবলাইলাল দাস মহাপাত্র:
(Called by Shri Ananga Mohan Das):
সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর থানার তাল গাছাড়ি অঞ্চলের এলাকাধীন (১) মেলক, (২) যশীপুর, (৩) ছয়ফুকরিয়া, (৪) ঠিকর এবং (৫) ঝাউতোড়্যা নামক স্লুইস গেটগুলি উপযুক্তভাবে মেরামত না করার ফলে সমুদ্র হইতে নোনা জল প্রবেশ করায় এতদঞ্চলের বহু আবাদী জমি নষ্ট হইয়া গিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

(ক) প্রশ্নে উল্লিখিত পাঁচটি এবং অন্যান্য স্লুইসগুলি প্রতি বৎসরই উপযুক্তভাবে মেরামত করা হইয়া থাকে এবং ভালভাবে রক্ষনাবেক্ষণ করা হয়। কতিপয় দুষ্কৃতকারী মৎস্য ধরিবার জন গত চৈত্র মাসে মেলক ও যশীপুর স্লুইসের গেট তুলিয়া সীডাইকের অন্তর্বর্তী নয়নজুলিতে লোনাজল প্রবেশ করায় এবং ইহার ফলে নিকটবর্তী মৌজার কিছু জমি আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

(খ) সরকার হইতে উক্ত স্লুইসগুলি তালাচাবি দ্বারা বন্ধ করিবার বন্দোবস্ত করা হইয়াছে।

শ্রীঅনংগমোহন দাস: এই যে ৫টি স্লুইস-এর কথা বলা হয়েছে, সেটা প্রতি বছর মেরামত করতে হয়, এটা কি রকম ব্যাপার? একবার মেরামত করলে ১০।১২ বছরও যদি না চলে তাহলে কি অর্থ হয় এই মেরামতের?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: উপযুক্তভাবে মনে হচ্ছে, যতটা প্রয়োজন ততটা, প্রতি বছরই যে ভেঙ্গে যায় এবং নষ্ট হয়ে যায় তা নয়, কিছু কিছু মেরামত করার জন্য অল্প স্বল্প স্মল পেটি রিপেয়ার্স দরকার হয়, সেটাই করা হয়।

শ্রীঅনংগমোহন দাস: এই স্লুইসগুলি যাতে ভালভাবে চলে, সেই ধরণের মেরামত হয় এই রকম পরিকল্পনা আছে কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: এখন যেভাবে ব্যবস্থা করেছে তাতে মনে করা যায় আর ভেঙ্গে যাবে না, স্লুইসগুলি এখন তালাচাবি দিয়ে বন্ধ করে দেওয়া হয়েছে, যে কেউ ইচ্ছামত খুলে ভেঙ্গে দেবে, নষ্ট করে দেবে, সেটা আর হবে না।

শ্রীবীজেশচন্দ্র সেন: এই যে স্লুইসগুলি ভেঙ্গে দিচ্ছে তার জন্য শাস্তি দেবার ব্যবস্থা আছে কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: সাধারণতঃ এই সব জায়গায় মাননীয় সদস্যরা জানেন গ্রামাঞ্চলে সাক্ষীসাবুদের বড় অসুবিধা হয়, যারা স্লুইসগুলি ভাংগে তার সকলেই যে সমর্থন পায় তা নয়, তবুও আমরা মামলামোকদ্দমা করি প্রায়ই আমরা সফল হতে পারি না, চেষ্টা করা হয়েছিল দুষ্কৃতাকারীদের ধরে আইনের সাহায্যে দন্ড দেবার জন্য কিন্তু এখানে সফল হতে পারি নাই।

শ্রীবীজেশচন্দ্র সেন: মাননীয় মন্ত্রিমহাশয় বলেন যে চেষ্টা করছেন দুষ্কৃতকারীদের ধরার জন্য কিন্তু কিছু করে উঠতে পারেননি, তাহলে কি বরাবর কেস যাবে এবং সরকার শুধু দেখে যাবেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: সেজন্য এবারে ব্যবস্থা করেছি স্লুইসগুলি তালাচাবি দিয়ে বন্ধ করার যাতে কেউ ইন্টারফিয়ার করে হস্তক্ষেপ করে নষ্ট করতে না পারে সহজে।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ স্লুইসগুলি সংক্রান্ত নানা কাজ রক্ষণাবেক্ষণের জন্য এখানে কোন কর্মচারী নিযুক্ত আছেন কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ এখনি বলতে পাচ্ছি না, স্লুইসগুলি দেখবার জন্য সমস্ত জায়গায় সমস্ত স্লুইসের উপর একজন করে লোক থাকে, ওভারসীয়ার না এসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার কে থাকেন বলতে পারি না, নীচের দিকে কর্মচারী থাকেন যারা স্লুইসগুলি রক্ষণাবেক্ষণের ভার নিয়ে থাকেন।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ এই তালাগুলি লাগান হয় এগুলি কি তালা? টিপ তালা না গডরেজের বড় তালা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ আশা করি উপযুক্ত এবং স্ট্রং ধরনের তালা।

শ্রীপ্রতাপচন্দ্র চন্দ্রঃ এই যে স্লুইসগুলি খারাপ হয়ে যাচ্ছে এটা কন্ট্রাকটারদের দুর্নীতির জন্য এ রকম নিদর্শন আছে কিনা?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ আসল কথা হচ্ছে এই স্লুইসগুলির পাশ দিয়ে কোটালের সময় কিছু পরিমাণ জল পাশ করে, এরকম লীকেজের জন্যও বলতে পারেন এই রকম প্রায় সমস্ত স্লুইসগুলিতেই কম বেশী হয়ে থাকে, একেবারে পারফেকটলী বন্ধ করে দেওয়া কোন প্রকারে সম্ভব হচ্ছে না, এই পর্যন্ত যেভাবে তৈরী হয়, সেটা ছাড়া অনেক সময় স্থানীয় লোকেরা ইচ্ছামত স্লুইসগুলি তোলানামা করে, কখনো বা মাছ ধরবার জন্য কখনো বা অন্য কারণে, এজন্য স্লুইসগুলির কমবেশী ক্ষতি হয়। এই জিনিসটাই আমি বললাম।

শ্রী এ কে এম ইশাকঃ যেখানে স্লুইসগুলি ভাঙ্গা হয়, সেখানে আমাদের নেপালবাবু মাঝে মাঝে যান কি?

(কোন উত্তর দেওয়া হয়নি।)

Candidature of Tahasildars in Panchayat elections

*465. (Admitted question No. *1751.)

শ্রীসুধীরচন্দ্র দাসঃ (Called by Shri Asoke Krishna Dutta): ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, তহশীলদারগণকে পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার অনুমতি দেওয়া হইয়াছে কিনা?

[1-30—1-40 p.m.]

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ না।

শ্রীঅশোককৃষ্ণ দত্তঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, বহু তহশীলদার যাঁরা পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছেন তাঁরা সফল হয়েছেন, তাঁদের সম্বন্ধে তাঁরা পঞ্চায়েতে নির্বাচিত হবার পর তহশীলদারী চাকরি রাখতে পারবে কিনা এ বিষয়ে সরকার কি কোন সিদ্ধান্ত করেছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্যঃ এই তহশীলদাররা সরকারী কর্মচারী বলে পরিগণিত। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই ভাবছেন যে, এত অল্প মাইনের একজন কর্মচারীকে সরকারী কর্মচারী বলে অভিহিত করলে অন্যায় করা হতে পারে। কিন্তু সরকারী কর্মচারীর যে সংগা সেই অনুযায়ী তহশীলদাররা সরকারী কর্মচারী এবং সার্ভিস কন্ডাক্ট রুলের মধ্যে তাদের আচরণ বিধি নিয়ন্ত্রিত, সেই অনুযায়ী তাঁরা দাঁড়াতে পারেন না।

শ্রীঅশোককৃষ্ণ দত্তঃ মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই অবগত আছেন যে, সরকারের কাছ থেকে বেতন পান এই রকম অনেক পোস্টে সরকার পার্মিসান দিয়ে থাকেন বিভিন্ন নির্বাচনে কনটেস্ট করবার জন্য। এই ক্ষেত্রে বহু তহশীলদার পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছেন এবং তাঁদের অনেকেই নির্বাচিত হয়েছে। যদি তাঁদের অনুমতি না দেওয়া হয়, তাহলে বিভিন্ন বিভিন্ন জায়গায় হয় তাঁদের চাকরি যাওয়ার জন্য অথবা তাঁদের এই নির্বাচিত পদ থেকে ইস্তফা দেওয়ার জন্য একটা বিশ্রী আবহাওয়ার সৃষ্টি হবে। সেজন্য তহশীলদার হিসাবে যাঁরা কনটেস্ট

করেছেন এবং যাঁরা সফল হয়েছেন তাঁদের সেই পদগুলি রাখতে পারবে এইরকম কোন পার্মিস দেওয়ার ব্যবস্থা কি করা হচ্ছে?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সার্ভিস কন্ডাক্ট রুলের ধারাতে যেটা আছে আমি মাননীয় সদস্যদের সেই ধারার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সেখা আছে, ২ উপধারাতে আছে—

"No Government servant shall canvas or otherwise interfere or use l influence in connection with, or stand as a candidate or take part in, a election to any legislature or local authority, provided that a Governme servant qualified to vote at such election may exercise his right to vote b where he does so, he shall give no indication of the manner in which proposes to vote or has voted, and a Government servant shall not be deem to have contravened the provisions of this rule by reason only that he assist in the conduct of an election in the due performance of duty imposed on hi by or under any law for the time being in force".

এই ধারার জন্য তহশীলদারগণ দাঁড়ানর অধিকারী নয়।

শ্রীঅশোককৃষ্ণ দত্ত: দাঁড়ানর অধিকারী কিনা সে আলাদা প্রশ্ন। কিন্তু এই ক্ষেত্রে পঞ্চায়ে নির্বাচনে বহু তহশীলদার কনটেস্ট করেছেন এবং নির্বাচিত হয়েছেন। সার্ভিস কন্ডাক্ট রুল অনুযায়ী সরকার কি তাদের বিরুদ্ধে ডিসিপ্লিনারী এ্যাকসান নেবার ব্যবস্থা করেছেন।

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: আমি যতদূর জানি এই সার্ভিস কন্ডাক্ট রুলের কথা স্মরণ করে স্থানীয় আধিকারিকগণ এই সমস্ত নির্বাচিত তহশীলদারদের প্রতি একটা অনুরো জানিয়েছেন যাতে তাঁরা একটা পথ বেছে নেন—হয় তাঁরা তহশীলদারের পদ ত্যাগ করেন অথব অঞ্চল পঞ্চায়েত বা অন্য কোন প্রতিষ্ঠানের সদস্য পদ ত্যাগ করেন।

শ্রীঅশোককৃষ্ণ দত্ত: তাঁরা এখন কি পথ বেছে নেবেন সেটা আলাদা কথা। কিন্তু তাঁ যদি নির্বাচনে দাঁড়িয়ে থাকেন অনুমতি না নিয়ে তাহলে সার্ভিস কন্ডাক্ট রুল তাঁরা ভাঙলে করছেন। সরকার এ সম্বন্ধে তাঁদের বিরুদ্ধে কি স্টেপ নেবার ব্যবস্থা করছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন কর যেতে পারে। কিন্তু তাঁরা দাঁড়িয়েছেন, নির্বাচিত হয়েছেন, এখন তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বনের কথা ভাবছি না।

শ্রীঅশোককৃষ্ণ দত্ত: আমি প্রশ্ন করছি মাননীয় মন্ত্রিমহাশয় জানিয়েছেন যে, কাউকে অনুমতি দেওয়া হয় নি, কিন্তু কোন ক্ষেত্রে কি অনুমতি চাওয়া হয়েছিল এবং সরকার সেক্ষেত্রে কি জবাব দিয়েছেন?

দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য: অনুমতি চাওয়া অবশ্য হয়েছিল, কিন্তু আমরা কাউকে অনুমতি দিইনি।

Shri Asoke Krishna Dutta:

তাদের পরিষ্কারভাবে কি দাঁড়াতে বারণ করা হয়েছিল কোন ক্ষেত্রে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমরা সার্ভিস কন্ডাক্ট রুলসের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলাম।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই তহশীলদের মাইনে কত?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সত্য কথা বলতে তহশীলদারদের কোন মাইনে নেই, তাঁরা ২৭ টাকা করে য়্যালাওয়েন্স পান এব আদায়ীকৃত টাকার উপর কমিশন পান এবং মোটামুটি হিসাব করে যা দেখা গেছে, তাঁরা গড়ে বছরে ৬০০ থেকে ৮০০ টাকা রোজগার করতে পারেন।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন এই হাউসের সদস্যরা ২০০ টাকা করে য়্যালাওয়েন্স পান কিন্তু সরকারী কর্মচারী নন। অতএব তহশীলদারেরা সরকারী কর্মচারীর মধ্যে পড়ে না, জোর করে সরকারী কর্মচারীদের মধ্যে তাদের কেন ধরে নিচ্ছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমাদের ধরাধরির কোন কথা নেই, আমাদের তহশীলদারদের প্রতি পূর্ণ সহানুভূতি আছে এবং তহশীলদারেরা বিভিন্ন নির্বাচনে দাঁড়িয়ে যদি বিভিন্ন য়্যাসোসিয়েশনের এবং বিভিন্ন পঞ্চায়তের ভিতর যেতে পারেন তাহলে আমরা খুব খুশী হব, কিন্তু সার্ভিস কন্ডাক্ট রুলস যতক্ষণ না বদলানো হচ্ছে ততক্ষণ পর্যন্ত তহশীলদারেরা এই সার্ভিস কন্ডাক্ট রুলস দ্বারা পরিচালিত হবেন।

Shri Nepal Chandra Roy:

মাইনে যদি না দেয়া হয়, তাহলে কোন্ আইনের বলে তাদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য করছেন সেটা জানতে চাই, সেখানে কেবল য়্যালাওয়েন্স দেয়া হচ্ছে, স্যালারী নয়। আমরা এখানে য়্যালাওয়েন্স নিই এবং আমাদের গাড়ীভাড়া দেয়া হয়, সেটা মাইনে হিসাবে ধরা হয় না, অতএব তাদের কমিশনটাও মাইনে হিসাবে ধরা যেতে পারে না। কাজেই তারা কি করে সরকারী কর্মচারী হিসাবে গণ্য হবে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা তো এইভাবেই আছে।

Shri Siddhartha Shankar Ray: Who appoints the Tehsildars?

The Hon'ble Syamadas Bhattacharyya: The Tehsildars are appointed by the A.D.M., i.e. Additional District Magistrate.

Shri Siddhartha Shankar Ray: And who dismisses them?

The Hon'ble Syamadas Bhattacharyya: Government dismisses them.

Shri Siddhartha Shankar Ray: That is to say, the Government appoints and dismisses them?

The Hon'ble Syamadas Bhattacharyya: Yes, I may cite in this connection and draw the attention of the honourable member to the definition of Government servant means any person appointed to a public service or post in connection with the affairs of the State. There are two explanations: (1) A Government servant shall not cease to be a Government servant merely because his services have for the time being been placed on foreign service at the disposal of a company, corporation, organisation or local authority and his pay, allowances or other benefits are drawn from sources other than the consolidated fund of the State; and (2) A Government servant shall not cease to be a Government servant merely because his services have, for the time being, been transferred or placed at the disposal of the Government of India or of any State other than the State of West Bengal.

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে রেশনের দোকান যেগুলি সেগুলি গভর্নমেন্ট এাপয়েন্ট করে কিন্তু তাদের শুধু কমিশন দেয়া হয়, সেজন্য দোকানের মালিক গভর্নমেন্ট সার্ভেন্ট হিসাবে তো পরিগণিত হয় না। সেজন্য যারা কমিশন পায় সেই কমিশন ভোগী সরকারী কর্মচারী হতে পারে না।

The Hon'ble Syamadas Bhattacharyya: That is a matter of interpretation.

কিন্তু কথা হচ্ছে যে, আমরা গভর্নমেন্ট সার্ভিস কন্ডাক্ট রুলসের যা ব্যাখ্যা পেয়েছি এবং আমাদের আইন বিষয়ে উপদেষ্টার কাছ থেকে যে পরামর্শ পেয়েছি সেই অনুসারে আমরা তহশীলদারদের সম্পর্কে এই ধরনের ব্যবস্থা স্থির করেছি।

Shri Siddhartha Shankar Ray: Can a Tehsildar be dismissed without following the procedure under Article 311 of the Constitution?

The Hon'ble Syamadas Bhattacharyya: He cannot be dismissed summarily.

Shri Siddhartha Shankar Ray: Therefore will the Hon'ble Minister agree that to say that the Tehsildars are not Government servants will be saying something very much against the interest of the Tehsildars because they will lose the protection under Article 311 of the Constitution?

The Hon'ble Syamadas Bhattacharyya: I do agree.

Shri Bijesh Chandra Sen:

মন্ত্রিমহাশয় জানালেন যে, তহশীলদারেরা সরকারী কর্মচারী, সরকারী কর্মচারীরা যে সমস্ত ফেসিলিটি পান তহশীলদারদের সেই ফেসিলিটি দেয়া হয় কিনা, অর্থাৎ ডি এ এবং অন্যান্য ফেসিলিটি সরকারী কর্মচারীরা যা পায় তহশীলদারদের সেই ফেসিলিটি দেয়া হয় কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

ডি এ বা হাউস রেন্ট য়্যালাউয়েন্স এসব দেয়া হয় না, তবে ট্রাভেলিং য়্যালাউয়েন্স এবং অন্যান্য কিছু কিছু য়্যালাউয়েন্স দেয়া হয়।

[1-40 a.m.—1-50 p.m.]

Shri Bijesh Chandra Sen:

তাহলে সরকারী কর্মচারীদের মধ্যে এইরকম বিভেদ সৃষ্টি কেন করছেন? তহশীলদারদের মাইনে কেন বাড়ান হচ্ছে না?

The Hon'ble Syamadas Bhattacharyya: I wish I could do it.

এটা খুবই যুক্তিসঙ্গত প্রশ্ন যে তহশীলদাররা অত্যন্ত কম উপার্জন করেন, তাদের উপার্জন বাড়ান উচিত, এই সম্পর্কে মাননীয় সদস্যদের সঙ্গে আমার কোন বিরোধ নেই। তহশীলদারদের উপার্জন বাড়ানর জন্য আমরা কতকগুলি প্রস্তাব করেছি, অর্থদপ্তরের সঙ্গে আমাদের কথাবার্তা চলছে। আপাতত তহশীলদারদের কাজের যে এলাকা, সেটা বাড়িয়ে তাদের জন্য আরও কিছু কাজের চেষ্টা করা হচ্ছে। আমাদের অর্থদপ্তর ও কৃষিদপ্তর এবং প্ল্যানিং কমিশন-এর সঙ্গে কথাবার্তা বলে এই সকল তহশীলদারদের আর কিছু কাজ দেবার ব্যবস্থা করা হচ্ছে। যেমন আমাদের অর্থনৈতিক সমীক্ষা করতে গেলে অনেকগুলি তথ্য সংগ্রহ করতে হয়, গ্রামের বিভিন্ন স্থানে গিয়ে গিয়ে সেই সমস্ত সমীক্ষার কাজ করতে হয়, সেখানে সেই কাজে তাদের লাগিয়ে, কিছু টাকা তাদের আয় হিসাবে বাড়ান যায় কিনা, তার জন্য চেষ্টা করছি, আশা করি কিছু করতে পারবো।

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি তহশীলদাররা পার্ট-টাইম ওয়ার্কার না হোল-টাইম ওয়ার্কার?

The Hon'ble Syamadas Bhattacharyya:

কথা হচ্ছে, এখানে আমাদের ডেফিনিশন-এর মধ্যে যা আছে, তাতে পার্ট-টাইম গভর্নমেন্ট সারভেন্ট আর হোল-টাইম গভর্নমেন্ট সারভেন্ট বলে এইরকম কিছু নেই।

Shri Kanai Lal Das:

মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি আমাদের যে সার্ভিস কন্ডাক্ট রুলস, ঐটা পাল্টাবার কথা চিন্তা করছেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা এখনই বলা যাবে না। ওটা মস্ত বড় নীতির প্রশ্ন, তহশীলদারদের ব্যাপার নিয়ে এটা বলা যাবে না. এটা চিন্তার বিষয়।

Shri Bijesh Chandra Sen:

মাননীয় মন্ত্রিমহাশয় যখন বলছেন যে অন্যান্য সরকারী কর্মচারীদের যেরকম ফেসিলিটি দিচ্ছেন, তহশীলদারদের সেরকম ফেসিলিটি দিতে পারছেন না; এর পরেও কি আপনি মনে করেন বা বলবেন যে, এই তহশীলদাররা সরকারী কর্মচারী?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমার মনে করা বা না করার উপরেতে কিছু নির্ভর করবে না। এখানে সার্ভিস কন্ডাক্ট রুলস রয়েছে. মাননীয় সদস্যগণের অভিমত রয়েছে. আইনসঙ্গত উপদেষ্টা কমিটি রয়েছে, সকলের অভিমতের উপর বিচার হবে।

Shri Abdul Gafur:

তহশীলদারদের গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতের সদস্য হতে গেলে সরকারের অনুমতির প্রয়োজন আছে কিনা?

(No reply)

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন সরকারী কর্মচারীদের ন্যূনতম যে সমস্ত সুবিধা আছে, সেগুলি তহশীলদারদের যখন দেওয়া হয় না, তথাপি তারা সরকারী কাজে এইভাবে যেহেতু সাহায্য করে আসছেন, তাদের পঞ্চায়েতে নির্বাচনের অনুমতি সরকার কি দেবেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সার্ভিস কন্ডাক্ট রুলস যতক্ষণ না বদলান হচ্ছে ততক্ষণ পর্যন্ত আমরা অনুমতি দিলেও তারা দাঁড়াতে পারবেন না।

Shri Nepal Roy:

তহশীলদারদের মাইনে বাড়ানর, সরকারের কোন পরিকল্পনা আছে কি?

(No reply)

Shri A. K. M. Ishaque:

তহশীলদাররা অল্প মাইনে পান বলে কোন তহশীলদার কি চাকরি ছেড়ে চলে গেছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমার তো জানা নেই। নোটিশ দিলে পরে বলবো।

Shri Bijesh Chandra Sen:

মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে, তহশীলদারদের উপর গুরুদায়িত্ব রয়েছে, তাঁরা সরকারের রেভিনিউ আদায় করছেন। তাঁরা যদি ডিসস্যাটিসফায়েড থাকে তাহলে সরকারের কাজের ক্ষতি হবে কিনা। তাই যদি চিন্তা করেন তাহলে সরকার ইমিডিয়েটলি তাদের সার্ভিস কন্ডিসান, তাদের মাইনে বাড়াবার চেষ্টা করবেন কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা নিশ্চয়ই বাড়ান উচিত। তবে মাননীয় সদস্যগণকে আর একটা কথা স্মরণ করিয়ে দিলে বোধহয় ভাল হয় উত্তর দেবার প্রসঙ্গে যে, প্রতিবারেই যখন বাজেট আলোচনা হয় তখন অনেক মাননীয় সদস্যই একথা তোলেন যে, আদায়ের খরচটা বড় বেশী। কেউ কেউ বলেন যে, আদায় খরচটা ৬২ ভাগ শতকরা এবং কেউ কেউ বলেন আরো বেশী। আদায় খরচটা এখন অর্থাৎ তহশীলদারদের মাইনে, ভাতা এবং অন্যান্য এ্যালাউয়েন্স দিয়ে যে টাকাটা খরচা হয় তার পরিমাণ প্রায় ৫৫ লক্ষ টাকা। আদায় হয় ৬ কোটি টাকা থেকে খুব বেশী হলে ৮ কোটি টাকা। এখন

এই টাকাটা আদায় করতে নূন্যতম খরচা হয় ৫৫ লক্ষ টাকা শুধু তহশীলদারদের মাইনে ভাতা প্রভৃতি দেবার জন্যে। এই টাকাটা আরো বাড়িয়ে দিলে খুবই ভাল হয় কিন্তু তখন মাননীয় সদস্যগণ বোধহয় এই কথাই বলবেন যে, ভূমিরাজস্ব আদায়টা একেবারে তুলে দেওয়া ভাল। কারণ যদি উদ্বৃত্ত এত কম থাকে তাহলে তুলে দেওয়াই ভাল।

Shrimati Maya Banerjee:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, কোন্ পরিসংখ্যানের উপর নির্ভর করে তিনি তহশীলদারদের মাইনে ঠিক করেছেন তাঁর দপ্তর বা তিনি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

যখন জমিদারী দখল আইন পাস করবার পর আমাদের নিজেদের থেকে সরকারী কর্মচারী দিয়ে খাজনা আদায় করবার অবস্থার উদ্ভব হল তখন আমরা খুব তাড়াতাড়ি করে একটা অর্গানাইজেশন সেট আপ করলাম এবং তখন যত তহশীলদার ভূমাধীকারী, মধ্যস্বত্বাধিকারী, পত্তনীদারের অধীনে কাজ করতেন প্রায় সবাইকেই চাকরীতে নেওয়া হয়েছিল। তাঁরা অনেকে বেকার হয়ে যাবেন এই সমস্যা দেখা দেবার জন্যে তাঁদের সবাইকে কর্মে নিযুক্ত করা হয়েছিল। এর ফলে প্রত্যেকটি তহশীলদারদের ভাগে অতি অল্প পরিমাণ খাজনা আদায়ের ভার পড়লো। কারোরই ভাগ্যে ১০ হাজার ১২ হাজার টাকার বেশী বাৎসরিক খাজনা আদায়ের ভার পড়েনি। কারো কারো ভাগ্যে হয়ত ৫ হাজার টাকা, ৬ হাজার টাকার খাজনা আদায়ের ভার পড়েছিল, সেই সময় আমরা দেখতে পাই এই যে ভাতা এবং অন্যান্য খরচা দেবার ব্যবস্থা তাতে যে পরিমাণ খরচা মোট পড়ে সেটা মোট আদায়ী টাকার তুলনায় বেশী হয়ে যাচ্ছিল। কাজেই আমরা খুব যে একটা বৈজ্ঞানিক পদ্ধতিতে এদের অর্থ উপার্জনের ব্যবস্থা করতে পেরেছিলাম তা নয়, তবে এখন আমরা ভাবছি ভূমিরাজস্ব আদায়ের যতদিন মাননীয় সদস্যরা রাখবেন ততদিন পর্যন্ত এই তহশীলদারদের অবস্থার যাতে কিছু উন্নতি করা যেতে পারে তার ব্যবস্থা করা প্রয়োজন।

Shri Amarendra Mondal:

মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন যে, এরিয়া কিছু বাড়াবেন। কিন্তু এই যে তহশীলদাররা রয়েছে সংখ্যায়, যেহেতু সেই সংখ্যা কিছু কমে যচ্ছে এবং এই যে কিছু বেকার হয়ে যাচ্ছে তাদের বিকল্প ব্যবস্থার কথা কি চিন্তা করছেন?

Shri Asoke Krishna Dutta: On a point of order, Sir,..... .....
Mr. Speaker:

আর পয়েন্ট অব অর্ডার ছেড়ে দিন। লেট আস কাম টু দি নেকস্ট আইটেম।

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমরা কাউকে বেকার করতে চাইছি না। আমরা যখন এরিয়া বাড়ানর কথা ভাবছি তখন আমাদের পরিকল্পনা হচ্ছে এই যে, যাঁরা অবসর গ্রহণ করছেন, কেউ বা বিতশ্রদ্ধাবশত অবসর গ্রহণ করছেন, কেউ বা বেশী বয়সের জন্য অবসর গ্রহণ করছেন, কেউ বা অন্য কারণে অবসর গ্রহণ করছেন, সেই সব জায়গাতে নূতন তহশীলদার নিয়োগ না করে সেই জায়গাটাকে আর একটা ব্লকের সংগে যুক্ত করে এরিয়াটা বাড়িয়ে দেওয়া। এইভাবে আমরা কার্যে অগ্রসর হচ্ছি। কাউকে কাজ ছাড়িয়ে দেওয়ার প্রশ্ন উঠে না।

Shrimati Maya Banerjee:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, যখন তিনি বুঝতে পেরেছেন যে বৈজ্ঞানিক ভিত্তির উপর নির্ভর করে তাঁদের মাইনে ঠিক করেন নি তখন এতদিন তাঁদের কিভাবে সংসার চলছে, আজকের দিনে কিভাবে চলছে, কালকের দিনে কিভাবে চলবে, সেই পরিসংখ্যানটা কিভাবে ঠিক হল সেই সম্পর্কে কিছু তথ্য দেবেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এখনই কোন তথ্য দেওয়া সম্ভব হবে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Cultivable lands within Dubda Basin area

815. (Admitted question No. 1393.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দুবদা বেসিনের এলাকাভুক্ত মোট আবাদী জমির পরিমাণ কত;
(খ) উক্ত আবাদী জমির একর প্রতি কত ফলন হয়;
(গ) বিগত ১০ বছরের মধ্যে বন্যার ফলে ঐ এলাকায় কোন্ কোন্ বছরে কি পরিমাণ ফসল হানি হইয়াছে;
(ঘ) উক্ত জমিগুলি কোন্ কোন্ গ্রামের অন্তর্ভুক্ত; এবং
(ঙ) কৃষি বিভাগ হইতে এই এলাকায় এ পর্যন্ত কোন্ কোন্ স্থানে উন্নয়নমূলক পরিকল্পনা কার্যকরী করা হইয়াছে বা হইতেছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৪,০০০ একর।
(খ) প্রায় ৯ মণ।
(গ)

বৎসর	আনুমানিক ক্ষতির পরিমাণ মণ
১৯৫৪-৫৫	৫৪,০০০
১৯৫৫-৫৬	
১৯৫৬-৫৭	———
১৯৫৭-৫৮	৫৭,০০০
১৯৫৮-৫৯	৭০,০০০
১৯৫৯-৬০	৫৮,০০০
১৯৬০-৬১	২১,০০০
১৯৬১-৬২	———
১৯৬২-৬৩	২৮,০০০
১৯৬৩-৬৪	———

(ঘ) দুবদা, যগদা, অস্থি, গোরিয়া, এগরা, পাটনা, দোবাড়িয়া, শীপুর, ছত্রি, পানের বটিয়া, বৈশ্চ, কুলটিকি, বটিকাটি, টাকাপুরা প্রভৃতি।

(ঙ) (১) দুবদা, যুগদা, অস্থি এবং গোরিয়াতে বাঁধানো সারের আধার নির্মাণ,

(২) দুবদা, যগদা এবং অস্থিতে বিনামূল্যে উন্নত ধরনের ফলের চারাগাছ বিতরণ, কৃষি-শস্য ঋণ ও বলদ-ক্রয় ঋণদান, স্বল্পমূল্যে উন্নত কৃষি যন্ত্রপাতি ও সবুজসারের বীজ বিতরণ, এবং

(৩) বেসিন এলাকার সকল গ্রামেই কীটপতঙ্গের আক্রমণ হইতে শস্য সংরক্ষণের ব্যবস্থা ক্রমশ গ্রহণ করা হইতেছে।

Supply of Ration in areas with more than 5000 people in Midnapore district

816. (Admitted question No. 1525.)

শ্রীজনপ্রমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ গ্রাম বা শহরে বা গঞ্জে ৫,০০০ এর উপর আছে;

(খ) বর্তমানে ঐ সকল স্থানে কি মূল্যে চাউল, তেল, চিনি এবং লবণ বিক্রিত হইতেছে;

(গ) কবে হইতে ঐ সকল স্থানে পূর্ণ (স্ট্যাটুটরি) রেশনিং চালু হইবে; এবং

(ঘ) ঐ ব্যবস্থায় রেশন দোকান হইতে কি হারে প্রতি সপ্তাহে খাদ্যদ্রব্য দেওয়া হইবে?

The Minister for Food and Supplies:

(ক) ১৯৬১ সালের আদমসুমারী সেনসাস অনুযায়ী মেদিনীপুর জেলার মেদিনীপুর শহর, আমলাগোড়া, গড়বেতা, বালিচক, খড়্গপুর, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি, ঘাটাল, খরার, খিরপাই, রামজীবনপুর, চন্দ্রকোণা, ঝাড়গ্রাম, কাঁথিশহর, তমলুক, মহিষাদল এই সমস্ত জায়গায় ৫,০০০ এর উপর লোক বসবাস করেন বলিয়া জানা গিয়াছে।

(খ) উপরোক্ত স্থানগুলির সর্বত্র কন্ট্রোল দরে চাউল পাওয়া যায়। কেজি প্রতি চাউলের সর্বোচ্চ মূল্য ০.৭৯ পয়সা ও সর্বনিম্ন মূল্য ০.৫২ পয়সা। সরিষার তৈলের বিক্রয় মূল্য স্থান ও রকমভেদে কেজি প্রতি ৩·২৫ পয়সা হইতে ৪·৫০ পয়সা; লবণের বিক্রয়মূল্য স্থান ও রকমভেদে কেজি প্রতি ০·১২ পয়সা হইতে ০·১৪ পয়সা; চিনির বিক্রয়মূল্য স্থান ও রকমভেদে কেজি প্রতি ১·৩২ পয়সা হইতে ১·৩৬ পয়সা।

(গ) মেদিনীপুর জেলায় বর্তমানে পূর্ণ রেশনিং (স্ট্যাটুটরি) প্রথা প্রবর্তনের কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

Staffquarters of Khasbar Health Centre in Ghatal police-station, Midnapore

817. (Admitted question No. 1531.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ঘাটাল থানার খাসবার স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার ও অন্যান্য স্টাফ কোয়ার্টারে বাড়িগুলিতে বৃষ্টির জল ভিতরে প্রবেশ করে; এবং

(খ) সত্য হইলে, কত বৎসর ঐ সকল গৃহ মেরামত করা হয় নাই?

The Minister for Health:

(ক) কতকগুলি টিনের চালে ফুটা হইয়া কোয়ার্টারগুলিতে জল পড়িতেছিল; ঐগুলি মেরামত করার ব্যবস্থা করা হইয়াছে।

(খ) ১৯৬২-৬৩ সালে মেরামত করা হইয়াছিল, ১৯৬৩-৬৪ সালে হয় নাই।

Bhabta Bazar—Pilkhana Road in Murshidabad district

818. (Admitted question No. 1556.)

শ্রীসনৎকুমার রাহা: স্থানীয় স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বেলডাঙ্গা থানার অন্তর্গত ভাবতা বাজার হইতে পূর্বদিকে পিলখানা গ্রাম পর্যন্ত যে রাস্তা আছে তাহা পাকা করার কোন প্রস্তাব আছে কিনা; এবং

(খ) প্রস্তাব থাকিলে তাহা কতদিনের মধ্যে কার্যকরী করা হইবে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Loans granted from Moyna Development Block in Productive Agricultural Scheme

819. (Admitted question No. 1573.)

শ্রীজনগমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার ময়না উন্নয়ন ব্লক হইতে প্রোডাকটিভ এগ্রিকালচারাল স্কীমে কোন কোন গ্রামে কোন্ কোন্ ব্যক্তিকে কত টাকা ঋণ দেওয়া হইয়াছে;

(খ) ঐসকল ব্যক্তির প্রত্যেকের ফসলের জমি কত করিয়া আছে;

(গ) তাহারা প্রত্যেকে কি কি বাবদ ঐ সকল টাকা খরচ করিয়াছে; এবং

(ঘ) প্রকৃত প্রস্তাবে টাকা যথাযথভাবে খরচ হইয়াছে কিনা তাহার সার্টিফিকেট কে দিয়াছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক), (খ) এবং (গ) ময়না ব্লকে ১৯৬৩-৬৪ সালে উক্ত প্রকল্পে কেবলমাত্র পান চাষের জন্য ঋণ দেওয়া হইয়াছে। ঋণগ্রহীতাগণের নাম, ঋণের পরিমাণ এবং প্রত্যেক ঋণগ্রহীতার পান বরজ জমির পরিমাণ সহ একটি বিবৃতি প্রদত্ত হইল।

(ঘ) সংশ্লিষ্ট গ্রামসেবক এবং কৃষি সম্প্রসারণ আধিকারিক।

Statement referred to in reply to clauses (Ka), (Kha) and (Ga) of unstarred question No 819.

Serial No.	Name of the cultivators to whom P. S. loan (Panboroj only) is issued in the year 1963-64	Village	Amount of loan.	Area of Panboroj	Name of the scheme in which money is expended.
			Rs.	DCY	
	Anchal No. 1				
1	Shri Gunadhar Nayak	P D Moyna	100	·09	Panboroj.
2	Shri Gnanendra N Panda	D Harakuli	100	·10	Do.
3	Shri Niranjan Panda	D Harakuli	100	·10	Do
4	Shri Bishnupada Manna	P D Moyna	100	·13	Do.
5	Shri Satish Ch Bhowmick	D Moyna	100	·08	Do.
6	Shri Bibhuti B Jana	D Harakuli	100	·09	Do.
7	Shri Basanta Kr Pattanayak	P D Moyna	100	·11	Do.
8	Shri Jatindra N Maity	Anandapur	100	·19	Do.
9	Shri Lakshmi Narayan Samanta	P D Moyna	100	·16	Do
	Anchal No. 2				
10	Shri Panchanan Gantait	Tilkhoja	100	·7½	Do.
11	Shri Sambhu Ch Maity	Banki	100	·10	Do.
12	Shri Narayan Ch Maity and Ors.	Chongra	100	·07	Do
13	Shri Panchanan Gantait	Tilkhoja	100	·10	Do.

Serial No.	Name of the cultivator to whom P S loan (Panboroj only) is issued in the year 1963-64	Village.	Amount of loan.	Area of Panboroj.	Name of the scheme in which money is expended.
			Rs.	DCC	
	Anchal No. 3				
14	Shri Dharanidhar Maity ..	Projabar ..	100	·12	Panboroj.
15	Shri Ballavi Narayan Adhikary	Uttampur ..	100	·10½	Do.
16	Shri Narendra Nath Maity ..	Projabar ..	100	·12	Do.
	Anchal No. 6				
17	Shri Ekadashi Jana ..	Mogra ..	100	·07	Do.
18	Shri Basudev Jana ..	Ramchak ..	100	·13½	Do.
19	Shri Kanailal Mana ..	Ramchak ..	100	·13	Do.
	Anchal No. 7				
20	Shri Haripada Das Adhikary ..	Gojina ..	200	·15	Do.
21	Shri Parameswar Jana ..	Gojina ..	200	·18	Do.
22	Shri Basanta Kumar Nayak ..	Gojina ..	100	·08	Do.
23	Shri Bishnupada Hajra ..	Gojina ..	100	·10	Do.
24	Shri Jogendra N Bagh ..	Gojina ..	100	·10	Do.
	Anchal No. 8				
25	Shri Abinash Paramanik .	Bakcha ..	100	·07	Do.
26	Shri Hemanta Kr Mandal ..	Gobradan ..	100	·08	Do.
27	Shri Sudhir Rout ..	Chandibenia ..	100	·07	Do.
	Anchal No. 9				
28	Shri Sashi Bh Bhuma ..	Pr Naichanpur	100	·15	Do.
29	Shri Ramchandra Jana ..	Narikelda ..	100	·17	Do.
30	Shri Parameswar Maji ..	Narikelda ..	100	·26	Do.
31	Shri Kanailal Barman ..	Narikelda ..	100	·26	Do.
32	Shri Gunadhar Dolai .	Asnan ..	100	·24	Do.
33	Shri Ashutosh Jana ..	Shyampur ..	100	·10	Do.
34	Shri Bankim Ch Maity ..	Bhumakhali ..	100	·11	Do.
35	Shri Narendra Nath Maity ..	Pr Naichanpur	100	·11	Do.
36	Shri Dharanidhar Jana ..	Narikelda ..	100	·17	Do.
	Anchal No. 7 (contd.)				
37	Shri Bibhuti Bh Mondal ..	Gojina ..	100	·10	Do.
38	Shri Ghanashyam Mondal ..	Gojina ..	100	·10	Do.
			4,000		

Block Budget of Berhampore Block

820. (Admitted question No. 1652.)

শ্রীসনৎকুমার রাহাঃ কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের (সমষ্টি উন্নয়ন) মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর ব্লকে (ব্লক ডেভেলপমেন্ট) ১৯৬৩-৬৪ সালে কত টাকা কোন্ কোন্ খাতে দেওয়া হয়;

(খ) উক্ত টাকা সম্পূর্ণ ব্যয়িত হইয়াছে কিনা; এবং

(গ) ১৯৬৪-৬৫ সালের জন্য কোন্ খাতে কত টাকা বরাদ্দ হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (গ) একটি বিবৃতি এতদসহ প্রদত্ত হইল।

(খ) ১৯৬৩-৬৪ সালে প্রকল্প খাতে বরাদ্দ অর্থ প্রায় সম্পূর্ণ ব্যয় হইয়াছে; তবে ব্লক অফিসের কর্মচারীদের ব্যয় বাবদ ও উপনৈমিত্তিক ব্যয় বাবদ বরাদ্দ অর্থের কিছু অংশ ব্যয়িত হয় নাই।

Statement referred to in reply to clauses (Ka) and (Ga) of unstarred question No. 820.

Name of Head/Scheme under the Schematic Block Budget of Berhampore Block.	Allotment made during 1963-64	Allotment made during 1964-65 (up to August 1964).
	Rs.	Rs.
1. Block Headquarters :-		
(a) Personnel . .	7,010	21,200
(b) Block Office (Contingencies)	1,800	2,500
2. Result Demonstration in Cultivator's holdings	300	300
3. Miscellaneous Agricultural Scheme .	1,000	500

Co-operative Societies in Banduan police-station, Purulia

821. (Admitted question No. 1710.)

শ্রীঅদ্বৈত মণ্ডলঃ সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বান্দোয়ান থানায় কোন কো-অপারেটিভ সোসাইটি আছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে কয়টি আছে এবং তাহাদের নাম কি;

(গ) উক্ত সোসাইটিগুলির মধ্যে কোন্ কোন্‌টিকে গ্রেনগোলা করিবার জন্য অদ্যাবধি কত টাকা সরকার হইতে মঞ্জুর হইয়াছে;

(ঘ) উক্ত গ্রেণগোলাগুলি নির্মাণ করিবার জন্য কোন ঠিকাদার নিযুক্ত হইয়াছিল কি;

(ঙ) ঠিকাদার নিযুক্ত হইয়া থাকিলে তাহাদের নাম কি;

(চ) গ্রেণগোলাগুলির নির্মাণকার্য শেষ হইয়াছে কি; এবং

(ছ) শেষ না হইয়া থাকিলে কয়টি হয় নাই এবং সেগুলি কতদিনের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ।

(খ) ৩৬টি। ইহাদের নাম ও ঠিকানা এতদ্‌সংলগ্ন 'ক' চিহ্নিত তালিকা দ্রষ্টব্য।

(গ) 'খ' চিহ্নিত বিবরণী দ্রষ্টব্য।

(ঘ) না।

(ঙ) এ প্রশ্ন উঠে না।

(চ) না।

(ছ) কোন গ্রেনগোলার নির্মাণকার্য শেষ হয় নাই। পরবর্তী তিন মাসের মধ্যে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 821

তালিকা 'ক'

পুরুলিয়া জেলার বান্দোয়ান থানায় অবস্থিত সমবায় সমিতি সমূহের তালিকা।

সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(১) ধবনী কো-অপারেটিভ ক্রেডিট সো. লিঃ	গ্রাম--ধবনী, পোঃ--বান্দোয়ান।
সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(২) গুরুর কো-অপারেটিভ ক্রেডিট সো: লিঃ	গ্রাম--গুরুর, পোঃ--বান্দোয়ান।
সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(৩) বড়গোড়ী কো-অপারেটিভ ক্রেডিট সো, লিঃ।	গ্রাম--বড়গোড়ী. পোঃ--বান্দোয়ান।
সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(৪) কেওাপাড়া কো-অপারেটিভ ক্রেডিট সো. লিঃ।	গ্রাম--কেওাপাড়া, পো --বান্দোয়ান।
সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(৫) সাগা কো-অপারেটিভ ক্রেডিট সো, লিঃ।	গ্রাম--সাগা, পোঃ--বান্দোয়ান।
সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(৬) পাটপিঠা কো-অপারেটিভ ক্রেডিট সো. লিঃ।	গ্রাম--পাটপিঠা, পোঃ--বান্দোয়ান।
সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(৭) ভোগীডি কো-অপারেটিভ ক্রেডিট সো. লিঃ।	গ্রাম--ভোগীডি, পোঃ--বান্দোয়ান।
সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(৮) লাখা কো-অপারেটিভ ক্রেডিট সো. লিঃ	গ্রাম--লাখা, পোঃ--বান্দোয়ান।
সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(৯) কারপা কো-অপারেটিভ ক্রেডিট সো. লিঃ।	গ্রাম--কারপা, পোঃ--বান্দোয়ান।
সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(১০) কুইলাপাল কো-অপারেটিভ ক্রেডিট সো, লিঃ।	গ্রাম--কুইলাপাল, পোঃ--বান্দোয়ান।
সীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(১১) বেকো কো-অপারেটিভ ক্রেডিট সো. লিঃ।	গ্রাম--বেকো, পোঃ--বান্দোয়ান।
অসীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(১২) ভালু কৃষি ঋণদান সমিতি ..	গ্রাম--ভালু. পোঃ--বান্দোয়ান।
অসীমিত দায়িত্বা বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(১৩) চিলা কৃষি ঋণদান সমিতি ..	গ্রাম--চিলা, পোঃ--বান্দোয়ান।

সীমিত দায়িত্ব বিশিষ্ট সমবায় ঋণদান সমিতি।	(১৪) বাহাদুরপুর কৃষি ঋণদান সমিতি ..	গ্রাম--বাহাদুরপুর, পো:--বান্দোয়ান।
বহুবিধ উদ্দেশ্য সাধন সমবায় সমিতি।	(১৫) মধুপুর মালিটপারপাস কো, সো ..	গ্রাম--মধুপুর, পো:--বান্দোয়ান।
বৃহদায়তন বিপনন সমিতি ..	(১৬) বান্দোয়ান লার্জ সাইজড মার্কেটিং-কো-অপারেটিভ এসি, সো, লি:।	গ্রাম--বান্দোয়ান, পো:--বান্দোয়ান।
গ্রেন গোলা সমিতি ..	(১৭) কুইলাপাল গ্রাম্য সমবায় শস্য ভাণ্ডার ও কৃষি ঋণদান সমিতি লি:।	গ্রাম--কুইলাপাল, পো:--কুইলাপাল।
গ্রেন গোলা সমিতি ..	(১৮) চিরুন্দী গ্রাম্য সমবায় শস্য ভাণ্ডার ও কৃষি ঋণদান সমিতি।	গ্রাম--চিরুন্দী, পো:--বান্দোয়ান।
গ্রেন গোলা সমিতি ..	(১৯) শিরিষগোড়া গ্রাম্য সমবায় শস্য ভাণ্ডার ও কৃষি ঋণদান সমিতি লি:।	গ্রাম--শিরিষগোড়া, পো:-বান্দোয়ান।
গ্রেন গোলা সমিতি ..	(২০) উদলবনী গ্রাম্য সমবায় শস্য ভাণ্ডার ও কৃষি ঋণদান সমিতি লি:।	গ্রাম--উদলবনী, পো:--বান্দোয়ান।
শিল্প সমিতি ..	(২১) বান্দোয়ান তৈল শিল্প সমবায় সমিতি লি:।	গ্রাম--বান্দোয়ান, পো:--বান্দোয়ান।
শিল্প সমিতি ..	(২২) শিরিষগোড়া নন এডিবল অয়েল প্রেসিং এ্যাণ্ড ম্যানুফ্যাকচারিং কো-অপারেটিভ সোসাইটি লি:।	গ্রাম--বান্দোয়ান, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(২৩) সুপুড়ি সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:	গ্রাম--সুপুড়ি, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(২৪) জিতমা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:	গ্রাম--জিতমা, পো:--বান্দোয়ান
সার্ভিস কো-অপারেটিভ ..	(২৫) পারবাইদ সমবায় কৃষি উন্নয়ন সমিতি	গ্রাম--পারবাইদ, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(২৬) বড়করমা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:	গ্রাম--বড়করমা, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(২৭) পারগোলা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:	গ্রাম--পারগোলা, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(২৮) বান্দোয়ান সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:।	গ্রাম--বান্দোয়ান, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ .	(২৯) চিরুগোড়া রোলাদি সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:।	গ্রাম--চিরুগোড়া রোলাদি, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(৩০) ইটাকল সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:	গ্রাম--ইটাকল, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(৩১) কুচ্যা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:	গ্রাম--কুচ্যা, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(৩২) ধবনী চাল্লা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:।	গ্রাম--ধবনী, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(৩৩) ধাদকা সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:	গ্রাম--ধাদকা, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(৩৪) আশপাড়া সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:।	গ্রাম--আশপাড়া, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(৩৫) শিরিষগোড়া সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:।	গ্রাম--শিরিষগোড়া, পো:--বান্দোয়ান।
সার্ভিস কো-অপারেটিভ ..	(৩৬) মধুবন সমবায় কৃষি উন্নয়ন সমিতি লি:	গ্রাম--মধুবন, পো:--বান্দোয়ান।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 281.

তালিকা 'খ'

সরকারি সাহায্যের পরিমাণ

শস্যাগারের নাম	রেজেষ্ট্রী নং তারিখ	শস্যাগার নির্মাণ, জমি ক্রয় ও ধান্য ক্রয়ের জন্য					ব্যয় নির্বাহের জন্য সাহায্য				
		১৯৫৯-৬০	১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৫৯-৬০	১৯৬০-৬১	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
১। কইনাপাল উপজাতীয় গ্রাম্য শস্য ভাণ্ডার ও কৃষি ঋণদান সমিতি লিঃ।	১৩পি ১৯।২।৬৩	..	১০,০০০.০০	..	..	..	..	২৫০.০০	১,০০০.০০	১,০০০.০০	১,০০০.০০
২। চিকদি গ্রাম্য সমবায় শস্য ভাণ্ডার ও কৃষি-ঋণ সমিতি লিঃ।	১৫পি ১৯।৩।৬২	..	..	১০,০০০.০০	..	..	..	..	..	৬৮০.০০	১,০০০.০০
৩। শিরিষগোড়া গ্রাম্য সমবায় শস্য ভাণ্ডার ও কৃষি ঋণদান সমিতি লিঃ।	৮পি ৭।২।৬২	..	..	১০,০০০.০০	..	..	..	..	২৫০.০০	১৯০.০০	৭৯০.০০
৪। উলবনী গ্রাম্য সমবায় শস্য ভাণ্ডার ও কৃষি ঋণদান সমিতি লিঃ।	১২পি ২৫।১।৬৩	..	..	..	..	১০,০০০.০০	..	..	..	..	১২৫.০০

Water Supply Sources in Purulia District

822. (Admitted question No. 1713.)

শ্রীঅমৈত্ত মণ্ডলঃ স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গভুক্তি হওয়ার পর হইতে বর্তমান সময় পর্যন্ত থানাওয়ারী পুরুলিয়া জেলায় কোন্ কোন্ স্থানে কি কি প্রকারের পানীয় জলের উৎস সরকার করিয়াছেন;

(খ) উহাদের কোন্‌টিতে কত খরচ হইয়াছে;

(গ) উক্ত জেলায় মঞ্জুরীকৃত জলের উৎস অসম্পূর্ণ অবস্থায় আছে কি;

(ঘ) থাকিলে কয়টি আছে।

(ঙ) উক্ত অসম্পূর্ণ জলের উৎস কতদিনের মধ্যে সম্পূর্ণ হইবে; এবং

(চ) উক্ত অসম্পূর্ণ জলের উৎসগুলির কোন্‌টির জন্য কত টাকা মঞ্জুরী আছে?

The Minister for Health :

(ক) জলের উৎসগুলির থানাওয়ারী সংখ্যা সংলগ্ন তালিকায় দেওয়া হইল। প্রতি থানার কোন্ কোন্ স্থানে জলোৎসগুলি করা হইয়াছে তাহার বিবরণ আপাতত দেওয়া যাইতেছে না।

(খ) প্রতিটির খরচ গড়ে ২,৬০০ টাকা। প্রতিটির প্রকৃত খরচ জানান সময়সাপেক্ষ।

(গ) হ্যাঁ, আছে।

(ঘ) ৩৫৫টি।

(ঙ) বর্তমান আর্থিক বৎসরের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যাইতেছে।

(চ) প্রতিটির জন্য গড়ে ২,৬০০ টাকা।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 822

Name of P.S.:	No. of Wells* constructed since the merger
Puncha	30
Para	34
Arsha	34
Hura	6
Kashipur	62
Purulia	103
Neturia	41
Burdwan	27
Jhalda	64
Raghunathpur	49
Barabazar	22
Manbazar	93
Balarampur	25
Joypur	16
Santuri	43
Bagmundi	35
Total ...	684

*Only wells have been constructed by the Government. Tubewells are not successful in the area.

Victims of Small-pox, cholera, etc., in Purulia District

823. (Admitted question No. 1719.)

শ্রীজয়ন্ত মন্ডল: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৫ বৎসরে পুরুলিয়া জেলায় কতজন ব্যক্তি—

(১) বসন্ত,

(২) কলেরা,

(৩) ডেংগু,

(৪) যক্ষ্মা, ও

(৫) কুষ্ঠ,

রোগে আক্রান্ত হইয়াছে এবং মৃত্যুমুখে পতিত হইয়াছেন; এবং

(খ) উক্ত রোগে আক্রান্ত রোগীদের মধ্যে কোন্ শ্রেণীর রোগীর জন্য পুরুলিয়া জেলায় কোথায় কোথায় কতগুলি 'বেড' রহিয়াছে?

The Minister for Health:

(ক) স্বাস্থ্য কৃত্যক অধিকারের যে তথ্য রহিয়াছে তদানুসারে পুরুলিয়া জেলায় বিভিন্ন রোগে গত ৫ বৎসরের পরিসংখ্যান নিম্নে প্রদত্ত হইল:—

	রোগের নাম						আক্রান্ত	মৃত
(১)	বসন্ত	...	...	...	...	...	৬৬১	২৩৪
(২)	কলেরা	...	...	...	...	...	৩০	১২
(৩)	ডেঙ্গু	...	...	...	...	...	নাই	নাই
(৪)	যক্ষ্মা	...	...	...	...	...	*	*
(৫)	কুষ্ঠ	...	...	...	...	...	*	*

*গত ৫ বৎসরে পুরুলিয়া জেলায় যক্ষ্মা ও কুষ্ঠ রোগে কতজন আক্রান্ত হইয়াছে এবং মারা গিয়াছেন তাহার কোন সঠিক হিসাব দেওয়া সম্ভব নহে। তবে পুরুলিয়া জেলায় হাসপাতাল-সমূহে গত ৫ বৎসরে ৪,৩০১ জন যক্ষ্মা ও ১১,৬১৫ জন কুষ্ঠ রোগী চিকিৎসিত হইয়াছেন এবং যথাক্রমে ১৩৪ জন ও ১৮০ জন মারা গিয়াছেন।

(খ) বিবরণী 'ক'-তে দেখান হইল।

·23

Different Categories of Bed in the Purulia District, 1963.

Name of the Hospital.	Location.	Bed General.	Bed Infection.		Leprosy.	Total.
			Cholera and Smallpox.	T. B.		
Purulia Sadar Hospital	Purulia Municipality ..	104	8	10	..	122
Naba Kustha Nibas	Purulia Municipality ..	..	..	..	246	246
Purulia Leprosy Home and Hospital ..	Purulia Municipality ..	..	..	..	752	752
Balarampur S. H. C.	Balarampur	10	..	..	..	10
Raghunathpur S. H. C.	Raghunathpur Municipality ..	4	..	.	..	4
Manbazar S. H. C.	Manbazar I. D. H. ..	4	..	..	..	4
Hura S. H. C.	Hura	8	..	..	..	8
Barabazar S. H. C.	Barabazar	8	..	..	..	8
Jhalda S. H. C.	Jhalda Municipality ..	9	..	..	..	9
Banda P. H. C.	Raghunathpur II D. B. ..	10	..	..	..	10
Puncha	Puncha D. B.	10	..	..	..	10
Non-dieted Emergency Maternity Beds in 23 Subsidiary Health Centre.	. . .	46	..	..	..	46
	Total ..	213	8		998	1,229

Supply of cotton, bandage, etc., to the patients of Health Centres

824. (Admitted question No. 1758.)

শ্রীসোমনাথ লাহিড়ী: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কিছুকাল পূর্ব হইতে সরকারী স্বাস্থ্যকেন্দ্র প্রভৃতিতে রোগীদিগকে নিজের খরচে তুলা, গজ ইত্যাদি লইয়া আসিতে হইবে বলিয়া নিয়ম জারী হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, উহার কারণ কি?

The Minister for Health:

(ক) না; এইরূপ কোন নিয়ম জারী হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Daily Cause List of cases in Ranaghat Court

825. (Admitted question No. 1761.)

শ্রীকানাই পাল: বিচার বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে রানাঘাট কোর্টে ডেলি কজ লিস্ট অধিকাংশ মামলার তারিখ দেওয়া হয় না এবং পেমেন্ট অর্ডার পাশ করাইতে বিলম্ব করা হয়; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকার ইহার প্রতিকারের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কিনা?

The Minister for Judicial:

(ক) এই মর্মে অদ্যাবধি সরকার কোন অভিযোগ পান নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

Lump sum paid for a house in Krishnagar, Nadia

826. (Admitted question No. 1787.) **Shri Ganesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that a lump sum has been paid or proposed to be paid for a house in Krishnagar in the district of Nadia for the use and occupation of the Sub-Judge;

(b) to whom the house belonged and what, if any, is the amount paid or proposed to be paid;

(c) if it is a fact that possession of the house has not yet been taken; and

(d) if so, the reasons therefor?

The Minister for Judicial: (a) Yes. A lump sum was paid for acquisition of a property at Krishnagar, Nadia, for accommodation of certain Judicial Officers there.

(b) The property belonged to Shri T. G. Mukherjee, Shri Gour Gopal Mukherjee, Shri Gobinda Gopal Mukherjee, Sm. Susama Devi, Sm. Surama Devi and Sm. Santi Devi. A sum of Rs. 34,320 was paid in advance to the said owners.

(c) The possession of the property was taken in March, 1963.

(d) Does not arise.

Scheme for the Welfare of Scheduled Castes and Tribes in the Hill Areas of Darjeeling District

827. (Admitted question No. 1788.) **Shri Ganesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state—what schemes have been undertaken by the Government during the last three years for the uplittment, general welfare, cultural development and particularly provision in Government services for the various Scheduled Castes and Tribes, such as Damai, Sarki, Kami and others, living in the hill areas of the district of Darjeeling?

The Minister of State for Tribal Welfare: In addition to the facilities provided in the general sector of the 3rd Five-Year Plan, various schemes have been undertaken by the Tribal Welfare Department of the State Government for all-round development of the Scheduled Castes and Scheduled Tribes of this State. A statement showing such schemes executed in the hill areas of the district of Darjeeling during 1961-62, 1962-63 and 1963-64 is placed below.

As regards the provision in Government services for the Scheduled Castes and Scheduled Tribes, the rules of reservation of 15 per cent. posts for Scheduled Castes and 5 per cent. posts for Scheduled Tribes are followed equally in the district of Darjeeling.

Statement referred to in reply to the unstarred question No. 827.

Statement showing the Schemes undertaken for the Welfare of Scheduled Tribes and Scheduled Castes living in the hill areas of the district of Darjeeling during the last 3 years.

Name of the Scheme.	Expenditure during—		
	1961-62.	1962-63.	1963-64.
	Rs.	Rs.	Rs.
A. Welfare of Scheduled Tribes.			
Education			
(1) Payment of tuition fees	70,624	71,760	1,01,814
(2) Book grants to tribal students reading in Secondary Schools.	5,940	8,775	6,740
(3) Coaching arrangement in Secondary Schools ..	580	5,402	5,930
(4) Examination fees for tribal students appearing at the School Final and Higher Secondary Examinations.	410	190	505
(5) Special stipends to poor meritorious Scheduled Tribe students of Secondary Schools.	..	1,230	8,000
(6) Boarding charges for Scheduled Tribe students of Secondary Schools.	9,280	15,315	12,005
(7) Scholarships to Scheduled Tribe students reading in post-Secondary stage.	43,726	44,106	45,040
Economic Uplift			
(1) Financial assistance to Scheduled Tribe artisans ..	4,000	11,966	..
(2) Minor Irrigation Schemes	3,950	15,000	..
(3) Reclamation and Development of Waste Land ..	5,500	4,250	..

Name of the Scheme	Expenditure during 1961-62.	1962-63.	1963-64.
	Rs.	Rs.	Rs.
(4) Goat Keeping as a subsidiary means of livelihood ..	1,616	120	120
(5) Sheep-rearing as a subsidiary means of livelihood ..	1,136	..	840
(6) Pig-rearing as a subsidiary means of livelihood ..	..	5,800	900
(7) Scheme for eri-rearing	..	5,008	5,019
(8) Purchase of agricultural land and house-sites ..	..	3,760	..
(9) Training facilities to Scheduled Tribes in vocational trades and crafts.	..	1,200	..
(10) Training Centre for Carpentry	..	..	6,554
(11) Opening of graingolas	21,604	46,726	64,063
Health, Housing and Other Schemes			
(1) Water supply	9,344	10,000	8,000
(2) Construction of houses	10,000	14,000	..
(3) Grants for cultural activities	1,300	3,300	..
(4) Aid to voluntary agencies	14,754	13,748	..
(5) Grants to monasteries	26,000	..	..
(6) Establishment of Welfare Centres	500	..	..
(7) Reservation of T. B. Beds	..	7,200	7,200
B. Welfare of Scheduled Castes			
Education			
(1) Special stipends to poor meritorious scheduled Caste students.	..	300	2,600
(2) Stipends for purchase of books	705	1,420	1,720
(3) Hostel charges	690	1,000	3,480
(4) Examination fees	85	245	440
(5) Free tuition to the students belonging to more backward sections amongst the Scheduled Castes.	..	888	1,597
(6) Scholarships to Scheduled Caste students of post-secondary stage.	14,920	12,900	12,811
Economic Uplift			
(1) Training facilities in vocational trades and crafts ..	4,860	2,600	6,591
(2) Financial assistance to Scheduled Caste artisans ..	1,000	10,000	..
(3) Agricultural subsidy, i.e. bullocks, implements, land reclamation and minor irrigation.	..	3,400	..

Name of the Scheme	Expenditure during		
	1961-62.	1962-63.	1963-64.
	Rs.	Rs.	Rs.
Health, Housing and Other Schemes			
(1) Water supply	3,000	28,875	—
(2) Grants for cultural activities	250	400	—
(3) House sites for those engaged in unclean occupation ..	3,000	500	3,000
(4) Housing for Sweepers	8,100	21,600	—
(5) Improvement of the working condition of sweepers including the elimination of the practice of carrying night soil as head load.	..	..	5,000
(6) Free legal aid .. .. .. —	—	...	150

Bolepur-Sreeniketan and Nanoor Anchalik Parishads, Birbhum

828. (Admitted question No. 1801.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়, শ্রীবিজয়কুমার ব্যানার্জী এবং **শ্রীরাধাকৃষ্ণ সিংহ**: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বীরভূম জেলার (১) বোলপুর শ্রীনিকেতন ও (২) নানুর ব্লকের আঞ্চলিক পরিষদে নমিনেশন দেয়া হয়েছে কয়েকটি নাম জেলা সমাহর্তা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সুপারিশ করিয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে, ঊর্ধ্বতন কর্তৃপক্ষ উক্ত সুপারিশ অনুযায়ী উক্ত আঞ্চলিক পরিষদের সভ্য মনোনয়ন করিয়াছেন কিনা?

The Minister of State for Local Self Government and Panchayats (Panchayats Branch)

(ক) হাঁ।

(খ) জেলা সমাহর্তার সুপারিশ অনুযায়ী একটি নাম মনোনয়ন করা হইয়াছে।

Canal water in Handole village, Pingla police-station, Midnapore

829. (Admitted question No. 218.)

শ্রীজনমোহন দাস: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার পিংলা থানার হান্দোল গ্রামে সেচবিভাগের খালের জলে আবাদ হয়;

(খ) উক্ত জল সরবরাহ বাবদ সরকার কি হারে ১৯৬২-৬৩ সালের জন্য জলকর উক্ত গ্রামের জমিগুলির উপর ধার্য করিয়াছেন; এবং

(গ) গত ১৯৬২-৬৩ সালে উক্ত গ্রামের কত জমি সেচের জল পাইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) হাঁ।

(খ) একর প্রতি ২ টাকা ৫০ পয়সা হারে।

(গ) ১৫৪৫০ একর।

Land for Haldia Port in Sutahata police-station, Midnapore

838. (Admitted question No. 231.)

শ্রীঅনঙ্গমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া বন্দর নির্মাণের জন্য সুতাহাটা থানায় কত জমি দখল করা হইতেছে;

(খ) এসকল জমির জন্য কি হারে ক্ষতিপূরণ দেওয়া হইতেছে;

(গ) কতজনের বাস্তুভিটা উক্ত বন্দর এলাকার জন্য দখল করা হইতেছে; এবং

(ঘ) উহাদের পুনর্বাসনের জন্য কি ব্যবস্থা লওয়া হইতেছে?

The Minister for Land and Land Revenue:

(ক) প্রায় ৫.৯৯৮ একর।

(খ) আয়ত্তিকরণের প্রজ্ঞাপন প্রকাশের সময়কার বিভিন্ন শ্রেণীর জমির বাজার দর যথাযথ নির্ধারণ করিয়া আইন অনুসারে ক্ষতিপূরণ দেওয়া হইতেছে।

(গ) প্রায় ১,৮০০টি পরিবারের।

(ঘ) বাস্তুচ্যুত পরিবারের পুনর্বাসনের জন্য প্রায় ২০০ একর জমি আয়ত্তিকৃত হইয়াছে প্রয়োজনীয় উন্নতিবিধানের পর উক্ত জমি বাস্তুচ্যুত পরিবারদের মধ্যে বণ্টন করা হইতেছে।

Calling attention to matters of urgent public importance

[11-50—2 p.m.]

Mr. Speaker: Hon'ble Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the lathi charge by the police on the workers of the Calcutta Corporation—called attention on the 23rd September by Shri Ganesh Ghosh.

The Hon'ble S. M. Fazlur Rahman: Sir, in reply to the calling attention notice of Shri Ganesh Ghosh, I beg to state that on the 21st September, 1964, the Calcutta Corporation Mazdoor Panchayat started demonstration at the Central Municipal Office. A notice to that effect had been previously given and was lying on the table of the Mayor who received it only on his arrival for the meeting in the afternoon of the 21st September, 1964. After the Corporation meeting started, the labour assemble in the quadrangle of the Corporation Office and began to shout slogans. At 6-15 p.m. the Mayor left the meeting and addressed the gathering stating that he could not have anything to say just then as the date, i.e. 24th September, 1964, has already been fixed for discussion of the employees' demands with the Chief Minister. In spite of his address the workers did not like to leave the meeting. Labour leaders including Shri Dayaram Beri, M.L.A., addressed the gathering advising them to disperse as the Mayor could not make any further communication at that stage. Shri Dayaram Beri further told the gathering that he himself had made an appointment with the Chief Minister to talk on the demands. This did not satisfy them. Shri Beri came to the Mayor's room and said that the gathering was not in a mood to disperse and was beyond his control. With the consensus of opinion of the Councillors present in the Mayor's room the Mayor phoned at about 9-30 p.m. the Commissioner of Police to ask for police help so that officers and Councillers who were inside the Corporation building could leave. The Commissioner of Police told the Mayor that the Deputy Commissioner (Central) would be arriving within five minutes time. Thereafter at about 10-15 p.m. the police came to the Corporation building, opened the gate of the building and tried to disperse the workers squatting inside the quardrangle. As a result of this the workers were

scattered and fled outside the building. Some workers were injured and were lying in the Corporation building and were removed for first aid. Later on the Mayor and the Commissioner and some Councillors visited the Medical College Hospitals to meet the injured workers.

Mr. Speaker: I have received two notices of calling attention—one from Shri Aswini Roy on the subject of non-availability of wheat and wheat products in the Burdwan municipal area, and the other also from Shri Aswini Roy on the subject of assault on workers by the police in the quadrangle of the Calcutta Municipal Central Building. I have selected the notice of Shri Aswini Roy on the subject of non-availability of wheat and wheat products in the Burdwan municipal area. Hon'ble Minister-in-charge may please make a statement today or give a date for the same.

The Hon'ble Smarajit Bandyopadhyay: Statement will be made on Tuesday next.

Arrest of Members

Mr. Speaker: I may inform the honourable members that Shri Sunil Das Gupta, Shri Kamal Kanti Guha and Dr. Kanai Lal Bhattacharya have been arrested under Rule 30 of the Defence of India Rules and have been lodged in the Dum Dum Central Jail. Shri Amarendra Nath Roy Prodhan also has been arrested under Rule 30 of the D. I. Rules and lodged in the Cooch Behar District Jail.

Government Business

Mr. Speaker: The first item of business is about amendment for modification of the West Bengal Zilla Parishadas (Election, Constitution and Administration) Rules, 1964.

This is passed over for the day.

GOVERNMENT BILL

The West Bengal Gramdan Bill, 1963, as reported by the Joint Committee

Mr. Speaker: We now take up the Gramdan Bill, 1963. I may inform the members that discussion on this Bill may continue but no question will be put today as the Opposition members are not present. There are motions for circulation and they are taken as moved.

Shri Shambhu Gopal Das to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1965.

Sri Sudhir Chandra Das to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1965.

Shri Aswini Roy to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1965.

Shri Balai Lal Das Mahapatra to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the December, 1965.

শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, যে গ্রামদান বিল এই হাউসে এনেছেন সেই বিলটাকে আমি অভিনন্দন জানাই। জাতির জনক মহাত্মা গান্ধী অহিংসার ভিত্তিতে ভারতের অর্থনৈতিক এবং সামাজিক উন্নতির জন্য এক সমাজের পরিকল্পনা গ্রহণ করেছিলেন, সেই সমাজের নাম সর্বোদয় সমাজ। সর্বোদয় সমাজের অর্থ কি, অর্থ হল সকলের উদয়, সকলের কল্যাণ এবং সকলের উন্নতি গ্রেটেস্ট গুড ফর দি গ্রেটেস্ট নাম্বার। সর্বোদয়ের আর একটা মূল উদ্দেশ্য From each according to his capacity and from each according to his need.

সমাজের যার যেমন শক্তি এবং সামর্থ্য তার কাছ থেকে তেমনি নিতে হবে এবং যার যেমন প্রয়োজ তা দিতে হবে। ক্ষুধা এবং গ্রামদান সর্বোদয় সমাজ গঠনের প্রথম স্তর। অনেকে ভূদান এব গ্রামদান সম্পর্কে ব্যাঙ্গোক্তি করে থাকেন। অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, পৃথিবীতে সমাজ তন্ত্র বা সামাজিক উন্নতি বা অর্থনৈতিক উন্নতির জন্য অনেক মনিষী অনেক পথ ও মত রেখেছে এবং তাদের সেই পথ এবং মত অনুযায়ী কাজ চলছে। কিন্তু পৃথিবীর কোন মত এবং প এখনও সামগ্রিকভাবে সাফল্যলাভ করে নি সেজন্য যারা একথা বলছেন তারা ভুল কথা বলছেন আমি মনে করি যে জাতির জনক মহাত্মা গান্ধী আমাদের সর্বোদয়-পথ দেখিয়েছেন, তাতে আমাদের দেশে নৈতিক এবং অর্থনৈতিক উন্নতি হবে, আমি মনে করি যে আমাদের দেশে আগে যদি অর্থনৈতিক উন্নতি না করতে পারি তাহলে আমাদের নৈতিক উন্নতি হবে না। সেজন্য এই যে বিল গ্রামদান বিল এর দুটি দিক আছে। একটি হচ্ছে নৈতিক উন্নতি এবং আর একটি হচ্ছে অর্থনৈতিক উন্নতি। আজকে অধ্যক্ষ মহোদয়, আমাদের সব চেয়ে নৈতিক বিপ্লব দরকার বিশ্বকবি রবীন্দ্রনাথ তাঁর তিরোধানের কয়েক মাস পূর্বে সভ্যতার সঙ্কট বলে একটা লেখা প্রকাশ করেছিলেন, তাতে লেখা ছিল আপনারা সকলেই জানেন, অবস্থার বিপর্যয়ে ইংরেজকে একদি এদেশ ত্যাগ করতে হবে, কিন্তু ইংরেজ ভারতবর্ষ ত্যাগ করার কালে কি ধরনে ভারতকে রেখে যাবে তা কল্পনাও করা যায় না, আমাদের নৈতিক চরিত্রের মান থাকবে না, ইত্যাদি। আজকের দিনে দেখতে পাচ্ছি আমাদের দেশে নানা রকম অগ্রগতি হচ্ছে, আমাদের দেশে ভাল ইঞ্জিনীয়ার, ভাল ডাক্তার হচ্ছে, সর্ব স্তরের উন্নতি হচ্ছে, আমরা এগিয়ে চলেছি কিন্তু আমাদের নৈতিক চরিত্রের মান উন্নত হচ্ছে না। আজকে সমাজের বেশীর ভাগ লোকের মধ্যে তাই দেখতে পাচ্ছি সেজন্য আমি মনে করি আজকে এই গ্রামদান বিল গ্রহণ করে তা রূপ দেবার চেষ্টা সরকার যদি করেন তাহলে সামাজিক এবং নৈতিক মানের অনেক উন্নতি হবে।

[2 2-10 p.m.]

আজকে অনেকে বিশেষতঃ সিলেক্ট কমিটিতে আমি দেখলাম আমাদের মনোরঞ্জন হাজরা মহাশয় বলেছেন যে বিঘা প্রতি ১ কাঠা এই যে দান এতে কারুদের বা ভূমিহীনদের কিছু উন্নতি হয় না উন্নতি না হতে পারে কিন্তু আমাদের সমাজে যেমন একটি শিশুকে কেন্দ্র করে সমস্ত পরিবার সন্তানকে যতই লালন-পালন করুক না কেন সন্তানের স্পৃহা যায় না, তারা চায় যে আমার যদি একটা খোনা ছেলেও হত তাহলে আমাকে মা বলে ডাকত এবং তৃপ্তি লাভ করত, তেমনি বন্ধ এই যে ভূমিহীন কৃষক তাদের মধ্যে জমির ক্ষুধা আছে সত্য কিন্তু তারা যদি ১/৫ কাঠা জমি পায় তাহলে আমি মনে করি তাতে তাদের জমির ক্ষুধা নিবৃত্তি হবে। সেজন্য আমি মনে করি আজকে গ্রামদান বিলে বিঘায় ১ কাঠা করে জমি দেওয়ার যে ব্যবস্থা আছে তাতে তাদের অর্থনৈতিক উন্নতি খুব বেশী না হলেও জমির ক্ষুধা নিবৃত্ত হবে। তাছাড়া আজকে আপনারা সকলেই জানেন যে এই বিলেতে আছে আমাদের প্রত্যেক জায়গাতে একটা করে গ্রামসভা করতে হবে এবং সেই গ্রামের পূর্ণবয়স্ক লোককে নিয়ে গ্রামসভা হবে এবং গ্রামসভাকে তিনি বলেছেন গ্রামের মাতা। আমাদের সংসারে যেমন আমাদের মা থাকেন, মা যেমন আমাদের দৈনিক খাদ্য বণ্টন করে থাকেন, তাঁকে যদি আমরা খাদ্য এনে না দিই তাহলে তিনি যেমন সংসারের মধ্যে বণ্টন করতে পারেন না তেমনি গ্রামসভাকেও আমাদের আয় দিতে হবে। আমরা প্রত্যেকে যা রোজগার করি তার থেকে গ্রামসভাকে দান করতে হবে এবং সেই দানের একটা ফান্ড হবে এবং সেই পয়সাতে সেই গ্রামে শিল্প বাড়বে এবং গ্রামের সমস্ত কাজ হবে। এটা সম্পূর্ণ নৈতিক দিক। আজকে আমাদের দেশে বর্তমান ক্ষেত্রে আমাদের প্রেম ভালবাসা নিজের পরিবারের মধ্যে সীমাবদ্ধ। আজকে সেই প্রেম এব ভালবাসা যাতে আমরা গ্রামের মধ্যে ছড়িয়ে দিতে পারি সেজন্য বিনোবাজী ভাল করে বলেছেন আজকে আমার গ্রাম নয়, আমার পরিবার নয়, সেখানে আমার জায়গায় আমাদের বলতে হবে। এই জিনিসটা আজকে যদি আনতে পারি তাহলে আমি মনে করি আমাদের দেশের অর্থনৈতিক এব নৈতিক উন্নতি হতে পারে। তা ছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামদান বিলে আছে যে যাঁর গ্রামদান বিলের অন্তর্ভুক্ত হবেন তাঁরা জমি বিক্রি করতে পারবেন না। এটা একটা মস্ত বড় জিনিস যে জমির মালিক তিনি যদি বৃদ্ধ বয়সে নাবালক ছেলে এবং বিধবা স্ত্রীকে রেখে মারা যান তাহলেও তিনি নির্ঝঞ্ঝাটে মারা যেতে পারবেন। কারণ, আমার এই জমি আমার নাবালক ছেলেরা হস্তান্তর করতে পারবে না এবং জমি অন্য কেউ ঠকিয়ে নিয়ে বিক্রি করতে পারবে না

এটা জমির মালিকের পক্ষে একটা মস্ত বড় জিনিস। আজকে ভাবেজীর মতে এক গ্রামের কৃষক অন্য গ্রামে জমি বিক্রি করতে পারবে না, কোন ধনীকে বিক্রি করতে পারবে না বা এই জমি কোন শহরবাসী কিনতে পারবে না। এই দিক থেকে আমার মনে হয় এই বিলের দ্বারা কল্যাণ আসবে। সেজন্য আমি এই বিলকে অন্তরের সাথে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Ananga Mohan Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ ভূমিরাজস্ব মন্ত্রী আমাদের কাছে যে গ্রামদান বিলটা এনেছেন তার জন্য আমি তাঁকে অশেষ ধন্যবাদ দিচ্ছি। এই বিলের মধ্যে কতক ভাল জিনিস আছে—প্রথম কথা হচ্ছে যে জমি বণ্টন ব্যবস্থার নূতন ইঙ্গিত হচ্ছে আমাদের দেশে। এক একজনের দেখা যাচ্ছে জমি প্রচুর আছে, আর কতক লোকের অল্প জমি আছে, আর কিছু লোকের একদম জমি নাই। এই জমি বণ্টন সমস্যা একটা বিরাট সমস্যা। গভর্নমেন্ট যে সমস্ত সারপ্লাস ল্যান্ড পেয়েছেন সেই সারপ্লাস ল্যান্ডকে বিলি করবার জন্য নানা পন্থা ধরেছেন। এইভাবে কিছুটা জমি পাওয়া যেতে পারে কিন্তু তাহলেও আসল উদ্দেশ্য সিদ্ধ হয় না। আমাদের দেশকে সোস্যালিস্ট দেশ করতে গেলে জমির উপর ব্যক্তিগত মালিকানার স্বত্ব দূর হওয়া উচিত। জমির উপর বর্তমানে যে ব্যক্তিগত মালিকানা আছে সেই ব্যক্তিগত মালিকানার ফলে একজন জমির মালিক হচ্ছে, অন্য লোক বঞ্চিত হচ্ছে। জমি মাত্রেই পৃথিবীর অংশ, এই পৃথিবীতে লোক জন্ম গ্রহণ করছে এবং এই পৃথিবীতে তারা জীবন কাটাবে এবং শেষ দিনে প্রাণত্যাগ করে চলে যাবে। প্রত্যেক লোকের পৃথিবীর উপর অধিকার আছে, জমির উপর অধিকার আছে। প্রত্যেক লোক জমি সমানভাবে ভোগ করুক এবং জমি থেকে যে ফসল [illegible] অধিকার থাকা উচিত, এই পরিকল্পনা লইয়া গ্রামদান বিল তৈয়ার হয়েছে। [illegible] যে জমি আছে একটা গ্রামের যদি হিসাব নেই তাহলে আমরা [illegible] ২০০।৩০০ বিঘা জমি আছে, কোন লোকের অল্প জমি [illegible] গ্রামদান হলে কি হবে, সমস্ত জমি গ্রামের প্রত্যেক [illegible] একজন লোকের অধিকারে না থেকে সমস্ত গ্রামের বা সমগ্র সমাজের [illegible] এবং সেই জমি থেকে যা ফসল উৎপন্ন হবে, সেই ফসল লোকে সমভাবে ভোগ করতে পারবে এই উদ্দেশ্য নিয়ে গ্রামদান বিল তৈরী করা হয়েছে। গ্রামদান বিলের মধ্যে আরো কতকগুলি জিনিস আছে যেগুলি সেকসান বাই সেকসান আলোচনার সময় বলবো, তবে গ্রামদানের মূল নীতির উপর নির্ভর করে আমি বলতে পারি যে গ্রামদান সার্থক করতে গেলে আইনের মাধ্যমে এটা না করলে হবে না। অনেক ক্ষেত্রে দেখা যায় যে একটা গ্রামের কিছু লোক গ্রামের স্বার্থে জমি দান করতে চায়, আর কতক লোক দিতে চায় না। তাহলে কি হবে, গ্রামদান হচ্ছে না, অর্থাৎ সোস্যালিস্ট স্টেট হচ্ছে না। অতএব সেক্ষেত্রে আইনের মাধ্যমে যে ব্যবস্থা আছে, সেখানে যদি শতকরা ৭০।৭৫।৮০ জনের বেশী লোক জমি দান করতে চায় তাহলে সমস্ত গ্রাম গ্রামদানের আওতায় আসবে, ঐরূপ ব্যবস্থা আছে। ফলে হবে কি, যেগুলি গ্রামে যারা সোস্যালিস্ট স্টেট করতে চায়, যারা দেশের মধ্যে কাজ করতে চায়, যারা মনে করে জমির উপর প্রত্যেক লোকের সমান অধিকার আছে- আমরা যদি চেষ্টা করি আমরা যে কোন গ্রামে গিয়ে বলতে পারি যে আমরা এই পরিমাণ জমি নেব এবং এইভাবে ধীরে ধীরে কাজ আরম্ভ করলে, আমাদের পশ্চিমবাংলায় যত জমি আছে প্রত্যেক জেলা ধরে, মহকুমা ধরে, আমরা কাজ আরম্ভ করলে একটার পর একটা গ্রামকে ধরে সারা দেশকে গ্রামদানের আওতায় নিয়ে আসতে পারি। এইভাবে সারা দেশ যখন গ্রামদানের আওতায় আসবে তখন সোস্যালিস্ট স্টেট করা অসুবিধা হবে না, অর্থাৎ সম্পত্তির উপর, জমির উপর ব্যক্তিগত মালিকানা লোপ পেয়ে যাবে - এই উদ্দেশ্যেই গ্রামদান বিল করা হয়েছে। কাজেই এই বিল যাতে সত্বর বিধানসভায় অনুমোদিত হয়ে আইনে পরিণত হয় এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় আমাদের সামনে যে ওয়েস্ট বেঙ্গল গ্রামদান বিল এনেছেন আমি সর্বান্তঃকরণে সেই বিলকে সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গান্ধীজীর শিষ্য পূজ্য বিনোবাজী পদব্রজে আসমুদ্র হিমাচল পরিক্রমা করেছেন একটা আদর্শ নিয়ে—সেই আদর্শ হচ্ছে ভূমি গোপালের, কোন ব্যক্তিগত সম্পত্তির অন্তর্ভুক্ত করে ভূমিকে রাখা যাবে না—এই হচ্ছে তাঁর উদাত্ত বাণী দেশের মানুষের সামনে।

[2-10—2-20 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay:

তিনি বলেন জল, হাওয়া, বাতাস যেমন কোন মানুষের একার ভোগের জন্য নয়, যেমন প্রত্যেকটি মানুষের ব্যক্তিগত সম্পত্তির আওতার মধ্যে পড়ে না, ঠিক তেমনি ভূমিকে আমরা ভগবানের আশীর্বাদ স্বরূপ পেয়েছি। ভূমি গোপালের, তাকে কুক্ষিগত না করাই ভাল। বিভিন্ন সময়ে রাজনৈতিক, ভৌগোলিক, অর্থনৈতিক ও সামাজিক পরিবেশে এবং চাপে পড়ে মানুষের আওতার সম্পত্তিভুক্ত ভূমি হয়েছে। বিনোবাজী ডাক দিয়ে সারা ভারতবর্ষের মানুষকে বলেছেন যে যার যত জমি আছে, বিঘায় এক কাঠা করে দাও। এই হচ্ছে তাঁর ভূমি সম্পর্কে দানের আহ্বান। বিঘায় এক কাঠা করে দিতে গেলে সেই জমি কার হাতে দিতে হবে, কে সেই জমি পাবে, সেই সম্পর্কে তিনি সুস্পষ্ট নীতি নির্ধারণ করেছেন। আজকে যে মানুষ মাথার ঘাম পায়ে ফেলে অপরের জমিতে চাষ করে, নিজের জমির, সে স্বপ্নই দেখে, কোন দিন সে স্বপ্ন সফল হবে না বলে মনে করে,—সেই উদ্দেশ্যে একদিকে যেমন এই সরকার তার সমস্ত রকম মধ্যস্বত্ত্ব এবং জমিদারী প্রথা লোপ করে জমিকে করায়ত্ত করেছেন, সেই জমি সরকারে বর্তেছে, আইন করে ঠিক করেছেন যে ৭৫ বিঘার বেশী জমি কোন মানুষ রাখতে পারবে না। কিন্তু তাতেও দেখা যাচ্ছে আজকে লক্ষ লক্ষ ভূমিহীন মানুষ রয়েছে, তাদের এই সমস্যার সমাধান করা যাচ্ছে না। আজকের এই দুর্দিনে যে জমি সরকার রাখতে পেরেছে, বা যে জমি পূর্বেই সরকারে বর্তেছে, কিন্তু এখনও পর্যন্ত যে জমি রাখা আইনের দিক থেকে চলছে, সে জমি থেকে স্বেচ্ছায় সাধারণ মানুষের জন্য, খেটে খাওয়া মানুষের জন্য দান করবার আহ্বান বিনোবাজী জানিয়েছেন। সেই আহ্বানে সাড়া দিয়ে হাজারে হাজারে মানুষ এগিয়ে এসেছেন। গ্রামের পর গ্রাম তিনি পরিভ্রমণ করেছেন, বিনোবাজীর হাতে তুলে দিয়েছেন গ্রামের মানুষ, তার সামান্য জমিটুকু। সেই জমি নিয়ে, তিনি সেখানেই, সেই গ্রামের মানুষের সামনে প্রতিশ্রুতি দিয়েছেন যে এই গ্রামের যাদের নিজেদের জমি পাবার স্বপ্ন সার্থক হয় নি সেই সকল ভূমিহীন চাষী এবং ঐখানকার দরিদ্র, দীন মানুষের মধ্যেই এই জমি বিতরণ করা হবে। আজকে এই গ্রামদানের আইন এনে ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয় সেই স্বেচ্ছায় যে আন্দোলন, স্বেচ্ছায় যে ভূমিদান, তাকেই সরকারী স্বীকৃতি দিতে চেয়েছেন, আইনের সমর্থন জানাতে চেয়েছেন আইনগতভাবে। সেই ভূমিদানকে, গ্রামদানকে, আইনের দিক থেকে সার্থকভাবে যাতে রূপায়িত হয়, তারই প্রয়াস রয়েছে, এই গ্রামদান বিলের মধ্যে।

আমরা ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়ের বক্তৃতায় শুনেছি। তিনি জানিয়েছিলেন, যখন বিনোবাজী প্রথম পদক্ষেপ করবেন, বা পশ্চিমবঙ্গে ঢুকবেন, ঠিক তার আগে এই আইনটি আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে পাশ করাতে চেয়েছিলেন; যাতে বিনোবাজী জেনে যান যে তিনি নিঃশব্দ বিপ্লব করে চলেছেন। যে অর্থনৈতিক, সামাজিক বিপ্লবের আহ্বান তিনি জানিয়েছেন ভূমিদানের মধ্য দিয়ে, সেই বিপ্লবের অংশীদার হিসাবে আমরা সেটা আমাদের অন্তর দিয়ে গ্রহণ করেছি। সেই দান আজকে যারা করছেন, সরকারের আইনের দিক থেকে তারা স্বীকৃতি পাবেন। সেই স্বীকৃতি ছিল না বলে ভূমিদানের ক্ষেত্রে অসুবিধা হচ্ছিল। গ্রামে আমরা নিজেরা কাজ করতে গিয়ে দেখেছি, অনেক অসুবিধা রয়েছে। সেখানে কোন সমবায় করতে গিয়ে দেখেছি, সমবায় রেজিস্ট্রেশন হতে পারছে না। কার নামে রেজিস্ট্রেশন হবে, কে সেই জমির মালিক হবে? জমিত যিনি মালিক ছিলেন, তিনিত দান করে দিয়েছেন, অথচ নতুন কার্ড কার নামে হবে, তার সম্পর্কে দ্বিধা ছিল। কারণ ভূমি বণ্টন আইন তখনও তৈরী হয় নি। সুতরাং এখানে যেসব অসুবিধা রয়েছে, সেগুলি দূর করবার জন্যই আজ এই আইনের প্রয়োজন হয়েছে। সমস্ত গ্রামগুলকে, সমস্ত জমিকে এই আইনের দ্বারা ঠিক করা হচ্ছে। এই সমস্ত দানের জমি গ্রাম পরিষদে বর্তাবে। গ্রামের প্রত্যেকটি প্রাপ্তবয়স্ক লোক, যারা সেই গ্রামের বাসিন্দা হিসাবে বাস করেন, তাঁরাই গ্রাম পরিষদের সদস্য হবেন এবং তাঁদের হাতে ঐ জমি বণ্টনের অধিকার থাকবে। এই জমি তাঁদের হাতে পড়বে। ঐ পুলে তাঁরা যখন নিজেরা বসবেন, ঐ পুলের জমিকে নিয়ে তাঁরা যে নীতি রচনা করেছেন সরকার সেই নীতি অনুযায়ী তাঁরা নিজেরাই বণ্টন করতে পারবেন। কাদের কাছে বণ্টন করবেন? আমাদের এখানকার আইনের ধারাতে সেকশন ৯-তে গ্রাম পরিষদের জমি এই পুলের কথা বলা হয়েছে এবং অ্যালটমেন্ট সেকশন ১৬ মাননীয় সদস্যদের আমি পড়ে

দেখতে বলি। এই সেকশন ১৬ নিয়ে বহু সমালোচনার সামনাসামনি আমরা হয়েছিলাম। অনেকে বলেছিলেন যে অ্যালটমেন্ট কেন বলা হচ্ছে, কেন ডিসট্রিবিউশন বলা হচ্ছে না, কেন পুনর্বণ্টন বলা হচ্ছে না? কেন পুনর্বণ্টন বলা হচ্ছে না, কেন অ্যালটমেন্ট বলা হচ্ছে, নিশ্চয়ই ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় আমাদের সামনে তা বলবেন। কারণ এখানে উত্তরাধিকারী সূত্রে যাঁরা জমির মালিক হয়ে যাচ্ছেন অথচ সহরে বাস করছেন, কোন দিন সেই জমির চাষ কিভাবে হবে না হবে এই নিয়ে মাথা পর্যন্ত যাঁরা ঘামান না, যাঁরা এখানে জমি থেকে আনআর্নড ইনকাম ভোগ করছেন তাঁদের হাতে জমি রাখার কোন ন্যায়সঙ্গত যুক্তি নেই বলেই এই আইনের মধ্যে তাঁদের কাছ থেকে সেই জমি উত্তরাধিকারী সূত্রের ব্যবস্থা তুলে দিয়ে শুধু এমনভাবে করা হচ্ছে বণ্টন যাতে ওখানে যে জমির মালিক ছিল তিনি যদি নিজে হাতে চাষ করেন কিম্বা নিজে বরাবর বর্গা দিয়ে চাষ করাচ্ছেন। এমন যদি হয় তাহলে পরে সেই লোক যে নিজের হাতে চাষ করে কিম্বা বর্গা দিয়ে চাষ করে তিনি তাঁর নিজের জমি এই গ্রাম পরিষদের হাতে তুলে দিয়েও নিজের জমির অ্যালটমেন্ট তিনি নিজে নিতে পারবেন। যদি ভবিষ্যতে দেখা যায় তিনি চাষ করছেন না কিম্বা চাষে গাফিলতি করছেন তাহলে তাঁকে সেই জমি থেকে এভিকশন করার পুরো ব্যবস্থা করা হয়েছে। এবং এখানে এই সঙ্গে এই ব্যবস্থাও রাখা হয়েছে যে অ্যালটির মৃত্যুর পরে যদি অ্যালটির কোন পুত্র কিম্বা তার কোন সন্তান সে যদি ঐ গ্রামে বাস করে এবং নিজের হাতে চাষ করে তবে তাকে পুনরায় অ্যালটমেন্ট দেওয়া হবে। আমি মনে করি এ ব্যাপারে অত্যন্ত বৈজ্ঞানিক মনোভাব নিয়েই করা হয়েছে। ভাবের আবিলতায় ভুলে যদি আপনারা এই ব্যবস্থা না করে অন্য কোন রকম ব্যবস্থা করতে যেতেন তাহলেই বরং এতে অবিচার করা হতো, যে জমি দান করেছে তার প্রতি এবং যে জমি পেতে যাচ্ছে তার প্রতিও কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে এখানে যে বক্তব্য রাখা হয়েছে, আমাদের জয়েন্ট সিলেক্ট কমিটির রিপোর্ট-এ দেখছি এবং বিভিন্ন বাইরের বক্তৃতাতেও তাঁরা বলেছেন যে আমরা এই আন্দোলনের সঙ্গে নীতিগতভাবে বিরুদ্ধে। আমরা মনে করি এই আন্দোলন একটি প্রতিক্রিয়াশীল আন্দোলন। তাঁরা বলেছেন আমরা ভাবের দিক থেকে এবং সর্বক্ষেত্রেই মনে করি এটা একটা ভুল রাস্তা। আমি জানি আজকে পূজ্য বিনোবাজীকে কেউ পাগল বলছেন। কোন আদর্শবাদী মানুষ এর চেয়ে বড় সম্মান বাংলাদেশে, ভারতবর্ষে কিম্বা পৃথিবীর ইতিহাসে কখনও পান নি। আমি সেই দিক থেকে বলি আজ তাঁকে যাঁরা উপহাস করছেন তাঁরাও যখন নিঃশব্দে বসবেন, যখন বুঝবার চেষ্টা করবেন যে বিনোবাজীর মূল কথা কি, কি আছে এই গ্রামদানের পিছনে, নিশ্চয়ই তাঁরা এটা উপলব্ধি করতে পারবেন যে আইনের রক্তচক্ষু দেখিয়ে নয়, কোন রকম শক্তি প্রয়োগ করে নয়, স্বেচ্ছায় প্রেমের মধ্যে দিয়ে ভূমিহীনকে ভালবেসে গ্রামের মানুষের হাতে, গ্রাম পরিষদের হাতে জমি তুলে দেবার মধ্যে যে সামাজিক বিপ্লব রয়েছে, যে অর্থনৈতিক বিপ্লব রয়েছে তা ঘটানর জন্য কোন রাষ্ট্র এত তাড়াতাড়ি এত নিঃশব্দে এত সহজ-ভাবে করা সম্ভব হতো না যা ভারতবর্ষের মানুষের পক্ষে সম্ভব, যা বাংলাদেশের গ্রামের গ্রাম-দানের দাতা এবং গ্রহীতা তাদের পক্ষে সম্ভব এই অসম্ভবকে সম্ভব করছেন পূজ্য বিনোবাজী। এবং তাঁর চলার পথে সমস্ত মানুষ পুষ্পার্ঘ্য বিছিয়ে দিয়েছে শুধু ভাব বিলাসের জন্য নয়, এর মধ্যে গঠনমূলক নতুন পথের সন্ধান পাওয়া যাবে তার জন্য। মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় তাঁর সেই চেষ্টাকে আইনসিদ্ধ করে নেবার জন্য এই বিল বিধানসভায় উত্থাপন করেছেন বলে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

[2-20—2-30 p.m.]

Shri Shamsuddin Ahammad:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূজ্য বিনোবাভাবে পশ্চিমবাংলার ভ্রমণরত থাকাকালে যে সমস্ত গ্রামদান সম্পন্ন হয়েছে সেগুলিকে এই বিলের মাধ্যমে আইনগত স্বীকৃতি দেওয়া হচ্ছে। আইনগত স্বীকৃতি না থাকলে পরে হয়তো জটিলতা সৃষ্টি হতে পারে, তাই যথাসম্ভব আচার্য ভাবের আদর্শ বজায় রেখে এই বিল আমাদের সামনে উত্থাপন করা হয়েছে। ব্যক্তিগত মালিকানা সরিয়ে দিয়ে সম্পত্তির অধিকার সমাজের সকল অধিবাসীদের মধ্যে বিতরণ করে দেওয়া হবে এবং সেই

সম্পত্তির উৎপাদিত ফসল সমানভাবে সকলে ভোগ করবে এই আদর্শ সামনে রেখে এই বিলটা রচিত হয়েছে। এর দ্বারা যে জটিলতার উদ্ভব হতে পারে সেসবের সমাধানের জন্য হয়তো পরবর্তী সময়ে আইনের বিধিবিধান রচনা করার দরকার হবে। আসল কথা, আচার্য ভাবেকে যে গ্রামদান করা হয়েছে সেগুলিকে আইনগত স্বীকৃতি দেওয়াই এই বিলের লক্ষ্য। এখন গ্রামদানের আদর্শকে সফল করার জন্য সরকারকে অগ্রণী হতে হবে, এবং সমস্ত গ্রামবাসীদের কর্মসংস্থান করার জন্য যে পরিকল্পনা রচিত হবে তার জন্য সরকারকে অগ্রণী হতে হবে। যদিও এই বিলে এই সব সম্পর্কে কোন বিধান নাই তবুও আমি আশা করব যে, সরকার এই বিষয়ে সঠিক উন্নয়নের জন্য তাঁদের যা করণীয় আছে তা করবেন। একটা বিষয়ের প্রতি আমি আমাদের ভূমি-রাজস্ব মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, বর্তমানে গ্রাম পঞ্চায়েত, জেলা পঞ্চায়েত সংক্রান্ত যে আইনকানুন আছে তার সঙ্গে হয়তো অনেক ক্ষেত্রে সংঘাত হতে পারে। আমাদের লক্ষ্য রাখতে হবে যাতে করে এই ধরনের জটিলতার উদ্ভব না হয়। যদিও সেই সব এখনি আমাদের সামনে নাই তাহলেও সেগুলির জন্য আমাদের তৈরী থাকতে হবে যাতে করে এই সব সমস্যার সঙ্গেই সমাধান হতে পারে। পরিশেষে এই বিলের মহৎ উদ্দেশ্যকে সাধুবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুশীলকুমার ধাড়া: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে গ্রামদান বিলটি আজকে এখানে আলোচিত হচ্ছে সেই বিলে সিলেক্ট কমিটির একজন সদস্য রূপে আমি পরিপূর্ণ অংশ গ্রহণ করেছিলাম এবং তার ধারাবাহিক আলোচনায় আমি আগ্রহের সঙ্গে অংশ নিয়েছিলাম। এর কারণ হচ্ছে এই বিলকে আমি অন্তরের সঙ্গে সম্পূর্ণরূপে সমর্থন করি। এই বিল দেরীতে এলেও এই বিল বাংলাদেশে যে বৈপ্লবিকতা আনতে পারে তার কারণ হচ্ছে বাংলাদেশের গ্রামের অধিবাসীরা এদের সমাজ ব্যবস্থায় একটা বৈপ্লবিক পরিবর্তন আনছে। সমাজে চিন্তনে যদি পরিবর্তন না আসে, সমাজ চেতনা যদি পরিবর্তিত না হয় তাহলে গ্রামের অর্থনৈতিক কাঠামোর পরিবর্তন হবে না অর্থাৎ তাদের কোন উন্নতি বিধান হবে না। আজকে সন্ত বিনোবা ভূমিদান, ভূদান, গ্রামদান প্রভৃতি শব্দ ব্যবহার করে সারা ভারতবর্ষ যে পরিক্রমা করছেন সেই প্রচারকার্যের জনক আমাদের ভারতবর্ষের মহান নেতা মহাত্মা গান্ধী। তাঁর একজন সুযোগ্য শিষ্যা একবার তাঁকে জিজ্ঞাসা করেছিলেন বাপু ভূমি কার? বাপুজী একটু চিন্তা করে পরক্ষণে বলেছিলেন ভূমি গোপালের, শ্রীভগবানের। বায়ু, জলের উপর যেমন সকলের অধিকার আছে ঠিক তেমনি ভূমির উপর সকলের অধিকার আছে। ভূমি ব্যক্তিগত একজন লোকের অধিকারে থাকলে সেই ভূমি সমাজের কল্যাণ করতে পারে না। তারপর সেটা ক্রমশঃ ক্রমশঃ রূপ বিকাশের দ্বারা এই গ্রামদান পর্যায়ে এসেছে। সন্ত বিনোবা ১ বছর আগে বাংলাদেশ পরিক্রমা করেছিলেন এবং তার ফলে দেখা গেল বাংলাদেশের অনেকগুলো গ্রাম এই গ্রামদান ব্যবস্থার মধ্যে স্বেচ্ছায় এবং সাগ্রহে এসেছে। গ্রামদান বিলের মাধ্যমে আমরা পুরাপুরি এই আলোচনা করেছি এবং তার মধ্যে এই জিনিসগুলি বিশেষভাবে সংযোজিত হয়েছে যে, গ্রামদানের মধ্যে কোন জবরদস্তি নেই, কোন চাপ দেওয়া নেই, স্বেচ্ছায় যে গ্রামের অধিক সংখ্যক লোক এই ব্যবস্থার মধ্যে আসতে চাইবেন সরকার সেই গ্রামগুলিকে স্বীকৃতি দেবেন, যে হ্যাঁ, এই গ্রামগুলি গ্রামদানের আওতায় আসবে এবং এলে জনসাধারণের সুযোগ সুবিধা যাতে বিধিবদ্ধ হতে পারে সেটা আইনের মাধ্যমে দেখবেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন সন্ত বিনোবার প্রতি বাংলাদেশের জনসাধারণ প্রচুর শ্রদ্ধা নিবেদন করেছিল, বিপুল আগ্রহে তাঁর প্রতিটি ভাষণ শুনেছিল এবং তাঁকে বিপুল সম্বর্ধনা জানিয়েছিল। এতে বোঝা যায় সন্ত বিনোবার আদর্শে বাংলাদেশের গ্রামগুলো গড়ে উঠতে চায়। গ্রামের লোকেরা এই জিনিস চাচ্ছে বলে, অনেক গ্রামের গ্রামবাসীরা এই জিনিসের প্রতি আগ্রহশীল বলে বাংলা সরকার এই বিল এনেছিলেন এবং এই বিলকে বিভিন্ন পর্যায়ে এনে এই সভার অনুমোদন চাচ্ছেন এবং আমরা তার জন্য প্রস্তুত। যাঁরা সমালোচনা করে বলেন এটা গ্রামের উপর, বাংলাদেশের উপর জোর জবরদস্তী করে চাপিয়ে দেওয়া হচ্ছে তাঁরা ভুল বলেন। এই বিলের বিভিন্ন ধারায় একথা উল্লেখ করা আছে যে, স্বেচ্ছায় যেসব গ্রাম এই অবস্থার মধ্যে আসতে চাইবে কেবল তারাই এই সুযোগ পাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি অন্তরের সঙ্গে বিশ্বাস করি এবং আমার মত বহু সদস্য বিশ্বাস করেন যে গ্রামের এই পরিবর্তন সাধনের জন্য কবিগুরু রবীন্দ্রনাথ তাঁর মতো চিন্তা করেছিলেন।

[2-30—2-40 p.m.]

গ্রামের এই পরিবর্তনের জন্য কবিগুরু রবীন্দ্রনাথ [illegible] বহুমুখী চেষ্টা করেছিলেন তাঁর জীবনের চিন্তাধারা মত। আমাদের গান্ধীজী বহুমুখী চিন্তা রেখে গেছেন আমাদের সামনে, সন্ত বিনোবা ভাবেজী সেটাকে রূপ দেবার চেষ্টা করছেন। আমাদের গ্রামগুলির মধ্যে যে বিশৃঙ্খলা বর্তমানে দেখা দিয়েছে এবং দেখতে পাই যে অভাব, অনটন, দারিদ্র্য, দুঃখ অন্যায়, সেগুলিকে দূর করার জন্য আজকে আমাদের গ্রামকে সুসংগঠন করতে হবে এবং যে কারণে আমরা নূতন ব্যবস্থার, গ্রাম পঞ্চায়েত ব্যবস্থার প্রবর্তন করেছি, গ্রাম পঞ্চায়েত ব্যবস্থা করে নূতন সীমারেখা ঠিক করেছি, নূতনভাবে আমরা যে পরিচালন ব্যবস্থা ঠিক করেছি, তাতে আমরা এটা বোধ করতে পারছি যে গ্রাম-জীবনে এটার একান্ত প্রয়োজন ছিল। ঠিক তেমনি করে আজকে গ্রামদান বিলের মাধ্যমে গ্রাম্য ব্যবস্থার নবরূপায়ণ হবে, নীরব বিপ্লব হবে এবং সেই বৈপ্লবিক পরিবর্তনের মধ্য দিয়ে গ্রামগুলিকে আমরা যে আর্থিক নূতন কাঠামোর উপর দাঁড় করিয়ে দিতে পারবো সেটা আমাদের এই বিলের মধ্য দিয়ে প্রকাশ পাচ্ছে এবং ঠিক যে সন্ত বিনোবাজী যে মহান আদর্শ যে সুদূরপ্রসারী আদর্শ রেখেছেন এই বিলের মধ্য দিয়ে আমরা ততটা যেতে পারি নি, ততটা সাহস করি নি, তিনি যে বিরাট আদর্শের কথা বলেছেন ততদূর পর্যন্ত আদর্শে আমরা পৌঁছুতে পারি নি, কিন্তু আমরা সেই আদর্শকে সঙ্কুচিতভাবে আমাদের এই বিলের মধ্যে রেখেছি। এটা ঠিক যে যাঁরা মহাপুরুষ তাঁরা অনেক উচ্চ আদর্শের কথা বলেন, অনেক উচ্চ জিনিষের কথা বলেন কিন্তু আমরা সাধারণ মানুষ যে আইন তৈরী করবো সেটা নিশ্চয়ই এতদূর আদর্শের [illegible] পারে না [illegible] আদর্শ উচ্চ আছে বলেই আমরা সেটা লক্ষ্যে রেখে কিছুটা গ্রহণ করবো, আমরা গ্রামদান বিলের মধ্যে তেমনি করে তাঁর পরিপূর্ণ আদর্শ নিতে পারি নি। যেখানে তিনি বলেছেন শতকরা ২০ ভাগ জমি প্রত্যেককে দান করতে, যেখানে বলেছেন যে জমি দান করলে সেই জমির উত্তরাধিকারিত্ব কেউ পাবে না, সেখানেও তাঁর সঙ্গে পরিপূর্ণ তাল মিলিয়ে আমরা চলতে পারি নি। তার জন্য অবশ্য আমরা লজ্জিত। কোন উপায় নাই, বাস্তব অবস্থার সঙ্গে মিলিয়ে গ্রাম্য জীবনের সঙ্গে মিলিয়ে, মানুষের যে বাস্তব মানসিক অবস্থা আছে, তার সঙ্গে মিলিয়ে কিছুটা সেই আদর্শ থেকে দূরে রেখেছি, তবু আমি মনে করি এটার প্রয়োজন ছিল। এ বিষয়ে আমরা পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করে দেখছি যখন এই বিলের রূপ দেব যখন এটাকে কার্যকরী পন্থায় আমরা নেবো তখন গ্রাম জীবন ধীরে ধীরে গ্রহণ করবো। আজকে আমরা দেখছি যেসব গ্রামে সন্ত বিনোবার ভাষণ কখনো শুনে নি, যেসব গ্রাম কখনো সন্ত বিনোবার কথা শুনে নি, শুনবার আশাও করে নি, সেই সব গ্রাম যখন সন্ত বিনোবাজীর ভাষণ শুনেছে তখন তারা অভিভূত হয়েছে, নূতন নূতন বৈপ্লবিক কথায় তারা মুগ্ধ হয়েছে। আমি সন্ত বিনোবার কথা যদি উল্লেখ করি তাহলে বোধ হয় অবান্তর হবে না। অধ্যক্ষ মহাশয়, তিনি এক জায়গায় বলেছেন, এ জিনিষ কি রকম হবে জানেন? তিনি কবিগুরুর কথা উল্লেখ করে বলেছিলেন—

তিমির বিদার উদার অভ্যুদয়
আজি হোক্ তোমারই জয়।

তিনি একথাই হিন্দীতে বলেছিলেন তিমির বিদীর্ণ করকে আলো যেমন আসে, ঠিক তেমনি করে আমাদের গ্রামের সমস্ত দুঃখ দারিদ্র্য দৈন্য দূর করে এই গ্রামদান নূতন ব্যবস্থা আনবে, সেই কারণে এটাকে তিনি সমর্থন জানিয়ে গেছেন।

শ্রীগুরুপদ খাঁ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে আমাদের ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রিমহাশয় গ্রামদান বিল উপস্থাপিত করেছেন আমি মনে করি যে আমাদের শত সমস্যা কণ্টকিত গ্রাম বাংলার জীবনে পল্লী বাংলার জীবনে তা সত্যই একটা নীরব বিপ্লবের সূচনা করে দিচ্ছে। আমরা জানি প্রতিটি কৃষক প্রতিটি মানুষের ব্যক্তিগত যে ভূমি ক্ষুধা আছে তা আদিমকাল থেকে আমাদের সমাজের মধ্যে নানা বিবর্তনের সৃষ্টি করেছে নানা জটিলতার সৃষ্টি করেছে এবং যে সমস্যার দূরীকরণ না হলে না কি আমাদের এই পঙ্কিল সমাজকে আমাদের এই আবর্ত সমাজকে আবার সুন্দরতর করে তুলতে পারি না ঠিক তারই একটা সূচনা এই পল্লী সমাজকে সুন্দরতর করে তোলার একটা সূচনা আমরা এই গ্রামদান বিলের মধ্যে দেখতে পাচ্ছি। আমরা

আমি যে কোন মানুষ তার নিজস্ব যে সম্পত্তি বিশেষ করে যারা কৃষক তাদের ভূমির প্রতি যে স্পৃহা ভূমির প্রতি যে আকর্ষণ সেটা কিছুতেই তারা পরিত্যাগ করতে পারে না। বিভিন্ন দেশে সেখানে কৃষি বিপ্লব হয়েছে, ভূমি বিপ্লব হয়েছে সেখানে আমরা লক্ষ্য করেছি যে এবং আজ পর্যন্ত যে দেশে ব্যক্তিগত মালিকানা উচ্ছেদ হয়ে গেছে সেখানে ভূমি থেকে মানুষের যে মোহ সেটা উচ্ছেদ করা যায় নি। উচ্ছেদ করা যায় নি তার একমাত্র কারণ হচ্ছে এই প্রতিটি কৃষক এবং প্রতিটি মানুষের যাদের বংশ বংশ ধরে ভূমির সঙ্গে একটা বিরাট সম্পর্ক রয়েছে যেমন রক্তের সঙ্গে মাংসের সম্পর্ক তাদের উৎখাত করে দিলেও তারা মাটির সঙ্গে সম্পর্ক কাটাতে পারে নি। আরো পূর্বের ইতিহাস লক্ষ্য করে দেখেছি যেখানে ব্যক্তিগত মালিকানা ত্যাগ করতে পারে নি, সেখানে ব্যক্তিগত মালিকানা এসেছে। আমাদের কর্মচারীদের মধ্যে নানা রকমের জটিলতা নানা রকমের আবর্তের সৃষ্টি হয়েছে। যদি মানুষের মনের পরিবর্তন না হয় তাহলে এই ব্যক্তিগত মালিকানা তারা কিছুতেই পরিত্যাগ করতে পারবে না। আমাদের পূজ্য সন্ত বিনোবাজী বাংলাদেশের মধ্যে শুভ পদার্পণ করেছিলেন। তিনি সারা ভারতবর্ষের মানুষের মনের পরিবর্তন করবার জন্য অসীম ধৈর্য সহকারে প্রচেষ্টা করে চলেছেন এবং যাঁরা তাঁকে অনুসরণ অনুকরণ করছেন তাঁরা যে প্রচেষ্টা করে চলেছেন তাতে আমি মনে করি যে মানুষের মনোভাব পরিবর্তন করে আমাদের এই ভূমি সমস্যার সমাধান যেমন আমরা করতে পারব তেমনি আমাদের পল্লী জীবনের মধ্যে একটা নীরব বিপ্লব আমরা ঘটাতে পারব। আমরা আমাদের এই দেশে এত কম পরিমাণ জমি নিয়ে যতই আইনের সাহায্য নিয়ে চেষ্টা করি না কেন যে ভূমি সমস্যা আমরা সমাধান করতে পারব তা সুদূর-পরাহত হবে। কারণ, লোক সংখ্যার অনুপাতে আমাদের এখানে ভূমির পরিমাণ কত কম তা নিশ্চয়ই আপনারা জানেন। যা কিছু ভূমি আছে তাকে যদি সকলে মিলে ভোগ করবার চেষ্টা করি, সেগুলি যদি ব্যক্তিগত মালিকানায় না থাকে, সেগুলিকে যদি সমাজের মধ্যে আমরা নিয়ে আসতে পারি তাহলে আমাদের ভারতবর্ষের যে স্বপ্ন আমাদের ভারতবর্ষের যে পরিকল্পনা বিনা রক্তপাতে সমাজতন্ত্রের প্রতিষ্ঠা তারই দিকে আমর বলিষ্ঠ পদক্ষেপে এগিয়ে যেতে পারব বলে আমি মনে করি। আমাদের পূজ্য বিনোবাজীর যে আদর্শ যে দর্শন তিনি এত সুউচ্চ স্থানে রয়েছেন যে তাঁর এ আদর্শ তাঁর এই দর্শন আমাদের জীবনে হয়ত এখন সম্পূর্ণভাবে প্রতিফলিত করতে পারছি না কিন্তু এই আইনের মধ্য দিয়ে তাঁর সেই শুভ আদর্শ সেই কল্যাণময় আদর্শ যতটুকু আমাদের দেশে আমরা প্রতিফলিত করতে পারি ততটুকু আমাদের জীবন পরিবর্তিত করতে পারব এবং পল্লীগুলিকে সুন্দর এবং মহান করে গড়ে তুলতে পারব সেই বিষয়ে কোন সন্দেহ নেই। কাজেই আমি এই সরকারের শুভ প্রচেষ্টাকে এই কল্যাণময় প্রচেষ্টাকে আমার অভিনন্দন জানিয়ে এবং এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি

[2-40—2-51 p.m.]

Shri Nepal Chandra Roy:

মাননীয় স্পীকার মহোদয়, যে গ্রামদান বিল আমাদের সামনে এসেছে এটা সময়োপযোগী বিল, এই বিলের আজকের দিনে যথেষ্ট প্রয়োজন আছে। আপনি জানেন স্যার, আজকে আমাদের বিরোধী দলের বন্ধুরা হরতাল ডেকেছেন কি কারণে—খাদ্যশস্যের মূল্য বৃদ্ধি, নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্য বৃদ্ধি হেতু—এই হরতাল ডাকা হয়েছে। এর কারণ আর কিছুই নয়। আমরা দেখতে পাচ্ছি পৃথিবীতে যতগুলি বড় বড় দেশ আছে, যারা নিজেদের খাদ্যশস্য নিজেরা উৎপাদন করে দেশকে সমৃদ্ধ করেছে তার মধ্যে প্রতিটি জায়গায় তারা কো-অপারেটিভ ফার্মিং করেছে। যদি কো-অপারেটিভ ফার্মিং না করা হয় তাহলে খাদ্যশস্যের অভাব কোন মতে মেটানো যায় না। আমি রুশ দেশের তুলনা দিচ্ছি, আমেরিকার কথা নাই বা বললাম, সেখানে কো-অপারেটিভ ফার্মিং করে তাঁরা নিজেদের দেশের খাদ্যশস্য নিজেরা উৎপাদন করছেন এবং সেটা এক রকমের নীতি নিয়ে তাঁরা চলেছেন। আজকে আমার পূর্ববর্তী বক্তারা বলেছেন একটু আগে যে গান্ধীজীর কথা ছিল যে জমির মালিক হচ্ছেন ভগবান, অতএব ভগবান যখন জমির মালিক ভগবানের সৃষ্ট জীব আমরা, আমরা সকলেই জমির মালিক এ সম্বন্ধে সন্দেহ নেই। আমি সেজন্য বলছি যে গ্রামদানের আসল রূপ হচ্ছে দেশকে সোস্যালিজমের দিকে এগিয়ে নিয়ে যাওয়া। আমাদের দেশে আমরা কি দেখতে পেয়েছি, দেশ স্বাধীন হবার আগে জমিদারি দখল করবার পূর্বে এক একজন লোক

হাজার হাজার একর জমি ভোগ দখল করছে, এক একজন রাজা মহারাজা, লক্ষ লক্ষ একর জমির ভোগ দখল করছে, আর একদিকে আমরা দেখতে পেয়েছি যে ভূমিহীন কৃষক তাদের চাষ করার মতো কোনো জমি নেই, এমন কি তাদের ভিটে বাড়ী পর্যন্ত নেই, তার জন্য যেটুকু জমি দরকার সেটুকুও তাদের নেই। তাই মাননীয় স্পীকার মহোদয়, এই গ্রামদান বিল এই সভার সামনে উপস্থিত করে মন্ত্রিমহাশয় সময়োপযোগী কাজ করেছেন এবং এর মূল উদ্দেশ্য যেটা সেটা হচ্ছে যে একটা গ্রামে যতজন মানুষ থাকুক, গরীব, বড়লোক যেই থাকুক, যত জমিই থাকুক—১০ একর, ২০ একর, ৫০ একর হোক সেই এলাকার সমস্ত মানুষ তার অধিকারী হবে। যদিও আমি খুব ডিটেলভাবে বিলটাকে দেখি নি তাহলেও আমি যতটুকু জেনেছি তাতে একথা বলা যেতে পারে যে, যে গ্রামের লোক গ্রামদান করবে সেই গ্রামের জমি অন্য কোন জায়গার লোকে কিনতে পারবে না, এটা সত্যই খুব ভাল কথা। কারণ আমরা দেখতে পাই কি, এক গ্রামের মানুষ যদি গরীব হয়, হয়ত ২০।২৫।৩০ মাইল দূর থেকে লোক এসে সেই গ্রামে জমি কিনে নেয়, এই রকম ভাবে দেখা গেল যে পরবর্তীকালে সেই গ্রামের লোক অনাহারে মরছে। এজন্য আজকের দিনে আমাদের দেশে এই বিল নিতান্ত প্রয়োজন। এতদিন আমরা বুঝতে পারি নি, যখন তখন আমরা বলেছি যে গ্রামদান এটা আবার কি ব্যাপার, ভূমিদান এটা আবার কি ব্যাপার কিন্তু দিনের পর দিন ঐ বিনোবাজীর কথা একটু আগে হচ্ছিল তিনি ভারতবর্ষের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত প্রতিটি মানুষের কাছে এই আবেদন করেছেন যে, তোমার যেটুকু বেশী আছে, বেশী জমি আমাদের দান কর, আমরা ভূমিহীন কৃষকদের মধ্যে সেটা বণ্টন করবো এবং আমরা বলেছি যে লক্ষ লক্ষ একর জমি আজকে বিনোবাজী ভূমিহীন কৃষকদের বণ্টন করে দিয়েছেন। এতে দেখা যাচ্ছে যে আমাদের দেশের মানুষের মনে এই স্পৃহা আছে, দেশকে সোস্যালিজমের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার কিন্তু উপযুক্ত কাণ্ডারীর প্রয়োজন, সব জায়গায় দেখা গেছে, এটা দরকার হয়, আমাদের দেশে সেই রকম কাণ্ডারী আমরা পেয়েছি এবং সেজন্যই আমরা দেখতে পাচ্ছি যে উপযুক্ত সময়ে উপযুক্ত বিল উত্থাপিত করতে আমাদের মন্ত্রিমহাশয় দ্বিধা করেন নি।

তাই আমি এই বিলকে সম্পূর্ণ ভাবে সমর্থন করছি, এবং সমর্থন করেই আমার বক্তব্য আমি শেষ করছি।

শ্রীনরেন্দ্রনাথ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি রাজস্ব মন্ত্রী যে গ্রামদান বিল এখানে রেখেছেন আমি তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য পেশ করছি। আচার্য বিনোবাজী গোটা ভারতবর্ষে, গ্রাম হতে গ্রামান্তরে গিয়ে, এই বাণীই ঘোষণা করেছেন যে, যে মানুষের কাছে জমি আছে, তার থেকে কিছু জমি তাঁকে ভিক্ষা দেবার জন্য। তিনি বলেছেন গ্রামে যে লোক বাস করে, যার জমি নেই, যে ভূমিহীন, তাকে জমি দেবার জন্য, তিনি আবেদন রেখেছেন। যে লোকের জমি আছে, তাকে বিঘাপ্রতি এক কাঠা করে জমি দেবার জন্য আবেদন রেখেছেন। আমাদের সৌভাগ্য হয়েছিল নদীয়ার বুকে যেতে, সেখানে আচার্য বিনোবাজী এসেছিলেন, তাঁর সাথে পদব্রজে বহু গ্রাম আমরা পরিক্রমা করে দেখেছি সাধারণ মানুষের কাছে যে আবেদন তিনি রেখেছিলেন, সাধারণ মানুষ সেই আবেদনে সাড়া দিয়েছিল, এবং আমাদের ওখানে কয়েকটি গ্রামদান তাঁকে করেছে। একথা ঠিক যে গ্রামদান করা হয়েছে এবং সেই গ্রামের যারা অধিকারী হবেন, তাদের আইনের মাধ্যমে একটা যদি সুযোগ এবং সুবিধা করে না দেওয়া হয়, তাহলে বর্তমান অবস্থায় মানষিক পরিবর্তনের ফলে যে লোক গ্রামদান করেছে, পরবর্তী অবস্থায় তার উত্তরাধীকারীরা সেই জমি হয়ত আবার ভোগ করতে পারে। তাই এই গ্রামদান বিলের ধারার মধ্যে যে সকল ব্যবস্থা করা হয়েছে আমি মনে করি সেটা খুব ভাল ও উপযুক্তই করা হয়েছে। তাই এই বিলকে আমি সমর্থন ও অভিনন্দন জানাচ্ছি। আচার্য বিনোবাজীর যে আদর্শ, আজ যেটা সারা ভারতবর্ষে প্রচারিত হচ্ছে, সেটা আমাদের জাতির জনক মহাত্মাজীর আদর্শ। মহাত্মাজী যে স্বপ্ন দেখেছিলেন—যে গ্রাম্য মানুষের, সাধারণ মানুষের যদি উন্নতি না হয়, তাহলে ভারতবর্ষের উন্নতি সম্ভবপর নয়। তাই তিনি সর্বোদয়ের পরিকল্পনার স্বপ্ন দেখেছিলেন। সেই সর্বোদয়ের পরিকল্পনাকে রূপায়িত করবার জন্য আচার্য বিনোবাজী গ্রাম হতে গ্রামান্তরে আসমুদ্র হিমাচল পরিক্রমা করে মানুষের কাছে এই আবেদন রেখেছেন, সর্বোদয়ের মাধ্যমে তিনি চিন্তা করেছেন যে গ্রামে আমরা সর্বোদয় সৃষ্টি করতে পারবো। আমরা গ্রামদান যা পাবো, সেই গ্রামে যদি আমরা সর্বোদয়ের মাধ্যমে

পরিকল্পনা রাখতে পারি, তাহলে সেখানে গ্রামের মানুষ কৃষক যে ফসল উৎপন্ন করবে সেই উৎপাদিত ফসল নিশ্চয় সেই গ্রামের লোক ভোগ করবে, এবং সেই গ্রামে যে শিল্পায়ন হবে, এবং সেই শিল্প থেকে যে উৎপাদন হবে, তার দ্বারা গোটা গ্রামের অর্থনৈতিক উন্নতি সাধন করা সম্ভব হবে; এই দৃষ্টিভঙ্গী নিয়ে তিনি চিন্তা করেছিলেন। তিনি ভেবেছিলেন যে সমস্ত গ্রামগুলি যদি অর্থনৈতিক ক্ষেত্রে এমনি করে অগ্রগামী হয়ে এগিয়ে চলে, তাহলে ভারতবর্ষের অগ্রগতি সুনিশ্চিত, এবং গ্রামের মধ্যে সাধারণ মানুষ বেঁচে থাকতে পারবে। যে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থার কথা আমরা বলি, যাকে কেন্দ্র করে বেঁচে থাকবার স্বপ্ন দেখছি, যে অর্থনৈতিক ক্ষেত্রে আমরা যুগান্তর আনবার চেষ্টা করছি, তিনি গ্রাম থেকে তা শুরু করেছেন। এই গ্রামে এই যে সর্বোদয় পরিকল্পনা, এর সাথে গণতান্ত্রিক সমাজবাদের খুব পার্থক্য আছে, বা একটা বৈষম্য আছে বলে আমি মনে করি না। গ্রামে গ্রামে ঘুরে আমার এই অভিজ্ঞতা হয়েছে, আমি দেখেছি যে, যেখানে বড়লোক গ্রামদান করেছে, সেই গ্রামের লোকের ভিতর একটা হৃদয় আছে, একটা অনুভূতি আছে যে মানুষের জমি নেই, সেই মানুষকে আপনার করে নেবার মনোবৃত্তি আছে। আমি বিশ্বাস করি সেই গ্রামে যদি আমরা সমবায় তৈরী করতে পারি, তাহলে সেই সমবায়ের মাধ্যমে সেই গ্রামের অর্থনৈতিক উন্নয়ন করা সম্ভব হবে। তাই সর্বোদয়ের যে পরিকল্পনা আছে, যে রূপ নিয়ে তিনি এই পরিকল্পনা করেছিলেন, আমি বিশ্বাস করি সেই পরিকল্পনা সেখানে রূপায়িত হতে পারে। গ্রামের ভিতর দেখেছি পরস্পর পরস্পরকে আপনার করে নেবার একটা মনোবৃত্তি রয়েছে। গ্রামদানটাই সব নয়, গ্রামদানের পিছনে অন্তরের যে আবেদন আছে, যে আবেদন তিনি করেছেন, তাঁর সেই আবেদন আজ সার্থক হতে চলেছে। তাই বিনোবাজীর যে নৈতিক বিপ্লব এবং অর্থনৈতিক বিপ্লবের যে চিন্তাধারা গ্রামদানের পিছনে আছে, তাকে আজকে এই বিলের মাধ্যমে রূপায়িত করতে সাহায্য করবে, এবং আমাদের ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন, তাকে আমি সমর্থন জানিয়ে এই কথা বলতে চাই যে গ্রামের লোক এই বিলের মাধ্যমে উপকৃত হবে, এবং যে গ্রামদান হয়েছে, সেই গ্রামের সাধারণ মানুষ বুঝবে যে এই সম্পত্তি আজ সবার সম্পত্তি। আজকে যে বংশধর আছে শুধু তাদের জন্য নয়, ভবিষ্যতে যে বংশধর আসবে তারাও তার অধিকারী হবে। তাই অর্থনৈতিক ক্ষেত্রে এবং রাজনৈতিক ক্ষেত্রে যে প্রগতি এই বিল এনেছে, তাকে আমি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Questions not put in the absence of opposition on a general strike day

Mr. Speaker: Now, honourable members, we will stop here for the day for further discussion on the Gramdan Bill. As no Opposition members are present today the other items will not be taken up. The House stand adjourned till 1 p.m. on Monday next.

Adjournment

The House was accordingly adjourned at 2-51 p.m. till 1 p.m. on Monday, the 28th September, 1964, at Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 28th September, 1964, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 6 Ministers, 3 Ministers of State and 147 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Amendment of the Calcutta University Act, 1951

***466.** (Admitted question No. *1008.)

শ্রীশম্ভুচরণ ঘোষ: গত ৫ই মার্চ, ১৯৬৪ তারিখে প্রদত্ত অ-তারকাচিহ্নিত ৩৭২নং (অ্যাডমিটেড প্রশ্ন নং ১০২৪) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ বিষয়ে সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(২) সিদ্ধান্ত গ্রহণ করিয়া থাকিলে, তাহা কি?

The Hon'ble Rabindralal Sinha:

অবশ্য এটা আমরা এখন ফাইনালাইজ করেছি, এটা সার্কুলেটেড হয়েছে তা আপনারা জানেন।

Shri Sambhu Charan Ghosh:

এই বিলের অ্যামেন্ডমেন্ট সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে যে বক্তব্য রাখা হয়েছিল সেটা ইনকরপোরেট করা হয়েছে কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

যেটা বিবেচনাধীন আছে, সেটা বিল দেখলে সবই বুঝতে পারবেন, ডিটেইলস বিলের আলোচনা-কালে বলা সম্ভব, প্রশ্নোত্তরের সময় নয়।

Eden Hindu Hostel and Baker Students' Hostel

***467.** (Admitted question No. *1736.)

শ্রীসোমনাথ লাহিড়ী: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ইহা কি সত্য যে—

(ক) কলিকাতা ইডেন হিন্দু ছাত্রনিবাসে কোনো মুসলমান ছাত্র নাই।

(খ) কলিকাতা 'বেকার' ছাত্রনিবাসে কোনো হিন্দু ছাত্র নাই; এবং

(২) সত্য হইলে, উহার কারণ কি?

The Hon'ble Rabindralal Sinha:

১। (ক) ও (খ) হ্যাঁ।

২। 'ইডেন হিন্দু' ছাত্রাবাসটি কেবলমাত্র হিন্দু ছাত্রদের জন্যই চালু হইয়াছিল। এই ব্যবস্থা এখনও চালু আছে।

কলিকাতা মাদ্রাসার ছাত্রদের এবং কলিকাতার অন্যান্য অনুমোদিত কলেজের মুসলমান ছাত্রদের জন্য বেকার ছাত্রাবাসটি তৈয়ারী হয়। পরে মৌলানা আজাদ কলেজকে এই ছাত্রাবাসটি অর্পণ করা হয় এবং পূর্বের মতই ইহা মুসলমান ছাত্রদের ছাত্রাবাস হিসাবে ব্যবহৃত হইতেছে। মৌলানা আজাদ কলেজের মুসলমান ছাত্রদের ভর্তির পর আসন খালি থাকিলে কলিকাতার অন্যান্য অনুমোদিত কলেজের মুসলমান ছাত্রদিগকে এই ছাত্রাবাসে ভর্তি করা হয়।

Shri Gopal Banerjee:

মৌলানা আজাদ কলেজে কি সকলেই পড়তে পারে?

The Hon'ble Rabindralal Sinha:

সেখানে সকলেই পড়তে পারে।

Shri Gopal Banerjee:

বেকার হোস্টেলে কোন হিন্দু ছাত্র থাকতে পারবে না যদি তারা মৌলানা আজাদ কলেজে পড়ে, এইরকম কোন বিধিনিষেধ আছে কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

ওটা মুসলমান ছাত্রদের জন্যে নির্মিত হয়েছিল, বেকার হোস্টেলটা মুসলমান ছাত্রদের জনাই হয়েছিল।

Shri Bijesh Chandra Sen:

আমাদের এই সেকুলার স্টেট-এ হিন্দু-মুসলমানের আলাদা ব্যবস্থা থাকা উচিত কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

আমি মনে করি হিন্দু-মুসলমান ছাত্ররা একসঙ্গে থাকলেই ভাল হয়।

Shri Gopal Banerjee:

বেকার হোস্টেল গভর্নমেন্ট-এর টাকায় তৈরী হয়েছে, না কোন ব্যক্তিবিশেষের টাকায় তৈরী হয়েছে। যদি সরকারী টাকায় হয়ে থাকে তাহলে এই নিয়ম থাকা উচিত কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

এটা কার টাকায় তৈরী হয়েছিল আমি এখন বলতে পারব না, হিন্দু হোস্টেলের ক্ষেত্রে জনসাধারণের কিছু সাহায্য ছিল, সরকারী টাকাও ছিল। বেকার হোস্টেল-এ বরাবর ঐ সিস্টেমই চলে এসেছে।

Dr. Kanai Lal Bhattacharya:

গত ১৭ বৎসরের মধ্যে এই পার্থক্য দূর করার জন্য সরকার কোন প্রচেষ্টা করেছেন কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

কানাই ভট্টাচার্য মহাশয় যে কথা বলছেন সেটা স্বীকার করে আমি বলি একসঙ্গেই থাকা উচিত, তবে এখন পর্যন্ত পূর্বেকার ব্যবস্থাই চালু রাখা হয়েছে। একথা আমি বলতে পারি যে, বহু অভিভাবকের গোঁড়ামি এখনো দূর হয় নি। সেজন্য এটা এখনো চলেছে।

Shri Kanai Pal:

আমি জিজ্ঞাসা করতে চাই, আমাদের এই সেকুলার স্টেট-এ এই নীতির পরিবর্তন হওয়া উচিত বলে মনে করেন কিনা?

(No reply)

Candidature of primary school teachers in Panchayat election

***468.** (Admitted question No. *1747.)

শ্রীসুধীরচন্দ্র দাস: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্পেশ্যাল ক্যাডার প্রাথমিক শিক্ষকগণকে পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার অনুমতি সরকার হইতে দেওয়া হইয়াছে কিনা; এবং

(খ) জেলা স্কুল বোর্ডের অধীনস্থ প্রাথমিক শিক্ষকগণকে পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার অনুমতি সরকার হইতে দেওয়া হইয়াছে কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

(ক) ও (খ) প্রাথমিক বিদ্যালয় কার্যরত স্পেশাল ক্যাডার শিক্ষকগণও জেলা স্কুল বোর্ডের অধীনস্থ অপরাপর প্রাথমিক শিক্ষকগণের ন্যায় জেলা স্কুল বোর্ডের অধীনস্থ শিক্ষক।

জেলা স্কুল বোর্ডের অধীনস্থ প্রাথমিক শিক্ষকগণের স্থানীয় স্বায়ত্তশাসন সংস্থার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার কোন বাধা ছিল না এবং পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা সম্পর্কে সরকার হইতে পৃথক কোন নির্দেশ দেওয়া হয় নাই।

[1-10—1-20 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাস: জেলা পরিষদ আইন পাশ হবার পর জেলা স্কুল বোর্ড জেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটি হয়ে যাবে এবং তার ফলে প্রাথমিক শিক্ষকগণ জেলা পরিষদের কর্মচারী হয়ে যাবেন। আমার প্রশ্ন হচ্ছে তাঁরা কি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: আইনের যদি পরিবর্তন না হয় তাহলে জেলা পরিষদ আইনে যে বিধান আছে সেই অনুসারে হবে।

শ্রীসুধীরচন্দ্র দাস: জেলা পরিষদ আইনে আছে তাদের কর্মচারীরা দাঁড়াতে পারবেন না। জেলা পরিষদ আইন পাশ হবার পর স্ট্যান্ডিং কমিটি হয়ে যখন স্কুল বোর্ড কাজ করছে তখন তাঁরা জেলা পরিষদের কর্মচারী হয়ে যাবেন এবং আপনারাও জেলা পরিষদের কর্মচারী হিসেবে গণ্য করবেন। কাজেই আমি জানতে চাই যে, এই অবস্থায় তাঁরা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: এটা যখন আইনের কথা তখন সেই লিগ্যাল অ্যাডভাইস আমি কি করে দেব। তবে এটুকু বলতে পারি জেলা পরিষদ আইনে যেটা আছে সেই অনুসারে কাজ হবে।

শ্রীসুধীরচন্দ্র দাস: আইনের কথা আইন বলবে, আমি আপনার দপ্তর থেকে উত্তর চাইছি। পরিষ্কার হচ্ছে জেলা পরিষদ আইন পাশ হবার পর স্কুল বোর্ড যখন স্ট্যান্ডিং কমিটি হয়ে যাচ্ছে তখন প্রাথমিক শিক্ষক যাঁরা স্কুল বোর্ডের অধীনে ছিলেন, যাঁরা স্পেশাল ক্যাডার ছিলেন তাঁরা জেলা পরিষদের কর্মচারী হিসাবে দাঁড়াতে পারবেন কিনা?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: আমার কথা মন দিয়ে শুনুন। কোন লোক্যাল অথরিটিস-এর নির্বাচনে দাঁড়াতে বাধা আরোপ করা হয় নি, শিক্ষা বিভাগ থেকে কোন বাধা আরোপ করা হয় নি। তবে এই জেলা পরিষদ অ্যাক্ট-এতে যদি কিছু থাকে তাহলে সেটা আমি কি করে বলব।

শ্রীসুধীরচন্দ্র দাস: জেলা পরিষদ আইনে আছে জেলা পরিষদের কর্মচারী হিসেবে দাঁড়াতে পারবেন না। আমি আপনার কাছে জানতে চাই কর্মচারী হিসেবে দাঁড়াতে পারবেন কিনা সেটা আপনি বলুন।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: এর জবাব পঞ্চায়েত মন্ত্রী দেবেন। তবে আইনে যদি থাকে দাঁড়াতে পারবেন না তাহলে আমি বললেই কি দাঁড়াতে পারবেন? আপনারা যেভাবে আইন পাশ করেছেন সেইভাবেই হবে।

শ্রীসুধীরচন্দ্র দাস: আপনি কি এটা জানেন যে, বর্তমান অবস্থায় তাঁরা দাঁড়াতে পারছেন না এই অবস্থার সৃষ্টি হয়েছে?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: পঞ্চায়েত সম্বন্ধে এরকম কিছু আমার জানা নেই। তবে আঞ্চলিক পরিষদে পারে না আইন পড়ে এটা মনে হচ্ছে।

Agricultural Income Tax Office, Krishnagar

***469.** (Admitted question No. *1805.)

শ্রীবিজয়কুমার ব্যানার্জি এবং **শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** অর্থবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) মুর্শিদাবাদ-নদিয়ার কৃষি আয়কর অফিস কৃষ্ণনগরে অবস্থিত ;

(২) শতকরা ৭৫-৮০টি ঐরূপ করদাতার গৃহ মুর্শিদাবাদ জেলায় ; এবং

(খ) সত্য হইলে, উক্ত অফিস মুর্শিদাবাদে স্থানান্তরিত করার কোন পরিকল্পনা আছে কি :

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) (১) হ্যাঁ।

(২) বর্তমান হিসাবে দেখা যায় যে, শতকরা ৭০টি করদাতার গৃহ মুর্শিদাবাদ জেলায়।

(খ) জমিদারী উচ্ছেদ আইন এবং ভূমি সংস্কার আইন বলবৎ হওয়ার ফলে কৃষি আয়কর আইনের আওতা বহুলাংশে সঙ্কোচিত হওয়ায় কৃষি আয়করের ভবিষ্যৎ ও অনিশ্চিত। তদুপরি ব্যয় সঙ্কোচনের নীতি অনুসরণের জন্য নদীয়ার কৃষি আয়কর আধিকারিকের কার্যালয় কৃষ্ণনগর হইতে বহরমপুরে স্থানান্তর করা ব্যয়সাপেক্ষ বলিয়া এইরূপ কোন পরিকল্পনা নাই। তবে, মুর্শিদাবাদ জেলার কর দাতাগণের অসুবিধার বিষয়ে লক্ষ্য রাখিবার জন্য কৃষি আয়কর অফিসারদের যথাযথ নির্দেশ দেওয়া আছে।

শ্রী [illegible] রায়: মন্ত্রিমহাশয় বললেন মুর্শিদাবাদ জেলার করদাতাদের অসুবিধার প্রতি লক্ষ্য রেখে অফিসারদের নির্দেশ দেওয়া হয়েছে। তাদের অসুবিধা দূর করবার জন্য কি কি নির্দেশ দিয়েছেন সেটা বলবেন কি ?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: মুর্শিদাবাদের করদাতাদের কষ্ট যাতে লাঘব করা যায় সেইজন্য কৃষি আয়কর আধিকারিক মুর্শিদাবাদে ক্যাম্প করে হিয়ারিং করেন। এতে করদাতারা বেশী সুবিধা ভোগ করেন।

শ্রী [illegible] রায়: মন্ত্রিমহাশয় বলেছেন নদীয়া থেকে মুর্শিদাবাদে নিলে ব্যয়সাপেক্ষ হবে। কতটা ব্যয়সাপেক্ষ হবে জানাবেন কি ?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: সেটা আমি বলতে পারি না।

Assessment in Berhampore Municipality

***470.** (Admitted question No. *1832.)

শ্রীসনৎকুমার রাহা: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পৌর সংস্থার অ্যাসেসমেন্ট সম্পর্কে সরকার গত এক বছরের মধ্যে কোন অভিযোগ পাইয়াছেন কিনা ; এবং

(খ) অভিযোগ পাইয়া থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন ?

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) হ্যাঁ।

(খ) বিষয়টি বর্তমানে হাইকোর্টের বিচারাধীন থাকায় অভিযোগ সম্বন্ধে সরকারের কিছুই করণীয় নাই।

শ্রীসনৎকুমার রাহা: অভিযোগগুলি কি কি ধরনের ? অ্যাসেসমেন্ট বেশি হয়েছে এই ধরনের, না অ্যাসেসমেন্টএ দুর্নীতি হয়েছে এই ধরনের ?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ সমস্ত জিনিসটা হাইকোর্টের বিচারাধীন। মোটামুটি যে অ্যাসেসমেন্ট হয়েছে সেই অ্যাসেসমেন্টটা আবার নূতন করে করার বিরুদ্ধে ওখান থেকে অভিযোগ এসেছে। সরকার তখন আইনজ্ঞের পরামর্শ চাইলেন এবং যেটা করা হয়েছে সেটা ঠিকই হয়েছে বলা যায়। তবে এটা যখন হাইকোর্টের বিচারাধীন আছে তখন হাইকোর্ট যেভাবে রায় দেবেন সেইভাবেই হবে।

শ্রীসনৎকুমার রাহাঃ এটা কি ঠিক যে বহরমপুরের অ্যাসেসমেন্ট বাংলাদেশে সবচেয়ে হাইয়েস্ট পারসেন্টেজ হয়েছে এবারে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ সঠিক বলতে পারি না।

শ্রীগোপাল ব্যানার্জিঃ অ্যাসেসমেন্ট করেছিল কে?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ অ্যাসেসমেন্ট আগে ছিল, তারপর মিউনিসিপ্যালিটি সুপারসিডেড হয়ে যাবার পর অ্যাডমিনিস্ট্রেটর আবার নূতন করে অ্যাসেসর নিযুক্ত করে অ্যাসেসমেন্ট করেছেন।

শ্রীগোপাল ব্যানার্জিঃ আমি নাম জানতে চাচ্ছি, এটা কি কোন কোম্পানি না ব্যক্তিবিশেষ?

দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্রঃ নামটা বলতে পারি না।

Proposal for issuing monthly and seasonal tickets for the students in State buses

***471.** (Admitted question No. *1837.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government have any scheme to introduce the system of the issue of monthly and seasonal tickets and concession tickets for students in the State buses as is in vogue in the Calcutta Tramways; and

(b) if the reply to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state as to when (i) the scheme is likely to be introduced and (ii) the particulars of such scheme?

The Hon'ble Saila Kumar Mukherjee:

(a) No.

(b) Does not arise.

শ্রীনিখিল দাসঃ স্টেট বাসে ছাত্রদের কনসেসনাল রেটে মান্থলি টিকেট দেওয়ার জন্য ছাত্রদের তরফ থেকে আপনাদের কাছে কোন কিছু জানিয়েছিল কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জিঃ আমার কাছে জানান নি, স্টেট ট্রান্সপোর্টকে জানাতে পারে সেটা আমার জানা নাই।

শ্রীনিখিল দাসঃ স্টুডেন্ট কনসেশন আগেও ছিল, বহু পুরানো আমলে প্রাইভেট বাস যখন ছিল তখনও কলকাতা শহরে মান্থলি টিকেট ছিল, কিন্তু স্টেট বাস হয়ে যাবার পর মান্থলি টিকেট সিস্টেম উঠে গিয়েছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে ছাত্রদের ব্যাপারে দৈনন্দিন টিকেট দিতে গেলে অনেক অসুবিধা হয়, মান্থলি সিস্টেমে অনেক সুবিধা হয়, সেদিকটা চিন্তা করবেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জিঃ মান্থলিরই অনুরূপ কুপন টিকেট বলে এক রকম কনসেশন সিস্টেম আছে, তাতে ত্রিশ দিনে ভাড়া না দিয়ে হয়ত ২৮ দিনের ভাড়া দিয়ে যেতে পারে, সেই সুযোগ ছাত্ররাও নিয়ে থাকে।

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে ছাত্রদের ফ্রি যেতে দেওয়া হয় কিনা, ছাত্রদের বিনা পয়সায় যেতে দেওয়া হয় কিনা?

দি অনারেবল শৈলকুমার মুখার্জিঃ এটা কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের প্রশ্ন, নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কি ব্যাপার তা সংগ্রহ করি নি, তাই বলতে পারি না।

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ আপনি হচ্ছেন,
Minister for Transport for whole of West Bengal
কোথায় কি হচ্ছে তা জানা দরকার, এই রকম উত্তর আপনার সাজে না।

দি অনারেবল শৈলকুমার মুখার্জিঃ আমি তো সব মুখস্থ করে রাখতে পারি না, নোটিস দিলে অনুসন্ধান করে জানাতে পারি।

শ্রীনিরঞ্জন সেনগুপ্তঃ এটা কি জানেন, গ্রামাঞ্চলের বহু বাসে এখন ছাত্রদের কনসেশন দেওয়া হয়, বিনা পয়সায় যেতে দেওয়া হয় প্রাইভেট বাসে, এটা জানেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জিঃ ব্যক্তিগত বাসে প্রাইভেট বাসে নানা নিয়ম আছে, সব জায়গায় নিয়ম জানা নাই।

শ্রীনিখিল দাসঃ কলকাতার সুবার্বে যে প্রাইভেট বাসগুলি আছে সেখানে অর্ধেক ভাড়ায় যেতে দেওয়া হয় সেটা জানেন কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জিঃ কোন মালিক দেয়, কোন মালিক দেয় না সেটা সমস্তই ব্যক্তিগত ব্যাপার।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ ট্রামের মত স্টেট বাসে মান্থলি সিস্টেমের টিকেট না করার কারণ কি?

দি অনারেবল শৈলকুমার মুখার্জিঃ এতে অনেক অসুবিধা আছে, কোম্পানির সুবিধা হচ্ছে বটে, একটা মান্থলি টিকেটে দিলে একই টিকেটে অনেকে ট্রাভেল করতে পারে, সেজন্য কুপন সিস্টেমের সুযোগ পেলে এটা এ্যাবিউস হতে পারে না।

[1-20—1-30 p.m.]

শ্রীঅনাদি দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি এ্যামাউন্ট অব কনসেসান ইন কুপন এন্ড এ্যামাউন্ট অব কনসেসান ইন মানথলি টিকেট অব ট্রাম এই দুটোর পার্থক্য?

দি অনারেবল শৈল কুমার মুখার্জীঃ কি করে বলব, ট্রামের সঙ্গে যদি কমপেয়ার করে বলতে হয় তাহলে তা ট্রাম কোম্পানী থেকে আনাতে হয়।

শ্রীঅনাদি দাসঃ এই যে কনসেসান দেওয়া হয়েছে ফর অফিস পিপল, ক্লার্ক ইত্যাদি, তাঁদের রবিবার ট্রাভেল করতে হয় না। ২৭ দিনের কুপনে ৩০ দিন ট্রাভেল করতে পারা না পারা তাদের খুব তাতে সুবিধা হয় না। কারণ, ১ মাসের মধ্যে কনসেসানের লাইফ শেষ হয়ে যায়।

দি অনারেবল শৈল কুমার মুখার্জীঃ আপনার ব্যক্তিগত মত হতে পারে। কিন্তু কনসেসান টিকেট যতদিন থেকে আছে ততদিন হাজার হাজার যাত্রী নিচ্ছে। নিশ্চয়ই তারা সুবিধা পাচ্ছে বলে কনসেসান নিচ্ছে।

শ্রীহেমন্ত কুমার বসুঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে মানথলি টিকেট এ্যাবিউজ হয়। এটাই কি যথেষ্ট কারণ বলে মনে হয়। ট্রামে ইন্সপেক্টর আছে তাঁরা চেক করেন, সেইভাবে স্টেট বাসে আছে তাঁরা চেক করবে। এ্যাবিউজ হবে এইজন্য মানথলি টিকেট ইনট্রোডিউস করা হবে না এটা কি আপনি যুক্তিসঙ্গত বলে মনে করেন?

দি অনারেবল শৈল কুমার মুখার্জী: আমি একটা কারণ বলেছি। এ্যাবিউজ মানে—ট্রামের অর্থ সম্পত্তি আর বাসের অর্থ সম্পত্তি? আমাদের বাসে একটা টিকেট নিয়ে একজনের ৩।৪ বার যাবার স্কোপ থাকে। সেটা বন্ধ হয় কনসেসান টিকেটে।

শ্রীমতী বিভা মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি বলতে চাই তিনি তো জানেন আজকালকার বাজারে ছেলেদের স্কুল কলেজে পড়ান এবং তাদের বই কিনতে মা-বাবার ভয়ানক খরচ হয়। আজকে আমাদের রেলওয়েতে ছাত্রদের কনসেসান টিকেট দেওয়া হচ্ছে। স্টেট বাসে এই সম্বন্ধে তাঁরা চিন্তা করে দেখবেন কিনা?

দি অনারেবল শৈলকুমার মুখার্জী: হ্যাঁ, নিশ্চয়ই দেখব, রেলের মত যদি ১৭ শো কোটি টাকা স্টেট বাসের লাভের অঙ্ক হয়।

ডঃ কানাই লাল ভট্টাচার্য: রেলের ১৭ শো কোটি টাকা লাভ হয় এটা কি সত্য কথা?

দি অনারেবল শৈল কুমার মুখার্জী: এটা আনুমানিক ফিগার।

শ্রীমতী বিভা মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয় এখনই বললেন যে রেলে ১৭ শো কোটি টাকা লাভ হয়। গতবারে যে প্রশ্ন আমাদের এখানে ছিল তাতে আমি তখনকার স্টেট ট্রান্সপোর্ট মিনিস্টার শঙ্করদাস ব্যানার্জী মহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম প্রতিদিন এই স্টেট বাসে প্রায় ১৪ থেকে ১৮ হাজার টাকা লোকসান হচ্ছে, সরকার এ সম্বন্ধে কি কোন খোঁজ করেছেন? গতবার এ সম্বন্ধে খোঁজ খবর নেবার কথা বলেছিলাম। এ সম্বন্ধে তাঁরা কি খোঁজ নিয়ে দেখবেন?

দি অনারেবল শৈল কুমার মুখার্জী: আপনি বোধ হয় সেদিন হাউসে উপস্থিত ছিলেন না যখন এ সম্বন্ধে একটা প্রশ্নোত্তরে বিস্তারিত অঙ্কে হিসাব দেওয়া হয়েছে যে কত লোকসান হয় ইত্যাদি। সমস্ত অঙ্কের হিসাব পূর্ণভাবে দেওয়া হয়েছে।

Salary of the middle school teachers of Purulia district

***472.** (Admitted question No. *1854.)

শ্রীদঙ্গন কুইরী: শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়ার মিডল স্কুলের শিক্ষকবৃন্দ কি পশ্চিমবঙ্গ সরকারের নির্ধারিত বেতন পান; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "না" হয়, তবে কারণ কি?

The Hon'ble Rabindralal Sinha:

জেলা বোর্ড পরিচালিত মিডল স্কুলের মোট ৫০ জন শিক্ষকের মধ্যে মাত্র ১২ জন শিক্ষক পশ্চিমবঙ্গ সরকারের নির্ধারিত বেতনক্রম পাইবার জন্য অভিমত জ্ঞাপন (অফসন) করায় তাঁহারা এবং অন্যান্য মিডল স্কুলের সকল শিক্ষকগণ ১-৪-৬১-এর পূর্বের পশ্চিমবঙ্গের নির্ধারিত বেতনক্রম পাইতেছেন।

জেলা বোর্ড পরিচালিত মিডল স্কুলের বাকী ৩৮ জন শিক্ষক পশ্চিমবঙ্গ নির্ধারিত বেতনক্রম পাইবার জন্য অভিমত জ্ঞাপন না করায় বিহার সরকার নির্ধারিত বেতনক্রম ও অন্যান্য সুযোগ সুবিধাদি যথারীতি উপভোগ করিতেছেন।

অন্যান্য মিডল স্কুলের শিক্ষকগণের ক্ষেত্রে এ প্রশ্ন উঠে না।

Shri Sambhu Charan Ghosh:

বিহার সরকারের যে বেতন হার সেটা কি ছিল?

The Hon'ble Rabindralal Sinha: B.A./I.A.C.T. 60—2—80—E.B.—2—100; I.A./Mat. C.T.—45—2—65—E.B.—2—75; Matric—40—1—50—E.B.—1—60; Non-Matric Trained 35—2—45—1—55.

ইহার সহিত শিক্ষকগণ নিম্নরূপ ভাতা উপভোগ করেন—বোর্ড প্রদত্ত ভাতা টাকা প্রতি ৭ আনা, সরকার প্রদত্ত ভাতা প্রতি শিক্ষক ১০ টাকা।

Shri Sambhu Charan Ghosh:

একথা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের যে নির্ধারিত বেতন সেই বেতন হার বিহার সরকারের বেতন হারের চেয়ে বেশী?

The Hon'ble Rabindralal Sinha:

আমরা সব শিক্ষকগণকে অপসন দিয়েছিলাম।

Shri Sambhu Charan Ghosh:

আমার প্রশ্ন হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের বেতন হার বেশী কি কম?

The Hon'ble Rabindralal Sinha:

বেতন হার বেশী বলেই আমার ধারণা।

Shri Sambhu Charan Ghosh:

আমি প্রশ্নটা করেছি পশ্চিমবঙ্গ সরকারের নির্ধারিত বেতন হার বিহার সরকারের চেয়ে বেশী কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

আমি যতদূর জানি বেশী, তবে ডিটেল যদি চান তাহলে নোটিশ দিলে কাগজ দেখে বলতে পারি

Shri Sambhu Charan Ghosh:

একথা যদি ঠিক হয় যে পশ্চিমবঙ্গ সরকারের বেতন হার বিহার সরকারের বেতন হারের চেয়ে বেশী তাহলে পুরুলিয়া যখন পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত হল তখন সেই পুরুলিয়ার সমস্ত শিক্ষকরা পশ্চিমবঙ্গের বেতন হারের সুযোগ পেলেন না কেন?

The Hon'ble Rabindralal Sinha:

পশ্চিমবঙ্গে বেতনের হার বেশী হলেও তাঁরা আরো কতকগুলি সুবিধা বিহারের হারে পেতেন যেমন টাকা প্রতি ৭ আনা, বোর্ড প্রদত্ত ভাতা সরকার প্রদত্ত ১০ টাকা সুতরাং কতকগুলি র‍্যাডভানটেজ আছে, কতকগুলি ডিসর‍্যাডভানটেজ আছে। সেজন্য টিচারদের অপসন দিয়েছিলাম যে তাঁরা ওয়েস্ট বেঙ্গলের স্কেলে ওপট্ করবেন কি বিহার স্কেলে কনটিনিউ করবেন। যাঁরা ওপট্ করে দিয়েছেন তাঁদের এই স্কেলে এনেছি, যাঁরা করতে চান নি তাঁরা ঐ স্কেলেই আছে।

Shri Sambhu Charan Ghosh:

আমি প্রশ্নটা করছি যখন সারা পশ্চিম বাংলার সমস্ত শিক্ষকরা পশ্চিমবঙ্গ সরকারের নির্ধারিত বেতন হারের সুযোগ পেয়ে থাকেন সেখানে পুরুলিয়ায় মাত্র ৩৮ জন শিক্ষক সেই সুযোগ থেকে বঞ্চিত হবেন কেন?

Mr. Speaker:

উনি তো এর উত্তর দিয়েছেন।

Luxury cars for the use of Ministers and high officials

***473.** (Admitted question No. *1867.)

শ্রী [illegible] রায়, শ্রীরাধাকৃষ্ণ সিংহ এবং **শ্রীহৃষীকেশ হালদার:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের (১) মন্ত্রীদের এবং (২) উচ্চপদস্থ সরকারী [illegible] জন্য কয়টি বিদেশে প্রস্তুত বিলাসবহুল সরকারী গাড়ী (ফরেন মেক লাক্সারি কার) আছে;

(খ) উক্ত গাড়ীগুলি কোনটির ক্রয় মূল্য কত; এবং

(গ) বিদেশী গাড়ীগুলির বদলে ভারতে প্রস্তুত মোটর গাড়ী ব্যবহার করার কথা চিন্তা করিতেছেন কি?

Shri Birendra Narayan Roy:

আমি স্যার, আপনার কাছে নিবেদন করছি যে আধ ঘন্টা আগে এর উত্তরটা লাইব্রেরী টেবিলে দেয়ার কথা কিন্তু এটা আমরা পাইনি। স্যার, এ সম্বন্ধে বহুবার আমরা অভিযোগ করেছি কিন্তু ওঁরা শোনেন নি।

Mr. Speaker:

মিঃ রায়, আপনাদের অভিযোগ করার ফলে সুফলই হয়েছে যার ফলে সব কোয়েশ্চেনই আসে, মে বি একটা দুটো দেরী হতে পারে। তবে এটা অলরেডী এসে গেছে।

The Hon'ble Saila Kumar Mukherjee:

(ক) বিলাসবহুল গাড়ী কি অর্থে ব্যবহার করা হইয়াছে তাহা বুঝা গেল না। (১) মাত্র দুইখানি বিদেশে প্রস্তুত গাড়ী মন্ত্রীদের ব্যবহারের জন্য আছে; (২) একটিও নাই।

(খ) একটির মূল্য ২১,৬০০ টাকা এবং অপরটির মূল্য ১৮,৩৮৬ টাকা।

(গ) এই গাড়ীগুলি যতদিন ব্যবহারের উপযুক্ত থাকিবে ততদিন উহাদের পরিবর্তে ভারতে প্রস্তুত গাড়ী ব্যবহারের প্রশ্ন উঠে না।

Shri Birendra Narayan Roy:

যে দুটো গাড়ীর কথা বললেন ঐ গাড়ী দুটো কে ব্যবহার করেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

একটা গাড়ী চীফ মিনিস্টার ব্যবহার করেন যেটা প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের নিজের ছিল—ওঁর মৃত্যুর পরে ওঁর উত্তরাধিকারীর অনুরোধক্রমে সরকার আরো ৫ হাজার টাকা দিয়ে সেটা ক্রয় করেন এবং শ্রীসুবিমল রায় তাঁর উত্তরাধিকারী পত্র লিখেছিলেন তাঁদের ইচ্ছা এই গাড়ীটা যেন সরকারের মুখ্যমন্ত্রী ব্যবহার করেন। আর একটা গাড়ী আছে ১৯৫৬-এ ডঃ নেওয়া হয়েছিল সেটা অর্থমন্ত্রী ব্যবহার করেন, উত্তরাধিকারসূত্রে আমিও সেটা ব্যবহার করি।

Shri Birendra Narayan Roy:

ভারতের প্রধানমন্ত্রী শ্রীলাল বাহাদুর শাস্ত্রী তিনি বিদেশী গাড়ী বর্জন করে দেশী গাড়ী ব্যবহার করছেন এ্যান্ড এ জেশ্চার, আপনারা সেই জেশ্চার পশ্চিমবঙ্গে অ্যাপ্লাই করছেন না কেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমরা গত কয়েক বছরের মধ্যে এক পয়সারও বিদেশী গাড়ী কিনি নি, কারণ একসচেঞ্জ এক পয়সাও খরচ করিনি।

Shri Birendra Narayan Roy:

যেটা প্রধানমন্ত্রী ব্যবহার করতেন সেটা ফরেন এক্সচেঞ্জে কেনা হয়েছিল কিন্তু অ্যাজ এ জেশ্চার সেটা বাদ দিয়ে তিনি এই গাড়ীটা ব্যবহার করছেন। যেখানে ভারতবর্ষের প্রধানমন্ত্রী ব্যবহার করতে পারেন সেখানে আপনারা ব্যবহার করছেন না কেন বা সে বিষয়ে চিন্তা করছেন না কেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

প্রশ্নটা বুঝলাম না, দয়া করে আর একবার বলুন।

[1-30—1-40 p.m.]

Shri Sambhu Charan Ghosh:

একথা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের রিলিফ ডিপার্টমেন্ট দুখানা লাকসারি গাড়ি তাঁদের হেফাজতে রেখেছেন বিগত দাঙ্গার সময় থেকে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

প্রথমত লাকসারি গাড়ি কথাটার ডিকসানারি মীনিং মোটর ভেহিকলস রুল-এর আইনে আছে বলে আমার জানা নেই। দ্বিতীয়ত লাকসারি গাড়ি, যদি আপনার মতে বিলাসবহুল গাড়ি হয়, তাহলে বলবো তাদের এই সব গাড়ি নেই, স্ট্যান্ডার্ড অ্যামবাসাডর ছাড়া, কোন গাড়ি, আজ দু বছরের মধ্যে কেনা হয়নি।

Alleged misappropriation of fund of Reapara Sri Siddha Nath Balika Vidyamandir

***474.** (*Admitted question No. *1868.*) **Shri Narayan Choubey and Shri Sanat Kumar Raha:** *Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—*

(a) whether Government has recently received any complaint regarding malpractice and misappropriation of fund of Reapara Sri Siddha Nath Balika Vidyamandir of Midnapore district, by its Secretary; and

(b) if so, what steps have been taken by the State Government towards this end?

The Hon'ble Rabindralal Sinha: (a) Yes.

(b) The Secretary, West Bengal Board of Secondary Education has been requested to supersede the present Managing Committee.

Shri Sanat Kumar Raha:

এই যে স্কুলটির সম্পর্কে অভিযোগ, সেটা সরকারপক্ষ কবে পেয়েছেন? কোন সালে?

The Hon'ble Rabindralal Sinha:

আমি এখানে যা কাগজে দেখছি, তাতে তো ১৯৬৪ সালের আগে কিছু দেখতে পাচ্ছি না।

Shri Sanat Kumar Raha:

এই অভিযোগগুলি কারা করেছেন? স্কুল কমিটির মেম্বাররা, না, বাইরের কোন অভিভাবকবর্গ?

The Hon'ble Rabindralal Sinha:

কমিটির মেম্বর আছেন, টিচার্স আছেন, আমরা এনকোয়ারি করতে পাঠিয়েছিলাম (District Inspectors of Schools) এর কাছে, কতকগুলি অভিযোগ পাওয়ার পরে, তিনি এনকোয়ারি করে একটা রিপোর্ট দেন, তারপর আমরা সুপারসিড করবার জন্য বোর্ডের কাছে আমরা সুপারিশ পাঠিয়ে দিয়েছি, এবং এস ডি ও-কে দিয়েও আমরা একটা এনকোয়ারী করিয়েছি। এবং আপনাদের ইনফরমেশন-এর জন্য বলতে পারি যে এনফোর্সমেন্ট ব্র্যাঞ্চ-এর হাতেও আমরা এটা দিয়েছি। তারা Enforcement Branch, detailed enquiry করে, যদি কারও এগেনেস্টএ কোন য়্যাকসন নেবার থাকে, তা তাঁরা দেখবেন। আমি যতদূর জানতে পেরেছি এস ডি ওর রিপোর্ট থেকে, সেটা আপনাদের বলে দিচ্ছি।

In the meantime a police case has been instituted against Shri Rabindranath Giri for alleged misappropriation of public money and the case is sub-judice, pending investigation.

Shri Sanat Kumar Raha:

স্কুল কমিটির সেক্রেটারী রবীন্দ্র গিরি, স্কুলের ম্যানেজিং কমিটির প্রেসিডেন্ট কে?

The Hon'ble Rabindralal Sinha:

এখন একটা জিনিষ বলি এখানে দুটা ম্যানেজিং কমিটি ফাংশন করছে, অতএব বলা মুস্কিল। তবে, আমাদের সদস্য শ্রদ্ধেয় চারুচন্দ্র মহান্তি মহাশয়, তিনি ম্যানেজিং কমিটির প্রেসিডেন্ট বলেই আমরা জানি। দলাদলির ফলে যে অবস্থা দাঁড়িয়েছে, তাতে তিনিও অনুরোধ করেছেন যে ম্যানেজিং কমিটিকে সুপারসিড করে, বোর্ডের হাতে ভার দেবার জন্য।

Shri Sanat Kumar Raha:

রবীন্দ্র গিরি যিনি সেক্রেটারী, ম্যানেজিং কমিটির তাঁকে, একটা রিকুইজিসন্ড মিটিংএ রিজাইন করার জন্য বলা হয়, এবং তিনি রিজাইন করেন। তারপরে প্রেসিডেন্ট চারুচন্দ্র মহান্তি মহাশয়, তাঁর রেজিগনেশন বাতিল করে দিয়ে, তাঁকে জোর করে সেক্রেটারীর পদে রেখে, কাজ করিয়ে, নেন, এটা কি সত্য?

The Hon'ble Rabindralal Sinha:

এটা সত্য কিনা, আমি জানি না।

Shri Sanat Kumar Raha:

আমাদের মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয় যখন ওখানে যান, সেখানে টিউবওয়েলের জন্য দু হাজার টাকা স্যাংশন করেছিলেন, তার থেকে এক হাজার টাকা তছরুপ করেছেন রবীন্দ্রনাথ গিরী, এই সম্পর্কে কোন অভিযোগ পেয়েছেন কি?

The Hon'ble Rabindralal Sinha:

না। এইরকম কোন স্পেসিফিক অভিযোগ আমার ডিপার্টমেন্টে এসেছে বলে আমার জানা নেই।

Shri Sanat Kumar Raha:

আমাদের হাউসের প্রবীর জনা মহাশয়, তিনি একটি বসুমতী কাগজে দেখেছিলেন যে দু হাজার টাকা ঘুষ দেবার জন্য- রবীন্দ্রনাথ গিরী লিখেছিলেন, যে
concerning building file move
করাবার জন্য, এটা কি সত্য?

The Hon'ble Rabindralal Sinha:

এও আমি বলতে পারবো না।

Admission of students into Chandernagore Government College

***475.** (Admitted question No. *1869.) **Dr. Narayan Chandra Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) what was the principle adopted by the authorities of Chandernagore Government College in selecting candidates for admission to the First Year (Arts) Degree Course this year; and

(b) whether candidates obtaining higher marks in Secondary Board's Examination were deprived while candidates with much lower marks were given the chance of admission?

The Hon'ble Rabindralal Sinha: (a) (i) On the basis of merit—
(Aggregate marks in Higher Secondary or University Entrance Examination.

(ii) By interviewing candidates by a Selection Board, consisting of two senior members of the teaching staff.

(b) Yes. In some cases girl students and local students were given preference.

Dr. Narayan Chandra Roy: Is there any criterion for selection after personal examination?

The Hon'ble Rabindralal Sinha: The position is this. Last year 70 students were admitted and year before last 65 students were admitted. This time 74 students were admitted on the basis of the University results, i.e., on merit basis. Thereafter there was tremendous local pressure of local girls and boys passing out from Chandernagore centre. That is the only college there. So thereafter 31 students were further admitted after interviewing them by the two senior professors of the College.

Shri Sambhu Charan Ghosh:

আপনি যে কথা বললেন যে সরকারী কলেজে ভর্তির ব্যাপারে বোর্ডের রেজাল্ট দেখে তাদের ভর্তি করার নীতি আছে। কিন্তু চন্দননগর কলেজের ব্যাপারে আপনি শেষ উত্তর যেটা বললেন সে লোকাল প্রেসারেতে কিছু সংখ্যক ছাত্রছাত্রীকে নাকি নেওয়া হয়েছে। আমি জিজ্ঞাসা করছি যে সরকারী কলেজেতে ছাত্রছাত্রীর ভর্তির ব্যাপারেতে কেন স্পষ্ট নীতি অবলম্বন করা হয়? অর্থাৎ সেখানে বোর্ডের রেজাল্টটাই চূড়ান্ত, না সেখানে ইন্টারভিউ করে কলেজ কর্তৃপক্ষ তাঁদের খেয়াল খুসীমত য়্যাডমিশন দিতে পারে? এই সম্পর্কে সরকারের নীতিটা কি?

The Hon'ble Rabindralal Sinha:

সরকার মনে করেন যে একজামিনেশন রেজাল্টস সেইটাই প্রিন্সিপাল ক্রাইটেরিয়ন এবং সেই ক্রাইটেরিয়ন অনুযায়ী চন্দননগরের রেগুলার যে ছাত্র সংখ্যা সেটা নেওয়া হয়েছিল। তারপরে যাদের নেওয়া হয়েছে সবই প্রায় থার্ড ডিভিশন এবং রেজাল্ট এত খারাপ যে খালি ২।৪ নম্বরের এদিক ওদিক বিবেচনা করা বড় মুস্কিলের কথা। অতএব তাদের ইন্টারভিউ করলেন কলেজের দুইজন সিনিয়র প্রফেসরস, ছাত্রছাত্রী কিম্বা ধরুন ঐ কলেজ থেকেই প্রি-ইউনিভার্সিটি পাস করেছে বা চন্দননগর থেকে হায়ার সেকেন্ডারী পাস করেছে, এদের কিছু প্রেফারেন্স দিয়ে এদের ৩১টা অ্যাডিসনাল সিট-এ নেওয়া হয়েছে।

Shri Bhabani Mukhopadhyay:

(a) when the findings of the rural survey held in recent years will ready for publication; and

(b) whether he can indicate what changes have taken place in t agrarian set-up subsequent to and/or as the result of abolit of landlordism?

The Minister for Land and Land Revenue: (a)No rural survey h been held in recent years and therefore the question of publishing th findings of the survey does not arise.

(b) As a result of abolition of landlordism, all intermediary, raiya and under-raiyati interests have vested in the State and all holders of lan have now become direct tenants of the State.

Samples of foodstuffs taken for examination in Midnapore police-station

848. (Admitted question No. 1779.) **Shri Syed Shamsul Bari:** W the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased state—

(a) the number of samples of foodstuffs taken for examination in t municipal and non-municipal areas in police-station Midnapor during the current financial year;

(b) the number of samples found adulterated; and

(c) the names and addresses of persons prosecuted in this connection

The Minister for Health: (a) During the period from 1st April 19 to 17th September 1964, four samples (mustard oil 3 and turmeric 1) in t Municipal area and two samples (mustard oil 1 and groundnut oil 1) non-municipal area of Midnapore police-station were collected.

(b) Three samples (mustard oil 2 and turmeric 1) were found ad terated.

(c) (1) Shri Bhavataran Das, Midnapore Town, P.O. and distr Midnapore. (2) Shri Nanigopal Mahinder, Midnapore Town, P.O a district Midnapore.

Benefit of the Midnapur Block by the Kagsabati Project

849. (Admitted question No. 1780.) **Shri Syed Shamsul Bari:** W the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Depa ment be pleased to state—

(a) whether Midnapore Block will be benefited by the Kangsab Project; and

(b) if so, which areas of the Block will be benefited?

The Minister for Irrigation and Waterways: (a) and (b) The Kang bati Project will benefit the area of the Midnapore Block lying on the w of the Kharagpur-Bishnupur railway line and bounded by the rivers Ka sabati and Parang. There is also a proposal for extending the irrigat command on the east side of the railway line.

Checking up of health of boys and girls reading in local schools

850. (Admitted question No. 1793.) **Shri Narayan Choubey:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the doctors of the Subsidiary Health Centres of the State are in duty bound to occasionally check up health of boys and girls reading in schools that fall under the administrative areas of those Health Centres;

(b) whether the doctors of these Centres are given any allowance for the duty;

(c) if so, what is the amount of such allowance; and

(d) if the answer to question (a) be in the affirmative, whether the doctors are required to visit schools for such check up and whether certificates or any other documents are required from the Head Masters of schools to prove that actual check up have been made?

The Minister for Health: (a) Under instructions issued by Government Medical Officer in charge of Subsidiary Health Centres are required to check up the health of the boys and girls reading in schools located within the Union or Panchayat where the Subsidiary Health Centre is located at least once a year.

(b) and (c) Medical Officers of these centres are not given any special allowance for checking up the health of school children within their jurisdiction. They are, however, paid Rs. 50 per month for public health duties which include their duties in connection with the medical check up of the health of the school children.

(d) Medical Officers of Subsidiary Health Centres visit the schools to examine the health of the students at least once a year. They are not required to obtain a certificate from the Head Masters of the schools they visit.

Dharampur Health Centre, Midnapore

851. (Admitted question No. 1794.)

শ্রীনারায়ণ চৌবেঃ স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার অন্তর্গত ধরমপুর স্বাস্থ্যকেন্দ্রে গত পাঁচ মাস যাবৎ কোনও ট্রেনিংপ্রাপ্ত দাই না থাকায় মহিলাদিগকে টীকা দান, কলেরা ও টাইফয়েড প্রতিরোধক ইনজেকশন প্রদান ও বিভিন্ন গ্রামের সন্তানসম্ভবা মহিলাগণকে উপযুক্ত পরামর্শ দেওয়ার কাজ যথেষ্ট ক্ষতিগ্রস্ত হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত স্বাস্থ্যকেন্দ্রে অবিলম্বে ট্রেনিংপ্রাপ্ত দাই নিয়োগ করার ব্যবস্থা হইতেছে কিনা?

The Minister for Health:

(ক) ধরমপুর স্বাস্থ্যকেন্দ্রে ১৬-৪-৬৪ হইতে ২৩-৬-৬৪ পর্যন্ত কোন ট্রেনিংপ্রাপ্ত দাই ছিল না। টীকা দান, কলেরা ও টাইফয়েডের প্রতিরোধক ইনজেকশন প্রদান হেলথ অ্যাসিস্ট্যান্ট করিয়া থাকেন। ট্রেনিংপ্রাপ্ত দাইয়ের অনুপস্থিতিতে সন্তানসম্ভবা মহিলাগণকে পরামর্শ দানের কাজ স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক নিজেই করিয়াছেন।

(খ) ২৪-৬-৬৪ তারিখ হইতে ট্রেনিংপ্রাপ্ত দাই নিয়োগ করা হইয়াছে।

Mat industry in Midnapore district

852. (Admitted question No. 1798.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়াঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় মাদুর শিল্পীগণকে লইয়া কয়টি সমবায় সমিতি গঠিত হইয়াছে ;

(খ) গত তিন বৎসরে কাহাকে কত টাকা সরকারী ঋণ বা দান দেওয়া হইয়াছে ; এবং

(গ) মাদুর শিল্পের উন্নতির জন্য মেদিনীপুর জেলার কয়জন সরকারী কর্মচারী কাজ করেন এবং তাহাদের জন্য গত তিন বৎসরে সরকারের কোন্ বৎসর কত টাকা ব্যয় হইয়াছে ?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) তেইশটি।

(খ) বিস্তৃত তথ্যাদি সংশ্লিষ্ট বিবরণীতে দ্রষ্টব্য।

(গ) ছয়জন ; তন্মধ্যে চারিজন মেদিনীপুর জেলার অধিবাসী। তাঁহাদের জন্য গত তিন বৎসরে ব্যয়ের হিসাব নিম্নে দেওয়া হইলঃ—

১৯৬১-৬২—৭,৪৫০ টাকা।

১৯৬২-৬৩—৮,৭৩১ টাকা।

১৯৬৩-৬৪—১১,২১৯ টাকা।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 852

মেদিনীপুর জেলায় অবস্থিত মাদুরশিল্প সমবায়গুলিকে গত তিন বৎসরে সরকারী ঋণ ও দানের বিবরণী

সমিতির নাম	ঋণ			দান		
	১৯৬১-৬২ টাকা	১৯৬২-৬৩ টাকা	১৯৬৩-৬৪ টাকা	১৯৬১-৬২ টাকা	১৯৬২-৬৩ টাকা	১৯৬৩-৬৪ টাকা
১। তেঁতুলিয়া ভুবজান মাদুর শিল্পী সমবায় সমিতি	..	..	১,০০০	..	..	..
২। এগরা মাদুর শিল্পী সমবায় সমিতি	..	..	৩,০০০	..	..	..
৩। দুবদা মাদুর শিল্পী সমবায় সমিতি	..	..	২,০০০	..	..	..
৪। বুলাকিবী মাদুর শিল্পী সমবায় সমিতি	..	..	৩,০০০	..	..	..
৫। রাবনগর মাদুর শিল্পী সমবায় সমিতি	..	..	৩,৯০০	..	..	..
৬। নুনারি অশ্বত্থপুর মাদুর শিল্পী সমবায় সমিতি	..	..	২,০০০	..	..	..
৭। অর্জুনী মাদুর শিল্পী সমবায় সমিতি	২,০০০	..	২,০০০			৪০০
৮। দেলারি মাদুর শিল্পী সমবায় সমিতি	২,০০০	..	২,৪০০	..	..	৪০০

Flood control at Keleghai river, Midnapore

853. (Admitted question No. 1799.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়াঃ সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেলেঘাই নদীর বন্যা নিয়ন্ত্রণের জন্য সরকার এই নদীর উপরের অববাহিকায় কি কি কাজ করিয়াছেন এবং তাহাতে সরকারের মোট কত টাকা ব্যয় হইয়াছে ;

(খ) এই পরিকল্পনার দ্বারা কেলেঘাই নদীর বন্যা নিয়ন্ত্রণ কতটা কার্যকরী হইয়াছে এবং বৎসরে কত খাদ্যশস্য ও ফসল উৎপন্ন হইতেছে ; এবং

(গ) এই পরিকল্পনার কাজ শেষ হইয়াছে কিনা এবং শেষ না হইলে কতদিনে এই পরিকল্পনার কাজ শেষ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) কেলেঘাই নদীর উপর অববাহিকায় নদীর বন্যা নিয়ন্ত্রণের কোন কাজ সেচ ও জলপথ দপ্তর এ পর্যন্ত আরম্ভ করেন নাই। সুতরাং ব্যয়ের প্রশ্ন উঠে না। তবে কেলেঘাই নদীর বন্যা নিয়ন্ত্রণের সমস্যা সমাধানের জন্য মডেল পরীক্ষা পরিচালনা করিবার সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন। এই মডেল পরীক্ষা পরিচালনার জন্য প্রয়োজনীয় জরীপ কার্যের ও [illegible] (হাইড্রোলজিক্যাল অবজারভেশন) দ্বারা তথ্যাদি বর্তমানে সংগ্রহ করা হইতেছে। এই সকল তথ্যাদি সংগ্রহের জন্য ১৯৬৪ সনের আগস্ট মাস পর্যন্ত মোট ৬৪,৬৫৩ টাকা ব্যয় হইয়াছে।

(খ) ও (গ) উল্লিখিত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Tubewells in Narayangarh police-station, Midnapore

854. (Admitted question No. 1800.)

শ্রীআদিত্যকুমার বাঁকুড়াঃ স্বাস্থ্যবিভাগের মাননীয় [illegible] অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নারায়ণগড় থানার কোন্ অঞ্চলে পানীয় জল সরবরাহের জন্য কয়টি করিয়া নলকূপ আছে ;

(খ) এইসব নলকূপ নষ্ট হওয়ায় স্থানীয় জনসাধারণ পানীয় জল পাইতেছে না তাহা কি সরকার অবগত আছেন ;

(গ) অবগত থাকিলে, এইসব নলকূপ তুলিয়া বসাইবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(ঘ) পরিকল্পনা থাকিলে, তাহা কবে কার্যকরী হইবে?

The Minister for Health:

(ক) নারায়ণগড় থানায় মোট ৪১৭টি জলউৎস আছে ; কোন্ অঞ্চলে কয়টি আছে তাহার বিবরণ আপাতত দেওয়া সম্ভব হইতেছে না।

(খ) উক্ত জলউৎসের সবগুলিই নষ্ট হয় নাই, সামান্য কিছুসংখ্যক অর্থাৎ মাত্র ৩১টি নলকূপ অকেজো অবস্থায় পড়িয়া আছে।

(গ) ও (ঘ) প্রতি বৎসরই রুরাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীন বাজেটে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সাপেক্ষ প্রতি ৪০০ জনে একটি এবং প্রতি গ্রামে অন্তত একটি করিয়া টিউব-ওয়েল খননের প্রচলিত নীতি অনুযায়ী অকেজো টিউবওয়েলগুলির পুনস্থাপন করা হইয়া থাকে। বর্তমান বৎসরে উক্ত নিয়মানুযায়ী সমগ্র মেদিনীপুর জেলায় মোট ২১০টি অকেজো নলকূপের পুনস্থাপন মঞ্জুর করা হইয়াছে। উহাদের থানাওয়ারী বা গ্রামওয়ারী বণ্টন জেলা-শাসক স্থানীয় জেলা স্বাস্থ্য কমিটি ও ব্লক ডেভেলপমেন্ট [illegible] সঙ্গে পরামর্শক্রমে স্থির করিবেন। তাঁহার রিপোর্ট এখনও পাওয়া যায় নাই।

Hospital at Faizibag, Murshidabad

855. (*Admitted question No. 1807.*)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ শহরের মৈদাবাগে হাসপাতাল নির্মাণের কাজ শুরু হইয়াছে কিনা ; এবং

(খ) শুরু না হইয়া থাকিলে, তাহার কারণ কি?

The Minister for Health:

(ক) না।

(খ) নির্মাণকার্যের জন্য প্রয়োজনীয় অর্থের সঙ্কুলান না হওয়ায় বর্তমান বৎসরে প্রকল্পটিতে প্রশাসনিক অনুমোদন দেওয়া সম্ভব হইবে না। আগামী বৎসর অর্থ বরাদ্দের বিষয় বিবেচনা করা হইবে।

Bagdahar-Harirampurghat Road, Berhampore

856. (Admitted question No. 1812.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ পূর্ত (সড়ক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর রঘুনাথগঞ্জ স্টেট হাইওয়ের জিয়াগঞ্জের নিকট বাগডহর হইতে পলাশবাড়ি-ঘাট হইয়া হরিরামপুরঘাট পর্যন্ত সড়কটির কাজ কবে শুরু হইবে; এবং

(খ) ঐ রাস্তাটি নির্মাণের জন্য কত ব্যয় হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) প্রশ্নোক্ত রাস্তাটির উন্নয়ন পরিকল্পনা সরকারের আপাতত নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Registered unemployed in West Bengal

857. (Admitted question No. 1814.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে (জেলাওয়ারী) রেজিস্টার্ড বেকারের সংখ্যা বর্তমানে (অগাস্ট পর্যন্ত) কত;

(খ) ঐ সংখ্যা ১৯৬৩ সালে ঐ মাসে কত ছিল;

(গ) ঐ বেকারের মধ্যে পুরুষ কত এবং স্ত্রীলোক কত;

(ঘ) বর্তমান বেকারদের মধ্যে ২০ বৎসর বয়স হইতে ৪০ বৎসর বয়স পর্যন্ত কতজন; এবং

(ঙ) গত তিন বৎসরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলি কতজনকে চাকুরী দিতে পারিয়াছেন?

The Minister for Labour:

(ক), (খ) এবং (গ) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় অবস্থিত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে রেজিস্ট্রীকৃত লোকের সংখ্যার ভিত্তিতে হিসাব তৈয়ারী করা হয়। এ বিষয় একটি তালিকা সংযুক্ত করা হইল।

(ঘ) বয়স অনুযায়ী কর্মপ্রার্থীদের তালিকা প্রতি বৎসর ডিসেম্বর মাসের শেষে তৈরি করা হয়। ঐ তালিকা অনুযায়ী ১৯৬৩ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত ২০ বছর ও তদূর্ধ্ব হইতে ৪০ বছর পর্যন্ত রেজিস্টার্ড বেকারদের সংখ্যা ছিল মোট ৪,৫৩,১৬৭ জন।

(ঙ) এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির মাধ্যমে ১৯৬২ এবং ১৯৬৩ সালে যথাক্রমে ২৩,০২০ জন ৩১,১৫১ জন এবং ৪২,২৪৬ জন চাকুরী পাইয়াছে।

Statement referred to in reply to clauses (Ka), (Kha) and (Ga) of unstarred question No. 857

তালিকা

কর্মসংস্থান কেন্দ্র	৩১শে অগাষ্ট ১৯৬৪ তারিখের তালিকা অনুযায়ী			৩১শে অগাষ্ট ১৯৬৩ তারিখের তালিকা অনুযায়ী		
	পুরুষ	স্ত্রীলোক	মোট	পুরুষ	স্ত্রীলোক	মোট
১। কলিকাতা ..	৫৬,৮৮৭	১৪,২১১	৭১,০৯৮	৫৬,৭৬৬	১৪,৮২৮	৭১,৫৯৪
২। খিদিরপুর ..	৭৮,০০০	..	৭৮,০০০	৭৭,৩৩৫	..	৭৭,৩৩৫
৩। হাওড়া ..	২৯,০৭৭	১,১৪৯	৩০,২২৬	২৮,৫৭৫	৯০৩	২৯,৪৭৮
৪। বারাকপুর ..	৬৫,৫৪০	২,৩২৩	৬৭,৮৬৩	৭০,৪৮৭	১,৭৯১	৭২,২৭৮
৫। আসানসোল ..	১৫,৯৪২	২৫০	১৬,১৯২	২২,৪৮৮	২৭০	২২,৭৫৮
৬। দার্জিলিং	২,০৬৩	১২৭	২,১৯০	২,৯৬২	২৭৬	৩,২৩৮
৭। উত্তর কলিকাতা ..	৬৬,৪০৮	.	৬৬,৪০৮	৫৭,৮৫৮	..	৫৭,৮৫৮
৮। দুর্গাপুর .	১৫,৫৮৮	১৫৭	১৫,৭৪৫	২২,৩৪০	১৪৮	২২,৪৮৮
৯। শ্রীরামপুর ..	১৯,৪৯৬	৪০৫	১৯,৯০১	১৭,৭৩৭	৩৫০	১৮,০৮৭
১০। খড়গপুর .	১৭,০১১	৩৩৩	১৭,৮৭৪	১৫,৮৪০	২৩৮	১৬,০৭৮
১১। বর্ধমান ..	৮,০৫৯	১,২৪৬	৯,৩০৫	৯,৪৮৯	৭২০	১০,২০৯
১২। দক্ষিণ কলিকাতা ..	৫,৮৮৩	..	৫,৮৮৩	১০,৪৬০	..	১০,৪৬০
১৩। শিলিগুড়ি ..	৩,৯১২	১৮৮	৪,১০০	৭,৭১১	৩৮৯	৮,১০০
১৪। পুরুলিয়া ..	৪,৫১০	৯৩	৪,৬০৩	৪,১১৪	৮৮	৪,২০২
১৫। কল্যাণী ..	১৮,০২৬	২,৬৩২	২০,৬৫৮	২৪,৭৭৮	২,৬৯৮	২৭,৪৭৬
১৬। মালদহ ..	১৪,২৬৫	৪৭১	১৪,৭৩৮	৯,৮০৫	২৩৭	১০,০৪২
১৭। বহরমপুর ..	৫,৯৫১	৩৭৩	৬,৩২৪	৬,৬২৯	১৬৮	৬,৭৯৭
১৮। কুচবিহার ..	৮,৯৬৮	৪৬৩	৯,৪৩১	৭,১১৬	৫৩৯	৭,৬৫৫
১৯। সিউড়ী ..	৭,৪৫৭	৮৬৩	৮,৩২০	৭,২৮৮	৭৬৩	৮,০৫১
২০। বাঁকুড়া ..	৫,১৯১	২৯	৫,২২০	১৯৬৩ সালে চালু ছিল না		

কর্মসংস্থান কেন্দ্র	৩১শে আগষ্ট ১৯৬৪ তারিখের তালিকা অনুযায়ী			৩১শে আগষ্ট ১৯৬৩ তারিখের তালিকা অনুযায়ী		
	পুরুষ	স্ত্রীলোক	মোট	পুরুষ	স্ত্রীলোক	মোট
২১। জলপাইগুড়ি ..	২,৯৩৫	১৫০	৩,০৮৫	১৯৬৩ সালে চালু ছিল না		
২২। রাণীগঞ্জ ..	৮,৪৪৫	২৪	৮,৪৬৯	৬,১২৩	২৮	৬,১৫১
২৩। সিতারামপুর .	৭,৫৭৬	৪	৭,৫৮০	৫,৭১৫	৫৬	৫,৭৭১
২৪। ফরাক্কা ..	৫,৩২১	৫৬	৫,৩৭৭	১৯৬৩ সালে চালু ছিল না		
২৫। ত্রিবেণী ..	১০,৪৮৭	৪৮	১০,৫৩৫	১৫,৮০৮	৬৫	১৫,৮৭৩
২৬। ইউনিভার্সিটি এমপ্লয়মেণ্ট ইনফরমেশন এ্যাণ্ড গাইডেন্স ব্যুরো, কলিকাতা।	২৮৯	১৮	৩৫৭	৪৩৭	৩৭	৪৭৪
২৭। স্পেশাল এম্প্লয়মেণ্ট সেক্সন, ডাইরেক্টরেট অফ ন্যাশনাল এম্প্লয়মেণ্ট সার্ভিস।	১,২৬৩	৪	১,৩০৭	১,৯৩৫	৪৫	১,৯৮০
মোট ..	৪৮৫,০৮০	২৫,৭০৯	৫১০,৭৮৯	৪৮৯,৭৯৬	২৪,৬৩০	৫১৪,৪৩৫

Bridges at Ramghat, Orthar, Basantpur and Ganeshpur in Murshidabad district

858. (Admitted question No. 1815.)

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভগবানপুর থানায় (১) রামঘাট, (২) ওড়াহার, (৩) বসন্তপুর এবং জিয়াগঞ্জ থানায় গণেশপুরে সাঁকো নির্মাণ কবে শুরু হইবে; এবং

(খ) উহার জন্য কত টাকা বরাদ্দ হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) বর্তমানে বলা সম্ভব নহে।

(খ) বর্তমান আর্থিক বৎসরে কোন টাকা বরাদ্দ নাই।

T. R. tanks in Harishchandrapur police-station, Malda

859. (Admitted question No. 1817.)

ডাঃ গোলাম ইয়াজদানি: ত্রাণবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫৯-৬০ সালে মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর থানায় কয়টি পুকুর টেস্ট রিলিফে কাটা হইয়াছিল; এবং

(খ) ঐ পুকুরগুলির মালিকদের নাম এবং পরিচয় কি এবং তাহাতে কত টাকা খরচ হইয়াছিল?

The Minister for Relief:

(ক) ১৯৫৯-৬০ সালে হরিশ্চন্দ্রপুর থানায় টেস্ট রিলিফে কোন পুকুর কাটা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Mansing Commission's recommendation for Murshidabad district

860. (Admitted question No. 1828.)

শ্রীসনৎকুমার রাহা: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মানসিং কমিশন বন্যা নিয়ন্ত্রণের জন্য মুর্শিদাবাদ জেলায় যেসকল আশু কর্মসূচি দিয়াছেন, তাহার কি কি প্রকল্প অদ্যাবধি কার্যকরী হইয়াছে ; এবং

(খ) দীর্ঘমেয়াদী কর্মসূচী কি কি এবং তাহা কার্যকরী করার কি কি ব্যবস্থা হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) পশ্চিমবঙ্গ বন্যা অনুসন্ধান কমিটি মুর্শিদাবাদ জেলায় যেসকল স্বল্পমেয়াদী প্রকল্প সুপারিশ করিয়াছেন তাহার কোনটিই এখনও কার্যকরী হয় নাই। তবে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করিয়া কান্দি এলাকার জন্য বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প (প্রথম পর্ব) প্রস্তুত করা হইতেছে এবং পাগলা বাঁশলই জল-নিকাশী প্রকল্প প্রস্তুত করবার জন্য প্রয়োজনীয় জরীপ ও অনুসন্ধানকার্য চলিতেছে।

(খ) (১) মডেল পরীক্ষার ফলাফল জানিবার পরে কান্দি এলাকার বন্যা নিয়ন্ত্রণের জন্য একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রস্তুত করা হইবে।

(২) কালান্তর এলাকা ও সালমারী বিলের জলনিকাশী সমস্যা সমাধানের জন্য এবং অন্যান্য নিকাশী নালাসমূহের উন্নতিসাধনের জন্য তথ্যাদি সংগ্রহ করিয়া প্রয়োজনীয় প্রকল্প প্রস্তুত করার ব্যবস্থা করা হইবে।

Jangipur Ferry in Murshidabad district

861. (Admitted question No. 1852.)

শ্রী [illegible] রায়: গত ১০ই অগাস্ট ১৯৬৪ তারিখের প্রদত্ত তারকিত ১২৯নং (অ্যাড-মিটেড কোশ্চেন নং ৬৫৯) প্রশ্ন উল্লেখ করিয়া স্থানীয় স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত জঙ্গীপুর ফেরিঘাটের ব্যাপার সম্বন্ধে স্থানীয় আধিকারিক রিপোর্ট পাঠাইয়াছেন কিনা ; এবং

(খ) রিপোর্ট পাঠাইয়া থাকিলে, তাহা কি?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Use of Bengali as a State Official Language

862. (Admitted question No. 1882.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (প্রচার) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসাবে এখনই চালু করার পক্ষে কি কি বাধা আছে ;

'খ) উক্ত বাধা অপসারণের জন্য কি কি ব্যবস্থা লওয়া হইয়াছে এবং কি কি ব্যবস্থা লওয়া হইবে ; এবং

(গ) সরকারের দ্বারা মুদ্রিত ও প্রচারিত বিভিন্ন সরকারী ফরম সমস্তই বাংলা ভাষায় ছাপা হবার কিরূপ ব্যবস্থা হইয়াছে?

The Minister for Home (Publicity):

(ক) বাংলা ভাষাকে এখনই রাষ্ট্রভাষা হিসাবে চালু করার পক্ষে যেসকল অসুবিধা আছে তাহা হইল উপযুক্ত বাংলা টাইপরাইটারের অভাব, বাংলা স্টেনোগ্রাফারের সংখ্যাল্পতা ও সরকারী কাজে ব্যবহৃত ইংরেজী কথার যথাযথ বাংলা প্রতিশব্দ।

(খ) বাংলায় নূতন টাইপরাইটারের "কি বোর্ড" উদ্ভাবনের জন্য সরকার একটি কমিটি নিয়োগ করিয়াছেন, "কি বোর্ড" সম্পর্কে বিভিন্ন প্রকার 'সাজেশনস' বিবেচনার পর ঐ কমিটি পাঁচটি প্রোটোটাইপ যন্ত্র তৈয়ারি করিয়া উহার কার্যকারিতা সম্বন্ধে পরীক্ষা করিতেছেন, উহাদের মধ্যে একটিকে পছন্দ করিয়া টাইপ মেশিন তৈয়ারি করিবার অর্ডার যথাসম্ভব দেওয়া হইবে।

বাংলা স্টেনোগ্রাফারের অভাব দূরীকরণের জন্য সরকারী কাজে নিয়োজিত ইংরাজী স্টেনোগ্রাফারগণকে বাংলায় সঙ্কেত লিখন শিক্ষণের জন্য রাইটার্স বিল্ডিংস-এ ও গোয়েঙ্কা কলেজে ট্রেনিং ক্লাস খোলা হইয়াছে।

বাংলায় পরিভাষা নির্মাণের জন্য "পরিভাষা সংসদ" নামে একটি কমিটি গঠন করা হইয়াছে, এই সংসদ তিনটি স্তবক ইতিমধ্যে প্রকাশ করিয়াছেন এবং চতুর্থ স্তবকটি অতি শীঘ্র পুস্তকাকারে প্রকাশ হইবে। পঞ্চম স্তবকটি সম্প্রতি প্রেসে মুদ্রণ করিবার জন্য প্রেরিত হইয়াছে।

(গ) ব্যবস্থা করা হইতেছে।

Adjournment motion

[2 -2-10 p.m.]

Mr. Speaker: I have received one notice of adjournment motion on the subject of recent strike on the 25th September last from Shri Kashi Kanta Maitra, but consent has been refused by me.

Request for permission to discuss the subject matter of the Adjournment motion to which consent is refused.

Shri Kashi Kanta Maitra:

মিঃ স্পীকার স্যার, আপনি আমার মুলতুবী প্রস্তাবটা অগ্রাহ্য করেছেন, কিন্তু এ সম্বন্ধে আমার বক্তব্য রাখবার সুযোগ আমি চাইছি।

Mr. Speaker:

মিঃ মৈত্র, বক্তব্য বলার এখানে কিছু নেই

unless consent is given, I will allow you to speak very briefly. There should be no discussion.

Shri Kashi Kanta Maitra:

স্যার, আমি যে পয়েন্টগুলি বলছি সেটা আপনারও জানা দরকার। এই ধর্মঘট, পশ্চিম বাংলায় এই ভারত বন্ধ হরতাল যেভাবে শান্তিপূর্ণভাবে পালিত হয়েছে এবং সরকারের যেসব বিজ্ঞপ্তি বেরিয়েছে তাতে এবং বাংলাদেশের প্রত্যেকটি কাগজ থেকে এটাই প্রমাণ হয়ে গেছে যে, শান্তিপূর্ণভাবে এই ব্যাপক গণ হরতাল পালিত হয়েছে, কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নি। জনতা এটাই প্রমাণ করে দিয়েছে যে, তারা গণতন্ত্রে বিশ্বাস করে। কিন্তু যেভাবে এই বিধানসভার সদস্যদের, বিধানমণ্ডলীর সভ্যদের এবং বাংলার বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, কর্মী

এবং ট্রেড ইউনিয়নের নেতাদের গ্রেপ্তার করা হয়েছে এবং দমদম, প্রেসিডেন্সি এবং বাংলার অন্যান্য জেলে কিভাবে তাঁদের হ্যারাস করা হয়েছে এবং তাঁদের প্রতি অত্যাচার এবং উৎপীড়ন করা হয়েছে সেটাও আপনার জানা দরকার। কারণ, যদি এটা আমাদের উপর করা সম্ভব হয় তাহলে আপনি অনুমান করতে পারেন বাংলার সাধারণ মানুষের উপর কিভাবে নিপীড়ন চলতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জেলখানা থেকে খবরটা পড়ে স্তম্ভিত হয়েছিলাম যখন পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী এই বিবৃতি দিয়েছিলেন যে, প্রত্যেকদিন হরতালে নাকি দশ কোটি টাকা বাংলার ক্ষতি হয়েছে। কিন্তু গত বছর যখন খাদ্য বিতর্ক আরম্ভ হয় তখন বাংলার সমস্ত বিরোধী রাজনৈতিক দল সংখ্যাতত্ত্ব দিয়ে এই হাউসে এবং হাউসের বাইরে বলেছিলেন যে, গত খাদ্যসঙ্কটের চার সপ্তাহের মধ্যে দশ কোটি টাকা পশ্চিমবঙ্গের কালোবাজারীরা মুনাফা লুটেছে এবং গত এক বছরে কালোবাজারীরা আশি কোটি টাকা লুটেছে এবং আজকের এই সঙ্কটে তারা চাল, নিত্যপ্রয়োজনীয় দ্রব্য, সরষের তেল ইত্যাদিতে কত কোটি টাকা লুটেছে তার তথ্য আমরা এখনও পাই নি। কিন্তু বাংলাদেশের সরকার সেই কালোবাজারীদের টাকা টেনে বার করবার চেষ্টা করেন নি। তাঁরা বলছেন একদিন হরতাল গণতান্ত্রিকভাবে পালিত হলে ১০ কোটি টাকা ক্ষতি হবে। কিন্তু আমরা বলেছিলাম দ্রব্যমূল্য কমাতে হবে, জনতার ক্রয় ক্ষমতার মধ্যে দ্রব্যমূল্যকে আনতে হবে। পশ্চিমবঙ্গ সরকার এবার যা করেছেন তা হচ্ছে তাঁরা যত বাংলার চেম্বার অব কমার্স, যত ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুনালস, ব্ল্যাকমার্কেটিয়ার্স, হোর্ডার্স, বিজনেস ম্যাগনেট আছে তাদের প্রত্যেকের সঙ্গে যোগসাজসে যারা দেশকে লুটছে, স্কুইস করছে তাদের সঙ্গে ষড়যন্ত্র করে স্ট্রাইক ভাঙ্গবার চেষ্টা করেছেন, কিন্তু ব্যর্থ হয়েছেন। অধ্যক্ষ মহাশয়, আপনাকে জানাচ্ছি রাইটার্স বিল্ডিংস এবং পশ্চিম বাংলার অন্যান্য সেক্রেটারিয়েটে, গভর্নমেন্ট অফিসে সেদিন অ্যাটেন্ডান্স অত্যন্ত থিন ছিল, তাও আন্ডার ডিউরেস, কোয়ারসান অ্যান্ড কম্পালসান। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, পরের দিন যাঁরা অ্যাটেন্ড করেছেন তাঁদের ব্যাক ডেটে হরতালের দিনে সই করিয়ে দেওয়া হয়েছে এবং হুমকি দেওয়া হয়েছে। আমার কাছে চিঠি এসেছে এবং আমি জানি যে, ইম্পিরিয়াল টোব্যাকো অ্যান্ড কোম্পানি এবং বিভিন্ন কোম্পানি মার্চেন্ট ফার্ম তারা হুমকি দিয়েছে, একদিন যারা আসবে না তাদের ছুটি কাটা যাবে এবং তাদের বিরুদ্ধে ডিসিপ্লিনারি অ্যাকশন নেওয়া হবে। শুধু তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে জানাচ্ছি, পশ্চিমবঙ্গের সংযুক্ত সমাজতন্ত্রী দলের যিনি জেনারেল সেক্রেটারি শ্রীদীনেশ দাশগুপ্ত, যাঁর সম্বন্ধে ওঁদিকের বহু পুরানো দিনের বিপ্লবীরা জানেন, সবজনশ্রদ্ধেয় সেই নেতাকে রাস্তা থেকে ধরে নিয়ে গিয়ে অ্যান্টি-সোসাল এলিমেন্টদের সঙ্গে ডিভিশন না দিয়ে রাখা হয়েছে। হাওড়ার এস এস পি-র জেনারেল সেক্রেটারি হরিপদ মজুমদার, সেখানকার ফরোয়ার্ড ব্লকের সেক্রেটারি শ্রীঅজিত বসু, সেখানকার কমিউনিস্ট পার্টির নেতা শ্রীকালীপ্রসাদ মিত্র আরও তিনজনকে কোমরে দড়ি বেঁধে হ্যান্ডকাপ দিয়ে এনে দমদম সেন্ট্রাল জেলে ঐ অ্যান্টি-সোসাল এলিমেন্ট হিসাবে তাদের ডিক্লেয়ার করা হয়েছে। আপনাকে জানাচ্ছি যে, সংযুক্ত সোস্যালিস্ট পার্টির চেয়ারম্যান শ্রীনরেন দাস, তাঁর হাত ভাঙ্গা ছিল রাত আড়াইটার সময় তাঁর বাড়িতে গিয়ে এই পুলিস গুণ্ডারা তাঁকে বলেছিল যে আপনি বেরিয়ে আসুন। তাকে তিনি বলেছিলেন আমার হাতটা ব্যান্ডেজ করতে পাঁচ মিনিট সময় দিন। তিনি সরল বিশ্বাসে দরজা খুলে দিয়েছিলেন, ঘরের মধ্যে চারজন অফিসার ঢুকে তাঁকে কেলপাঁজা করে ধরে নিয়ে গেছেন।

He was bare bodied, bare footed

লুঙ্গী পরা অবস্থায় তাঁকে টেনে নিয়ে গিয়ে জীপে করে নিয়ে গেছেন এবং কুৎসিত ভাষায় গাল দিয়েছে। আমি আপনাকে বলছি যে ওঁদের যদি একটু বিবেক থাকত তাহলে এ জিনিস ত না।

Mr. Speaker: Mr. Maitra . ...

(Noise and interruptions.)

Dr. Kanai Lal Bhattacharyya:

এটা ওঁকে দেখতে দিতে হবে, আপনাকে ধৈর্য ধরে শুনতে হবে, কারণ আমাদের উপর অত্যাচার হয়েছে, এম এল এ-র উপর অত্যাচার হয়েছে। কাজেই আমাদের কথা আপনাদের শুনতে হবে।

Mr. Speaker:

আমার শোনার ধৈর্য আছে কিন্তু আমি যেটা মিঃ মৈত্রকে বলছিলাম, উনি যে ফ্যাক্টস বলতে চান একটু ছোট করে সেটা বলুন।

Shri Kashi Kanta Maitra:

এটা আপনার জানা দরকার ভবিষ্যতে যাতে আর না হয়, আপনাকে প্রোটেক্ট করতে হবে আপনার কাছে এই আবেদন রাখছি। আপনি শুনলে স্তম্ভিত হয়ে যাবেন এই যে ডিটেনশন অর্ডার এটা ১৯শে তারিখের সহি, রাত্রি আড়াইটা-তিনটার সময় অফিসার গিয়ে দরজা ধাক্কিয়ে হামলা করেছে, করে এক একজনকে টেনে বের করেছে, পাঁচ-দশ মিনিটের বেশি সময় দেয় নি। দমদম সেন্ট্রাল জেলে আমরা পৌঁছাই আটটার মধ্যে—আটটা থেকে চারটা পর্যন্ত পায়চারি করেছি, তখন সেল ধোওয়া হচ্ছে, তখনও পর্যন্ত কেওড়াতলা, নিমতলার গদীগুলো এসে পৌঁছায় নি, খাটিয়াগুলো এসে পৌঁছায় নি। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, একুশে তারিখে নিয়ে যাওয়া হয়েছে, ২৪শে তারিখে ৯ নম্বর শেলে আমরা যারা ছিলাম, সেখানে মাটির কলসী পর্যন্ত এসে পৌঁছয় নি বিকালবেলা অবধি। জেল সুপারিন্টেন্ডেন্ট আমাদের সঙ্গে দেখা করেন নি, জেলার তিনি এসে পশ্চিমবাংলার বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, বিধানমণ্ডলীর সদস্য এবং বিভিন্ন ট্রেড ইউনিয়নের সর্বভারতীয় খ্যাতনামা নেতারা ছিলেন, রাজনৈতিক কর্মীরা ছিলেন—তাঁদের সঙ্গে দেখা করবার সৌজন্য পর্যন্ত তাঁর হয় নি অধ্যাপক জয়ন্তপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, যাদবপুর ইউনিভার্সিটির অন্যতম খ্যাতনামা অধ্যাপক তাঁকে ধরবার জন্য পুলিস ইউনিভার্সিটি কম্পাউন্ডের মধ্যে ঢুকেছে, ডঃ ত্রিগুণা সেন বা ইউনিভার্সিটি কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে সেখানে ঢুকেছে। আমি আপনাকে বলছি, এটা কি করে হচ্ছে, পুলিস এবং সরকার এভাবে জনতার উপর হামলা করছে। তাঁরা বলছেন দশ কোটি টাকা ক্ষতি হয়েছে একদিনের হরতালে, কিন্তু এই সমস্ত কালোবাজারীদের কালো টাকা আনবার কোন চেষ্টা হয় নি। অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে আপনার কাছে বলছি যে, পরলোকগত প্রধানমন্ত্রীর মৃত্যুতে সমস্ত ভারত শোক পালন করেছে, সেখানে চারদিন সমস্ত কিছু বন্ধ ছিল। তখন তো একবারও আমাদের মুখ্যমন্ত্রীর বা ট্রেজারি বেঞ্চের বলবার সাহস হয় নি যে, কেন চারদিন বন্ধ থাকল। কই কেনেডি মারা গেছেন, অন্যান্য দেশের নেতারা মারা গেছেন, তাঁরা পাঁচ মিনিট সাইলেন্স অবজার্ভ করে শ্রদ্ধা জানিয়েছেন এবং তাঁরা কাজ করেছেন। কই তখন তো শুনি নি যে, চারদিন সমস্ত কিছু বন্ধ ছিল, কত কোটি টাকা দেশের ক্ষতি হয়ে গেছে। এইভাবে তাঁরা দেশকে ধোঁকা দিয়েছেন। তারপরে আমি আইনজীবী হিসাবে আপনিও একজন বিশিষ্ট আইনজীবী, আপনার দৃষ্টি আকর্ষণ না করে পারছি না, এটা শুধু একটা রাজনৈতিক দলের সদস্য হিসাবে আমি বলছি না, এটা ভারতবর্ষের সংবিধান যাঁরা পড়েছেন, তাঁদের জানা দরকার অধ্যক্ষ মহাশয়, গতকাল রাত্রে ভাবছিলাম সেই ইংরাজ আমলে পুলিস এসেছিল কিন্তু রাত্রি তিনটার সময় কেন পুলিস এসে লোককে তুলে নিয়ে যাবে? এ তো সীজার অব রাশিয়ার ফল নয়, এটা গণতান্ত্রিক রাইট রয়েছে—ভারতবর্ষের সংবিধানের ১৯ ধারাতে প্রত্যেকটা নাগরিককে অধিকার দেওয়া হয়েছে, সেই ১৯ ধারা আপনি দেখবেন, ভারতবর্ষের বিভিন্ন হাইকোর্টের রায় রয়েছে

right to strike is a legal right, is a political and democratic right assured and guaranteed by the article 390 of the Constitution. That strike has not been declared illegal by the Government and, therefore, participation in such strike cannot per se be illegal and unauthorised and therefore no penal and coercive action can be taken or set in motion by the State Government or the Central Government against any individual citizen of this country.

এবং আমি আপনাকে বলছি, আমি ভাবছিলাম যে আমাদের সংবিধানে থাকা সত্ত্বেও কি করে পুলিস এই সমস্ত জিনিস করছে। আপনি জানেন কিনা জানি না অধ্যক্ষ মহাশয় হয়ত আপনি পড়ে থাকবেন সুপ্রীম কোর্টে

Kharak Singh vs. State of U.P., 1963 A.I.R. Supreme Court, p. 1297.

এই কেসে সুপ্রীম কোর্টের দুজন বিখ্যাত বিচারপতি জাস্টিস সুব্বারাও এবং জাস্টিস সা

যেকথা বলেছেন আমি সে কথাটা পড়ে দিচ্ছি

Justice Subba Rao and Justice Shah: In A. K. Gopalan case (which is reported in this book) it is described to mean the liberty relating to or concerning the person or body of the individual; and personal liberty in this sense is the antethesis of physical coercion. The expression is wide enough to take in a right to be free from restrictions placed on his movements, the expression 'coercion' in the modern age cannot be construed in a narrow sense. In an uncivilised society where there are no inhibitions only physical restraints may be detracted from personal liberty but as civilisation advances psychological restraints are more effective than physical ones. The scientific methods used to condition a man's mind are a real sense physical restraints, for they engender physical fear challenging one's action through anticipated and expected grooves. So also creation of conditions which necessarily endanger inhibitions and fear complex can be described as physical restraints. Further, the right to personal liberty takes in not only a right to be free from restrictions placed on his movements, but also free from encroachments on his private life.

এখানে প্রত্যেকটি মেম্বারের প্রাইভেসি তার রাইট হ্যাজ বিন চ্যালেঞ্জড - রাত্রিবেলাতে দুটো অড়াইটা তিনটার সময় বাড়িতে ঢুকে হামলা করা হয়েছে। এখানে তিনি আরও বলেছেন

We would therefore define the right of personal liberty in Art. 21 as a right of an individual to be free from restrictions or encroachments on his person where those restrictions or encroachments are directly imposed or indirectly brought about by calculated measures. If so understood, all the acts of surveillance under resolution 236 infringe the fundamental right of the petitioner under Art. 21 of the Constitution. Lastly

তাঁরা বলছেন

The whole country is his jail. The freedom movement in clause (d), Art. 19, therefore must be a movement in a free country, i.e. in a country where he can do whatever he likes, speak to whosoever he wants, meet people of his own choice without any apprehension, subject of course to law of social control.

[2-10—2-20 p.m.]

তাই আমি আপনাকে বলছি যে সুপ্রীম কোর্ট যেখানে আইন ডিক্লেয়ার করে দিয়েছেন তা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার জনসাধারণের অধিকারকে খর্ব করেছেন। পুলিস কমিশনার বলেছেন যে দু হাজার অ্যান্টি-সোস্যাল রাউডি এলিমেন্টকে ধরা হয়েছে। মানুষের উপর এইভাবে নিপীড়ন করেছেন। আমি আপনাকে বলছি যে তাহলে কি রাউডি এলিমেন্টরা সারা ভারতবর্ষ ধরে প্লান্ডার এবং লুট করবে তার জন্য দে আর সেট অ্যাট লিবার্টি। আর রাউডিজমীদের যখন ধরতে হবে শুধুমাত্র যখন গণতান্ত্রিক অধিকারকে অর্জন করবার ও অ্যাসর্ট করবার জন্য ডাক এসেছে। কই এই অ্যান্টি-সোস্যাল এলিমেন্টদের ধরবার জন্য তো কখনও কথা বলতে শুনি নি? যখনই কোন পলিটিক্যাল পার্টি গণতান্ত্রিক অধিকারকে রক্ষা করবার জন্য আন্দোলন করেন, তখনই এঁরা বলেন যে, দু হাজার, তিন হাজার অ্যান্টি-সোস্যাল এলিমেন্টকে ধরেছি। তাই আপনাকে বলছি, এটা একটা সাবটারফিউজ এটা একটা ফ্রড অন দি কনস্টিটিউশন। আপনি এই হাউসের স্পীকার ও আমাদের একজন নেতা, সেই হিসাবে আপনাকে আমি অনুরোধ করব যে বিধান পরিষদ বা বিধান মণ্ডলীর যেসকল সদস্যরা তাঁদের পুলিস কর্তৃক অ্যারেস্ট ও জেলে বিনা বিচারে আটক রাখা সম্বন্ধে বক্তব্য রেখেছেন, সে সম্বন্ধে আপনি এনকোয়ারি করুন। যেসমস্ত সদস্যদের বাড়ির উপর পুলিসের হামলা হয়েছে সে সম্বন্ধে বিশেষভাবে একটা তদন্ত করুন এবং এর বিরুদ্ধে যে অ্যাকশন নেবার আছে, সেটা যেন নেওয়া হয়।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় স্পীকার মহোদয়, এই অ্যাডজর্নমেন্ট মোশন সম্বন্ধে আমার গোটা কতক বক্তব্য আছে। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে এ সম্বন্ধে দু' দিন আগেও আমরা আমাদের বক্তব্য পেশ করেছিলাম। কিন্তু আনফরচুনেটলি আমাকেও এই ডি আই রুলস-এর ভিকটিম হয়ে দু' দিনের জন্য জেলে যেতে হয়েছিল। পুলিস রাত্রি সাড়ে তিনটার সময় আমার বাড়ীতে হামলা করে, এবং অত্যন্ত অল্প সময়ের মধ্যে আমাকে তৈরী হয়ে বেরোতে হয়েছিল। যদিও আমরা ভোর চারটার সময় বাড়ী থেকে বেরোই, কিন্তু পুলিস আমাকে জেলে নিয়ে গেল সকাল ১০টার সময়। এই ছয় ঘণ্টা আমাকে থানায় বসিয়ে রাখা হয়েছিল, অথচ আমাকে ধরবার সময় সময় পর্যন্ত দেওয়া হয় নি।

মাননীয় স্পীকার মহাশয়, এরই ব্যাপারে আমি কয়েকটি দৃষ্টান্ত আপনার সামনে রাখছি। আমাদের ফরওয়ার্ড ব্লক-এর একজন কর্মী যুবক, ৩০ বৎসর তার বয়স, সরল দেব বলে তার নাম, সেই ছেলেটিকে বারাসত হতে পুলিস অ্যারেস্ট করে, এবং যেহেতু তার ঘণ্টা দেড়েক, একটু সময় লেগেছিল নিজেকে তৈরী করে নেবার জন্য, সেই জন্য পুলিস তার উপর ভিনডিক্টিভলি ব্যবহার করেছিল। আমাদের সকলকে ছেড়ে দেওয়া হয়েছে, কিন্তু তাকে ছাড়া হয় নি। ডি আই রুলে যাদের অ্যারেস্ট করা হয়েছিল, তাদের প্রত্যেককে ছেড়ে দেওয়া হয়েছে। কিন্তু এই সরল দেবকে ছেড়ে দেওয়া হয় নি। কেন? ব্যাপারটা শুনলাম, যে ইনস্পেক্টার তাকে গ্রেপ্তার করতে গিয়েছিলেন, তাকে নাকি আননেসেসরি হ্যারাস করে দেড় ঘণ্টা বসিয়ে রাখা হয়েছিল; সেই জন্য ভিনডিক্টিভলি তাকে ছেড়ে দেওয়া হয় নি। এই হচ্ছে ও'দের ভিনডিক্টিভ নেচার। মাননীয় স্পীকার মহাশয়, আমি আর একটা দৃষ্টান্ত বলি। আপনি নিশ্চয় জানেন যে হিন্দ মজদুর সভার ভাইস প্রেসিডেণ্ট ফণী ঘোষ, তার বয়স মাত্র ২৭ বৎসর, এবং তিনি বাংলাদেশে ট্রেড ইউনিয়ন অনেক দিন ধরে করছেন; তাঁর অ্যাড্রেস হচ্ছে ৩৫।বি, ওয়েলিংটন স্ট্রীট, তাঁকে সবাই জানেন, পশ্চিমবঙ্গ সরকারও জানেন, বর্তমান জেলমন্ত্রী মাননীয় জগন্নাথবাবুও জানেন, মাননীয় মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ও জানেন। ও'দের পুলিসের এমন কর্মতৎপরতা যে ফণীন্দ্রনাথ ঘোষ নামক একটি যুবককে, ২৭ বৎসর বয়স, তার পিতার নাম অবশ্য ঐ ফণীন্দ্রনাথ ঘোষ, ট্রেড ইউনিয়ন লিডার তাঁর পিতার যে নাম এরও একই নাম। তাঁর বাড়ী জগদ্দল, তাঁকে অ্যারেস্ট করে ৫ দিন জেলের মধ্যে রেখে দেওয়া হল। সে নিজে বলেছে, বহুবার রিপ্রেজেন্টেশন করেছে যে আমার সঙ্গে রাজনীতির কোন সম্পর্ক নেই, আমি কোন ট্রেড ইউনিয়ন আন্দোলন করি না। শুধু তাই নয়, সে ঐ গান অ্যান্ড সেল ফ্যাক্টরিতে কাজ করে, সামান্য চাকরী করে, জানি না তার চাকরী এখন যাবে না থাকবে। এই হচ্ছে ও'দের কর্মতৎপরতা। এর সঙ্গে সঙ্গে আমি আর একটি কথা বলি যে আজকে আপনি জানেন যে, যে সমস্ত ট্রেড ইউনিয়ন লিডারদের সরকার অ্যারেস্ট করেছিলেন কিম্বা যে সমস্ত এম এল এ-দের সরকার অ্যারেস্ট করেছিলেন তাঁদের অ্যাকটিভিটিস সেই সমস্ত অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ। আমাকে অ্যারেস্ট করেছিলেন, যদি ও'দের কথাই ঠিক হয়, যে আমার ট্রেড ইউনিয়ন অ্যাকটিভিটিস আছে, আমার অঞ্চলে ট্রেড ইউনিয়নের অ্যাকটিভিটি দ্বারা হয়ত হরতালকে সাফল্যমণ্ডিত করতে পারি, সেটা যাতে না করতে পারি, সেটা প্রিভেন্ট করার জন্য আমাকে অ্যারেস্ট করেছেন তাহলে তাঁদের দিক দিয়ে জিনিষটা বুঝতে পারি। যদিও আমরা মনে করি যে এটা গণতন্ত্রের উপর একটা মস্তবড় হস্তক্ষেপ তাহলেও ও'দের পক্ষ থেকে একটা যুক্তি আছে। কিন্তু আমি, মাননীয় স্পীকার মহাশয়, আপনাকে জিজ্ঞাসা করি আমাদের কমল গুহ এবং সুনীল দাশগুপ্ত, এঁরা কুচবিহারে থাকেন, কুচবিহার থেকে কলকাতায় এসেছেন এসে শুধু তাঁরা আসেমব্লী অ্যাটেন্ড করেন। কলকাতায় তাঁদের কোন সংগঠন নেই, কলকাতায় তাঁদের কোন ট্রেড ইউনিয়ন নেই, কলকাতায় তাঁদের কথায় কোন জায়গায় লোক স্ট্রাইক করবে না এটা সত্য কথা, কিন্তু তা সত্ত্বেও ভিনডিক্টিভলি, যেহেতু লেজিসলেচারের মধ্যে এসে তাঁরা বক্তৃতার মারফত সরকারের বিরোধিতা করেন এবং তীব্র বিরোধিতা করেন, তার জন্য তাঁদেরকে ভিনডিক্টিভলি অ্যারেস্ট করা হয়েছে। যদি বুঝতাম যে তাঁরা কুচবিহারে যাচ্ছেন, কুচবিহারে ল্যান্ড করার পর কুচবিহারে তাঁদের অ্যারেস্ট করা হয়েছে তাঁদের অ্যাকটিভিটি কার্ভ করার জন্যে, তাঁদের অ্যাকটিভিটি বন্ধ করার জন্যে তাহলে জিনিষটা বুঝতে পারতাম। কিন্তু তাঁরা এই কলকাতার মধ্যে রয়েছেন অথচ সেন্ট্রাল আই বি থেকে তাঁদের বিরুদ্ধে ওয়ারেন্ট ইস্যু করা হয়েছে এর কারণটা কি?

এর কারণ হচ্ছে একটা ডিনাডিক্‌টিভ অ্যাকটিভিটি। সেই জন্য আমি আপনার কাছে অনুরোধ করবো যে আপনি আমাদের রাইটস অ্যান্ড প্রিভিলেজের কাস্টোডিয়ান, এইভাবে যদি আমাদের রাইটস অ্যান্ড প্রিভিলেজেস কার্ভ হয়, যদি আমরা আমাদের কনস্টিটিউয়েন্সীর মধ্যে কাজ না করতে পারি—শুধু হাউসের মধ্যে এসে বক্তৃতা দিলেই আমাদের কাজ শেষ হয়ে যাবে না, সেদিক দিয়েও আপনাকে দেখতে হবে এবং সরকারের কাছে এ বিষয়ে জিজ্ঞাসা করতে হবে যে কেন এই-ভাবে তাঁরা আমাদের অ্যারেস্ট করেছেন? মাননীয় স্পীকার মহাশয়, আমি এর আগের দিন একটি কথা বলেছিলাম সুনীল দাশগুপ্তকে পুলিস মিথ্যা টেলিফোন করে তাঁকে অ্যারেস্ট করেছিল। আপনি বলেছিলেন যে সরকারের কাছে সেটা আপনি জিজ্ঞাসা করবেন। আমি আপনাকে সেই সম্পর্কে জিজ্ঞাসা করি, সেই সম্পর্কে আপনি কোন খবর সরকার পক্ষ থেকে পেয়েছেন কি না। এ সম্পর্কে সরকার আপনাকে কিছু জানিয়েছেন কি না সুনীল দাশগুপ্তকে যে অ্যারেস্ট করা হয়েছিল মিথ্যা টেলিফোন করে।

[2-20—2-30 p.m.]

মিঃ স্পীকার: ডাঃ ভট্টাচার্য, আমি আপনাকে বলছি.....

শ্রীনিখিল দাস: না স্যার, আমাদের অসুবিধার কথাগুলো আমরা বলতে চাই। কিভাবে করেছে, কিভাবে ব্যবহার করেছে, সেই কথাগুলি আপনার মাধ্যমে আমরা বলতে চাই।

মিঃ স্পীকার: আপনারা আপনাদের কথা বলবেন। অনারেবল মেম্বার্সদের যদি কোন ইনকন-ভিনিয়েন্স হয়ে থাকে, কোন সাফারিংস হয়ে থাকে, সার্টেনলি সেগুলি বলবেন। কিন্তু অ্যারেস্ট অ্যান্ড ডিটেনশন বাই ডি আই রুলস সম্পর্কে আমি আপনাদের কিছু বলতে পারি না।

This much I can say that if you want to mention about your sufferings and harassment, you can always do it.

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: স্যার, আপনি যে প্রসঙ্গ তুলেছেন ডি আই আর-এর ব্যাপারে...

মিঃ স্পীকার: না, আমারটা নিয়ে আপনি জিজ্ঞাসা করবেন না, আপনি আপনার কথা বলুন।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: আমি আমার বক্তব্য বলছি। আমি এখানকার সদস্য এবং আমাদের যে অসুবিধাগুলি হচ্ছে এবং আমরা যে ব্যবহার সরকারের কাছ থেকে পাচ্ছি সে সম্পর্কে নিশ্চয়ই এই হাউসে প্রতিকার প্রার্থনা করবার অধিকার আমার আছে। প্রথম কথা হচ্ছে যে, ডি আই আর-কে প্রয়োগ করা হচ্ছে প্রতিটি ক্ষেত্রে, গণতান্ত্রিক যেসমস্ত আন্দোলন তার বিরুদ্ধে। এবং একথা পরিষ্কার হয়ে গিয়েছে এখন আর কোন ব্যাপার নয়, সোজাসুজি বাংলাদেশে বা ভারতবর্ষে যেসমস্ত গণতান্ত্রিক আন্দোলন হবে তার বিরুদ্ধে এটা প্রয়োগ করা হবে এবং এই প্রয়োগটা যেভাবে করা হচ্ছে তা কাশীকান্তবাবু এবং অন্যান্যরা বলেছেন, কিন্তু আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাই তাঁরা যখন স্ট্রাইক ঠেকাবার জন্য ধরছেন এবং যে স্ট্রাইক বেআইনী নয় এবং যে সাধারণ নিয়মগুলি প্রতিপালিত হওয়া দরকার—যাঁদের ধরা হয়েছে প্রথম দিন থেকে কেন তাঁদের ডিভিশন দেওয়া হচ্ছে না—একথা আমরা প্রতিবার বলেছি, এখন জগন্নাথবাবু জেলমন্ত্রী, তাঁর জানা দরকার যে, প্রায় ১৫ বৎসর আগে একটা চুক্তি হয়েছিল আমাদের সঙ্গে সাধারণভাবে কিভাবে ট্রিটমেন্ট করা হবে যারা কৃষক আন্দোলনে ব শ্রমিক আন্দোলনে ইত্যাদিতে গ্রেপ্তার হবে—ডাঃ রায়ের সঙ্গে সেই চুক্তি হয়েছিল। দীর্ঘদিন হাঙ্গার স্ট্রাইক-এর পরে সেটা জেল কোড হিসাবে গৃহীত হয়েছে। আজকে কোন চুক্তি অনুসারে প্রথম দিন থেকে ডিভিশন দেওয়া হচ্ছে না এবং এই কৈফিয়ত জগন্নাথবাবুকে দিতে হবে। এই ব্যাপারের একটা শেষ মীমাংসা হওয়া দরকার। আপনারা বলুন ডাঃ রায় যে চুক্তি করেছিলেন সেই চুক্তি আপনারা মানেন না, এই কথা আপনাদের বলতে হবে। কেন আপনারা এইভাবে হাজার হাজার লোককে ধরবেন এবং চুক্তির অমর্যাদা করে বুদামজাত করে ফেলে রাখবেন? গতবার এই বিধানসভার সদস্য ছিলেন এবার তিনি কনটেস্ট করেন নি—শ্যামাপ্রসন্ন ভট্টাচার্য মহাশয় এবং বর্তমান সদস্য গোপাল বসু মহাশয় একজন এম-এম এল এ, আরেকজন বর্তমান সদস্য, তাঁদের ধরে নিয়ে গিয়ে ডিভিসন দেওয়া হল না—আরেকজন সদস্য অনাদি দাস মহাশয়, তাঁকে ডিভিশন দেওয়া হল না। আপনারা ধরে নিয়ে

যাবেন, কোন বিচার পর্যন্ত করবেন না, বিচার করুন আর নাই করুন, ডিভিশন দিতে আপনারা বাধ্য। যে চুক্তি হয়েছিল যেটা এখন কোড হিসাবে রয়েছে সেটা অনার করার জন্য কেন প্রতিবার তাম্বির করতে হবে, কেন প্রতিবার আমাদের এই রকম হ্যারাসমেন্ট সহ্য করতে হবে। যখন আপনারা ঠিক করেছেন সর্বক্ষেত্রে ডি আই আর-এর প্রয়োগ করবেন এবং করছেনও তখন কেন আপনাদের পূর্বের যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্ত অনুসারে কাজ করছেন না? দ্বিতীয় কথা, কোন কোন জায়গায় আমি জানি জগন্নাথবাবুকে এই কথা বলতে হবে এটা তাঁর জানা দরকার, পুলিস অফিসার যখন আমাকে গিয়ে ধরলেন আমি বিছানাপত্র নিয়ে গেলাম, তাঁরা আমাকে পৌঁছে দিলেন। কিন্তু চারদিন পরে আমাকে যখন ছেড়ে দেওয়া হল তখন আমাকে বলা হলো হেঁটে বাড়ি যাও। একটা সভ্যতাবোধ আছে—আপনারা একটা গভর্নমেন্ট পরিচালনা করছেন, প্রতিবারই যখন বের করে দেন বলে দেওয়া হয় বাসে করে বাড়ি চলে যাও। রাত্রি ১০।১১টার সময় ছেড়ে দিয়ে বলবেন বাসে করে বাড়ি চলে যাও—একটা সাধারণ শালীনতাবোধ, সভ্যতাবোধ পর্যন্ত নাই। মালপত্র জেল গেটের বাইরে বের করে দিয়ে বলা হয় হেঁটে বাড়ি যাও, কিছু জিজ্ঞাসা করা হলে বলা হয় আমাদের কাছে হুকুম আছে এই করতে হবে। এটা কোন অ্যাক্সিডেন্টাল ঘটনা নয়, এই জিনিস প্রতিটি মানুষের জীবনে ঘটছে। এই সম্পর্কে আমরা পরিষ্কার কৈফিয়ত চাই, কেন প্রতিবারই গ্রামদের এভাবে হয়রানি করা হবে।

Shri Nikhil Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২২শে তারিখে সন্ধ্যা ৬॥-৭টায় ইউ টি সি-র মিটিং হয় এবং তার পর একটা মিছিল বের হয়, আমি সেই মিছিলে যাচ্ছিলাম। হঠাৎ ভীড়ের থেকে ১০।১২ জন লোক বেরিয়ে এসে, তাদের পুলিসের পোশাক নাই তাদের সঙ্গে ওয়ারেন্টও নাই, তারা আমাকে জড়িয়ে ধরল এবং পরে আমহার্স্ট স্ট্রীট থানায় নিয়ে চলে যায়। সেখানে ২ ঘণ্টা বসার পর রাত্রি ১১টায় আমাকে দমদম সেন্ট্রাল জেলে উপস্থিত করা হল এবং তারপর সেলে ঢোকানো হল। বিছানাপত্র রাত্রি বেলায় পাওয়া যায় না, এর প্রতিবাদ করে কোন লাভ নাই। স্যার, জেলের আরেকটা ঘটনার কথা বলব। খবরের কাগজে আমরা দেখলাম মুখ্যমন্ত্রী বলেছেন ২ আনা হরতাল হয়েছে। জেলে আমাদের যা খাবার দেওয়া হল তাতে দেখা গেল মাছ-মাংস ইত্যাদি যা দেওয়ার নিয়ম তা কিছু নাই, আমি তখন কন্ট্রাক্টরকে জিজ্ঞাসা করায় তিনি বললেন পুরাপুরি হরতাল, কিছু পাওয়া যায় নি। মুখ্যমন্ত্রী বললেন ২ আনা হরতাল হয়েছে আর কন্ট্রাক্টর বললেন কিছুই পাওয়া গেল না, তাই কোন জিনিস সাপ্লাই করতে পারলাম না—এর মধ্যে কোনটা সত্য, কন্ট্রাক্টর যদি মিথ্যা কথা বলে থাকেন জগন্নাথবাবু তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবেন, কন্ট্রাক্টর মিথ্যা কথা বলেছেন, না মুখ্যমন্ত্রী মিথ্যা কথা বলেছেন? তারপর, জেলের বিছানাপত্র, আপনি একবার দমদম জেলে গিয়ে দেখে আসবেন—ছেঁড়া বিছানা, গদিগুলি একেবারে শেষ অবস্থায় গিয়ে পৌঁছেছে, তাতে মানুষ থাকতে পারে না। তারপর আন্ডার ট্রায়াল ডিভিশন কবে যাঁদের পাঠান হয় তাঁদের কিরকম জিনিসপত্র দেওয়া হয় সেটাও দয়া করে একবার গিয়ে দেখে আসবেন। মাছ জেলে মিলে না, কোনদিন তারা দেয় না, অথচ এখানে রহমান সাহেব বলবেন মাছের দর বেঁধে দিয়েছি। কিন্তু তৎসত্ত্বেও জেলের কন্ট্রাক্টররা মাছ দিতে পারে না। এই তো গেল জেলের খাবারের ব্যবস্থা। তারপর রাত্রি ১০।১১টায় ছেড়ে দিয়ে বলবেন হেঁটে বা যেভাবে পারেন চলে যান, আইন নাকি তাঁদের নাই যাবার ভাড়া দেবার। শেষ কথা, প্রতিবারই আমরা হরতাল ধর্মঘট ডাকি, সেই গণতান্ত্রিক অধিকার আমাদের রয়েছে এবং সেই গণতান্ত্রিক অধিকার যখন আমরা কার্যকরী করতে যাই প্রতিবারই দেখি ৪।৫ দিন আগে কিছু লোককে গ্রেপ্তার করা হয় এবং ধরে রাখা হয়, এবং ধরে নিয়ে যাওয়ার ব্যবস্থা যেরকম জঘন্য, তাঁদের প্রতি যে ব্যবহার করা হয় তাও জঘন্য। এবার অ্যাসেমব্লি চলছিল। গ্রামদান বিল কিছু আলোচিত হয়েছে, আমরা অংশ গ্রহণ করতে পারি নি, দুই দিন এই অ্যাসেমব্লির অত্যন্ত মূল্যবান সময় নষ্ট হয়েছে, টাকাও নষ্ট হয়েছে। শান্তিপূর্ণ হরতালের জন্য ডাক দেবার পরে যা আমাদের গণতান্ত্রিক অধিকারভুক্ত, কি যুক্তি থাকতে পারে এরকম ব্যবহার করবার? শেষ কথা বলতে চাই, এভাবে যদি ওঁরা বেশিদিন চলেন, হরতাল ডাকলেই এভাবে গ্রেপ্তার করবেন, তাহলে এই শান্তি অশান্তিতে পরিণত হবে এবং তার দায়িত্ব থাকবে সরকারের।

[2-30—2-40 p.m.]

ও'রা বারবার এরকম খারাপ উদাহরণ রাখছেন, নূতন ইতিহাস রচনা করছেন এবং সেটা হচ্ছে কেউ ধর্মঘট করবে না, হরতাল করবে না। তাহলে মানুষ কি করবে, কি করে তাদের দুঃখের কথা, বিক্ষোভের কথা বলবে, সরকার যদি অন্যায় করে তাহলে তার বিরুদ্ধে কি করে প্রতিবাদ জানাবে? এটাই হচ্ছে একমাত্র উপায়, একমাত্র পথ এবং এই পথে মানুষ তার দুঃখ-কষ্টের কথা, বিক্ষোভের কথা জানাতে বাধ্য হয়। সরকার এই কথাটি যেন স্মরণ রাখেন। তারপর, আপনি আমার কথা শুনে আশ্চর্য হবেন আমাদের আর এস পি-র ক্যালকাটা ডিস্ট্রিক্টএর সেক্রেটারি হচ্ছেন মণি চক্রবর্তী। কান্তি প্রেস বলে একটা প্রেস আছে যার ম্যানেজারের নাম হচ্ছে মণি চক্রবর্তী। গতবার এই কান্তি প্রেসের ম্যানেজার মণি চক্রবর্তীকে এস বি অফিস পর্যন্ত যেতে হয়েছিল এবং তারপর ভুল নাম হয়েছে বলে ছেড়ে দেওয়া হয়েছে। এবারেও সেই ঘটনা ঘটেছে। ওয়ারেন্ট হচ্ছে মণি চক্রবর্তীর বিরুদ্ধে, কিন্তু ঐ কান্তি প্রেসের ম্যানেজার মণি চক্রবর্তীকে ধরে এস বি অফিসার জোরজবরদস্তি করেছে এবং তারপর যখন জানতে পারল আসল লোক ক্যালকাটা অফিসের সেক্রেটারি এবং তিনি গ্রেপ্তার হয়েছেন, তখন তিনি রেহাই পান। আমি মনে করি, এটা গণতান্ত্রিক অধিকারের উপর হস্তক্ষেপ। তারপর আমি আপনার মাধ্যমে জেলমন্ত্রীকে বলতে চাই দয়া করে একবার দমদম জেলে গিয়ে দেখে আসবেন সেখানকার অবস্থা কি। তারপর, পুলিশ-মন্ত্রীকে এখানে দেখছি না এবং কোথায় আছেন জানি না। আমি তাঁর কাছে জিজ্ঞাসা করতে চাই এইভাবে গ্রেপ্তার করার কি অধিকার আছে? মানুষ রাস্তা দিয়ে হেঁটে যাবে আর সাদা পোশাকে পুলিস এসে তাকে জাপটে ধরবে এবং সে জানবে না ব্যাপার কি। কেন এইভাবে গ্রেপ্তার করছেন, কেন রাত ৩টার সময় জাগিয়ে ধরছেন, কেন অন্যায়ভাবে বাড়িতে এইভাবে ঢুকছেন? আমার শেষ কথা হচ্ছে এটা ভবিষ্যতে যদি ঘটে এবং অনাদিকে যায় তাহলে তখন আমাদের দায়ী করলে চলবে না।

শ্রীঅনাদি দাস: মাননীয় স্পীকার মহাশয়, সরকার বলছেন এই ধর্মঘট দু আনা সাকসেসফুল হয়েছে, কিন্তু আমি আপনার কাছে বলব কিভাবে ভয় দেখিয়েছে এবং কিভাবে আমাদের ধরা হয়েছে। আমাদের দলের সদস্য দাসনগরের মোহন রায়কে চা-এর দোকান থেকে ধরে নিয়ে এসে ডিভিশন থ্রি-তে রাখা হয়েছে। তারপর শৈলেন হাইত নামে একজন শিক্ষক যাঁর বাবা মারা গেছেন তিনি কি ক্ষতি করতে পারেন আমি জানি না। তাঁকে বাড়ি থেকে টেনে নিয়ে এসে জেলে ঢোকানো হল এবং জেলখানায় বসে তার ভবিষ্যের করণীয় কাজ কিছুই করবার সুযোগ দেওয়া হল না। তারপর অনিল বসু বোনাসের ব্যাপারে সোদপুরে কনসিলিয়েশনএ গিয়েছিলেন, কিন্তু পুলিশ অফিসের মধ্যে ঢুকে তাঁকে ধরে নিয়ে এল। শুধু তাই নয় দাসনগরে চা-এর দোকানে ঢোকে মালিক এবং খরিদ্দারদের সকলকে ধরে নিয়ে এসে পাঁচ আইনে দিল, এবং তারপর যখন জিজ্ঞাসা করল, "কসুর কিয়া"—তারা বলল, "হাঁ, কসুর কিয়া", তখন পাঁচ টাকা করে জরিমানা করল এবং তারা সেই টাকা না দেওয়াতে জেল খাটল। এরকমভাবে কত যে ঘটনা ঘটেছে তা বলে শেষ করা যায় না। তারপর আমার বক্তব্য হচ্ছে ডাঃ রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তাঁর সঙ্গে একটা চুক্তি হয়েছিল যে, ডেমোক্রেটিক মুভমেন্টএ যাঁদের ধরা হবে তাঁরা জেলখানায় এলে তাঁদের কি কি ফেসিলিটিজ, অ্যামিনিটিজ দেওয়া হবে এবং সেখানে আমি একজন পার্টি ছিলাম।

আজকে আমাদের গণতান্ত্রিক আন্দোলনের জন্য ধরা হয়। আজকে একথা অস্বীকার করা চলে না যে, গণতান্ত্রিক আন্দোলনে পার্টিসিপেশন নয়, পার্টিসিপেট করতে পারি এই আশঙ্কায় আজকে আমাদের ডেটিনিউ করা হচ্ছে। তবে কেন আমাদের চুক্তিমত ফেসিলিটিজ এবং অ্যামিনিটিজ বা আমাদের প্রাপ্য সেটা বাতিল করা হল? এখানে জেলখানার গদি ইত্যাদির কথা বলা হয়েছে। এমন মশারি দেওয়া হয়েছে যা কাচা নয় এমন দুর্গন্ধ যে বমি এসে যায়। এমন কতকগুলি চাদর দেওয়া হয়েছে যা কাচা নয়। জানি না এগুলি টি বি রোগীর ব্যবহৃত কি-না কিম্বা কোন কুষ্ঠরোগীর ব্যবহৃত কি-না। জানি না কোন্ রোগ আমাদের কন্ট্যাক্ট করবে। এভাবে আমাদের জেলখানায় রাখা হয়েছে। তারপর কিরকম ব্যাপার দেখুন—শ্রীপরিতোষ দে-কে গ্রেপ্তার করা হয়েছে। যেহেতু তিনি মুখ্যমন্ত্রী পি সি সেনের পার্সোনাল ডাক্তার শ্রীসরসী

মুখার্জির স্বার্থে আঘাত করেছিলেন সেজন্য তাকে গ্রেপ্তার করা হয়েছে। এই সমস্ত চক্রান্ত কংগ্রেসীরা করছে। যাদবপুর ইউনিভার্সিটির রেক্টর ডঃ ত্রিগুণা সেন, তাঁর সঙ্গে আন্দোলন করেছিলেন বলে শ্রীপরিতোষ দে-কে ধরা হয়েছে ডি আই আর-এ। তাঁকে বন্দী করে রাখা হয়েছে তিনি একজন বিখ্যাত সাংবাদিক, 'দর্পণে' তাঁর অনেক লেখা বেরোয়। তাঁর বিরুদ্ধে কোন কোন কেস নাই অথচ তাঁকে অন্যায়ভাবে ধরা হল। আরেক জন সুধাংশুভূষণ দত্ত, পি আর ঠাকুরের রাইট হ্যান্ড ছিলেন বলে তাঁর উপর যদিও কোন কোর্ট কেস নাই, কোথাও কোন ডয়েরী নাই, তাঁকে ডি আই আর-এ ধরা হয়েছে। কেবল কংগ্রেসীরাই দেশরক্ষক নয়। ধর্মঘট সম্পর্কে যাই বলুন না কেন, আপনি দেখবেন যে গণতন্ত্রের কথা এত এঁরা বলেন, সেখানে যেখানে আমাদের এম এল এ-দের ধরা হয় সেখানে অন্য লোকদের কি অবস্থা হবে বুঝতেই পারেন। সনাতন মণ্ডল নামে একজন যেহেতু পুলিশ অফিসারকে বলেছিলেন যে, আমি এখন যাব না, সেই হেতু তাঁকে ধরা হল। আমাকে ডিভিশন থ্রি-তে বন্দী করে রাখা হয়েছে। জগন্নাথবাবু এখানে আছেন তিনি দেখবেন যাবেন সেখানে পরিতোষ দে-র সঙ্গে দেখা করবেন, তিনি আন্ডার ট্রায়াল ছিলেন। হাওড়ার বুলবুল ঘোষ মিউনিসিপ্যালিটির প্রডাকশনের বিরুদ্ধে লেগেছিল বলে ডি আই আর-এ তাকে বন্দী করে রাখা হয়েছে। আমি বলছি ডি আই আর দিয়ে আমাদের গণতান্ত্রিক অধিকারকে খর্ব করা হয়েছে, আমাদের অধিকারকে খর্ব করা হয়েছে এবং যেভাবে আমাদের হ্যারাস করা হয়েছে সেগুলি সম্পর্কে আপনি নিশ্চয়ই দৃষ্টি রাখবেন, জগন্নাথবাবুকে বলছি তিনি সেখানে যাবেন এবং দেখবেন।

শ্রীহরিদাস চক্রবর্তী: মাননীয় স্পীকার মহাশয়, জেলখানায় বিভিন্ন রকম ব্যবহার করা হয়েছে সে সম্পর্কে আমি বিস্তৃত বলছি না। শুধু এটুকু বলছি যে, যাদের ডি আই আর-এ সেকশন ৩০তে ধরা হয়েছিল, ডেটিনিউ করা হয়েছে স্ট্রাইক সম্পর্কে ধরা হয়েছিল তাদের এখনও ছেড়ে দেওয়া হয় নি। অবশ্য ওঁরা বলে দিয়েছেন যে, তাঁরা ছেড়ে দিচ্ছেন। কিন্তু এমন কয়েক হাজার বাংলাদেশে এখনও আছে যাদের বিরুদ্ধে কেস আছে, এবং যাদের বেলে রিলিজ করা হয়েছে। যেমন আমি একজন বেলে আছি। দ্বিতীয় আর একটু বলি যে, একটু আগে বললেন, প্রফুল্লবাবু কাগজে বলেছেন যে, ধর্মঘট দু আনা সফল হয়েছে। এ সম্পর্কে জেনে রাখা দরকার যে আসানসোলে যাকে আপনারা গর্ব করে বাংলাদেশের রুর অঞ্চল বলেন সেই আসানসোল শিল্পাঞ্চলে ধর্মঘট ব্যর্থ হয় নি, সফল হয়েছে। ঐ যে ডাক্তারবাবু হাসছেন (নয়েজ) তিনি তাঁর এই হাসি না হাসলেই খুশি হব। এখানে আপনাদের লজ্জা হওয়া উচিত—আপনারা এখানে হোমগার্ড এবং এন ভি এফ সম্বন্ধে এই অ্যাসেমব্লীতে বড় বড় লম্বা চওড়া বক্তৃতা করে গেলেন, অথচ সেখানে এই এন ভি এফ এবং পুলিশকে দিয়ে সেখানে এক সন্ত্রাসের অবস্থা সৃষ্টি করা হয়েছে। শুধু তাই নয়, যখন গ্রেপ্তার করা হয় ৭৮ জনের উপর ব্রেড ইউনিয়ন কর্মী এবং নাগরিকদের আমি আপনার কাছে রাখছি পুলিশ মন্ত্রিমহাশয় নোট করুন, প্রদীপ বোসকে যখন সেখানকার সেকেন্ড অফিসার গ্রেপ্তার করে নিয়ে যান আমাদের সামনে কত বড় ধৃষ্টতা, আমাদের বললেন, আমি এম এল এ, টেমে এল এ মানি না। আপনি জানেন স্যার, বর্ধমান জেলার কমিউনিস্ট পার্টির নেতা শ্রীসুবোধ চৌধুরী যিনি বর্ধমান জেলার সম্মানিত ব্যক্তি, তাঁর সম্বন্ধে আমার সামনে দাঁড়িয়ে বললেন বেশি কিছু বলবেন না, ডান্ডা মেরে ঠান্ডা করে দেব।

[2-40—2-50 p.m.]

একথা বলার মত তাঁর ধৃষ্টতা হয়েছিল। তখন আমি তাঁকে বলেছিলাম আপনি আর একবার উচ্চারণ করুন, নিশ্চয়ই আমাকে জেলে দেবেন, আমি দীর্ঘদিন জেলে থাকব, কিন্তু আপনার এই কথার প্রত্যুত্তর এখানে দিয়ে যাব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তারপর যে ৭৮ জন লোককে সেখানে গ্রেপ্তার করা হয় তাদের কয়েক ঘণ্টা ধরে চেঁচামেচি করা সত্ত্বেও এক গ্লাস জল সরবরাহ করা হয় নি, একটা মাত্র ১৫ ফিট ঘরের মধ্যে প্রায় ৪০ জন লোককে ঠাসাঠাসি অবস্থায় রাখা হয় এবং মাঝে মাঝে সেখানকার সি আই সেখানকার সেকেন্ড অফিসার যার কথা আমি বললাম সেখানে তাদের হুমকি দেখাতে আরম্ভ করেন, ভয় দেখাতে আরম্ভ করেন এবং মাঝে মাঝে বলেন জানিস, আমি তোদের মেরে ঠান্ডা করতে পারি? আমরা বলেছিলাম, আমরা চ্যালেঞ্জ করছি আপনি সেলের ভেতর এসে আপনার কি ক্ষমতা আছে আপনি জাহির করুন, আমরা দেখব। সেজন্য

মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি বলতে চাই যদি এইভাবে খ্যাতনামা ট্রেড ইউনিয়ন কর্মী এবং নেতৃস্থানীয় ব্যক্তিদের ট্রিটমেন্ট করা হয় এবং তার যদি প্রতিবিধান না করা হয় তাহলে আপনারা কোন্ দিকে নিয়ে যাচ্ছেন, আমাদের কি করতে বাধ্য করছেন সেটা একটু দয়া করে লক্ষ্য রাখবেন। দ্বিতীয়ত, আমাদের গ্রেপ্তার করেছেন, কিছু বলবার নেই। আপনারা আমাদের গ্রেপ্তার করবেন তবুও আমরা ধর্মঘট করব, তবুও আমরা মানুষের হয়ে লড়াই করব, আবার গ্রেপ্তার হব, তাতে আমরা চিন্তা করি না। কিন্তু একজন অত্যন্ত অসুস্থ ব্যক্তি দেবনারায়ণ মিশির, তিনি অসুস্থ অবস্থায় তাঁর ইউনিয়ন অফিসে ছিলেন, একমাত্র বোধ হয় অপরাধ তাঁর যে তিনি অতুল্যবাবু প্রদেশ পালের বিরুদ্ধে দাঁড়িয়ে গত নির্বাচনে প্রায় তাঁকে হারিয়ে দিয়েছিলেন, সুতরাং অত্যন্ত ভিন্ডিকটিভ অ্যাটিচিউড নিয়ে সেই অসুস্থ বৃদ্ধকে গ্রেপ্তার করা হয়েছে। ঠিক এইভাবে আমি মনে করি আসানসোলের বহু বিশিষ্ট ব্যক্তিকে অকারণে গ্রেপ্তার করা হয়েছে এবং গ্রেপ্তার করে সেই আসানসোল মহকুমায় হরতাল ব্যর্থ করার চেষ্টা করা হয়েছিল যদিও তা ব্যর্থ করা হয় নি, অনেক পরিমাণে তা সফল হয়েছে। কিন্তু জায়গায় জায়গায় ব্যর্থতার কারণ আপনাদের হুমকি—গ্যারেজ থেকে বাসের লাইসেন্স ক্যানসেল করে দেব এই ভয় দেখিয়ে অ্যাট দি পয়েন্ট অফ বেয়নেট আপনারা বাস চালু করেছিলেন। সুতরাং এই অবস্থায় যাঁদের গ্রেপ্তার করেছেন তাঁদের প্রতি অন্তত মানবিক বোধ থেকে যদি ব্যবহার করার নজীর স্থাপন করতেন তাহলে আমরা খুশী হতাম।

Shri Lakhan Bagdi:

মিঃ স্পীকার, স্যার, সরকার যাদের দাসত্ব করে এবং তাদের পুলিশ অফিসার যাদের দাসত্ব করে থাকে তাদের সম্বন্ধে আমি দু-একটা কথা বলছি। রাণীগঞ্জ চেম্বার অফ কমার্স এবং কিছু কংগ্রেসী * * আছে তারা ২৩এ তারিখে রাণীগঞ্জ থানাতে গিয়ে আমার নামে ডায়েরী করল যে আমি রাণীগঞ্জ বাজারে এসে দোকানদার এবং ব্যবসাদারদের ধমক দিয়ে গেছি তারা যদি ২৫এ তারিখে ধর্মঘট না করে তাহলে তাদের দোকান লুঠ করা হবে। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন ২৩এ তারিখে আমি এই অ্যাসেম্বলী হাউসে ছিলাম, নিশ্চয়ই আপনি আমাকে দেখেছেন। এইভাবে আমার নামে মিথ্যা অভিযোগ করে থানায় ডায়েরী করল। আমি এখান থেকে ২৪এ তারিখে গেছি। ২৪ তারিখে আমি মিটিং করেছি, মিছিল করেছি শান্তিপূর্ণভাবে এবং ২৫ তারিখে যে ধর্মঘট সেই ধর্মঘট শান্তিপূর্ণভাবে হয়েছে, সেখানে কোন পিকেটিং করা হয় নি। সেদিন পুলিশ কিন্তু আমাকে ধরল না, ধরল ২৬ তারিখে ভোর ৫ টার সময় আমার বাড়ি থেকে। ২৩ তারিখে ডায়েরী করেছে, ২৫ তারিখে ধর্মঘট হয়ে গেছে, ২৬ তারিখে ভোরবেলায় আমাকে ধরা হল। রাণীগঞ্জের ব্যবসায়ী মহল যখন দেখল যে ২৪-২৫ তারিখে আমি রাণীগঞ্জে রয়েছি তখন তারা আবার গিয়ে এস ডি ও-কে, এ ডি এম-কে খবর দিল যে আমরা থানায় এই এই লোকের নামে ডায়েরী দিয়েছি কিন্তু তাদের এখনও পর্যন্ত ধরা হল না। ২৫ তারিখে রাত্রি ১১।টার সময় ওখান থেকে ডি এম এসে রাণীগঞ্জের সি আই এবং ও সি-কে বললে যে, কালকে ভোরবেলায় গিয়ে ধর। আমাকে ২৬ তারিখে সন্ধ্যার সময় বেল দিয়েছে। ওরা যে এত মিথ্যা অভিযোগ করল এত কাণ্ডকারখানা করল ওরা একবারও ভেবে দেখল না লোকটা ২৩ তারিখে এখানে আছে কিনা। শুধু স্যার, ঐ ব্যবসায়ী মহলের রিপোর্টের উপর এবং কিছু কংগ্রেসী * * রিপোর্টের উপর আমাকে ২৬ তারিখে ধরা হল। আমি আর বক্তৃতা করতে চাই না।

Shri Nepal Chandra Roy: On a point of privilege Sir,

মাননীয় বন্ধু এইমাত্র বললেন যে, "কিছু কংগ্রেসী * * আছেন"—এটা ওঁকে উইথড্র করতে বলুন—"He must withdraw it".

Mr. Speaker: That should be expunged.

Shri Cour Chandra Kundu:

মিঃ স্পীকার, স্যার, ২৫এ তারিখের হরতালকে কেন্দ্র করে আমাদের পশ্চিমবঙ্গ সরকার যে তাণ্ডব নীতি চালিয়েছিলেন, যে দমননীতি চালিয়েছিলেন তার আমি একজন শিকার। আমাকে আবার একদিন আগেই ধরা হল। কোলকাতায় যাঁরা পুলিশ আছেন তাঁরা বাঁশ, আর নদীয়া জেলার পুলিশ হচ্ছে কাঁশ, অর্থাৎ বাঁশের চেয়ে কাঁশ বড় হয়ে গেল, একদিন আগে ধরে নিয়ে এসে

**Expunged by order of the Speaker.

মন্ত্রিমহাশয়কে জানিয়ে কিছু ফল হবে কি না জানি না, তবুও জানানো প্রয়োজন যে, কমিউনিস্ট পার্টির যারা নামকরা দীর্ঘদিনের শিক্ষিত নেতা তাদের সমস্ত ধরে ডিভিশন ও জেলখানার মধ্যে রাখা হয়েছে, শুধু তাই নয়, হাজতখানার মধ্যে নিয়ে গিয়ে তাদের উপর অমানুষিক পীড়ন, অত্যাচার করা হয়েছে। তাদের খেতে দেয়া হয় নি, তাদের প্রস্রাব বাহ্য বন্ধ করে রাখা হয়েছে এবং পুলিশ যখন তাদের ধরেছে, কারো জামা ছিঁড়ে দিয়েছে, বুল দিয়ে গুঁতো মেরেছে, এই সমস্ত কাজ করেছে এবং আমরা দেখেছি যে, হোমগার্ড বাহিনী, পুলিশ বাহিনী যাদের মাছের চোরা-কারবারীদের ধরবার সময় দেখা যায় না, চালের চোরাকারবারীদের ধরবার সময় দেখা যায় না, যাদের সঙ্গে চোরাকারবারীদের পরিচিত, দহরম-মহরম আছে সেই সমস্ত হোমগার্ড বাহিনী এবং পুলিশ এক সঙ্গে এই হরতাল ভাঙ্গবার জন্য মিটিং করেছিল, কিন্তু মন্ত্রীদের জেনে রাখা দরকার যে এত দমননীতি চালিয়েও এই হরতাল ভাঙ্গা যায় নি এবং আমি মন্ত্রিমহাশয়কে একথা স্মরণ করিয়ে দিতে চাই যে, ১৯৪৯ সালে আমাদের দেশের রাজবন্দীরা অনশন করে যে অধিকার আদায় করেছিলেন, যে প্রতিটি হরতাল বা গণতান্ত্রিক আন্দোলন বা রাজনৈতিক আন্দোলনের বন্দীদের ডিভিশন ১ হিসাবে ট্রিট করা হবে আমাদের সরকার সেই চুক্তি ভঙ্গ করেছেন এবং প্রত্যেকটা জায়গায় দেখেছি, দমদম জেলে, কৃষ্ণনগর জেলে, হুগলী জেলে সমস্ত বন্দীদের ডিভিশন করে রেখে দেয়া হয়েছে এবং এখনও পর্যন্ত হুগলী জেলে জামীন কাউকে দেয়া হচ্ছে না, এমন কি ইন্টারভিউ পর্যন্ত দেয়া হচ্ছে না এবং এই সমস্ত ঘটনা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় ঘটছে। হুগলী জেলার ঘটনা শুনলাম যে সেখানে সুগন্ধা গ্রামে নিতাই দাস বলে একজন লোককে এবং তার চার ছেলেকে ধরে নিয়ে আসা হল, সত্তর বছরের বুড়ো, বাস স্ট্যান্ড থেকে ২০০ হাত দূরে তাঁর বাড়ি। সে যে কি ধর্মঘট করলো জানি না, সে কৃষক, তার চার ছেলেকে ধরে নিয়ে আসা হল —তার মেয়েরা ছাড়া বাড়িতে আর কোন লোক নেই, তাদের উপর অমানুষিক অত্যাচার করা হয়েছে এবং এখনও জেলখানায় তাদের বন্ধ করে রেখে দিয়েছেন, জামীন পর্যন্ত দেয়া হচ্ছে না। তারপর রবীনবাবু যে কথা বলেছেন, আমাদের যেদিন জেল থেকে ছেড়ে দেয়া হল, সেদিন বিকালবেলায় কিছু খেতে দেয়া হল না, আমাদের ছেড়ে দেয়া হল রাত্রি ১০টার সময়—আমার রানাঘাটে বাড়ি, বাড়ি পৌঁছাতে দেড়টা বেজে যাবে কিন্তু জেল অথরিটি খাওয়ার কোন ব্যবস্থা করলেন না, কেবল বললেন, আপনি চলে যান, আপনাকে খুব জোর রেলওয়ে ওয়ারেন্ট দিতে পারি কিন্তু আমি কিসে যাব, বাসে যাব কি রিকশায় যাব তারও পর্যন্ত পয়সা দেয়া হল না। তাঁরা বললেন আইন নেই। জেল অথরিটিকে আমি জিজ্ঞাসা করলাম এত লোক আসছে অথচ আপনাদের বিছানা-টিছানার কোন ব্যবস্থা নেই, আপনাদের গভর্নমেন্ট কি ফেল হয়ে গেছে? তিনি বললেন আমাদের ১০ বছরের মধ্যে কোন টাকা স্যাংশান করা হয় নি যার দ্বারা আমরা তোষক, বালিশ কি বিছানা কিনতে পারি। আমি জানি না জগন্নাথবাবু এ সমস্ত খবর রাখেন কি না? আমার মনে হয় তিনি কোন খবরই রাখেন না, কিম্বা মাস মাহিনা নিয়ে চলে যান। তারপর আর এক আশ্চর্যের বিষয় যে, রাইটার্স বিল্ডিংস থেকে দমদম সেন্ট্রাল জেলে কোন খবর দেয়া হল না যে এত লোককে ধরছেন যার ফলে খাবার ব্যবস্থা, চাল-ডালের ব্যবস্থা, মাদুর ব্যবস্থা, বিছানা-টিছানার ব্যবস্থা করা, জলের কলসীর ব্যবস্থা করা প্রভৃতি কোন খরচ নেই। আমি সুপারিন্টেন্ডেন্টকে জিজ্ঞাসা করলাম যে মশাই এত লোক ধরছেন কেন, কোন ব্যবস্থা করেন নি? তিনি বললেন একটা ফোন পর্যন্ত আমাদের করা হয় নি রাইটার্স বিল্ডিংস থেকে, জেলমন্ত্রী দপ্তর থেকে। তারপর আর একটা কথা বলে আমি শেষ করবো। জেলখানার ভেতর যে ব্যবস্থা যা দেখলাম তাতো দেখলামই—জেলখানার ভেতর একটা পড়ার বই পর্যন্ত নেই। আমি জিজ্ঞাসা করলাম, গল্পের বই নেই কেন, মন্ত্রিমহাশয় আমাদের গল্পের বই কেনার জন্য বছরে ২০০ টাকা স্যাংশন করেন, সেখানে প্রতিদিন ৩,০০০ লোককে সেল আপ করা হচ্ছে। পায়খানার ব্যবস্থা, স্নান করবার জল নেই, জলের অব্যবস্থা, সুপারিন্টেন্ডেন্টের ব্যবহার খারাপ, জেলারের ব্যবহার খারাপ, এই সমস্ত কথা আজ মন্ত্রিমহাশয়ের জানা দরকার এবং সর্বশেষে আমি দাবী করছি যে-সমস্ত লোক এখনও পর্যন্ত এই কানেকশনে গ্রেপ্তার হয়ে জেলের মধ্যে রয়েছে তাদের অবিলম্বে জামীন দেওয়ার ব্যবস্থা করা হোক, বিনা সর্তে তাদের মুক্তি দেওয়া হোক এবং অবিলম্বে তাদের ডিভিশন দেওয়া হোক। এই যে হরতাল ধর্মঘট হয়েছিল, এই হরতালকে বানচাল করবার জন্য সরকার বহুবিধ চেষ্টা করেছেন, তাদের সমস্ত শক্তি নিয়োজিত করেছেন কিন্তু তাঁরা জেনে রাখুন দমদম জেলে দেয়া হল এবং তার পরে আমাদের নদীয়া জেলায় যে ঘটনা ঘটেছে সেটা আমাদের

প্রত্যেকটা জায়গায় এই হরতাল সাফল্যমণ্ডিত হয়েছে, প্রত্যেক জায়গায় শ্রমিকরা, দোকানদাররা কংগ্রেসী পুলিশের ভীতিকে অগ্রাহ্য করে এই হরতালকে সাফল্যমণ্ডিত করে প্রমাণ করে দিয়েছে যে আমরা খাদ্য সমস্যার সমাধান চাই। আশা করি মন্ত্রিমহাশয় সেদিকে দৃষ্টি রেখে তার কর্মধারা নির্বাচিত করবেন।

[2-50—3 p.m.]

Shri Harekrishna Konar:

মিঃ স্পীকার, স্যার, আমি শুধু দুটি বিষয়ের প্রতি আপনার এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এখানকার শ্রদ্ধেয় সদস্য শ্রীবিনয় চৌধুরী মহাশয়, তাঁকে আমরা জানি যে, তিনি অত্যন্ত ঠাণ্ডা প্রকৃতির লোক। তিনি বর্ধমানে পার্টি অফিসে বসে ছিলেন। সেখানকার জেলা ম্যাজিস্ট্রেট, তিনি নিজে রাস্তায় রাস্তায় বেড়িয়ে, দোকানে দোকানে থ্রেট করেছেন যে দোকান খুলে রাখতে হবে, তা না হলে তাদের লাইসেন্স ইত্যাদি, ক্যানসেল করবেন। অবশ্য তিনি তা করতে পারেন নি, সেটা আলাদা কথা। কিন্তু বিনয়বাবু দশটার সময় অফিস থেকে যেই নীচে নেমে এলেন, অমনি তাঁকে সেখান থেকে গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হল। তাঁকে জামিন দেওয়া হল না। বলা হল তিনি নাকি মারামারি করেছেন, তাঁর বিরুদ্ধে ভায়লেন্সের চার্জ দিয়ে তাঁকে গ্রেপ্তার করা হল ২৫এ তারিখে, তাঁকে জামিন দেওয়া হল না আজ পর্যন্ত। আজ সকালে সেখান থেকে আমি এসেছি, আমি শুনে এলাম তাঁর জামিনের জন্য আবার মুভ করা হয়েছে, কিন্তু তাঁকে জামিন দেওয়া হয় নি। এই হল এক নম্বর। তারপর দু' নম্বর হল—বর্ধমান সম্বন্ধে আপনাদের সকলের খেয়াল রাখা দরকার—সেখানে আগে মেনন সাহেব ম্যাজিস্ট্রেট ছিলেন, এখন সেখানে সেনারী সাহেব আছেন। এর আগে বোধ হয় আপনার মনে আছে যে আমাদের বর্ধমানের প্রায় ৪৪ জন লোককে গ্রেপ্তার করা হয়েছিল। তাঁরা নাকি সরকারের বিরুদ্ধে সাংঘাতিক রকম বিপ্লব করেছিল, তাঁদের অনেককে জামিন পর্যন্ত দেওয়া হয় নি, এবং আমাদের এই হাউসের একজন মাননীয় সদস্য অশ্বিনী রায় মহাশয়, ঐ সকল ধৃত ব্যক্তিদের মধ্যে একজন ছিলেন, তাঁকে পর্যন্ত জামিন দেওয়া হয় নি, তা আপনি জানতেন। শেষ পর্যন্ত ঐ কেসটা সম্পূর্ণ মিথ্যা বলে কোর্টে প্রমানিত হয়ে গেল, অথচ তাঁকে জামিন দেওয়া হয় নি। আমি অনুরোধ করি এগুলির প্রতি আপনি একটু লক্ষ্য রাখবেন। বিনয় চৌধুরীর মত লোককে যদি জামিন না দেওয়া হয়ে থাকে কাল পর্যন্ত, তাহলে আমাদের অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেটা একবার চিন্তা করে দেখুন।

আমি আর একটা উদাহরণ দিচ্ছি। কলকাতা কর্পোরেশনের একজন শিক্ষক সুধাংশু পালিত, তিনি আমাদের পার্টির একজন নেতৃস্থানীয় কর্মী, কলকাতায় তাঁকে গ্রেপ্তার করা হল হরতালের আগের দিন। হরতালের আগের দিন তাঁকে গ্রেপ্তার করা হল, কিন্তু তাঁকে জামিন রিফিউজ করা হল। পুলিশ নাকি আপত্তি করেছে যে তিনি হরতাল করবার জন্য লোককে ইনস্টিগেট করেছেন। এই জন্য তাঁকে জামিন দেওয়া উচিত নয়। না হয়, ২৫এ তারিখে জামিনটা না দিতে পারতো, কিন্তু ২৬এ তারিখে দেবে না কেন? তাঁকে জামিন আজ পর্যন্ত দেওয়া হয় নি। তাঁর জামিনের জন্য আজকে আবার মুভ করা হয়েছে। তাহলে এগুলি কি? যদি বলেন যে, আমরা এই সমস্ত করে যাবো, তাহলে তারাও আন্দোলন বুঝেসুঝে করবে। সুতরাং এটা বলে দেবেন যে—হ্যাঁ, আমরা এটা করবো, আর তা না হলে এদিকে একটু লক্ষ্য রাখবেন।

Shri Niranjan Sen Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এবারকার গ্রেপ্তার এবং যাঁরা গ্রেপ্তার হন, তাঁদের উপর যেরকম ব্যবহার করা হয়েছে, সে সম্পর্কে দু-একটা কথা বলবো।

আমার প্রথম বক্তব্য হচ্ছে আমরা ইংরাজের আমলে যা দেখেছি অন্ততঃ গ্রেপ্তারের ব্যাপারে, এই কংগ্রেসী মন্ত্রিসভার আমলেও সেই জিনিষগুলি দেখছি। অর্থাৎ রাত্রি দুটো, আড়াইটার সময় পুলিশ গিয়ে বাড়ীর দরজায় দারুন ধাক্কা এবং দরজা খুলে দেখি যে পুলিশ চারিদিকে ছড়িয়ে আছে এবং তারা তখনই বলছে যে এক্ষুনি আপনাকে যেতে হবে। তাঁদের জিজ্ঞাসা করা হল—তার মানে? মাঝ রাত্রে আপনি আমাকে ঘুম ভাঙ্গিয়ে তুললেন, আবার এক্ষুনিই যেতে বলছেন

কেন? তাঁরা বললেন আমাদের উপর হুকুম আছে। আমি বললাম আপনাদের উপর এরকম হুকুম থাকলেও, আমি এক্ষুণি যেতে পারবো না, আমি স্নান করবো, পায়খানা যাবো, সব করে তারপর যাবো। তাঁরা বললেন আচ্ছা ঠিক আছে। কিন্তু আমি যাদবপুর থানায় গিয়ে দেখি ঐ হাউসের মাননীয় সদস্য নরেন দাস মহাশয় খালি গায়ে বসে আছেন রাত্রি সাড়ে চারটার সময়। আমি তা দেখে আশ্চর্য হয়ে বললাম 'তুমি খালি গায়ে কেন হে? তিনি বললেন রাত্রি আড়াইটার সময় পুলিস আমার বাড়ীতে গিয়ে, আমাকে টেনে হিঁচড়ে, একটুও সময় না দিয়ে, এখানে নিয়ে এসেছে। দেখুন এমনই অবস্থা, নরেনবাবুর মত সম্মানিত লোক, এস, এস, পি-র যিনি চেয়ারম্যান, এবং বাংলাদেশের কাউন্সিলের যিনি মেম্বার, তাঁকে একটুও সময় না দিয়ে, টেনে, হিঁচড়ে বাড়ী থেকে থানায় নিয়ে আসা হয়েছে; তাঁর গায়ে জামা পরবার জন্য একটু সময় পর্যন্ত দেয়নি, খালি গায়ে তিনি থানায় বসে আছেন। আরও দুঃখের বিষয় তাঁর হাতে ব্যান্ডেজ ছিল, তিনি অসুস্থ, সেই অবস্থায় তাঁকে নিয়ে আসা হয়। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম, তোমার এই রকম অসুস্থ অবস্থা, তোমার হাতে ব্যান্ডেজ-এর প্লাস্টার রয়েছে, এই অবস্থায় তোমাকে নিয়ে এসেছে, তুমি পুলিশকে কিছু বলোনি? তিনি বললেন—বলেছি, তারা কোন কথা শোনেনি। তারা যেরকম ব্যবহার করেছে, তারপর আর তাদের কাছে কিছু বলারই ইচ্ছা হয়নি। আমি বললাম যে তুমি বলনি কিছু পুলিশকে? বললো যে বলেছি কিন্তু তাঁরা যে ব্যবহার করেছে তারপর তাদের কাছে বলার ইচ্ছা হয়নি। জামা পর্যন্ত পরতে দেয়নি। তা আপনার কাছে আমার বক্তব্য হচ্ছে—দুটি বক্তব্য—প্রথম বক্তব্য এই যে এ্যারেষ্ট করা এবং এই মাঝরাত্রে গিয়ে এ্যারেষ্ট করা এ প্রথা, যদিও আমি একথা বহুবার বলেছি পুলিশ বাজেটে, যে এঁরা ইংরাজ আমল থেকে যা শিখেছে তাই করছে পুলিশ দল, তাদের বদলাবার কোন চেষ্টা এই কংগ্রেসী মন্ত্রী সভা করেননি এটা আমি দৃঢ়ভাবে বলতে পারি। দ্বিতীয় কথা হচ্ছে যে, যে কোন লোককে যে কোন ব্যবহার করা অভ্যাস হয়ে দাঁড়িয়েছে, পুলিশের একটুও পরিবর্তন হয়নি। নরেন-বাবুর মত শিক্ষিত লোক, নরেনবাবুর মত মাননীয় সদস্য ঐ হাউসের, নরেনবাবু একজন রাজ-নৈতিক পার্টির নেতা, তাঁর উপর এই ব্যবহার করেছে, সুতরাং সাধারণ মানুষের উপর এরা কি ব্যবহার করে সেটা স্পষ্ট নরেনবাবুর উপর ব্যবহার দেখে আমরা বুঝতে পারি। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি এই কথাগুলি আজকে জানাচ্ছি এবং শুনে আশ্চর্য হবেন যে এই নরেনবাবু তখন থানায় বসে আমাকে বললেন যে তাঁর জামা যিনি নিয়ে এসেছেন সেই জামায় ৮৫ টাকা ছিল, তিনি খুলে দেখেন মাত্র ১৫ টাকা আছে। অবশ্য সে টাকা জন্য তিনি সেখানে কমপ্লেন করে এসেছেন। এই সব ঘটনা এখনও এই রাজত্বে দেখছি এবং এর পরিবর্তন হবে বলে আমরা মনে করি না, শুধু আপনার মাধ্যমে আমাদের অধিকারগুলি আমরা জানিয়ে দিচ্ছি। তারপর আর একটি কথা, নরেনবাবুকে বললেন তাড়া-তাড়ি চলুন। আপনি শুনে আশ্চর্য হবেন যে যাদবপুর থানায় সাড়ে ৪টার সময় আমাকে নিয়ে গিয়েছে আর নরেনবাবুকে আড়াই কি ৩টার সময় নিয়ে গিয়েছে। সেই সময় থেকে সাড়ে ৭টা পর্যন্ত আমরা যাদবপুর থানায় বসে অথচ নরেনবাবুকে আধ ঘণ্টা কি ১৫ মিনিট টাইম দেওয়া হল না যাতে তিনি বাড়ীতে বসে পায়খানা করে একটু প্রস্তুত হয়ে আসতে পারেন। এই যে অবস্থা এই অবস্থার পরিবর্তন হবে না জানি তবুও আমি আপনার মাধ্যমে এই মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আর দু-একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। সেটা হচ্ছে জেল-খানার কথা। জেলখানার কথা অনেকে বলেছেন এবং আরো অন্যান্য ব্যাপারে বলেছেন, আর একটি কথা আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে যেদিন এ্যারেষ্ট করবে, ১৯ তারিখের ওয়ারেণ্ট এবং সেই ওয়ারেণ্ট আমাদের পকেটে আছে অথচ জেল কর্তৃপক্ষ আমাকে বললেন, আমি তাঁদের জিজ্ঞাসা করেছি যে ১৯ তারিখের ওয়ারেন্ট তারপর ২০, ২১ গেল আপনারা কেন কোন ব্যবস্থা করেননি জেলের ভিতরে এতগুলি লোক আসবে এসে কিভাবে থাকবে। ঐ কাশীবাবু বললেন যে সকাল বেলায় গিয়েছেন, বেলা ৩টার সময় আমি তাঁদের ওয়ার্ডে গিয়ে দেখি উনি বসে আছেন একটা কম্বলের উপরে। সে জায়গায় খাট নেই, চৌকী নেই, টেবিল নেই, চেয়ার নেই, কিছুই নেই। অথচ দে আর এনটাইটেল্ড টু গেট ইট। ডিভিশন ওয়ান আণ্ডার ট্রায়াল খাট, চৌকী, তোষক, বালিশ সবই পাবে। পায়নি। খাবার জলের কলসী নেই। এই জিনিষগুলি হয়েছে।

আর একটি ব্যাপার হয়েছে যাদবপুর থানায়—অন্যান্য জায়গায় হয়েছে কিনা জানিনা—যাদবপুর থানায় আমাদের এতটুকু করে চা দেওয়া হয়েছে। জেলখানায় গিয়েছি সেখানে শুনলাম যে, আপনাদের সকালবেলার খাবার ত দেওয়া হবে না, থানা থেকে দেওয়া হবে। এই যে আমাদের এতগুলি লোককে ধরলো তাদের সেই খাবার খরচটা কোথায় গেল? কে নিলো এটা খোঁজ করা দরকার। আমি মনে করি যে এটা খুব উল্লেখযোগ্য ঘটনা কারণ আমরা ইংরাজ আমলেও দেখেছি যে কোন লোককে ধরলে তাদের অন্ততঃ খাওয়া-দাওয়ার ব্যবস্থা করতো—এইটুকু অন্ততঃ করতো। কংগ্রেসী আমলে এ জিনিষটাও দেখছি না। এই একটা জিনিষ আপনার মাধ্যমে জানাচ্ছি। দ্বিতীয় কথা, ঐ আড়াই থেকে সাড়ে ৭টা পর্যন্ত বসিয়ে রেখে তাঁকে কাপড় জামা পরার ব্যবস্থা করেননি। জেলে খাবার এবং অন্যান্য ব্যাপার যা বলেছেন অন্যান্য সদস্যরা সে জিনিষগুলি আপনার মাধ্যমে আমিও জানাচ্ছি যে খুব বেশী লোক ধরলে তার আগে সম্পূর্ণ ব্যবস্থা করা দরকার। এত লোককে ধরে গাদাগাদি করে সেখানে পাঠিয়ে দিলেন আর কেউ কিছু জানবে না যে সে জায়গায় তারা কিভাবে আছে তাহলে একটা গোলমাল অনিবার্য এবং সেই গোলমাল বন্ধ করতে হলে সরকারের এদিকে দৃষ্টি দেওয়া আবশ্যক এবং আমি মনে করি যে মন্ত্রিসভা চিন্তা করবেন যে এ বিষয়ে কি করা যায়। তাছাড়া সকলেই বলেন ট্রামে চলে যান, বাসে ট্রামে চলে যান, বাসে চলে যান। রাত্রি ১১টার সময় ছেড়ে দিলে কি করে যাবে, সরকারের তরফ থেকে কোন ব্যবস্থা করা হয় না। এটা খুব অন্যায় এবং অসংগত। তাঁরা তাঁদের গণতন্ত্রের খুব ঢাকঢোল পিটাচ্ছেন, বলছেন গণতন্ত্রের মহিমা তাঁরাই বজায় রাখছেন। আমি মনে করি এটা অগণতান্ত্রিক এবং অযৌক্তিক, নীতিবিরুদ্ধ। এই বলে আমি তীব্র প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3—3-10 p.m.]

Shri Gopal Basu:

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি সেদিনও বলেছিলাম নৈহাটিতে যাঁদের গ্রেপ্তার করা হয় তাঁদের কোমরে দড়ি বেঁধে, হাতকড়া দিয়ে নিয়ে গিয়েছে। তাঁরা কিন্তু সবই পলিটিক্যাল প্রিজনার। তারপর, আমি শুনেছি আগের দিন সন্ধ্যাবেলা ধরা হয়েছে, একজন অবশ্য গিয়েছিল মাইক-এর পারমিশন আনবার জন্য, তাঁকে সেখানেই আটকে দিল। পরের দিন সন্ধ্যাবেলায় যে পায়খানায় যেতে চাইল, শ্রীমধুসূদন নাথ একজন পুলিশ তাঁকে নিয়ে গেল রুল দিয়ে গুঁতাতে গুঁতাতে। কাশীবাবু আমাদের ফান্ডামেণ্ট্যাল রাইট-এর কথা বলেছেন, আমি একটু আপনাকে বলি—আমাদের সেখানে ও-সি সেখানকার প্রত্যেকটা চায়ের দোকানে প্রতিটি লোককে ইন্টারোগেট করেছেন। এখানে ধর্মঘটের কথা কে বলেছে, বল এভাবে সেখানে পুলিশের পক্ষ থেকে থ্রেট করা হয়েছে। অবশ্য ও-সি-এর কথা কেউ শোনেনি, দোকানপাট সব বন্ধ ছিল। আমি জিজ্ঞাসা করতে চাই এভাবে থ্রেট করার কি অধিকার আছে, এটা কি পুলিসি রাজত্ব? তারপর, কোর্টে যখন নেওয়া হল তাঁদের বেল দেওয়া হল না, ক্লাসিফিকেশন দেওয়া হল না। সিকিউরিটি এ্যাক্ট-এ দেওয়া হল, তাঁরা প্রত্যেকে রেসপেকটেবল লোক, সিকিউরিটি কিসের? জনসাধারণের সিকিউরিটি তো তাঁরা নষ্ট করেছেন। আমাকে যখন য়্যারেষ্ট করা হয়, নৈহাটি কলেজের ইকনমিক্স-এর প্রফেসর শ্রীঅনন্ত চক্রবর্তী এবং বিধানসভার প্রাক্তন সদস্য শ্রীসীতারাম গুপ্ত যখন আমাদের ধরে নিয়ে গিয়ে থানায় বলা হয়, ঢুকুন হাজতের ভিতর, আমরা বল্লাম, ঢুকতে পারব না, যা খুসী করুন, তখন আমাদের বলা হয়, তা নাহলে এস-ডি-পি-ও এসে আমাদের গালাগালি দেবেন। তারপর আমাদের কোর্ট-এ নিয়ে আসা হল, আমরা বল্লাম আমাদের বেল দেওয়া হোক, অথবা ডিভিসন দেওয়া হোক। পুলিসের পক্ষ থেকে বলা হল আই-ও-কে রিপোর্ট করতে বলা হোক। প্রশ্ন তোলা হল তিনি এম-এল-এ কিনা, উনি প্রফেসর চক্রবর্তী কিনা, উনি সীতারাম গুপ্ত কি না—এ সবই কিন্তু ওয়ারেণ্ট-এ লেখা আছে। তৎসত্ত্বেও বলা হল আই-ও টু রিপোর্ট, আমাদের যিনি উকিল তিনি ম্যাজিস্ট্রেট-কে বল্লেন, স্যার, আপনি একটু মুখ তুলে তাকান, এর কারণ হচ্ছে ঐ ম্যাজিস্ট্রেট ছিলেন আমার পরিচিত, সেখানকার আরো ২০০ উকিল বল্লেন আমরা প্রত্যেকে গোপাল বসুকে চিনি। তারপরেও ডিভিসন দেওয়া হয় না, দমদমে পাঠিয়ে দেয়। এর আগের টারম-এ আমি দমদমের জেল ভিজিটর ছিলাম। সেখানকার লোকেরা

আমাকে দেখে এমব্যারাস্‌ড্‌ হয়ে উঠল, তাঁরা বললেন একটা দরখাস্ত করে দিন, আমি বললাম না মশাই, আমি দরখাস্ত করতে পারব না এই হারামজাদাদের কাছে, এই কথাটা যদি পার্লামেন্টারী না হয় তাহলে আপনি ওটা সংশোধন করে নিতে পারেন, হারামজাদা গভর্নমেন্টের কাছে আমি লিখতে যাব না। তারপর দুদিন বাদে ডিভিসন দেওয়া হল। আমি জগন্নাথবাবু, শৈলবাবুকে জিজ্ঞাসা করতে চাই ক্রাইটেরিয়ানটা কি, জগন্নাথবাবুর চেয়ে আমার সোস্যাল স্টেটাস কি কম? তাহলে যে চুক্তি হয়েছিল সেটা মানবেন না কেন? শেষকালে আমি জানতে চাই এঁদের কাছে গণতান্ত্রিক আন্দোলনে, কৃষক আন্দোলনে, শ্রমিক আন্দোলনে যাঁরা গ্রেপ্তার হবে তাঁদের কেন ডিভিসন দেওয়া হবে না, আমি এর কৈফিয়ৎ জানতে চাই।

Shri Kanai Pal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৫শে তারিখে হরতাল এবং ২৯শে তারিখে হরতাল সংক্রান্ত বৈকালিক মিটিং এবং আমি ২০ তারিখ থেকে ২৫ তারিখ পর্যন্ত সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত মাইকে প্রচার করার আবেদন করি এবং সেই আবেদনে আমাকে ২০ তারিখ থেকে ২৪ তারিখ পর্যন্ত সকাল-বেলা থেকে বিকালের কিছুটা ভাগ প্রচারের অনুমতি দেওয়া হয় এবং ২৫শে তারিখে মিটিং-এর অনুমতি দেওয়া হয়, কিন্তু তৎসত্ত্বেও আমরা দেখলাম যে, এই ধর্মঘটের ৭২ ঘণ্টা আগে আমার বাড়ীতে গিয়ে পুলিস হামলা সুরু করে। শুধু একবার নয়, আমার ছোট ছেলে সাংঘাতিক অসুস্থ মুমূর্ষ অবস্থা, এমতাবস্থায় ২।৩ ঘণ্টা অন্তর ও-সি আমার বাড়ীতে গিয়ে হামলা করে, বাড়ীতে তখন ব্যাটাছেলে ছিল না, মেয়েদের উপর উৎপাত করে। তারপর, আমার সহকর্মী শ্রীকানাই প্রামাণিক এবং শ্রীশম্ভুনাথ প্রামাণিক যখন আগের দিন মাইকে প্রচার চালাচ্ছে তখন ও-সি তাঁর দলবল নিয়ে গিয়ে বলে আপনারা কে মাইকে প্রচার করছেন, তখন তাঁরা অনুমতি-পত্র দেখিয়ে বলেন কানাই পালের পক্ষ থেকে প্রচারের জন্য অনুমতিপত্র নেওয়া হয়েছে, কিন্তু তৎসত্ত্বেও তাদের ধরে নেওয়া হয়, মেগাফোন নিয়ে যাওয়া হয় এবং গাড়োয়ানকে ধরে নিয়ে যাওয়া হয়, ঘোড়াকে খেতে দেওয়ার ভয়ে গাড়োয়ানকে বেল দেওয়া হয় আর তিনজনকে চালান দেওয়া হয়। ধরার পর তাঁদের খেয়াল হল গ্রেপ্তার যে করা হল, এঁদের যে মাইকের অনুমতি দেওয়া ছিল, কিন্তু ভেতর থেকে যে মাইক পারমিশন্‌ ক্যানসেল করার ব্যবস্থা হয়েছে সেটা তো জারি করা হয়নি। এদের ধরা হল ৭টায়, আর রাত্রি ৮টায় গিয়ে আমার স্ত্রীকে বলা বলা হয় আপনার স্বামী বাড়ীতে এলে বলবেন আপনাদের মিটিং-এর মাইক পারমিসন ক্যানসেল্‌ড হয়েছে। আমার স্ত্রী ও-সি-কে স্পেসিফিক্যালি জিজ্ঞাসা করেছেন আপনারা নাকচ করছেন তো আগামী কালের মিটিং-এর জন্য মাইক। ও-সি বলেছেন—হ্যাঁ। তারপরে দেড় ঘণ্টা পরে ঘুরে এসে তিনি বল্লেন আমার স্ত্রীকে, একটা কাগজে আপনাকে সই করে দিতে হবে, তখন তিনি বলেন আপনি ঘরের ভিতর এসে কাগজ দিয়ে যান, আমি বাড়ীর বাইরে কম্পাউণ্ডে যেতে পারব না। তারপর তাদেরই একজন লোক বাইরে কি যেন একটা টানিয়ে দিয়ে যান। কিন্তু তার সঙ্গে সঙ্গে আমার স্ত্রী বাইরে এসে কোন কাগজ দেখতে পান না। এটা থেকেই খুব পরিষ্কারভাবে প্রমাণ হচ্ছে, আমার মাইক যে ক্যানসেল করা হয়েছে সেটা থেকে তারা সাবাস্ত করতে চান, এবং মিথ্যা অজুহাত সৃষ্টি করবার জন্য এই অপকৌশল অবলম্বন করেছেন। তারপর, আমাদের সহকর্মী-দের নিয়ে গিয়ে হাজত ঘরে পোরা হয়েছে।

[3-10—3-20 p.m.]

তারপর, আমরা দেখলাম আমাদের সহকর্মীদের ধরে নিয়ে গিয়ে হাজত ঘরে পোরা হয়েছে। সেই থানাঘর দুবেলা ঝাড়ুদার, মেথর সাফাই করছে, কিন্তু হাজতঘর একমাস পর্যন্ত পরিষ্কার হয় না—প্রস্রাব, পায়খানায় ভর্তী। শুধু তাই নয়, একটা ছেড়া কম্বলে শুয়ে সারা রাত কাটাতে হয়েছে এবং জোর করে ঐ ঘরে আহার দেবার চেষ্টা করে তারা ব্যর্থ হয়েছে সেখানকার ও-সি, এবং তার সহকর্মীরা। তারপর, আমাদের সঙ্গে এই হরতালে যুক্তভাবে আহ্বান জানিয়েছিলেন কমিউনিস্ট পার্টির অজয় ভট্টাচার্য। কিন্তু আশ্চর্যের ব্যাপার শান্তিপুর থানার ও-সি, তাঁর বাড়ীতে গিয়ে তাঁর প্রাচীনা বিধবা মাকে অকথ্যভাবে অপমানসূচক কথাবার্তা বলেছে। শুধু তাই নয়, ওয়ারেণ্ট না থাকা সত্ত্বেও জোর করে বাড়ীর মধ্যে ঢুকে তাঁকে ধরবার চেষ্টা করেছে

এবং প্রতিরোধের জন্য শেষ পর্যন্ত ব্যর্থ হয়েছে। এইভাবে আমরা দেখেছি ওয়ারেন্ট না থাকা সত্ত্বেও লোকের বাড়ীতে ঢুকে হামলা করেছে এবং গ্রেপ্তার করেছে। স্যার, আমার সহকর্মীরা বলেছেন এঁরা ইংরেজের পদাঙ্ক অনুসরণ করে চলেছেন, কিন্তু আমি দেখছি এঁরা তাদেরও এককাঠি বাড়া। স্যার, সরকারের বিরুদ্ধে লড়াই করবার জন্য আমার জীবনের অধিকাংশ সময় জেলে কেটেছে—শুধু এই সরকারের আমলে নয়, ইংরেজ আমল থেকে—কিন্তু এরকম জানোয়ারী কাণ্ড, এরকম বেআইনী কাণ্ড, এরকম অগণতান্ত্রিক কাণ্ড আমি দেখিনি যেটা বর্তমানে কংগ্রেস সরকার চালিয়েছে। এঁরা বিনা ওয়ারেন্ট-এ রাতের বেলায় জোর করে বাড়ীতে ঢুকবার চেষ্টা করছে এবং গ্রেপ্তার করছে। কিন্তু ইংরেজ আমলে দেখেছি ওয়ারেন্ট থাকা সত্ত্বেও এইভাবে কখনও রাতের বেলায় কারুর বাড়ীতে ঢুকে হামলা করা হয়নি এবং সেটা নিষিদ্ধ ছিল। এঁরা তাও করছেন।

মিঃ স্পীকারঃ মিঃ পাল এবারে শেষ করুন।

শ্রীকানাই পালঃ স্যার, সকলেই তাঁদের বক্তব্য রাখলেন, কিন্তু আমি এমনকি অপরাধ করেছি যে আমার যেসমস্ত যুক্তিসঙ্গত কথা আছে এবং তাঁরা যেসমস্ত আপত্তিকর কাজ করেছেন সেটা বলবার সুযোগ দেবেন না। আমাকে এই সরকারের গুণ কীর্তন করতে দিন। এঁরা না যাওয়া পর্যন্ত এগুলির শেষ হবে না। তবে এঁরা যদি এগুলি কমান তাহলে আমাদের বক্তব্যও কমে আসবে।

Shri Kamal Kanti Guha:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য সরকারের কাছে রাখছি। গোয়েবলস্-এর প্রেতাত্মা পি, সি, সেন হরতাল ব্যর্থ হয়েছে বলে প্রচার করেছেন এবং বলেছেন যে, হরতাল ২ আনা সফল হয়েছে। তিনি যদি একথা বলতেন আমরা সরকারী প্রচেষ্টার দ্বারা ১৪ আনা কালোবাজারী, চোরাকারবারী সায়েস্তা করেছি এবং ২ আনার অস্তিত্ব যা আছে সেটাও শেষ করে দেব তাহলে আমরা বুঝতাম দেশকে গণতান্ত্রিক পথে তৈরী করবার জন্য তাঁরা অগ্রসর হচ্ছেন। কিন্তু সেসব কথা না বলে অত্যন্ত উৎকটভাবে, উল্লাসিতভাবে বলেছেন যে, ২ আনা সফল হয়েছে। স্যার, পি, সি, সেন যে কতবড় অসত্যবাদী সেটা আমি বলতে চাই। তিনি প্রেস নোটের মাধ্যমে যে ফিগার দিয়েছেন তাতে তিনি বলেছেন শতকরা ৫০ জন সরকারী কর্মচারী ঐদিন কাজে যোগদান করেছেন, শতকরা ৪০ জন কেন্দ্রীয় সরকারের কর্মচারী কাজে যোগদান করেছেন এবং সওদাগরী অফিসের শতকরা ২০ জন কর্মচারী কাজে যোগদান করেছেন। একথা বলে অতীতের অংকের মাস্টার এবং বর্তমানের মুখ্যমন্ত্রী পি, সি, সেন কি করে বলছেন যে, ২ আনা সফল হয়েছে?

'আনন্দবাজার' রিপোর্টে বলছে সেদিন যে ট্যাক্সীগুলো ঘুরেছে তাতে একই পরিচিত মুখগুলি ঘুরে বেড়িয়েছে। আমি জানি প্রফুল্লবাবুর যে পুলিশ আছে তারা সাদা পোষাক পরে এই কাণ্ডটি করেছে। নেপালবাবু এখানে ভেটকী মাছ এনে দেখালেন বাজারে মাছ পাওয়া যায়, একথা শুনে কংগ্রেসীরা নাকি হেসে লুটোপুটি খেয়েছেন, কংগ্রেসী মহিলা সদস্যরা নাকি চীৎকার করে বলেছে মাছটা যেন নষ্ট হয়ে না যায়, পচে না যায়। এঁরা কত নগ্ন, কত নির্লজ্জ সদস্য.....[নয়েজ].....যখন দেশের লোক মাছ পাচ্ছে না যেটা প্রতিদিন-এর অভিজ্ঞতা থেকে দেখছি—

মিঃ স্পীকারঃ সেদিনকার কথা না বলে আপনি যেটা বলতে চান সেটাই বলুন।

শ্রীকমলকান্তি গুহঃ সেদিন আমরা দেখেছি সেই মাছ নিয়ে অনেক নাড়া-চাড়া হয়েছে এবং পেপার রিপোর্ট থেকে এটাই মনে হচ্ছে যে সেই মাছ আপনার বাড়ী গেছে।

মিঃ স্পীকারঃ মিঃ গুহ, একটা কথা বলে রাখি, মনে যেটা হয় সেটা মনেই রাখবেন।

শ্রীকমলকান্তি গুহঃ পেপার রিপোর্ট দেখে যা মনে হয়েছে সেটাই বলছি। সেদিন যে অবস্থা, নানা রকমভাবে নির্যাতন করেও লোকদের জেলে পাঠিয়েও লোকের উপর গুলি

চালিয়েও তাদের ব্যর্থতা ঢাকতে পারেননি। প্রফুল্লবাবু কাগজগুলিকে হুমকী দিয়ে বললেন হরতাল দু আনা সাফল্যমণ্ডিত হয়েছে, সেকথা পেপারের মাথায় বড় বড় অক্ষরে দেওয়া হয়েছে যাতে সেই রিপোর্টগুলি দেখা যায়। সেদিন কি অবস্থা হয়েছিল। আমি বলছি তুফানগঞ্জে গুলি চালনা হয়েছিল, তাতে সরকারে যে রিপোর্ট দেওয়া হয়েছিল তাতে এই বলা হয়েছিল যে লোক নাকি সাব-ট্রেজারী আক্রমণ করতে গেছল। কিন্তু আমরা জানি তুফানগঞ্জের এস ডি ও অফিস এবং সাব-ট্রেজারী অফিস একই বাড়ীতে লাগান। এস ডি ও অফিস ঘরের ভিতর আর সাব-ট্রেজারী অফিস ঘরের বাইরে, মাঝখান দিয়ে কাঁটা তার দিয়ে ঘেরা। সেখানে বামপন্থী রাজনৈতিক কর্মীরা পিকেটিং করেছিল যাতে এস-ডি-ও অফিসের কেরাণীরা ভিতরে না যেতে পারে। অথচ তাদের ধরে বলা হল যে তারা নাকি ট্রেজারী আক্রমণ করতে এসেছিল। এটা বলে তাদের লাঠি চালনা হয়েছে, গুলি চালনা হয়েছে। আরও কি দেখছি, সারা বাংলাদেশের রাজনৈতিক কর্মীদের বেঁধে নিয়ে যাওয়া হয়েছিল। তাদের কোন ডিভিশন দেওয়া হল না, তাদের সাধারণ কয়েদীদের সাথে রাখা হয়েছে। দমদম জেলে যে অবস্থা দেখেছি, সেটা হল—১৯শে তারিখ ওয়ারেণ্ট ইসু হয়েছে, ২২।২৩।২৪ তারিখে সেখানে গিয়ে আমরা দেখেছি সেখানে জলের ব্যবস্থা নাই, সেখানে পায়খানায় ফিনাইল ব্লিচিং পাউডার দেবার ব্যবস্থা নাই, তাছাড়া জেলার ডেপুটি জেলাররা যে কি খারাপ ব্যবহার করেছে সেটা বলা যায় না। এখানে জেলমন্ত্রী মহাশয় আছেন, অন্যান্য সবাই আছেন, আমরা বহু অভিযোগ করেছি সেগুলি আপনারা একটু দেখবেন। জেলে আমরা পোলাও মাংস খেতে যাইনি। জেলে গিয়ে আমরা খেয়ে বাঁচবো এই মনোভাব নিয়ে আমরা রাজনীতি করি না, কিন্তু সাধারণ মানুষের জীবন ধারণ করতে গেলে যা যা দরকার সেগুলিতো দেওয়া দরকার—প্রথম শ্রেণীরই বলুন আর তৃতীয় শ্রেণীরই বলুন। সন্ধ্যার সময় আমাদের ধরে নিয়ে গেলো, আর সেখানে গিয়ে পেঁছিলাম রাত ১২টার সময়, কি অব্যবস্থা, সারা রাত আমাদের জল দেওয়া হয়নি। আমি বলেছিলাম খাবার জল দিতে কিন্তু সারা রাত ধরে সেখানে কলসীর ব্যবস্থা হয়নি, জলের ব্যবস্থা করতে তারা পারেননি। এটা শুধু আমার বেলায় নয়, সমস্তই যাদের ধরা হয়েছিল এই ধর্মঘটের ব্যাপারে তাদের সবার বেলাই এই ব্যবস্থা হয়েছিল। আমি আপনার মাধ্যমে আজকে এই কথাই বলতে চাই সরকার পক্ষকে যে তারা এইভাবে গণতান্ত্রিক আন্দোলনকে নষ্ট করে দিতে চাইছেন এবং এইভাবে রাজনৈতিক কর্মীদের উপর অত্যাচার করে তাদের মর্যাদা দিতে দ্বিধা প্রকাশ করছেন, এই অবস্থায় তারা যদি তাদের নিজেদের প্রতিহিংসা চরিতার্থ করবার জন্য সমস্ত রাজনৈতিক কর্মীদের, ট্রেড ইউনিয়ন কর্মীদের উপর কৃষক কর্মীদের উপর অত্যাচার করতে থাকেন তাহলে ফ্যাসিস্ট সরকারকে স্বৈরাচারী সরকারকে উচ্ছেদ করবার জন্য, সেই সরকারকে সরিয়ে দেবার জন্য পৃথিবীর অন্যান্য মানুষরা যে পথে গেছে, আমরাও সেই পথে যেতে বাধ্য হবো।

[3-20—3-30 p.m.]

সেদিন গণতন্ত্রের নামে নাকে কাঁদলে আমরা শুনব না। সেদিন গণতন্ত্রের নামে দোহাই দিয়ে নিজেদের জীবন বাঁচাবার জন্য আত্মরক্ষা করবার জন্য চেষ্টা করলে সে কথা আমরা শুনব না। আজকে পরিষ্কারভাবে আপনাকে বলতে চাই যে দিন আসছে বাংলাদেশে, দিন আসছে ভারতবর্ষে, আপনার ঐ চেয়ার, আমাদের এই আসন, এই বিধান সভা কতদিন থাকবে সে সম্বন্ধে সংশয় দেখা গেছে। কারণ, আমরা বুঝতে পারছি এই বিধান সভার ভেতরে আমাদের বক্তব্যের দ্বারা আমরা জনপ্রতিনিধি মানুষের যে অভাব মানুষের যে দারিদ্র্য মানুষের যে জ্বালা তার এতটুকু কমাতে করতে পারিনি। আমাদের বক্তব্যকে জোর গলায় নস্যাৎ করা হয়েছে। আজকে সত্যকে তারা অস্বীকার করছেন। কাজেই আমরা মনে করি এইভাবে যদি সরকার অত্যাচারের পথে যায় এবং গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথা, সংবিধানের কথা বলে মানুষের ন্যায্য পাওনাকে আজকে যদি দূরে সরিয়ে রাখবার চেষ্টা করা হয় তাহলে সেই পথে আমরা পা বাড়াব না। আমরা মনে করি তাহলে এই সরকারের সাথে এই ফ্যাসিস্ট গভর্নমেণ্টের সাথে মোকাবেলা করবার জন্য এই বিধানসভাকে ভেঙ্গে দেওয়া হবে, আপনার চেয়ারকে সরিয়ে দেওয়া হবে, আমরা বিধানমণ্ডলী থেকে বেরিয়ে গিয়ে সেই ক্ষুধার্ত মানুষকে ডাক দিয়ে বলব যেকোন পথে হোক এই সরকারের সাথে মোকাবেলা করতে হবে। এই কালোবাজারীদের সাথে এই চোরাকারবারীদের সাথে মোকাবেলা করে রক্তের বদলে রক্তের বদলা

মতে হবে সেই কথা আপনাকে স্মরণ করিয়ে দিতে চাইছি এবং গণতন্ত্র যদি বজায় রাখতে হয় মনুষ্যের ন্যায় ধর্মকে যদি বজায় রাখতে হয় তাহলে আজকে আপনি এটা ওদের সতর্ক করে দন।

Shri Sudhir Chandra Das:

মঃ স্পীকার, স্যার, অনেক কথাই বলা হয়েছে, আমি আমাদের প্রাদেশিক চেয়ারম্যান শ্রীনরেন দাস সম্পর্কে অল্প কিছু আবার বলতে চাই অনেক বলা হলেও। আমি খবর নিয়ে জেনেছিলাম যে সখানে ইনস্পেক্টর একজন ছিলেন, দায়িত্ব সম্পন্ন একটি পুলিস কর্মচারী অ্যারেস্ট করতে গয়েছিলেন তাঁকে, তাঁর নাম জীবন দাস। একটি এস আই ছিলেন মিঃ মুখার্জী, একটি এস আই ছলেন কে ডি ব্যানার্জী, এতগুলি দায়িত্বপূর্ণ কর্মচারী থাকা সত্ত্বেও যেভাবে অসম্মানিত করা য়েছে তাতে আমরা জানতে চাই যে কোন ডিরেকশন পুলিসকে দেওয়া হয়েছিল কি না যাতে প্রতিটি পার্টি চেয়ারম্যান বা প্রতিটি পদস্থ লোক যাঁরা হরতাল ডেকেছেন তাঁদের অসম্মান করবার জন্য, যেমন বৃটিশ গভর্নমেন্টের পক্ষ থেকে আগে দেখেছি, তারা ডিরেকশন দিত যে এই এই কর্মীকে তোমরা এইভাবে ডিল কর ঠিক সেই ভাবে মুখ্যমন্ত্রী এবং তাঁর দল কোন ডিরেকশন দিয়েছেন কি না আমরা জানতে চাই। তা না হলে কখনও এই রকমভাবে পদস্থ কর্মচারীরা গিয়ে টেনে টেনে আনতে পারত না। তাঁরা যে স্পর্ধা দেখিয়েছে সে সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করা হবে সেটা আমরা জানতে চাই। আমি জানতে পেরেছি তাই নাম পরিষ্কার করে দিলাম। গভর্নমেন্ট অফিসে যাতে কর্মচারীরা যোগ দেয় তার জন্য ভয় দেখান হয়েছে। অথচ গণতান্ত্রিক অধিকারের কথা তোলা সত্ত্বেও ডিরেকশন দেওয়া হয়েছে সো কজ করা হবে যদি তারা অ্যাটেন্ড না করে। এই সার্কুলার সব অফিসে পাঠিয়ে দেওয়া হয়েছে।

Circular No. 4556P., 22nd September 1964

তাতে বলা হয়েছে

explanation to be obtained from them about the reasons of their absence.

পরিষ্কার করে তাদের থ্রেটেন্ড করা হয়েছে। শুধু তাই নয়, সওদাগরী অফিস যেমন আই সি আই বড় কোম্পানী, ইন্ডিয়ান কেমিক্যাল অ্যাসোসিয়েশন তারা নোটিশ দিয়েছে কি জানেন, সেখানকার ম্যানেজার নোটিশ দিয়েছেন যারা হরতালে যোগদান করবে তাদের ক্যাজুয়াল লিভ কেটে নাও। রিজিনস আনস্যাটিসফ্যাক্টরী হলে তাদের ক্যাজুয়াল লিভ কিম্বা অন্য লিভ থাকলে তা কেটে নাও। আনস্যাটিসফ্যাক্টরী হলে ছুটি না থাকলে ১ দিনের বেতন কেটে নাও, স্যাটিস-ফ্যাক্টরী হলেও তার লিভ কেটে নাও। এই হচ্ছে অর্ডার, আমার কাছে তার কপি আছে। আজকে ফেকুল্লবাবু যে দম্ভ দেখাচ্ছেন সেই দম্ভের যে কতটুকু মূল্য এবং তারা যে কি রকম চক্রান্তমূলক কাজ করেছেন গণতান্ত্রিক অধিকারকে হরণ করবার জন্য পুলিসকে কিভাবে লাগিয়েছেন তা আমরা কাঁথিতে দেখেছি। সেখানে বড় বড় চায়ের দোকানে পুলিস গিয়ে হুমা করেছে খুলে রাখবার জন্য, তাদের উপর চাপ দিয়েছে যে খুলে রাখতে হবে। আমি সেখানে নিজে গিয়ে যখন বলেছি তোমরা এ কি কাজ করছ তখন তারা চুপ করে আছে এবং তারা বলেছে যে উনি চলে যান তোমরা জোর করে খুলে রাখ, দেখি কে কি করতে পারে।

গভর্নমেন্টের পক্ষ থেকে ডিক্লারেশন দেয়া হয়েছে যে দোকান খুলে রাখতে হবে—সেখানে আমরা ভাবতে পারি না বৃটিশ আমলে আবার ফিরে এলাম কি না, নিখিলবাবুর কথা বলে, নরেনবাবু সম্পর্কে ঘটনা জেনে, কোমরে দড়ি দেয়ার ব্যাপার দেখে। বৃটিশ আমলে আমাদের কোমরে দড়ি দেয়ার চেষ্টা করেছে কিন্তু শেষ দিকে অনেক সময় দেখেছি তারা ভাল ব্যবহার করেছে। কংগ্রেস আমলে আমরা পুলিসের পক্ষ থেকে কত ভাল ব্যবহার পাবো বলে আশা করেছিলাম—আজ কিসের জন্য এই রকম দুর্দমনীয়ভাবে আক্রমণ সুরু করেছেন সেটা জানতে চাই, গভর্নমেন্টের পক্ষ থেকে কোন ইনস্ট্রাকশন দেয়া হয়েছিল কি না জানতে চাই। কারণ আগেও হরতাল হয়েছে, সত্যাগ্রহ হয়েছে, ঠিক এই রকম বর্বরতা তারা প্রকাশ করেন নি, হরতালকে তাঁরা বাঁকা পথে দেখেছেন কিন্তু এবার এমন প্রতিহিংসাপরায়ণ মন উঁচিয়ে ধরেছিল যার জন্য হিংস্রতা পুলিসের মধ্যে প্রকাশ পেয়েছে বলে আমি মনে করি, কেন না আমাদের এখানেও এই ঘটনা ঘটেছে। কয়েকটা ছেলে কৃষ্ণচক গ্রামের কাছে মোটর আটকাতে তাদের অ্যারেস্ট না করে প্রহার করে আহত করা হয়েছে, তাদের জামা ছিঁড়ে দিয়ে প্রহার করে ফুলিয়ে দেয়া হয়েছে এবং তাদের জেলের মধ্যে

এখনও আটক রাখা হয়েছে, বেল দেয়া হয় নি, খালাস করা হয় নি। আমি যে কথাগুলি বললাম তার সঙ্গে আরো কয়েকটা কথা যোগ করতে চাই। রেডিওর সকাল বেলায় প্রচার, রেডিওর দুপুরের প্রচার যাঁরা শুনেছেন তাঁরা বুঝতে পারবেন যে সরকারের পক্ষ থেকে এরকম মিথ্যা প্রচার করে লোককে বিভ্রান্ত করবার চেষ্টা করা হয়েছে, জনসাধারণের মতকে বিভ্রান্ত করবার জন্য রেডিওতে বলা হয়েছে যে সব ট্রামবাস কতক জায়গায় চলেছে এবং আরো বলা হয়েছে দোকান অনেকাংশে খোলা হচ্ছে এবং বহু ট্যাক্সী গাড়ী এমন অবস্থায় ইতস্ততঃ রয়েছে যেন হরতাল হয় নি। এই রকম মনোভাব প্রকাশ করতে রেডিও কর্তৃপক্ষকে লাগানো হয়েছিল একথা বুঝতে কারো বাকী নেই। তারপর আন্ডার ট্রায়াল প্রিজনারকে আমাদের সেখানে খাটানো হচ্ছে, যাদের অ্যারেস্ট করা হয়েছে তাদের দিয়ে জল টানানো হয়েছে এবং অন্য কাজ করানো হচ্ছে। আন্ডার ট্রায়াল প্রিজনারদের বৃটিশ আমলে দেখেছি কোন কাজ দিত না, বিনা পরিশ্রমে তাদের সেখানে রাখতো এটা আমরা জানি কিন্তু এখানে কাঁথি সাবজেলে সেই ব্যবহার করেছে। আমি শেষে অনুরোধ করবো এখানে মুখ্যমন্ত্রী মহাশয়কে দেখতে পাচ্ছি না আজ কয়েকদিন ধরে, স্বরাষ্ট্র মন্ত্রীকেও দেখতে পাচ্ছি না—তাঁর কাছে অনুরোধ তিনি অন্তত আবিলম্বে এই হরতালকে দমন করবার জন্য এবং জনতার গণতান্ত্রিক অধিকারকে প্রতিরোধ করার জন্য তাঁদের যে হিংস্রতা প্রকাশ পেয়েছে তাকে প্রতিরোধ করুন, অন্ততঃ যাঁরা অ্যারেস্ট হয়ে আছেন, হরতাল চলে গেছে, যা হবার হয়ে গেছে, তাঁদের মুক্তি দিন—যাদের ধরেছেন, এখনও আটক রেখেছেন তাঁদের মুক্তি দিন। আমি দাবী করছি এবং যেখানে যেখানে পুলিস এই রকম কাজ করেছে সেখানে এনকোয়ারী করে যথোচিত ব্যবস্থা অবলম্বন করা হোক—এই পুলিশী বর্বরতার তীব্র নিন্দা করে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Monoranjan Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে ধর্মঘটের আহ্বান জানিয়েছিলাম সেই ধর্মঘটের আহ্বান জানাবার পূর্বে এই হাউসে অ্যাসেমব্লীতে আমরা যথাসাধ্য চেষ্টা করেছি সরকারকে দিয়ে দ্রব্যমূল্য এবং খাদ্যের অবস্থা অন্ততঃপক্ষে কিছুটা সুরাহা করবার জন্য, কিন্তু যখন কোন রকম কিছু করা গেল না তখন আমরা ধর্মঘটের আহ্বান জানাতে বাধ্য হই। সরকার চ্যালেঞ্জ হিসাবে নিয়ে চেষ্টা করেছেন সব রকমে ধর্মঘট যাতে না হয়—সেই চেষ্টা ব্যর্থ হয়েছে বলে আমরা মনে করি। তাঁরা মনে করে খুব খুসী যে ধর্মঘটটা সফল হয় নি, এই আনন্দে থাকুন।

[3-30—3-40 p.m.]

এই আনন্দেই তাঁরা থাকুন। আমি শুধু এই বক্তব্য বলার জন্য দাঁড়াই নি, জেল সম্পর্কে আমাদের যে অভিজ্ঞতা, তার গোটাকতক, আমি এই হাউসের মেম্বার হিসাবে জানাতে চাই। রাজনৈতিক কয়েদী হিসাবে যে মর্যাদা দেওয়ার কথা আছে, কংগ্রেস সরকার হওয়ার পর থেকে, বর্তমান সরকার মনে করেন যে সেই মর্যাদা দেওয়ার আর প্রয়োজন নেই। কারণ তাঁরা মনে করেন বর্তমান কালে ভারতবর্ষে একমাত্র রাজনৈতিক দল হচ্ছেন কংগ্রেস, তারাই এই মর্যাদা পেতে পারেন, আর বাকী যে সব দল আছেন, তাদের জেলে পাঠাবার অধিকার কংগ্রেস সরকারের আছে, এবং তারা জেলে গেলে, তাদের রাজনৈতিক বন্দী হিসাবে গণ্য করার কোন প্রয়োজন নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইংরাজের আমলে আমাকে বহুবার রাজনৈতিক বন্দী হিসাবে জেলে যেতে হয়েছে। ৩৪ বৎসর যাবত আমি জেলে যাচ্ছি আর বেরিয়ে আসছি। এবং এক সঙ্গে দীর্ঘকাল ধরেও থাকতে হয়েছে সাত, আট বছর ধরে একত্রে জেলে থেকে বেরিয়ে এসেছি। কাজেই আমাদের জেল সম্বন্ধে পূর্ব যে অভিজ্ঞতা ছিল, সেই একই অভিজ্ঞতা হচ্ছে যে যতক্ষণ পর্যন্ত এই সকল রাজনৈতিক কয়েদী ও বন্দীরা তাদের নিজেদের রাজনৈতিক মর্যাদা পাওয়ার জন্য সংগ্রাম না করছেন, আত্মত্যাগ না করছেন, ততক্ষণ পর্যন্ত তাঁরা কিছুই পাবেন না। ইংরাজ আমলেও যেমন পাওয়া যায় নি, বর্তমান কংগ্রেস সরকারের আমলেও সেই মর্যাদা পাওয়া যাবে না, পাওয়া যাচ্ছে না।

১৯৪৯-৫০ সালে আমরা বহু হরতাল ও অনশন ধর্মঘট করি। এবং আমাদের অনশন ধর্মঘটকে ভাঙ্গবার জন্য দমদম এবং প্রেসিডেন্সী জেলের ভিতর পুলিস গুলি চালিয়ে হত্যা

করেছিল বহু রাজনৈতিক বন্দীদের। তারপর এই কংগ্রেস সরকারের মুখ্যমন্ত্রী ছিলেন তদানীন্তন বিধানচন্দ্র রায়। তিনি একটা চুক্তি করেছিলেন রাজনৈতিক বন্দীদের সঙ্গে, যেটা আজও পর্যন্ত জেল কোডে লেখা আছে। দুঃখের বিষয় বর্তমান সরকার এই চুক্তি ভঙ্গ করে, রাজনৈতিক বন্দীদের যে মর্যাদা, তাঁরা আত্মত্যাগের বলে, প্রাণ ত্যাগ করে অর্জন করেছিলেন, তাঁদের সেই মর্যাদা ক্ষুণ্ণ করে, আবার তাদের নূতন করে সংগ্রামের পথে ঠেলে দেবার চেষ্টা করছেন। এই কংগ্রেস সরকার হবার পর, আমি অন্ততপক্ষে পাচ, ছয়বার জেলে গিয়েছি। গত দুবার ১৯৬২ ও ১৯৬৩ সালে এবং এইবার ১৯৬৪ সালে জেলে গিয়ে যেটা দেখলাম, তাতে এটা বেশ পরিষ্কার হয়ে গেলো।

১৯৫৯ সালে যা দেখেছি তার সঙ্গে পার্থক্য এই যে, তখনও পর্যন্ত রাজনৈতিক কয়েদীদের যে মর্যাদা দেওয়া হ'ত, এখন বর্তমানে সেটাকে কিভাবে অস্বীকার করা হচ্ছে আমি একটি একটি করে সেগুলি আপনার সামনে তুলে ধরতে চাই। প্রথমতঃ ডি আই রুল অনুযায়ী যারা বিনা বিচারে বন্দী, তাদের জন্য নূতন করে একটি আইন বা রুল না কি করা হয়েছে যে, জেলের মধ্যে এঁরা বিনা বিচারে বন্দী হয়ে থাকলেও, এঁদের সে ভাবে ট্রিট করা হবে, যেমন সাধারণ কয়েদীদের করা হয়। অর্থাৎ সাধারণ কয়েদী, যাদের বিরুদ্ধে কেস বা মামলা থাকে তাদের ব্যাপারে—বিচারাধীন কয়েদীদের জন্য, বিচারাধীন বন্দীদের জন্য প্রথম ডিভিশন হলে যা হয়, সেইভাবে এঁদের থাকতে ও খেতে দেওয়ার ব্যবস্থা করা হয়ে থাকে। যার ফলে এই সব রাজনৈতিক বন্দীরা বছরের পর বছর বিনা বিচারে আটক থাকলেও তাদের মধ্যে কেউ সেল থেকে বাইরে যেতে পারেন না। পূর্ববর্তীকালে এখানকার যিনি জেলমন্ত্রী ছিলেন শ্রীমতী পূরবী মুখার্জী, তাকে আমরা বলেছিলাম যে দমদম জেলের ঐ মাঠে আমাদের যাওয়ার যে অধিকার আছে, সেটা কেড়ে নিচ্ছেন কেন? তিনি বললেন ওখানে যেতে দেওয়া এখন যায় না, আপনারা সাধারণ কয়েদীদের সঙ্গে মিশে পড়বেন। ১৯৫৯ সালে আমরা জেলে গিয়েছিলাম, তখন সেখানে আমরা বিচারাধীন কয়েদী হিসাবে ছিলাম না, সেবারেও আমরা ঠিক এই রকম বিনা বিচারে আটক বন্দী হিসাবে দমদম জেলে ছিলাম, তখন কিন্তু ঐ মাঠে আমাদের খেলাধুলা করবার অধিকার ছিল। আমাদের সেই অধিকারটুকু এখন কেড়ে নেওয়া হচ্ছে। মিঃ স্পীকার, স্যার, এই যে জেলে যা ব্যবস্থা হচ্ছে একজন সভ্য হিসাবে আমরা যা দেখছি এবং ভোগ করছি, সেটা আপনার মারফত এখানকার সকলকে জানান দরকার বলে আমি মনে করি। এখানে জেলমন্ত্রী উপস্থিত নেই, আপনার মারফত বলছি তিনি যদি পরে আসেন এবং আমাদের কথা শোনেন তাহলে বলবো। অবশ্য আমাদের এই বলাতে যে কিছু হবে না, তা আমরা জানি। যে নীতি তাঁরা গ্রহণ করেছেন সেই নীতি বদলাতে হলে আমাদের আবার জেলে গিয়ে অনশন ধর্মঘট করতে হবে, তার জন্য হয়ত অনেকের প্রাণত্যাগ করতে হবে, তবে এঁরা এঁদের নীতি পরিবর্তন করবেন, তা আমরা জানি। তা সত্ত্বেও আমরা বলছি। এই হল একটা দিক। আর একটা দিক হচ্ছে বিচারাধীন বন্দী ও কয়েদীদের জন্য প্রথম ডিভিশন হলে, তাদের জন্য যে ব্যবস্থা আছে, সেই ব্যবস্থার চেয়েও আরও কতকগুলি খারাপ ব্যবস্থা আছে। তাদের যেমন দেখা সাক্ষাৎ করবার জন্য কোন বাধা নেই, জেল সুপারিণ্টেণ্ডেণ্ট ইচ্ছা করলেই আত্মীয় স্বজন হোক বা যে কেউই হোক দেখা করতে দিতে পারেন কিন্তু যেহেতু আমাদের রাজনৈতিক বন্দীর মর্যাদা দেওয়া হয় না, যদিও তাঁরা জানেন যে এঁরা রাজনৈতিক বন্দী সত্যি সত্যি, সেই জন্য দেখা সাক্ষাতের ব্যাপারে ঐ আই বি এবং এস বি-র উপর নির্ভর করে। এবং তাঁরা ঐ আধ ঘণ্টা বা ১৫ মিনিট সময় দয়া করে যতটুকু দেবেন—সে আত্মীয়-স্বজনরা দূর দূর দেশ থেকেই আসুন বা এখানকারই হোক, ততটুকু সময়ের জনাই দেখা সাক্ষাৎ করবার অধিকার পাওয়া যাবে তার বেশী নয়। দ্বিতীয়তঃ হচ্ছে, আমাদের কোন বইপত্র বাইরে থেকে আনতে হলে এবং সব চেয়ে আশ্চর্যের বিষয় এবার যখন আমাকে ২১ তারিখ শেষ রাত্রে নিয়ে গেল সবার মতই সেই দিনই আমি এই অ্যাসেমব্লী থেকে ঐ পুলিস কমিশনের রিপোর্ট—এটা মন্ত্রিমহাশয়রা শুনে রাখুন, কৈলাসবাবু আছেন শুনে রাখুন পুলিস কমিশনের রিপোর্ট অধ্যক্ষ মহাশয়, আমাদের অ্যাসেমব্লীতে দেওয়া হল সেটাকে আমি নিয়ে গিয়েছিলাম। আমি ভাবলাম যে জেলে গেলে অনেক সময় পাওয়া যাবে জেলখানায় নিয়ে গিয়ে পড়ে ফেলি। আমি সেটা জেল গেটে গিয়ে তাঁদের বললাম যে এই পুলিস কমিশনের রিপোর্টটা সেন্সার করবার কিছু

নেই কারণ পুলিস সেন্সার করবে, এটা জেল সুপারিণ্টেণ্ডেণ্টই দেখে দিন এর ভিতর আমি কোন গোপন জিনিষ নিয়ে এসেছি কি না, দেখে আমাকে এইটা দিয়ে দিন আমি পড়বো। কিন্তু তার পরবর্তী কালে শুনলাম যথারীতি এটা এস বি না আই বি অফিসে পাঠিয়ে দেওয়া হয়েছে সেন্সার করবার জন্য। এবার জেলমন্ত্রী এসেছেন জেলের ব্যবস্থাগুলির কথা একটু দয়া করে শুনুন। এইখানে অ্যাসেমব্লী হাউসে আমাদের ২১ তারিখে দেওয়া হল পুলিস কমিশনের রিপোর্ট, পাবলিক সার্ভিস কমিশন রিপোর্ট, তার মধ্যে এই পুলিস কমিশন রিপোর্টটি নিয়ে আমি ২২ তারিখ সকাল বেলায় যথারীতি দমদম জেলে গেলাম, আমি বললাম যে এই বইটিতে সেন্সার করার কিছু নেই। আবার আই বি অফিসে পাঠালে আমাদের অভিজ্ঞতা আছে ১৫।২০ দিন লেগে যায়—একটি সাধারণ সরকারী পাবলিসড বইও যদি হয় সেই বই সেন্সার করতে, কাজেই কদিন থাকবো জানি না এই বইটা সুপারিণ্টেণ্ডেণ্ট যেন দেখে আমাকে ভিতরে দিয়ে দেয়। কিন্তু এমন চমৎকার সব নিয়ম, বিচারাধীন কয়েদীদের মত আমাদের রাখবার হুকুম এখান থেকে দিয়ে দেওয়া হয়েছে, মন্ত্রিমণ্ডলী নাকি তাই সিদ্ধান্ত করেছেন। কিন্তু বিচারাধীন কয়েদীদের যে সুযোগ ও সুবিধাগুলি আছে আমাদের কিন্তু ডি আই রুলের সেকশন ৩০এ ধরলে সেই সুযোগ সুবিধাগুলি হয় না। কেন দেওয়া হয় না সেটাই জানতে চাই। এই পুলিস কমিশন রিপোর্ট যথারীতি সেন্সর করবার জন্য আই বি অফিসে পাঠিয়ে দিলেন আমাকে না জানিয়ে। আমি সুপারিণ্টেণ্ডেণ্টকে আবার খবর পাঠালাম যে সেই বইটি কি হল, আমাকে পাঠাতে এত দেরী করছেন কেন? তিনি জানিয়ে দিলেন আই বি অফিসে পাঠিয়ে দিয়েছেন কারণ সুপারিণ্টেণ্ডেণ্টের নাকি অধিকার নেই, আমাদের কোন বই তিনি দেখে দিতে পারেন না। বিচারাধীন কয়েদী হলে দিতে পারতেন। কিন্তু খাবার-দাবার ব্যাপারে, ঐ খাট চাইলে বলবেন যে বিচারাধীন কয়েদীদের দিতেই হবে এমন কোন বাধ্যবাধকতা আমাদের নেই, আমাদের যদি কম পড়ে আমরা দেবো না, মাটিতে শোবেন, আমাদের সবাইকে তোষক দিতেই হবে এমন কোন কথা নেই, দুটো কম্বল দিয়ে দেব আপনারা থাকবেন। এই নাকি বিচারাধীন কয়েদীদের ব্যবস্থা আছে। সেই ব্যবস্থাটা কিন্তু ডি আই রুল ৩০র ব্যাপারে প্রয়োগ করা হয়। কিন্তু বিচারাধীন কয়েদী হলেও তাদের খেলাধুলা করবার যে মাঠ আছে সেই মাঠ ব্যবহার করবার অধিকার এদের নেই। বিচারাধীন কয়েদীদের মত থাকার হুকুম হলেও বিচারাধীন কয়েদীদের যে সমস্ত ব্যবস্থা আছে, সুযোগ-সুবিধা আছে দেখা-সাক্ষাতের সেই সব সুযোগ-সুবিধা আমাদের নেই। এবং বিচারাধীন কয়েদী হলে যে সব সযোগ-সুবিধা আছে জেলের ভিতরে সেইগুলি আমাদের নেই। যেমন আমরা ঐ দমদমের ঐ নিকৃষ্টতম সেল, যা এমন অবস্থায় আছে, তার বাইরে আমরা এক পাও যেতে পারি না। এখন মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি গিয়েছিলেন একদিন, গিয়ে দেখবেন ঐটুকু জায়গার ভিতরে ১০০। ২০০ লোক এবং তার সঙ্গে ৫০০ পাগল, উন্মাদ আমাদের সঙ্গে রাখা হয়। আমি জিজ্ঞাসা করতে চাই দমদম জেলে যে আমাদের পাঠান হয় সেকশন ৩০এ ধরে তার কারণ কি এই আমাদের শাস্তি দেবার জন্য, প্রতিহিংসা নেবার জন্য? আপনারা দমদম জেলে ৫০০ উন্মাদের সঙ্গে বিনা বিচারে ধরে নিয়ে ঐখানে আটকে রেখে দিয়েছেন কি জন্য তা আমি জানতে চাই। রাত্রিবেলায় ঘুমান যায় না এই পাগলদের চিৎকারে। দিনেরবেলায় যদি আমরা দরজার কাছে এসে দাঁড়াই তাহলে ঐখানে দাঁড়ান যায় না।

দি অনারেবল জগন্নাথ কোলেঃ পাগলের সঙ্গে রাখা হয় না।

শ্রীকমল গুহঃ গিয়ে দেখে আসবেন। আমাদের ৬নং ওয়ার্ড আর ওদের ৭নং ওয়ার্ড।

শ্রীমনোরঞ্জন রায়ঃ অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলতে চাই। ঐ দমদম জেলে যেখানে জল সব চেয়ে খারাপ, এক ফোঁটা জল পাওয়া যায় না.....

[3-40—4-10 p.m.]

আমরা গেল বার ১৩ মাস থাকার পর বারবার অভিযোগ জানিয়েছি লিখিতভাবে মন্ত্রিমণ্ডলীর কাছে, কিন্তু কোন বিচার হয় নি। এখন শুনছি পাইপ বসান হচ্ছে। এক বৎসর বেরিয়ে এসেছি। এবার ২২শে তারিখে সকালবেলা গিয়ে যখন জিজ্ঞাসা করলাম জলের ব্যবস্থা আছে

কি না, আমাদের বললে ৩নং সেলে গিয়ে চান করে আসুন, ৩নংএ জল ছিল এবং লোকও কম ছিল, সেখান থেকে চান করে এলাম। কিন্তু সেই জল এত খারাপ যে, সেই জল খেলে বা পেটে গেলে কখনো স্বাস্থ্য ভালো থাকতে পারে না। যাঁরাই দমদম জেলে যাচ্ছেন তাঁরাই একটা না একটা ব্যাধি নিয়ে বেরিয়ে আসতে বাধ্য হচ্ছে। ইংরাজ আমলে যেমন আন্দামান ছিল, আপনারা কি সেই রকম ব্যবস্থা করতে চাচ্ছেন। রুল ৩০তে যাঁরা অ্যারেস্টেড হবেন তাঁরা অনশন ধর্মঘট করবেন এবং প্রাণত্যাগ করবেন, তারপর কি তাঁরা উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন? আপনারা বিনা বিচারে আটক রাখবেন, আর আমাদের নিজেদের খরচে জেলে চলতে হবে এই অধিকার সরকারকে কে দিল। সভ্য জগতের কোন জায়গায় আছে আত্মীয়-স্বজনের কাছ থেকে টাকা নিয়ে জেলে খরচ করতে হবে? বিনা বিচারে আটক রেখে রাত্রি ১১৷৷০টায় ছেড়ে দিয়ে বলবেন লাস্ট বাস-এ বা হেঁটে বাড়ী যাও—এই অধিকার কে দিয়েছে? কোন্ সভ্য জগতে এই আইন আছে? আমি জানি আপনদের আইন সেরকমভাবেই চলে। আমার মনে আছে প্রেসিডেন্সী জেল-এর সুপারিনটেন্ডেন্ট যেদিন ছেড়ে দিয়েছিলেন ট্যাক্সির ভাড়া দিয়েছিলেন, কিন্তু দমদম জেলের সুপারিন্টেন্ডেন্ট বললেন কিছু করতে পারব না। কোন্‌টা আইন? জেলমন্ত্রী দয়া করে এগুলো শুনবেন, মন্ত্রি-মণ্ডলী এর জবাব দেবেন কোন্ সভ্যদেশে বিনা বিচারে আটক রেখে বলা হয় আত্মীয়-স্বজনের কাছ থেকে টাকা এনে খরচ কর, একমাত্র ফ্যাসিস্ট দেশ ছাড়া কোন সভ্যদেশে এরকম হয়েছে বলে জানি না। ১৯৩০ সাল থেকে জেল খাটছি। সংগ্রাম করে ইংরাজদের কাছে যে অধিকার আমরা আদায় করেছি সেটা আপনারা কেড়ে নিতে চাচ্ছেন। ১৯৪৮ সালে একবার ৬ জন নিজেদের প্রাণ দিয়ে অধিকার অর্জন করেছিল। এবং যাঁরা জেলে যাচ্ছেন তাঁরা যদি এরকম ব্যবহার পান তাঁদের আবার প্রাণ দিতে হবে, তবে আপনারা আমাদের রাজনৈতিক কয়েদীর মর্যাদা দেবেন। যাঁরা বিচারাধীন বন্দী তাঁদের প্রতি কি ব্যবহার করা হয় সেটা বন্ধুরা বলেছেন, বিচারাধীন বন্দীদের উপর যত রকমে পারা যায় অত্যাচার করা হয়। কেন? তার কারণ কি এই তাঁরা ধর্মঘট করেন, গণতান্ত্রিক আন্দোলন করেন, কৃষক ও শ্রমিক আন্দোলন করেন, যেটা আপনারা চান না? যতই শোষণ ও অত্যাচার হোক, এই সরকারী নীতির বিরুদ্ধে প্রতিবাদ যা হচ্ছে তা হবে, তা আপনারা ঠেকাতে পারবেন না, রাজনৈতিক মর্যাদা আদায়ের জন্য আন্দোলন পূর্বেও হয়েছে এবং হবেও।

Shri Bejoy Kumar Banerjee:

স্যার, আমার একটা বক্তব্য আছে। ৩ দিন ধরে মাননীয় সদস্যরা তাঁদের অভিজ্ঞতার ভিত্তিতে অনেক অভিযোগের কথা বললেন। সরকারের তরফ থেকে ওঁরা যেসমস্ত কথা বলেছেন তার কোন উত্তর দেওয়া হবে কি না আমি জানতে চাই, কারণ তা না হলে আমাদের প্রিভিলেজ নষ্ট হচ্ছে, আমরা তো এখানে শুধু বসে থাকতে আসি নি। এই রকম গুরুতর অভিযোগ থাকা সত্ত্বেও ৩ দিন মুখ্যমন্ত্রী এখানে আসেন নি। হাউসের সমস্ত আইন নষ্ট করার অধিকার কারুর নাই, স্পীকারেরও নাই। তিনি যদি উত্তর না দেন আমরা তাহলে আমাদের কর্তব্য নির্ধারণ করে নিতে পারি।

Shrimati Ila Mitra:

মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি অন্য একটা বিষয়ে বলছি। বঙ্গীয় ছাত্র ফেডারেশনের পক্ষ থেকে প্রায় ১ হাজার ছাত্র মিছিল করে এসেছিল তাদের ৩৩ দফার দাবিপত্র মুখ্যমন্ত্রীর নিকট পেশ করবে বলে, কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় অনুপস্থিত থাকায় তাঁদের কয়েকজন প্রতিনিধিস্থানীয় ছাত্র শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে তাঁদের দাবিপত্র পেশ করেছে। কিন্তু তারা কোনরকম আলোচনার সুযোগ পায়নি। কাজেই তাঁরা আমাকে অনুরোধ জানিয়েছে মুখ্যমন্ত্রী বা শিক্ষামন্ত্রী কখন সময় করে তাঁদের সঙ্গে আলোচনা করতে পারবেন জেনে তাদের জানাবার জন্য। তিনি যদি একটা সময় ধার্য করে জানিয়ে দেন তাহলে আমি খুসী হব।

Shri Nikhil Das:

স্যার, বিজয়বাবু একটা কোজেন্ট প্রশ্ন তুলেছেন।

Mr. Chairman: We are not on discussion of any motion.

Shri Nikhil Das:

মোশন না থাকলেও জরুরী বিষয়ে আমরা এখানে বলতে পারি। অনেক মেম্বার তাঁদের অভিজ্ঞতার কথা বলছেন, অথচ মুখ্যমন্ত্রী তাঁর ঘরে বসে আছেন। তিনি যদি এখানে এসে কিছু না বলেন তাহলে হাউস চলার কি অর্থ?

[At this stage the House was adjourned for twenty minutes.]
[After adjournment.]

[4-10—4-20 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষ: মাননীয় স্পীকার মহাশয়, হাউস রিসেস হবার আগে আমি বলতে সুরু করেছিলাম কাজেই আমি আপনার কাছে নিবেদন করছি সংক্ষেপে আমাকে কিছু বলার সুযোগ দেওয়া হোক।

মিঃ স্পীকার: অনেক কথাই তো বলা হয়েছে।

শ্রীশম্ভুচরণ ঘোষ: আমি সেসব কথার পুনরাবৃত্তি না করে কয়েকটি মূল প্রশ্ন হাউসের কাছে রাখতে চাই।

মিঃ স্পীকার: এখনও মূল প্রশ্ন রাখা হয়নি বলে মনে করছেন?

শ্রীশম্ভুচরণ ঘোষ: আমি অন্যান্য কথার পুনরাবৃত্তি না করে কয়েকটি ইমপরট্যান্ট প্রশ্ন হাউসের সামনে রাখব। আমার মূল বক্তব্য হচ্ছে গত ২৫শে সেপ্টেম্বর যে হরতাল এবং ধর্মঘট ডাকা হয়েছিল সেটা বিভিন্ন বামপন্থী দলের পক্ষ থেকে আহ্বান জানান হয়েছিল।

মিঃ স্পীকার: এত বিশদভাবে বলবেন না।

শ্রীশম্ভুচরণ ঘোষ: স্যার, অন্যান্য বার এবং বিভিন্ন সময়ে বামপন্থী দল হরতালের ডাক দেন। তাঁরা এই ডাক কেন দেন? সরকারের নীতির বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য তাঁরা এই ডাক দেন। গত ২৫শে সেপ্টেম্বর যে হরতাল এবং ধর্মঘট ডাকা হয়েছিল তার মধ্য দিয়ে বামপন্থী দল পরিস্কারভাবে সরকারী নীতির বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপন করেছে এবং সঙ্গে সঙ্গে চোরাকারবারী, মুনাফাখোর এবং ফাটকাবাজদের বিরুদ্ধে প্রত্যক্ষ সংগ্রাম ঘোষণা করেছে। এ ব্যাপারে আমি সরকারী নীতি কি সেটা জানতে চাই। অন্যান্য বার সরকার ব্যবস্থা অবলম্বন করেন, কিন্তু এবারে দেখেছি আমরা যখন মুনাফাখোর এবং ফাটকাবাজদের বিরুদ্ধে হরতালের ডাক দিয়েছি তখন সরকার আগের চেয়ে ১০ গুণ উৎসাহ নিয়ে, প্রস্তুতি নিয়ে সেটা ভাঙ্গবার চেষ্টা করেছেন। অবশ্য তাঁরা তা ভাঙ্গতে পারেননি। এই কথা শুধু আমরা বামপন্থী মঞ্চ থেকে বলিনি, বোম্বেতে এন ভি গ্যাডগিল, অজিত প্রসাদ জৈন প্রভৃতিরা একথা বলেছেন যে, সরকার ব্যর্থ হয়েছেন কাজেই তাঁদের পদত্যাগ করা উচিত। আমরা সেই কথার প্রতিধ্বনি করে হরতালের ডাক দিয়েছিলাম এবং মনে করেছিলাম সরকার আমাদের সঙ্গে সহযোগিতা করবেন এদের বিরুদ্ধে প্রতিবাদ করবার জন্য। কিন্তু আমরা দেখলাম তাঁরা তা না করে নিরীহ মানুষদের গ্রেপ্তার করেছেন, হয়রানি করেছেন। আমি এই ব্যাপারে একটা উদাহরণ দিচ্ছি। হরিপদ ঘোষ নামে একজন শ্রমিক ডানলপ রাবার ফ্যাক্টরীতে কাজ করে। সে রাত ১০টার সিফ্‌ট-এ কাজ করতে গেছে এবং গোয়েন্দা পুলিশ রাত ১২টার সময় তাকে গিয়ে খবর দিল যে তার আত্মীয়স্বজন তার সঙ্গে দেখা করতে এসেছে। এই কথা শুনে সে যখন গেটে এল তখন তাকে গ্রেপ্তার করা হয়েছে।

আমি আপনার কাছে রাখছি হুগলী-চুঁচুড়ার সন্নিকটবর্তী যে সমস্ত গ্রাম আছে সুবর্ণা গ্রামেতে ২৫শে সেপ্টেম্বর বেলা ১২টার সময় কয়েকজন যুবককে গ্রেপ্তার করা হয়। অজুহাত কি? তারা বাস থামিয়েছে, গ্রেপ্তারের পর দেখা গেল সেখানে সশস্ত্র পুলিশ গিয়ে গ্রামের মধ্যে সন্ত্রাসের সৃষ্টি করেছে। সেখানে সমস্ত পুরুষ মানুষকে গ্রেপ্তার করার জন্য কোন পুরুষ মানুষ বাড়ীতে ছিল না, এই অবস্থায় পুলিশ গিয়ে মেয়েদের উপর আশালীন ব্যবহার করেছে, অভদ্র ব্যবহার করেছে, অভদ্র মন্তব্য করেছে। এটা আমি মনে করি তাঁরা গণতান্ত্রিক রাষ্ট্র বলে যেটা ঘোষণা করেন তার সহায়ক নয়।

আর একটা ঘটনা আমি আপনার সামনে রাখছি। সেই ২৫শে সেপ্টেম্বর দেখলাম হুগলী-চুড়ার বুকে কোন ঘটনা ঘটেনি। শনিবার স্বতঃস্ফূর্তভাবে হরতাল হয়েছে, কিন্তু সেখানে মারপাড়ার বাজারে সেখানকার বড় সেখ বলে একজন হাবিলদার হঠাৎ অত্যন্ত উত্তেজিত হয়ে লি করতে যায় কিন্তু সেখানকার সহস্রাধিক মানুষ রুখে দাঁড়ায় সেজন্য সে গুলি করতে রেনি, সি আই এবং বড় বড় অফিসার তাকে বদলী করে দেন। এইভাবে উত্তেজনা সৃষ্টি করে র্মঘট ভাঙ্গা যায় না। অন্যান্যবারেও দেখেছি গ্রেপ্তার করা হয়। তার আমি প্রতিবাদ করছি সরকার আমাদের গ্রেপ্তার করে কারাগারে রাখুন। কিন্তু এবারে আমরা সহযোগিতা চেয়েছিলাম, আমরা আশা করেছিলাম সরকার আমাদের সঙ্গে সহযোগিতা করে, হাত মিলিয়ে কালোবাজারীর বিরুদ্ধে দাঁড়াবেন, তাঁরা কালোবাজারী ধরতে সাহায্য করবেন, কিন্তু তাঁরা করলেন ল্টো।

আর একটা ঘটনা দেখা গেছে। বামপন্থী দলরা ঘোষণা করেছে, কর্মসূচী নিয়েছে যে ান্তিপূর্ণভাবে তাঁরা হরতাল করতে চান, তাঁরা কোন বিদ্রোহ করেনি বা সরকারী নীতির রুদ্ধে যায়নি, তারা চোরাকারবারীদের বিরুদ্ধে সংগ্রামে ডাক দিয়েছে। কিন্তু দেখা গেল লেজের অধ্যাপক শ্রীজয়ন্ত বন্দ্যোপাধ্যায়কে যাদবপুর ইউনিভার্সিটি ক্যাম্পাস থেকে গ্রেপ্তার রা হয়েছে। আমার একজন ছাত্র, অত্যন্ত তরুণ বয়সে, অধ্যাপক সন্দীপ দাস আমারই কলেজে ধ্যাপনা করে, তাকে গ্রেপ্তার করা হল, কিন্তু ইউনির্ভাসিটি বা কলেজ ফ্রন্ট থেকে তো কোন র্মঘটের ডাক দেওয়া হয়নি। আর মানুষের গণতান্ত্রিক অধিকার রয়েছে ধর্মঘটকে সমর্থন করার। কিন্তু মানুষকে অহেতুক গ্রেপ্তার করে এই যে নজির সৃষ্টি করেছেন এটা গণতন্ত্র বিকাশের পথে ক নয়। অপর দিকে এই করে আপনারা সাধারণ মানুষকে আরও এগিয়ে নিয়ে যাবেন তে তারা প্রকাশ্যভাবে সরকারের বিরুদ্ধে আন্দোলন করতে পারে।

শ্রীগিরিজা ভূষণ মুখার্জি: আমি প্রথমেই একথা বলবো যে আমাদের এই হাউসের একজন দস্য শ্রীঅশ্বিনী রায় তাঁকে গত শুক্রবার গ্রেপ্তার করা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তাঁর কোন বর আমি পাইনি। তাঁকে নিশ্চয়ই ছেড়ে দেওয়া হয়নি। কিন্তু তাঁকে গ্রেপ্তার করা হল, আজ র্যন্ত ছাড়া হল না। এ সম্পর্কে সরকারের বা পুলিশ মন্ত্রীর বা জেল মন্ত্রীর কি বক্তব্য শ্চয়ই এই হাউসের সামনে রাখা দরকার বলে মনে করি। সেজন্য আমি বিশেষভাবে দাবী রছি তাঁর সম্পর্কে বক্তব্য আমাদের হাউসের সামনে রাখা হোক।

আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে এই যে আন্দোলন এটা অগণতান্ত্রিক আন্দোলন নয়, এই অধিকার আমরা বরাবরই পেয়ে আসছি আজকেও আমরা সেই অধিকার পেতে চাই। কিন্তু সরকার যে বরাট ষড়যন্ত্র করলেন আমাদের হরতালের বিরুদ্ধে তা অত্যন্ত ন্যক্কারজনক বলে মনে হচ্ছে। সেই াগেকার আমলে বৃটিশ যুগে যা হতো বাড়ী ঘেরাও করে গ্রেপ্তার করা হতো আমাদের গ্রেপ্তারের বলায়ও তাই করা হয়েছে, সেই অবস্থাই হয়েছে কিন্তু অবস্থা সেই রকম থাকলেও তার পরবর্তী অবস্থা কিন্তু সেই রকম নেই। আমি নিজের ঘটনাই বলছি। ভদ্রেশ্বর থানায় সারা রাত রেখে সকাল বেলায় এক কাপ চা খাইয়ে দমদম জেলে ট্রান্সফার করা হল বেলা ১টায়, এর মধ্যে কোন খাওয়া নাই বাধ্য হয়ে নিজের পয়সায় পাউরুটি কিনে খেলাম, বার বার শ্লিপ দিয়েও কোন ব্যবস্থা হয়নি। আমি নিজের পয়সায় পাউরুটি খেয়েছি সেটা বড় কথা নয়, কিন্তু কথা হচ্ছে জেলে সাড়ে দশটায় গিয়েও সেখানে ঢুকতে ঢুকতে বেলা দুটো বেজে গেল কিন্তু তখনও কোন খাবারের ব্যবস্থা হয়নি। সুপারিন্টেন্ডেন্ট বললেন আপনি তো সকালে আসেননি তাই মর্ণিং টিফিন পাবেন না মিড ডে মীল ভিতরে গিয়ে পাবেন। এভাবে দেখলাম কারও কোন দায় নেই। আমরা ৭০।৮০ জন যারা সেখানে গিয়ে পৌঁছলাম তাদের দায়িত্ব কর্তৃপক্ষ নিলেন না, আমাদেরই ব্যবস্থা করতে হল। আপনারা জেলের মধ্যে এতগুলি লোককে রাখলেন তাদের সম্বন্ধে নেসেসারী ইনস্ট্রাকশন পর্যন্ত নেই। খাবার ব্যবস্থা, শোবার ব্যবস্থা, জলের ব্যবস্থা কিছুই নাই।

[4-20—4-30 p.m.]

শোবার কোন ব্যবস্থা নেই, জলের কোন ব্যবস্থা নেই। দমদম জেলে তো জল নেই নিশ্চয়ই আমার পূর্ববর্তী বক্তারা সেকথা বলেছেন। সুতরাং যে সুন্দর পরিকল্পনা করে তাঁরা ধরেছিলেন তার সঙ্গে যদি এই সুন্দর পরিকল্পনা থাকত তাহলে অন্ততঃ এটুক ভাবতাম যে বৃটিশ আমলে

যেটা ছিল সেটা তাঁরা বজায় রাখতে পেরেছেন। কিন্তু সেটাও তাঁরা পারেন নি। তৃতীয়তঃ আর একটা নতুন ঘটনা বলে দিচ্ছি—রাত্রি ১০টার সময় আমাদের ছাড়া হল। আমরা বাড়ী যাব একটা ফরে রেলওয়ে ওয়ারেন্ট দিলেন। ১০টার সময় ওখান থেকে নিজের পয়সায় ধার করে ট্যাক্সি ভাড়া করে হাওড়ায় এসে ১১-৫ মিঃ পৌঁছালাম। ১১-২০ মিনিটে লাস্ট ট্রেন। কাউন্টারে গিয়ে ওয়ারেন্ট দিলাম, বললে সেকেণ্ড ক্লাস টিকিট হবে না, সেকেণ্ড ক্লাস উঠে গেছে। আমি বললাম থার্ড ক্লাস টিকিট তাই দিন। থার্ড ক্লাস কাউন্টারে বললে সেকেণ্ড ক্লাস ওয়ারেন্টে থার্ড ক্লাস টিকিট দিয়ে কি হাত কড়া পরব? আপনি তো হাতকড়া পরেই এসেছেন। ফার্স্ট ক্লাসে গেলাম, তারা দিলে না। সেকেণ্ড ক্লাস তারা দিলে না। তখন ডেপুটি সুপারিন্টেন্ডেন্টের কাছে গেলাম, তিনি বললেন আমি কি করব মহাশয়। আমি তখন বললাম আপনি যদি এর ব্যবস্থা না করেন তাহলে আমি আপনাকে বলছি যে আমি এই ওয়ারেন্ট নিয়ে ট্র্যাভেল করব

I will manage to get myself arrested again by the Chinsura G.R.P. and then I will manage to get myself released on bail.

তারপরের ঠেলাটা আপনাকে সামলাতে হবে। এই প্রেটেণ্ড দেওয়ার পর তিনি ফার্স্ট ক্লাস কাউন্টারে গেলেন, গিয়ে বললেন ম্যানেজ-ট্যানেজ করে দাও। তারপরে লিখেটিকে টিকিটটা আমাকে দিয়ে দিলেন। এই যে ঘটনাটা উল্লেখ করছি এটা জেল কর্তৃপক্ষ জানেন কি জানেন না আমি জানি না। আজকাল সেকেণ্ড ক্লাস উঠে গেছে অথচ তাঁরা সেই আগেকার আমলের পদ্ধতিতে চলছেন এবং এরাও সেই একই পদ্ধতিতে চলছেন যে টিকিট দেব না। এই হচ্ছে অবস্থা। আমি আবার বলছি ধরার জন্য যে সুব্যবস্থা তাঁরা করেছিলেন রাখার সময় এবং ছাড়ার সময় সেই সুবন্দোবস্তর কোন উল্লেখ আমরা দেখলাম না। তা ছাড়া জেলের আভ্যন্তরীণ যে ব্যাপার সেটা নিশ্চয়ই পূর্ববর্তী বক্তারা বলেছেন। আমি আবার বলছি যে অশ্বিনী রায় সম্পর্কে দায়িত্ব হচ্ছে সরকারের এখানে খবর দেওয়ার যে কেন তাঁকে ধরা হয়েছে, কোন চার্জে ধরা হয়েছে এবং কেন তাঁকে ছাড়া হয়নি। এ সম্বন্ধে নিশ্চয়ই আমরা খবর পেতে চাই।

(Shri Mrigendra Bhattacharyya rose to speak.)

Mr. Speaker: Mr. Bhattacharyya, it has already been discussed at length.

Shri Mrigendra Bhattacharyya:

মিঃ স্পীকার, স্যার, অন্য যাঁরা বলেছেন সে সম্বন্ধে আমি বলব না, কিন্তু আমাদের ওখানে কমরেড সুকুমার সেনকে এ্যারেস্ট করা হয়েছে গত ২৬ তারিখে। ২৬ তারিখে ১১টার সময় তাঁকে এ্যারেস্ট করা হল, কে এ্যারেস্ট করলেন, কেন এ্যারেস্ট করলেন তার কোন কারণ নেই তিনি জেলার বিভিন্ন জায়গা থেকে ঘুরে মোটর স্টেশনে নেমেছেন ন্যাশান্যাল ভোলান্টিয়ার ফোর্সের যে টিকটিকি গিরগিটি থাকে তাঁকে সাদা পোষাকে এসে বললেন যে আপনাকে থানায় যেতে হবে। কেন যেতে হবে, না, যেতে হবে। কিছু ডকুমেন্ট আছে, ওয়ারেন্ট আছে? না, কিছু নেই। এইভাবে বাংলাদেশের একজন গণ্যমান্য কর্মী স্বাধীনতা সংগ্রামের সময় ১৬ বছর ধরে যিনি বাংলাদেশের বিভিন্ন জেল এবং আন্দামান জেল খেটেছেন তাঁকে সাধারণ একটি পুলিশ ধরে নিয়ে এলেন, ওয়ারেন্ট নেই কিছু নেই। তাঁকে থানায় ৩/৩৷৷টা পর্যন্ত আটকে রাখা হল, তারপর মেদিনীপুর জেলা অফিসে খবর দেওয়া হল, সেখান থেকে জীপ নিয়ে এসে ওয়ারেন্ট নিয়ে এসে তাঁকে নামান হল। এইভাবে একজন নাগরিকের যে স্বাধীনতা তা যদি হরণ করা হয়, ওয়ারেন্ট না দেখিয়ে সাধারণ পুলিশ দিয়ে ন্যাশন্যাল ভলান্টিয়ার ফোর্স দিয়ে যদি তাঁকে আটকে রাখা হয় তাহলে দেশে গণতন্ত্র যে কিভাবে চলছে সেটা বোঝা যায় এবং তাঁকে এ্যারেস্ট করে কোথায় নিয়ে যাওয়া হয়েছে আমরা জানি না। আমরা তাঁর সম্বন্ধে জানতে চাই এবং এইভাবে গ্রেপ্তারের প্রতিবাদ জানাচ্ছি

(Shri Nathaniel Murmu rose to speak.)

Mr. Speaker: Mr. Murmu, I will not allow any further discussions.

Shri Nikhil Das:

মিঃ স্পীকার, স্যার, উনি বলতে চান শম্ভু গোপাল দাস, এম এল এ, তাঁকে ধরা হয়েছে, জামিন দেওয়া হয়নি। অথচ এ্যারেস্টের যে লিস্ট দিচ্ছেন তাতে এম এল এ-দের নাম দেখছি না—অশ্বিনী বাবুর নাম দেখছি না, বিনয় বাবুর কি অবস্থা জানিনা, শম্ভুগোপাল দাস, একজন এম এল এ, তাঁর অবস্থা জানি না।

Mr. Speaker: I am waiting for giving you the information.

Shri Nikhil Das:

(ঘ) ৪৭৪ টাকাই দীর্ঘদিন যাবত অনাদায় আছে। এই ঋণ সরকার কর্তৃক প্রদত্ত হয় নাই সুতরাং সরকারের পক্ষে আদায়ের ব্যবস্থা করার প্রশ্ন উঠে না।

(ঙ) উক্ত সোসাইটিকে লিকুইডিশনে দেওয়ার এখন পর্যন্ত কোন সিদ্ধান্ত হয় নাই।

(চ) প্রশ্ন উঠে না।

Seizure and requisition of paddy

877. (Admitted question No. 1755.) **Shri Sanat Kumar Raha:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) সরকার কর্তৃক সীজ ও রিকুইজিশান করা ধান কি হারে মিলে ভাংগা হয়; এবং

(খ) মুর্শিদাবাদ জেলায় সীজ করা ধান কোথায় কোন্ কোন্ মিলে ভাংগার ব্যবস্থা হয়?

The Minister for Food and Supplies:

(ক) সরকার এরূপ কোন হার স্থির করিয়া দেন নাই।

(খ) এই বৎসর মুর্শিদাবাদ জেলায় কোন ধান সীজ করা হয় না। অতএব এ প্রশ্ন উঠে না।

Roads in Midnapore Town

878. (Admitted question No. 1777.) **Shri Syed Shamsul Bari:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) the amount, if any, sanctioned in 1963-64 and 1964-65 for improvement of roads in Midnapore Town;

(b) which of the roads have been taken up or are going to be taken up for improvement; and

(c) what are their lengths?

The Minister for Public Works: (a) In the year 1963-64, a sum Rs. 1,46,970 was sanctioned as Government grant out of total estimat cost of Rs. 2,20,460. The balance is Municipality's one third share contribution.

No amount has yet been sanctioned during the year 1964-65.

(b)(i) Barabazar road from N. L. Khan Road at Jagannath Tem Chawk via Mirbazar Colonelgola Chawk up to Bhangipukur Chawk w link road (Hardinge School).

(ii) Culvert (bridge) at Dariband Road from N. L. Khan Road.

(iii) Dariband Road from N. L. Khan Road at Nimtola Chawk via G Mazid, Rajabazar Chawk, up to Judge's Court East Gate.

(iv) Civil Court Road at Keranitola via Judge's Court North Gat Civil Court Post Office up to Civil Court East Gate.

(v) Part of Sahid Khudiram Road to Poultry tank to Midnapore.

(vi) Sahid Khudiram Road to Police Office.

(c) The total length of the roads is 3.56 miles.

Contai Agricultural Industrial Co-operative Marketing Society

879. (Admitted question No. 1808.)

শ্রীসুধীরচন্দ্র দাস: সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি কৃষি শিল্প সমবায় বিপণন সমিতিকে যে টাকা ঋণ দেওয়া হইয়াছে তা পরিশোধের কি শর্ত আছে;

(খ) শর্তের কিস্তি অনুযায়ী এ সমিতি ঋণের টাকা পরিশোধ করিয়াছে কিনা এবং এখন কত টাকা ঋণ পরিশোধ হয় নাই;

(গ) কিস্তি খেলাপ হইয়া থাকিলে সেই সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে;

(ঘ) ঐ সমিতির বর্তমান মূলধন টাকার মধ্যে টাকা কত ও মাল কত এবং কত টাকার কি মাল আছে;

(ঙ) ঐ সমিতিকে গুদাম ঘরের জন্য যে টাকা দান ও ঋণ দেওয়া হইয়াছে সেই গুদাম ঘ কোথায় কোন্ দাগের উপর নির্মিত হইয়াছে; এবং

(চ) ঋণ টাকার জামিনদার কে এবং তাঁহার কত টাকার কি সম্পত্তি রহিয়াছে?

The Minister for Co-operation:

(ক) গুদাম নির্মাণকল্পে ঋণ ১৫,০০০ টাকা সুদ সহ ১৫টি সমান বাৎসরিক কিস্তিতে পরিশোধযোগ্য এবং প্রথম কিস্তি ১৯৫৮ সালে দেয়।

(খ) না। ১২,০০০ টাকা এখনও বাকি আছে।

(গ) বার বার তাগিদ সত্ত্বেও আদায় না হওয়ায় এবং সমিতির আর্থিক অবস্থা ও পরিচালনার অবনতি ঘটায় সমিতিকে লিকুইডেশনে দেওয়ার আদেশ হইয়াছে। লিকুইডেটরকে আইনানুগ ব্যবস্থা অবলম্বনের নির্দেশ দেওয়া হইয়াছে।

(ঘ) মূলধন—৪৭,১২৮ টাকা।

(১) টাকা—৩,০০৮ টাকা।

(২) মাল—১০,৫৩৫ টাকা।

(৩) অগ্রিম দাদন—২৩,১৩১ টাকা।

মোট—৩৬,৬৮২ টাকা।

মূল—
(১) সার—৮,৭০৪ টাকা।
(২) কয়লা—১,০০০ টাকা।
(৩) কাঠ—৮৩১ টাকা।

মোট—১০,৫৩৫ টাকা।

(৪) সমিতি কোন গুদাম ঘর নির্মাণ করে নাই।
(৫) কোন ব্যক্তিগত জামিনদার নাই।

Tribal Welfare Scheme in Murshidabad district

880. (Admitted question No. 1879.)

শ্রীসনৎকুমার রাহা: আদিবাসি-মঙ্গল বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন
(ক) মুর্শিদাবাদ জেলার কোন্ থানায় কত উপজাতি বসবাস করে এবং কোন্ থানায় কত টাকা
(খ) গত দুই বৎসরে উপজাতি কল্যাণের জন্য ব্যয়িত হয়?

The Minister of State for Tribal Welfare:
(ক) টি বিবরণী নিম্নে রক্ষিত হইল।

Statement referred to in reply to unstarred question No. 880

মুর্শিদাবাদ জেলায় থানা-ওয়ারী আদিবাসী জনসংখ্যা ও অন্যান্য তথ্য

	থানা	আদিবাসী জনসংখ্যা	ব্যয়িত অর্থের পরিমাণ	
			১৯৬২-৬৩	১৯৬৩-৬৪
			টাকা	টাকা
১)	করাকা	১ ৪২১	৪৬,৯৩৫	৩,৩১২
২)	শামসিরগঞ্জ	৩	..	..
৩)	সুতি	১৪০	..	..
৪)	রঘুনাথগঞ্জ	৯৬৬	১০০	..
১)	সাগরদীঘি	৮,৬০৪	২৫,৮০৩	১২,০১০
২)	লালগোলা	১০	..	..
৩)	ভগবানগোলা	২৩৫	..	..
৪)	রাণীনগর	১৬১	..	..
১)	জিয়াগঞ্জ	১,৫৬২	৪৬	১২৯
২)	মুর্শিদাবাদ	২,২৫৫	৪৮৩	..
৩)	নবগ্রাম	৭,৬৫৫	২৯,২০৩	২৭,২১৬
৪)	জলঙ্গী	১০৭	..	..

	থানা	আদিবাসী জনসংখ্যা	ব্যয়িত অর্থের পরিমাণ ১৯৬২-৬৩	১৯৬৩-৬
			টাকা	টাকা
(১৩)	ডোমকল	২৪০	..	..
(১৪)	নওয়াদা	২৫৯	..	..
(১৫)	হরিহরপাড়া	১,৩৪৮	৯৬৩	..
(১৬)	বেলডাঙ্গা	১৩৩	..	২৫
(১৭)	বহরমপুর	৩,৭৫৬	১৪,৭৩৮	২৪,০৭৫
(১৮)	খরগ্রাম	৫৮৭	১,৬৫০	১০,১৬৫
(১৯)	কান্দী	১,২১৯	১৬,১৩৫	৬২৪
(২০)	বারওয়ান	৭৯১	২৫,৬৭৩	২৪১
(২১)	ভরতপুর	..	..	..

*কেবলমাত্র আদিবাসী-মঙ্গল বিভাগ হইতে।

Bus routes in Bankura district

881. (Admitted question No. 1503.)

শ্রীজলেশ্বর হাঁসদা: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের ৩১এ মার্চ পর্যন্ত বাঁকুড়া জেলায় কতগুলি বাস রুট চালু ছিল;

(খ) ঐ বাস রুটের প্রত্যেকটিতে পাকা ও কাঁচা রাস্তার পরিমাপ কত;

(গ) প্রত্যেক রুটের বাসের সংখ্যা ও বাসের ভাড়ার হার কত;

(ঘ) ১৯৬৪-৬৫ সালে ঐ জেলায় কোনও নূতন রুট চালু করার প্রস্তাব আছে কি না; এ

(ঙ) যে সমস্ত রুটে যাত্রীর ভীড় হইতেছে সেই সমস্ত রুটে বাস বাড়ানোর প্রস্তাব আ কি না?

The Minister for Home (Transport)

(ক), (খ), (গ) ১নং তালিকা দ্রষ্টব্য।

(ঘ), (ঙ) ২নং তালিকা দ্রষ্টব্য।

Statement referred to in reply to clauses (Ga) and (Gha) of unstarred question No. 881

তালিকা নং ১

১৯৬৪ সালের ৩১এ মার্চ পর্যন্ত বাঁকুড়া জেলায় চালু বাসের সংখ্যা—

(ক) বাস রুটের নাম	বাস রুটের পাকা ও কাঁচা রাস্তার পরিমাপ			প্রত্যেক রুটে বাসের সংখ্যা	বাসের ভাড়ার হার
	পাকা রাস্তা আনুমানিক	কাঁচা রাস্তা আনুমানিক	মোট আনুমানিক		
	মাইল	মাইল	মাইল		
১। বাঁকুড়া মেজিয়া ভায়া গঙ্গাজলঘাটী	২৭	..	২৭	৪	প্রতি যাত্রীর জন্য মাইল প্রতি নিম্ন শ্রেণীর জন্য ৫ (পাঁচ) পয়সা এবং উচ্চ শ্রেণীর জন্য ৮ পয়সা হিসাবে।
২। বাঁকুড়া বাকুলিয়া ভায়া গঙ্গাজল ঘাটী মেজিয়া	৩০	৭	৩৭	১	
৩। বাঁকুড়া শালতোরা ভায়া গঙ্গাজলঘাটী কুসুল	৩০	..	৩০	১	
৪। বাঁকুড়া মেজিয়া ভায়া ছাতনা শালতোড়া তেতলকবী	৪০	..	৪০	১	
৫। বাঁকুড়া তিলুড়ি ভায়া ছাতনাঠকান শালতোড়া	৩৩	..	৩৩	১	
৬। বাঁকুড়া মেজিয়া ভায়া-ছাতনা কুসুল-গঙ্গাজলঘাটী	৪২	১০	৫২	১	
৭। বাঁকুড়া হাটগ্রাম ভায়া ছাতনা ধলপুর আইলা পর্যন্ত।	১৮	৮	২৬	১	
৮। বাঁকুড়া কেন্তাকুরা মলিরান পর্যন্ত	১৩	১৭	৩০	২	
৯। বাঁকুড়া কেন্তাকুড়া	১৩	..	১৩	১	
১০। বাঁকুড়া গড়াবাড়ী ভায়া ইন্দপুর সাতড়া	৩২	২	৩৪	৩	
১১। বাঁকুড়া.....ভায়া খাতরা কেচলা ঘাট	৩২	৬	৩৮	১	
১২। বাঁকুড়া ঝিলিমিলি ভায়া ভাতরা রাণাঘাট	৫২	..	৫২	৩	
১৩। বাঁকুড়া কুলকুসামা ভায়া খাতরা রাইপুর মঠগোলা	৪৪	১২	৫৬	২	
১৪। বাঁকুড়া মধিয়ারা সিমলা বাঁধ ভায়া ইন্দপুর খাতরা	৩৩	৪	৩৭	১	
১৫। বাঁকুড়া কোঁকড়াদাড়া ভায়া ইন্দপুর খাতরা	২৯	৫	৩৪	১	
১৬। বাঁকুড়া সারেঙ্গা ভায়া ইন্দপুর খাতরা গোপালপুর	৩৫	৯	৪৪	১	
১৭। বাঁকুড়া জোমনা ভায়া খাতরা লক্ষ্মীসাগর	৩৬	৪	৪০	২	
১৮। বাঁকুড়া রাইপুর ভায়া তাল সিমলাপাল	৩৬	..	৩৬	৪	
১৯। বাঁকুড়া কুলবেরিয়া ঘাট ভায়া তাল সিমলাপাল	৪৭	২	৪৯	১	

(ক) বাস রুটের নাম	বাস রুটের পাকা ও কাঁচা রাস্তার পরিমাপ			প্রত্যেক রুটে বাসের সংখ্যা	বাসের ভাড়ার হার
	পাকা রাস্তা আনুমানিক	কাঁচা রাস্তা আনুমানিক	মোট আনুমানিক		
	মাইল	মাইল	মাইল		
২০। বাঁকুড়া-লক্ষ্মীসাগর ভায়া হাড় মাসরা ..	১০	১৮	২৮	৩	
২১। বাঁকুড়া-ব্রাহ্মনডিহা ভায়া তাল ..	৪০	৩	৪৩	১	
২২। বাঁকুড়া-ভূতসহর ভায়া তাল সিমলাপাল ..	২৪	১০	৩৪	১	
২৩। বাঁকুড়া-বিষ্ণুপুর ভায়া রামসাগর ..	২০	..	২০	৫	
২৪। বাঁকুড়া বিষ্ণুপুর ভায়া ওন্দা তালডাংরা পাচমুড়া পিয়াবাড়োবা।	৪০	১০	৫০	১	
২৫। বাঁকুড়া বিষ্ণুপর ভায়া ওন্দা পাচমুড়া ..	৩০	১০	৪০	১	
২৬। বিষ্ণুপুর-জয়রামবাটি ভায়া ধিকাদহ বেতল ..	৮	২২	৩০	২	
২৭। বিষ্ণুপুর-জয়রামবাটি ভায়া কোতলপুর ..	২৬	..	২৬	১	
২৮। বিষ্ণুপুর-জয়রামবাটি ভায়া মানাপুর লেগো ..	১৪	২০	৩৪	১	
২৯। বিষ্ণুপুর-লোগা ভায়া ময়নাপুর ..	১৪	৪	১৮	১	প্রত্যেক যাত্রীর জ
৩০। বাঁকুড়া-পাত্রসায়ের ভায়াবেলিয়াতোড় সোণামুখী বালসী পর্যন্ত	৩৪	৮	৪২	১	মাইল প্রতি নি শ্রেণীর জন্য (পাঁচ) পয়সা
৩১। বাঁকুড়া-পাত্রসায়ের ভায়া বেলিয়াগেড় সোণামুখী বালসী পর্যন্ত।	৩৪	৯	৪৩	১	উচ্চ শ্রেণীর জ ৮ (আট) পয়
৩২। বাঁকুড়া-রাঙ্গামাটি ঘাট ভায়া বেলিয়াতোড় হাট আজুবিয়া।	৩০	..	৩০	১	হিসাবে।
৩৩। বাঁকুড়া-রাঙ্গামাটি ঘাট ভায়া দেসুবিয়া ফুলবেড়িয়া	৩০	১৫	৪৫	১	
৩৪। বাঁকুড়া-জগন্নাথপুর ভায়া ফুলবেড়িয়া ..	১৬	১৪	৩০	১	
৩৫। বিষ্ণুপুর-কোতুলপুর জয়রামবাটি পর্যন্ত ..	২৬	..	২৬	১	
৩৬। বাঁকুড়া-বাতডা ভায়া গড়াবাড়ী অম্বিকানগর ঘাট পর্যন্ত।	৩২	৫	৩৭	১	
৩৭। বাঁকুড়া-কোতুলপুর জয়রামবাটি পর্যন্ত ..	২৬	..	২৬	১	
৩৮। বাঁকুড়া-আলিঝাড়া ভায়া দলপুর ..	১৪	৬	২০	১	
৩৯। বাঁকুড়া-সারেঙ্গা ভায়া তাল সিমলাপাল ..	৩৬	..	৩৬	১	
৪০। বাঁকুড়া-বতড়া ভায়া আড়ালডিহি বিরড়া ..	১০	২৮	৩৮	১	
৪১। বাঁকুড়া-আহল্যা ভায়া কালিপাথর ..	১০	১৬	২৬	২	

(ক) বাস রুটের নাম	বাস রুটের পাকা ও কাঁচা রাস্তার পরিমাপ			প্রত্যেক রুটে বাসের সংখ্যা	বাসের ভাড়ার হার
	পাকা রাস্তা আনুমানিক	কাঁচা রাস্তা আনুমানিক	মোট আনুমানিক		
	মাইল	মাইল	মাইল		
৪২। বাঁকুড়া-রাজামাটি ঘাট ভায়া বেলিয়াতোড় সোনামুখী।	৩৪	..	৩৪	১	প্রত্যেক যাত্রীর জন্য মাইল প্রতি নিম্ন শ্রেণীর জন্য ৫ (পাঁচ) পয়সা ও উচ্চ শ্রেণীর জন্য ৮ পয়সা মাইল হিসাবে।
৪৩। বাঁকুড়া-পালা ভায়া খাতড়া	৩৬	৪	৪০	১	
৪৪। বিষ্ণুপুর-হেতিয়া ভায়া জয়পুর	১০	৮	১৮	১	
৪৫। বাঁকুড়া-মর্বুকণ্ডা ডিসেরগড় ঘাট পর্যন্ত ..	৪০	১৩	৫৩	২	
৪৬। বাঁকুড়া-পুরুলিয়া ভায়া রঘনাথপুর ..	৭২	..	৭২	২	
৪৭। বাঁকুড়া-পুরুলিয়া ভায়া হুড়া	৩০	২২	৫২	১	
৪৮। বাঁকুড়া-মাধবাজার ভায়া ইন্দপুর মলিয়ান ..	১৪	১৬	৩০	১	
৪৯। বাঁকুড়া-ডিসেরগড় ঘাট ভায়া ছাতনা শালতোড়া তিলুড়ি।	৪০	১৩	৫৩	৩	
৫০। বাঁকুড়া-কাশীপুর ভায়া আড়া ..	১৬	২০	৩৬	১	
৫১। গোপালপুর-খাতড়া ভায়া মসিয়াড়া মানবাজার পর্যন্ত।	২২	..	২২	৯	
৫২। বাঁকুড়া-গোপালপুর ভায়া ইন্দপুর মলিয়ান মানবাজার পর্যন্ত।	১৪	১৫	২৯	১	
৫৩। বাঁকুড়া কামারপুকুর ভায়া ওলা বিষ্ণুপুর জয়রামবাটি।	৪৯	..	৪৯	১	
৫৪। বিষ্ণুপুর, কালীপুর ভায়া জয়রামবাটি ..	৪০	..	৪০	১	
৫৫। বিষ্ণুপুর-কালীপুর ভায়া ঘাটাল ..	৪০	..	৪০	২	
৫৬। বিষ্ণুপুর-কালীপুর ভায়া তাজপুর ..	৩৭	..	৩৭	২	
৫৭। বাঁকুড়া-দুর্গাপুর বেলষ্টেসন ভায়া বেলিয়াতোড়	২৭	..	২৭	১০	
৫৮। বাঁকুড়া দুর্গাপুর ষ্টেশন ভায়া ফুলবেড়িয়া ..	২৫	১৪	৩৯	১	
৫৯। বাঁকুড়া দুর্গাপুর ষ্টেশন ভায়া মালিয়াড়া ..	৪৬	..	৪৬	৪	
৬০। তিলুড়ি-দুর্গাপুর ষ্টেশন ভায়া শালতোড়া সোনিয়া মালিয়াড়া।	৪০	..	৪০	১	
৬১। পাঁচাল দুর্গাপুর ষ্টেশন ভায়া বেলিয়াতোড় ..	১৩	৭	২০	১	
৬২। সোনামুখী দুর্গাপুর ষ্টেশন ভায়া রাজামাটি ..	২৪	..	২৪	১	
৬৩। বাঁকুড়া পুরুলিয়া ভায়া বেলুট	২০	৪৯	৬৯	১	
৬৪। বিষ্ণুপুর-কোতুলপুর ভায়া জয়পুর কামারপুকুর পর্যন্ত।	৩০	..	৩০	১	

Statement referred to in reply to Clauses (Ga) and (Gha) of unstarred question No. 881

তালিকা নং ২

আর টি এ, বাঁকুড়া, নিম্নলিখিত রুটে বাস চালু করার প্রস্তাব মঞ্জুর করিয়াছেনঃ—

ক্রমিক নং, বাসরুটের নাম ও কয়টি বাস চালু করা দরকার

১। বাঁকুড়া হইতে দুর্গাপুর রেলওয়ে স্টেশন ভায়া বেলিয়া রোড—১
২। বাঁকুড়া হইতে টাটানগর ভায়া খাতড়া, ঝিলিমিলি, কুইলাপাল, বান্দোয়ান, কাটিং—১
৩। বাঁকুড়া হইতে হাটগ্রাম ভায়া ছাতনা, ঝাটিপাহাড়ী রেল স্টেশন—১
৪। খাতড়া হইতে ঝাড়গ্রাম ভায়া ঝিলিমিলি, বেলপাহাড়ী, বাঁশপাহাড়ী—১
৫। ইন্দাস হইতে দুর্গাপুর রেলওয়ে স্টেশন ভায়া সোনামুখী, রাঙামেটিয়াঘাট—১
৬। পাত্রসায়ের হইতে দুর্গাপুর রেলওয়ে স্টেশন ভায়া সোনামুখী, রাঙামেটিয়া—১
৭। বাঁকুড়া হইতে খাতড়া ভায়া রতনপুর পাইকা ইত্যাদি—১
৮। সোনামুখী হইতে দুর্গাপুর রেলওয়ে স্টেশন ভায়া রাঙামেটিয়া—১
৯ গোড়াবাড়ী হইতে সারেঙ্গা ভায়া খাতড়া, ধবনী, কাকরদাড়া পিড়রগড়ী—১
১০। বিষ্ণুপুর হইতে দুর্গাপুর রেলওয়ে স্টেশন ভায়া রাধানগর, সোনামুখী
১১। বাঁকুড়া হইতে সিউড়ি ভায়া ইলামবাজার—১
১২। বাঁকুড়া হইতে রাইপুর ভায়া তালডাংরা সিমলাপাল—১
১৩। বাঁকুড়া হইতে তিশুড়ী ভায়া ছাতনা, ধরন, শালতোড়া—১
১৪। বাঁকুড়া হইতে বিষ্ণুপুর ভায়া ওন্দা, রামসাগর—২
১৫। বাঁকুড়া হইতে সারেঙ্গা ভায়া তালডাংরা, সিমলাপাল পিয়ারগাড়ী—১
১৬। বাঁকুড়া হইতে লক্ষ্মীসাগর ভায়া রতনপুর হাড়মাসড়া—১
১৭। বাঁকুড়া হইতে কেঞ্জাকুড়া ভায়া ছাতনা—১
১৮। বাঁকুড়া হইতে জোড়িসা ভায়া ইন্দপুর, খাতরা, লক্ষ্মীসাগর—২
১৯। বাঁকুড়া টাউন সার্ভিস—২
২০। বাঁকুড়া হইতে বিষ্ণুপুর ভায়া ওন্দা, তালডাংরা, পাঁচমুড়া, পিয়ারডোবা—১
২১। বাঁকুড়া হইতে ভূতসহর ভায়া রতনপুর, তালডাংরা, সিমলাপাল—১
২২। বাঁকুড়া হইতে ব্রাহ্মণডিহা ভায়া তালডাংরা, সিমলাপাল—১
২৩। বাঁকুড়া হইতে ফুলকুসমা ভায়া তালডাংরা সিমলাপাল—১
২৪। বাঁকুড়া হইতে ইন্দাস—১
২৫। বিষ্ণুপুর হইতে ইন্দাস ভায়া পাত্রসায়ের—১
২৬। বিষ্ণুপুর হইতে কামারপুকুর ভায়া বাঁকাদহ, বৈতল—১
২৭। বাঁকুড়া হইতে শান্তিনিকেতন ভায়া দুর্গাপুর ইলামবাজার—১
২৮। বাঁকুড়া হইতে রাঁচী ভায়া পুরুলিয়া—১
২৯। বাঁকুড়া হইতে দেওঘর ভায়া চিত্তরঞ্জন—১
৩০। বাঁকুড়া হইতে দুর্গাপুর রেলওয়ে স্টেশন ভায়া মালিয়াড়া—১
৩১। বাঁকুড়া হইতে পুরুলিয়া-রঘুনাথপুর (এক্সপ্রেস)—১
৩২। গোরাবাড়ী হইতে দুর্গাপুর রেলওয়ে স্টেশন ভায়া বাঁকুড়া (এক্সপ্রেস)—১
৩৩। বাঁকুড়া হইতে দুর্গাপুর রেলওয়ে স্টেশন ভায়া ছাতনা, ঝাটিপাহাড়ী, শালতোড়া, বাস আসুড়িয়া, গঙ্গাজলঘাটী, মালিয়াড়া—১
৩৪। বাঁকুড়া হইতে বর্ধমান ভায়া বেলিয়া রোড, সোনামুখী, পাত্রসায়ের, রসুলপুর, খণ্ড-ঘোষ, পেলেমপুর ঘাট—১
৩৫। দুর্গাপুর হইতে খন্দপুর ভায়া বাঁকুড়া—১
৩৬। বাঁকুড়া হইতে [illegible]টী ভায়া বিষ্ণুপুর কোতুলপুর—১

ক্রমিক নং. বাসরুটের নাম ও কয়টি বাস চালু করা দরকার

৩৭। বাঁকুড়া-মণিয়ারা ভায়া হাতীরামপুর হিরাবাঁধ, দেওলাগোড়া—১
৩৮। বাঁকুড়া হইতে কুলকুসমা ভায়া খাতরা—১
৩৯। বাঁকুড়া-গোড়াবাড়ী ভায়া খাতরা—১
৪০। বাঁকুড়া হইতে হাটগ্রাম ভায়া ঝাটিপাহাড়ী—১
৪১। বাঁকুড়া হইতে রোল ভায়া পাত্রসায়ের—১
৪২। বাঁকুড়া হইতে পাত্রসায়ের ভায়া বেলিয়াতোর সোনামুখী—১
৪৩। পাত্রসায়ের হইতে বিষ্ণুপুর ভায়া প্রকাশঘাট—১
৪৪। বাঁকুড়া-ঝিলিমলি ভায়া খাতড়া—১
৪৫। বাঁকুড়া হইতে সোমসার ভায়া বেলিয়াতোর সোনামুখী পাত্রসায়ের—১

Cattle and manure purchase loans in Rajnagar police-station, Birbhum

882. (Admitted question No. 1694.)

শ্রীসন্ধ্যেশ্বর মণ্ডল: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বীরভূম জেলার রাজনগর থানায় কতজন কৃষককে কৃষির উন্নতির জন্য গরু কেনা এবং সার কেনার জন্য ঋণ ১৯৬৩-৬৪ সালে দেওয়া হইয়াছিল?

The Minister of State for Agriculture and Community Development:

১৯৬৩-৬৪ সালে বীরভূম জেলার রাজনগর থানায় ১৪৫ জনকে বলদ ক্রয়ের জন্য মোট ২২,০০০ টাকা ঋণ এবং সার ক্রয়ের জন্য ১৭৯ জনকে মোট ১০,০০০ টাকা ঋণ দেওয়া হইয়াছিল।

Government vested lands in Berhampur-Hariharpara Circle

883. (Admitted question No. 1731.)

শ্রীসাংকুমার রাহা: ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর হরিহরপাড়া সার্কেলের অন্তর্গত কত জমি সরকারে ন্যস্ত;
(খ) উক্ত জমির কত পরিমাণ সরকার দখল লইয়াছেন; এবং
(গ) কত জমি বিলি হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) মোট ২৫৬২·৯৭ একর।
(খ) মোট ১৭২৭·৮৭ একর।
(গ) ২৯·৭১ একর বিলি হইয়াছে। বাকী জমি বন্দোবস্তের জন্য দরখাস্ত আহ্বান করা হইয়াছে।

Assessment of Berhampur Municipality

884. (Admitted question No. 1650.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পৌরসভার এসেসমেণ্ট কবে হইয়াছে;
(খ) এই এসেসমেন্টের প্রতিবাদে সরকার কোন প্রতিবাদলিপি পাইয়াছেন কিনা; এবং
(গ) প্রতিবাদ পাইয়া থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) ১৯৬০-৬৪ আর্থিক বৎসরে।
(খ) হ্যাঁ।
(গ) বিষয়টি বর্তমানে হাইকোর্টের বিচারাধীন থাকায় এ বিষয়ে সরকারের কিছুই করনীয় নাই।

Rest shed at the Triveni funeral ghat

885. (Admitted question No. 1789.)

শ্রীমনোরঞ্জন বক্সী: স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জ্যাইবেন কি—

(ক) হুগলী জেলার ত্রিবেণী শবদাহ ঘাটে (বাঁশবেড়িয়া) শব সৎকারিগণের জন্য বিশ্রামাগার স্থাপনের কোন পরিকল্পনা আছে কি না;

(খ) উক্ত স্থানে শবদাহ করার জন্য সরকারের ১৯৬২-৬৩ সালে কত টাকা আয় হইয়াছে?

The Minister for Local Self-Government and Panchayats:

(ক) ত্রিবেণী শবদাহ ঘাটে একটি পাকা বিশ্রামাগার আছে। নূতন কোনও বিশ্রামাগার স্থাপনের পরিকল্পনা বর্তমানে নাই।

(খ) এই শবদাহ ঘাটটি বাঁশবেড়িয়া পৌরসভার, সরকারের নহে। সুতরাং সরকার কোনও শবদাহ করার জন্য অর্থ আদায় করে না। ঐ পৌরসভা ১৯৬২-৬৩ সালে ঐ ঘাটের শবদাহ বাবদ মোট ৬,৯৭৫ টাকা আদায় করিয়াছে।

White tigers

886. (Admitted question No. 1824.)

শ্রীসুধীরচন্দ্র দাস: পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার চিড়িয়াখানায় যে সাদা বাঘ আনা হইয়াছে তাহা দেখিবার টিকিট বিক্রয় বাবদ এ পর্যন্ত কত টাকা পাওয়া গিয়াছে;

(খ) ঐ টিকিটের ব্যবস্থা কতদিন চালু রাখা হইবে?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) ১৯৬৩ সালের ১৪ই অগাস্ট হইতে বর্তমান বৎসরের ৩১এ অগাস্ট পর্যন্ত সাদা বাঘ দেখিবার টিকিট বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ ১,৭৪,৩৩০·৭৫ টাকা।

(খ) বর্তমান টিকিট ব্যবস্থা পরিবর্তন করিবার বিষয় আপাততঃ সরকার বিবেচনা করিতেছেন না।

Supply of History and Science books for class IV to different districts

887. (Admitted question No. 1876.)

শ্রীসৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি প্রাথমিক স্কুলের জন্য যে যে পুস্তক সরকার কর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার মধ্যে ইতিহাস (৪র্থ শ্রেণীর জন্য) ও বিজ্ঞান (৪র্থ শ্রেণীর জন্য) কোন জেলায় কতগুলি বর্তমান বৎসরে প্রেরিত হইয়াছে?

The Minister for Education:

বিভিন্ন জেলায় প্রেরিত সরকার কর্তৃক প্রকাশিত চতুর্থ শ্রেণীর পাঠ্য প্রকৃতি পরিচয় ও ইতিহাস পুস্তকের সংখ্যা নিম্নে প্রদত্ত হইল—

জেলা	প্রকৃতি পরিচয় (২য় ভাগ) কপি	ইতিহাস (২য় ভাগ) কপি
চব্বিশপরগনা	৪,০০০	৪৫,০০০
হাওড়া	৫,৫০০	১৭,০০০
হুগলী	১,৫০,০	১৬,০০০
নদীয়া	৪,১০০	১০,৩০০

জেলা	প্রকৃতি পরিচয় (২য় ভাগ) কপি	ইতিহাস (২য় ভাগ) কপি
মালদহ	৬,১০০	১০,৩০০
পশ্চিম দিনাজপুর	৪,৬৫০	১০,৬০০
জলপাইগুড়ি	৬,৫০০	১৩,০০০
মুর্শিদাবাদ	২,০০০	২০,০০০
মেদিনীপুর	১৩,৭০০	৩৮,০০০
বাঁকুড়া	৮,০০০	১২,০০০
বীরভূম	৬,০০০	১৫,০০০
পুরুলিয়া	৪,০০০	১০,৫০০
দার্জিলিং	২,৫০০	৩,০০০
কুচবিহার	৫,৪০০	১৬,১০০
বর্ধমান	১০,০০০	২৩,০০০

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker: Hon'ble Minister-in-charge will please make a statement on the non-availability of wheat and wheat products in the Burdwan Municipal area—called attention by Shri Aswini Roy.

The Hon'ble Smarajit Bandyopadhyay: Sir, with reference to the calling attention notice of Shri Aswini Roy I beg to make the following statement:—

The following steps were taken to make wheat and wheat products available to the consumers of Burdwan municipal area and to the rural artas of P.Ss. Sadar, Bhatar and Ausgram:—

1,495 quintals of wheat were sold through M.R. shops during the first fortnight of August 1964.

After that 1,704 quintals of atta were sold through M.R. till 19th September, 1964. This atta was available from the stocks imported by wholesalers and from what was crushed by the Chakki-owners.

Also 218 quintals of atta and 230 quintals of flour were sold through bona fide grocers in free market.

680 quintals of atta produced by the chakkis were also sold in the free market through bona fide grocers. Such sales in free markets were made between 1st August, 1964 and 3rd September, 1964.

Mr. Speaker: I have received one notice of calling attention on the proposed hunger strike of secondary school teachers—from Shri Birendra Narayan Ray, Shri Bejoy Kumar Banerjee, Shri Radhakrishna Singha, Shri Mahananda Halder and Shri Lakshi Ranjan Josse. Hon'ble Minister-in-charge may please make a statement today or give a date.

The Hon'ble Sowrindra Mohan Misra: On Friday.

Arrest and release of members

Mr. Speaker: I have to report that the following intimation regarding arrest and release of honourable members has been received by my office:—

Shri Krishna Kumar Shukla arrested on 24th September, 1964 under sections 147 and 341 Indian Penal Code.

Shri Gopal Banerjee arrested on 25th September, 1964, under section 151 Cr. P. C. Shri Aswini Roy, Shri Benoy Krishna Choudhury and Shri Shambhu Gopal Das arrested on the 25th September, 1964, under rule 41(5) of the Defence of India Rules.

Shri Lakhan Bagdi arrested on 26th September, 1964, nuder rule 41(5) of the Defence of India Rules.

Shri Hemanta Kumar Basu and Shri Amarendra Nath Basu released on the 25th September, 1964.

Shri Gour Chandra Kundu, Shri Anadi Das, Shri Rabindra Nath Mukhopadhyay, Shri Niranjan Sen Gupta, Shri Tarun Kumar Sen Gupta, Shri Girija Bhusan Mukherjee, Shri Monoranjan Roy, Shri Kashi Kanta Maitra, Shri Nikhil Das, Shri Sunil Das Gupta, Shri Kamal Kanti Guha, Shri Amarendra Nath Roy Prodhan and Dr. Kanai Lal Bhattacharya released on the 26th September, 1964.

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, অল বেঙ্গল টিচার্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বহু শিক্ষক-শিক্ষিকা আজকে ওয়েলিংটন স্কোয়ারে অনশন করছেন এবং সাত দিন ধরে এই অনশন চলবে। আপনি জানেন যে তাঁরা একটা মেমোরেন্ডাম দিয়েছেন সরকারের কাছে, সরকার পক্ষের সঙ্গে দেখাও করেছিলেন, তাঁদের যা দাবী সেটা হচ্ছে ডিয়ারনেস অ্যালাওয়েন্স নিয়ে এবং ক্লার্কস ও সাব-অর্ডিনেট স্টাফ তাঁদের এক পয়সাও মাগ্‌গী ভাতা বাড়ানো হয়নি, এই নিয়ে তাঁরা দাবী করছেন এবং তাঁরা বলছেন

clerks and subordinate staff of the secndary schools have been totally excluded from the benefit of the new Government dearness allowance.

এবং তাঁরা বলছেন যা দেওয়া হয়েছে ডিয়ারনেস অ্যালাওয়েন্স তা ৩ টাকা এবং ১০ টাকা করে এটা

discriminatory, unfair, inequitable and inadequate.

এই কথা বলে তাঁরা আর কোন উপায় না দেখে একদিন কর্মবিরতি করেছেন, মন্ত্রিমহাশয়ের সঙ্গে দেখা করেছেন, এখন তাঁরা ৭ দিন ধরে অনশন করছেন—এটা একটা অত্যন্ত অবাঞ্ছনীয় পরিস্থিতি। আমি জানি এখানে শিক্ষামন্ত্রী থাকলে বা যিনি আছেন তিনি হয়ত বলবেন যে তহবিলে এক পয়সা নেই। কিন্তু আমি যতদূর শিক্ষকদের সঙ্গে কথা বলে বুঝলাম যে এমন কিছু একটা টাকার অংক নয় যেটা সরকারের পক্ষে একেবারে দেওয়া অসম্ভব। অথচ সরকার জানে যে ক্লার্কস এবং সাবর্ডিনেট স্টাফ তাঁরা খুব কমই চেয়েছেন টু ওপন উইথ, পরে যা হয় হবে, এখন ১০ টাকা বোধ হয় চেয়েছেন ইন্টারিম এটা দিতে কত লক্ষ টাকার দরকার এটা জানা দরকার এবং কেন সরকার টাকা দিতে পারছেন না যেখানে হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা নষ্ট হচ্ছে। কাজেই আমরা দাবী করছি এখনি একটা ব্যবস্থা করে দেখে অসুন ওয়েলিংটন স্কোয়ারে তাঁরা অনশন করছেন, ৭ দিন ধরে তাঁরা হাঙ্গার স্ট্রাইক করছেন। এতদিন ধরে যে হাঙ্গার স্ট্রাইক চলবে এটা একটা লজ্জার ব্যাপার যে আমাদের শিক্ষক-শিক্ষিকারা যাঁদের উপর সমস্ত সমাজের ভার তাঁদের আপনারা ঠেলে দিচ্ছেন ময়দানে। আমরা কি এটা জানতে পারি না যে কত টাকা দরকার? গভর্নমেন্ট বলছেন যে আমরা এই টাকা দিতে পারছি না—কত টাকার দরকার বলে দিন আমাদের।

Mr. Speaker: Mr. Basu, please take your seat. I appeal to all the honourable members.

এই কেস আর্জেন্ট ম্যাটারে

I always give you permission but you should only draw the attention of the Hon'ble Minister concerned. That is all. You cannot go beyond that.

Shri Jyoti Basu:

এটা কি বলবেন যখনই আমাদের কোন পয়েন্ট তুলতে হোল তখনই তার মানে হচ্ছে এটা গুরুত্বপূর্ণ এবং মন্ত্রিমহাশয় যদি ইচ্ছা করেন তাহলে নিশ্চই উনি এখানে দাঁড়িয়ে উত্তর দিতে পারেন।

Mr. Speaker:

আপনি অ্যাটেনশান ড্র করুন,
That is all.

Shri Jyoti Basu:

তা কি করে হয়?

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, সেচমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, আমি তাঁর দৃষ্টি একটা বিষয়ের প্রতি আকর্ষণ করছি যে ডি ভি সি-র এ বছর ১ কোটি ৬০ লক্ষ টাকা লাভ হয়েছে, সেখানকার কর্মীরা বোনাস দাবী করেছে, কিন্তু ডি ভি সি-র পক্ষ থেকে সেই দাবী এখনও পালন করা হয় নি। তার জন্য তাঁরা আজ থেকে অনশন শুরু করে দিয়েছেন। আমি মন্ত্রি-মহাশয়কে বলবো যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ডি ভি সি-কে একটা বিরাট অঙ্কের টাকা আমরা দিই এবং তার জন্য ডি ভি সি যে লাভটা করছে সেই লাভের একটা সামান্যতম অংশ যাতে ওঁরা বোনাস হিসাবে দিতে স্বীকৃত হন সেজন্য মন্ত্রিমহাশয় আমাদের যে রিপ্রেজেন্টেটিভ আছেন ওয়েস্ট বেঙ্গলের তাঁকে যেন নির্দেশ দেন—এই অনুরোধ আমরা জানাচ্ছি।

[2-10—2-20 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, সরকারের একটা সদাচার সমিতি, যেটা কেন্দ্রে গঠিত হয়েছিল, এবং পশ্চিমবঙ্গে গঠিত হবার কথা ছিল, সেই সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার বারবার বলে আসছেন যে এটা একটি বেসরকারী প্রতিষ্ঠান। কিন্তু আমরা আজকে কাগজে দেখলাম যে শ্রী নন্দা, কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী, তিনি রাইটার্স বিল্ডিংস-এ রোটান্ডা হলে একটি সভা আহ্বান করেছেন যে আমাদের স্টেটে সদাচার সমিতি গঠন করবার জন্য আমি মন্ত্রিসভাকে জিজ্ঞাসা করছি এটা যদি বেসরকারী প্রতিষ্ঠান হয় তাহলে রাইটার্স বিল্ডিংস-এ রোটান্ডা হলে এই মিটিং কি হিসাবে ডাকা হল? এবং সেই সভাতে কাকে কাকে আহ্বান করা হয়েছে, এবং আমাদের বিরোধী পক্ষ থেকে, কাউকে আহ্বান কেন করা হয়নি? সে বিষয়ে মন্ত্রিমহাশয়ের কাছে আমার জিজ্ঞাসা রাখতে চাই।

Shri Homanta Kumar Basu:

মিঃ স্পীকার স্যার,
Class IV staff hospital employees.

দের মধ্যে যারা লেপ্রসি বা টি বি-তে অ্যাফেকটেড হয়েছেন, তাদের দু' বছরের উইথ ফুল পে ছুটি দেওয়া হ'ত। এখন গভর্নমেন্ট নূতন অর্ডার দিয়েছেন যে শুধু যারা লেপ্রসি এবং টি বি হাসপাতালে কাজ করেন, সেই সমস্ত হসপিটাল ক্লাস ফোর স্টাফ, তাদেরই কেবল অ্যাডভান-স্জেটা দেওয়া হবে, অর্থাৎ দু' বছরের ছুটি উইথ পে দেওয়া হবে। কিন্তু আগে অন্যান্য সমস্ত হসপিটাল-এর ওয়ার্কার্স যারা টি বি বা লেপ্রসি ইনফেকসাস-এ অ্যাফেকটেড হ'ত, তারা সকলেই সেটা পেতো। এখন নূতন অর্ডারে কেবল লেপ্রসি ও টি বি হসপিটাল-এ যারা কাজ করেন, ক্লাস ফোর স্টাফ, তাদেরই খালি দেওয়া হবে। কাজেই, তার বিরুদ্ধে একটা রিপ্রেজেন্টেশন এসেছে, সেটা আমি আপনাকে দিচ্ছি, আপনি দয়া করে সেটা স্বাস্থ্য মন্ত্রিমহাশয়কে দেবেন।

Shri A. H. Besterwitch: Yesterday we had seen in the newspapers that there was no maida in the market for the simple reason, I believe, maida has gone underground and people have to purchase maida at Rs. 3.00 per Kg. I want to draw the attention of the Minister concerned as to how they are tackling the situation. They say that plenty of atta and maida is available but we find that maida is not available. They say that there are sufficient quantities of atta and maida but yesterday they were not available in the market. Will the Minister concerned make an enquiry also

in regard to the meetings and elections of the Anchal Parishad and Zilla Parishad?

Shri Deo Prakash Rai: Sir, tomorrow is the last day for holding election in my constituency—election of Anchal Parishad. There we have to hold election for the President and the Vice-President. Tomorrow is the last day but I got the notice from the election officer only yesterday. Under Rule 81 of the West Bengal Zilla Parishads Act.

Mr. Speaker: Don't make any statement.

Shri Deo Prakash Rai: I got the notice yesterday to that effect. So I want a categorical statement. I have got to vote.

Mr. Speaker: You cannot make any statement.

Shri Deo Prakash Rai: Then, what is the use of drawing attention of the Minister concerned?

Mr. Speaker: Please take your seat.

Shri Deo Prakash Rai: Why should I? I got a notice only yesterday.

Mr. Speaker: Will you please take your seat, Mr. Deo Prakash Rai?

Shri Deo Prakash Rai: I want a statement from the Minister concerned.

Mr. Speaker: Mr. Deo Prakash Rai.

Shri Deo Prakash Rai: I have got to vote.

Mr. Speaker: Mr. Deo Prakash Rai, please take your seat. Attention has sufficiently been drawn.

Shri Deo Prakash Rai: Why should I?

Mr. Speaker: Will you please take your seat or not?

Shri Deo Prakash Rai: No. I want a categorical statement from the Hon'ble Minister.

Mr. Speaker: I cannot allow you, Mr. Deo Prakash Rai. I once again request you to take your seat.

Shri Narayan Choubey: He has come to cast his vote tomorrow. You cannot stop him.

Mr. Speaker: This is a subject-matter to be taken up under any other rule. But you cannot have it here.

Shri Kamal Kanti Guha:

আমরা মেম্বার হিসাবে আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদের মেম্বার অথচ আমরা দেখছি যে অঞ্চল পরিষদের স্ট্যান্ডিং কমিটির কতকগুলি মিটিং ডাকা হয়েছে, তারপর জেলা পরিষদের মিটিং ডাকা হয়েছে, সেখানে আমরা গিয়ে পৌঁছাতে পারছি না। তাহলে আমাদের কি কারণে সেই মেম্বার করা হয়েছে, এক্স-অফিসিও মেম্বার অবশ্য এম এল এ-দের করা হয়েছে। এইভাবে আমাদের অইমান করা হচ্ছে হাউসকেও করা হচ্ছে, এই সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Deo Prakash Rai: Firstly, this notice does not give any date; secondly, the officers.....

Mr. Speaker: Mr. Rai, please take your seat.

Shri Deo Prakash Rai: This must be sent to home address. I have to meet with my agent to cast my vote at 11 to-morrow at my constituency. In that case you are making all the citizens litigant. I shall have to go to court to file a case and bring injunction against this election. I would request the Hon'ble Minister to send a radiogram and postpone the election tomorrow. If I have to go to the court.....

Shri Nikhil Das:

স্যার, আমরা এই হাউসের মেম্বার, এই হাউসএ আমরা য়্যাটেন্ড করতে চাই। ভোটের তারিখ আপনি সেই সময় করেছেন, কালকে নোটিশ পেয়েছে লোকে, যাবে কি করে?

Mr. Speaker: There are other ways of bringing the matter on the floor of this House, not on the permission that has been given to the members for drawing the attention of the Hon'ble Minister for an important matter, not under this provision that I have permitted to draw the attention of the House.

Shri Jyoti Basu:

কিন্তু স্পীকার মহাশয়, আপনার মনে আছে যে এই বিষয়টা নিয়ে আরো আগে, বোধহয় ২।৩ সপ্তাহ আগে এটা নিয়ে এখানে ২।৩ জন সভ্য বসেন, আপনি বলতে দিয়েছিলেন এবং এইরকমই তাঁরা দেখাল যে আমরা নোটিশ পেয়েছি এখন আমরা কি করে ভোট দেবো। অথচ যেসব অফিসার এই নোটিশ দিচ্ছেন তিনি জানেন যে এখন য়্যাসেমব্লি চলছে। তাহলে আমরা এখন কানটা করবো, এখানকার কাজ করবো, না যাবো। একদিন এখানে এমনও হল যে শ্রীবিনয় চৌধুরীর নামে এখানে একটা প্রস্তাব ছিল, নন-অফিসিয়াল রেজলিউশন একটা ছিল খাদ্যের উপর, এবং কংগ্রেস পক্ষ থেকে তাঁরা উঠে বললো একথা সে এমনই গুরুত্ব খাদ্যের প্রস্তাবে যে যিনি প্রস্তাব এনেছেন তিনি এখানে নেই। তা বিনয় চৌধুরী কি করবেন? সে ভদ্রলোক বোধহয় জানতেন না, বিনয় চৌধুরী গিয়েছিল ভোট দিতে সেই অঞ্চল পরিষদে। এবং হরেকৃষ্ণ কাঙার তাঁর ও তার পরের দিন ভোট ছিল তিনি গেলেন। সেইজন্য আমরা এটা তুলেছিলাম য এটা কেন করছেন না, সরকারকে আমরা বলেছিলাম—সে হয় শনি, রবি আপনারা করতে পারেন াতে তাঁরা একটা চান্স পায় যাতে তাঁরা যেতে পারেন, যদিও তাতে অসুবিধা আছে যাঁরা দূরে াকেন তাঁরা শনিবার গিয়ে কি করে ফিরে আসবেন, সেইজন্য এখন করবেন না, দু'তিন সপ্তাহ আমাদের য়্যাসেম্বলি চলে সেই সময় করবেন না, পরবর্তীকালে করুন, এইটা আমরা বলেছিলাম। ওঁরা বললে যে এটা আমরা শুনলাম। আচ্ছা শোনার পর এই নোটিশ। তাহলে শোনার পর ার মানে কিছুই হল না। এখন আপনি এটা বলছেন বারে বারে আমি এটা বুঝতে পারছি যে মি কি করবো? আপনারা বলতে চাচ্ছেন আমি বলতে দিয়েছি। ঠিক কথা। কিন্তু য়্যাসেমব্লির যদি কোন মানে থাকে, যদি কোন মর্যাদা থাকে, যা থাকার কথা সংবিধান অনুযায়ী, ব কিছু অনুযায়ী, সংসদীয় গণতন্ত্র অনুযায়ী, তাহলে মন্ত্রীরা যখন শুনলেন, ওঁরাও টেলিফোনযোগেও কথা বলতে পারেন, ক্যাবিনেটে একটা আলোচনা করবেন যে কি করা যায়। তো একটা অসুবিধা হচ্ছে, কিভাবে হবে। তাহলে আপনি দেখলেন এবং বললেন যে আমার কছু করণীয় নেই কিন্তু ওঁরা কি করছেন? আপনি বলতে পারেন যে এইরকম অন্যায় হচ্ছে, ফিলতি হচ্ছে দেখছি কিন্তু কিছু করার নেই কিন্তু সরকারপক্ষও তা বলতে পারেন না।

2-20—2-30 p.m.]

াহলে এই যে, তিন সপ্তাহ আগে আমরা বলেছিলাম তার কি হল না হল আমি কিছুই বুঝতে ারলাম না। তারা আমাদের প্রাইভেটলি ডেকে বলতে পারতেন যে এই অসুবিধা আছে এইজন্য চ্ছে না তাহলে এটা যে একটা জেনুইন ডিফিকালটি এটা তো আপনি বুঝতে পারছেন। এবং ডফিকালটিটা কি কোরে রিমুভড হবে? কি দাড়াল? আমাদের বাংলাদেশে কি কোন সরকার াছে, কোন ক্যাবিনেট আছে এরা এক স্ট্রাইক ভাঙ্গা আলোচনা ছাড়া আর কিছু আলোচনা

করেন কিনা এটাই তো সন্দেহ হচ্ছে আমার। কিছুই তো বুঝতে পারছি না। সেজন্য এটা ঠিকই বলেছেন একজন সদস্যকে আপনারা সব জিনিষটাকে প্রহসনে পরিণত করছেন। এটা অত্যন্ত অপমানজনক ব্যাপার। এখন অফিসার জানেন যে আমি এখানে কাজ করছি আর উনি লিখে দিলেন যে আপনি ওখানে ভোট দেবেন। কি কোরে ভোট দেব? কোন যাবার ব্যবস্থা নেই। এখন সেজন্য আমি বলছি যে হয় এটা পোস্টপোন করুন না হলে টেলিগ্রাম করে বা টেলিফোন করে বলে দিন যে এটা পোস্টপোন করুন, আমরা এটা বিবেচনা করছি যে এটা কিভাবে হবে। এ যদি না হয় তাহলে আমি বলি আরেকটি অলটারনেটিভ আছে সেটা হচ্ছে আমাদের সবাইকে রিমুভ করে দিন—যে না এম এল এরা হবে না। তা না হলে কেন একটা ফার্স করছেন। অন্তত এ ব্যাপারে ওরা বলুন—কেবল আপনি বলছেন ইউ সিট ডাউন তা উনি কি করবেন মন্ত্রীরা কেউ কিছু বলবেন তো। কেউ কিছু বলবেন না আর আপনি বলবেন বসে পড় তাহলে উনিও আপনাকে বলছেন যে আপনার ক্ষমতা আছে আপনি ও'কে বের করে দিন

call the Marshal and ask him to get out

এ কখনও হতে পারে নাকি? তাহলে তো ক্রাইসিস ক্রিয়েট হয়ে যাবে।

Shri Amarendra Mondal:

স্যার, মিটিংএর ডেটগুলি এমনভাবে ফেলা হয় যে আমি তিনটা বি ডি ও অফিসের মেম্বার, এমনভাবে টাইম ফিক্স করা হয় যে একই দিনে ১০টার সময় এখানে একটা ব্লকএ ভোট দিতে হবে সেই সময়েও আরেকটা জায়গায় ভোট দিতে হবে। এই যে স্যার, গ্যাড়াকল এর কি মূল্য আছে?

Mr. Speaker: The grievance has been made quite clear on the floor of the House, and I don't think any other member should make any speech on this subject. I would request the Hon'ble Minister concerned to see to it, and if there is some inconvenience and difficulty suffered by the honourable members of this House, it may be considered how this can be avoided.

The Hon'ble Sowrindra Mohan Misra:

স্পীকার মহাশয়, এই প্রশ্নটার দুটো দিক আছে একটি কথা হচ্ছে নোটিশটা আজকে পেয়েছেন—তবে কতদিনে পেয়েছেন নোটিশটা দেখতে পেলে আমি বুঝতে পারি। এখানে রুলসএ পরিষ্কার-ভাবে আছে যে ১০ দিন আগে নোটিশ দিতে হবে। ১০ দিন আগে যদি নোটিশ না দিয়ে থাকে মিটিং শুদ্ধ হবে না। এই একটা দিক। এখন দেখতে হবে যে ১০ দিন আগে নোটিশ দিয়েছে কিনা? যদি নোটিশের তারিখ না থাকে আমি খোঁজ করে দেখব যে তারিখ বিহীন কেন নোটিশ দেওয়া হয়েছে। ১০ দিন আগে সেটা পোস্ট করা হয়েছে কিনা ইত্যাদি বিষয়। আরেকটি বিষয় যেটা জ্যোতিবাবু তুলেছেন সেটা হল বড় কথা যে যখন য়্যাসেমব্লি চলবে তখন ভোটাররা কি কোরে ভোট দেবেন? পার্লামেন্ট-এরও এই কথা শুধু য়্যাসেমব্লি হলে হতো তখন না হয় এটা বিবেচনা করে দেখা যেত। পার্লামেন্টের সভ্য আছেন তারাও এখানে ভোট দিতে পারবেন—আপনি জানেন স্যার, বছরের মধ্যে ৮ মাস পার্লামেন্ট চলে। আর কখন থেকে কখন চলে এটা জানানো নাই। এই য়্যাসেমব্লি কয়দিন চলবে তাও আগে থেকে ঠিক জানা নেই। এইজন্য পঞ্চায়েতের নির্বাচন চালাতে গেলে এটা বিবেচনা করেই ঠিক করা হয়েছে যে মোটামুটি এই সময় তোমরা ডাকবে। যেমন পার্লামেন্টের বেলায় আমরা য়্যাকোমোডেট করতে পারি না সেরূপ য়্যাসেমব্লি যখন চলবে তখনও ভোট হতে পারে। আরেকটি বিষয় যেটা বলছেন একদিনে দুটো ডেট—আমাদের পরিষ্কার বলে দেওয়া আছে কোন একজন য়্যাসেমব্লির মেম্বার যাতে দুটো জায়গায় যেতে পারেন এইরকম দেখে ভোটের জায়গা ঠিক করতে হবে। কোনখানে যদি ভুল হয়ে থাকে তাহলে যদি আমার দৃষ্টি আকর্ষণ করা হয় আমি তার প্রতিকার করবার চেষ্টা করতে পারি।

Shri Sunil Das Gupta:

স্যার আমি আপনাকে বলছি সৌরীনবাবু এই হাউসের অমর্যাদা করেছেন। তিনি এই হাউসে অসত্য ভাষণ করেছেন। আমি কুচবিহারের ডি সিকে ঠিক এই প্রশ্ন করি যে কেন য়্যাসেমব্লি চলাকালীন ভোটের জন্য মিটিং ডাকেন? তিনি ঐ পঞ্চায়েত ডিপার্টমেন্টএর একটি চিঠি আমাকে

দেখিয়েছিলেন তাতে পরিষ্কার লেখা আছে যে আগস্ট মাসের ফার্স্ট উইক-এর পরে য়্যাসেমব্লি চলবে না এবং ঐ ফার্স্ট উইক-এর পরে যেন সমস্ত ভোটের ব্যবস্থা করা হয়। আমি ডি সিকে বললাম যে তারপরেও য়্যাসেমব্লি চলছে, তিনি আমাকে বললেন যে ঐ পঞ্চায়েত ডিপার্টমেন্ট থেকে ফারদার কোনরকম ইন্সট্রাকসন আমাদের দেওয়া হয়নি। এবং মন্ত্রিমহাশয় যা বললেন যে, পার্লামেন্টের মেম্বারদের অজুহাতের কথা এটা ঠিক নয়—যদি তারা ইন্সট্রাকসন দিতেন যে য়্যাসেমব্লি চলাকালীন ভোট নেওয়া হবে না নিশ্চয়ই ভোট নেওয়া হত না বলে আমি জানি। এই কারণেই আমি বলছি যে চিফ সেক্রেটারির একটি অর্ডার আছে সেই অর্ডার-এর কপি আমার কাছে আছে যে তাতে বলা আছে য়্যাসেমব্লি চলাকালীন য়্যাসেমব্লির কাজকে প্রায়রিটি দেওয়া হবে এবং সমস্ত রকম য়্যাডভাইসরি কমিটি বিভিন্ন কমিটিতে যেসমস্ত এম এল এরা আছেন সেইসব মিটিং যেন ডাকা না হয়। আজ সেজন্য আমি বলতে চাই সৌরীনবাবু অসত্য কথা বলে হাউসের অমর্যাদা করেছেন।

The Hon'ble Sowrindra Mohan Misra:

স্যার কোনখানে অসত্য ভাষণ করলাম আমি ঠিক বুঝলাম না। আমি কি বলেছি যে য়্যাসেমব্লি চলাকালীন নির্বাচন হবে না? আমার কথা বুঝতে ভুল করেছেন। আমি বলেছি এই যদি করতে হয় শুধু য়্যাসেমব্লির সভ্য নয় পার্লামেন্টের সভ্যদের কথাও বিবেচনা করলে হাতে মাত্র তিন মাস থাকে বলে এই নিয়ম করা সম্ভবপর হয়নি। এই কথাটা আমি বলেছি। কোনখানে অসত্য ভাষণ হল আমি জানি না। আর যে কথা বলছেন পঞ্চায়েত ডিপার্টমেন্ট থেকে কি চিঠি গেছে আমি ঠিক জানি না অতএব এর উত্তর আমি এখন দিতে পারব না।

Shri Narayan Choubey:

স্যার, পার্লামেন্ট কবে থেকে আরম্ভ হবে আর কবে শেষ হবে সেটা আগে থেকে জানিয়ে দেওয়া হয়, স্যার আর আমাদের এখানে তা হয় না। অতএব পার্লামেন্টের কথা এখানে বলা ঠিক হচ্ছে না। স্যার, আরেকটি বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে মেদিনীপুর জেলায় কোন জায়গাতে ময়দা সুজি এবং আটা পাওয়া যাচ্ছে না। যে আটা পাওয়া যেত এম আর সপ-এ তাও বন্ধ করে দেওয়া হয়েছে। এবং রিসেন্টলি আমাদের ওখানে জিনিষের দাম অত্যন্ত বেড়ে গেছে এবং আমরা আশা করি পুজার সময় যাতে হালুইকররা আটা ময়দা ইত্যাদি পায় তার ব্যবস্থা করার দরকার আছে। তারপর আমরা জানি কলকাতা র‍্যাসন কার্ড হোল্ডারদের ময়দা দেওয়া হচ্ছে সেই ময়দা অনেকে ব্যবহার করে না। এবং হালুইকরদের ময়দা দেওয়া হচ্ছে না যাতে পুজার সময় সকলে আটা ময়দা পায় ক্যাবিনেট যেন সেদিকে নজর দেন।

Shri Nikhil Das:

স্যার, আমি আপনার পারমিশান নিয়েছিলাম, স্যার, আমার প্রশ্নটা হচ্ছে আমি আপনার মাধ্যমে বলতে চাই যে আজকের কাগজে আমরা দেখলাম কাপড়ের কন্ট্রোল অর্ডার হয়েছে। কাপড় কন্ট্রোল হয়ে যাচ্ছে এবং সেটা ১৫ই অক্টোবর থেকে হচ্ছে। আপনার মাধ্যমে আমি বাংলাদেশের মন্ত্রীদের বলতে চাই যে পুজোর আগে এই ধরনের একটা ঘটনা হল তার ফলে কি পুজার আগে বাজার থেকে কাপড় উধাও হবে না? আমরা সেই আশঙ্কা করছি। পুজার পরে যদি অর্ডারটা এফেকটিভ হবে তবুও পুজার মধ্যে বাংলাদেশে কাপড় পাওয়া যাবে না।

এটি মন্ত্রিমহাশয় যেন খবর নেন।

[2-30—2-40 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় স্পীকার মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী এখানে নেই তাই আপনার দৃষ্টি আকর্ষণ করে কিছু বলতে চাই। আমি খলপুর ম্যালেরিয়া ডিপার্টমেন্ট সার্ভিল্যান্স স্টাফদের কাছ থেকে একটা টেলিগ্রাম পেয়েছি। তাতে তারা লিখেছে, সার্ভিল্যান্স স্টাফ ডিনাইড পুজা এ্যাডভান্স
though others granted pujah advance. Pujah advance granted up to 1962. Staff aggrieved pray popular intervention.

অর্থাৎ অন্য সব স্টাফ এটা পেয়েছে এবং তারাও ১৯৬২ সাল পর্যন্ত পেয়েছে—কিন্তু এবারে আর তারা পাচ্ছে না। এ সম্বন্ধে স্বাস্থ্যমন্ত্রী যেন ব্যবস্থা অবলম্বন করেন। আর একটি ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই, কোলকাতায় পিউরিটি পাওয়া প্রায় অসম্ভব ব্যাপার হয়ে উঠেছে। এটা কেন হচ্ছে এবং এটা নিবারণের জন্য সরকার কি ব্যবস্থা করছেন সেটা যদি আমাদের জানান তাহলে কোলকাতার লোক উপকৃত হবে।

শ্রী[illegible] রায়ঃ স্যার, নিখিলবাবু যেকথা বলেছেন.....

মিঃ স্পীকারঃ সেটা বলার আর প্রয়োজন নেই, কারণ এ্যাটেনসন ড্র করা হয়েছে।

শ্রীরাধাকৃষ্ণ সিংহঃ মাননীয় স্পীকার মহাশয়, আহমদপুরে একটি সুগার মিলস আছে এবং এ সম্বন্ধে আগেও আলোচনা হয়েছে। কিন্তু গত পরশুদিন কাগজে পড়েছি বোর্ডের চেয়ারম্যান শ্রীরনদেব চৌধুরী প্রেস রিপোর্টে একটি কাল্পনিক ভাষণ দিয়েছেন এবং তাতে বলেছেন মাদ্রাজে নেবার সিদ্ধান্ত করা হয়েছে এবং সেখানে নাকি উজ্জ্বল ভবিষ্যত। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই তাঁরা আহমদপুরের এই মিলের উন্নতিকল্পে কোন চেষ্টা করেননি। দত্ত মজুমদার কাগজে বলেছেন, কিন্তু কোন পলিসি প্রয়োগ করেননি।

মিঃ স্পীকারঃ আপনার পয়েন্টটা কি?

শ্রীরাধাকৃষ্ণ সিংহঃ আমার পয়েন্ট হচ্ছে ওটা আমরা বীরভূমে চালু রাখতে চাই এবং তা যদি হয় তাহলে বেঙ্গল প্রায় ১১।১২ লক্ষ টাকা একসাইজ ডিউটি পাবে।

Point of Privilege

শ্রীশম্ভুচরণ ঘোষঃ অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার। এই হাউসে যখন খাদ্যের উপর বিতর্ক হচ্ছিল এবং অনাস্থা প্রস্তাবের উপর আলোচনা হচ্ছিল তখন মুখ্যমন্ত্রী হাউসের সামনে অত্যন্ত স্পষ্টভাবে এবং পরিস্কারভাবে ঘোষণা করেছিলেন যে, ১লা জানুয়ারী থেকে পশ্চিম বাংলায় স্টেট ট্রেডিং চালু করবেন এবং সরকার এ বিষয়ে যে ব্যবস্থা অবলম্বন করছেন সে কথাও জানিয়েছিলেন। কিন্তু আজকের সংবাদপত্রে যে সংবাদ বেরিয়েছে তাতে দেখছি তিনি হাউসে যে বিবৃতি দিয়েছেন সেটা সম্পূর্ণরূপে অসত্য। আজকে "যুগান্তর" কাগজে বেরিয়েছে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের কাছে ঘোষণা করেছেন কেন্দ্রীয় সহায়তা না পেলে কোলকাতায় পূর্ণ রেশনিং এবং পশ্চিম বাংলায় স্টেট ট্রেডিং করা সম্ভব নয়। আমার বক্তব্য হচ্ছে হাউসে যখন এ বিষয় নিয়ে আলোচনা হয়েছে তখন হাউসের সদস্যদের কাছে সেকথা না বলে কেন তিনি বাইরের লোকের কাছে সেকথা বললেন? হাউসে খাদ্য বিতর্কের সময় তিনি এককথা বলেছেন, আর আজ যখন হাউস চলছে তখন তিনি হাউসের বাইরে ভিন্ন কথা বলছেন। আমি মনে করি এতে তিনি সামগ্রিকভাবে হাউসের অমর্যাদা করেছেন। যেকথা তিনি স্পষ্ট ভাষায় এখানে বলেছেন সেখানে সাংবাদিকদের কাছে বলছেন যে, কেন্দ্রীয় সরকার যদি সাহায্য না করেন তাহলে স্টেট ট্রেডিং নাও হতে পারে। মুখ্যমন্ত্রী মহাশয়ের সৎ সাহস হোল না হাউসের সামনে দাঁড়িয়ে তাঁর সন্দেহের কথা বলতে। কাজেই আমি আপনার কাছে অনুরোধ জানাচ্ছি আপনি এটা সিরিয়াসলী নেবেন এবং এটাকে প্রিভিলেজ কমিটির কাছে পাঠাবার ব্যবস্থা করবেন।

শ্রীনিখিল দাসঃ এটা একটা সিরিয়াস ব্যাপার, ফুড পলিসি সম্পর্কে একটা ডিবেট হয়েছে, গভর্নমেন্ট তার ফুড পলিসি কি তা আমাদের কাছে বলেছেন এখন যদি সেই ফুড পলিসি পালটে গিয়ে থাকে সেটা এসেম্বলী চলাকালীন আগে এই এসেম্বলীর কাছে বলা উচিত ছিল। তা না হলে ফুড পলিসি আলোচনা করার কি অর্থ হয়? এই ফুড পলিসি আলোচনা করার তো কোন প্রয়োজন ছিল না। একবার ফুড পলিসি বলে সেটাকে নালিফাই করবেন, সংবাদপত্রের কাছে অন্য রকম কথা বলবেন এ যদি হয়, এভাবে যদি চলে স্পীকার মহাশয়, তাহলে পার্লামেন্টারী ডিমোক্রেসীর কি অর্থ আছে, আমাদের এখানে থাকারও কোন মূল্য নেই এবং আপনারও সেখানে বসার কোন মূল্য নেই, ওঁরা ওখানে বসে আছেন কিছু পয়সা পাবেন বলে।

(Shri Kashi Kanta Maitra rose to speak).

Mr. Speaker: Mr. Maitra, no more please. Mr. Banerjee will now present the report of the Committee on Estimates.

Presentation of Report of the Committee on Estimates

Shri Baidya Nath Banerjee: Sir, I beg to present the Third Report of he Committtee on Estimates.

Shri Kashi Kanta Maitra: Sir, it requires clarification.

Mr. Speaker: Mr. Maitra, please come to my Chamber and tell me what you want to say. I will give you permission. I cannot allow you o move in this way.

Shri Kashi Kanta Maitra: Sir, why should I visit your Chamber? This s a matter which is of fundamental importance.

Mr. Speaker: If you ask, why you will come to my Chamber, I will say, say, "for seeking permission to speak on a point which you say is of fundamental importance." I will give you permission and then you can speak on it.

Shri Kashi Kanta Maitra: When it is a question of privilege, an honourable member of the House has raised a question touching upon the privilege of the House, it is an accepted procedure in parliamentary democracy.

Mr. Speaker: Mr. Maitra, there is rule providing for raising a point of privilege in quite a different manner. In similar cases when permission is given, a statement is only made. And it is for me to dispose it of here or to give my ruling in due course.

ডঃ কানাইলাল ভট্টাচার্য: হাউসের বিজিনেস সুরু করার আগে প্রিভিলেজ মোশন হওয়া উচিত। সে সম্বন্ধে শম্ভুবাবু আপনার কাছে প্রিভিলেজ মোশন রেখেছেন।

Mr. Speaker: Dr. Bhattacharya, in such matters there are many many rulings, not only of this House, but of other Houses too. There is no point of privilege on the question that has been raised by Mr. Ghosh.

Shri Kashi Kanta Maitra: On a point of clarification, Sir.

Mr. Speaker: Mr. Maitra, there is no point of clarification. You are a lawyer. You know this. Please take your seat. That has been finished. I have clarified it. Please allow me to proceed.

Shri Kashi Kanta Maitra: Sir, you are gagging us. Please allow me to make my submission.

Mr. Speaker: I cannot allow you to speak on this point.

Shri Kashi Kanta Maitra: Sir, I am again rising on a point of privilege.

Mr. Speaker: Mr. Maitra, that has been decided. As a lawyer you understand this. There is no point of privilege in this matter.

Shri Kashi Kanta Maitra: Sir, I feel, as a lawyer, totally baffled and frustrated. That is why I am again and again trying to make my point.

Mr. Speaker: Is it a new point of privilege?

Shri Kashi Kanta Maitra: Yes, Sir. It may be in a different form, but nonetheless I have a right to raise it.

Mr. Speaker: It should not be same as that which has already been answered by me.

Shri Kashi Kanta Maitra: It may be incidentally identical.

Mr. Speaker: If it is identical, I will not allow you to move it.

Shri Kashi Kanta Maitra: That is for you to decide after I have made my submission.

Mr. Speaker: You have just now said that it may be identical.

[2-40—2-50 p.m.]

Shri Kashi Kanta Maitra: I am submitting my position. It may be that I could not catch your eyes. My point is that when the House was in session the Chief Minister having already made a policy statement on the question of food policy which is going to be introduced in this State and that when the House is still in session, the Chief Minister has no right or authority to make a statement—a policy statement, not a statement on procedure but a policy statement—outside the House. Therefore the question for your consideration is: first, whether the Press statement, as has been published in today's newspapers of the metropolis, to the effect that the Chief Minister now feels that State Trading in foodgrains may not be feasible unless the Centre gives a green light, is correct. Secondly, you have to consider whether that statement is at variance with the policy statement that had already been made by the Chief Minister before the House, namely, no matter whether the Centre agrees or not the State Government is going to introduce State Trading in foodgrains from the first of January next year. Do you really consider that there is any variance between the two statements? There is inconsistency between the two statements. Do you really think so? Having regard to the statement it appears that there is prima facie some divergence between the two statements. Now it is for you to consider whether it was open to the Chief Minister to treat the House so lightly, rather discourteously, by not making that statement before the House.

Mr. Speaker: I will give my decision later on.

Now, we come to the West Bengal Gramdan Bill, 1963, as reported by the Joint Committee.

GOVERNMENT BILL

The West Bengal Gramdan Bill, 1963 as reported by the Joint Committee

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, এই গ্রামদান বিলের সময় আমরা তো এখানে ছিলাম না। আমরা যে এখানে ছিলাম না সেটা আমাদের দোষে নয়, আগে হরতাল ছিল আমরা আসতে পারিনি। তারপর আমরা দেখলাম বিলটা চলছিল, তখনও ফার্স্ট রিডিং শেষ হয়নি। কালকে যা হল এমন অভদ্রোচিত ব্যবহার মুখ্যমন্ত্রী মন্ত্রীমণ্ডলীর পক্ষ থেকে করা হল যে তাতে আমাদের পক্ষে আসন গ্রহণ করা সম্ভব হয়নি। আমরা তখন প্রত্যেকে আপনাকে বলেছিলাম মুখ্যমন্ত্রী যখন কিছুতেই ২।৩ দিন ধরে এখানে আসছেন না, কোথায় গেছেন খুঁজে পাওয়া যাচ্ছে না, এইরকম যখন অবস্থা তখন আপনি হাউস এ্যাডজোর্ন করে দিন। কারণ, নিশ্চয়ই এটা আমাদের প্রিভিলেজ আমরা গ্রামদান বিল আলোচনা করতে চাই। আমরা দেখেছি আগেকার কালে যখন আমরা হরতাল ধর্মঘটের জন্য আসতে পারিনি তখন হাউসে যা কিছু হয়েছে সেটাকে রেসিও করা হয়েছে এখন রেসিও করার কথা কিছু বলছি না, কারণ খুব বেশী কুরুজ হয়নি। ডাঃ রায় থাকতে সমস্ত জিনিস রেসিও করে নতুন করে আলোচনা হয়েছে। সেজন্য আপনার কাছে আমি আবেদন করছি যে আমাদের এটা প্রিভিলেজ, আমরা এই বিষয়ে আলোচনা করতে চাই। কালকে যে ঘটনা হল এটা আমাদের দোষে হয়নি। বরাবর আমরা সেখানে জানতে চেয়েছি—জেল মিনিস্টার আর একটা কথা বলেছিলেন, আজ একটা মিটিং হয়েছিল, সে বিষয়ে তখন বলেছিলেন সেটা দেখা উচিত

কিন্তু মুখ্যমন্ত্রী একবারও ঘরে এলেন না। তখন সেই বিষয়ে বলে আমরা ঘর থেকে বেরিয়ে যেতে বাধ্য হলাম। আপনার কাছে বলছি খুব সম্ভব, আপনি যদি মনে করেন, আজকে যদি আমাদের পক্ষ থেকে বলতে চান তাহলে সেই সুযোগ দেওয়া উচিত গ্রামদান বিলের উপর ফার্স্ট রিডিংএ বলবার জন্য। এটাই আপনার কাছে আমাদের আবেদন।

Shri Somnath Lahiri

স্পীকার মহাশয়, এই বিষয়ে আমি একটা কথা বলতে চাই যে কাগজে দেখলাম ফার্স্ট রিডিং নাকি হয়ে গেছে এবং তা নাকি ভোটে গৃহীত হয়ে গেছে। কথা হচ্ছে ভোট আবার করবেন কি করবেন না তাতে ইনসিস্ট করব না। কিন্তু ফার্স্ট রিডিংএ সার্কুলেশান, জেনারেল অবজারভেশান ইত্যাদি সম্বন্ধে আমাদের যে বক্তব্য ছিল তার একটা নতুন করে ব্যবস্থা করে দিন এবং এ সম্পর্কে একটা কথা আপনাকে মনে করিয়ে দিচ্ছি যে আমাদের অশ্বিনী রায় সার্কুলেশান মোশান দিয়েছিলেন, কিন্তু মুখ্যমন্ত্রী আজ পর্যন্ত তাঁকে ধরে রেখে দিয়েছেন, ছাড়েননি। এই অবস্থায় সম্ভব ছিল না আমাদের পক্ষে পার্টিসিপেট করা। আজকেও তিনি উপস্থিত নেই, সরকার আটকে রেখেছেন। যাই হোক, জিনিসটা গোড়া থেকে আরম্ভ হোক এটাই আপনার কাছে আবেদন করছি।

Mr. Speaker:

মিঃ লাহিড়ী, যেদিন হরতাল ছিল সেদিন আমি আপনাদের এই বিল পোস্টপোন্ড করেছিলাম। কালকে

after honourable members left the House under protest, whatever may be the reason, the Chair cannot have the House adjourned because one party, may be the majority or minority, had left under protest. But still as I felt that some scope should be given to the honourable members, I have not concluded the rest of the portion of this Bill yesterday and I have adjourned the matter. Regarding one matter at the time of Dr. Roy to which my attention has been drawn, that was under quite a different set-up. Before that particular hartal Dr. Roy had assured the House that no Bill would be taken up on that hartal day. But due to some mistake or otherwise a Bill was taken up and the question was put before the House. When this matter was taken up on the next following day, some arrangement was made, some rescission motion was moved and the Bill was restored. That circumstance does not apply to the present case, particularly what had happened yesterday. After all, I have kept the Bill, second and third reading, open and I shall give every member sufficient chance and time to discuss it.

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, সেটা আপনার উপর নির্ভর করে কিন্তু একটা জিনিস আমি কারেক্ট করিয়ে দিতে চাই—আপনি যদি প্রসিডিংস দেখেন, আমার মেমরী নিশ্চয়ই ফেল করেনি। সে ডাঃ রায় ঐ স্ট্রাইকের আগে কোনদিন এ্যাসুরেন্স দেননি যে আমরা কোন বিল নেবো না হরতাল আছে বলে। এ কথা কে আপনাকে ইনফর্ম করলো জানি না, তিনি ভুল ইনফর্ম করেছেন।

Mr. Speaker: It may be, but that was on a hartal day; and on the last hartal day nothing was done on the floor of this House. I have at least followed the tradition that was established by Dr. Roy in this House.

Clause 1

Shri Sanat Kumar Raha: With the leave of the House I move the amendment standing in the name of Shri Aswini Roy.

Sir, I beg to move that in clause 1(1), line 2, for the figure "1963" the figures "1964" be substituted.

The Hon'ble Syamadas Bhattacharyya: I accept the amendment

The motion of Shri Sanat Kumar Raha that in clause 1(1), line 2, for the figures "1963" the figures "1964" be substituted, was then put and agreed to.

The question that clause 1 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Abani Kumar Basu: With the leave of the House I move the amendment standing in the name of Shri Arabinda Roy.

Sir, I beg to move that in clause 2,—

(1) after paragraph (d), the following paragraph be inserted, namely:

'(dd) "family" means a set of persons of near relationship to one another living together in commensality and includes the dependants of such persons living with them;';

(2) after paragraph (h), the following paragraph be inserted, namely:

'(hh) "head of family" means the senior male member of a family who manages its affairs;'.

[2-50—3 p.m.]

Shri Sanat Kumar Raha: I move that after clause 2(1)(0), the following items be added:

'(p) "small holder" means the family of a land owner or a cultivating tenant who owns a land not below 5 acres of agricultural land in an irrigated area or ten acres of agricultural land in non-irrigated area;

(q) "a big holder" means a family who owns not below ten acres of agricultural land in an irrigated area or fifteen acres of agricultural land in non-irrigated area; and

(r) "family" means husband, wife and their unmarried minor children or such of them as exist and not exceeding 4 of such members.'

এই অ্যামেন্ডমেন্টটা মুভ করার কি প্রয়োজন আছে, সে সম্পর্কে আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা বলতে চাই। সার, এখানে য়্যাডলট, রয়্যালটি, বর্গাদার ইত্যাদি বিভিন্ন বিষয়ে কতকগুলি ডেফিনিসন বা সংজ্ঞা দেওয়া আছে গ্রামদান বিলের ভিতরে। সেখানে টেন্যান্ট সম্পর্কে বলা হয়েছে, তাদের অবস্থা বিবেচনা না করেই, ফ্ল্যাট রেটএ তাদের সকলকে ফাইভ পার সেন্ট করে ল্যান্ড পুলএ দিতে হবে। এখানে যদি এই ঢালাও ভাবে সমস্ত টেন্যান্টকে ফাইভ পার সেন্ট করে ল্যান্ড পুলএ দিতে হয়, তাহলে বিগ টেন্যান্ট, মাঝারী, ছোট, সব টেনয়ন্টকেই ঐ ফাইভ পার সেন্ট করে দিতে হবে ল্যান্ড পুল, এতে সেখানে একটা অসামঞ্জস্য থেকে যায়। সুতরাং আমার মনে হয়, যদি এইভাবে ডেফিনিসনটা করা যায়, যে স্মল হোল্ডার, বিগ হোল্ডার, ফ্যামিলি সাথে এইসব হবে, যা আমার এ্যামেন্ডমেন্টে বলেছি, তাহলে বিচারটা বোধহয় ল্যান্ড পুল-এর দিক দিয়ে, বর্তমানে সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গীতে কিছুটা সাম্য আসতে পারে। সেইজন্যই বিলের মধ্যে যেখানে, যেখানে হোল্ডার, বিগ হোল্ডার, ফ্যামিলি বলে লেখা আছে সেখানে ঐ ডেফিনেসানগুলি এইভাবে পরিষ্কার করলে পরে, আমার মনে হয় যে উদ্দেশ্যে গ্রামদান বিল আনা হয়েছে, সেই উদ্দেশ্য সফল হতে পারে। সেইজন্য আমি অনুরোধ করবো সেই উদ্দেশ্যের দিকে দৃষ্টিপাত করে এইরকম ধরনের সংজ্ঞা রাখার ব্যবস্থা করুন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড় যাদের জমির আয়তন, তারা বেশী দেবেন, আর যাদের কম জমি তারা কম দেবেন, একথা মূলত ভাল বিধির উপর প্রতিষ্ঠিত সন্দেহ নেই। কিন্তু গ্রামদানের যে নীতি, তাতে বলা হয়েছে ন্যূনপক্ষে কত দেবেন, এর চেয়ে বেশী দিতে কোন আপত্তি নেই, এবং

যেখানে এই রকম নৈতিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত একটি সমাজ প্রতিষ্ঠা করবার জন্য চেষ্টা করা হচ্ছে, সেখানে আমরা আশা করবো যে এর চেয়েও অনেক বেশী জমি আমাদের ল্যান্ড পুল-এর জন্য, বা সকলের জন্য বিতরণযোগ্য জমি, তা ভান্ডারে পাওয়া যাবে। কিন্তু আইনের দ্বারা ঐভাবে একটা বিধি নির্দিষ্ট করে দেওয়াটা আমার মনে হয় ঠিক হবে না।

Mr. Speaker: Then you are accepting the amendment moved on behalf of Shri Arabinda Roy?

The Hon'ble Syamadas Bhattacharyya: Yes.

The motion of Shri Abani Kumar Basu that in clause 2,—

(1) after the paragraph (d), the following paragraph be inserted, namely:

'(dd) "family" means a set of persons of near relationship to one another living together in commensality and includes the dependants of such persons living with them;';

(2) after paragraph (h), the following paragraph be inserted, namely:

'(hh) "head of family" means the senior male member of a family who manages its affairs;',

was then put and agreed to.

The motion of Shri Sanat Kumar Raha, that after clause 2(1)(O), the following items be added:

'(p) "small holder" means the family of a land owner or a cultivating tenant who owns a land not below five acres of agricultural land in an irrigated area or ten acres of agricultural land in non-irrigated area;

(q "a big holder" means a family who owns not below ten acres of agricultural land in an irrigated area or fifteen acres of agricultural land in non-irrigated area; and

(r) "family" means husband, wife and their unmarried minor children or such of them as exist and not exceeding 4 of such members.',

was then put and lost.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Nathaniel Murmu:

মিঃ স্পীকার স্যার, এই ক্লজ (ডি)এ আমি দুটি য়্যামেন্ডমেন্ট এনেছি। এই দুটাই আমি মুভ করছি।

I move that in clause 4(5), line 3, for the words "appellate authority", the words "appellate authority, not bellow the rank of the District Judge" be substituted.

I also move that in clause 4(7), lines 2-3, for the words "any person may file a statement" the words "the donor is also required to file a statement subject to the povision of sub-sections (1) and (2)" be substituted.

এটা খুব পরিষ্কার কথা যে য়্যাপিলেট অথরিটি সম্পর্কে এই ক্লজে নির্দিষ্ট কোন অথরিটির উল্লেখ করা নেই। 'সাম বডি প্রেসক্রাইবড' কথা আছে। আমি সেখানে বলতে চাচ্ছি যে এই য়্যাপিলেট অথরিটি, ডিষ্ট্রিক্ট জজের নিম্ন পদস্থ, কোন বিচার বিভাগের কর্মচারী হবেন না। ডিষ্ট্রিক্ট জজের সমমর্যাদাসম্পন্ন কোন বিচার বিভাগের কর্মচারী হবেন। এটা খুব পরিষ্কার কথা য়্যাপিলেট অথরিটি সম্পর্কে এই ক্লজএ নির্দিষ্ট কোন অথরিটি উল্লেখ করা নেই, য়্যাজ মে বি প্রেসক্রাইবড আছে। আমরা সেখানে বলতে চাচ্ছি যে এই য়্যাপিলেট অথরিটি ডিষ্ট্রিক্ট জজের নিম্নপদস্থ কোন বিচার বিভাগীয় কর্মচারী হবে না। ডিষ্ট্রিক্ট জজ অথবা তার সমমর্যাদাসম্পন্ন কোন বিচার বিভাগীয় কর্মচারী হবেন। এইজন্য আমরা বলছি যে ডিষ্ট্রিক্ট জজ বা সেসনস জজ বা য়্যাডিসনাল জজ তাদের হাতে বিচার বিভাগীয় যে কাজগুলি সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেটা শাসন বিভাগীয় কোন কর্মচারীর দ্বারা সব সময় সম্ভব হয় না। এইজন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করবো যে আমাদের এই সংশোধনী যেন তিনি গ্রহণ করেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ যেখানে বলা আছে প্রেসক্রাইবড অথরিটি সেখানে মাননীয় সদস্যর প্রস্তাব হচ্ছে তাকে যেন ডিষ্ট্রিক্ট জজের কম মর্যাদাসম্পন্ন লোককে না করা হয়। অবশ্য এই প্রেসক্রাইবড অথরিটি ডিষ্ট্রিক্ট জজকে করা হবে না এমন কোন কথা নেই, কিন্তু এখন থেকেই জেলা জজের কাছেই মামলাটা দিতে হবে এবং মামলা মোকদ্দমার দ্বার উন্মুক্ত করে দিতে হবে এমন বললে আমাদের গ্রামদানের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য সফল হবে না বলেই আমার ধারণা।

The motions of Shri Nathaniel Murmu that in clause 4(5), line 3, for the words "appellate authority", the words "appellate authority, not below the rank of the District Judge", be substituted,

that in clause 4(7), lines 2-3, for the words "any person may file a statement" the words "the donor is also required to file a statement subject to the provision of sub-sections (1) and (2)" be substituted,

were then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Somnath Lahiri: Sir, I beg to move that the following proviso be added to clause 5(1):

"Provided that, if any person owning less than 10 acres of land in such village or such part had not filed a declaration under clause 4, sub-section (1) and refuses in writing to join the gramdan village, he shall be exempted from the operations of this Act."

স্যার, আমার য়্যামেন্ডমেন্ট মুভ করার সঙ্গে সঙ্গে যেহেতু আমরা গতদিন উপস্থিত থাকতে পারিনি কয়েকটি জেনারেল অবজারভেসনস করতে চাই আপনার অনুমতি নিয়ে যা হয়ত শুধু এই ক্লজএ সীমাবদ্ধ থাকবে না। এখন বিষয়টা আমি রাজস্ব মন্ত্রিমহাশয়কে একটু শুনতে অনুরোধ করবো যে শুধু এই বিষয় নয় এটা যেখান থেকে আসছে মোটের উপরে বক্তব্যটা আমি রাখতে চাইছি। সেটা হচ্ছে, এই বিল যা বিনোবাজীর আদর্শ অনুসারে কিছু করা হবে বলে বর্ণনা করা হয়েছে, আমরা অন্ততঃ সেই তর্কের মধ্যে প্রবেশ করতে চাই না। বিনোবাজীর আদর্শ কি তা নিয়ে অনেক কনফিউসন আছে। বিনোবাজীও যে সব সময় এক কথা বলেছেন এমন কথা নয়। কখনও বলছেন তিনি শ্রেণী সংগ্রাম এড়াতে চান, আবার কখনও বলেছেন যে য়্যাগ্রারিয়ান রেভলিউসন না হলে কিছু হবে না। কাজেই এখানে যখন বিনোবাজীর পক্ষের কথা বলবার কোন লোক নেই তাদের আদর্শ কি তা ব্যাখ্যা করবার জন্যে, সুতরাং বিনোবাজীর আদর্শ ভাল কি মন্দ সেই তর্কের মধ্যে আমি যেতে চাইছি না এবং আমার মনে হয় তা অন্যায় হবে।

কিন্তু আমরা বিলটাকে শুধু বিল হিসাবেই বিবেচনা করতে চাই এবং আমরা চাই ঐ বিলের প্রিয়াম্বলএ যেখানে বলা আছে যে [illegible] আদর্শ অনুসরণ করে প্রিয়াম্বলের সেই অংশটুকু তুলে দেওয়াই ভাল। শুধু গ্রামদান করার উদ্দেশ্যে বিল করার প্রয়োজন আছে এই কারণে বিল হচ্ছে এইভাবেই আসাই ভাল। সেই য়্যামেন্ডমেন্টও আমার দেওয়া আছে। যখন সেখানে আসবো তখন সেটা মুভ করবো। কিন্তু বিল সম্বন্ধে এই বিল মারফত একটা স্বীকৃতি ফুটে উঠেছে যে জমিহীন ক্ষেতমজুর তাদের অবস্থা খুব শোচনীয় এবং তাদের সেই শোচনীয় অবস্থার জন্যে তাদের কিছু জমি পাবার ব্যবস্থা করার প্রয়োজন আছে এই স্বীকৃতি বিলের মধ্যে দিয়ে কিছুটা ফুটে উঠেছে তা সত্য। অর্থাৎ তাদের কিছুটা জমি পাইয়ে দিতে পারলে ভাল হয় একথা বিল যাঁরা এনেছেন তাঁরা স্বীকার করছেন। তার মানে এই বিল মারফত ভূমি সংস্কার আইনের ব্যর্থতাই প্রকারান্তরে সরকার স্বীকার করছেন যে ভূমি সংস্কার আইন ভূমিহীন ক্ষেতমজুরকে জমি পাইয়ে দিতে পারেনি সুতরাং এখন অন্য কোন একটা ব্যবস্থা খুব সীমাবদ্ধভাবে হলেও যদি ক্ষেতমজুরদের কিছু জমির ব্যবস্থা করে দেওয়া যায় সে মন্দ হয় না, এই হচ্ছে এই বিলের মানে দাঁড়াচ্ছে। কিন্তু সেই যে স্বীকৃতি সে তাদের ভূমি সংস্কার আইন ভূমিহীন ক্ষেতমজুরদের সাহায্য করার দিক থেকে ব্যর্থ হয়েছে সেই স্বীকৃতির কারণটা কি সেটা যদি সঙ্গে সঙ্গে বুঝে নিতেন তাহলে উপকার হতো।

[3—3-10 p.m.]

তাঁরা স্বীকার করুন আর নাই করুন, তাঁরা নিশ্চয় জানেন ভূমিসংস্কার আইন যেভাবে রচিত হয়েছে, যেমন ২৫ একর সীমা বাঁধা হল, শুধু ২৫ একর বাঁধা হল তাই নয়, সেই সীমা বাঁধা হল মাথাপিছু, পরিবার হিসাবে বাঁধা হল না যার ফলে বড় বড় মালিকেরা পরিবারের মানুষের মধ্যে জমি ভাগ করে দিয়ে ভূমিসংস্কারের যে সার্থকতা সেই সার্থকতাই নষ্ট করে দিতে পারেন। তাছাড়া, তাঁরা বেআইনী হস্তান্তর বন্ধ করতে পারলেন না। ভূমিসংস্কারের নানা আইনকানুন সত্ত্বেও যেটুকু জমি ন্যস্ত হয়েছিল—ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় বললেন ৫ লক্ষ একর কি ৪ লক্ষ একর, যা নাকি কিছুই নয়, সেই ন্যস্ত জমিও বণ্টনে গড়িমসি হয়েছে। তারপর, ভূমিসংস্কার আইনের মধ্যে বর্গাদারের স্বার্থ, এক কথায় বর্গাদারদের রক্ষা করার বিশেষ কোন ব্যবস্থা নাই। এসব কারণে গ্রামাঞ্চলের জোতদারদের ক্ষমতা কমেনি। ভূমিসংস্কার আইন হওয়া সত্ত্বেও বর্তমান খাদ্য সঙ্কটের মধ্যে দিয়ে আমরা দেখতে পাচ্ছি, জোতদাররা ফসল ইত্যাদি দখল করে কৃষককে বঞ্চনা করে আজকে সমাজজীবনকে দুর্বিসহ করে তুলছে যেহেতু ভূমিসংস্কার আইন দ্বারা তাদের ক্ষমতা খর্ব হয়নি। এই খাদ্যসঙ্কটের মধ্যে দিয়ে জোতদারদের প্রতিক্রিয়াশীল রূপই স্পষ্ট হয়ে উঠছে তা নিশ্চয়ই সকলেই স্বীকার করবেন। এই বিলে এই কথাটা আছে যে, বেশিরভাগ অর্থাৎ ৭৫ পারসেন্ট গ্রামবাসী যদি ইচ্ছা করে তাহলে তারা ইচ্ছার জোরে বাকী লোককে তত্ত্বতঃ গ্রামদানের ব্যাপারে রাজী হতে বাধ্য করতে পারে। এই বাকী লোক বলতে যদি জোতদার শ্রেণী, শোষক শ্রেণীর লোক বুঝায় তাহলে আমরা আপত্তি করব না, বরং এটা সমর্থনই করব, কারণ এতে ভূমিসংস্কার সাধনে সহায়তাই করবে। কিন্তু সঙ্গে সঙ্গে অনেকগুলি রিজারভেশনও রাখতে হয়—যেটা আমি এই অ্যামেন্ডমেন্টএ মুভ করলাম এবং সেটাই ন্যূনতম; সেটা হচ্ছে, এমন দরিদ্র ও মধ্যম চাষী থাকতে পারেন যিনি গ্রামদানের সামিল হতে চান না। আমার কথা হল, জোতদার শ্রেণী শোষক শ্রেণীকে যেভাবে বাধ্য করব ঠিক সেইভাবে কিছু দরিদ্র ও মধ্যম চাষীকে তাঁর ইচ্ছার বিরুদ্ধে এবং সিমপ্লি এই কারণে যে বাকী ৭৫ পারসেন্ট রাজী হয়েছে, বাধ্য করান আমার মনে হয় ঠিক হবে না, এতে গ্রামের মধ্যে সদ্ভাব বাড়বে না, এতে সংঘর্ষই বাড়বে এবং এর দ্বারা সংস্কারের উদ্দেশ্য বিশেষ অগ্রসর হবে না। কাজেই যদিও জোতদার প্রভৃতি শোষক-শ্রেণীকে অন্য সকলের ইচ্ছার জোরে বাধ্য করানো অন্যায় নয়, বরং ভালো, দরিদ্র চাষীকে এই কারণে তাঁর ইচ্ছার বিরুদ্ধে বাধ্য করালে অন্যায়ই হবে। সেজন্য আমি সংশোধনী দিয়েছি যে, যদি এমন কোন ব্লাক থাকেন যার ১০ একরের চেয়ে কম জমি আছে এবং যিনি এই আইনে ডিক্লারেসন দিতে হবে বলে যে বিধান রয়েছে সেই ডিক্লারেসন দিচ্ছেন না এবং গ্রামদানে যোগ দিতে অস্বীকৃত হচ্ছেন, সেই লোককে ছেড়ে দিতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করব এটা বিশেষভাবে চিন্তা করে দেখবার জন্য এবং এই সংশোধনীটা যেন তিনি গ্রহণ করেন। ভূমিদানের

জন্য যা য়্যালট করা হয়েছে, ৫ পারসেন্ট য়্যালট করতে হবে যদিও লেখা আছে তাহলেও বেশি দিতে আপত্তি নাই, ৫ পারসেন্টএর বদলে ২৫ পারসেন্ট করা উচিত বলে মনে করি, আশা করি মাননীয় মন্ত্রী এটা বিবেচনা করে দেখবেন। এই বিষয়ে পরেও আমার য়্যামেন্ডমেন্ট দেওয়া আছে। ক্লজ ১৭(এ)র ক্ষেত্রে একটা বিপজ্জনক বিষয় আছে, সেটা হচ্ছে, নিজ চাষের নামে জোতদার ইত্যাদি যাতে বর্গাদারের উচ্ছেদ না করতে পারে—সেই ক্লজএ বলা হয়েছে, জমি যেটা গ্রামদান হল তার মধ্যে বেশির ভাগ অংশ যিনি দিলেন তাঁর কাছে থাকবে, যা ল্যান্ড পুলএ গেল সেটুকু ছাড়া বাকী জমিটার যিনি অরিজিনাল ওনার সেই ওনার-এর কাছেই থাকবে। বিলে বলা হয়েছে The allottee shall cultivate the land personally or through a bargadar who must be a resident of the gramdan village.

তিনিই বেশির ভাগ আংশ পাবেন, কারণ ৫ পারসেন্ট মাত্র ল্যান্ড পুলএ যাবে, বাকী ৯৫ পারসেন্ট তার কাছেই থাকবে, অর্থাৎ গ্রামদান আইন অনুসারে তিনি নিজ চাষে রাখার চেষ্টা করবেন। মনে করুন, একজন বর্গাদার চাষ করছিল, কিন্তু এই বিধানে অধিকার দেওয়া হল গ্রামদানের পরে সে যদি ইচ্ছা করে তাহলে বর্গাদারকে উচ্ছেদ করে দিয়ে নিজ চাষের নামে সে সেটা দখল করতে পারে, অর্থাৎ বর্গাদারের যেটুকু অধিকার ছিল সেই অধিকার এর দ্বারা কেড়ে নেওয়া হচ্ছে। আমার হয়তো ২৩।২৪ বিঘা জমি আছে, সেই জমি আমি বর্গাদারকে দিয়ে চাষ করাতাম, এবং আজকের দিনের শ্রেণীসংঘাতের পরিবেশে বর্গাদার ভোগ দখল করলেও তাকে উচ্ছেদ করা কঠিন ছিল না। তাহলে এই দাঁড়াল যে, যে জমি আমি গ্রামদান করলাম, নমোনমঃ করে সেই ২৫ বিঘার মধ্যে ৫ পারসেন্ট ল্যান্ড পুল-এ দিয়ে তারপর বর্গাদারকে উচ্ছেদ করে দিলাম নিজ চাষের নামে, এই আইনে সেই অধিকার দেওয়া হচ্ছে। কাজেই এই জিনিস আপনাকে দেখতে হবে যে, ক্লজ ১৭(এ)তে যে ব্যবস্থা করা হয়েছে তাতে নিজ চাষের নামে জোতদার ইত্যাদি যেন বর্গাদারকে উচ্ছেদ না করতে পারে।

[3-10—3-20 p.m.]

সে যদি বর্গাদার হয় তাহলে স্বাভাবিকভাবেই আমরা দেখি সে বড়লোক হয় না—সে গরীব লোক হয়। সে বাইরের লোক হতে পারে, কিন্তু সাধারণতঃ সে গরীব লোক। প্রথমতঃ আপনারা আবাসিক শর্ত এইভাবে আরোপ করলেন যে, সেই বর্গাদার যদি বাইরের লোক হয় তাহলে জমির মালিক রাজী থাকলেও সে চাষ করতে পারবে না। এর ফলে অটোমেটিক্যালি সে উচ্ছেদ হয়ে যাবে কারণ সে গ্রামের লোক নয়। দ্বিতীয়তঃ, নিজ চাষের অজুহাতে আবাসিক প্রশ্ন হলেও যেহেতু নিজের চাষে নেবে বলে ঘোষণা করেছে সেহেতু উচ্ছেদ করে দেবে। কাজেই বিপদজনক পরিস্থিতি হতে পারে। আমি বলছি না যে হবেই, কিন্তু তার এগেনস্টএ কোন সেফগার্ড নেই। যদি ফাইভ পারসেন্টকে দিয়ে বাকী নাইনটিফাইভ পারসেন্ট বর্গাদারেরা কেড়ে নিতে চায় তাহলে তার সমস্ত সুযোগ করে দিয়েছেন। যার ওখানে বাসস্থান না তাকে উচ্ছেদ করে দেবার সমস্ত ব্যবস্থা করে দিয়েছেন। আমি মনে করি তারজন্য সেফগার্ড থাকা দরকার এবং সেইজন্যই এ্যামেন্ডমেন্ট দিয়ে বলেছি যে আবাসিক যোগ্যতার শর্ত তুলে দিতে হবে এবং "মে-র" বদলে "স্যাল" করতে হবে। এ্যাপয়েন্ট করতে পারবে একথা না বলে এ্যাপয়েন্ট করতে হবে এটা বলে দিতে হবে। অর্থাৎ আমি বলতে চাই বর্গাদারকে এ্যাসিওর করতে হবে, বর্গাদারকে উচ্ছেদের বিরুদ্ধে গ্যারান্টি দিতে হবে। তারপর আমার বক্তব্য হচ্ছে ভূমি পাবার সুযোগ করে দেওয়া হোল এবং এই প্রথম একজন বর্গাদার তার জীবনে ফাইভ পারসেন্ট, টেন পারসেন্ট ল্যান্ড প্রপারটি পেল। কিন্তু সে চাষ করবে কি করে? যারা গ্রামদান করেছে তারা আবার চাষ করবার জন্য বীজ, যন্ত্রপাতি প্রভৃতি দেবে এটা নাও হতে পারে। ছোট গ্রাম হলে তাদের আর্থিক সঙ্গতি নাও থাকতে পারে। কাজেই সরকার যখন আইন করে ভূমিহীন কৃষকদের কিছু কিছু জমি দেবার বিধান করছেন তখন তাঁদের এই মিনিমাম দায়িত্ব নিতে হবে যে, সেই ভূমিহীন চাষীরা যাতে চাষ করতে পারে তারজন্য উপযুক্ত যন্ত্রপাতি, বীজ প্রভৃতি সরবরাহ করতে হবে। গ্রামসভা যদি রিকমেন্ড করে তাহলে সেই ভূমিহীন চাষী যাতে সফলভাবে সেই জমিতে ফসল ফলাতে পারে, শস্য উৎপাদন করতে পারে, সেটা যাতে কাজে লাগাতে পারে তার ব্যবস্থা করতে হবে। এই প্রভিসন যদি না থাকে তাহলে সাধারণতঃ যা হয়ে থাকে সেটাই হবে, অর্থাৎ একজনের নামে

এ্যালটেড হবে কিন্তু আসলে সেটা বেনামীতে অন্য লোক ভোগ করবে। কাজেই সেই লুপহোলস না রেখে ভূমি সংস্কারের ব্যর্থতার মধ্য দিয়ে যে তিক্ত অভিজ্ঞতা বাংলাদেশের লোকের এবং [illegible]র হয়েছে সেটা যাতে আর না হয়, ভূমিহীন চাষী যেদিন জমিতে দখল পেল সেদিন থেকে যাতে চাষ করতে পারে, যন্ত্রপাতী, বীজ পেতে পারে তার জন্য সরকার থেকে যেন গ্যারান্টি দেওয়া হয়। তারপর, আমার বক্তব্য হচ্ছে বিনোবাজীর আদর্শের সঙ্গে আমার পূর্ণ পরিচয় নেই, তিনি কি বলেন সে সম্বন্ধে আমার স্পষ্ট ধারণা নেই। তাঁর সঙ্গে এক দিন আলোচনা করেছিলাম কিন্তু পরিস্কার কিছু বুঝতে পারিনি। এর কারণ হচ্ছে তাঁরা এক সময় এক রকম বলেছেন, আবার অন্য সময় আর এক রকম বলেছেন। কাজেই তাঁদের পক্ষের কোন বক্তা না থাকলে আলোচনা করা কঠিন। তারপর, প্রিএমবেল-এ আছে,

whereas it is expedient to provide for the establishment of gramdan villages in pursuance of the *Bhudan yagna* movement as initiated by Acharya Vinoba Bhave and matters ancillary thereto.

আমার মনে হয় এটা রাখার কারণ নেই। আমার মনে হয় এটুকু রাখার দরকার। এটুকু রাখলে whereas it is expedient to provide for the establishment of gramdan villages ভাল কোনটা বিনোবাজীর আদর্শ ঠিক কি ভুল এই বিতর্কের মধ্যে প্রবেশ করতে হবে না। এই বিলের যে উদ্দেশ্য প্র্যাকটিকেল উদ্দেশ্য ভাল এবং মন্দ, সম্ভাবনা এবং দুর্ভাবনা এই দুটি নিয়ে বিচার করলে ভূমিহীন চাষীদের উপকার হবে, সেই সিদ্ধান্তে উপনীত হতে পারবেন। এটাই হল আমার মূল বক্তব্য, এর বেশী কিছু আমি আর বলতে চাই না।

Shri Abani Kumar Basu: With the leave of the House I move the amendment standing in the name of Shri Arabinda Roy.

Sir, I beg to move that in clause 5, in sub-clause (1),--

(1) in paragraph (a), for the words "owned by the residents of such village or such part", the words "in such village or such part owned by the residents thereof" be substituted;

(2) in paragraph (c), for the words "the adults", the words "the heads of families" be substituted;

(3) the following proviso be added, namely:—

"Provided that no part of a village shall be declared to be a gramdan village under this sub-section unless the number of persons residing therein is one hundred or more.".

Shri Sanat Kumar Raha: With the leave of the House I move the amendments standing in the name of Shri Aswini Roy.

Sir, I beg to move that in clause 5(1)(b), line 3, for the words "seventy-five per cent." the words "two-thirds" be substituted.

I also move that in clause 5(1)(c), line 1, for the words "seventy-five per cent." the words "two-thirds" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে এই, এই বিলের দরুন যদিও গ্রাম এলাকায় ৭৫ পারসেন্ট-এর জায়গায় টু-থার্ড লেখা আছে এটা কেন দেওয়া হয়েছে, এর উদ্দেশ্য হচ্ছে এই বিল যদি আইনে পরিণত হয় তাহলে তার ফলে তথাকার লোকের যাতে উপকার হয়, সেটাই আমরা চাই। সেজন্য ৭৫ পারসেন্ট ল্যান্ড আছে যারা দেবে বলে ডিক্লেয়ার করবে সেই ৭৫ পারসেন্টের মত না হলে সেখানে যে গ্রামদান হবে না। এটা রাখলে বাস্তবে অসুবিধা হবে, বিলটাতে অবাস্তবতার দিক থেকে আরও সুযোগ থাকা দরকার। ৭৫ পারসেন্ট এত কঠিন না করে যদি টু-থার্ড রাখেন তাহলে যেখানে ১০০-এর মধ্যে ৬০।৭০ জন হলেই হবে। সেজন্য আমি বলছি যে ৭৫ পারসেন্ট উঠিয়ে দিলে ভাল হবে, আমি মনে করি বাস্তবতার দিকে বিলটি আরও সহজ করা দরকার, তাই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করা উচিত।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রী বসু কর্তৃক উত্থাপিত সংশোধনী আমি গ্রহণ করেছি এবং সঙ্গে সঙ্গে মাননীয় সদস্য সোমনাথ লাহিড়ী মহাশয় এবং সনৎ রাহা মহাশয় যা বলেছেন, তার সারবত্তা আমি স্বীকার করি বিশেষ করে যখন তাঁরা বলেছেন যে তলাকার লোকদের বা যারা নিস্নবিত্ত, অল্পবিত্ত দরিদ্র চাষীদের জমি পাওয়া উচিত, একথা আমি স্বীকার করি। তাঁরা বলেছেন ভূমি সংস্কার আইনের ব্যর্থতা স্বীকৃতি পাচ্ছে যখন আমরা এ বিল আনছি, সেটা তাদের ব্যাখ্যা হতে পারে এবং একথা আমি দাবী করি না যে ভূমি সংস্কার আইন পরিপূর্ণভাবে সফল হয়েছে। আমরা পরিপূর্ণ সচেতন আছি আমাদের কাজের যে সমস্ত ত্রুটি সে সম্পর্কে। যেকথা বলেছেন ১০ একর জমি যাদের তাঁরা ইচ্ছা করলে গ্রামদান-এর আওতার বাইরে থাকতে পারবে, এ দ্বারা দরিদ্র লোকদের সাহায্য করা হবে বলে মনে হয় না। আমাদের দেশে যাদের ১০ একর জমি আছে তাদের আমরা দরিদ্র কৃষক বলি না। এবং অন্য জায়গায় যেখানে সেচবিহীন এলাকা সেখানেও ১০ একর জমির মালিকের সংখ্যা খুব কম। যতটা অভিজ্ঞতা আছে, তাতে দেখেছি যে সাধারণ কৃষক যাদের এক বিঘা কি দুই বিঘা জমি আছে, যাদের অতি সামান্য জমি আছে, যারা অন্যের জমিতে চাষবাস করে, তাদেরই আগ্রহ থাকবে এ বিষয়ে, কিন্তু জোতদার যারা তাদের এ বিষয়ে কোন আগ্রহ নাই, এবং এটুকু বলতে পারি যে জোতদার কখনো গ্রামদান করবার জন্য আগ্রহী হয়েছেন বাস্তবে, এটা আমার জানা নাই।

[3-20- -3-30 p.m.]

বিনোবাজী কতকগুলি গ্রামদান পেয়েছেন বলে আমাদের জানিয়েছিলেন। তিনি যখন এসেছিলেন তখন প্রথমে তাঁর সঙ্গে দেখা করেছিলাম এবং মাঝে মাঝে অনেকবার দেখা করেছিলাম। আমরা সেই গ্রামদানী গ্রামগুলি সম্পর্কে খোঁজ খবর নিয়েছি। সব জায়গায় আপনারা যে আইন করছেন সেই আইনের বিচারে ব্যবস্থা করতে পারব বলে মনে হয় না। কারণ, অনেকগুলি গ্রামদানী গ্রাম বাতিল বলে গণ্য হতে পারে। আমার যেটুকু প্রারম্ভিক অনুসন্ধানের পর ধারণা হয়েছে তাতে এটা বলছি। কাজেই আমি মাননীয় সদস্য সোমনাথবাবুকে বলব তলাকার মানুষ যারা, ছোট ছোট জমির মালিক যারা এবং যারা ভূমিহীন কৃষক, ক্ষেতমজুর, তাদের একান্ত আগ্রহ গ্রামদানী গ্রাম গঠন করবার জন্য এবং বাদ দেওয়ার কোন প্রশ্ন উঠে না। ১০ একর পর্যন্ত জমির মালিককে বাদ দিতে হবে একথা উঠে না। সাধারণ লোক আগ্রহ করে এতে আসতে চান। জোতদাররা তো ফাঁকের অনুসন্ধান করছে যাতে এই আইনের আওতার বাইরে থাকতে পারেন। সেজন্য আমি বসু মহাশয়ের এ্যামেন্ডমেন্ট গ্রহণ করছি।

The motion of Shri Aswini Roy, moved on his behalf by Shri Sanat Kumar Raha, that in clause 5(1)(b), line 3, for the words "seventy-five per cent.", the words "two thirds" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy, moved on his behalf by Shri Sanat Kumar Raha, that in clause 5(1)(c), line 1, for the words "seventy-five per cent." the words "two thirds" be substituted, was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that the following proviso be added to clause 5(1):

> "Provided that, if any person owning less than 10 acres of land in such village or such part had not filed a declaration under clause 4 sub-section (1) and refuses in writing to join the gramdan village, he shall be exempt from the operations of this Act.",

was then put and lost.

The motion of Shri Arabinda Roy, moved on his behalf by Shri Abani Kumar Basu, that in clause 5, in sub-clause (1)—

> (1) in paragraph (a), for the words "owned by the residents of such village or such part", the words "in such village or such part owned by the residents thereof", be substituted;

(2) in paragraph (c), for the words "the adults", the words "the heads of families" be substituted;

(3) the following proviso be added, namely:—

"Provided that no part of a village shall be declared to be a gramdan village under this sub-section unless the number of persons residing therein is one hundred or more".,

was then put and agreed to.

The question that clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Shri Nathaniel Murmu: I move that in provision to clause 7(1), in line 3, after the words "all amount paid by it" the words "on account of land revenue or rent and other cesses and rates in respect of land vesting in it falling due on or before such vesting or", be inserted.

I also move that in clause 7(2), line 1, for the word "may" the word "shall" be substituted.

অধ্যক্ষ মহাশয়, আমার এই দুটি খুব সিম্পল এ্যামেন্ডমেন্ট, সাদাসিদা এ্যামেন্ডমেন্ট। গ্রামদানী গ্রামের সেই কমিটির বিভিন্ন বিষয়ে বকেয়া যেসব টাকা পয়সা আদায় সে সম্পর্কে নির্দিষ্ট কোন উল্লেখ এখানে নেই। আমার এ্যামেন্ডমেন্ট সেটা সুনির্দিষ্টভাবে উল্লেখ করার চেষ্টা করা হয়েছে। আমার সংশোধনী হচ্ছে ল্যান্ড রেভেনিউ, রেন্ট বা আদার সেসেস এই জাতীয় টাকা পয়সার যে বকেয়া থাকবে সেটা আদায় করার ক্ষমতা এদের থাকবে। দ্বিতীয়টা হচ্ছে অফিসিয়াল গেজেট সেই যে ইস্তাহার প্রকাশ করবার কথা বলেছেন গভর্নমেন্ট মে সেই জায়গায় বলা হচ্ছে গভর্নমেন্ট স্যাল—বাধ্যতামূলকভাবে সেখানে যাতে এই ইস্তাহার প্রকাশ করা হয়। এটা খুব সাদাসিদা সংশোধনী। আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এই সংশোধনী গ্রহণ করবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

এখানে মে'র অর্থ শ্যাল দাঁড়াবে।

The State Government may from time to time, by notification in the Official Gazette.....

এখানে শ্যাল বলার কোন দরকার হবে না, অফিসিয়াল গেজেটে সেটা প্রকাশিত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই এ্যামেন্ডমেন্ট অপোজ করছি।

The motion of Shri Nathaniel Murmu that in proviso to clause 7(1), in line 3, after the words "all amount paid by it" the words "on account of land revenue or rent and other cesses and rates in respect of land vesting in it falling due on or before such vesting or" be inserted, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that in clause 7(2) line 1, for the word "may" the word "shall" be substituted, was then put and lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

Shri Ananga Mohan Das: Sir, I beg to move that in clause 8, in sub-clause (i)—

(1) the words "or any of" be omitted;

(2) for the words "land donated", the words "lands donated" be substituted.

The Hon'ble Syamadas Bhattacharyya: I accept it.

The motion was then put and agreed to.

The question that clause 8 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9A

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that in clause 9A, lines 1-2, for the words "shall be a member" the words "shall elect members" be substituted.

স্যার, এই গ্রাম পরিষদের যে কার্যপরিচালক কমিটি থাকবে সে সম্পর্কে আমি বলছি যে, সেটা যাতে নির্বাচিত হয়, গ্রাম পরিষদের যারা সদস্য বা গ্রামের প্রত্যেক প্রাপ্তবয়স্ক যারা তাদের নির্বাচিত লোক যেন গ্রাম পঞ্চায়েতের সদস্য হয়। আশা করি মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যদি দেখেন অন্যান্য পরবর্তী প্রকরণগুলি তাহলে দেখতে পাবেন যে, আমাদের উদ্দেশ্য হচ্ছে গ্রাম পরিষদের সদস্য হবেন প্রতিটি অ্যাডাল্ট ওখানে গ্রামে যাঁরা বাস করেন তাঁরা সভাপতি নির্বাচন করবেন এবং গ্রাম পরিষদের অন্যান্য কমিটি গঠন করতে পারবেন প্রত্যেকটি সদস্য গ্রামের মধ্যে যাঁরা প্রাপ্তবয়স্ক তাঁদের সবাই মিলে গ্রাম পরিষদ গঠিত হবে। তাঁরা ইলেক্ট করবেন গ্রাম পরিষদের প্রেসিডেন্টকে—এটাই হল পরিকল্পনা।

The motion was then put and lost.

Clause 10

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that in clause 10(2), line 2, for the words "at such intervals" the words "every year" be substituted.

মাননীয় মন্ত্রিমহাশয়া যেটা বিলে বলতে যাচ্ছেন যে, রেজিস্টার যেটা প্রিপেয়ার্ড হবে সাব-সেকশন ১ অনুযায়ী সেটাতে ওঁরা বলছেন সাব-ইন্টারভ্যালস, এই যে সাব-ইন্টারভ্যালস আমার মনে হয় এটা ভেগ টার্ম, ইন্টারভ্যাল কতদিনে হবে, না হবে সেটার নির্দিষ্ট সীমা সংখ্যা নেই। ঐজন্য বলা হচ্ছে যেন প্রতি বছর রেজিস্টার তৈরি করা হয়, এজন্য আমি আমার অ্যামেন্ডমেন্টে বলছি এভরি ইয়ার। আশা করি নির্দিষ্টভাবে যে জিনিসটা বলা আছে সেটা নিতে মন্ত্রি-মহাশয়ের নিশ্চয়ই কোন অসুবিধা হবে না। এবং কার্য পরিচালনা ক্ষেত্রে একটা সুসঙ্গত পদ্ধতিও সেখানে থাকবে।

The Hon'ble Syamadas Bhattacharyya:

এই অ্যামেন্ডমেন্টটা আমি দিতে পারছি না বলে দুঃখিত। এখানে বলা হয়েছে যেভাবে নির্দেশ দেওয়া হবে ঠিক সেইরকমভাবে মাঝে মাঝে আমাদের রেজিস্টার আপ-টু-ডেট করতে হবে। এখন এটা বছর বছর করতে হবে কিনা হবে সেটা আমরা কিছুদিন বাদে চিন্তা করে বুঝতে পারব। এখনও আরম্ভ হয় নি। এখন থেকে যদি আমরা বেঁধে দিই যে, প্রতি বছর এই রেজিস্টার সংশোধন করে আপ-টু-ডেট করতে হবে তাহলে বোধ হয় আমাদের ঠিকমত কাজ হবে না।

The motion was then put and lost.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

[3-30—3-40 p.m.]

Clauses 11 and 12

The question that clauses 11 and 12 do stand part of the Bill was then put and agreed to.

Clause 13

The question that clause 13 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 13A and 14

The question that clauses 13A and 14 do stand part of the Bill was then put and agreed to.

Clause 15

Shri Somnath Lahiri: Sir, I beg to move that in clause 15(1), line 2, for the word "five" the word "twenty-five" be substituted.

Sir, I also beg to move that the following explanation be added to clause 15(1):

> "Explanation—A bargadar who had been cultivating any land in the gramdan village from before the commencement of this Act and who does not own any cultivated land of his own shall, for the purposes of this Act, be considered a landless person."

এই দুটো অ্যামেন্ডমেন্টের মোদ্দা কথা এই—যেখানে ল্যান্ড পুল থেকে ক্ষেত-মজুরদের জমি দেওয়া হবে, সেখানে ধরা হয়েছে কমপক্ষে শতকরা পাঁচ ভাগ গ্রামবাসীরা ল্যান্ড পুলএ দেবে, সেখানে পাঁচের জায়গায় আমি চেয়েছি শতকরা ২৫ ভাগ করতে। এটা যদি করা হয়, তাহলে ক্ষেতমজুররা তবু কিছু পাবে, আর পাঁচ ভাগ হলে পরে তারা কিছুই পাবে না। আর দ্বিতীয়ত আমি আমার অ্যামেন্ডমেন্ট নং ৬৩-র দ্বারা বলতে চেয়েছি যে, শুধু ক্ষেতমজুর নয়, যে বর্গাদারের নিজস্ব কোন জমি নেই, অথচ সেই বর্গাদার ঐ গ্রামের অন্যের জমি চাস করে আসছে, সেই বর্গাদারকেও ঐ ল্যান্ড পুল থেকে জমি দেওয়ার ব্যাপারে, ক্ষেত-মজুর হিসাবে যেন গণ্য করা হয়। তা না হলে বর্গাদার কিছু পাবে তো নাই, বরং তার উচ্ছেদের সম্ভাবনা অন্য ধারার মধ্যে দিয়ে এসে যাচ্ছে। কাজেই এই গ্রামদান আইনের ফলে, বর্গাদারের লাভবান হওয়ার বদলে, ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা আছে। এদিক দিয়ে বর্গাদারদের যে স্ট্যাটাস, আর ভূমিহীন কৃষকের যে স্ট্যাটাস, তা একই, কারণ, সেই বর্গাদারদের নিজস্ব কোন জমি নেই। কাজেই এক্সপ্লানেশনএ এটা রাখা দরকার যে, সেইরকম বর্গাদার, যার নিজস্ব কোন জমি নেই, সে যদি সেই গ্রামে কোন জমি চাষ করে থাকে, তাহলে তাকে ক্ষেতমজুর হিসাবে গণ্য করা হবে এবং তাহলে পরে সে ল্যান্ড পুল থেকে কিছু জমির অংশ পাবে।

Dr. Colam Yazdani: Sir, I beg to move that in clause 15(1), line 2, for the words "five per cent" the words "fifty per cent." be substituted.

মিঃ স্পীকার, স্যার, এই অ্যামেন্ডমেন্ট মুভ করে আমি এই কথা বলতে চাই যে, যেখানে ল্যান্ড পুল গ্রামদানে হচ্ছে সেখানে কেন মাত্র ফাইভ পারসেন্ট ল্যান্ড পুলএ থাকবে? আমার কথা হল এই গ্রামদান ভিলেজে যতগুলি ল্যান্ডলেস পেজ্যান্ট থাকবে, তাদের জমি দেবার উদ্দেশ্যেই আমরা এই গ্রামদান বিল তৈরি করছি, অর্থাৎ যাদের জমি নেই, তাদের জমি দিতে হবে। কিন্তু এই জমি যদি তাদের ঠিকভাবে না দেওয়া হয়, তা হলে গ্রামদান ভিলেজ তৈরি করবার যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য ব্যর্থ হবে। সুতরাং যতগুলি জমি গ্রামদান ভিলেজে ডোনেট করা হবে, তার থেকে যদি মাত্র ফাইভ পারসেন্ট রাখা হয় ঐ ল্যান্ডলেস পেজ্যান্টদের জন্য, তাহলে এই গ্রামদান আইনের উদ্দেশ্য কি করে সকল হল, তা আমি বুঝতে পারছি না।

তার কারণটা এই যে, তার পরের যে ধারা সেই ধারাতেই বলা হচ্ছে যে, যে লোক ডোনেট ক
এই গ্রামদান ভিলেজএ যত জমি সেই ল্যান্ড পুলএ খানিকটা দিয়ে তাকেই আবার সেই জ
দিয়ে দেওয়া হবে। এর পরে যে ক্লজটা আসবে তখন আমি এই কথাটা আরও সবিস্তারে ব
কিন্তু এখানে এই প্রভিশন রেখে দেওয়া হয়েছে যে, যে জমিটা সে গ্রামদান ভিলেজে দি
তাকেই আবার চাষ করার জন্য ফেরৎ দিয়ে দেওয়া হচ্ছে, মাত্র সামান্য অংশ একটা ল্যান্ড পু
দিয়ে দিচ্ছে। আমাদের কথা হল যে, এই যতগুলি লোক ঐ গ্রামদান ভিলেজে গ্রামদান করে
এই আইন অনুসারে গ্রাম পরিষদের কাছে তা হলে তো সেটা তিনি দান করে দিয়ে দিলেন,
উপরে তো তাঁর আর অধিকার থাকা উচিত নয়। তিনি তো আর একথা বলতে পারেন না
যেহেতু আমি এটা গ্রামদান ভিলেজে দিয়ে দিয়েছি, ডোনেট করে দিয়েছি, সুতরাং আমা
দিতেই হবে। এ রকম তো কোন কথা নেই। এটার উদ্দেশ্য হল এই যে, গ্রামদান ভিলেজে
যাঁরা লোক তাঁরা দিয়ে দেবেন ডোনেট এবং যে গ্রাম পরিষদ হচ্ছে সেই গ্রাম পরিষদ তখন ডিসা
করবেন যে, সেই গ্রামদান ভিলেজের মধ্যে কতগুলি জমি পাওয়ার মত উপযুক্ত লোক আছে এ
কাকে কত জমি দিতে হবে। আমরা সাধারণত যে একটা ধারণা করছি যে, সেই গ্রামের ম
যাদের বেশি জমি আছে তারাই তাদের জমি কিছু দিতে চাইবে গ্রামদান ভিলেজে, যাদের বে
জমি নেই তারা নিশ্চয়ই দিতে চাইবে না। যাদের ১ একর, ২ একর আছে তারা হয়ত দি
চাইবে না, যাদের হয়ত ৩ একর কি তার বেশি জমি আছে তারাই দেবে এবং নিশ্চয়ই তারা
জমিটা গ্রাম পরিষদের কাছ থেকে ফিরিয়ে নেবার জন্য দিচ্ছে না, সেই জমিটা তারা দান ক
দিচ্ছে। কাজেই আমার কথা হচ্ছে যে যতগুলি পাওয়াযাচ্ছে ডোনেশন সেই ডোনেশনটা নিয়ে ত
মাত্র ৫ পারসেন্ট কেন ঐ ল্যান্ড পুলএ থাকবে ল্যান্ডলেস পেজ্যান্টদের জন্য? সেই ল্যা
লেস পেজ্যান্টদের জন্য বেশি করে থাকুক ল্যান্ড পুলএ। এই কথাটিই আমি বলতে চাচ্ছি
৫০ পারসেন্টএর বেশি থাকবে ল্যান্ড পুলএ জমি এবং গ্রাম পরিষদ সেটা ডিসাইড করবে
সেই গ্রামের কাকে কত জমি দিতে হবে। এখন সেই গ্রাম পরিষদের কাছে যদি জমিই না থাবে
মাত্র ৫ পারসেন্ট থাকে তাহলে সেই গ্রামের কতগুলি ভূমিহীন কৃষককে তাঁরা জমি দি
পারবেন? এইটাই হল আমার কথা যে গ্রাম পরিষদের হাতে যখন জমিগুলি আসবে তখ
যথেষ্ট পরিমাণ জমি থাকা দরকার যাতে ঐ ভূমিহীন কৃষকদের তারা দিতে পারে। তা হ
এখানে যদি মাত্র ৫ পারসেন্ট রাখা হয় ল্যান্ড পুলএ তাহলে কোথা থেকে দেওয়া হবে? এ
পরের ধারাতেই বলে দিচ্ছেন যে গ্রাম পরিষদ ঠিক করবে কোন্ জায়গায় কাকে কাকে কত জ
দিতে হবে কিন্তু কোথা থেকে তাঁরা জমি দেবেন? এই হল আমার কথা। ঐ ল্যান্ড পুলটা
বেশি বেশি করে আপনাদের ফর্ম করতে হবে এবং ওখানে যাতে বেশি পরিমাণ জমি থা
আমি সেখানে বলছি

not less than 50 per cent. of the total area of lands vested in it donate for the people in the Gramdan village

এই হওয়া দরকার। আমিও মনে করি আরও বেশি ল্যান্ড পুলএ দিয়ে সেখানকার ভূমিহী
কৃষক যারা ল্যান্ডলেস পেজ্যান্টস বর্গাদার যাদের জমি খুব কম তাদের মধ্যে যদি ডিস্ট্রিবিউ
করে দেবার ব্যবস্থা করেন তা হলে খুব ভাল হয়। তাই আমি বলেছি যে এখানে ৫ পারসে
না করে মোর দ্যান ৫০ পারসেন্ট করুন তা না হলে যে উদ্দেশ্য নিয়ে এই বিলটা আনছেন সে
মূল উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাচ্ছে এবং এটা প্রহসনে পরিণত হবে। এটা শুধু নামকা ওয়াস্তে
একটা আইন হবে এর দ্বারা কোন উপকার হবে না। তাই আমি আপনাকে অনুরোধ করি
যাদের দিকে তাকিয়ে এই ভূদান যজ্ঞ নীতিকে গ্রহণ করে ভূমিদান বিল এনেছেন এই হাউস
মাননীয় মন্ত্রিমহাশয় আমি আপনাকে তাই বলি যে তাদেরই কথা আজকে চিন্তা করে আপ
এই ব্যবস্থা এই বিলের মধ্যে রেখেছেন যাতে সেটা অ্যাক্টএ পরিণত হয় যে ঐ গ্রাম পরিষদ ঠি
করে দেবে যে কত জমি কাকে দেওয়া হবে। যে পর্যন্ত না বেশি জমি তাদের হাতে থাবে
তাঁরা এ কাজ করতে পারবেন না। সেইজন্য আমি আপনাকে অনুরোধ করছি যে এইটা আপ
বিশেষ বিবেচনা করে দেখে এটাকে ফাইভ পারসেন্টএর জায়গায় মোর দ্যান ফিফটি পারসেন
করবেন।

[3-40—3-50 p.m.]

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয় এই ৫০ পারসেন্ট যদি জোর করে বাধ্যতামূলকভাবে আদায় করা যেত বণ্টনের জন্য তাহলে একটা ভাল কথা হত। কিন্তু আমি আগেই বলেছি যে গ্রামদানের ধারণাটা অনেকের কাছেই গ্রহণযোগ্য নয়। যাঁদের বেশি জমি আছে তাদের কাছে এটা পরিত্যাজ্য আমি বলতে পারি তাঁরাই এই গ্রামদানের বিরোধিতা করেছেন এবং এই আন্দোলন যাতে সফল না হয় সেজন্য চেষ্টা করছেন। ১৫নং ধারায় গ্রাম পরিষদের যে কথাটা আছে সেটা হল

Gram Parishad shall contributed a land pool with not less than five per cent. of the total area of lands.

এবং তার পরবর্তী অধ্যায়ে বলা হয়েছে

the Gram Parishad shall determine the extent of contribution of land by a donor to the land pool and is doing so shall have regard to the total area of the land donated by him.

অর্থাৎ পাঁচ ভাগ দিতে হবে, কিন্তু আমার জমির পরিমাণ যদি পঞ্চাশ বিঘা হয় তাহলে যে গ্রামবাসী পাঁচ বিঘা জমির মালিক হয়ে পাঁচ ভাগ দিয়েছে সে নিশ্চয়ই অনুপাতে বেশি হারে দিয়েছে। সুতরাং যে অধিকার আছে সেটাই যথেষ্ট হতে পারে।

The motion of Dr. Golam Yazdani that in clause 15(1), line 2, for the words "five per cent." the words "fifty per cent." be substituted, was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that in clause 15(1), line 2, for word "five" the word "twenty-five" be substituted, was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that the following explanation be added to clause 15(1):

"Explanation.—A bargadar who had been cultivating any land in the gramdan village from before the commencement of this Act and who does not own any cultivated land of his own shall, for the purposes of this Act, be considered a landless person."., was then put and lost.

The question that Clause 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in clause 16(1), line 1, for the word "shall" the word "may" be substituted.

I also beg to move that the following provisos be added to clause 16(1)—

"Provided that the Gram Parishad shall determine the quantity of land which may be allotted to the donor for cultivation for maintenance of his family:

"Provided further that if the donor expresses his unwillingness to have any allotment of the lands donated by him or if in the opinion of the Gram Parishad allotment of any land should not be made to the donor for maintenance of his family, the whole land donated by him to the Gramdan village shall be contributed to the land pool.".

মিঃ স্পীকার, স্যার, আমি আবার ল্যান্ড পুলএর কথা খানিকটা বলব। ক্লজ ১৬ ল্যান্ড পুলেএ যে জমি পাওয়া গেল সেটা কি করে বিভিন্ন চাষীর মধ্যে বণ্টন করে দেওয়া হবে সেই কথা বলা হয়েছে। এখানে বলা হচ্ছে প্রথমেই

Gram Parishad shall allot for cultivation to each donor all the lands donated by him excluding the portion of the land contributed to the land pool.

আমি বলছি এখানে যে করে দিন। এখানে বলা হচ্ছে গ্রাম পরিষদ স্যাল অর্থাৎ তাদের দিয়ে বাধ্য থাকবে কিন্তু আমি বলছি এমনও হতে পারে এবং কোন প্রয়োজন হবে না, কারণ সে হয়ত তার বহু জমির মধ্যে খানিকটা ডোনেট করেছে, কিন্তু এই অ্যাক্ট অনুসারে তাকে আবার কিছুটা জমি দিতে হবে। গ্রামবাসীরা যদি বিবেচনা করে, যে লোক গ্রামদান করেছে তাকে দেওয়া প্রয়োজন না থাকলে দেওয়া হবে না, যে থাকলে সেক্ষেত্রে দিতে পারবেন। সুতরাং স্যাল বা অবলিগেটরি কেন করবেন? আমার মনে হয় যে থাকলে আইনটা ভালভাবে ড্রাফটেড হবে স্যাল থাকলে অনেক গোলমাল হবে। এখানে বলা হচ্ছে ল্যান্ড পুলএ কিছুটা জমি নিয়ে তাকে আবার ফেরৎ দেওয়া হবে, আমি বলছি তা করবেন না, আমি প্রথমেই বলছি অবলিগেটরি না করে গ্রাম পরিষদেরই হাতে ক্ষমতা দিয়ে দিন, তাঁরাই বিবেচনা করে দেখবেন, আগেই একটা আইন করে দিয়ে সব ঠিক করে দেবেন না। আমি বলছি গ্রাম পরিষদই ডিসাইড করুন, সেই ক্ষমতাটুকু গ্রাম পরিষদকে দেওয়া হচ্ছে না কেন, তাঁরাই বুঝতে পারবেন কতটা জমি তাকে দিলে ভাল হয়। যদি দেখা যায় তার পরিবারের ভরণপোষণের জন্য তাকে জমি দেওয়া দরকার তা হলে নিশ্চয়ই তাকে দেওয়া উচিত। কিন্তু আমি তাদের কথা বলছি না—আমি তাদেরই কথা বলছি যাদের প্রয়োজন হবে না তাদের বেলায় আপনি কি করবেন? সেজন্যই এই প্রভিসোতে আমি বলছি গ্রামবাসীরা ঠিক করবে তাকে কতটা জমি দেওয়া হবে। এই কারণেই আমি এই প্রপোজ প্রোভাইসোটা দিয়েছি। আমার দ্বিতীয় প্রভাইসো হচ্ছে যদি কোন দাতা লিখে দেন আমি ফেরৎ চাই না তাহলে এই রকম প্রভিসন যদি অ্যাক্টএ না থাকে সেক্ষেত্রে কি করবেন? আপনার কি জোর করে বলবেন নিতে হবে? সেক্ষেত্রে আমি বলছি যে জমি ডোনেট করেছে সে জমি গ্রাম পরিষদ ল্যান্ড পুলএ কন্ট্রিবিউশন হিসাবে ধরে নেবে এবং পরে জনকল্যাণমূলকভাবে অ্যালট করে দেবে—এটা বিবেচনা করে দেখবেন। এই আইনে অনেক সমস্যার উদ্ভব হতে পারে কারণ আমরা গেঁয়ো মানুষ সব ইমপ্লিকেশন বুঝে উঠতে পারি না। তাই আমি বলছি ডিপলি চিন্তা করে দেখুন এই প্রোভাইসো দুটো আপনি গ্রহণ করবেন কিনা।

[3-50—4-20 p.m.]

Shri Sanat Kumar Raha: I move that in clause 16(1), line 2, for the word "all" the words "the land to the limit of the requirement in the area for the maintenance of his family as will be determined by the Gram Parishad with due consideration of the productivity and the fertility of" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য ইয়াজদানী যেকথা বলেছেন তার আর একটা দিক আছে। বলা হয়েছে, যদি কোন ডোনার তার খানিকটা জমি ডোনেট করে। আপনি হয়ত বলবেন ল্যান্ড পুলে দিতে পারবে এবং তারপর অন্য লোককে দিয়ে দেবে। কিন্তু অনেক লোক থাকতে পারে যাদের হয়ত গ্রামে জমি আছে এবং তারা অন্য কোথাও ব্যবসা করে। ১৬ নম্বর ক্লজএ লাইন টু-তে যিনি এই সংশোধনী প্রস্তাব এনেছেন তিনি বলতে চেয়েছেন,

The words "land to the limit of the requirement in the area for maintenance of his family as will be determined by the Gram Parishad with due consideration of the productivity and the fertility of"

অর্থাৎ সে যদি চায় তাহলে তার সংসারের মেনটেনেন্সএর জন্য সেই জমির উৎপাদন শক্তি এবং উর্বরতা বিচার করে যে পরিমাণ দিলে তার সংসার স্বচ্ছলভাবে চলতে পারে সেটা নেখে দিয়ে বাকি জমি অন্য লোককে দিতে পারবে এরকম প্রভিসন থাকা দরকার। আমার বক্তব্য হচ্ছে, যদি এরকম কোন ডোনার পান যেখানে সব জমি অ্যালট না করে, কিছু অ্যালট করে বাকিটা যদি অন্য লোককে দিতে পারেন তাহলে সেক্ষেত্রে গ্রামের মঙ্গল হবার সম্ভাবনা বেশি।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৫ ধারার ৩ নম্বর উপধারায় যে প্রস্তাব আছে তার প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। যতখানি জমি গ্রাম পরিষদ মনে করবে কন্ট্রিবিউশন হিসেবে তাদের কাছে চাওয়া যেতে পারে ততখানি তাঁরা চাইবেন এবং তখন ভেবে দেখবেন কতখানি জমি

অছে এবং তার প্রয়োজন কত। গ্রাম পরিষদ তাদের কাছে বুঝে জমি চাইবেন—অর্থাৎ রুলসএ যেটা বলেছে সেটা বিবেচনা করে জমি চাইবেন। কাজেই মনে হয় না মাননীয় সদস্যদের অ্যামেন্ডমেন্ট গ্রহণ করা যেতে পারে।

The motion of Shri Aswini Roy, moved on his behalf by Shri Sanat Kumar Raha, that in clause 16(1), line 2, for the word "all" the words "the land to the limit of the requirement in the area for the maintenance of his family as will be determined by the Gram Parishad with due consideration of the productivity and the fertility of" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 16(1), line 1, for the word "shall" the word "may" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that the following proviso be aded to clause 16(1):

"Provided that the Gram Parishad shall determine the quantity of land which may be allotted to the donor for cultivation for maintenance of his family;

"Provided further that if the donor expresses his unwillingness to have any allotment of the lands donated by him or if in the opinion of the Gram Parishad allotment of any land should not be made to the donor for maintenance of his family, the whole land donated by him to the Gramdan Village shall be contributed to the land pool.",
was then put and lost.

The question that clause 16 do stand part of the Bill was then put and agreed to.

[At this stage the House was adjourned for twenty-five minutes.]

(After adjournment)

[4-20—4-30 p.m.]

Clause 17

Shri Somnath Lahiri: Sir, I beg to move that in proviso to clause 17(a), lines 2-3, for the words "who is not a resident of the gramdan village" the words "who is not a resident of the gramdan village" the words "whether a resident of the gramdan village or not" be substituted.

I also move that after clause 17(a), line 4, for the word "may" the word "shall" be substituted.

An allotment of land in the gramdan village by the Gram Parishad shall be subject to the following conditions, namely:—

(a) the allottee shall cultivate the land personally or through a bargadar who is not a resident of the gramdan village,.....

এখন এটার মানে এই দাঁড়াচ্ছে যে, আমার যদি ২৫ একর জমি থেকে থাকে এবং সেই ২৫ একর জমি যদি আমি গ্রামদান করে থাকি তাহলে তার মধ্যে অন্ততপক্ষে ফাইভ পারসেন্ট ল্যান্ডলেস লেবারারর, ২৫ একরের দু-তিন একর পুলে গেলে ল্যান্ডলেস লেবারারদের জন্য বাকি যে ২২-২৩ একর ল্যান্ড হইল, সেটা ১৬ ধারা অনুসারে ফেরৎ পাব যে কন্ডিশন আছে সেই অনুসারে এবং অরিজিনাল যে ওনার ছিলাম আমি সেই বাকি ২২-২৩ একর আমিই পাব সেই অ্যালটমেন্ট হওয়ার পরে। আইন বলছে দি অ্যালটমেন্ট অর্থাৎ
owner shall cultivate the land personally

আমি মনে করি, ২৫ একর জমি আগে যেটা বর্গাদার দিয়ে চাষ করাতাম, সেই ২৫ এ
মধ্যে দু একর ল্যান্ড পুলে দেবার পর, সেই জমি আমার কাছে রাখতে পারব। আইনে
আছে,

allottee shall cultivate the land personally or through a bargadar who
be a resident of the Gramdan village

অর্থাৎ বর্গাদার মারফৎ আপনি চাষ করাতে পারবেন, কিন্তু কোন বাধ্যবাধকতা নাই।
আমরা আগে বর্গাদার দিয়ে চাষ করিয়ে থাকি, এখন আমাদের অ্যালট করার পর বর্গাদার
চাষ করাতেই হবে এমন কোন বাধ্যবাধকতা নাই। সুতরাং ইচ্ছা করলে আমি আইনের
করতে পারি যদি বলেন জমি নিজে চাষ করবে, তাহলে ২২-২৩ একর জমি বর্গাদারদের
থেকে ছাড়িয়ে নিতে পারবেন, অর্থাৎ বর্গাদার উচ্ছেদ হবে। অবশ্য ভূমিরাজস্ব মন্ত্রিমহা
সঙ্গে আমি এর আগে কথা বলেছিলাম, উনি বললেন, না অন্যান্য ভূমিসংস্কার ইত্যাদি
বর্গাদার উচ্ছেদ করার সম্ভাবনা, তার প্রোটেকশন আছে। সেটা উনি একটু বুঝিয়ে
কি আছে, যদি না থাকে তাহলে বর্গাদারদের উচ্ছেদ হওয়ার সম্ভাবনা আছে এবং সেটা
করার জন্য নিশ্চয়ই ৬৪নং অ্যামেন্ডমেন্ট নেওয়া উচিত। কারণ সেখানে আমি বলছি

the allottee shall cultivate the land personally or through a bargadar
must be resident of the Gramdan village

এখানে আমি যদি বর্গাদারী করে থাকি এবং আমার বাড়ি যদি অন্য জায়গায় হয় ত
আমাকে নিশ্চয়ই উচ্ছেদ করা যাবে এই বিলের এই প্রভিশনে এটা পরিষ্কার করে দেওয়া
কাজেই আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছি

who must be a resident of the gramdan village

এর বদলে

whether he is a resident of the gramdan village or not,

আমি যদি আগে থেকে এই বর্গাচাষ করে থাকি তাহলে আমি বর্গাচাষ করতে পারব,
বিষয়টা পরিষ্কার করে দেওয়া দরকার। অবশ্য ধারা রাখা হয়েছে যে, যদি আমি ঐ গ্রাম
গ্রামের অধিবাসী না হই, কিন্তু ঐ জমি যদি আমি বর্গাদারী করে থাকি, তাহলে ঐ
আমাকে চাষ করতে দেওয়া যেতে পারে

it may continue to be cultivated by such Bargadar,

কিন্তু ঐ 'মে' শব্দ থাকার ফলে মানে দাঁড়াচ্ছে আমি যে সেই জমির অরিজিন্যাল ওনার
বর্গাদারকে দিয়ে চাষ করাচ্ছিলাম, কিন্তু ঐ ফাইভ পারসেন্ট অফ ল্যান্ড পুলে দেওয়ার
সেই জমি আমি সমস্ত ফেরৎ পেলাম এ্যালটি হিসাবে। সেখানে ইচ্ছা করলে আমি বগ
রাখব, ইচ্ছা করলে বর্গাদার রাখব না যদি সেই বর্গাদার বাইরের হয়। বগ
যদি গ্রামের না হয় অন্য জায়গা থেকে যদি বর্গাদারী করে থাকে তাহলে তাকে দেওয়া না
সমস্তই ইচ্ছাধীন, সেটা পরিষ্কার করে দেওয়া হয়েছে এ 'মে' শব্দ প্রয়োগ করে। ক
বর্গাদার সম্পর্কে অ্যামেন্ডমেন্ট নাম্বার ৬৫তে বলেছি

in clause 17(a), line 4, for the word "may" the word "shall" be substitu

কাজেই 'মে'টাকে 'শ্যাল' যে করতে হবে তাতে কোন সন্দেহ নেই। তা না হলে এই
ল্যান্ডলেস লেবারকে সাহায্য করুক বা না করুক [illegible] যে ক্ষতি করবে তাতে
সন্দেহ নেই। জোতদাররা বড় বড় জমির মালিকরা ছুতো পেয়ে যাবে অজুহাত পেয়ে
সামান্য 5 per cent. land
দান করে [illegible] ছাড়িয়ে দেবে। [illegible] সম্বন্ধে আইনে কি প্রোটেকশন
সেটা বোঝান। তা না হলে যেটুকু ধারার লেখা আছে সেটা হচ্ছে অ্যালটী বলে
ডিক্লারেশন দেয় যে, আমি পার্সোন্যাল চাষ করব তাহলে সে জমি নিয়ে নিতে পা
পার্সোনাল চাষ করা হবে বলে যে এক্সপ্লানেশন দেওয়া হয়েছে তা খুব ভেগ

an allottee shall not be deemed to have cultivated the land personally unl
he or any member of his family puts in labour on the land in any proc
of cultivation.

র্থাৎ তার পরিবারের একজন বাচ্ছা গিয়ে যদি দুটো আগাছা নিড়িয়ে আসে তাহলে দাঁড়াবে ই যে অ্যালটী পার্সোন্যালি লেবার করেছেন ল্যান্ডের উপর। এটা একটা মস্তবড় ভেগ জ। কারণ,

nless he or any member of his family by puls in labour on the land in any rocess of cultivation.

ুতরাং সে সম্বন্ধে কি হবে বলা খুব কঠিন—আগাছা তুলে দিয়ে যাবে একদিন, পরের দিন নার হয়ে গেল, বলবে আমি নিজে এই জমি চাষ করেছি, বর্গাদারের এখানে থাকার অধিকার ই যদি ইচ্ছা না থাকে। সুতরাং ক্লজ ১৭(এ)তে প্রোটেকশন যদি না থেকে থাকে তা হলে াকে প্রোটেকশন দেওয়ার জন্য

he allottee shall cultivate the land personally

টা বাদ দেওয়া দরকার এবং প্রোভাইসোতে 'মে'টাকে নিশ্চয়ই 'শাল' করে দেওয়া দরকার।

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 17(d), in ine 2, after the word "Cancelled" the words "in case the heirs of the llottee surrender the land to Gram Parishad" be added.

Sir, I also beg to move that in proviso to clause 17(d), line 1, for the ords "reallot the land" the words "renew the allotment of the land on the ame terms and conditions as was were with the allottee.

Shri Bejoy Kumar Banerjee:

ই ক্ষেত্রে বক্তব্যটা ছিল মোটামুটি এই যে অ্যালটী মারা গেলে তার জমি অটোমেটিক্যালি ্যানসেল্ড হয়ে যাবে। অ্যালটীর মৃত্যুর সঙ্গে সঙ্গে ক্যানসেল্ড হয়ে গেলে তার যে লিগ্যাল য়ার্স আছে তাদের সেই জমি একবার ক্যানসেল্ড হয়ে গেলে উদ্ধার করতে কি পরিমাণ ইম লাগে আমি জানি না। এই আইনের ফলে একজন সাধারণ কৃষক যার নামে অ্যালটমেন্ট য়াছে তার মৃত্যুর পরে তার ছেলেরা যদি সঙ্গে সঙ্গে চাষ করতে না পারে তাহলে খুব বিপদ বে। সেজন্য এই অ্যামেন্ডমেন্টে বলা হয়েছে ক্যানসেল্ড হবে

n case of the heir of the allottee surrenders the land to Gram Parishad.

Shri Hemanta Kumar Basu:

মার একটা কথা হচ্ছে, যদি তারা সারেন্ডার করে তাহলে তারপর ক্যানসেল্ড হয়ে যাবে। ারেন্ডার না করলে সেই ল্যান্ডটা রিঅ্যালটমেন্ট হবে, রিনিউ হবে এইভাবে বক্তব্যটা খাড়া রা হয়েছে। এখানে আমার নিজের ধারণা হচ্ছে, মৃত্যুর পরে অ্যালটমেন্ট ক্যানসেল্ড হয়ে গেল, ার এয়ার্সরা সঙ্গে সঙ্গে চাষ করতে পারবে কিনা তার কোন গ্যারান্টি নিশ্চয়তা পাওয়া যাচ্ছে া। সেজন্য এই অ্যামেন্ডমেন্ট এখানে আনা হয়েছে।

4-30—4-40 p.m.]

Shri Birendra Kumar Maitra: Sir, I move that in clause 17 -(1) for paragraph (b) the following paragraph be substituted namely:—

"(b)" the interest of the allottee in the land allotted shall be heritable in the same manner as other immovable property but no transfer by the allottee of such interest shall be valid unless made to a member of the Gram Parishad, and with the consent of the Gram Parishad;":

(2) for paragraph (d), the following paragraph be substituted, namely:

"(d) the allottee may surrender the land to the Gram Parishad for consideration on such terms and conditions as may be agreed upon by them."

টাতে বলা হয়েছিল যে, কোন হোয়টেবল রাইট থাকবে না। হোয়টেবল রাইট যদি না থাকে াহলে গ্রামের এই পরিকল্পনা—সকলে যোগদান করতে ইতঃস্তত করতে পারেন। সেজন্য ামি আমার অ্যামেন্ডমেন্ট দিয়া বলতে চাই যে, তাদের হোয়টেবল রাইট থাকবে কিন্তু ট্রান্সফার করার রাইট থাকবে না গ্রাম পরিষদের বাইরের লোকের কাছ এবং গ্রাম পরিষদের কনসেন্ট া নিয়ে। আর কোন ক্ষেত্রে যদি ট্রান্সফার করার প্রয়োজন হয় গ্রাম পরিষদে তাঁরা সেটা ারেন্ডার করে কনভারসেশনে দিতে পারেন। এই দুটো অ্যামেন্ডমেন্ট আমি দিচ্ছি।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্য বীরেনবাবুর অ্যামেন্ডমেন্ট গ্রহণ করে এই বলা চাই যে, মাননীয় সদস্য সোমনাথবাবু যেকথাগুলি বলেছেন যে, বর্তমানে যেসমস্ত বর্গাদ রয়েছে তারা এই আইনের সুযোগে বা এই আইনের অপব্যয়ের ফলে উচ্ছেদ হয়ে যেতে পারে সেই আশঙ্কা আছে। সেদিক দিয়ে এই বিল বা এই ধারাগুলি বিবেচনা করা উচিত আমরা এই বিলটাতে এমন কিছু আনতে চাই না, আমাদের উদ্দেশ্য এই নয় যে, এই অ্যামেন্ মেন্টের সুযোগে গ্রামদানী গ্রামের গ্রাম পরিষদ কর্তৃক জমি অ্যালটমেন্ট হলে অ্যালটী সে আইনের সুযোগ নিয়ে পুরানো বর্গাদারকে বা সাধপ্রতিক যে বর্গাদার রয়েছে তাকে উচ্ছে করে দেবেন। তাহলে মাননীয় সদস্য সোমনাথবাবু বিশেষ করে যে কথাটার উপর জোর দিচ্ছে সেটা সম্পর্কে আমি মনে করছি যদি এইভাবে একটা প্রভাইসো যোগ করে দেওয়া যায় তাহ বোধ হয় ঠিক হতে পারে। আমার প্রস্তাবটা এই রকম দাঁড়াচ্ছে।

Provided further that if at the time of the allotment the land has bee under cultivation by a bargadar, whether he is a resident of the Gramda Village or not, his cultivation shall not be terminated by the allottee excep on the grounds and in the manner mentioned in section 17 of the Wes Bengal Land Reforms Act, 1955.

তার মানে অ্যালটমেন্টের কোন জমি যদি বর্গাদার কর্তৃক আগে থেকে চাষ হয়ে আসে বা কিছ দিন হল চাষ হচ্ছে এমনও হয় তাহলে সেই জমি থেকে বর্গাদার উচ্ছেদ সম্পর্কিত যে বিধা রয়েছে সেই বিধানের প্রয়োগ ছাড়া, অন্য কোনভাবে উচ্ছেদ করা যাবে না এটাই আমাদে উদ্দেশ্য, কিন্তু আমার মনে হয় এইভাবে যদি একটা ধারা যোগ করে দিই তাহলে সর্বপ্রকা আশঙ্কা নিরসন হতে পারে।

The motion of Shri Sanat Kumar Raha that in clause 17(d), in line 2 after the word "Cancelled" the words "in case the heirs of the allotte surrender the land to Gram Parishad" be added, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in proviso to clause 17(d) line 1, for the words "reallot the land" the words "renew the allotment o the land on the same terms and conditions as were with the allottee" b substituted, was then put and lost.

The motion of Shri Birendra Kumar Maitra that in clause 17,—

(1) for paragraph (b), the following paragraph be substituted, namely

"(b) the interest of the allottee in the land allotted shall be heritabl in the same manner as other immovable property, but no transfe by the allottee of such interest shall be valid unless made to member of the Gram Parishad, and with the consent of the Gram Parishad;";

(2) for paragraph (d), the following paragraph be substituted, namely

"(d) the allottee may surrender the land to the Gram Parishad fo consideration on such terms and conditions as may be agreed upo by them.",

was then put and agreed to.

The motion of Shri Somnath Lahiri that in proviso to clause 17(a) lines 2-3, for words "who is not a resident of gramdan village" the word "whether a resident of the gramdan village or not" be substituted, wa then put and lost.

The motion of Shri Somnath Lahiri that in proviso to clause 17(a), line 4, for the word "may" the word "shall" be substituted, was then put and lost.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that provided further that if at the time of the allotment the land has been under cultivation by a bargadar, whether he is a resident of the gramdan village or not, his cultivation shall not be terminated by the allottee except on the grounds and in the manner mentioned in section 17 of the West Bengal Land Reforms Act, 1955, was then put and agreed to.

The question that clause 17 as amended do stand part of the Bill, was then put and agreed to.

Clause 18

Mr. Speaker: Amendment Nos. 34 to 36 are out of order. None of the amendments has been moved. So, I put the clause to vote.

The question that clause 18 do stand part of the Bill was then put and agreed to.

New clause 18A

Shri Birendra Kumar Maitra: Sir, with your permission I move that the amendment stands in the name of Shri Sushil Kumar Dhara, that after clause 18, the following new clause be inserted, namely:

18A. **Annual contribution to Gram Parishad.**—(1) Subject to the provisions of sub-section (2)—

(a) every allottee shall contribute annually to the Gram Parishad one-fortieth part of the produce of the land allotted to him, if such land is cultivated by him personally, or one thirtieth part of his share of such produce, if such land is cultivated through a bargadar;

(b) if an allottee who resides in the gramdan village owns any land outside such village, he shall, in addition to the contribution referres to in clause (a), contribute annually to the Gram Parishar one-fittieth part of the produce of such land, if such land is cultivated by him personally, or one fortieth part of his share of such produce, if such land is cultivated through a bargadar;

(c) if a member of the Gram Parishad, who has made the declaration referred to in clause (c) of sub-section (1) of section 5, cultivates as a bargadar any land in the gramdan village or outside it, he shall contribute annually to the Gram Parishad one-thirtieth part of his share of the produce of such land; and

(d) if a member of the Gram Parishad, who has made the declaration referred to in clause (c) of sub-section (1) of section 5, is not required to make any contribution under clause (a), clause (b) or clause (c), he shall contribute annually to the Gram Parishad one-thirtieth part of his total net annual income in such monthly or quarterly instalments as may be convenient to him.

(2) The Gram Parishad may, if it thinks fit to do so after considering the circumstances of any person liable to make a contribution under sub-section (1), reduce the rate or quantum of the contribution to be made by him to the Gram Parishad."

মিঃ স্পীকার, স্যার, আমাদের গ্রাম পরিষদের নিজস্ব কোন ফান্ডএর জন্যে, কন্ট্রিবিউশনএর কোন ধারা এতে সংযোজিত ছিল না ; সেইজন্য আমি এই নূতন ধারাটি বিলে সংযোজিত করবার জন্য আমার অ্যামেন্ডমেন্টটি মুভ করছি। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় সেটি গ্রহণ করবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I accept the amendment.

The motion was then put and agreed to.

Clause 19

[4-40—4-45 p.m.]

Shri Nathaniel Murmu: I move that in clause 19(1), lines 3-4, for the words "members of the Gram Parishad" the words "landless peasants residing in gramdan village" be substituted.

এটা খুব স্পষ্টভাবেই কথাটা বলা হচ্ছে, গ্রামপরিষদের হাতে ম্যানেজ করার ক্ষমতা, যে জমিটা পেয়েছে, সেই জমি সংক্রান্ত বিধিবিধানের জন্যে যে ক্ষমতাটা দেওয়া হচ্ছে সেটা হচ্ছে গ্রাম-পরিষদের প্রত্যেকটি সদস্যর মঙ্গলের জন্যে। গ্রামপরিষদে খুব অল্প জমি আসছে, মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে ল্যান্ড পুল্এ খুব বেশী জমি আসবে না, কাজেই এই কথাটা পরিবর্তন করার জন্যে আমরা সংশোধনীতে বলছি যে এই বেনিফিটটা মেম্বার্স অফ দি গ্রাম পরিষদ না দিয়ে সেই গ্রামে যেসব ভূমিহীন চাষী রয়েছে সেই চাষীদের মঙ্গলের জন্য যেন এই ক্লজটা বিধিবদ্ধ হয়। কাজেই এই কথাটা স্পষ্টভাবে লেখার জন্য আমরা এই সংশোধনীটা আনছি।

Shri Birendra Kumar Maitra: Sir, with your permission, I move that in clause 19, in sub-clause (2)—

(1) paragraph (g) be omitted;

(2) paragraph (h) be omitted.,

আমাদের আগে যে অ্যামেন্ডমেন্টটা মন্ত্রিমহাশয় গ্রহণ করলেন তাতে বিস্তৃতভাবে লেখা আছে কাকে কি দিতে হবে এবং এই ক্লজটাতেও তাই ছিল সেটা আরও ভালভাবে লেখা হয়েছে বলে এইটা আর থাকার দরকার নেই, সেইজন্য আমি এটা মুভ করছি।

Shri Sanat Kumar Raha:

বীরেনবাবুর অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করলে এটা আর মুভ করার প্রয়োজন হয় না, কিন্তু সঙ্গে সঙ্গে বলছিলাম যে, এইগুলি যে আমরা ইম্পোজ করতে যাব অ্যাক্ট অনুযায়ী, না দিলে কি হবে তার কোন প্রভিশন করা হয়েছে কিনা? না থাকলে এই ধারার সঙ্গে সংযোজিত করা উচিত।

The Hon'ble Syamadas Bhattacharyya: I accept the amendment moved by Shri Maitra. I am sorry, I cannot accept the amendment moved by Shri Murmu.

The motion of Shri Nathaniel Murmu that in clause 19(1), lines 3-4, for the words "members of the Gramdan Parishad" the words "landless peasants residing in gramdan village" be substituted, was then put and lost.

The motion of Shri Sushil Kumar Dhara, moved on his behalf by Shri Birendra Kumar Maitra, that in clause 19, in sub-clause (2)—

(1) paragraph (g) be omitted;

(2) paragraph (h) be omitted.,

The question that clause 19, as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 20

The question that clause 20 do stand part of the Bill was then put and agree to.

Clause 21

Shri Nathaniel Murmu:

স্যার, আমার কোন অ্যামেন্ডমেন্ট নেই। তবুও আমি এই ক্লজ সম্পর্কে কিছু বলব। এই ক্লজ নং ২১ যেটা গ্রাম আদালত সম্পর্কে বলা হয়েছে, এ সম্পর্কে সাংবিধানিক একটা প্রশ্ন জড়িত আছে। যদিও মন্ত্রিমহাশয় বলেছেন যে, এটা সিলেক্ট কমিটিতে যাবার আগে আমরা প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম সেটা তিনি বলেছেন। সেটা হচ্ছে

"any dispute of a civil nature between residents of the gramdan village which the parties have, by a written agreement, referred to the Gram Adalat for decision".

এই গ্রাম আদালতে ডিসপিউট অফ সিভিল নেচার সেখানে বিচার হচ্ছে, পাশাপাশি দেখা যাচ্ছে গ্রামদান ভিলেজের পাশাপাশি আর একটি গ্রাম আছে যেখানে সিভিল নেচারএর কেসগুলো কোর্টএ যাচ্ছে। এখন ইকোয়ালিটি বিফোর ল আমাদের সংবিধানে যে অধিকারটা রয়েছে সেটা লঙ্ঘিত হচ্ছে কিনা। কারণ গ্রামদান ভিলেজে ডিসপিউট অফ সিভিল নেচার কথাটা আছে, অর্থাৎ সিভিল নেচারএর যদি কোন বিচার গ্রাম আদালত বিচার করে আর তার পাশাপাশি আর একটি গ্রামের বিচার সেটা সিভিল কোর্টএ হবে এই যে দুইরকম আইনের প্রয়োগ তাতে সংবিধানের যে ক্ষমতা, সংবিধানের ইকোয়ালিটি সেটা লঙ্ঘিত হচ্ছে বলে আমার মনে হচ্ছে। যদি তাই হয় তাহলে এটা আলট্রা ভায়ার্স হয়ে যাবার সম্ভাবনা রয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহোদয়কে এ সম্পর্কে আলোকপাত করতে বলব। কারণ, আমরা এখানে অনেকবার দেখেছি যে একটি আইন পাশ হয়েছে, পরে সেটা আলট্রা ভায়ার্স হয়ে আবার সেটা সংশোধনের জন্য আসছে। এইরকম একটা বিপদ এখানে আসার সম্ভাবনা আছে এবং আমি অন্ততঃ মনে করি যে একই এলাকায় ডিসপিউট অফ সিভিল নেচারএর দুইটি রকমের বিচার বিভাগ থাকাটা বাঞ্ছনীয় নয়।

[4-45—4-55 p.m.]

Shri Sanat Kumar Raha:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে লেখা আছে

any dispute of a civil nature between residents of the gramdan village which the parties have, by a written agreement, referred to the Gram Adalat for decision.

গ্রাম পরিষদে যেসব কন্ট্রীবিউশন সম্পত্তি আসছে সে সম্পর্কে রেসিডেন্টদের মধ্যে কোন ডিসপিউট হলে তাঁরা আদালত হিসাবে কাজ করছেন, কিন্তু ল্যান্ডপুলএর যদি কোন পাওনা থাকে তার মীমাংসা কি করে হবে (এ) অ্যান্ড (বি)তে তা লেখা নেই। গ্রাম পরিষদএর সঙ্গে রেভিনিউ ইত্যাদি ব্যাপারে অ্যালটীর যদি কোন ডিসপিউট হয় তাহলে কিভাবে তার বিচার হবে সেইটা সম্পর্কে আলোকসম্পাত করলে ভাল হয়।

The question that clause 21 do stand part of the Bill was then put and agreed to.

Clause 22

Shri Nathaniel Murmu: I move that for clause 22, the following be substituted, namely:—

"22. An appeal shall lie from every order of decision of Gram Adalat to the District Judge having jurisdiction over a gramdan village and the precedure to be followed in such appeal be subject to the provision of the Code of Civil Procedure (Act 5 of 1908)".

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ ২১(২এ)তে আছে

No other court shall have jurisdiction to try any suit in respect of a dispute referred to in clause (a) or clause (b) of sub-section (2).

সেজন্যই এখানে অ্যাপীলএর প্রভিশন দেওয়া হয় নি। যদি স্পটতঃই অবিচার হয়ে থাকে তাহলে রিভিসনএর ব্যবস্থা করা হয়েছে।

The motion of Shri Nathaniel Murmu that for clause 22, the following be substituted, namely:—

"22. An appeal shall lie from every order or decision of Gram Adalat to the District Judge having jurisdiction over a gramdan village and the procedure to be followed in such appeal shall be subject to the provision of the Code of Civil Procedure (Act 5 of 1908)."

was then put and lost.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 23 and 24

The question that clauses 23 and 24 do stand part of the Bill was then put and agreed to.

Clause 25

Shri Sanat Kumar Raha: I move that clause 25 be re-numbered as sub-clause (1) of that clause and after the sub-clause so re-numbered, the following sub-clause be added:

"(2) A Gram Parishad shall also receive a portion of the land revenue of the area of the Gram Parishad as will be determined by the State Government."

স্যার, যখন একটা নতুন সমাজব্যবস্থা পত্তনের চেষ্টা করা হচ্ছে, যখন একটা উন্নত সমাজ তৈরির দৃষ্টিভঙ্গি এর মধ্যে আছে তখন স্টেট গভর্নমেন্ট যে ল্যান্ড রেন্ট, রেভিনিউ কালেকশন করবেন তার একটা পোরসন গ্রাম পরিষদের হাতে দেওয়া উচিত বলে মনে করি।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে বলাই হয়েছে,

A Gram Parishad may receive grants, donations, bequests, gifts or loans from the Central or the State Government or any local authority or any person.

এখানে প্রশ্নটা হল ল্যান্ড রেন্ট এবং ল্যান্ড রেভিনিউএর একটা অংশ তাঁদের হাতে ছেড়ে দেওয়া যায় কিনা। জেলা পঞ্চায়েৎ এবং অঞ্চল পঞ্চায়েতের হাতে এর কিছুটা ছেড়ে দেওয়া নীতি ও সিদ্ধান্ত আগেই হয়েছে শতকরা হিসাবে। গ্রাম পরিষদের ব্যাপারে সেই নীতিই একটু সম্প্রসারণ করলেই হবে, এটা একটা আইন করে না করলেও হতে পারে।

Mr. Speaker: Amendment No. 43 is withdrawn, and amendment No. 71 is not moved.

The question that clause 25 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 26 and 27

The question that clauses 26 and 27 do stand part of the Bill was then put and agreed to.

Shri Kamal Kanti Guha:

On a point of privilage, Sir.

হাউস হয় এই সপ্তাহেই না হয় আগামী সপ্তাহে শেষ হয়ে যাবে। কিন্তু এর পরে আমাদের নর্থ বেঙ্গলএ যাবার কোন ব্যবস্থা থাকবে না কারণ টিকেট ১৫ই পর্যন্ত বুক্‌ড্‌। এই ব্যাপারে পারমানেন্ট মেম্বারদের তারা রেলের সঙ্গে যোগাযোগ করে যাবার ব্যবস্থা করে দেন রিজারভেশনএর মাধ্যমে। এই সম্পর্কে একটা ব্যবস্থা করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

Clause 28

Shri Somnath Lahiri: Sir, I beg to move that after clause 28(2) the following be aded:

> "(3) The State Government shall, on the recommendation of the Gram Parishad make suitable contributions to the Gram Nidhi for providing agricultural implements and seeds to those landless persons who have been allotted land in the gramdan village under sub-section (2), clause 16, of this Act."

স্যার, এর একটা মানে আছে—আশা করি মন্ত্রিমহাশয় সেটা বুঝতে পেরেছেন যে, আপনারা গ্রামদানের মারফৎ, আপনারা নয়—কৃষকেরা ৭৫ পারসেন্ট ভোট দিয়ে অনেক কষ্ট করে জোতদারকে হারিয়ে যারা অনিচ্ছুক তাদেরকে রাজি করিয়ে একটা গ্রামদান করাল, করে যে ক্ষেতমজুর ছিল তাকে ল্যান্ড পুল থেকে কিছু জমি দিল, কিন্তু ক্ষেতমজুররা তো প্রায়ই একেবারে নিঃস্ব, তারা চাষবাস করবে কি করে? গ্রাম পরিষদ, গ্রামসভা যদি খুব বড় হয় তাহলে হয়তো সেখানে থেকে একটা ব্যবস্থা করা যেতে পারে।

[4-55—5-05 p.m.]

আমাদের পল্লী অঞ্চলে, গ্রামে গরিবের সংখ্যা অধিক, কাজেই গ্রামের নিধি বেশি হবে তা মনে করার কারণ নেই। ক্ষেতমজুররা ভূমি সংস্কার আইনের মারফত বিশেষ কিছু সুবিধা আদায় করতে পারে নি বলে গরিব লোকেরা গ্রামদানের কথা বলছে। মন্ত্রিমহাশয় গোড়াতে বললেন কিছু কিছু অঞ্চলে সমস্ত মাধ্যমিক বা গরিব চাষী যাদের ৫ একর বা ২-৩ একর জমি আছে তারা দলে দলে বলছে আমরা এই গ্রামদানে জমি দিতে রাজি আছে। কিন্তু আমার তা মনে হয় না। এটা যদি বাস্তব ছবি হত তাহলে আমরা দেখতাম বাংলাদেশের সর্বত্র লোকেরা বিনোবাজীর আন্দোলনে নাম লিখিয়েছে। তাঁর আন্দোলনে ল্যান্ডলেসদের কিছুটা জমি দেওয়া হয়েছে বটে, কিন্তু প্রচণ্ড সাড়া জাগে নি। এরকম অবস্থা হয় নি যে, গ্রামের লোকদের বলা হচ্ছে আমরা গ্রামদান করছি আপনারা আসুন। এটা যে হয় নি তার কারণ হচ্ছে নানারকম এদিক-ওদিক আছে। তবে আপাতত সে কথায় না গিয়ে আমি বলতে চাই যে, ক্ষেতমজুররা হল গ্রামের মধ্যে সবচেয়ে নিঃস্ব এবং নিপীড়িত মানুষ। এত আইন, এত আন্দোলন করে ২-৪-১০টি গ্রামের লোকেরা যদি ২-৪ বিঘা জমি ল্যান্ড পুল থেকে পায়, তারপর তারা চাষ করবে কি করে? ভূমিহীন ক্ষেতমজুরদের চাষ করবার বলদপাতি থাকে না, কাজেই সে যদি এ বছর জমি পায় তাহলে রাতারাতি কি করে বলদপাতি কিনে চাষ করবে? সে রকম আর্থিক সঙ্গতি যখন কোন ভূমিহীন ক্ষেতমজুরের নেই তখন তো গ্রামনিধিই একমাত্র ভরসা। কিন্তু আমার কথা হল ১-২ জনের ক্ষেত্রে হয়ত সে দিতে পারে, কিন্তু ৫০-৬০ জন ক্ষেতমজুর যাদের জমি দেওয়া হল তাদের এগ্রিকালচারাল ইমপ্লিমেন্টস দেবার ক্ষমতা যদি সেই গ্রামনিধির না থাকে, এক বছরের মধ্যে চাষের বলদপাতি জোগাড় করে দেবার ক্ষমতা যদি তার না থাকে তাহলে তার নামে জমি লিখে দিলেও তো সে বগল বাজাবে। জমি চাষ করতে পারলে তবে তাদের লাভ, কাজেই এখানে সরকারের দায়িত্ব বর্তাচ্ছে এবং সেটাই আমি বলেছি। আমি

অবশ্য একথা বলছি না যে, প্রত্যেক ক্ষেত্রে ক্ষেতমজুররা দাবি করলেই তাদের দিতে হবে এবং সেটা এই সরকারের কাছ থেকে আশা করাও যায় না। আমি বলছি গ্রাম পরিষদ যদি অবস্থা বিবেচনা করে রেকমেন্ড করে যে তার পক্ষে সম্ভব নয় তাহলে সেখানে দেবে। গ্রাম পরিষদের সদিচ্ছা আছে একথা বলতে হবে কারণ তাঁরাই চেষ্টাচরিত্র করে গ্রামদান করিয়েছেন। কিন্তু তাঁরা যদি বলেন আমরা পারছি না এবং সরকারকে যদি এরকম সুপারিশ করেন যে, এই ৫০-৬০ জনকে যে জমি অ্যালট করা হয়েছে তাদের চাষের যন্ত্রপাতির জন্য পয়সার প্রয়োজন তাহলে সেখানে সরকারের কর্তব্য হচ্ছে তাদের সাহায্য করা। সরকার বলছেন গ্রামদান আন্দোলন সমর্থন করি, ক্ষেতমজুরকে জমি দিতে চাই। এটা যদি সত্য হয় তাহলে সরকারের উচিত হচ্ছে এই দায়িত্ব গ্রহণ করা। অর্থাৎ এই ভূমিহীন ক্ষেতমজুররা যারা জমি পেল তাদের সম্বন্ধে যদি গ্রাম পরিষদ সুপারিশ করেন যে, এঁদের এগ্রিকালচারাল ইমপ্লিমেন্টস এবং সীডস দেওয়া হোক তাহলে সরকারের সেই দায়িত্ব নেওয়া উচিত। আমি বলছি না তাদের পাকাবাড়ি বানিয়ে দিন, কিন্তু আইনতঃ যেখানে জমির স্বীকৃতি দিলেন সেখানে সেই আইনত স্বীকৃতিকে কার্যে পরিণত করবার উপায় করে দিন। আর তা যদি না করেন তাহলে এর কোন অর্থ হয় না। আমরা জানি আমাদের দেশের দরিদ্র চাষীদের এগ্রিকালচারাল ইমপ্লিমেন্টস জোগার করার ক্ষমা থাকে না, এমন কি ধারেও নয়। কাজেই আমি আশা করি মন্ত্রিমহাশয় আমার এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন যে, গ্রাম পরিষদের সুপারিশ থাকবে সেখানকার ভূমিহীন ক্ষেত-মজুরদের চাষের যন্ত্রপাতি এবং বীজধান দিয়ে সরকার সাহায্য করবেন। কতখানি করবেন সেটা আমি অনির্দিষ্ট রেখেছি—অর্থাৎ সুটেবল বলে রেখেছি। এটা গ্রাম পরিষদ এবং সরকার মিলে যেটা মনে করবেন সেই পরিমাণ করবেন। ভূমিহীনদের হাতে যে জমি আসবে সেটা যাতে খামোকা নষ্ট না হয়, বেআইনী হস্তান্তর না হয়, বাস্তবে সে পরের দিন থেকে যাতে জমির মালিক হয়ে দেশের কাজে লাগতে পারে সেইজন্য আমি এটা রেখেছি। আশা করি রাজস্বমন্ত্রী মহাশয় এটা গ্রহণ করবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমার মনে হয় আমার বক্তব্য শুনলে আপনারা ডিভিশন নাও চাইতে পারেন। অনেক প্রকরণ রয়েছে যেখানে ইচ্ছা করলে ডিভিশন দাবি করতে পারেন। কিন্তু আমার কথা হচ্ছে মাননীয় সদস্য সোমনাথবাবু কি বললেন আমার বন্ধু মাননীয় ননী ভট্টাচার্য শোনেন নি। সোমনাথবাবু বললেন যে চাষীর ক্ষমতা কম, ভাগচাষী, অত্যন্ত দরিদ্র, ক্ষেতমজুর, তার জন্য জমি দিলেই হবে না, জমি দেওয়ার সঙ্গে সঙ্গে তাদের বীজ ধান দিতে হবে, যন্ত্রপাতি দিতে হবে, সার দিতে হবে, এর জন্য হয়ত ঋণ দিতে হবে, বা অন্য প্রকার সাহায্য দিতে হবে, এই যে যুক্তি এটা অতি সহজ এবং সকলেরই গ্রহণযোগ্য। এ নিয়ে বিতর্কের কথা নাই। একটা কথা হচ্ছে এখানে দেওয়া চলে কিনা। কৃষি উৎপাদনের জন্য দরিদ্র চাষীর অবস্থার উন্নতির জন্য এগুলি নিশ্চয়ই দরকার সে সম্বন্ধে বিতর্কের অবকাশ নাই। কিন্তু সে বিষয়ে যদি বলে দেন গ্রামপরিষদ বললেই দিতে হবে তাহলে আমার বক্তব্য তা ঠিকমত হবে না, কেন না আগেই বলা হয়েছে যে গ্রাম পরিষদ কি কি উপায়ে টাকা পেতে পারে। গ্রাম পরিষদ গ্রান্ট পেতে পারে, ডোনেশন পেতে পারে, তারা নানা উপায়ে নানা জায়গা থেকে সাহায্য পেতে পারে, রাজ্য-সরকারের কাছ থেকে পেতে পারে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেতে পারে, যে কোন স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান থেকে পেতে পারে। এই অবস্থায় আমি মনে করি না এ বিষয়ে যে সংশোধনী দেওয়া হয়েছে তা গ্রহণ করা যেতে পারে।

The motion of Shri Somnath Lahiri that after clause 28(2) the following be added:—

> "(3) The State Government shall, on the recommendation of the Gram Parishad, make suitable contributions to the Gram Nidhi for providing agricultural implements and seeds to those landless persons who have been allotted land in the gramdan village under sub-section (2), clause 16, of this Act.",

was then put and a division taken with the following results:

NOES

Abdul Latif, Shri
Ashadulla Choudhury, Shri
Bankura, Shri Aditya Kumar
Banerjee, Shri Jaharlal
Basu, Shri Abani Kumar
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, The Hon'ble Syamadas
Bose, Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chattopadhyay, Shri Brindabon
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Abanti Kumar
Das, Shri Ambika Charan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Radhanath
Das, Shrimati Santi
Dasadhikari, Shri Radhanath
Das Gupta, Dr. Susil
Gayen, Shri Brindaban
Hansda, Shri Debnath
Hembram, Shri Kamala Kanta
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Mahata, Shri Mahendra Nath
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Majumdar, Shrimati Niharika
Mitra, Dr. Gopikaranjan
Mondal, Shri Sishuram
Mukherjee, The Hon'ble Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shdi Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Naskar, The Hon'ble Ardhendu Shekhar
Pramanik, Shri Puronjoy
Pramanik, Shri Tarapada
Prasad, Shri Shiromani
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Saha, Dr. Biswanath
Saha, Shri Dhaneswar
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sarker, Shri Narendra Nath
Sen, Shri Narendra Nath
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar

AYES

Bagdi, Shri Lakhan
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Hemanta Kumar

Basu, Shri Jyoti
Besterwitch, Shri A. H.
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Choubey, Shri Narayan
Das, Shri Nikhil
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Dolai, Shri Nagen
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Shri
Guha, Shri Kamal Kanti
Hamal, Shri Bhadra Bahadur
Kisku, Shri Mangla
Konar, Shri Hare Krishna
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Sen Gupta, Shri Niranjan
Thakur, Shri Shreemohan

The Ayes being 32 and the Noes 49, the motion was lost.

Te question that clause 28 do stand part of the Bill was then put and agreed to.

Clause 29

[5-5—5-15 p.m.]

Shri Nathaniel Murmu:

মিঃ স্পীকার, স্যার, এই ক্লজ ২৯টা আমার মতে খুব বিতর্কমূলক। এটা হচ্ছে একটা গ্রাম পরিষদ বিভিন্ন এলাকায় কাজ করবে। এই ধারাতে এমন একটা ঘটনা সংযোজিত হচ্ছে যার ফলে সেই এলাকার গ্রাম পঞ্চায়েত আস্তে আস্তে সরে যাবে এবং গ্রাম পঞ্চায়েতের ক্ষমতা এই গ্রাম পরিষদের হাতে আসবে। এটা আইনগতভাবে বিতর্কমূলক। স্যার, আপনি জানেন পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন অনুযায়ী যে পঞ্চায়েত গঠিত হয় সেই গ্রাম পঞ্চায়েতের সদস্যদের সেখানে অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজের ভোটে নির্বাচিত হতে হয় এবং সেই গ্রামের মঙ্গলদায়ক উন্নয়নমূলক কাজ তাদের করতে হয়। অথচ এই যে গ্রাম পরিষদ.....

Mr. Speaker: Amendment No. 45 is out of order. However Shri Murmu may please speak.

Shri Nathaniel Murmu:

আমি অবশ্য আপ্রিহেন্ড করছিলাম যে এটা আউট অফ অর্ডার হবে। যাই হোক, আমি যা বলছিলাম গ্রাম পঞ্চায়েতের সদস্যদের গ্রামের প্রাপ্তবয়স্কদের ভোটে নির্বাচিত হতে হয় এবং গ্রামের উন্নয়নমূলক কাজ করতে হয়। কিন্তু ওয়েস্ট বেঙ্গল গ্রামদান আইন যেটা হতে চলেছে সেই অনুযায়ী যে গ্রাম পরিষদ সেখানে গঠিত হচ্ছে সেই গ্রাম পরিষদ এইভাবে আসছে না এবং যার ফলে গ্রাম পঞ্চায়েতের হাতে যে ক্ষমতা থাকবে সেই ক্ষমতা গ্রাম পরিষদের হাতে যাওয়াটা অন্যায় বলে আমি মনে করি। দ্বিতীয়ত, এই অঞ্চল পরিষদ যেভাবে গঠিত হচ্ছে তার সঙ্গে

গ্রাম পঞ্চায়েতের একটা যোগাযোগ রয়েছে। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয় যে গ্রাম পঞ্চায়েতের যারা অধ্যক্ষ, অঞ্চল বা ব্লকের সেই অধ্যক্ষদের ভোটে সেই এলাকা থেকে জেলা পরিষদের জন্য সদস্য নির্বাচিত হয়। সেই অঞ্চল পরিষদ যেটা গঠিত হচ্ছে সেই অঞ্চল পরিষদের জন্য একজন সদস্য নির্বাচিত হয় এবং সেই সদস্য জেলা পরিষদেরও সদস্য হন। কাজেই পশ্চিমবঙ্গ জেলা পরিষদ আইন এবং গ্রাম পঞ্চায়েত আইনের মাঝখানে এই নিরীহ গ্রামদান বিলে যদি এমন একটা ক্ষমতা দিই যে, ক্ষমতা বাংলাদেশের প্রশাসনিক ক্ষেত্রেও কিছুটা অনুপ্রবিষ্ট হবে তাহলে সেটা ঠিক নয়।

এই কারণে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এই বিলের যে দফাওয়ারী আলোচনা হয়েছে সেখানে কোন ক্ষেত্রে জটিলতা দেখা দেয় নি, কিন্তু এইভাবে যদি গ্রাম পরিষদ আস্তে আস্তে গ্রাম পঞ্চায়েতের জায়গা দখল করে তাহলে ভবিষ্যতে আমরা এটা হয়ত দেখবো এবং আশংকা করছি অ্যাডাল্ট ফ্র্যাণ্ডাইজে নির্ধারিত না হয়েও বিভিন্ন জায়গায় এই ক্ষমতা দখল করার জন্য এই গ্রামদান হবে এবং সেই অনুযায়ী গ্রাম পরিষদ গঠিত হবে এবং গ্রাম পরিষদের হাতে আস্তে আস্তে গ্রাম পঞ্চায়তের ক্ষমতা থাকবে এবং ঠিক তেমনভাবে গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষদের ভোটে জেলা পরিষদ বা অঞ্চল পরিষদে যেভাবে ভোট হয় সেই ভোট নিয়ন্ত্রিত হবে। এজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে নিরীহ একটা গ্রামদান বিলে এরকম বিতর্কমূলক ধারা না মানাই ভাল এবং আমি তাঁকে অনুরোধ করবো এই ধারাটা যেন তিনি প্রত্যাহার করেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীযুত মুর্মু যে আশংকা প্রকাশ করেছেন গ্রাম পরিষদের সংগে গ্রাম পঞ্চায়েতের সংঘর্ষমূলক অবস্থার উদ্ভব হবে সেটা সম্পূর্ণ অমূলক। এখানে যা লেখা আছে সেটা হচ্ছে

The State Government may, at the request of a Gram Parishad and after consultation with the Gram Panchayet having jurisdiction over the gramdan village of the Gram Parishad concerned, declare by notification etc.

তার মানে হচ্ছে, কোন জায়গায় এই ধারানুযায়ী কাজ করবার আগে রাজ্য-সরকার স্থানীয় গ্রাম পঞ্চায়তের সংগে পরামর্শ করবেন এবং গ্রাম পরিষদের অনুরোধ পাবেন—এই দুটো যদি না হয়, তাহলে এই ধারামতে কোন কাজ করা সম্ভব হবে না। কাজেই আমি মনে করি মাননীয় সদস্য শ্রীযুত মুর্মুর আশংকার কোন ভিত্তি নেই।

The question that clause 29 do stand part of the Bill was then put and agreed to.

Clause 30

Shri Sanat Kumar Raha: I move that in clause 30(1), lines 13-14, for the words "one year", the words "three months" be substituted

I also move that in clause 30(3), in line 3, after the words "the notification" the words "not exceeding three months" be inserted.

I also move that proviso to clause 30(3) be omitted.

এই সুপারসেসন যেখানে এক বছর আছে, সেখানে আমি ৩ মাস বলেছি, ৭৪টা আমি মুভ করছি না, ৭৫টায় ৩ মাস যোগ করতে বলা হচ্ছে, ৭৬টাতে ওমিট করতে বলা হয়েছে। সুপারসেসন কেন সম্পর্কে ৩ মাস আছে এজন্য সেসমস্ত একটা গ্রাম পরিষদ—জেলা পরিষদ নয়, অঞ্চল পরিষদ নয়, একটা ছোট গ্রাম পরিষদ, তাকে সুপারসীড করে এক বছরের জন্য ফেলে রাখলেন সরকারের হাতে এটা বাঞ্ছনীয় নয় বলে মনে হয়। সেজন্য একটা ছোট গ্রাম পরিষদকে সুপারসীড যদি করতে হয় তো ৩ মাসের মধ্যে একটা ব্যবস্থা করা উচিত। এত টাইম নিয়ে লাভ কি। দ্বিতীয়ত, যদি আবার বাড়াতে হয় সেও আবার এক বৎসর লাগবে। কাজে কাজেই যদি ঢিলে

তালে চলেন তাহলে ২ বৎসরেও শোধ হবে না। আমার বক্তব্য অসংখ্য গ্রাম আছে, সামান্য সেই এলাকার জন্য যে সুপারসেসন তার জন্য এত টাইম কেন সেটা বুঝতে পারি না। সেজন্য আমি আমার অ্যামেন্ডমেন্টগুলি মুভ করছি।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামদানী গ্রামের ভিত্তিতে যে গ্রাম পরিষদ গঠিত হবে তার প্রতি আমার বন্ধু সনৎবাবুর অনুরাগ দেখে আনন্দিত হলাম। তিনি চাচ্ছেন যে তিন মাসের জন্য সুপারসীড করুন, এক বছরের জন্য করবেন না। মাননীয় সদস্য এই গ্রাম পরিষদের প্রতি যে স্নেহ বা অনুরাগ প্রদর্শন করলেন আমি আশা করি আমাদেরও সেই অনুরাগ থাকবে এবং আমরা সমর্থক কাউকে এক বছর সুপারসীড করে ফেলে রাখবো না।

The motion of Shri Aswini Roy, moved on his behalf by Shri Sanat Kumar Raha, that in clause 30(1), lines 13-14, for the words "one year", the words "three months" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy, moved on his behalf by Shri Sanat Kumar Raha, that in clause 30(3), in line 3, after the words "the notification" the words "not exceeding three months" be inserted, was then put and lost.

The motion of Shri Aswini Roy, moved on his behalf by Shri Sanat Kumar Raha, that proviso to clause 30(3) be omitted, was then put and lost.

The question that clause 30 do stand part of the Bill was then put and agreed to.

Clause 31

Shri Sanat Kumar Raha: I move that the following be inserted after clause 31(2)(j):

"(jj) the relation of Gram Parishad with Anchal Panchayat constituted under the West Bengal Panchayat Act, 1957 and with the Anchalik Parishad and Zila Parishad constituted under West Bengal Zila Parishad Act, 1963."

ক্লজ ৩১এ স্টেট গভর্নমেন্টের পাওয়ার্স টু মেক রুলস সম্বন্ধে উল্লেখ করা হয়েছে। এখানে বহু জায়গায় কনফিউসন আছে। এই গ্রাম পরিষদের আইন এবং পঞ্চায়েতের আইন নিয়ে বিভিন্ন জায়গায় ক্লাস হওয়ার সম্ভাবনা আছে। সেইজন্য ৩১ ক্লজের শেষে যোগ করতে বলা হয়েছে, রহহ রবহ...রহর

that the following be inserted, namely:—"the relation of Gram Parishad with Anchal Panchayat constituted under the West Bengal Panchayat Act, 1957 and with the Anchalik Parishad and Zila Parishad constituted under West Bengal Zila Parishad Act, 1963",

এখানে পরিপূর্ণভাবে ভাষাটা বললে, তার মানে দাঁড়ায় এই—

State Government may, after previous publication, make rules to carry out the purposes of this Act.

এটা একটু পরিষ্কার করে বলবেন যে কোন কোন জায়গায় ক্ল্যাশ হওয়ার সম্ভাবনা থাকছে, স্টেট গভর্নমেন্ট প্রিভিয়াসলি আগে থেকে এই সম্পর্কে ফাংশন-এর মধ্যে যদি প্রভিসন না রাখেন, তাহলে এই ক্ল্যাশ হবার সম্ভাবনা বেশী থেকেই যাবে। রুলস তৈরী করবার জন্য এই একটা প্রভিসন থাকা উচিত।

The Hon'ble Syamadas Bhattacharyya:

...সে প্রাশ হবার কোন সম্পর্ক আমি বুঝতে পারছি না। দুটি আইনে দু-রকম বিধান থাকলেও ... এখানে গ্রাম পঞ্চায়েতের কার্যভার গ্রাম পরিষদের হাতে যাবে, তখন কি ভাবে গ্রাম পরিষদ সেই কার্যভার গ্রহণ করবে, সেটা সুস্পষ্টভাবে আইনে বলা আছে। অবশ্য এমন হতে পারে, ... ঠিক বলতে পারছি না, আমাদের তিক্ত অভিজ্ঞতার ফলে, যদি দেখা যায়, তাহলে এটা পরিবর্তন করার প্রয়োজন হবে। তবে, রুলস মেকিং পাওয়ার্স-এর মধ্যে আমরা আপাতত এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবার প্রয়োজন আছে বলে মনে করছি না।

Shri Sanat Kumar Raha:

এটা ডিভিসন-এ দেবার আগে আমি এ সম্বন্ধে একটু বলতে চাচ্ছি। যখন আপনি কনসালটেসন করলেন গ্রাম পরিষদের সঙ্গে এবং তা করার পর, গ্রাম পরিষদকে ভার দিলেন যে, সে গ্রাম পঞ্চায়েতের হয়ে ফাংশন করবে, তখন সেই গ্রাম পঞ্চায়েতের ফাংশনটা গ্রাম পরিষদ আইন অনুসারে চলবে, না, গ্রামদান অ্যাক্ট অনুযায়ী চলবে, না, পঞ্চায়েত অ্যাক্ট অনুযায়ী চলবে? গ্রাম পরিষদকে আপনি গ্রাম পঞ্চায়েতের কাজগুলি করবার জন্য অধিকার দিলেন, তখন গ্রাম পঞ্চায়েত কি গ্রাম পঞ্চায়েত হিসাবে ফাংশন করতে থাকবে, না, গ্রাম পরিষদ হিসাবে ফাংশন করবে? আন্ডার হোয়াট অ্যাক্ট সে ফাংশন করবে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

সেটা কেমন করে বলবো?

The motion of Shri Aswini Roy, moved on his behalf by Shri Sanat kumar Raha that the following be inserted after clause 31(2)(j):

"(jj) the relation of Gram Parishad with Anchal Panchayat constituted under the West Bengal Panchayat Act, 1957 and with the Anchalik Parishad and Zila Parishad constituted under West Bengal Zila Parishad Act, 1963,"

was then put and lost.

The question that clause 31 do stand part of the Bill was then put and agreed to.

Clause 32

[5-15—5-25 p.m.]

The question that clause 32 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

Shri Somnath Lahiri: I beg to move that in Preamble, lines 2 to 4, the words beginning with "in pursuance of" and ending with "ancillary thereto" be omitted.

তার মানে সেখানে লেখা আছে

whereas it is expedient to provide for the establishment of gramdan villages

তারপরে লেখা আছে

in pusuance of the Bhudan Yagna movement as initiated by Acharya Vinoba Bhave and matters ancillary thereto

এই আচার্য বিনোবা ভাবের ভূদান যজ্ঞ মুভমেন্ট সংক্রান্ত রেফারেন্সটুকু আমি তুলে দিতে চাইছি। শুধু এইটুকুই থাকবে

whereas it is expedient to provide for the establishment of gramdan villages, it is hereby enacted in the Fourteenth Year etc.

এটা কেন বলছি? বিরোধিতার প্রতি কোন অশ্রদ্ধা প্রদর্শন করবার জন্য নয়, কিন্তু অ
নিজেদের সম্বন্ধে, আমাদের নিজেদের মতামত সম্বন্ধে একটা পরিষ্কার ধারণা যতক্ষণ
না থাকছে ততক্ষণ পর্যন্ত কোন একটা বিষয় সম্বন্ধে কমিটেড হয়ে যাওয়া উচিত নয়, এ
আগেও উপস্থিত করেছি। এই বিলে যে গ্রামদানের বিষয় বলা হয়েছে যেভাবে তার অনেক
বিষয় সম্বন্ধেই এই হাউস-এর প্রায় সকলেরই আপত্তি হবে না সে কথা সম্ভবত সত্য।
কথা হচ্ছে যে, যদি বলা হয় যে এই বিলের এই এই কাজগুলি করা হচ্ছে আচার্য বিনোবা
ভূদান যজ্ঞ আন্দোলনের অনুসারে এবং তারই সঙ্গে সংযুক্ত অন্যান্য ব্যাপার অনুসরণ ক
জন্যে, তাহলে আমার মনে হয় আমরা যারা বিরোধিতার ভূদান যজ্ঞ আন্দোলনের ভালম
নিয়ে খুব বেশী জানি না তাদের প্রতি অবিচার করা হবে। কারণ বিনোবাজীর ভূদান
আন্দোলনের কি উদ্দেশ্য সে সম্বন্ধে আমি যতটুকু শুনেছি তাতে নানারকম কনফ্লিকটিং
সৃষ্টি হয়। কারণ, বোধ হয় এইজন্যেই যে আচার্যজী তিনি যেভাবে ভূদান যজ্ঞ মুভ
শুরু করেছিলেন সেই আন্দোলন চলতে চলতে তার ব্যবহারিক ফলাফল দেখতে দে
তিনি হয়ত নিজের মতও পরিবর্তন করে চলেছেন সেটা আশ্চর্য নয়, যে কোন মানুষের প
স্বাভাবিক যে আমি একটা নীতি অনুসারে আন্দোলন করতে চললাম, করতে করতে
দেখলাম ব্যবহারিক দিক থেকে সেই নীতির এইখানে মুশকিল, এইখানে দুর্বলতা, এই
অপূর্ণতা, তখন নীতির পরিবর্তনও হয়। কাজেই বিরোধিতার মুখ থেকেও বিভিন্ন
আমরা বিভিন্ন কথা শুনেছি। এক সময় ছিল যখন বিনোবাজী খুব পরিষ্কারভাবে বল
যে আমাদের দেশে কৃষকদের যে অবস্থা সেই অবস্থা নিয়ে শ্রেণী সংগ্রাম পরিচালিত হতে যা
হচ্ছে, সেই শ্রেণী সংগ্রাম যাতে না হয়, গ্রামের বড়লোকের সঙ্গে যাতে গ্রামে গরীব লোক
সংঘর্ষ না হতে পারে, এইসমস্ত উদ্দেশ্যে, শ্রেণী সংগ্রামকে নিরোধ করার উদ্দেশ্যে,
সংগ্রামকে বাধা দেবার উদ্দেশ্যে ভূদান যজ্ঞ আন্দোলন ইত্যাদি হচ্ছে, স্বেচ্ছামূলকভাবে মা
দান করবে এবং সেই দানের পরিবর্তে হৃদয়ের পরিবর্তন হবে, হৃদয়ের পরিবর্তনের ভিত্তি
দান হবে এবং তারই ভিত্তিতে যাদের জমি কম আছে বা জমি নাই তাদের হৃদয় পরিবর্তিত হ
সেই জমিহীনদের জমির সমস্যা এইভাবে পরিপূর্ণ হবে তার ফলে গ্রামে শ্রেণী সংগ্রাম কর
প্রয়োজন হবে না, এইভাবে তিনি অনুভব করতেন বলে যতদূর বুঝেছি। কিন্তু তারপরে য
তিনি সেই ভূদান যজ্ঞের আন্দোলন নিয়ে ভূদান আন্দোলন সুরু করলেন—প্রথমে গ্রামদান আ
লন ছিল না— তা নিয়ে যখন তিনি কাজে নামলেন তখন তাঁর হয়ত নানারকমের অভিজ্ঞতা
যার মধ্যে দিয়ে এইরকম অভিজ্ঞতা হল, যা আমরা কাগজে দেখেছি, যে কোথায়ও গেলেন,
জমি বহু লোকে দান করে দিলেন মনে হল বহু পেয়ে গিয়েছি। পরে হিসাব করতে গি
দেখা গেল যে তার অধিকাংশ জমিই বাজে অথবা নানারকম গোলমাল আছে, এইরকমও
ক্ষেত্রে দেখা গিয়েছে এবং তারই মধ্যে দিয়ে মোটমাট কার্যকরী জমি যা পাওয়া গেল তা
জমিহীনদের নিয়ে একটা হয়ত বিশেষ কিছু করা গেল না যাতে জমিহীন সমস্যার কোন সমাধ
হতে পারে। সেইজন্যই হয়ত বিনোবাজী পরবর্তীকালে বুঝলেন যে শুধু ভূদান বিচ্ছিন্নভা
করলে তাতে কোন লাভ হয় না, তিনি পরবর্তীকালে বললেন যে গ্রামদান করতে হবে, এব
সমগ্রভাবে জায়গা পেলে তাহলে সেখানে যৌথভাবে, সমবায়ভাবে, সমস্ত মানুষের স্বাবলম্বনা
কাজে লাগিয়ে তারই ভিত্তিতে হয়ত একটা কিছু দাঁড় করান সম্ভব।

[5.25—5.35 p.m.]

সেই বিষয়ে তাঁর কি মত, তাঁর আগেকার মত এবং এখনকার মত রাজনৈতিক ভিত্তিতে কি
আমরা পরিষ্কার জানি না, তাঁর সঙ্গে আলোচনা করে তা পরিষ্কার হতে পারি নি। একসময়
তিনি বলেছিলেন যে, পশ্চিমবঙ্গের কৃষিসংক্রান্ত আইনকানুন সবচেয়ে খারাপ, যা কিছু আই
হয়েছে তাও কার্যকরী হয় নি, ভূমি সংস্কারে কিছুই করা হয় নি, জমির সমস্যা মেটেনি। আমা
কাছে তিনি অভিযোগ করেছিলেন যে, পশ্চিমবঙ্গ কংগ্রেস এই কার্যে বিশেষ কোন সাহায্য করে
না—আমি সকলেরই সাহায্য চাই। তিনি নানান সময় নানান কথা বলেছেন। তাঁর আন্দোলনে
সব কথা যে বুঝি সেই দাবি আমি করতে পারি না, কারণ তাঁর আন্দোলনকে তেমন করে স্টাডি
করি নি, করবার দরকারও হয় নি, আর দরকার হলেও করি নি। আর সবচেয়ে মুশকিল হয়েছে
তাঁর মতের যাঁরা প্রবক্তা, তাঁরা যাঁরা তাঁর মত বুঝেছেন এবং গ্রহণ করেছেন তাঁরা যদি এখানে

এসে তাঁর বক্তব্য উপস্থিত করতেন তাহলে মনে হয় আমরা বুঝতে পারতাম ভূদান আন্দোলনের উদ্দেশ্য কি এবং তাঁর মতামত সমর্থন করা উচিত কিনা। সুতরাং আমরা যখন তাঁর সমালোচনা করি তখন সেটা অন্যায়ও হতে পারে, ভুলও হতে পারে এবং তার জবাব দেবার লোকও এখানে নেই। সেজন্য আমি বলব

to be fair to ourselves and also to be fair to Acharya Vinoba Bhave and his movement

আমাদের এখনি কোন কমিটমেন্ট-এ আসা উচিত নয়। তাই আমি বলছি প্রিয়েম্বল থেকে এই ফ্রজটা তুলে দিন যে,

in pursuance of Acharya Vinoba Bhave's Bhudan Yagna Movement and matters ancillary thereto.

তাতে বিলের উদ্দেশ্যের কিছু এসে যাবে না। এই সম্পর্কে আইনঘটিত প্রশ্ন আমরা এখানে তুলতে চাই না। গ্রামদানের উদ্দেশ্য যদি সত্যিই কার্যে পরিণত করতে যান তাহলে আমরা কোন আপত্তি করব না, বিশেষকরে ভূমিহীন কৃষকদের সমস্যা যদি এর দ্বারা কিছুটাও সুরাহা হয়, তাতে আমরা আপত্তি করব না, এতে যদি নিপীড়িত মানুষের শক্তি বৃদ্ধি হয় এবং তারা একটু আশার আলো দেখতে পায় আমরা নিশ্চয়ই এর বিরুদ্ধে যাব না। কিন্তু যদি বিশেষ কোন ব্যক্তির, তিনি শ্রদ্ধাভাজন হতে পারেন, মতানুসারে আমরা এই কাজ করছি এই কথা লিখে দেওয়া হয়, তাহলে আমরা এর বিরোধীতা করতে চাই।

in pursuance of Acharya Vinoba Bhabe

এটা লেখার কি দরকার আছে? গ্রামদান ডিলেজ কি তা আপনারা বিলের মধ্যে বলে দিয়েছেন,

Gramdan means a donation of land situated in a village which is made voluntarily for the purpose of this Act

সুতরাং পারপাস অফ দি অ্যাক্ট যদি এই হয় তাহলে যেহেতু গ্রামদান-এর ডেফিনিসন আপনার আইনে দেওয়া আছে, সেই কারণে ইন পারসুয়েসন এটা লেখার দরকার নাই। তিনি যা আন্দোলন করেছেন, করেছেন। গ্রামদানের মানে কি তা আইনের উদ্দেশ্যের মধ্যেই লেখা রইল। আমি বিনোবা ভাবেজীর আদর্শের সংগে ঝগড়া করতে চাই না, কোন তর্কও এখানে তুলতে চাই না - আমি বলতে চাচ্ছি, তাঁর আদর্শ ভালোও হতে পারে, মন্দও হতে পারে। আমি বলছি আইনেই যা ডিফাইন করা রইল, সেই অনুসারেই গ্রামদানের বিধিবিধান হবে। তাঁর আদর্শ লোকে মানে কিনা, তা নিয়ে ভোটাভুটি হয়ে কংগ্রেস জিতল কি বিরোধীপক্ষ জিতল তা নিয়ে তিনি মাথা ঘামান বলে আমার মনে হয় না। কাজ হওয়া নিয়ে কথা, সেই কাজ কিভাবে হবে সবই আইনে নির্দিষ্ট থাকল। সুতরাং আমার সাজেসান হল এটা বাদ দিন ইন পারসুয়েসান এটা উল্লেখ না থাকলেও লোকের বুঝতে অসুবিধা হবে না। তাই আমি অনুরোধ করছি প্রিয়েম্বলটা ভাবে রাখুন।

[5-35—5-45 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, সোমনাথবাবু বিনোবাজীর আন্দোলন প্রসংগে আলোচনা করেছেন। যেখানে প্রিয়েম্বল-এ যে কথা বলা হয়েছে তাতে আমার বক্তব্য হচ্ছে এমনও তো হতে পারে তাঁর মত আর একজন মহাপুরুষ বা এরকম একজন দানবীর এসে এইরকম দান করতে আরম্ভ করলেন গ্রামকে গ্রাম ঘুরে বেড়ালেন, প্রত্যেক লোকের কাছে এরকমভাবে চেয়ে চেয়ে বেড়ালেন ভবিষ্যতে এরকম একজন হয়ত আসতে পারেন। ধরুন, ঐ কাজেম আলী মির্জা যাঁর অনেক জমি আছে, তিনি হয়ত তাঁর জমিদারী দিয়ে দিতে পারেন এবং পরিব্রাজকের মত ঘুরে ঘুরে বেড়াতে পারেন। এই বিল বিনোবাজীর আন্দোলনের দরুন যদি গ্রামদান বিল হিসেবে আসে তাহলে তার পরিসর ছোট করে দেওয়া হচ্ছে এবং সেদিক থেকে বিলের পরিসর যাতে বড় হয়—অর্থাৎ এই গ্রামদান করুন না কেন, জমি দান করুন না কেন বা এই আন্দোলনে সাংঘাতিকভাবে উদ্বুদ্ধ হয়ে নামুন না কেন, তাঁরা সকলেই এই আইনের আওতায় এসে যাচ্ছে এবং সেইজন্য আমি বলেছি এই প্রসংগে যাওয়া উচিত নয়। গ্রামদান, ভূদান আইনের ডেফিনিসনে আছে অতএব প্রিয়েম্বল-এ

বিশেষ করে আচার্য বিনোবাজীর ভূদান যজ্ঞের উল্লেখ এটা করার দরকার করে না—এটা এর জেনারেল ন্যাচারে আনা যায়। তাছাড়া আরও নানারকম বিতর্ক উঠতে পারে এবং সোমনাথবা বলেছেন এর মধ্যে একটা ধর্মীয় ব্যাপার আছে। আমরা যখন সেকুলারিজম-এর কথা বলছি ত এরকম একজন ধর্মীয় লোকের মস্তিষ্ক প্রসূত ফ্যাটকে প্রশ্রয় দেব কিনা এরকম প্রশ্ন উঠ পারে। কাজেই আপনাদের নিজেদের সেকুলারিজম-এর সতিত্ব রক্ষা করবার জন্য অনুরো করছি যে, আপনি এটা বিচার করবেন এবং সোমনাথবাবুর অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিনোবাজীকে নিয়ে যে এতটা বিতর্কের সূত্রপাত হল এটা দেখে অবা হয়ে যাচ্ছি। বিনোবাজীর নাম করাতে এত আপত্তির কারণ কি সেটা আমি বুঝতে পারছি না আসলে এই গ্রামদান কথাটি বিনোবাজী দিয়েছেন এবং আমি আপনাদের কাছে অকপটে স্বীকা করেছি যে, এই ভূদান আন্দোলন, গ্রামদান আন্দোলন বিনোবাজীই প্রবর্তন করেছেন এবং তাঁ প্রবর্তিত আন্দোলনের মূল সত্য আমরা গ্রহণ করেছি। তিনি যে ভূদান বলেন, গ্রামদান বলে সেই ভূদান এবং গ্রামদানকে আমরা আইনের দ্বারা স্বীকৃতি দিতে চেয়েছি। এই আইন যেট করেছি সেটা বিনোবাজীর সঙ্গে পরামর্শ করে করেছি সেটা আমি আমার প্রারম্ভিক বক্তৃতা বলেছি। এই আইন রচনা করবার আগে এবং পরে তাঁকে এই আইনের খসড়া দেখেছেন এব তার আগেও বিনোবাজীর আদর্শ অনুসরণকারী চারুচন্দ্র ভান্ডারী এবং উড়িষ্যার নেতা নবকৃষ চৌধুরীর সঙ্গে আমরা পরামর্শ করেছি। তাঁরা দয়া করে আমাদের অনেক সাহায্য করেছেন তবে এ সম্পর্কে বিনোবাজীর নাম উল্লেখ করলে এই আইনের কোন ক্ষতি হবে সেটা আমি মনে করি না এবং বিনোবাজীর নাম উল্লেখ করেছি তার কারণ হচ্ছে সমস্ত আইডিয়াটা আমর বিনোবাজীর কাছ থেকে পেয়েছি। এই আইডিয়া যদি আমরা ননীবাবু বা সোমনাথবাবুর কাছ থেকে পেতাম তাহলে তাঁদের নাম উল্লেখ করতাম। কাজেই বিনোবাজীর নাম করাতে কারুর রাগ করবার কিছু থাকতে পারে না। আমি আগেও বলেছি এবং আজকে আবার বলছি এই আইন সম্পূর্ণরূপে বিনোবাজীর কাছ থেকে ধারণা পেয়ে করেছি এবং তাঁর কাছ থেকে সংশোধন করে নিয়েছি। সিলেক্ট কমিটির কাছে পাঠাবার পর চারুচন্দ্র ভান্ডারী এবং নবকৃষ্ণ চৌধুরী আলোচনা করে আমাদের কাছে যে প্রস্তাব পাঠিয়েছিলেন আমরা সেইসমস্ত প্রস্তাব গ্রহণ করেছি বিনোবাজীর নাম উল্লেখ করাতে ননীবাবু বললেন বিনোবাজীর মত আর একজন বড় নেতা আসতে পারেন। আর একজন কেন যদি কোন নেতা আমাদের কাছে বৈপ্লবিক চিন্তাধারা দেন তাহলে তাঁর কাছ থেকে দান স্বীকার করতে আমাদের আপত্তি নেই। কিন্তু বিনোবাজী ধর্মীয় পুরুষ এবং ধর্ম করেন বলে তাঁর কথা নিলে মুসকিল হবে এর কোন মানে নেই। তিনি সামাজিক অসাম্য স্বীকার করেন না এবং ভূমির ক্ষেত্রে যে অসাম্য রয়েছে তার তিনি যেরকম নিন্দা করেছেন তাতে আমি মনে করি তিনি এখানকার মাননীয় সদস্যদের কারুর চেয়ে কম নন বরং বেশী। কাজেই আমি মনে করি বিনোবাজীর নাম উল্লেখ করে এতখানি আলোচনা না করলেই ভাল হোত। আমি জানাতে চাই অধ্যক্ষ মহোদয়, আমি মনে করেছিলাম আমি বুঝি থার্ড রীডিং-এর বক্তৃতা শুনছি। প্রিয়েম্বলে বিনোবাজীর নামটাকে কেউ কেউ ধর্মীয় পুরুষ বলে মনে করেন, কেউ কেউ পাগল বলে মনে করেন। কিন্তু আমি যখন প্রথম এই বিলটা আনি তখন আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছিলাম এবং তখন থেকে বার বার বলে আসছি যে এই বিল এনেছি বিনোবাজীর কাছে অনুপ্রাণিত হয়ে। আমরা ভুল করতে পারি, ভুল পথে যেতে পারি, কিন্তু যাহাই আমরা এনেছি সেটা আমাদের নয়, সেই আইডিয়া দিয়েছেন বিনোবাজী। হয়ত পারে আমরা ভুল করেছি। কিন্তু আমি একথা স্বীকার করবো যে আমি সেই স্বীকৃতি রাখতে চাই যে তিনিই আমাদের এই আইডিয়া দিয়েছেন। সেজন্য তাঁর নামটা রেখেছি।

Demand of reply to a calling attention notice regarding hunger strike of Secondary School Teachers

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, সেটা আমি খেয়াল করি নি, আপনিও বোধ হয় খেয়াল করেন নি। শুক্রবার দিন উত্তর দেবেন শিক্ষক-শিক্ষিকারা অনশন করছেন। আমি যতদূর জানি কালই বন্ধ হয়ে যাবে এই হাউস। তাছাড়া শুক্রবার দিন সেকেন্ড অক্টোবর, কি করে বলে দিলেন শুক্রবার উত্তর দেবেন, আপনিও খেয়াল করেন নি, আমিও খেয়াল করি নি। সেজন্য আমি বলছি উত্তর কালই হওয়া উচিত, এখনও দিতে পারেন। এখন তো মন্ত্রী নেই, কোথায় গেছেন সব জানি না। উত্তর কালই দেওয়া উচিত, আপনি নির্দেশ দিন, তা না হলে কাল এসে বলবেন উত্তর শুক্রবার দেবেন, অথচ কালই সাইনি-ডাই হয়ে যাবে।

মিঃ স্পীকার: দেখবো যদি আগে দেওয়া যায়।

শ্রীজ্যোতি বসু: কি দেখবেন, আপনি গুরুত্ব দিচ্ছেন না কেন?

মিঃ স্পীকার: মিঃ বসু, আমি খুব গুরুত্ব দিচ্ছি।

শ্রীজ্যোতি বসু: এই যে এসে গেছেন পার্লামেন্টারী মিনিস্টার, এই যে শুক্রবার উত্তর দেবেন বললেন, আগেই তো সাইনিডাই হয়ে যাচ্ছে, সেজন্য কালই জবাব দিতে হবে, শিক্ষক-শিক্ষিকারা অনশন করছেন ওয়েলিংটন স্কোয়ারে।

দি অনারেবল জগন্নাথ কোঙার: কালকে দেব।

The West Bengal Gramdan Bill, 1963

The motion of Shri Somnath Lahiri that in Preamble, lines 2 to 4, the words beginning with "in pursuance of" and ending with "ancillary thereto" be omitted, was then put and lost.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I move that the West Bengal Gramdan Bill, 1963, as settled in the Assembly, be passed.

[5-45—5-55 p.m.]

Shri Hare Krishna Konar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে কোন কোন মাননীয় সদস্য বা সদস্যা যুগান্তকারী অনেক কিছু বিশেষণে ভূষিত করেছেন। আমি প্রথমেই এই কথা বলতে চাই যে এই বিলটা একটা যুগান্তকারী ধাপ্পা ছাড়া আর কিছু নয়। যদি কেউ গ্রাম দান করে যদি কেউ জমি দান করে নিশ্চয়ই তার বিরোধী কেউ হতে পারে না। কিন্তু তার নাম করে যে বিল আনা হয়েছে এবং যে প্রচার এই দিয়ে করা হচ্ছে এটা যে [illegible] শুধু একটা বিভ্রান্তি সৃষ্টি করার জন্য সেই কথাটা অন্তত পরিষ্কার করে দেওয়া দরকার। এই বিলের বিরোধীতা করা মুস্কিল। কারণ, জমি দিলে জমি নেওয়া হবে না সে প্রশ্ন আসতে পারে না। কিন্তু এই বিলের সপক্ষে ওরা এবং আমিও এর একজন উদ্যোক্তা হওয়া এটার সঙ্গে আমি অন্তত একমত নই। আমি তা জানি না অন্তত যতটুকু আমার ইতিহাস জ্ঞান আছে—ওঁরা হয়ত বলবেন ভারতবর্ষের একটা স্পেশালিটি আছে—কোন দেশের সিরিয়াস গভর্নমেন্ট ভূমি সমস্যার মত একটা সমস্যাকে নিয়ে এইভাবে বিচার বিবেচনা করতে পারেন এবং এই নিয়ে চিন্তা করতে পারেন। আমি এটা ভাবতেই পারি না। বিনোবাজী একটা আন্দোলন করছেন, করুন তিনি, যদি কিছু জমি পাওয়া যায়। মন্ত্রীরা যদি বলেন জমিগুলি ম্যানেজ করা হবে কি করে তাহলে তা করুন না, জমি ম্যানেজ করার ব্যবস্থা করে দিন। ওয়াকফ প্রপার্টি আছে, ম্যানেজ করার ব্যবস্থা আছে; দেবত্তর

তার একটা হতে পারে, কিন্তু গ্রামদান একটা সাংঘাতিক ব্যাপার। তাও কি বলছেন—যেটুকু জমি দান করবে তাও নয়—এমন যদি বলতেন যে গ্রামদান ব্যাপারে যেটুকু জমি দান করবে সেই জমিটা ম্যানেজ করার জন্য একটা কমিটি গভর্নমেন্ট গঠন করছেন তাহলে একটা কথা ছিল কিন্তু তা নয়। আপনারা করছেন কি, না গ্রামদান বিল। নেবেন তো মাত্র শতকরা ৫ ভাগ জমি। সেজন্য আমার প্রথম বক্তব্য হচ্ছে এই এর থেকে একটা ধারণা সৃষ্টির চেষ্টা হচ্ছে এর চেষ্টা হবে যেন ভূমি সমস্যার সমাধান এই পথে কিছুটা হয় এবং হতে পারে। একটা গভর্নমেন্ট ১০ বছর রাজত্ব করার পর যেখানে ভূমিসংস্কার ব্যবস্থাকে সম্পূর্ণভাবে ব্যর্থ করেছে আমাদের কথা নয়, মহলানবীশ কমিটি পর্যন্ত স্বীকার করেছেন যে জমির কনসেনট্রেশন বদলায়নি আপনাদের আইনেও বদলায়নি মহলানবীশ কমিটি বলেছেন।

The pattern of concentration of land basically remains the same,

গত বছরের যে রিপোর্ট সেই রিপোর্টে তাঁরা বলেছেন এবং আপনাদের এত আন্দোলনের পরে এই প্রচেষ্টার পরেও আমেরিকার যে স্টাডি টিম এসেছিল ল্যান্ডেকোনমিক্স বলে এক ভদ্রলোকের নেতৃত্বে, তিনি অধ্যাপক হবেন বা কিছু হবেন, সেই কমিটির যে রিপোর্ট সেই রিপোর্টকে তাঁরা নারা এখন চেপে রাখবার চেষ্টা করছেন। সেই কমিটির রিপোর্ট আপনাদের পক্ষে একটু কায়দামূলক রিপোর্ট এবং সেই রিপোর্টে তাঁরা পরিষ্কার করে বলেছেন, তাঁরা ভারতবর্ষের যে জায়গা ঘুরেছেন যেগুলি আপনাদের মতে ভাল জায়গা এবং সেই জায়গা ঘুরে এসে বলেছেন এই ভূমিসংস্কার ব্যবস্থার ত্রুটি, সরকারী আমলাদের অবহেলা এবং ইচ্ছাকৃত গাফিলতির জন্য ভূমি সংস্কার ব্যর্থ হয়েছে। তিনি দেখিয়েছেন যে, অর্ধেকের বেশী লোক হচ্ছে অধঃস্তন বর্গাদার বা প্রজা, কোন সিকিউরিটি নেই, এমন কি তাদের খাজনা অত্যন্ত বেশী, অনেক জায়গাতে টু-থার্ড বা থ্রি-ফোর্থ-এর বেশী। হিসাব দিয়ে তিনি বলেছেন এ নিয়ে কখনও কৃষির উন্নতি করা যায় না। এই যেখানে অবস্থা সেখানে একটা গভর্নমেন্টের সিরিয়াসলি কি করা উচিত ছিল—উচিত ছিল ভূমি সংস্কার আইনকে কেমন করে সংশোধন করা যায়, কি করে তার পরিবর্তন করা যায়, অথচ দেখা যাচ্ছে সেদিকে গভর্নমেন্টের কোন নজর নেই। এমনকি এবারেও একটা সংশোধনী বিল আনলেন তাতে আজেবাজে অনেক জিনিস আনলেন, কিন্তু মূল জিনিস জমির কনসেনট্রেসান কি করে ভাঙ্গা যায় এবং কি করে ভূমি ব্যবস্থা অন্য রকমের করা যায় কি করে কৃষি সংকট দূর করা যায় তার ধারেকাছেও গেলেন না। অর্থাৎ আমি বলতে চাই গভর্নমেন্টের যদি ভূমি ব্যাপারে কোন সদিচ্ছা থাকত এমনকি বিনোবাজীর আদর্শের প্রতি এতটুকু দরদ থাকত তাহলে তাঁরা চিন্তা করতেন।

Binobaji is doing his business,

তাঁর পার্ট অফ দি জব তিনি করছেন যেভাবে বুঝেন, ভাল হোক, মন্দ হোক, পছন্দ করি না করি তিনি তাঁর দিক দিয়ে যা করার করছেন, কিন্তু গভর্নমেন্টের দিক দিয়ে কি করা উচিত ছিল গভর্নমেন্ট তাঁর কর্তব্য করেছেন, বিনোবাজী কিছু করে দিলে আমরা তা ম্যানেজ করার ব্যবস্থা করব। বিনোবাজী তাঁর দিকে কর্তব্য পালন করার চেষ্টা করছেন, হোক না হোক কি উদ্দেশ্য তা জানি না, কিন্তু গভর্নমেন্টের উচিত ছিল আইনটাকে বদলে দিয়ে কি করে বাধ্য করতে পারি জমিদার জোতদাররা আইনকে ফাঁকি দিয়ে ৭৫ বিঘা হাজার হাজার বিঘা জমি রাখবে তা নেবার আপনাদের মুরদ নেই, আর আপনি কিনা মন বদলিয়ে তার কাছ থেকে জমি নিয়ে দেশের ভূমি সমস্যার সমাধান করবেন! এর চেয়ে বড় ধাপ্পা আর কিছু হতে পারে? এইজন্য মাননীয় স্পীকার মহাশয়, এই কথা বলতে চাই এই আইনটা একটা প্রচণ্ড ধাপ্পা ছাড়া আর কিছু নয়। এই দিয়ে ভূমি সমস্যার সমাধান হয় না। দ্বিতীয়তঃ আর একটা কথা হচ্ছে এর মধ্যে অনেক গোলমাল আছে, আগে আমরা আইন পাশ করেছি গ্রাম পঞ্চায়েত আছে, গ্রাম সভা আছে, আঞ্চলিক পরিষদ আছে, জেলা পরিষদ আছে, আবার কি—গ্রামসভার পাশাপাশি গ্রাম পরিষদ এবং তার আবার বিভিন্ন স্ট্যান্ডিং কমিটি তার আবার বিভিন্ন অধিকার এবং দেখা যাবে এর ফলে গ্রামাঞ্চলে ডুপ্লিকেশন অফ অথরিটি যাকে বলে সেটা অত্যন্ত বেশী হবে। গ্রামসভা যেটা আইনে আছে সেই গ্রামসভা আইনেই আছে গ্রামসভা কি কি করতে পারে, জেলা পরিষদ আইনেও আছে। আপনারা এটা করতে পারেন যে, যে জমিগুলি দান হিসাবে পাওয়া যাবে সেই জমিগুলি ম্যানেজ করার দায়িত্ব গ্রামসভার, তার জন্য প্রয়োজনীয় রুলস করে দেওয়া হবে। কিন্তু তা না করে

হয়েছে ডুপ্লিকেসন অফ অথরিটি? এবং এখানেও দেখা যাচ্ছে সেই একই, গ্রামের প্রত্যেকটি প্রাপ্তবয়স্ক লোকের ভোটের অধিকার থাকবে।

গ্রাম পঞ্চায়েতেরও তাই, গ্রাম পঞ্চায়েত যখন রয়েছে একই গ্রামে তখন আবার একটা সেপারেট প্রতিষ্ঠান একই ভিত্তিতে হবে, তাহলে গ্রাম পঞ্চায়েতের কাজ কি। গ্রাম পঞ্চায়েতের কাজ কি এগুলি নয়। গ্রাম পঞ্চায়েতকে স্কুল ম্যানেজ করতে দেবেন, খাজনা আদায় করতে দেবেন, সমষ্টিকেন্দ্র গ্রামপঞ্চায়েত পরিচালনা করতে পারবেন অথবা আঞ্চলিক পরিষদ, তাহলে সেগুলি তারা কেন পাবেন না? অতএব দেখা যাচ্ছে এভাবে ডুপ্লিকেশন অফ অথরিটি করে দেখাবার চেষ্টা করা হচ্ছে যে, সাংঘাতিক কিছু করা হচ্ছে। এখানে স্টান্ডিং কমিটি, তালুক কমিটি ইত্যাদি লোকের কাছে দেখানো হচ্ছে দেখছো কি সাংঘাতিক কাজ করতে যাচ্ছি। আমার একটা গল্পের কথা মনে পড়ে। এক কাঠুরে কাঠ কাটছে, সারাদিন কাঠ কাটার পর কয়েকটা মাত্র কাঠের চেলা হয়েছে, সে মা ঠাকুরণের কাছে মজুরী নিতে গেছে, মা ঠাকুরুণ বললেন একটা সারাদিন কাঠ কাটলি, কাঠুরে সেখানে বলছেন মা-ঠাকরুণ কাঠটাই দেখলেন, কাজের বহরটা তো দেখলেন না, যে কিরকম কোপ দিয়েছিলাম। এও তাই—কাজকর্ম কিছু নেই, কমিটির পর কমিটি, প্রতিষ্ঠানের পর প্রতিষ্ঠান সৃষ্টি করা হচ্ছে। সেজন্য আমি বলছি যে, উদ্দেশ্য মহৎ নেই, সেটা দেখাবার চেষ্টা করছেন, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিনোবাজীর আদর্শে অনুপ্রাণিত হয়ে আমরা তার জন্য কাজ করছি, কিন্তু মোটেই তা নয়। যদি আপনারা বিনোবাজীর আদর্শে অনুপ্রাণিত হতেন তাহলে এটুকু বলতেন বিনোবাজী তাঁহার কর্তব্য করিতেছেন, আমরা আমাদের কর্তব্য করি, যদি আইন পরিবর্তন করে হাজার হাজার বিঘা জমির মালিকদের পেট চিরে কিছু জমি বের করতে পারি, তার জন্য চেষ্টা করি, কিন্তু সেটাকে ইচ্ছাকৃতভাবে চেপে যাচ্ছেন এবং ল্যান্ড রিফর্মস কমিটি হয়েছে, আমি তুলেছি যে এটা আলোচনা করতে হবে, সেখানে দেখবো কংগ্রেস মেম্বাররা কি মনোভাব গ্রহণ করেন—তা হলেই বুঝা যাবে যে এটাকে এড়িয়ে যাওয়া হচ্ছে, বেনামী হস্তান্তর ধারাটাকে এড়িয়ে যাওয়া হচ্ছে। চা বাগান বলিয়া জমি রাখবে কি রাখবে না সে প্রশ্ন তোলা হচ্ছে আর তার সঙ্গে যদি মেলানো যায় গ্রাম দান, এটা হয় না। কাজেই বিনোবাজীর কথা বলছেন না, বিনোবাজীর নাম ভাঙ্গিয়ে ধৃষ্টতা প্রবঞ্চনা করা হচ্ছে। সেজন্য আমি বলতে চাই যে, একটা যুগান্তকারী প্রতারণার জন্য এই আইন করা হচ্ছে। এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করলাম।

Mr. Speaker: On Thursday non-official business will be taken up for 2½ hours. The ballot will take place tomorrow at 1 p.m.

Adjournment

The House was then adjourned at 5-55 p.m. till 1 p.m. on Wednesday, the 30th September, 1964, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 30th September, 1964, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 7 Ministers, 4 Ministers of State and 169 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Dhulian-Raghunathganj Section of the N. H. 34

*511. (Admitted question No. *1858.)

শ্রীসনৎকুমার রাহা: পূর্তবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ৩৪নং জাতীয় সড়কের ধুলিয়ান হইতে রঘুনাথগঞ্জ পর্যন্ত রাস্তাটি আরও প্রশস্ত করিবার কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ।

Shri Sanat Kumar Raha:

এই রাস্তাটি সম্পর্কে কোন অভিযোগ পেয়েছেন কিনা স্থানীয় লোক বা এক্সিকিউটিভ অফিসারদের কাছ থেকে, যে সেখানে প্রায়ই অ্যাক্সিডেন্ট হচ্ছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এক্সিকিউটিভ অফিসারএর কাছ থেকে কোন অভিযোগ পাই নি। তবে মাঝে মাঝে স্থানীয় লোকদের কাছ থেকে পাই বই কি।

Shri Sanat Kumar Raha:

এই রাস্তাটা প্রশস্ত করবার যে পরিকল্পনা আছে, সেটা কবে থেকে শুরু করা হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এই ন্যাশনাল হাইওয়ে রাস্তাটি ভারত সরকারের। এই রাস্তাটাকে ওয়াইডেন করবার জন্য আমরা কেন্দ্রের কাছে প্রোপোজাল পাঠিয়েছি, সেখান থেকে অনুমোদন পেলেই কাজ আরম্ভ করব।

Shri Bijesh Chandra Sen:

National Highways

রাস্তাটি কোনখান থেকে আরম্ভ করে, কোথায় গিয়ে শেষ হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এই রাস্তাটা যশোহর রোড, বারাসত থেকে আরম্ভ করে গাজল পর্যন্ত গিয়ে সেখানে ন্যাশনাল হাইওয়ে নাম্বার থার্টিওয়ানএর সঙ্গে যুক্ত হবে।

Shri Bijesh Chandra Sen:

মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় অবগত আছেন যে, ন্যাশনাল হাইওয়ে নাম্বার থার্টিফোর রাস্তায় প্রায়ই ট্রাফিক জ্যাম হয়ে যায়, রাস্তা বন্ধ হয়ে যায়। সুতরাং ঐ রাস্তাটা আরও ওয়াইডেনিং ও রিপেয়ার করা সম্পর্কে ইন্ডিয়া গভর্নমেন্টের সঙ্গে আলোচনা করছেন কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হ্যাঁ। আমি তো আগেই বলেছি যে, এখান থেকে ইন্ডিয়া গভর্নমেন্টের কাছে, তিনটা রাস্তা নির্মাণ করার জন্য প্রপোজাল পাঠানো হয়েছে। ঐ তিনটি রাস্তার প্রপোজালএর মধ্যে একটা হচ্ছে—বারাসত থেকে গাজল পর্যন্ত ৪০ লক্ষ ৯১ হাজার টাকার। দ্বিতীয়টি হচ্ছে গাজল থেকে চাকদা ডিস্ট্রিক্ট পর্যন্ত ৪০ লক্ষ, ১৮ হাজার, ৪০০ টাকার, আর বাকি যে পোরসন, তার জন্য ৩ কোটি ১৯ লক্ষ ১০ হাজার টাকা চওয়া হয়েছে।

Shri Bijesh Chandra Sen:

এই রাস্তার কাজ কবে থেকে আরম্ভ হতে পারে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি তো পূর্বেই বলেছি যে, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছ থেকে টাকা পেলেই কাজ আরম্ভ করা হবে।

Shri Sankardas Bandyopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে বলবেন কি, আমার বাড়ির সামনের রাস্তাটি কবে চওড়া করা হবে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কৃষ্ণনগর পর্যন্ত রাস্তা চওড়া করার জন্য আমরা টাকা পেয়েছি, কাজ শীঘ্রই আরম্ভ হবে।

Shri Sanat Kumar Raha:

নদিয়া থেকে বেলডাঙ্গা পর্যন্ত সেই রাস্তাটা প্রশস্ত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে কোন প্রপোজাল পাঠিয়েছেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সেটা তো এই স্কীমের মধ্যেই পড়ছে। অর্থাৎ ঐ নদিয়া, বেলডাঙ্গার এস্টিমেটএর মধ্যে আছে।

Shri Birendra Kumar Maitra:

ন্যাশনাল হাইওয়ে নং ৩৪এর সাথে, মহানন্দা নদীর উপর মালদার কাছে যে ব্রীজটা হচ্ছিল, সেই ব্রীজের কাজ কবে সমাপ্ত হবে, বলতে পারেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আগামী বর্ষার আগে কাজ সমাপ্ত হবে বলে আশা করা যায়।

Shri Bijesh Chandra Sen:

এই ব্রীজটা কবে আরম্ভ হয়েছিল?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি নোটিস চাই।

Shri Pratap Chandra Chunder:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, রাস্তা চওড়া করলে রাস্তার যে অংশটা নূতন চওড়া করা হয়েছে সেইটাই আগে ভেঙ্গে যায়, এই বিষয় কি মন্ত্রিমহাশয় একটু দৃষ্টি রাখবেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

চওড়া করলে দুই পাশে যে নূতন অংশ হয় সেটা ভেঙ্গে যায় এবং এটা স্বাভাবিক। কারণ যতক্ষণ না ওটা ভাল করে সেট করে ততক্ষণ এই সব ট্রাবল ইত্যাদি দেয়। রাস্তা যত পুরানো হবে তত ভাল থাকবে।

Shri Sudhir Chandra Das:

এই প্রপোজালটা কবে পাঠানো হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমার কাছে অবশ্য তারিখ ঠিক নেই, তবে নোটিস দিলে জানাতে পারব।

Shri Birendra Kumar Maitra:

ন্যাশনাল হাইওয়েজ ৩৪ বহরমপুর থেকে ফারাক্কা পর্যন্ত অত্যন্ত খারাপ হয়ে গিয়েছে এবং মাঝে মাঝে গাড়ি তুলবার জন্য লোকের প্রয়োজন হয় একথা কি মন্ত্রিমহাশয় অবগত আছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হাঁ, রাস্তাটা খারাপ হয়েছে বলে আমরা স্পেশ্যাল রিপেয়ার্স এর জন্য গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছে টাকা চেয়েছিলাম এবং তার মঞ্জুরী আমরা সবে পেয়েছি ২ লক্ষ ৩৪ হাজার টাকা।

Shri Sanat Kumar Raha:

সেই রাস্তায় কোন অ্যাক্সিডেন্ট হয়েছে এই রকম কোন খবর পেয়েছেন বহরমপুর থেকে ধুলিয়ান যেতে?

The Hon'ble Khagendra Nath Das Gupta: Accident

বলতে কি মীন করছেন বুঝতে পারছি না, হতে পারে আমার জানা নেই।

Shri Birendra Kumar Maitra:

এই ন্যাশনাল হাইওয়েজ ৩৪এ যে লাঞ্চটা পারাপার করে সেটা কি সরকারের অধীনে, না কোন প্রাইভেট লোককে লীজ দেওয়া হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এটা লীজ দেওয়া হয়েছে।

Shri Birendra Kumar Maitra:

যে লীজ দেওয়া হয়েছে, সেটা কত টাকায় লীজ দেওয়া হয়েছে বলতে পারবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না, নোটিস দিলে বলতে পারি।

Grand Trunk Road

***512.** (Admitted question No. *1883.) **Shri Aswini Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the Government have recently received any communication from the D.I.G. (Transport), West Bengal, for—

(i) widening the Grand Trunk Road in the narrowest Sections, and

(ii) construction of pavement on either side of the G. T. Road; and

(b) if so, the measures, if any, taken on such recommendations?

The Hon'ble Khagendra Nath Das Gupta: (a)(I) No.

(II) Yes, in congested municipal areas, in February, 1964.

(b) The scheme regarding item (a)(II) of the question is under examination of Government.

Shri Bijesh Chandra Sen:

এই জি টি রোডএর যেখানটায় খুব ন্যারো, ঐ শ্রীরামপুর-চুঁচুড়া সাইডএ সেইসব জায়গায় প্রায়ই অ্যাক্সিডেন্ট হচ্ছে, এইজন্য এই জায়গা ওয়াইডেনিং করবার কোন প্রপোজাল গভর্নমেন্টএর আছে কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

একটা বাইপাস তৈরি হচ্ছে, বিবেকানন্দ ব্রীজ থেকে আরম্ভ করে আদি সপ্তগ্রাম পর্যন্ত। সেই বাই পাসটা তৈরির কাজ দ্রুতগতিতে চলছে।

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

এই পেভমেন্ট কোথায় কোথায় হয়েছে বলতে পারেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

করা হয় নি এখনও তবে প্রপোজাল এসেছে মিউনিসিপ্যাল এরিয়াতে ফুটপাথ করার। সেই প্রপোজাল আন্ডার এক্সামিনেশন। আর গ্র্যান্ড ট্রাঙ্ক রোডএর বাই পাশ হচ্ছে বিবেকানন্দ ব্রীজ থেকে আদি সপ্তগ্রাম, সেখানে থেকে আবার সিমলাগড় পর্যন্ত আর একটা বাই পাশ তৈরি হবে এবং সিমলগড়ের পর থেকে গ্র্যান্ড ট্রাঙ্ক রোডকে স্ট্রেংদেন করা হচ্ছে এবং যেখানে যেখানে সরু সেখানে ওয়াইডেন করার ব্যবস্থা হচ্ছে এবং তার জন্য আমরা ৬ কোটি টাকা পেয়েছি।

Shri Haridas Chakrabarty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, আসানসোল মিউনিসিপ্যাল এলাকার ভিতর দিয়ে যে জি টি রোড গিয়েছে ঐটা বাইফারকেশন অর্থাৎ আর একটা রাস্তা নিয়ে গিয়ে রেলালোর কথা ছিল আসানসোল ওয়েস্ট এন্ড থেকে আরম্ভ করে এদিকে দাঁধাবাজার পর্যন্ত এই সম্বন্ধে কিছু বলবেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আসানসোলের এদিকে নুনিয়া থেকে আরম্ভ করে বরাকর পর্যন্ত নূতন বাই পাস হবে।

[1-10—1-20 p.m.]

শ্রীবীজেশচন্দ্র সেন: এই যে বাই পাস হচ্ছে তার জন্য কত টাকা খরচ হবে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: আদি সপ্তগ্রাম থেকে আরম্ভ করে বরাকর পর্যন্ত রাস্তার জন্য আমরা ৬ কোটি টাকার মঞ্জুরী পেয়েছি। এর ভেতর কয়েকটি বাইপাস আছে যেসমস্ত জায়গায় রেলওয়ে লেভেল ক্রসিং আছে সেগুলিতে ওভার ব্রীজ করা, ২৩ ফিটের কম যেটা আছে সেটাকে ২৩ ফিট চওড়া করা, রাস্তাকে আরও মেটাল দিয়ে আরও শক্তিশালী করা —এইসব আছে।

শ্রীবীজেশচন্দ্র সেন: এই টাকা কি স্টেট গভর্নমেন্ট দেবেন, না ভারত সরকার দেবেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্ত: ভারত সরকার দেবেন। বিবেকানন্দ ব্রীজ থেকে আদি সপ্তগ্রাম এটা আলাদা টাকা।

শ্রীবিজয় [illegible] বন্দ্যোপাধ্যায়: এই যে ন্যারো সেকসনের কথা বলা হয়েছে তাতে আমার প্রশ্ন হচ্ছে জি টি রোডে হাওড়া থেকে বেরিয়ে শালকিয়া শ্রীরামপুর, চুঁচুড়া পর্যন্ত কতগুলি ন্যারো সেকশন আছে এবং কি পরিমাণ অ্যাক্সিডেন্ট গত তিন মাসের মধ্যে হয়েছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ কি পরিমাণ অ্যাক্সেডেন্ট হয়েছে সেটা আমার পক্ষে এখন বলা সম্ভব নয়—নোটিস দিলে ট্রান্সপোর্ট বিভাগ থেকে খোঁজখবর নিয়ে বলতে পারি। তবে জি টি রোড প্রয়োজনের তুলনায় যে অপ্রশস্ত এটা আমি স্বীকার করি এবং তার জন্য আলাদা একটা রাস্তা তৈরি করা হচ্ছে বিবেকানন্দ ব্রীজ থেকে আরম্ভ করে আদি সপ্তগ্রাম পর্যন্ত এবং তারপর সিমলাগড়।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ নসীয়া ব্রীজ থেকে আরম্ভ করে বরাকর পর্যন্ত যে ডাইভারসনএর কথা বললেন তার কাজ কি আরম্ভ হয়েছে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ মেসিনারি সেট আপ করা হয়েছে এবং কাজ আরম্ভ করবার অর্ডার দেওয়া হয়েছে—বোধহয় কিছুদিনের মধ্যেই আরম্ভ হবে।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ কবে নাগাদ আরম্ভ হবে বলে মনে করেন?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ তৃতীয় পরিকল্পনার মধ্যে আরম্ভ করার কথা ছিল, কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট জানিয়েছেন চতুর্থ পরিকল্পনার প্রথম বা দ্বিতীয় বছরে হবে।

ডঃ প্রতাপচন্দ্র চন্দ্রঃ এই রাস্তা কতখানি চওড়া হবে জানাবেন কি?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ ২৩ ফিট চওড়া হচ্ছে।

শ্রীশঙ্করলাল মুখার্জিঃ জি টি রোডে বালিখাল পর্যন্ত রাস্তায় জল দাঁড়ায়—এটা রিপেয়ার করবেন কিনা?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ রাস্তার অবস্থা খারাপ, রাস্তার নিচু থেকে জল ওঠে, রাস্তার নিচ দিয়ে যেসমস্ত পাইপ লাইন গেছে সেগুলি লিক করে এবং বর্ষা হলে দুইদিকে ড্রেন না থাকায় সেখানে জল দাঁড়ায় বলে বর্ষাকালে জি টি রোডের একটা পোরসন খারাপ হয় এবং আমরা বর্ষার পর রিপেয়ার করি।

শ্রীশঙ্করলাল মুখার্জিঃ জল দাঁড়ায় মালিপাঁচঘরার কাছে এবং আমরা শুনেছিলাম এটা রিপেয়ারিং-এ নেওয়া হবে। আমার প্রশ্ন হচ্ছে এটা কতদিনের মধ্যে নেওয়া হবে এবং কবে ইম্প্রুভ হবে?

দি অনারেবল খগেন্দ্রনাথ দাশগুপ্তঃ রিপেয়ারিং সব সময় হচ্ছে এবং বর্ষার পর থরো রিপেয়ার করা হয়। তবে অগুন্তি ট্রাক, বাস চলাচল করে বলে এরকম অবস্থা হয়।

শ্রীমতী শান্তি দাসঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, রাস্তা সম্পর্কে যে কোয়েশ্চেন অ্যান্ড সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন হচ্ছে তাতে ওঁরা কোন ইন্টারেস্ট দেখাচ্ছেন না কেন? ওঁরা কি মনে করেছেন আমরা রাস্তা বানাব আর ওঁরা লাল ঝাণ্ডা নিয়ে তার উপর দিয়ে প্রসেশন নিয়ে যাবেন?

শ্রীননী ভট্টাচার্যঃ ওঁদের ইন্টারেস্ট দেখে মনে হচ্ছে শঙ্করবাবুর শেষ প্রশ্ন যাতে আলোচিত না হয় সেইজন্যই এই ইন্টারেস্ট দেখাচ্ছেন। এটাই কি ঘটনা?

Committee for the welfare of the Scheduled Castes and Tribes

***513.** (Admitted question No. *1898.) **Shri Mahananda Haldar:** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state—

(a) whether there is any official or non-official Committee for the Welfare of the Scheduled Castes and Tribes in West Bengal; and

(b) if so, what is their function?

The Hon'ble Tenzing Wangdi: (a) There are official committees fo Scheduled Castes and Scheduled Tribes at headquarters. Likewise there ar separate committees for Scheduled Castes and Scheduled Tribes for districts There is no non-official committee either at headquarters or districts.

(b) The functions of the committees at the headquarters are to advis Government on matters pertaining to the Welfare of Scheduled Castes an Scheduled Tribes. The committees at the district level advise and assist th District Officers in the formulation and implementation of the various deve lopment schemes designed for the Welfare of the Scheduled Castes an Scheduled Tribes.

Shri Mahananda Haldar: How are the committees formed and who ar its members?

The Hon'ble Tenzing Wangdi: The Tribal Advisory Council at the State level is formed according to the provisions of Schedule V of the Indian Constitution. Altogether there are 20 members, three-fourth of whom are from Scheduled Tribe. So, there are altogether 15 Scheduled Tribe M.L.A.s as members of the Council. Regarding the Advisory Board for Scheduled Castes at the headquarters, there also we have got as 11 M.L.A.s belonging to the Scheduled Castes who are members of the Advisory Board. In the districts we have officials and non-officials on the committees and where there are M.L.A.s belonging to the Scheduled Castes and Scheduled Tribes. They are invariably included as members of such committees.

Shri Abani Kumar Basu: Will the Hon'ble Minister be pleased to state whether in the districts there are people who are not members of the Legislative Assembly, those who belong to the reserved community are members of this Tribal Welfare Committee?

The Hon'ble Tenzing Wangdi: There are certain members who are not members of the Legislative Assembly.

Shri Abani Kumar Basu: How are they selected?

The Hon'ble Tenzing Wangdi: They are selected on the recommendation of the District Authorities.

Shri Abani Kumar Basu: What is their number in the [illegible]?

The Hon'ble Tenzing Wangdi: If the honourable member gives notice, I shall be able to answer this question.

Shri Birendra Narayan Ray: What are the names of the M.L.A.s on he State Committee?

The Hon'ble Tenzing Wangdi: The following are the members of the Tribal Advisory Council:

(1) Shri Pratulla Chandra Sen, Chief Minister, West Bengal who is the ex-officio Chairman of the Council;

(2) Shri Tenzing Wangdi, Minister of State in charge of the Tribal Welfare who is the ex-officio Vice-Chairman of the Council;

(3) The Deputy Secretary, Tribal Welfare Department, ex-officio member and Secretary to the Council;

(4) Shri A. H. Besterwitch, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;

(5) Shri Budhu Bhagat, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;

(6) Shri Mangla Kisku, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(7) Shri Nathaniel Murmu, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(8) Shri Nimai Chand Murmu, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(9) Shrimati Tushar Tudu, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(10) Shri Debnath Hansda, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(11) Shri Mangal Chandra Saren, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(12) Shri Kandru Majhi, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(13) Shri Budhan Majhi, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(14) Shri Jaleswar Hansda, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(15) Shri Kamala Kanta Hembram, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(16) Shri Suchand Soren, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(17) Shri Bhusan Hansda, M.L.A., representative of the Assembly nominated by the Tribal Welfare Department;
(18) Prof. Priya Ranjan Sen, President, Indian Conference of Social Work, West Bengal Branch, Secretary, Harijan Sevak Sangha, nominated by the Governor;
(19) Dr. Minendra Nath Basu, Head of the Department of Anthropology, Calcutta University, nominated by the Governor;
(20) Shri Subodh Hansda, M.P., a member from West Bengal in the Central Advisory Board for Tribal Welfare.

Excess money of Gram and Anchal Panchayats

***514.** (Admitted question No. *1901.)

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্রঃ স্বায়ত্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রাম বা অঞ্চল পঞ্চায়েত তহবিলের উদ্বৃত্ত অর্থ গ্রাম সমবায় সমিতিসমূহে "আমানত জমা" রাখার কোন আইনগত বাধা আছে কিনা ; এবং

(খ) আইনগত কোন বাধা থাকিলে তাহা অপসারিত করার প্রয়োজনীয়তা সম্বন্ধে সরকার কোন বিবেচনা করিয়াছেন কি না?

[1-20—1-30 p.m.]

The Hon'ble Sowrindra Mohan Misra:

(ক) হ্যাঁ, বর্তমানে বাধা রহিয়াছে।

(খ) এই বাধা অপসারণের জন্য চিন্তা করা হইতেছে।

Shri Birendra Kumar Moitra:

সমবায় সমিতির তহবিলে আমানত জমা দেবার কথা চিন্তা করা হবে কিনা?

The Hon'ble Sowrindra Mohan Misra:

যে আইনগত বাধা আছে সেই বাধা দূর করার কথা চিন্তা করা হচ্ছে—সেই বাধা দূর হলে সমবায় সমিতিতে টাকা রাখা যাবে।

Shri Abani Kumar Basu:

কি কারণে এই বাধা অপসারণের জন্য চিন্তা করছেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এর ৩নং ধারার যে বাধার কথা বলা হয়েছে, অর্থাৎ অঞ্চল পঞ্চায়েত তহবিলে ৫০ টাকা বা ১০ টাকার বেশি রাখতে পারবে না, এর পরিবর্তন না করা হলে অনেক অসুবিধার সম্মুখীন হতে হবে, সেজন্য এই আইনের পরিবর্তনের কথা চিন্তা করা হচ্ছে।

Shri Sankardas Banerji:

আপনারা আইন পরিবর্তনের কথা চিন্তা করছেন বললেন, কোন সুদূরপ্রসারী পরিবর্তন হবে কি?

(নো রিপ্লাই)

Shri Birendra Kumar Moitra:

কতদিনের মধ্যে এই সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হবে আশা করেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

যথাসম্ভব শীঘ্রই সিদ্ধান্ত করা হবে।

Shri Birendra Narayan Ray:

উদ্বৃত্ত অর্থ বলতে কি বুঝছেন?

The Hon'ble Sowrindra Mohan Misra:

এটা পড়ে দেখলেই বুঝতে পারবেন।

House building loans to Low-income Group families

***515.** (Admitted question No. *1891.)

শ্রীসনৎকুমার রাহা: গৃহনির্মাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে নিম্ন আয়বিশিষ্ট (লো ইনকাম গ্রুপ) কতজন গৃহনির্মাণের জন্য আবেদন করেন এবং কতজন কি পরিমাণ অর্থ ঋণ পাইয়াছেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

১৯৬২-৬৩ সালে ৭৩৮ জন নিম্ন আয় বিশিষ্ট গৃহ নির্মাণ ঋণের জন্য আবেদন করেন, তন্মধ্যে ৪১২ জনকে ২৭,১৮,১৭০ টাকা ঋণ মঞ্জুর করা হয়। ১৯৬৩-৬৪ সালে ৬০৫ জন আবেদন করেন তন্মধ্যে ২২৫ জনকে ১৪,৪২,০০০ টাকা ঋণ মঞ্জুর করা হয়।

Shri Sanat Kumar Raha:

১৯৬২ ৬৩ এই দুই বৎসরের ফিগার দেখলে এই আশঙ্কা হয় এটা উঠিয়ে দেওয়ার জন্য কোন পলিসি সরকারের আছে কিনা-

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কথা হচ্ছে, যেসকল দরখাস্ত আমরা পাই তার মধ্যে অনেক সময় ডিফেক্ট থাকে, যা যা বিবরণ দেওয়া প্রয়োজন তা থাকে না বলে খোঁজখবর নিয়ে অনেক সময় দিতে বিলম্ব হয়—প্রতিটা কেস বিচার করে দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha:

তাহলে এই অবস্থার সৃষ্টি হল কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমরা যেমন যেমন অ্যাপ্লিকেশন পাই সেগুলি বিবেচনা করি এবং যাঁরা পাবার যোগ্য তাঁদের দিই, অনেক সময় অর্থাভাবের জন্য দিতে পারি না।

Shri Sanat Kumar Raha:

যাঁরা সরকারী কর্মচারী নয় তারাও আবেদন করতে পারেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নিশ্চয়ই।

Shri Sanat Kumar Raha:

সরকারী কর্মচারী না হয়েও পেয়েছেন এমন কোন ব্যক্তির কথা বলতে পারেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

প্রশ্ন দিলে এই সংবাদ দিতে পারব।

Shri Birendra Narayan Ray:

কোন জেলায় কি পেয়েছেন বলতে পারেন কি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

সবচেয়ে বেশি ছিল ২৪-পরগনা, তার পরেই কলকাতা, জলপাইগুড়িতে নাই বললেই হয়, আমার কাছে হিসাব আছে, আপনি দেখতে পারেন।

Shri Birendra Kumar Moitra:

মালদায় ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে কতজন আবেদন করেছিল এবং কতজন পেয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

মালদায় ৭ জন আবেদন করেছিল ১৯৬২-৬৩ সালে, একজন পেয়েছে, ১৯৬৩-৬৪ সালে একজন আবেদন করেছিল, একজন পেয়েছে।

Shri Birendra Kumar Moitra:

৬ জনকে কি কারণে ক্যানসেল করা হয়েছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ক্যানসেল করা হয় নি, ৭ জনের মধ্যে একজন পেয়েছে, বাকীগুলি বিবেচনা সাপেক্ষ আছে। আমি ঠিক বলতে পারি না এর মধ্যে কোনটা আমার উত্তর দেবার পরে ক্যানসেল করা হয়েছে কিনা?

Shri Birendra Kumar Moitra:

আপনি কি জানেন যে এই টাকা পাবার জন্য দৌড়াদৌড়ি করতে হয় এবং ঘোরাঘুরি করতে হয়, তার জন্য নিম্ন আয় বিশিষ্ট লোকদের পক্ষে আবেদন করা সম্ভব হয় না বা টাকা পাওয়া সম্ভব হয় না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমাদের নিয়ম হচ্ছে আমরা প্রথমে চাই যে জমির উপর তারা গৃহনির্মাণ করতে চান সেই জমির নক্সা, জমির উপর তাঁহ কি অধিকার আছে, জমি যদি ক্রয় করে থাকেন তার দলিলের কপি—এই আমরা চাই, আর তাঁর কি আয়, কোথা থেকে আয় করেন, এ সবের জন্য এগ্রিমেন্ট ফর্ম আছে, ফর্ম ফিলআপ করে ঠিকমত পাওয়া যায় না বলে বিলম্ব হয়।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় যে উত্তর দিলেন আমি কিছুই বুঝতে পারলাম না—লো ইনকাম হাউসিং গ্র জন্য কি বাজেটে কোন প্রভিসন করা হয় না, যে যত খুসী চাইলেই কি পাওয়া যায়—ব্যা কি ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

যত খুসী চাইলেই পাওয়া যায় না, আমাদের তৃতীয় পরিকল্পনায় ধরা আছে ৩ কোটি ৩০ টাকা, তাতে ৩৫ শো গৃহনির্মাণ হবে এই আমরা ধরে নিয়েছিলাম। আমাদের দু'রকমে ইনকাম বাড়ী তৈরী হয়, এক হচ্ছে ইনডিভিজুয়ালকে লোন দিই, দ্বিতীয় হচ্ছে গভর্নমেন্ট বাড়ী তৈরী করে ভাড়া দিই কিম্বা গভর্নমেন্ট থেকে বাড়ী তৈরী করে বিক্রী করি। এই উপায়ে টাকা দিই। আমাদের ৩৫ শো গৃহ নির্মাণের কথা আছে, তার মধ্যে প্রথম ৩ বছর আ ১,৩৩৪টা বাড়ী নির্মাণ করেছি, ২,৮৩৫টা বাড়ী নির্মিত হচ্ছে, তার মানে প্রায় ৩ হাজা উপর হয়ে গেছে, তা বাদে আরো ৩২৬টা বাড়ী নির্মাণের জন্য টাকা মঞ্জুর করা হয়েছে বি এই বাড়ীগুলির নির্মাণকার্য এখনও শুরু হয়নি।

Shri Abani Kumar Basu:

মন্ত্রিমহাশয় যে বাড়ী তৈয়ার হিসাব দিলেন উনি কি দয়া করে আমাদের জানাবেন যে এলা যে আর্থিক বরাদ্দ ছিল তার মধ্যে কত টাকা আজ পর্যন্ত ব্য করা হয়েছে ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমি তো বলেছিলাম যে মোট ৩,৪০০ বাড়ীর নির্মাণ কার্য শেষ হয়েছে, ২,১৩৫টা বাড় নির্মাণ কার্য চলছে, আর ৩২৬টা বাড়ীর নির্মাণের জন্য ঋণ মঞ্জুর করা হয়েছে, তাতে যা বু পারা যায় ৩ কোটি ৩০ লক্ষ টাকা যা ধরা আছে তা শেষ হয়ে গেছে।

Shri Haridas Chakravarty:

নিম্ন আয়ের বিশিষ্ট লোকদের গৃহ নির্মাণের জন্য ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালে কত টাকা ব বরাদ্দ ছিল ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

কত বরাদ্দ ছিল সে প্রশ্ন তো নেই।

Shri Haridas Chakravarty:

আমার সাপ্লিমেন্টারী হচ্ছে যে ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালে নিম্ন আয় বিশিষ্ট লোক গৃহ নির্মাণ বাবদ ঋণ দেওয়ার জন্য কত টাকা বাজেটে ব্যয়-বরাদ্দ ছিল ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এটা নোটিশ দিলে বলতে পারবো।

[1-30—1-40 p.m.]

এ কথা ঠিক নয় যে আমরা নিম্ন আয় বিশিষ্ট লোকদের ঋণ নিতে নিরুৎসাহ করছি। মোটে তা নয়। আমরা যে টাকা বরাদ্দ করেছি তৃতীয় পরিকল্পনায় ব্যক্তি বিশেষ দরখাস্ত করে সেখ থেকে টাকা নিয়ে হয়ত খরচ করতে পারবেন না বলেই, আমরা নিজেরাই গৃহ নির্মাণ করে দিচ্ছি অবশ্য, এখানে অসুবিধা হচ্ছে ঋণ নিতে হলে, যিনি ঋণ নেবেন, তাঁর নিজের জমি থাকা চাই আজকাল সহরাঞ্চলে জমি সংগ্রহ করা খুবই কঠিন। তাছাড়া যার জমি থাকবে তার জমি বন্ধ দেওয়া দরকার এবং একজন মাত্র সিয়োরিটি থাকা চাই। অনেক সময় দেখা যায় যে এ সিয়োরিটি যোগাড় করতে অনেকেই পারেন না।

Shri Sanat Kumar Raha:

সিয়োরিটি প্রবলেম-এ গিয়েই কি জিনিষটা আটকে যায়? আমার ধারণা সিয়োরিটির প্রশ্ন যদি না থাকতো, তাহলে অনেক বেশী লোক এই ঋণ পেতে পারতেন। কাজেই যাদের আয় আছে, নিম্ন বিশিষ্ট আয়, তাদের আয় থেকে যখন সরকার টাকা শোধ করবার একটা ব্যবস্থা করেছেন, সেখানে আবার জামিনদার থাকার ফলে, অনেক সৎ ব্যক্তিরা এই ঋণ পাচ্ছেন না কেন? আজ-কালকার দিনে কোন ব্যক্তি পরের জন্য সিওরটি হয়ে দাঁড়াতে চান না।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

বাংলা সরকার ভারত সরকারের কাছ থেকে ঋণ গ্রহণ করেই, এই ঋণ দিয়ে থাকেন। আর ঋণ যখন দেওয়া হয়, তখন ঋণ প্রাপ্তির কাছ থেকে ঋণের টাকা ফেরত পাবার আশা করেই ঋণ দেওয়া হয়। সুতরাং সিওরটি এই জন্যই দরকার হয়, যে আমার টাকা যেন মারা না যায়। পশ্চিমবঙ্গ সরকার যাকে ঋণ দিলেন, সে সেই ঋণ যদি শোধ না করেন, তাহলে মুস্কিলে পড়তে হবে। কারণ পশ্চিমবঙ্গ সরকারকে তো ভারত সরকারের টাকা শোধ দিতে হবে।

Shri Bijoy Kumar Banerjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই লো ইনকাম গ্রুপ ফেমিলির সংখ্যা বাংলাদেশে কত আছে? কারণ, ৩৪ শো করে যদি বাড়ী নির্মাণ বছরে হয়, তাহলে সেই সংখ্যায় পৌঁছাতে কতদিন লাগবে আপনার মতে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

প্রশ্ন পাঠাবেন, আমি পরে উত্তর দেবো। কেন না আমি অফ হ্যান্ড বলতে পারবো না, যে এখানে নিম্ন আয়বিশিষ্ট লোকের সংখ্যা কত।

Shri Bijoy Kumar Banerjee:

আপনার মতে আন্দাজ করে একটা অ্যাভারেজ বলতে পারেন না, যে পশ্চিমবঙ্গে লো ইনকাম গ্রুপ ফেমিলির সংখ্যা কত আছে?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আন্দাজ হয় না, কি করে বলবো।

Shri Birendra Kumar Moitra:

মাননীয় মন্ত্রিমহোদয় কি জানেন, যে বর্তমান সেটেলমেন্ট যেটা হয়ে গেলো, সেই সেটেলমেন্ট-এর কাগজপত্র দেখালে, আপনার বিভাগ থেকে সেটা গ্রাহ্য করা হয় না এবং যে মালিকের কাছে থেকে কেনা হয়েছে, তার রেকর্ড চেয়ে পাঠান হয়?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

জমি যদি ক্রয় করা হয়ে থাকে, তাহলে তার কপি চাওয়া তো স্বাভাবিক। কারণ জমি বন্ধক দিতে গেলে, সেখানে যা যা প্রয়োজন তা দিতে হবে। আমাদের একজন লইয়ার আছেন, তাকে স্যাটিসফাই করতে হবে যে যিনি ঋণ নিতে চান, তিনি যে তাঁর জমির প্রকৃত মালিক, সেটা তো স্যাটিসফাই করতে হবে।

Shri Birendra Kumar Moitra:

পশ্চিমবঙ্গ সরকার যে সেটেলমেন্ট পরিচালনা করলেন, এবং পশ্চিমবঙ্গ সরকারের সরকারী কর্মচারীরা যে রেকর্ড অফ রাইটস তৈরী করলেন, সেই রেকর্ড অফ রাইটস, আপনার ডিপার্ট-মেন্টের লোকরা স্বীকার করবেন কি, করবেন না, আমি জানতে চাচ্ছি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নিশ্চয় স্বীকার করবেন।

Shri Birendra Kumar Moitra:

কিন্তু, স্বীকার করা হচ্ছে না এই ব্যাপারে। আপনার লো ইনকাম গ্রুপ ফেমিলির ব্যাপা স্বীকার করা হচ্ছে না, এটা মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না। আমি এরকম কোন সংবাদ পাইনি।

Berhampur Registration Office

***516.** (Admitted question No. *1912.)

শ্রীসনৎকুমার রাহা: অর্থ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে বহরমপুর রেজিস্টারী অফিসে জমি হস্তান্তরে কতগুলি দলিল রেজিস্টারী করা হয় ;

(খ) ঐ সময় উক্ত রেজিস্টারীর অধীনে কত মোহরার দলিল লেখক লাইসেন্সপ্রাপ্ত ছিল ;

(গ) বর্তমানে কতজন দলিল লেখক লাইসেন্সের জন্য উক্ত অফিসে আবেদন করিয়াছেন ;

(ঘ) কি নিয়মে এইরূপ লাইসেন্স মঞ্জুর করা হয় ; এবং

(ঙ) দলিল লেখকগণের জন্য পারিশ্রমিকের কোন হার সরকার কর্তৃক নির্দিষ্ট থাকিলে তাহ কিরূপ ?

The Hon'ble Iswardas Jalan:

(ক) বহরমপুরে সদর এবং সদর সাব-রেজিস্ট্রী অফিস নামে দুইটি অফিস আছে। উ অফিসদ্বয়ে ১৯৬২-৬৩ সালে যথাক্রমে ৭,৬০১ ও ৮,০০৫ এবং ১৯৬৩-৬৪ সালে যথাক্রমে ৭,৮৫২ ও ৮,৯৮২ খানি দলিল রেজিস্ট্রী হইয়াছিল।

(খ) ১৯৬২-৬৩ সালে মোট ৩৫ জন এবং ১৯৬৩-৬৪ সালে মোট ৩৪ জন লাইসেন্সপ্রাপ্ত দলিল লেখক ছিল। উক্ত লাইসেন্সপ্রাপ্ত দলিল লেখক ছাড়াও বহরমপুরের অনেক উকিল মোক্তারের কেরানী ও মুহুরীগণও দলিল লেখকের কাজ করিয়া থাকেন।

(গ) ১৯৬৪ সালে আরও অতিরিক্ত ১৮ জন নূতন লাইসেন্সের জন্য আবেদন করিয়া ছিলেন।

(ঘ) পশ্চিমবঙ্গ সরকারের ১৯৬২ সালের রেজিস্ট্রেশন রুলের ১২০-১২২নং ধারানুযায় এই সমস্ত লাইসেন্স দেওয়া হইয়া থাকে। ধারাগুলির বিবরণ সংলগ্ন পত্রে দেওয়া হইল।

(ঙ) দলিল লেখকদের পারিশ্রমিকের হার উপরোক্ত রুলের ১২৬নং ধারায় লিপিবদ্ধ আছে —তাহার একখণ্ড প্রতিলিপি সংলগ্ন পত্রে দেওয়া হইল।

Statement referred to in clauses (gha) and (Uan) of starred question No. 516

Extracts from the West Bengal Registration Rules, 1962

CHAPTER XIX—DEED-WRITERS

120. **Person eligible to apply for license to act as deed-writers.**—Any person of the district preferably of the area within the jurisdiction of the Sub-Registry Office, not below 21 years of age, who can draft documents well in languages prevalent in the locality and whose handwriting is good and who has practical knowledge of the important provisions of the Transfer of Property Act, 1882, the Bengal Tenancy Act, 1885, the Indian Stamp Act, 1899, and the Indian Registration Act, 1908, and whose conduct is

good and who is of good character may apply in writing in Form No. 40, Appendix I, to the Registrar of the district either direct or through the local Sub-Registrar with testimonials, if any, for a licence referred to in section 80G to act as a deed-writer. The application must be in the candidate's own handwriting.

121. (1)—**Grant of a licence to act as a deed-writer.**—If the Registrar is satisfied that the applicant is a desirable person and is fit to be a deed-writer, he shall direct the applicant to pay a licence fee of five rupees and on payment of the said sum his name shall be entered in the Registrar of deed-writers in Form No. 42 in Appendix I, against the particular Sub-Registry Office concerned and a licence in Form No. 41 in Appendix I shall be issued to him. The licence shall take effect from the date of issue. The name of the deed-writer with necessary particulars shall, at the same time, be communicated to the Sub-Registrar concerned for entry in the Register of deed-writers in Form No. 43 in Appendix I, maintained by him.

(2) In granting a licence under sub-rule (1) all persons who on the date of issue of these rules have been carrying on the work of deed-writers shall, if they apply under rule 120 and fulfil the conditions specified in that rule, be given preference.

122. (1)—**Renewal of licence.**—A licence issued under rule 121 shall have effect till the 31st December of the year of issue and may be renewed thereafter year to year by the Registrar, subject to good conduct and satisfactory work and physical fitness, on payment of an annual renewal fee of one rupee. The application for renewal shall be filed between the 15th December and 15th January to the Registrar through the Sub-Registrar together with the treasury chalan or the money-order receipt showing the remittance of the renewal etc. The name of the deed-writer whose renewal is refused by the Registrar or who fails to apply for renewal as herein provided for, shall be struck off the registers maintained by the Registrar as well as by the Sub-Registrar. A deed-writer who fails to apply for a renewal in time, may, however, apply for a fresh licence under rule 120.

(2) (i) When the licence issued to a deed-writer is worn-out, it may be replaced, free of cost, by a duplicate licence on the prayer of the deed-writter concerned, the original worn-out one to be cancelled and kept posted with the counterfoil.

(ii) When the licence issued to a deed-writer is lost, it may be replaced by a duplicate licence in the prescribed printed form, on the prayer of the deed-writer concerned and on payment by him of the fee to be calculated as under:

> A sum of annas two as price of printed form, plus copying fee at ordinary rates prevalent in registration offices, to be charged for all the printed words in the body of the form as well as for the words inserted therein by hand to complete the duplicate copy.

(3) All fees for first licence, for duplicate of a lost licence and for renewal thereof shall be paid to the Registrar either in cash or through the treasury or by postal money order. All payments in cash shall be accounted for in cash book.

126.—**Scale of fees for writing deed to be exhibited in every office.**—A table showing the scales of fees for writing deeds by the licensed deed-writers, to be prescribed by the Inspector-General of Registration, shall be exhibited in a conspicuous place outside the Registration Offices. Any deed-writer charging fees in excess of the above prescribed rates shall be liable to the cancellation of his licence. The licensed deed-writer shall issue a receipt in Form No. 44, Appendix I, to the party concerned for payment of dues to him.

The scales of fees to be charged by the licenced deed-writers shall l as noted below:—

(1) For drafting deeds (or writing deed without making any separat draft) for each 300 words or part thereof—

(a) in offices within Calcutta and the South Suburban and Howra Municipalities—Rs. 2.50 nP.

(b) in all other offices—Rs. 2.00 nP.

(2) For writing deeds from drafts and for rendering all assistance t get them registered (for each 300 words or part thereof)—

(a) in offices within Calcutta and the South Suburban and Howral Municipalities—Rs. 1.25 nP.

(b) in all other offices—Re. 1.00 nP.

(3) For taking delivery of documents when authorised by the party under section 52 of the Indian Registration Act, 1908—0.25 nP for each deed.

(4) For writing all applications whether in the prescribed printe forms or otherwise and filing the same—0.25 nP. each.

(5) For writing summons and filing the same—0.12 nP. each.

(6) For writing notices under the Bengal Tenancy Act, 1885 and filing the same—0.25 nP. each.

(7) For making searches of indexes or inspections of volumes (for each person or item of property)—0.25 nP for each year.

Explanation.—In this rule "Calcutta" means Calcutta as defined in clause (ii) of section 5 of the Calcutta Municipal Act, 1951 (West Bengal Act XXXIII of 1951).

Shri Sanat Kumar Raha:

ঐ যে ১৮ জন দরখাস্ত করেছে তাদের আবেদন মঞ্জুর করা হয়েছে?

The Hon'ble Iswar Das Jalan:

না।

Shri Sanat Kumar Raha:

এই যে ৩৫ জন এবং ৩৪ জন যখন সদর ও সাব-রেজিস্ট্রেশন অফিস-এ সংখ্যা রেজিস্ট্রেশন-এ বেড়ে গেল তখন ৩৫ জনের জায়গায় ৩৪ জন দলিল লেখক হল, তাহলে এই লেখকের কোন নীতি ঠিক আছে কিনা যে, কত সংখ্যা হলে কত লেখক নিযুক্ত করবেন আপনারা?

The Hon'ble Iswar Das Jalan:

৩০০ দলিল হলে একজন থাকে।

Shri Sanat Kumar Raha:

আপনারা যেটা ঐ রেজিস্ট্রেশন-এর রুলস দিয়েছেন ক্যালকাটা অ্যান্ড সাউথ সুবারবন-এ আড়াই টাকা রেট প্রতি ৩০০ কথার উপরে। আর মফঃস্বলে ২ টাকা। তাহলে এই আড়াই টাকা ও ২ টাকা এই তারতম্য কেন? লেখা ত একই লোক লিখবে, তাহলে টাকার এত কমবেশী হল কেন?

The Hon'ble Iswar Das Jalan:

ক্যালকাটাতে একটু খরচ বেশী হয়, মফঃস্বলে একটু কম হয়, ক্যালকাটাতে লিভিং কস্ট একটু বেশী হয় আর বাইরে লিভিং কস্ট একটু কম হয়, এইজন্য এই তারতম্য।

Shri Sanat Kumar Raha:

কলকাতা কোর্ট-এ এবং মফঃস্বল কোর্ট-এ কি একই রেট-এ এই দলিল লেখকদের লাইসেন্স দেওয়া হয়? ঐ ৩০০ দলিলের উপর একটা করে?

The Hon'ble Iswar Das Jalan:

নিয়ম আছে ৩০০ দলিল হলে একজন লেখক হয়।

Shri Sanat Kumar Raha:

নিয়মটা কি একইভাবে সর্বত্র চালু আছে, কলকাতা এবং মফঃস্বলে?

The Hon'ble Iswar Das Jalan:

হ্যাঁ।

Shri Sanat Kumar Raha:

লাইসেন্স পান নি এমন লেখক মফঃস্বলে প্রত্যেক রেজিস্ট্রেশন অফিস-এর সঙ্গে অ্যাটাচড হয়ে আছে, এ সংবাদ রাখেন?

The Hon'ble Iswar Das Jalan:

প্রত্যেক অফিসে এইরকম কতকগুলি লোক আছে যারা লাইসেন্স পায় নি, অথচ লেখে কিন্তু এটা নিয়ম নয়। তারপরে কতকগুলি উকিলের মুহুরী, ক্লার্ক তারা অনেক কাজ করে।

Shri Sanat Kumar Raha:

এইরকম যদি চলে, তাহলে লাইসেন্স পাবার জন্য কেন যাবে লোকে। যদি সাব-রেজিস্ট্রেশন অফিস-এর সঙ্গে যোগাযোগ থাকে দুর্নীতির ফলে, যদি বাইরের লোক লেখকের কাজ করতে পারে, টাকা বেশী কামাই করতে পারে তাহলে কেন লাইসেন্স করার জন্য লেখকরা আসবে?

The Hon'ble Iswar Das Jalan:

নিয়ম আছে যাঁরা লাইসেন্স নেবে তারা রেজিস্ট্রেশন অফিস-এ থাকতে পারেন, ঢুকতে পারেন, লিখতে পারেন। কিন্তু যাঁরা লাইসেন্স না নেন তাঁরা ঢুকতে পারেন না। তারপরে উকিলের ক্লার্ক, উকিলের মহুরী কতকগুলি দলিল তৈরী করেন সেটাতে কাজ করা যায় না।

[1-40—1-50 p.m.]

শ্রীননী ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় ১৯৬২-৬৩-৬৪ সালে কতগুলি হস্তান্তরিত দলিল রেজিস্ট্রি হয়েছে সেটা বলেছেন। আমার প্রশ্ন হচ্ছে আপনার কাছে এরকম কোন রেকর্ড বা ব্রেক আপ ফিগার আছে কিনা যে, কিরকম ধরনের আয়বিশিষ্ট লোকের কত জমি এই দলিলের মারফত হস্তান্তরিত হয়েছে?

দি অনারেবল ঈশ্বরদাস জালান: না।

শ্রীজনাদি দাস: মন্ত্রিমহাশয় বললেন, মফঃস্বলে কস্ট অফ লিভিং কম এবং শহরে বেশী এবং সেইজন্য মফঃস্বলে ২ টাকা এবং শহরে আড়াই টাকা। মন্ত্রিমহাশয় বলবেন কি, মফঃস্বলের কস্ট অফ লিভিং শহরের তুলনায় কত কম? এটা কি সিক্সটি পারসেন্ট যে হার ধরেছেন তাই?

দি অনারেবল ঈশ্বরদাস জালান: সেটা আমি বলতে পারি না।

শ্রীসনৎকুমার রাহা: বহরমপুর শহরে দেখা যাচ্ছে ২ বছরে রেজিস্ট্রেশন-এর সংখ্যা ১ হাজার। এতে মনে হয় দাঙ্গা হবার ফলে ১৯৬৩-৬৪ সালে হস্তান্তর বেশী হয়েছে এবং রেজিস্ট্রেশন-এর সংখ্যা বেড়েছে। আপনিও কি তাই মনে করেন?

দি অনারেবল ঈশ্বরদাস জালান: কেন বেড়েছে সেটা আমি বলতে পারি না।

শ্রীঅনাদি দাস: মফঃস্বলের কস্ট অফ লিভিং কত কম এই প্রশ্ন করায় আপনি বলেন বলতে পারব না। আমার প্রশ্ন হচ্ছে, এটা যদি ২ টাকা নির্ধারিত হয় তাহলে সেটা কি আর্বিট্রারিভাবে ঠিক করেছেন?

দি অনারেবল ঈশ্বরদাস জালান: এটা মোটামুটিভাবে ঠিক হয়—কত পারসেন্টেজ, কত কম সেইভাবে হয় না।

Attendance on the Hartal Day

***517.** *(Short notice.) (Admitted question No. *1944.)* **Shri Sankar das Banerji:** *Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—*

(1) what was the percentage of—

(a) attendance of Government servants in the West Bengal Secretariat on the Hartal Day, i.e., on the 25th of September, 1964;

(b) attendance in the different Jute Mills in 24-Parganas on the same day;

(c) attendance in the different industrial concerns in 24-Parganas and Howrah; and

(2) to what extent the Hartal was observed in the different districts in West Bengal?

The Hon'ble Saila Kumar Mukherjee: (a) 66.6 per cent. approximately.

(b) All the Jute Mills in 24-Parganas district except the following six viz., Kinnison, Kelvin, Empire, Eastern Manufacturing, Khardah, and Titaghar worked normally.

(c) 50 per cent. approximately.

2. Information so far available from 12 districts is that attendance in Government offices were normal. Transport and Train services ran almost usual except in certain areas of Police Stations of Tufanganj (Cooch Behar), Chanditala (Hooghly), Jadavpur and Titagarh (24-Parganas).

Shri Sankardas Banerji: Will the Hon'ble Minister kindly tell us what was the percentage of attendance in the Budge Budge Jute Mill?

The Hon'ble Saila Kumar Mukherjee: It was 50 per cent approximately.

Shri Sankardas Banerji: Will the Hon'ble Minister kindly tell us what was the percentage of attendance in Jessop & Co.?

The Hon'ble Saila Kumar Mukherjee: In Jessop & Co. it was 75 per cent.

Shri Sankardas Banerji: Will the Hon'ble Minister kindly tell us what was the average attendance in the different industrial concerns in 24-Parganas?

The Hon'ble Saila Kumar Mukherjee: In order to get an average we will have to get the figures of all the industries. We have got collected figures of certain industries whose names I can tell you. They are as follows:

Jessop & Co.—75 per cent.; Gun & Shell factory—93 per cent.; Hindusthan Iron & Steel—80 per cent.; H.M.T.—52 per cent.; Texmaco—30 per cent.; Jai Engineering—40 per cent.; Indian Electrial Wire—90

er cent.; Kesoram Cotton Mills—80 per cent.; Braithwaite—60 per cent.; letal Box—80 per cent.; EMT Lamp Factory—80 per cent.; Lamp Factory —42 per cent.; Garden Reach Workshop—50 per cent.; Alluminium Mfg. Co.—40 per cent.

Howrah factories

Burn & Co.—65 per cent.; Guest, Keen and Williams—75 per cent.; Port Engineering—50 per cent.; Shalimar Works—80 per cent.

We have been able to collect the figures of the aforesaid companies.

Shri Kamal Kanti Guha:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই হরতালের দিনে কয়টা মদের দোকান খোলা ছিল?

The Hon'ble Saila Kumar Mukherjee: The questioner did not put the question. Therefore that information was not collected.

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: কত কর্মচারী পশ্চিমবঙ্গ সরকারের সেক্রেটারিয়েটে এসেছিল?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: ৬৬ ৩ পার্সেন্ট।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: আপনি জানাবেন কি এদের উপস্থিতি বাধ্যতামূলক করার জন্য সার্কুলার দেওয়া হয়েছিল কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee: The circular was as usual and under the Government Servants Conduct Rules the notice was issued.

রবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: একথা কি সত্য হরতালের আসা না আসা তাদের উপর নির্ভর করছিল না, শাস্তিমূলক ব্যবস্থার ভয় দেখিয়ে তাদের আসতে বাধ্য করা হয়েছিল?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: নো।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: এই যে কোশ্চেনটা এটা কবে দেওয়া হয়েছিল, হরতাল সম্বন্ধে যে কোশ্চেন, এটার ডেট কবে?

The Hon'ble Saila Kumar Mukherjee: You must know the rules. Under the rules Short Notice Question should be answered within only one day.

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: আপনি সমস্ত জুট মিলে এভারেজ অ্যাটেনডেন্সের খবর দিয়েছেন, বাংলাদেশে কতগুলি জুট মিল আছে, কত তফাতে তফাতে আছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: ১১৪টি আছে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি: আপনি বললেন ইন্ডাস্ট্রিয়াল কনসার্নে ৫০ পার্সেন্ট ছিল, আপনি সমস্ত ইন্ডাস্ট্রিয়াল কনসার্নের কথাই বলছেন?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: এক দিনের মধ্যে শর্ট নোটিশে কোশ্চেনের জবাব দিতে গেলে যেভাবে এসব সংগ্রহ করতে হয়, ২৪ পরগনায়, হাওড়ায়, জুট মিলে টেলিফোন করে ইনফর্মেশন যোগাড় করে দেওয়া হয়েছে।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: একথা কি জানাবেন তারাতলা এবং ২৪ পরগনায় যেসব কলকারখানা আছে, যেখানে দু হাজার, আড়াই হাজার করে মানুষ কাজ করে তাদের সংখ্যা কত, বেহালা অঞ্চলে কি পরিমাণ হরতাল এবং ধর্মঘট সাফল্যমণ্ডিত হয়েছে?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: প্রশ্নকর্তার প্রশ্নে সে সম্বন্ধে কিছু নাই, যে কনসার্নে পাওয়া গেলে দেওয়া হয়েছে, সেটা সম্বন্ধে কোশ্চেন করলে সমস্ত পুঙ্খানুপুঙ্খরূপে দিতে প্রস্তুত আছি।

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়: এখানে আপনি একটা স্টেটমেন্ট দিয়ে গেলেন কয়েকটি জায়গার নিয়েছেন, বেহালা, ২৪ পরগনা সম্বন্ধেও আছে, কিন্তু সে জায়গা আপনি উল্লেখ করছেন না, তিনি খবর রাখেন না। যেগুলি দরকার মনে করে সেগুলি নিয়েছেন। প্রফুল্লবাবু ক্লেইম করেছেন শতকরা দু-আনা স্ট্রাইক করেছিল, এটা অঙ্কের হিসাবে কি করে দাঁড় করালেন— বিভিন্ন প্রশ্নকর্তাকে জানবার সুযোগ দিতে হবে, আমরা চাই এই প্রশ্নটা একটু ডিটেইলস আলোচনা হোক। সমগ্র তারাতলা ইন্ডাস্ট্রিয়াল কনসার্নে কত লোক এসেছিল?

দি অনারেবল শৈলকুমার মুখার্জি: সমস্ত তারাতলার ইন্ডাস্ট্রির যোগাড় করা হয় নি।

[Noise and interruptions]

Shri Babindra Nath Mukhopadhyay:
আমি যে প্রশ্ন করছি উনি তার জবাব দিচ্ছেন না।
He has not answered.

[1-50—2 p.m.]

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Finance Minister be pleased to state it if is a fact that on the 22nd September last a notice purported to be signed and issued by the Chief Secretary Shri R. Gupta was issued and circulated amongst all State Government employees asking them to attend office, and in case of failure they will have to explain the reasons for their non-attendance? If so, whether any such notices were at all issued in regard to the previous hartals which took place on the 22nd September, 1963 and 19th May, 1964? If not, why not?

The Hon'ble Saila Kumar Mukherjee: I have already stated that a circular was issued. I am prepared to place before you the entire circular if you like.

Shri Kashi Kanta Maitra: You have answered the first part of my question. The question has a second part. If such a circular, as you now admit, was really issued, and if similar circulars were not issued with regard to the previous hartals, would you kindly explain the reasons why such a circular was issued this time?

The Hon'ble Saila Kumar Mukherjee: That is a hypothetical question which I am unable to answer.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state as to the condition of the strike in the tea gardens in the district of Jalpaiguri?

The Hon'ble Saila Kumar Mukherjee: The questioner had not asked that question. No such information has been collected on this question, which is a short notice one.

Shri A. H. Besterwitch: In the short notice question it has been asked to what extent the Hartal was observed in the different districts in West Bengal, and Jalpaiguri is a district of West Bengal. Why should not the Minister obtain this information as tea is one of the biggest industries in India?

The Hon'ble Saila Kumar Mukherjee: Jalpaiguri is not mentioned here.

Shri A. H. Besterwitch: He has gone up to Cooch Behar. I am asking for Jalpaiguri.

The Hon'ble Saila Kumar Mukherjee: I have got the information about Jalpaiguri. All vehicular traffic except rickshaw plied as usual and train services ran as usual. I was not asked to collect information about tea gardens.

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বেহালা এলাকায় ইন্ডিয়া ফ্যান-এর যে কারখানা আছে সেখানে কত এ্যাটেনডেন্স হয়েছিল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি তো বলেছি ২৪ পরগনার সমস্ত ইন্ডাস্ট্রির পরিসংখ্যা এখনো কালেকটেড হয় নি।

Shri Nepal Chandra Roy:

আমি জানি এখানে ৭ পার্সেন্ট অ্যাটেনডেন্স হয়েছে।

The Hon'ble Saila Kumar Mukherjee:

তাহলে আমি কি আর জানাব।

Shri Rabindra Nath Mukhopadhyay:

উনি জানেন না। ৯৫ পার্সেন্ট স্ট্রাইক হয়েছিল।

Shri Jamini Bhusan Saha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এখানে আছে ডিফারেন্ট ইন ওয়েস্ট বেঙ্গল। এ কিরকম হরতাল হয়েছিল। উনি ২৪-পরগনা এবং হাওড়া সম্পর্কে প্রশ্নের জবাব দিয়েছেন। কোলকাতা ও বাংলাদেশের একটা জেলা, উনি বলেছেন যে ট্রান্সপোর্ট, রেলওয়ে সার্ভিস রেগুলার চলেছে--আমার প্রশ্ন হচ্ছে যে, কোলকাতা শহরে কখানা বাস এবং কটা ট্রাম নিয়মিতভাবে চলতো এবং কটা চলে নি এবং দোকানপাট কলকারখানা কি অবস্থায় ছিল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

প্রথম প্রশ্ন এ বি সি হল, এ্যাটেনডেন্স, দ্বিতীয় প্রশ্ন হল

to what extent the hartal was observed in the different districts of West Bengal.

তার উত্তর দিয়েছি। অ্যাটেনডেন্স সমস্ত যা কালেক্ট করতে পেরেছি তা দিয়েছি।

Shri Jamini Bhusan Saha:

উনি ট্রান্সপোর্টের কথা বলেছেন--আমার প্রশ্নটা হচ্ছে কোলকাতা বাংলাদেশের একটা জেলা, জলপাইগুড়ি থেকে খবর নিয়ে আসতে হবে না। কোলকাতা শহরে হরতালের দিন কখানা স্টেট ট্রান্সপোর্টের বাস চলেছে, কখানা ট্রাম চলেছে এবং কটা কলকারখানা কিভাবে চলেছে। লোক-সংখ্যা কিভাবে চলেছে তার একটা বিবরণ আমরা চাই।

The Hon'ble Saila Kumar Mukherjee:

কোলকাতার কলকারখানার তথ্য সংগ্রহ করিনি।

Shri Jamini Bhusan Saha:

কোলকাতা শহরে কটা ট্রেন এবং কটা বাস চলে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

বাস প্রায় প্রত্যহ সমস্ত কোলকাতা, হাওড়া, ২৪-পরগনায় ৬৫০টা, আর ট্রাম ৩০০ থেকে ৩৫০।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় এখানে সেক্রেটারিয়েটের অ্যাটেনডেন্সের রিপোর্ট দিয়েছেন, ২৪ পরগনা ৬টা জুট মিল বাদ দিয়ে অন্যান্য জুট মিলের রিপোর্ট দিয়েছেন এবং ২৪ পরগনা ও হাওড়া ইন্ডাস্ট্রিয়াল সেন্টারে শতকরা ৫০ ভাগ এগুলি বলেছেন। আমার সংক্ষিপ্ত প্রশ্ন যে, সংবাদগুলি কোন সূত্র থেকে পেয়েছেন, তার কারণ অনেক কিছুই বলতে পারছেন না। সূত্র কোন সূত্র থেকে পেয়েছেন এটা জানা দরকার।

The Hon'ble Saila Kumar Mukherjee:

আপনি যদি মনোযোগ দিয়ে শুনতেন তাহলে ভাল হত। এই শর্ট নোটিশ কোশ্চেনে এক দিনের মধ্যে আমাদের হোম ডিপার্টমেন্ট, চীফ সেক্রেটারীজ ডিপার্টমেন্টে টেলিফোনযোগে যে দিয়েছে রেকর্ড আছে, সেই সূত্র থেকে তথ্য সংগ্রহ করেছি, আর যেসমস্ত ইন্ডাস্ট্রীর নাম করেছি তাদের কর্তৃপক্ষের কাছ থেকে পেয়েছি।

Shri Nani Bhattacharjee:

মন্ত্রিমহাশয় কি জানাবেন তাঁদের শ্রমদপ্তরে কোথায় কত স্ট্রাইক হয়েছে, না হয়েছে এরকম রিপোর্ট খোঁজ করেছিলেন কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

না।

Shri Sankardas Bhandyopadhyay:

মন্ত্রিমহাশয় জানাবেন কি হুগলী জেলায় কিরকম হরতাল হয়েছিল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি যে প্রপোরসন দিয়েছি সেটা ছাড়া আর বিশেষ কিছু নেই, অ্যাভারেজে ৫০ পার্সেন্ট অ্যাটেনডেন্স আর চন্ডীতলা, হুগলী ছাড়া সর্বত্র ট্রান্সপোর্ট চলেছে।

Shri Anadi Das:

মন্ত্রিমহাশয় বলবেন কি, যে হাওড়ায় কোন কোন রুটে কত বাসের সংখ্যা কত বাস চলেছিল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

শুধু হাওড়া বলে কোন বাস নেই, সমস্ত কোলকাতা, ২৪ পরগনা থেকে হাওড়ায় আসে। হাওড়ার কোন নির্দিষ্ট বাস রুট নেই, এক্সক্লুসিভলি ফর হাওড়া।

[2--2-10 p.m.]

Shri Anadi Das:

প্রাইভেট বাস কোন কোন রুটে, কয়খানার মধ্যে কয়খানা চলেছে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

প্রাইভেট বাসের ইনফরমেশন বা তথ্য আমি সংগ্রহ করি নি, তবে প্রাইভেট বাস চলেছিল।

Shri Sankardas Banerji:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি পুরুলিয়া ডিস্ট্রিক্টএ কি রকম হরতাল হয়েছিল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমার কাছে যে রিপোর্ট এসেছে, তাতে সেখানে সর্বত্র ৫০ পার্সেন্টের চেয়েও বেশী লোক কাজে যোগদান করেছিল, অফিসে প্রায় নর্মাল এ্যাটেনডেন্স হয়েছিল।

Shri Sankardas Bhandyopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, হাওড়ায় এবং শিয়ালদায় রেল যথারীতি এসেছিল, এবং ছেড়েছিল কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

হ্যাঁ। যথারীতি এসেছিল এবং ছেড়েছিল, একটিও রেল বন্ধ হয় নি।

Shri Jamini Bhushan Saha:

মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, যে ট্রেনগুলি পুলিশ পাহারা দিয়ে চালান হয়েছিল কিনা, এবং ট্রেনে প্যাসেঞ্জার কতজন ছিল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আপনারা যদি এইসব বিস্তারিত প্রশ্ন করতেন তাহলে নিশ্চয়ই এর সমস্ত জবাব পেতেন।

Mr. Chairman: Question hour is over.

UNSTARRED QUESTIONS

(to which for written answers were laid on the table)

Licence for stock of rice and paddy in West Bengal

888. (Admitted question No. 19.)

শ্রীসনৎকুমার রাহা: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অদ্যাবধি পশ্চিমবঙ্গে ধান ও চাউল মজুত কারবার জন্য কতজনকে লাইসেন্স দেওয়া হইয়াছে; এবং

(খ) ২১এ জুলাই ১৯৬৪ পর্যন্ত কত ধান ও চাল এইসকল মজুতদারদের নিকট আছে?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) এতদ্‌সহ একটি বিবরণী পেশ করা হইল।

Statement referred to in reply to Unstarred Question No. 888.

Statement showing the number of Producers' Licence/Storage permits issued in the State and the stocks held by Producers and Storage permit-holders as on 21st July, 1964.

(Figures in quintals)

No. of licences issued to producers.	Stocks held by producers		No. of storage permits issued.	Stocks held by storage permit holders	
	Rice.	Paddy.		Rice.	Paddy.
7,963	8,057	98,216	102	6,440	5,145

Village Housing Project Scheme in Pingla Block

889. (Admitted question No. 1460.)

শ্রীজনমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পিংলা ব্লকে কোন্ কোন্ গ্রামে ভিলেজ হাউসিং প্রজেক্ট চালু করা হইয়াছে;

(খ) ঐ সকল গ্রামের কোন্ কোন্ ব্যক্তিকে কত টাকা ঋণ দেওয়া হইয়াছে;

(গ) উক্ত ঋণ গৃহ নির্মাণ বাবত খরচ হইয়াছে এরূপ মর্মে সার্টিফিকেট পাওয়া গিয়াছে কিনা; এবং

(ঘ) যদি পাওয়া গিয়াছে তবে ঋণ দেওয়ার কত দিনের মধ্যে পাওয়া গিয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ক্ষিরাই (অঞ্চল নং ৬), পিংলা (অঞ্চল নং ২), বেলুড়িয়া (অঞ্চল নং ৩), নারায়ণগা দীঘি (অঞ্চল নং ৯), জলচক (অঞ্চল নং ৯)।

(খ) কোন টাকা ঋণ দেওয়া হয় নাই, কারণ খুব কমই আবেদন পাওয়া গিয়াছে এবং যাঁহারা দিয়াছেন তাঁহারা সরকারপ্রদত্ত প্ল্যান অনুসারে কাজ করিতে সম্মত হন নি।

(গ) যেহেতু ঋণ দেওয়া হয় নাই সেই হেতু সার্টিফিকেটের প্রশ্ন উঠে না।

(ঘ) প্রশ্ন উঠে না।

Canals leased out for fishing in Midnapore district

890. (Admitted juestion No. 1584.)

শ্রীজনগমোহন দাস: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার কোন্ থানায় কয়টি খাল মাছ ধরিবার জন্য বিলি করা হইয়াছে; এবং

(খ) উহা মোট কত টাকায় বিলি করা হইয়াছে এবং মোট কত টাকা আদায় করা হইয়াছে

The Minister for Land and Land Revenue:

(ক) বিস্তৃত বিবরণ এতৎসহ টেবিলে রাখা হইল।

(খ) মোট ১৭,২০৮·২৫ টাকায় বিলি করা হইয়াছে এবং উহার মধ্যে ১২,৭৯১·৫০ টাকা আদায় করা হইয়াছে।

Statement referred to in reply to Clause (Ka) of Unstarred Question No. 890.

	Name of police-station.	No. of canal leased out for fishing
1.	Midnapore	10
2.	Debra	1
3.	Garbeta	4
4.	Keshpur	10
5.	Salboni	3
6.	Khargpur	1
7.	Narayangarh	3
8.	Keshiari	Nil
9.	Danton	Nil
10.	Mohanpur	Nil
11.	Sabang	21
12.	Pingla	1
13.	Contai	7
14.	Ramnagar	
15.	Egra	4
16.	Patashpur	16

	Name of police-station	No. of canals leased out for fishing.
17.	Khejuri	4
18.	Bhagawanpur	43
19.	Jhargram	1
20.	Jamboni	Nil
21.	Binpur	Nil
22.	Nayagram	Nil
23.	Gopiballavpur	3
24.	Sankrail	2
25.	Panskura	32
26.	Nandigram	38
27.	Sutahata	53
28.	Tamluk	37
29.	Mahisadal	45
30.	Moyna	26
31.	Ghatal	6
32.	Chandrakona	8
33.	Daspur	22

Paddy and rice wholesalers in Murshidabad district

891. (Admitted question No. 1624.)

শ্রীসনৎকুমার রাহা: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন্ মহকুমায় কতজন ধান ও চালের পাইকারী ব্যবসা করেন সে সম্বন্ধে কোন সরকারী তথ্য আছে কিনা; এবং

(খ) তথ্য থাকিলে তাহা কি?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) মুর্শিদাবাদ জেলার বিভিন্ন মহকুমায় গত ৩১-৮-৬৪ তারিখ পর্যন্ত প্রাপ্ত তথ্য নিম্নে দেওয়া হইল:—

মহকুমা	পাইকারী ব্যবসায়ীর মোট সংখ্যা
বহরমপুর	১০৬
জঙ্গীপুর	৪৩
কান্দি	৪৭
লালবাগ	৪২
মোট ...	২৩৮

Government godowns for foodgrains in Contai subdivision

892. (Admitted question No. 1661.)

শ্রীহৃষিকেশ চক্রবর্তী: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমায় সরকারী গুদামগুলিতে ১৯৬৪ সালের ১লা জুন, ১লা জুলাই ও ১লা অগাস্ট কোন্ গুদামে বিভিন্ন খাদ্যশস্য কত মজুত ছিল;

(খ) ঐ গুদামগুলির কোন্ কোন্ গুদাম হইতে কোন্ কোন্ থানায় খাদ্যশস্য সরবরাহ করা হয়;

(গ) ঐ মহকুমায় এই বৎসরের অগাস্ট মাসে কত পরিমাণ খাদ্যশস্যের প্রয়োজন ছিল; এবং

(ঘ) এই মহকুমার বৎসরে কত পরিমাণ বিভিন্ন খাদ্যশস্য সরবরাহের প্রয়োজন হয়?

The Minister for Food and Supplies:

(ক) কোন্ সরকারী গুদামে বিভিন্ন খাদ্যশস্য কত মজুত ছিল তাহার একটি বিবরণ সংলগ্ন বিবরণীতে দেওয়া হইল।

(খ) এ সম্বন্ধে একটি বিবরণ সংলগ্ন বিবরণীতে দেওয়া হইল।

(গ) ১,০০০ কুইন্টাল চাউল এবং ১,৩৭০ কুইন্টাল গম-এর প্রয়োজন ছিল।

(ঘ) প্রতি বৎসর খাদ্যশস্য সরবরাহের পরিমাণ নির্দিষ্ট থাকে না। ইহা কম বেশী হয়।

Statement referred to in reply to Clauses (Ka) and (Kha) of Unstarred Question No. 892.

ক তালিকা

		Contai Government Godown.	Satmile Government Godown.
		Quintals.	Quintals.
1-6-64	.. .. Rice	2,525	20
	Wheat	916	1,173
1-7-64	.. .. Rice	2,543	8
	Wheat	104	147
1-8-64	.. .. Rice	2,543	2,386
	Wheat	217	520

খ তালিকা

(1) Dealers of Contai, Ramnagar and Potashpur police-stations in part and whole of Khejuree and Bhagwanpur police-stations are tagged with Contai Government Godown.

(2) Dealers of Contai, Ramnagar and Potashpur police-stations in part and entire Egra police-station are tagged with Satmile Government Godown.

Government vested lands on Sonadia mouza, Berhampur Circle

893. (Admitted question No. 1727.)

শ্রীসনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর সার্কেলের সোনাদিয়া মৌজার অন্তর্গত বিভিন্ন দাগে ৮৮ বিঘা সরকারে নাস্ত জমি যাহা স্থানীয় কৃষকগণকে দেওয়া হয় তাহা ১৩৬৯ ও ১৩৭০ সালে বন্দোবস্ত দেওয়া হইয়াছে কিনা; এবং

(খ) বন্দোবস্ত দেওয়া হইয়া থাকিলে, কাহাদের দেওয়া হইয়াছে এবং যাহারা ১৩৬৭, ১৩৬৮ ও ১৩৬৯ সালে জমি বন্দোবস্ত লইয়াছিলেন, তাহাদের দেওয়া হইয়াছে কিনা?

The Minister for Land and Land Revenue:

(ক) উক্ত জমি ১৩৬৯ সালে যাহারা চাষাবাদ করিয়াছিল, তাহাদিগের নিকট হইতে প্রচলিত নিয়ম অনুসারে সরকারী প্রাপ্য আদায় করা হইয়াছে। ১৩৭০ সালে উক্ত জমির মধ্যে ৩২ বিঘা জমি লইয়া মামলা চলার ফলে ঐসকল জমির জন্য কোন সরকারী প্রাপ্য আদায় করা সম্ভব হয় নাই এবং অবশিষ্ট জমি বাবত সরকারী প্রাপ্য প্রকৃত চাষীদের নিকট হইতে আদায়ের ব্যবস্থা হইতেছে।

(খ) এরূপভাবে বন্দোবস্ত দেওয়ার ব্যবস্থা এখনও করা হয় নাই।

Government vested lands in Beldanga police-station

894. (Admitted question No. 1732.)

সনৎকুমার রাহা: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলডাঙ্গা থানার সোনাদিঘা মৌজার অন্তর্গত কত জমি সরকারে নাস্ত এবং কত জমি কৃষকগণের মধ্যে বণ্টন করা হইয়াছে এবং কবে বন্দোবস্ত দেওয়া হইয়াছে;

(খ) যাহাদের মধ্যে উক্ত জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে তাহাদের মধ্যে কত জন ১০ বিঘার উপর জমির মালিক?

The Minister for Land and Land Revenue:

(ক) বেলডাঙ্গা থানায় সোনাদিঘা নামে কোন মৌজা নাই। তবে বহরমপুর থানার অধীনে ঐ নামে একটি মৌজা আছে। এবং তথায় সরকারে নাস্ত জমির পরিমাণ মোট ৭২·৭৯ একর। মামলায় জড়িত থাকায় এই জমির বণ্টন বা বন্দোবস্ত দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Wholesale Marketing Co-operative Society in Berhampore

895. (Admitted question No. 1734.)

শ্রীসনৎকুমার রাহা: সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পাইকারী বিপণন সমবায় সমিতি কবে প্রতিষ্ঠিত হয়? কে কে তাহার সদস্য? সম্পাদকের নাম কি;

(খ) উক্ত সমিতি প্রতিষ্ঠার পর হইতে অগাস্ট, ১৯৬৪ পর্যন্ত কত টাকার জিনিস এই সমিতি বিভিন্ন প্রাথমিক সমিতিকে বিপণনের জন্য দেয়?

(গ) উক্ত বিপণন সামগ্রীর মধ্যে কোন্ কোন্ পণ্য এই সমিতির দেয়?

The Minister for Co-operation:

(ক) বহরমপুর পাইকারী বিপণন সমবায় সমিতি ৪-৩-৬৪ তারিখে প্রতিষ্ঠিত হয়। নিম্নলিখিত প্রাইমারী কো-অপারেটিভ স্টোর্সসমূহ ইহার সদস্য:

(১) বহরমপুর কনজিউমার্স ১নং প্রাইমারী কো-অপারেটিভ স্টোর্স লিঃ;

(২) বহরমপুর ওয়ার্ড কনজিউমার্স ২নং কো-অপারেটিভ স্টোর্স লিঃ;

(৩) খাগড়া ১নং কনজিউমার্স (প্রাইমারী) কো-অপারেটিভ স্টোর্স লিঃ;

(৪) খাগড়া ২নং কনজিউমার্স (প্রাইমারী) কো-অপারেটিভ স্টোর্স লিঃ;

(৫) সইদাবাদ কনজিউমার্স (প্রাইমারী) কো-অপারেটিভ স্টোর্স লিঃ;

(৬) গোরাবাজার কনজিউমার্স প্রাইমারী কো-অপারেটিভ স্টোর্স লিঃ;

(৭) সিটি মুর্শিদাবাদ বিবেকানন্দ প্রাইমারী কনজিউমার্স কো-অপারেটিভ স্টোর্স লিঃ;

(৮) জিয়াগঞ্জ কনজিউমার্স কো-অপারেটিভ স্টোর্স লিঃ;

(৯) আজিমগঞ্জ কনজিউমার্স কো-অপারেটিভ স্টোর্স লিঃ;

(১০) কাশিমবাজার প্রাইমারী কনজিউমার্স কো-অপারেটিভ স্টোর্স লিঃ;

শ্রীসামসুদ্দীন আমেদ, এম এল এ, বহরমপুর পাইকারী বিপণন সমবায় সমিতির সম্পাদক

(খ) টাকা ২৫,৩৫৮·৬৭ পঃ।

(গ) ১৯৬৪ সালে অগাস্ট মাস পর্যন্ত চাউল, সরিষার তৈল এবং দিয়াশলাই সরবরাহ ক হইয়াছে।

Contai Seba Sangha

898. (Admitted question No. 1750.)

শ্রীসুধীরচন্দ্র দাস: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার কাঁথি সেবা সংঘ নামক প্রতিষ্ঠানকে বিভিন্ন খাতে যে টাকা ঋণ দেও হইয়াছে সেই ঋণ টাকার এ পর্যন্ত ঐ প্রতিষ্ঠান কি কি খাতে কত পরিশোধ করিয়াছে

(খ) ঐ ঋণ টাকার জামীনদার কেন আছেন এবং তাঁহার সম্পত্তি কত আছে; এবং

(গ) কিস্তীতে ঋণ পরিশোধের চুক্তি খেলাপ হইয়া থাকিলে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে

The Minister for Cottage and Small Scale Industries:

(ক), (খ) এবং (গ) তথ্য সংগ্রহ করা হইতেছে।

M. R. Shop dealership to the Co-operative Society in West Bengal

897. (Admitted question No. 1904.)

শ্রীমনোরঞ্জন মৈত্র: খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) মডিফায়েড রেশন দোকানগুলির জন্য সমবায় সমিতি প্রার্থী থাকিলে তাহাদে অগ্রাধিকার দেওয়ার জন্য ভারত সরকার কোন নির্দেশ দিয়াছেন কিনা;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে উক্ত নির্দেশ যথাসম্ভব কার্যকরী কর জন্য পশ্চিমবঙ্গ সরকারের কোন নির্দেশ আছে কিনা; এবং

(গ) মালদহ জেলায় গত দুই বৎসরে কয়টি সমবায় সমিতি এই প্রকার দোকান পাওয় জন্য আবেদন করিয়াছিলেন এবং কয়টি সমবায় সমিতিকে মডিফায়েড রেশন দোক দেওয়া হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) হ্যাঁ।

(গ) মালদহ জেলায় গত ১৯৬৩ সালে পাঁচটি এবং ১৯৬৪ সালে দুইটি সমবায় সমিতি এই প্রকার দোকান পাওয়ার জন্য আবেদন করিয়াছিলেন। তন্মধ্যে ১৯৬৩ সালের দুইটি সমবায় সমিতিকে ডিলারসীপ মঞ্জুর করা হইয়াছে এবং বাকী দরখাস্তগুলি মালদহের জেলা শাসকের বিবেচনাধীন রহিয়াছে।

Loans sanctioned under Bengal State Aid to Industries Act in Malda district

898. (Admitted question No. 1907.)

শ্রীবীরেন্দ্রকুমার মৈত্র: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেঙ্গল স্টেট এইড টু ইন্ডাস্ট্রিস অ্যাক্ট অনুযায়ী ১৯৬০ সন হইতে ১৯৬৩ সন পর্যন্ত কোন্ বৎসর কত টাকার কয়খানি আবেদনপত্র মালদহ জেলায় দাখিল করা হইয়াছিল;

(খ) উক্ত বৎসরসমূহে কতজনকে কত টাকা ঋণ দেওয়া হইয়াছে এবং তাহাদের নাম ও ঠিকানা কি; এবং

(গ) যাহাদের ঋণ দেওয়া হয় নাই, তাহাদের আবেদন কি কারণে বাতিল করা হইয়াছে।

The Minister for Cottage and Small Scale Industries:

(ক), (খ) এবং (গ) প্রয়োজনীয় তথ্যসমূহ সংগ্রহ করা হইতেছে।

Scheduled Caste and Scheduled Tribe peoples in three hill subdivisions, Darjeeling

899. (Admitted question No. 1784.) **Shri Mahananda Haldar:** Will the Hon'ble Minister-in-charge of the Tribal Welfare Department be pleased to state the number of Scheduled Caste and Scheduled Tribe peoples respectively of the three hill subdivisions of Darjeeling district and the amount allotted for the education of students of those peoples respectively from 1961-64?

The Minister of State for Tribal Welfare: A statement is placed below.

Statement referred to in the reply to Unstarred Question No. 899.

Population of Scheduled Castes and Scheduled Tribes in the 3 Hill Subdivisions of the district of Darjeeling and expenditure incurred for them on education,

Subdivision.	Population.		Expenditure n education.					
			1961-62		1962-63		1963-64	
	Scheduled Castes.	Scheduled Tribes.	Scheduled Castes.	Scheduled Tribes.	Scheduled Castes.	Scheduled Tribes.	Scheduled Castes.	Scheduled Tribes.
			Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
1. Darjeeling Sadar	17,404	14,861	15,670	87,228	14,537	98,598	15,444	1,16,993
2. Kalimpong	9,585	20,900	400	25,933	870	35,194	4,127	45,948
3. Kurseong	6,962	4,172	330	17,399	1,346	13,986	3,077	17,093

Kharba-1 Anchalik Parishad, Malda

900. (Admitted question No. 1816.)

ডাঃ গোলাম ইয়াজদানী: স্বায়ত্ত-শাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) মালদহ জেলার খরবা ১নং ব্লকের গত ২৭এ অগাস্ট ১৯৬৪ তারিখে আঞ্চলিক পরিষদে ২ জন সদস্য কো-অপশন করিবার জন্য মিটিং হয়; এবং

(২) সেই পরিষদের একজন সদস্যকে কো-অপশন দ্বারা পুনরায় সেই পরিষদের সদস্য করা হয়;

(খ) সত্য হইলে ইহার কারণ কি;

(গ) ইহা কি সত্য যে, উক্ত মিটিং-এ উক্ত পরিষদের অ্যাসোসিয়েটেড সদস্যকে প্রিসাইডিং অফিসার হিসাবে নিযুক্ত করা হইয়াছিল; এবং

(ঘ) সত্য হইলে ইহার কারণ কি?

The Minister of State for Local Self-Government and Panchayats (Panchayat Branch):

(ক) (১) এবং (২) হ্যাঁ।

(খ) প্রশ্নোক্ত কো-অপশন বৈধ কিনা তাহা বিচারাধীন।

(গ) পশ্চিমবঙ্গ জিলা পরিষদ নিয়মাবলীর ৮০(২) নিয়মানুসারে মহকুমা শাসক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত গেজেটেড অফিসার হিসাবে ব্লক উন্নয়ন আধিকারিক প্রিজাইডিং অফিসার নিযুক্ত হইয়াছিলেন।

(ঘ) প্রশ্নোক্ত বিষয়টির বৈধতা বিচারাধীন।

Harischandrapur Large-sized Marketing Society, Malda

901. (Admitted question No. 1905.)

[illegible] মৈত্র: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর লার্জ সাইজড্ মার্কেটিং সোসাইটি বর্তমান মরশুমে সার ক্রয়ের কোন অর্ডার সরকারের মাধ্যমে দাখিল করিয়াছিলেন কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তাহা হইলে কত টনের জন্য অর্ডার দেওয়া হইয়াছিল এবং কত টন সার উক্ত মার্কেটিং সোসাইটি ইতিমধ্যে পাইয়াছেন, এবং ইতিমধ্যে সার না পাইয়া থাকিলে তাহার কারণ কি; এবং

(গ) বর্তমান মরশুমে অন্য কোন ব্যবসায়ী মালদহ জেলায় সারের দরবরাহ পাইয়াছেন কিনা?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ।

Auditing of Harishchandrapore Block No. 1, Malda

902. (Admitted question No. 1741.)

ডাঃ গোলাম [illegible]: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) ১৯৬১ সালে সরকারের একটি অডিট পার্টি মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের হিসাবপত্র অডিট করিতে গিয়াছিলেন;

(২) ঐ পার্টি সেখানে থাকাকালীন অডিটের জন্য কাগজপত্র যে আলমারীতে রাখা হ তাহাতে অডিট হইবার আগেই আগুন লাগে এবং সমস্ত কাগজপত্র পুড়িয়া য

(খ) সত্য হইলে ঐ আগুন লাগার কারণ সম্পর্কে কোন তদন্ত হইয়াছিল কিনা এবং তদ হইয়া থাকিলে তাহার ফলাফল কি; এবং

(গ) ঐ অডিটে ঐ ব্লকের হিসাবপত্র সম্পর্কে কি রিপোর্ট দেওয়া হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) (১) হ্যাঁ; ১৯৬১ সালে ১৬ই হইতে ২০এ ডিসেম্বর পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গ ম গাণনিকের একটি অডিট পার্টি হরিশ্চন্দ্রপুর ১নং ব্লকের হিসাবপত্র পরীক্ষা করিয়াছিলেন।

(২) ১৯৬১ সালে ঐরূপ কোন অগ্নিকাণ্ড ঘটে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) ১৯৬১ সালের ডিসেম্বর মাসে হরিশ্চন্দ্রপুর ১নং ব্লকের হিসাবাদি পরীক্ষা সম্প পশ্চিমবঙ্গ মহাগাণনিকের রিপোর্টের নকল ইহার সহিত প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 9

Index to the Report on account of the Stage II Block, Harishchandrapur, district Malda, for the period from 1st January 1959 to 30th November 1961.

Sl. No. of para. and brief particulars

Part I

1. Preliminary.
2. Administration.
3. Outstanding paras. or previous I.R.

Part II-B

4. Irregularities in the Cash Book.
5. Utilisation certificates wanting.
6. Various kinds of loans lying unrealised.
7. Grant-in-aid to Anchal Panchyats for sinking of tubewells.
8. Delay in remittance of sale proceeds of tiles under the T.C.P Scheme.
9. Irregularity in payment of Small Irrigation loan.

Part III

10. Irregularities in the Bill Register.
11. Maintenance allowance of bulls.
12. Stock Account of Receipt Books not maintained.

Report on an inspection of the accounts of the Stage II Block, Harishchandrapur, district Malda, for the period from the 1st January 1959 to the 30th November 1961.

Part I

Preliminary.—A local test-audit of the accounts of the Block Development Officer, Stage II Block, Harishchandrapur district Malda, for the period from the 1st January 1959 to the 30th November 1961 was conducted between 16th December 1961 and 20th December 1961 by an inspection party of the office of the Accountant-General, West Bengal, headed by Inspecting Accountant Shri A. K. Mitra.

2. **Administration.**—The following officers held the office of the Block Development Officer, Harishchandrapur N.E.S. Block, during the periods noted against each :

(i) Shri R. N. Saha from 1st January 1959 to 6th October 1959 and from 3rd November 1959 to 1st July 1960.

(ii) Shri P. C. Banerjea from 7th October 1959 to 2nd November 1959 and from 6th October 1960 to 8th December 1960 and from 1st January 1961 to 7th January 1961.

(iii) Shri S. K. Bhadury from 2nd July 1960 to 30th September 1960 and from 8th January 1961 to 30th November 1961.

(iv) Shri M. Ghosh from 1st October 1960 to 5th October 1960 and from 9th December 1960 to 31st December 1960.

3. **Outstanding paras, of previous Inspection Report.**—No broadsheet reply to the previous Inspection Report for the period from 1st April 1957 to 1st December 1958 appeared to have been submitted to audit through the controlling authority. Immediate steps need be taken so that the same is furnished without any fruther delay.

Part II-A

Nil.

Part II-B

4. **Irregularities in the Cash Book.**—In course of scrutiny of the Cash Book with the Bill Register, the following irregularities were noticed:

(i) In many cases a statement of which is furnished in Appendix 'A' to this report the amounts drawn as per bill register were not found entered into the Cash Book. In reply it was stated that these were not entered into the Cash Book through inadvertence and steps would be taken in future to enter all the bills cashed from the treasury. As the Cash Book is the most important initial account record utmost care should be taken so that all monetary transactions are entered into it in terms of S.R.31(ii) of the West Bengal Treasury Rules, Volume I.

he matter is brought to notice.

(ii) An analysis showing the numbers and dates of bills or vouchers to which the closing balance related was not found recorded in the Cash Book at close of each day in the absence of which it was not possible for audit to ascertain whether there was any amount lying undisbursed for more than three months which is not permissible under S.R. 572(2) of the West Bengal Treasury Rules, Volume I. The said analysis should be worked out each day and recorded in the Cash Book.

(iii) In terms of S.R. 31(iii) of the West Bengal Treasury Rules, Volume I, the head of the office should verify the totalling of the Cash Book or have this done by some responsible subordinate other than the writer of the Cash Book and initial it as

correct but no such certificate of totalling of the Cash Book wa found recorded in it during the entire period covered by audit.

(iv) On 31st March, 1959 an amount of Rs. 500 drawn as per bi No. 185, dated March 1959, was found to have been recorde erroneously in the receipt side of the Cash Book as Rs. 80 whereas the disbursement against the same was recorded correctl in the payment side as Rs. 500. In reply to an audit query as t the discrepancy it was stated to be under scrutiny by the loca office. A further report is awaited in the matter.

5. **Utilisation certificates wanting.**—It was noticed that amounts o Rs. 13,268, Rs. 21,000 and Rs. 6,000 were disbursed as small irrigation loan during the years 1958-59, 1959-60 and 1960-61 respectively in support of which no utilisation certificates countersigned by the Block Development Officer in token of his verifying the utilisation of loans could be shown to audit up to the closing of audit. In reply it was stated that the utilisation certificate would be obtained from the parties concerned and would be countersigned by the B.D.O. after proper verification. A further report is awaited in the matter.

6. **Various kinds of loans lying unrealised.**—It is laid down in the bond executed by the loanees, inter alia, that all moneys due and payable or which shall become due and payable by the borrower to the Governor in respect of the said loan, interest, etc., shall be recoverable as a public demands under the Bengal Public Demands Recovery Act of 1913. It was however noticed that amounts advanced as loan as early as in 1957-58 remained unrealised in many cases till the close of audit. A statement showing the outstanding dues on account of various wings of loans is furnished in Appendix 'B' to this report from which it will appear that sums of Rs. 56,404 and Rs. 2,506.30 p. are still due for recovery as principal and interest respectively on 30th November 1961. No certificate cases appeared to have been field by the local office in any case particularly in respect of the old ones. In reply it was stated by the local offiice that since 1958-59 when the first instalment of loan had become due, the Block inter alia the persons to whom the loans were advanced were either found to have been suffering from flood or draught. As it would be extreme hardship for them and the very purpose for which loans were advanced would be frustrated, action under Public Demands Recovery Act was not taken However care would be taken for realisation of the loans with the very improvement of their financial position. Immediate steps need be taken for realisation of the outstanding loans and the progress thereof intimated to audit in due course. This is brought to notice.

7. **Grant-in-aid to Anchal Panchayats for sinking of tubewells.**—The Government of West Bengal in their Department of Health Memo. No. PH 931, dated 9th March, 1961, placed at the disposal of the B.D.O., Harischandrapur, a sum of Rs. 10,000 sinking of tubewells through the agency of Anchal Panchayats in terms of which the following amounts were paid as grants-in-aid to different Anchal Panchayats :

			Rs.
Tulsihata Anchal	...	...	... 2,500
Malior Anchal	...	...	... 2,500
Saltannagar Anchal	...	...	... 2,500
Kushida Anchal	...	...	... 2,500
		Total	... 10,000

It was laid down in the above Government order that the Panchayat would execute the works as per specification and subject to the supervision of the local officers of the Public Health Engineering Directorate while the estimate was found to have been checked and approved by the Asstt. Engineer, Rural Water Supply, Presidency Division, Public Health Engineering (Malda/West Dinajpur), no paper could be shown to audit which indicated that the works were executed under the suprvision of any officer of the Public Health Engineering Directorate as required under the Government order. The utilisation certificates however were furnished by the Pradhan of the Anchal Panchayats concerned. In reply to audit query as to how the B.D.O. was satisfied that the works were executed properly as per specifications and estimate approved by the Public Health Department it was stated by the local office that the Public Health Engineering Department had been referred to. A further report is awaited in the matter.

8. **Delay in remittance of sale proceeds of tiles under the T.C.P.C. Scheme.**—Rule 7 of the West Bengal Treasury Rules, Volume I, lays down that all moneys received on account of revenues of the State shall without undue delay be paid in full into the Treasury and shall be included in the Public Account. It was however noticed that the receipts in respect of the sale proceeds of the Tile centre since 1960 the inception of the T.C.P.C. till 31st October, 1961 amounted to Rs. 3,270.75 nP. out of which the following amounts were deposited in lump sum to Treasury after a long interval in contrary to the rule cited above leaving a balance of Rs. 217.49 nP. still to be deposited.

		Rs.
Challan No. 1, dated 13th February 1960	...	144.01 nP.
Challan No. 18, dated 31st March 1960	...	163.75 nP.
Challan No. 4, dated 27th November 1961	..	2,545.49 nP.
		3,053.26 nP.

In reply it was stated by the local office that delay in respect of the deposit of sale proceeds would be avoided in future. Immediate steps need be taken to deposit the sum of Rs. 217.49 into the Treasury under intimation to audit and it should be seen that provision of Treasury Rules are strictly adhered to in future.

9. **Irregularity in payment of small Irrigation Loan.**—Rule 4 of the Instruction regarding Small Irrigation Loan (Annexure to the Government of West Bengal, Agriculture, Animal Husbandry and Forests Department, No. 2581-Agri., dated 8th March 1958) laid down that the loan taken under the scheme whether by an individual or by a Co-operative Society would be repayable in not more than five annual instalments of the principal, the interest due on the date of repayment of each such instalment being paid simultaneously the first instalment falling due on the completion of one year from the date of advancing the loan. It was noticed from the case records that an amount of Rs. 1,000 was advanced as loan under the above scheme to one Shri Ranjit Sikdar during March, 1961. The bond executed for the loan was stated to be lying with the Sub-Registrar, Chanchal, and therefore could not be subjected to audit check. It appeared however from the report of the enquiring officer attached with the application that the amount of loan was to be repaid in eight equal annual instalments of Rs. 125 each

together with interest due instead of five instalments as stipulated in the Government order quoted above. In reply to audit query it was stated by the local office that the irregularity pointed out would be taken up with D.A.O., Malda, who was the competent authority to sanction the loan and further report would follow. Necessary action later in the matter should be shown to next audit.

PART III

10. **Irregularities in the Bill Register.**—An examination of the Bill Register revealed the following irregularities :

(i) The Bill Register had not been reviewed monthly by the officer-in-charge from 1st January 1959 to 31st July 1961 as required under note below S.R. 31(v) of the West Bengal Treasury Rules, Volume I.

(ii) In a large number of cases the initial of the drawing officer had not been recorded in the proper column prescribed for the purpose.

(iii) A bill amounting to Rs. 1,000 appeared to have been endorsed to a party in March, 1960 (vide Bill No. 504, dated 26th February 1960, T. V. 10, 1st March 1960) but neither the person to whom the bill was endorsed has been stated in the Bill Register nor it was authenticated by the drawing officer.

(iv) A few cancelled bills as per statement furnished in Appendix 'C' to this report could not be shown to audit. They may be kept on record for exhibition during the next audit.

The irregularities pointed out above may be avoided in future.

11. **Maintenance allowance of bulls.**—It appeared that a sum of Rs. 600 drawn as per bill No. 615, dated 11th March 1960, was disbursed among the bull keepers for the period from November, 1959 to March, 1960, as maintenance allowance of Government bulls but no certificate relating to the service given by the bulls and their condition of health to be furnished by the Veterinary Assistant Surgeon in the prescribed form could be shown to audit. The certificate in the prescribed from may be obtained in making payment of maintenance allowance of bulls in future.

12. **Stock Account of Receipt Books not maintained.**—It was noticed that no stock account of receipt books showing therein the particulars of receipt books received and issued to departmental officers was maintained by the office stock account of receipt books may be kept in future.

Sd.

Assistant Accounts Officer, West Bengal.

Dated 26th September, 1964.

Appendix 'A' [Vide para. 4(i)] of the Inspection Report

Statement showing instances in which the bills were not found entered in the Cash Book

Bill No.	Date.	Amount.
		Rs.
73	3-59	17·66
71	3-59	34·93
89	3-59	142·88
130	3-59	730·00
178	3-59	73·50
24	4-59	95·42
25	4-59	411·84
58	6-59	111·58
69	6-59	120·51
70	6-59	50·00
77	6 59	39·34
83	6-59	402·10
200	9-59	259·00
226	9-59	105·67
241	9-59	80·76
473	2-60	267·11
673	3 60	511·35
683	3-60	178·40
34	4-60	87·33

Appendix 'C' [Referred to in para. 10(iv)] of the Inspection Report

Statement showing the cancelled bills which could not be produced to audit for scrutiny.

Bill No.	Date.	Amount.
		Rs.
287	9·59	187·32
315	3-11-59	637·32
675	24-3-60	5,000·00
677	26-3-60	5,000·00
14	5-4-60	62·00
33	28-4-60	1,000·00
478	6-2-61	44·69
512	2	234·974

Appendix 'B' (Vide paragraph 6 of the Inspection Report)

Kind of loan.	Amount of Loan outstanding as on 1st January, 1959		Amount of loan advanced from 1st January 1959 to 30th November, 1961.		Amount of loan realised from 1st January, 1959 to 30th November, 1961.		Amount of loan due for recovery as on 30th November, 1961.	
	Principal.	Interest.	Principal.	Interest.	Principal.	Interest.	Principal.	Interest.
	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
Industries.								
(1) Loans under Rural Arts, Crafts and Industries.	14,825·00	60·00	..	..	5,862·00	805·10	8,963·00	448·05
(2) Bengal State Aid to Industries ..	..	..	9,000·00	..	1,200·00	175·00	1,300·00	35·25
Small Irrigation.								
(1) Small Irrigation	7,928·00	396·10	40,268·00	..	3,740·24	748·96	5,916·00	376·75
Reclamation.								
(1) Reclamation of Culturable Waste Land	8,683·00	435·00	49,485·00	..	6,360·22	1,448·04	9,000·00	482·25
(2) Loans to Gram Society	..	..	18,675·00	..	12,450·00	550·00	6,225·00	944·00
(3) Loans to Agricultural Marketing ..	10,000·00	..	20,000·00	..	5,000·00	2,656·25	25,000·00	..
							56,404·00	2,506·30

Adjournment motion

Mr. Chairman: Honourable members, I have received two notices of adjournment motions—one from Shrimati Ila Mittra on the hunger strike by secondary teachers, and the other from Shri Sanat Kumar Raha on the hunger strike by the secondary school teachers and D.V.C. employees. I have refused consent.

Shrimati Ila Mittra:

মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি একটা কথা বলবো—আপনি আমার মুলতবী প্রস্তাবকে নাকচ করে দিয়েছেন, একথা আমি নিজেই শুনলাম। তবুও এ সম্পর্কে আমি সভার সামনে এইটা শুধু বলতে চাই, আপনি যখন আলোচনা করতে দিচ্ছেন না, সেটা বলবো না, তবে এইটুকু জানাচ্ছি যে, গতকাল থেকে ওয়েলিংটন স্কোয়ার-এ মাধ্যমিক শিক্ষকরা অনশন ধর্মঘট সুরু করেছেন, তাঁদের মহার্ঘ ভাতার দাবীতে। গতকাল এই সম্পর্কে এই অ্যাসেম্বলীর সামনে বিরোধী পক্ষ থেকে বলা হয়েছিল এবং আমরা এইটা অনুরোধ করেছিলাম যে এই সম্পর্কে মুখ্যমন্ত্রী মহাশয় যেন একটা নির্দিষ্ট পদ্ধতি অবলম্বন করেন, যাতে শিক্ষকরা এই পথ অবলম্বন করতে বিরত থাকেন। কিন্তু আমরা এই ধরনের কোন আশ্বাস তাঁর কাছ থেকে পাই নি, শেষ পর্যন্ত তাঁরা কালকে বিকাল থেকে অনশন ধর্মঘট শুরু করেছেন। কাজেই আমি এদিকে মন্ত্রীসভার আবার দৃষ্টি আকর্ষণ করছি যে শিক্ষকরা এইভাবে অনাহারে থাকবেন? শিক্ষকদের সম্বন্ধে আপনারাই বলে থাকেন যে, তারা দেশ এবং জাতি গঠনের কাজ করছেন, সুতরাং, তাদের এই পথে ঠেলে দেবেন না এবং এই সম্পর্কে এখনও যদি কিছু কার্যকরী করতে পারেন, সেইটা করবার জন্য আমি মন্ত্রিসভাকে অনুরোধ করছি।

[Noise and interruptions.]

[Shri Sambhu Charan Ghosh rose to speak.]

Mr. Chairman: Please take your seat Mr. Ghosh, I have got to make an announcement.

Point of Order

Shri Sambhu Charan Chosh: Sir, I am on a point of order.

আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে - গতকাল যখন আমাদের এই হাউসের অন্যতম বিরোধী দলের নেতা শ্রীজ্যোতি বোস এখানেতে মাধ্যমিক শিক্ষকদের অনশন ধর্মঘটের কথা উল্লেখ করেন.....

Mr. Chairman: You are going to make a statement.

Shri Sambhu Charan Chosh:

আমাকে বলতে দিন।

Please listen to me.

যখন এই প্রসঙ্গ উঠেছিল এবং যখন বলা হয়েছিল যে বাংলাদেশের মাধ্যমিক শিক্ষকরা আজকে অনশন ধর্মঘটের পথে নামছেন, এই সম্পর্কে সরকারের পক্ষ থেকে কোন বক্তব্য আছে কিনা, আমরা জানতে চাই, তখন এই হাউসের সামনে মাননীয় মন্ত্রী শ্রীজগন্নাথ কোলে আমাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, আজকে তিনি হাউসে এ সম্বন্ধে একটা বিবৃতি দেবেন। আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই, যে আমাদের কাছে যে সার্কুলার দেওয়া হয়েছে, তাতে দেখা যাচ্ছে যে, শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ের নামে যে কলিং অ্যাটেনশন আছে, তার উত্তর দুই তারিখে দেবার কথা, কিন্তু আমরা জানলাম যে দুই তারিখে হাউস বন্ধ হয়ে যাচ্ছে। দুই তারিখে হাউস বন্ধ হয়ে যাবে। কাজেই এই সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে মাননীয় মন্ত্রী যেকথা এখানে বলেছেন.....

Mr. Chairman: The statement will be made to morrow.

[Noise and interruptions.]

The Hon'ble Jagannath Kolay:

চেয়ারম্যান মহোদয়, কালকে জ্যোতিবাবু যখন বিকালে বলেছিলেন, আমি বলেছিলাম আজকে দেবো, এটা সত্যি এবং আমি কালকেই মন্ত্রীমহোদয়কে বলে দিয়েছিলাম যে ডিপার্টমেন্ট থেকে একটা স্টেটমেন্ট দিতে। কিন্তু কলিং অ্যাটেনশন যেটা দেওয়া হয়েছে তাতে করে কতকগুলি ফিগার-এর দরকার। সেইজন্যই মন্ত্রিমহাশয় সেই ফিগারগুলি কালেক্ট করছেন এবং তিনি কালকে সকালে এ বিষয় একটা বিস্তারিত স্টেটমেন্ট দেবেন।

[হট্টগোল।]

উনি একটা স্টেটমেন্ট করলেই কি হাঙ্গার স্ট্রাইক অফ হয়ে যাবে? এটা কি বলছেন?

Shri Sambhu Charan Ghosh:

শুনুন, আমরা মন্ত্রিমহোদয়ের কাছ থেকে স্টেটমেন্ট চাই না, আমরা আশ্বাস চাই। আমরা কোন ফর্মাল স্টেটমেন্ট চাই না। এখানে শিক্ষামন্ত্রী উপস্থিত আছেন, তিনি আমাদের আশ্বাস দেন যে, আজকে শিক্ষকরা পথে বসে অনশন করছে, আজকে না হলে কালকে হবে এইভাবে আমরা কালহরণ করতে দেবো না। সেইজন্য আমরা বলছি যে, আজকে তাঁর স্টেটমেন্ট-এর দরকার নেই, তিনি এখানে দাঁড়িয়ে আশ্বাস দেন যে সমস্ত জিনিসটা আমি অল্প দিনের মধ্যে, ১০-১৫ দিনের মধ্যে বিবেচনা করবো। যেখানে ৫ টাকা ১০ টাকার প্রশ্নতে বাংলাদেশের শিক্ষক সমাজ অনশনের পথে নেমেছে, আর সেইখানে আপনারা আজ না হলে কাল এইভাবে কালহরণ করছেন। কাজেই আমি আপনাকে অনুরোধ করবো যে আপনি শিক্ষামন্ত্রীকে বলুন যে, আজকে এখানে যাতে তিনি একটা আশ্বাস দেন।

Shrimati Ila Mittra:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আর একটা বিষয়ে বলতে চাই যে, এদিকে যেমন একটা আশ্বাসও আমরা চাচ্ছি, সঙ্গে সঙ্গে যে শিক্ষকরা অনশন করে আছেন, আমি আশা করবো যে, তাঁরা শিক্ষায়-দীক্ষায়, জ্ঞানে এখানে যাঁরা মন্ত্রীসভায় আছেন তাঁদের থেকে কোন অংশে কম নয়, কাজেই সেই শিক্ষকরা যে অনশন করে আছেন তাঁদের কাছে গিয়ে অন্তত একবার দেখা করে আসুন এবং তাঁদের কিছু আশ্বাসের কথা, কিছু ভরসার কথা দিয়ে আসুন এই অনুরোধ করবো।

Shri Sudhir Chandra Das:

চেয়ারম্যান, স্যার, এখানে সৌরেনবাবু নিজেই উপস্থিত আছেন তিনি যে জিনিসটাকে কেন গ্রহণ করছেন না এবং শিক্ষামন্ত্রী যে কেন আসছেন না বুঝতে পারছি না। জিনিসটা হস্তক্ষেপ করবার কথা যখন দিয়েছেন জগন্নাথবাবু এবং এটাকে এত ডিলে করে মানুষের জীবনকে বিপন্ন করে, শিক্ষকদের, এটা যে কি রীতি তা আমরা বুঝতেই পারছি না। এখানে কোন নীতিতে চলেছেন সরকার। আমি আবেদন করছি যে এখনই স্টেটমেন্ট দিয়ে এর বিরতি ঘটান হোক। আপনাদের গেসচার-এর উপর অনেক কিছু নির্ভর করছে। সরকার যদি এমন মনোভাব দেখান যে, তাঁদের মীমাংসা হয়ে যেতে পারে হয়ত। সুতরাং সরকার পক্ষ থেকে অগ্রসর হয়ে আসুন এবং তাঁদের জীবনকে বাঁচানর জন্য তাঁদের মনোভাবটা আগে প্রকাশ করুন।

Shri Bijoy Kumar Banerjee:

মিঃ চেয়ারম্যান স্যার, আমার নামেতে একটা কলিং অ্যাটেনশন ছিল। এটাতে দেখছি অন্তত যা বললেন বক্তব্য, এগুলি আমাদের হরতালের বিশদ বিবরণ দিয়ে, ২৫এ হরতাল হয়েছে, মাঝে রবিবার গিয়েছে, এক্ষণি মন্ত্রিমহাশয় সমস্ত জুট মিল, কোথায় কি হয়েছে, কত পার্সেন্ট হয়েছে সমস্ত তথ্য ভালভাবে দিয়ে দিলেন। কিন্তু আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে, এইখানে এতগুলি লোক, তাঁরা ভদ্র শিক্ষক ও শিক্ষিকা, যাঁরা দেশের ভবিষ্যত গড়বে ছেলেদের নিয়ে তাঁরা আজকে হাঙ্গার স্ট্রাইক করছেন আর উনি কি এমন কাজে ব্যস্ত যে এটা এক্ষুণি দিতে পারেন না? হাঙ্গার স্ট্রাইক যদি এতে বন্ধ হয় আমাদের চেষ্টা করতে হবে, বন্ধ হয় ত ভাল কথা। কিন্তু উনি বললেন যে, আজ হবে না, কালকে হবে? আজকে কেন হবে না? আজকে এই স্টেটমেন্ট

দিলেন সমস্ত বাংলাদেশের ইন্ডাস্ট্রিয়াল কনসার্ন থেকে আরম্ভ করে পার্সেন্টেজ কত হয় তাহলে আমি দাবী করছি মানুষের জন্য অন্তত এইটুকু যদি ওরা না করেন—এক্ষনি না হয় তথা বাদ দিয়ে দিন, বলুন কি করতে চান, কি ওঁদের মনোভাব। আমরা এইসব কথা নিয়ে তাঁদের বুঝিয়ে বলি, হয়ত হাঙ্গার স্ট্রাইক নাও হতে পারে। এইগুলি ত চেষ্টা করতে হবে, এইরকম করলে কি করে হবে? আমি, স্যার, নিবেদন করছি আপনার কাছে যে এইগুলি একটু ভাল করে দেখতে বলি। অবশ্য সংখ্যাগরিষ্ঠতা তো আছেই, নীল লাল আলোত আছেই কিন্তু দেখলে দোষটা কি।

2-10—2-20 p.m.]

মিঃ চেয়ারম্যানঃ মিনিস্টার বলেছেন কালকে স্টেটমেন্ট দেবেন।

শ্রীবিজয়কুমার ব্যানার্জীঃ আমরা আজকেই চাই। মিনিস্টার বললে আমরা শুনব না, কেন আজকে দেবেন না?

দি অনারেবল জগন্নাথ কোলেঃ আপনি একটু ভুল করছেন। এই যে কলিং অ্যাটেনসন দেওয়া হয়েছে তাতে আমরা শুক্রবার ডেট দিয়েছিলাম এবং তখন লিডার অফ দি অপজিসন বললেন যে, শুক্রবার তো হাউস হচ্ছে না। তখন আমরা ভাবলাম বৃহস্পতিবার যখন হাউস শেষ হচ্ছে তখন এর মধ্যে দেওয়া যায় কিনা। কালকে বিকেলে যখন কথা ওঠে—জ্যোতিবাবু বললেন তখন আমি বললাম কালকে দেবার চেষ্টা করছি এবং সেকথা আমি মন্ত্রিমহাশয়কে বলেছি। আমরা কালকেই বলে দিতে পারতাম যে, বৃহস্পতিবার দেব, কিন্তু যে কলিং অ্যাটেনসন দেওয়া হয়েছে তার উত্তর দিতে গেলে কতগুলি ইনফর্মেসন নেওয়া দরকার। কাজেই আমি এসেই লিডার অফ দি অপজিসনকে ইনফর্ম করেছি যে আমাদের স্টেটমেন্ট তৈরী হয় নি—কালকে সকালে স্টেটমেন্ট দেব। সুতরাং কালকে যখন হাউস হচ্ছে তখন আপনারা একটু ওয়েট করুন। শুক্রবার যখন হাউস হচ্ছে না, তখন আমরা বৃহস্পতিবার স্টেটমেন্ট দেবার চেষ্টা করছি এবং দেব—আমরা অ্যাভয়েড করছি না।

শ্রীননী ভট্টাচার্যঃ মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি অ্যাডজোর্নমেন্ট মোশন বাতিল করেছেন। কাল স্টেটমেন্ট দিন, ফর্মাল স্টেটমেন্ট দিন, কিন্তু আজকে হাউসে একটা অ্যাসুরেন্স চাই। শিক্ষামন্ত্রী এখানে যখন নেই, তখন তাঁকে হয় খবর দিন অথবা শিক্ষার রাষ্ট্রমন্ত্রী যখন এখানে আছেন তখন তিনি একটা অ্যাসুরেন্স আমাদের দিন। ব্যাপারটা হচ্ছে বাংলাদেশের শিক্ষাব্রতীরা অনসন করছেন এটা একটা অভাবনীয় ঘটনা। তাঁরা ৭ দিনের জন্য অনসন করবেন এরকম কথা জানিয়েছেন এবং সেটা সুরু হয়েছে—আমরা তা বুঝতে পারি নি। এটা আমাদের পক্ষে, ওঁদের পক্ষে এবং বাংলাদেশের সকলের পক্ষেই লজ্জার ব্যাপার। অতএব তাঁদের অবস্থার দিকে তাকিয়ে এখানে যাঁরা আছেন তাঁদের কাছে অনুরোধ করছি শিক্ষামন্ত্রীকে খবর দিন এবং তিনি এসে আমাদের আশ্বাস দিন। কালকের যে স্টেটমেন্ট দেবেন দিন, কিন্তু আজকে একটা আশ্বাস দিন যে তাঁদের দাবীর প্রতি সুবিচার করা হচ্ছে। আপনার মাধ্যমে একথা বললাম এবং আশা করি আপনি তাঁদের বলবেন।

শ্রীমতী ইলা মিত্রঃ স্যার, জগন্নাথবাবু বললেন একটি দিন অপেক্ষা করতে পারলেন না। অন্য জিনিস হলে আমরা ৩ দিনও অপেক্ষা করতে পারতাম। কিন্তু এই হাঙ্গার স্ট্রাইকের নোটিশ অনেক দিন আগে দেওয়া হয়েছে, কালকে বলা হয়েছে এবং সেইজন্যই আজকে জিজ্ঞাসা করছি। এখানে যখন ওঁদের না খাওয়ার প্রশ্ন জড়িয়ে রয়েছে তখন আর এক মুহূর্তও অপেক্ষা করা যায় না। কাজেই আমি আশা করি মন্ত্রীসভা এ সম্পর্কে বিবেচনা করে হাউসেই একটা আশ্বাস দেবেন।

শ্রীবলাই লাল দাস মহাপাত্রঃ স্যার, জগন্নাথবাবু বললেন আর একদিন অপেক্ষা করুন। কিন্তু যেদিন তাঁরা কর্মবিরতি করেছিলেন সেদিন আমরা দৃষ্টি আকর্ষণ করে জানিয়েছিলাম যে, তাঁরা অনসন করতে যাচ্ছেন। কাজেই মনে করি যথেষ্ট সময় দেওয়া হয়েছে। আপনারা বলছেন তথ্যের জন্য দেরী করছেন—এর কোন অর্থ হয় না। আপনারা তথ্য সংগ্রহ করতে পারেন কিন্তু একবার ভেবে দেখুন তাঁরা অনসনের পথে বাধ্য হয়ে গেছেন। কাজেই আপনারা

বলুন কিভাবে এই সমস্যার সমাধান করতে চান—এর জন্য তথ্যের দরকার হয় না। কত টাকা দেবেন, কিভাবে দেবেন সেটা বলুন। আমি বুঝতে পারছি না তাঁরা যখন ভাববার জন্য যথেষ্ট সময় পেয়েছেন তখন আবার সময় নিচ্ছেন কেন? তাই শিক্ষামন্ত্রীকে বলছি শিক্ষকরা আজ যখন বিপন্ন, তাঁদের যখন জীবন হানি হতে চলেছে, তাঁরা যখন বিপদের দিকে এগুচ্ছে, তখন তিনি কিছু বলুন।

সারা বাংলাদেশ এই অবস্থায় উদ্বিগ্ন হয়ে আছে, যাদের উপর সমাজ সৃষ্টির দায়িত্ব দিয়েছেন, তারা বিপদের পথে এগিয়ে যাবে আর মিনিস্টাররা বসে বসে দেখবেন, তাঁরা তথ্য সংগ্রহ করবেন, এটা আমরা বিশ্বাস করতে পারি না। সেজন্য আমি আবেদন করছি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে, শিক্ষকদের সমস্যা সমাধান যাতে হয়, ধর্মঘট যাতে আজকেই শেষ হয়ে যায় সেই ব্যবস্থা যেন তিনি করেন।

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি একটা বিষয় জানাতে চাই। মাননীয় জগন্নাথ কোলে মহাশয় যে কথা বললেন তা মানতে রাজী ছিলাম, আপনার মাধ্যমে এটুকু বলতে চাই, আমরা এদের সদিচ্ছা সম্বন্ধে সব সময় আশঙ্কা প্রকাশ করে থাকি, তার কারণ হচ্ছে এই, এর আগেও একথা বলা হয়েছে, ওঁরা জানতেন যে, সেকেন্ড অক্টোবর হাউস থাকবে না, যদি বোনাফাইডি ইনটেনশন কিছুটাও থাকত তা হলে কি করে এই প্রোগ্রামটা ছাপালেন যে, সেকেন্ড অক্টোবর স্টেটমেন্ট দেবেন, আমরা তো কমপ্লিটলি ডিপ্রাইভড হব এটা আলোচনা করতে। সেজন্য দেখতে পাচ্ছি ওদের সদিচ্ছা বিন্দুমাত্র নেই। মাননীয় জগন্নাথবাবুর যদি সদিচ্ছা থাকত তাহলে আজকেই তিনি স্টেটমেন্ট করতে পারতেন, স্ট্যাটিসটিকস নিয়ে কোন প্রশ্ন নয়।

Mr. Chairman: Mr. Maitra, what the bulletin shows and what the Minister has said subsequently is that his attention has been drawn to the fact that on the 2nd October no meeting will be held and therefore he will try to make the statement either. Therefore this does not mean that it is mala fide.

শ্রীকাশীকান্ত মৈত্র: আমার বক্তব্য হচ্ছে, তাঁদের যদি সদিচ্ছা থাকত এইরকম একটা জিনিস ছাপতেন না সেজন্য আশঙ্কা প্রকাশ করছি এবং তার যথেষ্ট কারণও আছে, মাননীয় সৌরেনবাবু অনেক সময় অনেক জটিল প্রশ্নের উত্তর দিতে পারেন, এতগুলি সদস্য যেখানে প্রশ্ন করছেন সেখানে তিনি কেন জগন্নাথবাবুর পেছনে সেলটার নিয়ে বসে থাকলেন? এ একটা অদ্ভুত ব্যাপার, এর একটা উত্তর দিতে পারলেন না?

Mr. Chairman: Government is anxious to end the deadlock. What the Minister said is that the honourable member should kindly rely on him.

Shri Cirija Bhusan Mukherjee: Please tell us the way in which they are going to solve the problem.

Calling Attention to matters of urgent public importance

Mr. Chairman: I have received five Notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Police atrocities on the strikers before the sub-registry office at Tufanganj on the 25th September, 1964—by Shri Jiban Krishna Dey;

(2) Non-availability of medicine in Kharagpur Health Unit and shortage of X-Ray films in Sadar Hospital, Midnapore—by Shri Narayan Choubey;

(3) Scarcity of wheat and wheat products in West Bengal, specially Midnapore—by Shri Narayan Choubey;

(4) Hunger-strike by secondary school teachers—by Shri Sanat Kumar Raha; and

(5) Hunger-strike of Secondary Education Board and DVC employees —by Shri Sanat Kumar Raha.

I have selected the notice by Shri Narayan Choubey on the subject of scarcity of wheat and wheat products in West Bengal, specially Midnapore. The Hon'ble Minister-in-charge will please make a statement today, if possible, or give a date for the same.

The Hon'ble Smarajit Bandyopadhyay: To-morrow

Demanding statement regarding inreased supply of drinking water for Behala

শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়ঃ আমি একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গত বৃহস্পতিবার দিন যখন আমি দমদমে আটক ছিলাম, আমার একটা প্রশ্ন ছিল, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়া সেই সময় নাকি বলেছেন, কাগজে যা পড়ে দেখলাম, একটু বেরিয়েছিল কাগজে, বেহালায় জল সরবরাহ সম্বন্ধে একটা প্রশ্ন ছিল, সেই সময় তিনি জানিয়েছিলেন যে, প্রথম পরিকল্পনা শেষ হলে ১ লক্ষ ৭৫ হাজার লোক তাতে উপকৃত হবে এবং প্রত্যেকে মাথা-পিছু, ২০ গ্যালন করে জল পাবে। তার মধ্যে যেটা ছিল, কাগজে যেটা বেরিয়েছে, তা থেকে দেখলাম—আমার কাছে সেখানকার ইন্দ্রনাথ মুখোপাধ্যায়, যিনি চেয়ারম্যান অফ দি মিউনিসিপ্যালিটি, যাঁর সঙ্গে বসে এই সমস্ত ব্যাপার হচ্ছে, তাঁর ডিটেলস আমি জানি, তাঁর স্টেটমেন্ট কাগজে দেবার জন্য তিনি দিয়েছেন এবং তার কপি আমার কাছে আছে। তাতে তিনি বলেছেন এই ফেজ্‌ড শেষ হলে ৯·২৪ লক্ষ গ্যালন হবে, যেটা ও'র হিসাবমত হয়েছে ৩৫ লক্ষ গ্যালন জল সরবরাহ হবে। আসলে যেটা হবে সেটা হল ৯·২৪ লক্ষ গ্যালন এই হচ্ছে পরিস্থিতি। বেহালায় পপুলেশন মাত্র ২ লক্ষ। এর জন্য তারা বহুদিন থেকে দাবি রেখেছে এবং এটা হলে ১ লক্ষ ৭ হাজার মানুষ জল পাবে এবং এটা মাত্র ১২ মাইল লম্বা রাস্তা কাজেই স্টেটমেন্ট দেওয়ার সময় কেয়ারফুলি স্টেটমেন্ট দেওয়া প্রয়োজন।

[2-20—2-30 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay:

আজকে এখানে যে বিষয় বলা হচ্ছে এই বিষয়ে আগে আমাকে কোন নোটিস দেওয়া হয় নি, তাহলেও আমি যেটা বলেছি—এই ফাইলে যা আছে তিনি দেখতে পারেন, তিনি যদি চান সমস্ত ফাইল তাঁকে ছেড়ে দিতে রাজী আছি। আর এটা শুধু স্টেট গভর্নমেন্টই করেন না, বেহালা মিউনিসিপ্যালিটিও এতে অ্যাসোসিয়েটেড। আমাদের স্টেটমেন্টএ কোন ভুল থাকতে পারে না এই বিষয়ে আমি সুনিশ্চিত। আপনি যদি অ্যালাউ করেন, তিনি এসে ফাইল দেখতে পারেন।

Shri Rabindra Nath Mukhopadhyay:

এটা শুধু আজকের ব্যাপার নয়, প্রত্যেকবার হাওড়া স্টেশনে এই নিয়ে খুব গোলমাল হয়। আমি শুধু আপনার মাধ্যমে এই বিষয়ে মন্ত্রিমহাশয়ার দৃষ্টি আকর্ষণ করতে চাই। ঐ রকম একটা বিজনেস বেশ কিছুদিন ধরে হাওড়া স্টেশনে চলছে এবং এর সঙ্গে পুলিসও জড়িত। সেজন্য আমি এটা এখানে বলে মন্ত্রিমহাশয়ার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

Shri Ganesh Ghosh:

আমি একটা বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। কলকাতার মিষ্টি দোকান-গুলিতে ময়দা দেওয়া হচ্ছে না, খুব কম দেওয়া হচ্ছে। এর সুযোগ নিয়ে কলিকাতায় বিশেষ করে বড়বাজারে অনেক কর্মচারী ছাঁটাই করে দিচ্ছে। লেবার মিনিস্টার এখানে নেই, যাই হোক ওঁদের তো কালেক্টিভ রেসপনসিবিলিটি, আমি অনুরোধ জানিয়ে রাখলাম ছাঁটাই যেন বন্ধ হয়।

Message

Secretary: (Shri P. Roy): I beg to report that a message has been received from the West Bengal Legislative Council to the effect that the Council at its meeting held on the 28th September, 1964, agreed to the Police (West Bengal Amendment) Bill, 1964, without any amendment.

I beg to lay the message on the table.

Point of Privilege

Shri Nani Bhattacharjee:

স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, এই কয়দিন ধরে হাউসে এমন কতগুলি গুরুত্বপূর্ণ বিষয় আলোচিত হচ্ছে যার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের এখানে উপস্থিতি একান্ত দরকার। বিশেষ করে এইসব বিষয় মুখ্যমন্ত্রীর দপ্তর সংক্রান্ত। তাই আমি মনে করি এই বিষয়গুলির আলোচনার সময় মুখ্যমন্ত্রীর অনুপস্থিতির মধ্যে দিয়ে হাউসের সদস্যদের যে অধিকার আছে তা হরণ করা হচ্ছে।

এবং সঙ্গে সঙ্গে এই হাউসের মর্যাদা এবং আপনার মর্যাদা বা আপনার চেয়ারের মর্যাদা তিনি হরণ করেছেন, নষ্ট করেছেন। সুতরাং আমি মনে করি এটা প্রিভিলেজের অন্তর্ভুক্ত, আপনি এটা বিবেচনা করবেন।

Shri Bejoy Kumar Banerjee :

স্যার, আজকের কাগজে দেখলাম সদাচার সমিতি হয়েছে, সদাচার সমিতি কোথায় এখানে কি হল সেটা সম্বন্ধে আমরা কিছু জানতে পারলাম না। অনেক সব লোকে আমাদের জিজ্ঞাসা করছেন আমরা তো কিছুই জানি না এই ব্যাপারটা। এটা অফিসিয়াল হল কি নন-অফিসিয়াল হল গভর্নমেন্ট লেভেলে হল কি হল আমরা জানতে পারলাম না। এর আগে এখানে শুনেছিলাম যে সদাচার সমিতি এটা গভর্নমেন্টের সঙ্গে কিছু নেই এটা নন্দজী নিজে কি করছেন জানি না। তাকায়ে দেখলাম নন্দজী আরো যাঁরা বলেছিলেন তাঁরা সবাই গভর্নমেন্টের রাইটার্স বিল্ডিংসের রোটান্ডায় গেলেন সেখানে সভা-টভা সব হল। কারা তাঁদের নিমন্ত্রণ করেছিলেন কে সভা করলেন এগুলি আমরা বিধানসভায় আছি আমরা যদি না জানি তো কি করে হবে কাগজে ওঁরা দয়া করে ছাপান বলে একটু-আধটু খবর পায় যা হচ্ছে এটা খুব দুঃখের বিষয় হাউস বন্ধ হয়ে যাবে। সদাচার সমিতি এতবড় গুরুত্বপূর্ণ জিনিস হল—আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় উনি তো কোন পক্ষ বিশেষের মন্ত্রী নন। উনি দেশের মন্ত্রী কিন্তু দেশের মানুষ আমরা কেউ টের পাচ্ছি না যে কোথায় কি হচ্ছে। দয়া করে উনি আমাদের এ সম্বন্ধে কিছু জানান বা বলে দিন যে ব্যাপারটা কি কারা কি হল? সেদিনে উনি বললেন ওটা ভুল করে ভেবেছিলেন মাননীয় মন্ত্রিমহাশয়ের চিঠি এখন আমরা দেখছি তা নয় এটা ব্যক্তিগত ব্যাপার তা যদি ব্যক্তিগত হয় তাহলে কোটা চাওয়া হল কেন এখানে গেলেন কি করে? আবার যাঁর যাঁরা গিয়েছিলেন সব চিহ্নিত লোকগুলি। দেশের মানুষ জানতে পারলেন না। নিরপেক্ষ বড় ভাল ভাল লোক রয়েছেন তাঁরা টের পেলেন না। বিধানসভায়ও যদি আমরা এসব জানতে না পারি তারপর মুখ্যমন্ত্রীও অনুপস্থিত তো এই বিধানসভা বন্ধ করা উচিত। এখানে এসে লাভ কি? এটা আমি তুললাম।

Shri Kamal Kanti Guha:

স্যার আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ের প্রতি সেটা হচ্ছে আজকে আমি একটা চিঠি পেলাম আমাদের কোচবিহার জেলার ফরোয়ার্ড ব্লকের সাধারণ সম্পাদক দীপক সেনগুপ্ত আমাকে চিঠি দিয়েছেন যে ২৪এ তারিখে সেখানে আমাদের লয়ারহাট আঞ্চলিক ফরোয়ার্ড ব্লকের সাধারণ সম্পাদক হুবিবুর রহমানকে গ্রেপ্তার করা হয় এবং তাঁকে পুলিসে প্রচণ্ড মার ধোর করে, তার জন্য তাঁকে হাসপাতালে থাকতে হয়। আমরা দেখেছি পুলিস এই ধরনের অত্যাচার আজকে সুরু করেছে কোচবিহার জেলায় এবং সেখানে ৩৪ জন জেলে আছেন ডিভিশন পান নি, তাঁরা অনশন সুরু করেছেন গত দুদিন ধরে। আমি আপনার মারফৎ

্যাবিনেটের কাছে অনুরোধ করছি এঁরা যাতে ডিভিসন পেয়ে যান এবং যেসব পুলিস এঁদের বাধার সৃষ্টি করেছেন অন্যায়ভাবে, সেসব পুলিসের বিরুদ্ধে যাতে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হয়।

Shri Kanai Pal:

মঃ চেয়ারম্যান, স্যার, আমি একটা বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পরশুদিন বেলা ১২টা সোয়া ১২টার সময় লরী নং ডবলিউ জি ১৮৪৬ হাল্দিপুরের উপর দিয়ে যখন কালনায় যাচ্ছিল, তখন চারটা দিনমজুর তারা কাজ করে এসে রাস্তার পাশে জল খেতে বসেছিল, তাদের ধাক্কা দিয়ে আহত করে, একজন সঙ্গে সঙ্গে মারা গেছে, একজন কালকে হাসপাতালে মারা গেছে এবং দুজনের অবস্থা অত্যন্ত সঙ্গীন। যারা মারা গেল তারা তো গেলই, যারা হাসপাতালে পড়ে রয়েছে তারাও অত্যন্ত দরিদ্র পরিবার, তারা অনাহারে রয়েছে, এখনও কোন ব্যবস্থা হয় নি কোনদিক থেকে। আমি সমগ্র বিষয়টার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং এর একটা প্রতিকার দাবি করছি। সঙ্গে সঙ্গে আমি আর একটা গুরুত্বপূর্ণ বিষয় জানাচ্ছি যে বিভিন্ন সরকারী যক্ষ্মা হাসপাতাল, শতাধিক পজিটিভ রোগী যারা মুখ দিয়ে রক্তবমন করছে

Mr. Chairman:

আপনি এসব কথা এখন তুলছেন কেন?

Shri Kanai Pal:

বলা হচ্ছে যে, একটা এস্টিমেট কমিটির চেয়ে একটা মিটিং করে এ সম্পর্কে এনকোয়ারি করবার কথা ছিল, আমি স্পীকার মহাশয়কে বারবার চিঠি দিয়েছি কিন্তু এখনও পর্যন্ত কিছু জানতে পারছি না। এস্টিমেট কমিটির প্রেসিডেন্ট কোন কিছু জানেন না এবং জানেন না বলে তিনি কিছুই করতে পারছেন না। আমি এ বিষয়ে উভয় পক্ষের লোকদের জানিয়েছি, আজকে যারা পজিটিভ রোগী, যারা রক্ত বমন করছে, তাদের অবস্থা অত্যন্ত সঙ্গীন, তাদের জোর করে বের করে দেওয়ার চেষ্টা হচ্ছে। সেই ক্ষেত্রে যাতে তাড়াতাড়ি এ বিষয় এস্টিমেট কমিটি একটা এনকোয়ারী করেন এবং এর প্রকৃত অবস্থাটা জানা যায়, তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কারণ, সামনেই পূজার ছুটি, পূজার ছুটিতে আমরা সকলে আনন্দ করবো, আর তার পরেই এই সমস্ত অসুস্থ রোগীদের ঘাড় ধরে বের করে দেওয়া হবে, এটা মোটেই বাঞ্ছনীয় নয়। সুতরাং এটা যাতে না হয়, তার জন্য আমি নিবেদন জানাচ্ছি।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমি যেটা বললাম, সেটা আমাদের একটা অধিকারগত প্রশ্ন। আপনি কি মনে করেন না, যে এখানে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হল চীফ মিনিস্টারের অনুপস্থিতিতে, তাঁর এ সম্বন্ধে একটা জবাব দেওয়া উচিত। এর জবাব কি তিনি এখানে এসে দেবেন না? কালকেও হয়ত তাঁকে এখানে আমরা দেখতে পাব না।

Mr. Chairman: The Chief Minister is unable to come. Does it constitute question of privilege?

The Hon'ble Khagedra Nath Das Gupta:

মঃ স্পীকার, স্যার, এখানকার সব খবর চীফ মিনিস্টার সঙ্গে সঙ্গে পান, কিম্বা ওঁরা কলিং অ্যাটেনশনএর নোটিস দিলে আমরা সঙ্গে সঙ্গে তার স্টেটমেন্ট দিই। কিন্তু এখানে কোন রটেন কোশ্চেন নেই, কোন কলিং অ্যাটেনশনএর নোটিস নেই। সুতরাং মাননীয় সদস্যরা যা কিছু প্রশ্ন করবেন, আর সঙ্গে সঙ্গে তার উত্তর দিতে হবে, এ সম্ভব ন্ন।

Shri Nani Bhattacharjee:

যা কিছু প্রশ্ন নিশ্চয়ই করা হয় নি। কতকগুলি বিষয়ে প্রাসঙ্গিক প্রশ্ন করা হয়েছিল। কয়দিন ধরে, হরতালের আগে থেকে আরম্ভ করে এবং পরেও এবং বিশেষ করে পুলিস সংক্রান্ত বহুরকম প্রশ্ন উঠেছে ও সেগুলো নিয়ে এখানে আলোচনা হয়েছে। সুতরাং সে যা কিছু প্রশ্নের মধ্যে নিশ্চয় পড়ে না। সেখানে এমন বহু প্রশ্ন ছিল, যেগুলোর উত্তর চীফ মিনিস্টারের উচিত বলে আমি মনে করি। এবং হাউসের সকল মেম্বারের সে বিষয় উচিত। অথচ তিনি একবার এখানে এসে কিছু বললেন না। এই কয়দিন থেকে তিনি এ অনুপস্থিত থাকলেন কেন তা আমরা বুঝতে পারছি না। এইভাবে যদি হাউস চলে, এটাও যদি অধিকারগত প্রশ্ন না হয়, তাহলে কি যে অধিকারগত প্রশ্ন এবং কেনই বা হাউস চলছে, এটা বুঝে ওঠা খুব কঠিন হচ্ছে।

Shri Ganesh Ghosh:

মিঃ চেয়ারম্যান, স্যার, ওদিক থেকে খগেনবাবু যে কথা বললেন, তা অত্যন্ত আপত্তিজনক ব ননীবাবু খুব রেলেভ্যান্ট প্রশ্ন তুলেছেন। আজ কয়েকদিন ধরে সারা বাংলাদেশে যে বি হয়ে গেল সে সম্বন্ধে সমস্ত পার্টি থেকে সকলেই অনেকগুলো খুব রেলেভ্যান্ট প্রশ্ন তুলে —কেন হরতাল হল? হরতাল যখন হল, তখন কেন অন্যায়ভাবে বিভিন্ন জায়গায় প্রায় হাজার, দু হাজার মানুষকে গ্রেপ্তার করা হল? এবং তাদের প্রতি পুলিস যেভাবে ব করেছে, তা অত্যন্ত আপত্তিজনক। এমন কি বহু কংগ্রেস সদস্যবৃন্দও সে বিষয়ে বি প্রকাশ করেছেন, যদিও সেটা অলক্ষ্যে, যে জেলের ভিতর তাদের প্রতি যেরকম ব্যবহার হয়েছে, সেটা অত্যন্ত আপত্তিকর। এগুলো কি বিভিন্ন লোকের যা তা অভিযোগ, যে ওদিক থেকে খগেনবাবু বললেন? আমাদের পক্ষ থেকে দাবি করা হয়েছে যে, মুখ্যমন্ত্রী মহ এখানে একবার এসে সে সম্বন্ধে জবাব দিন। তিনি আমাদের কাছে একটা স্টেটমেন্ট ব যে, কি কারণে হরতাল হল এবং সে কারণগুলো দূর করবার জন্য মন্ত্রিসভা কি কি ব অবলম্বন করেছেন? চালের দাম কমানোর জন্য, সরষের তেল যাতে পাওয়া যায় এবং সর্বে ভেজাল বন্ধ করবার জন্য তিনি কি ব্যবস্থা অবলম্বন করেছেন, এগুলি আমরা তাঁর কাছ জানতে চাই। অথচ মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আসছেন না, জিদ করে। আর আপনি এ চেয়ারে বসে আছেন, আপনি তাঁকে এখানে আনতে পারছেন না। এগুলো কি বিভিন্ন লো যা তা প্রশ্ন? এগুলো কি কলিং অ্যাটেনশনএর বিষয় নয়? সারা বাংলাদেশের লো গণতান্ত্রিক অধিকারকে মন্ত্রিসভা এইভাবে পায়ে দলে চলে যাবেন, এর কোন জবাব হবে এইটা কি আপনি চান? মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি চেয়ারে বসে শুধু এই কথাই গেলেন, আর আপনি বলছেন লেজিসলেশন হবে? আপনি বলুন আমি তাকে ডেকে পাঠি তিনি আসবেন কিম্বা বলুন—তাঁকে ডেকে পাঠাবার জন্য আমি চেষ্টা করছি। আপনি এ কিছু বলুন? যাঁরা জয়েন্ট রেসপনসিবিলিটি নিয়ে এখানে বসে আছে, কিম্বা এখানে তাঁর রিপ্রেজেন্টেটিভ হয়ে বসে আছেন, তাঁরা এ সম্বন্ধে একটা জবাব দিতে পারেন।

Mr. Chairman:

চীফ হুইপ তিনি এলে উইল কনভে দি ইনফরমেশন।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

মিঃ চেয়ারম্যান, স্যার, রিটেন কোশ্চেন না পেলে, কি করে আমরা উত্তর দেব? এক-এক মাননীয় সদস্যরা দাঁড়িয়ে উঠে খালি প্রশ্ন করলে, কি করে আমরা উত্তর দেব?

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আজকে বিশেষ ব্যস্ত আছেন। কেন্দ্রীয় সরকারের খাদ্য বিভ মন্ত্রী এখানে এসেছেন, তাঁর সঙ্গে খাদ্য সম্পর্কে বিশেষ আলোচনা চলছে, সেইজন্য তাঁর প এখানে উপস্থিত থাকা সম্ভব নয়।

Shri Ganesh Ghosh:

আমরা তো বলছি না যে, এই মুহূর্তে তাঁকে এখানে আসতে হবে। কালকে তিনি আসেন নি কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

প্রশ্ন হচ্ছে এই, যদি এমন কিছু জরুরী প্রশ্ন হয়, তাহলে সেটা রিটেন কোশ্চেন হিসাবে দেবেন, যেমন আপনারা দিয়ে থাকেন—

Shri Ganesh Ghosh:

কেন দিতে হবে কেন? আজকে সাতদিন ধরে এ সম্বন্ধে এখানে কথা হচ্ছে।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

হাউস চলার জন্য একটা নিয়মকানুন আছে। নিয়মকানুনের মাধ্যমে আপনারা এগিয়ে আসুন, তখন তার জবাব পাবেন।

Shri Ganesh Ghosh:

তিনি আসতে না পারেন, আপনি তো রয়েছেন। আপনি একজন অত্যন্ত পুরানো দায়িত্বশীল বিধানসভার সদস্য, আপনি জবাব দিন। লিখে দিতে হবে কেন? আজকে ঘণ্টার পর ঘণ্টা, শনি, মঙ্গল, বুধ—এই শুক্রবার পর্যন্ত কাজ হল না, আর এত লোকে এত কথা বলল এই তো সম্পর্ক নেই তার সম্পর্কে তাঁকে প্রশ্ন করা হয়েছে উত্তর দেবার কেউ নেই যেখানে আবার যাবে না—এটা কি একটা কথা হল? আপনারাই তো প্রোভোক করছেন যাতে কাজ না হয়।

Shri Sudhir Chandra Das:

স্যার, সাতদিন লেগে যাবে প্রশ্ন করতে, কলিং অ্যাটেনশন দিলে তিন দিন লেগে যাবে অথচ সম্পতিবার, কালকে শেষ হয়ে যাবে, সেই কারণে সে জরুরী প্রশ্ন যা তুলেছে মেম্বাররা, জয়বাবু, একটা রেনলভেন্ট প্রশ্ন তুলেছেন যে সদাচার সমিতিটা কি সরকারী সমিতি, যা সরকারী সমিতি, এটায় তিনি নিজে একটা স্টেটমেন্ট দিয়েছিলেন যে, এর সঙ্গে সরকারের কোন সম্পর্ক নেই তার সম্পর্কে তাঁকে প্রশ্ন করা হয়েছে উত্তর দেবার কেউ নেই সেখানে আবার সাসপেনশন করে সেকথা তুলেছেন সেটা অপ্রাসঙ্গিক বলে মনে করি।

Shri Bejoy Kumar Banerjee:

স্যার, চেয়ারম্যান, স্যার, এটা একটা এত বড় গুরুত্বপূর্ণ বিষয় এটাতে নেতা রাগারাগির কিছু নেই, তা তো কেন আমরা রাগ করব? এই ৫-৬ দিন ধরে দেখুন, মাননীয় মুখ্যমন্ত্রী আসছেন না। যদি করে তিনি এলেও পারতেন। এতে আমরা সকলেই এত হেয় হয়ে যাচ্ছি, বিধানসভা সম্পর্কে, এখানে যে যা ইচ্ছা বলবে পাঁচিল সেটা শুনবে, তার কোন দরকার নেই এবং আমরা কথা বলি না কিন্তু এইজন্যই তো আমরা এখানে আসি নি। স্যার, আপনিও এটা শুনুন যে, আমাদের যতদিন পণ্ডিত নেহরু ছিলেন এইরকম ঘটনা কোনদিন সেখানে হয়েছে? এ পৃথিবীর কোন জায়গায় হয়েছে? আর আমি আপনাকে বলছি কোন স্বাধীন দেশে যদি ভারতবর্ষের মত কোন স্বাধীন দেশে মুখ্যমন্ত্রী বা যে মন্ত্রীই তিনি হোন, যদি এই হাউসকে এইরকম-ভাবে অমর্যাদা দেখাতেন তা হলে তাঁকে এক ঘণ্টাও সেখানে থাকতে হত না। এ গণতন্ত্র নয় তাই। ইংরাজের গণতন্ত্র তাই শিখিয়েছিল, ইংরাজের গণতন্ত্র আমরা কপি করেছি কিন্তু এ স্পিরিট আমরা নিই নি। আমরা বার বার বলছি মুখ্যমন্ত্রী দয়া করে আসুন, ওনারা ভেবেছেন কি? যদি ওঁরা না এখানে আসেন বা উনি মনে করেন যে, আমাদের কথা শুনবার দরকার নেই, তাহলে আমাদের আসবারই বা কি প্রয়োজন আছে আমি তা বুঝি না। হাউস বন্ধ করে দিন। হাউসএর কাছে উনি এক্সপ্লানেশন দিতে বাধ্য যে, কেন উনি আসেন না। একটা ভদ্রতা আছে, একটা সৌজন্য আছে, তা ছাড়া একটা হাউসের প্রতি কর্তব্য আছে। এই এইরকম করে বার বার আমরা বলছি, দিনের পর দিন, চারদিন পাঁচদিন হয়ে গেল মুখ্যমন্ত্রী দয়া করে একদিনও এলেন না আর ওঁরা কেউ কোন কথাও কইলেন না—এটা তো

গায়ের জোর, এ রকমও কোন একটা ওয়ার্স্ট অটোক্রেটিক গভর্নমেন্টএও ব্যবস্থা নেই। স্যা আপনি এই সম্বন্ধে একটু শক্ত হন, আপনি শক্ত হয়ে ওঁকে আনান। আপনি পারবেন জা আপনি একটু চেষ্টা করুন।

Mr. Chairman:

আপনি তো শুনলেন যে, তিনি সেন্ট্রাল ফুড মিনিস্টারএর সঙ্গে ব্যস্ত আছেন। তবে এখানক ডিজায়ার তাঁকে কনভে করা হচ্ছে।

Shri Nani Bhattacharjee:

চেয়ারম্যান মহাশয়, ব্যাপার হচ্ছে যে মাননীয় খগেন দাশ মহাশয় এমন কয়েকটি কথা বললেন যেটা খুবই আপত্তিকর প্রসিডিওরগত। আমরা যদি লিখিত কোন প্রশ্ন দিই বা কলিং অ্যাটেনশন দিই তার সম্বন্ধে। কিন্তু ধরুন হাউসএ উপস্থিত থাকলে যেসমস্ত আলোচনাগুলি হয় বক্তৃতার মাধ্যমে বা বিভিন্ন বিষয়ের উপর যে আলোচনাগুলি হয়, আমরা সঙ্গে সঙ্গেই সেই জবাবটা সংশ্লিষ্ট মন্ত্রীর কাছ থেকে আশা করি এবং জবাবটা পাইও অনেক সময়। সুতরাং সেখানে লিখিতভাবে কোন প্রশ্ন সেবার কোন প্রয়োজন করে না। কথাটা হচ্ছে যখন বাংলাদেশে কতকগুলি গুরুত্বপূর্ণ ঘটনা ঘটছে বা ঘটে গেল, ঠিক সেই রকম একটা সময়ে পর পর তিনি অনুপস্থিত থাকছে। আজকেও অনুপস্থিত আছেন এবং কালকেও তিনি কি করবেন না করবেন তা কেউ বলতে পারে না। হয়ত অনুপস্থিত থাকতে পারেন। কালকে করাপশনএর ব্যাপার নিয়ে আলোচনা আছে, সুতরাং সেখানেও তিনি মনে করতে পারেন যে, এখানে থাকলে খারাপ হতে পারে, নাও থাকতে পারেন। কিছুই বুঝতে পারছি না। সুতরাং যেখানে উনি প্রসিডিওরগত প্রশ্ন তুললেন.....

Mr. Chairman:

কাল ফার্স্ট আওয়ারএ বিল আছে।

Shri Nani Bhattacharjee:

না, না, উনি প্রসিডিওরগত যে প্রশ্নটা তুললেন যে, শুধু লিখিত কলিং অ্যাটেনশন বলুন, স সর্ট নোটিস কোশ্চেন বলুন এইগুলিরই জবাব তাঁরা দেবেন, এমনিতে হাউসে যদি কোন একটা

[2-40—2-50 p.m.]

বিষয় নিয়ে আলোচনা হয় এবং সেটা গুরুত্বপূর্ণ বিষয় হলেও মৌখিকভাবে যেকথা বলেছেন যে, তার জবাব দেব না—এই যদি ট্রেজারী বেঞ্চের মনোভাব হয় তাহলে সেটা ধিক্কারজনক এবং ধিক্কার দেওয়া ছাড়া উপায় নেই। এঁরা সংসদীয় গণতন্ত্রের কথা বলেন, কিন্তু তার ধারেকাছেও এঁরা যান না। মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি মনে করি সকলে যদি তাঁদের মনের কথা এখানে খুলে বলতে পারতেন- অর্থাৎ পার্টিগত বাধা কিছু না থাকত তা হলে সকলেই একথা বলতেন যে, চীফ মিনিস্টারের এখানে থাকা উচিত। সমস্ত দিক বিচার করলে দেখা যাবে বাংলাদেশে যেসমস্ত গুরুত্বপূর্ণ ঘটনা ঘটেছে তাতে অন্তত এই হাউসে কিছুক্ষণের জন্য তাঁর আসা উচিত। কিন্তু অবস্থা দেখে মনে হয় তিনি এটাকে কিছু মনে করেন না, বিধানসভার সদস্যদের কাছে তাঁর যে একটা কর্তব্য আছে সেটা তিনি মনে করেন না। সেদিক থেকে তাকিয়ে আমি মনে করি তিনি আমাদের অধিকার এবং হাউসের মর্যাদাহানিকর কাজ করেছেন এবং আপনিও সেদিকে তাকিয়ে আপনার রুলিং দিন। আপনি কি রুলিং দিলেন সেটা স্পষ্ট করে বুঝলাম না, কাজেই আর একবার বলুন।

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় সভাপতি মহাশয়, ওঁরা হয়ত একথা বলতে পারেন যা ইচ্ছা বলুক, আমরা জবাব দেব না।

মিঃ চেয়ারম্যান: তাঁরা তা বলেন নি।

শ্রীজগন্নাথ লাহিড়ী : তাঁরা তা বলেন নি, কিন্তু এই সভা চলার কায়দা কানুনের কথা বলে অনেক জিনিস এড়াবার চেষ্টা করছেন। স্পীকার মহাশয়, আগে যে কথা বলেছিলেন সেটাও কিছু পরিমাণে অগ্রাহ্য করছেন। যা হোক, এখন কথা হল হাউস চলার নিয়ম-কানুন কায়দা সেটা রুলসএ লেখা আছে সব সময় সেইভাবে হয় না। হাউসে একটা প্রিসিডেন্ট আছে, স্পীকার কি অ্যালাউ করলেন তার একটা মূল্য আছে এবং সেগুলি হাউসের নিয়ম কানুনের মধ্যে। আমরা ২৪ তারিখে অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়ে জানতে চেয়েছিলাম এইসব গ্রেপ্তার কেন করা হচ্ছে। স্পীকার অবশ্য আমাদের অ্যাডজোর্নমেন্ট মোশন অ্যালাউ করেন নি, কিন্তু সারাদিন সেই গ্রেপ্তারের বিষয় নিয়ে আলোচনা করবার অধিকার দিয়েছিলেন। আনুষ্ঠানিকভাবে বিষয়টার অবতারনা করে সেটা তিনি ভোটে আনলেন না, কিন্তু আসলে তিনি সারাদিন ধরে আলোচনা করবার অনুমতি দিলেন এবং তার ফলে হাউসে এই বিষয়ে বক্তব্য বলা হল। তারপর, ২৫ তারিখে হরতাল হল এবং সোমবার হাউস হল। সোমবারও আমাদের অ্যাডজোর্নমেন্ট মোশন ছিল, কিন্তু সেটাও অ্যালাউ করা হল না। অ্যাডজোর্নমেন্ট মোশন অ্যালাউ না করলেও একটা জিনিস অ্যালাউ করা হল যে, সোমবার আলোচনা করা হোক। অর্থাৎ স্পীকার আনুষ্ঠানিকভাবে না বললেও প্র্যাকটিক্যালি একথা বলেছিলেন যে, আলোচনা করা হোক। এটা যদি স্পীকারের ব্যবহারিক নির্দেশ হয়ে থাকে তাহলে সরকারপক্ষ কি করে সেই নির্দেশ থেকে পার পেতে চান? তাঁরা কি তাহলে এটাই বলতে চান যে, আমাদের একটা লিখিত মোশন দিতে হবে? খগেনবাবুর হয়ত মনে আছে স্পীকার বলেছিলেন, তাঁরা যদি আসেন তাহলে ভাল হয়, কিন্তু আমার ক্ষমতা নেই তাঁদের টেনে আনবার। কাজেই স্পীকার যে অনুরোধ করেছিলেন সেকথা খগেনবাবুকে মনে রাখতে হবে। ২৪ তারিখে যে আলোচনা হয়েছিল সেটা যে সম্পূর্ণ নিয়ম বিরুদ্ধ একথা মন্ত্রিসভা বলতে পারবেন না। কারামন্ত্রী তাঁর বক্তব্য বলেছেন—অর্থাৎ বিভিন্ন সদস্যরা যেসব আলোচনা করেছেন তাতে তাঁর অংশটুকু নিয়ে তিনি জবাব দেবার চেষ্টা করেছেন। কাজেই বলছি মুখ্যমন্ত্রী তাঁর যেটুকু অংশ তার প্রতি তাচ্ছিল্য, উপেক্ষা এবং সম্পূর্ণ অসম্মানজনকভাব দেখিয়ে হাউসের প্রসিডিওর অনুযায়ী কাজ করছেন না।

হাউসের প্রসিডিওর হাউসের প্রসিডিংস স্পীকারের প্র্যাকটিক্যাল নির্দেশ অমান্য করে স্পীকারকে এবং হাউসকে অমর্যাদা করেছেন জেনেশুনে এইভাবে অবস্থাটা করেছেন। সেজন্য স্পীকার মহাশয় আমি আপনার কাছে অধিকারগত প্রশ্ন তুলছি। এজন্য বলছি আমরা যেন ভার উত্তরের ভিখারী। একটা হাউসের স্পীকার যে একটি বিষয় সম্বন্ধে দুদিন সদস্যদের আলোচনা করবার অনুমতি দেন, নিশ্চয়ই সেই আলোচনায় এমন অধিকার আছে যা স্পীকার মনে করেছেন ন্যায়সঙ্গত। এমন কি মন্ত্রিসভার একজন সদস্য দাঁড়িয়ে একথা বললেন আমরা এসব মানি না, লিখিত প্রশ্ন দাও, এতে নিশ্চয়ই হাউসের অবমাননা করা হয়। কাজেই আমি বলছি এটা আমাদের অধিকারগত প্রশ্ন এবং আপনার এটা বলতে পারা উচিত আমি একথা বলছি না যে আপনি মুখ্যমন্ত্রীকে টেনে এনে বসান। সেটা আপনার পক্ষে সম্ভব নয়, কিন্তু প্রয়োজন আছে বিশেষ করে এই ব্যাকগ্রাউন্ডে যে, আগে যিনি স্পীকার ছিলেন তিনি যখন ব্যবহারিক দিক থেকে একটা সিদ্ধান্ত করে গেছেন।

শ্রীকমলকান্তি গুহ : চেয়ারম্যান মহাশয়, আপনি জানেন রবীন্দ্রনাথের নন্দলালবাবু রাইটার্স বিল্ডিংস-এ এসেছিলেন, তিনি একটা বেসরকারী মিটিং করেছিলেন এবং সেই মিটিং-এ মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন। যার জন্য তিনি উপস্থিত হতে পারেন নি। আমার বক্তব্য হচ্ছে যদি সরকারী কোন কাজ হত এবং অ্যাসেম্বলির চেয়েও গুরুত্বপূর্ণ কোন কাজ হত, তাহলে তিনি থাকতেন সেখানে এটা বুঝতে পারি। কিন্তু একটা বেসরকারী মিটিং হচ্ছে তার জন্য অ্যাসেম্বলি থেকে সারাদিন অনুপস্থিত থেকে করলেন। অথচ সদস্যরা বার বার বলছেন আমাদের অভিযোগ আছে অনেক, অনেক উত্তর আমরা শুনতে চাই। কিন্তু তিনি এখানে আসতে পারলেন না। আমার বক্তব্য হচ্ছে অ্যাসেম্বলির কাজের চেয়েও গুরুত্বপূর্ণ কাজ সেটা হয় তাহলে অ্যাসেম্বলি বন্ধ রাখা উচিত ছিল। সরকারের একটা সিদ্ধান্তে আসা উচিত। এদিকে আমাদের গুরুত্বপূর্ণ কাজ বলে আমাদের আটকে রাখবেন আর বাইরে বাইরে তাঁরা

রে বেড়াবেন, আমরা যখন উত্তর চাইব অভিযোগের তাঁরা উত্তর দেবেন না। তাহলে এটা হচ্ছে? আপনি বসে আছেন ওখানে, এটা কি ছেলেখেলা হচ্ছে? আমরা তো শুনি ধানসভায় গণতন্ত্র ভেংগে পড়ে। সরকারে পেটোয়া খবরের কাগজ যেগুলি থাকে তাতে রা লিখে বসলেন সম্পাদকীয়—এ'রা বিধানসভার মহিমা নষ্ট করে দিল, বিধানসভার শালীনতা ট করে ফেলল, এই লিখে এ'রা চিৎকার জুড়ে দেন। কিন্তু আসলে বিধানসভায় কি ড়িয়েছে। এই বিধানসভায় আশ্রয় নিয়ে কিছু চোর জোচ্চুরি করছে শোষণ করছে শাসনের মে। দেশের লোককে দুর্ভিক্ষের মুখে ফেলে দিয়ে এই যে বোকা বোকা খেলা হচ্ছে, দেশের াকক ভাঁওতা দেওয়া সুরু হয়েছে, আপনি কিছু বলুন এই বিধানসভা থেকে জনসাধারণের বা করতে পারব কিনা। আমরা সমাজের সমস্যার সমাধানের জন্য যে বক্তব্যগুলি রাখলাম র উত্তর পাব কিনা? এটার আমরা পরিষ্কার উত্তর পেতে চাই যে, বিধানসভার মাধ্যমে মাজের বা দেশের বা রাষ্ট্রের সমস্যা যা আছে তার সমাধান করা যাবে কিনা। আমাদের রোধী দলের কথা শুনে সহযোগিতা করে সরকার চলবেন এই ধরনের বক্তব্য যদি রাখেন হলে বুঝতে পারি এই পথে চললে কাজ হবে, আর যদি বলেন হবে না তাহলে অন্য কোন্ থে গেলে দেশের লোকের সেবা করতে পারব অন্য কোন্ পথে দেশের লোককে এই সমস্ত াকের হাত থেকে ক্ষুধার্ত মানুষকে বাঁচাতে পারব সেই পথে আমরা নিয়ে যেতে পারি, এটা রষ্কার আমরা জানতে চাই। নইলে আমরা গোলমাল করব, বিধানসভার টাকা খরচ হয়ে বে, এতে কোন কাজ হবে না।

মরা একথা আপনার মাধ্যমে পরিষ্কারভাবে সরকারপক্ষকে বলতে চাই, আমরাও ভোটে র্বাচিত হয়ে এখানে এসেছি জনসাধারণের প্রতিনিধি হিসাবে। ও'রা বলুন জনসাধারণের তিনিধি হিসাবে যেসব অভাব-অভিযোগের কথা আমরা বলতে চাই ও'রা শুনবেন কিনা। ভাবে বেশিদিন চলবে না, স্যার।

Shri Kanai Pal:

ার, আমার পরিস্কার বক্তব্য হচ্ছে, যে সরকার খেতে দিতে পারে না সেই সরকারের গদিতে সে থাকবার অধিকার নাই।

Mr. Chairman: Shri Pal, I am on my legs. Please take your seat.

Shri Kanai Pal:

াজকে পার্লিয়ামেন্টারি ওয়েতে প্রতিবাদ করা হচ্ছে। আপনারা বেআইনীভাবে সেটা ভেংগে বার চেষ্টা করছেন, লোককে গ্রেপ্তার করছেন, লাঠি চালাচ্ছেন। ও'রা দেশকে ফ্যাসিজমএর কে ঠেলে দিচ্ছেন, আমি ওঁদের সাবধান করে বলছি—এভাবে দেশকে ফ্যাসিজমএর দিকে লে দেবেন না।

Mr. Chairman: Shri Kanai Pal, please take your seat. I give you arning.

uling of Mr. Chairman regarding a point raised as to presence of the Chief Minister in the House as obligatory

Now with regard to the point raised by some honourable members, this ssembly procedure nowhere says that the Chief Minister will be bound to e here nor does our Constitution provide that the Chief Minister will be ound to be present in the Assembly during the session. It is for the Chief linister to decide whether he will come or not. Your desire will surely be nveyed to him. I think there should be an end of this matter. Let us roceed with the business of the House now

Shri Jyoti Basu:

লকে স্পীকারের কাছে শ্রীমৈত্র একটা প্রিভিলেজএর প্রশ্ন তুলেছিলেন, স্পীকার বলেছিলেন নি আজকে জবাব দেবেন। পূর্বে একবার মুখ্যমন্ত্রী বলেছিলেন লোকে যাতে খাদ্য পায় র জন্য স্টেট ট্রেডিংএর ব্যবস্থা হচ্ছে জানুয়ারি থেকে, তারপর তিনি আর একটা বিবৃতি য়েছেন, সেটা সংবাদপত্রে বেরিয়েছে, তাতে আছে স্টেট ট্রেডিং হবে কিনা সেটা ঠিক নাই,

সবই কেন্দ্রের উপর নির্ভর করছে। তাহলে কোন্‌টা সত্য, তিনি এখানে যে সোলেম অ্যাসিওরেন্স দিয়েছিলেন সেটা নাকি যে বিবৃতি সংবাদপত্রে বেরিয়েছে সেটা। এটা প্রিভিলেজএর প্রশ্ন, ইচ্ছা করে যদি এইরকম বলে থাকেন তাহলে এটা প্রিভিলেজ কমিটিতে পাঠান দরকার। স্পীকার বলেছিলেনট্‌. রুলিং দেবেন, তিনি কি আজকে আসেন নি?

Mr. Chairman:

স্পীকার জানিয়েছেন তিনি আসবেন।

Shri Jyoti Basu:

তিনি কোথায়?

Mr. Chairman:

আপনি যা বলেছেন ইট উইল বি কনসিডার্ড বাই হিম।

GOVERNMENT BILL

The West Bengal Gramdan Bill, 1963 as reported by the Joint Committee

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় সভাপাল মহাশয়, গতকাল গ্রামদান বিল সম্পর্কে যখন আলোচনা হচ্ছিল তখন আচার্য বিনোবা ভাবের প্রসঙ্গে কয়েকজন মাননীয় সদস্য কটাক্ষপাত করাতে মাননীয় রাজস্বমন্ত্রী উষ্মা প্রকাশ করেন। বিনোবাজীর আদর্শকে বাস্তবে রূপায়ণ করার উদ্দেশ্যে নাকি এই বিল হাউসের সামনে আনা হয়েছে। মিঃ চেয়ারম্যান, স্যার, আমি আপনার কাছে রাখতে চাই যে, পৃথিবীর ইতিহাসে দেখা গেছে যখনই কোন দেশে শ্রেণী সংগ্রাম তীব্রতর হয়, প্রগতিশীল সমাজব্যবস্থা প্রবর্তনের জন্য যখনই শ্রেণী সঙ্ঘর্ষ অবশ্যম্ভাবী হয় উঠে, তখনই সেই দেশের বুর্জোয়া শাসকশ্রেণী একদল ভাববাদী দার্শনিকের আশ্রয় গ্রহণ করে থাকেন, ভাববাদী দার্শনিকরা ফরমাসমত দার্শনিক তত্ত্ব প্রতিষ্ঠা করেন, আর বুর্জোয়া শাসকশ্রেণী সেই দার্শনিক তত্ত্বকে শোষণের হাতিয়াররূপে ব্যবহার করেন। জার্মানীর ইতিহাস জানি যে জার্মানীর দার্শনিক হেগেল তিনি রাষ্ট্র সম্পর্কে যে দার্শনিক তত্ত্ব প্রতিষ্ঠা করেছিলেন পরবর্তী কালে জার্মানীর হিটলার তাকে তাঁর নিজের রাজনৈতিক উদ্দেশ্য সাধনের নিমিত্ত ব্যবহার করেছিলেন। দার্শনিক হেগেল রাষ্ট্র সম্পর্কে দার্শনিক তত্ত্ব প্রতিষ্ঠা করতে গিয়ে বলেছিলেন যে, রাষ্ট্রপ্রধান,

State in the search of god in the World

ব্যক্তিগত স্বার্থ সেখানে নেই, ব্যক্তির স্থান সেখানে নগণ্য। যুদ্ধের উপর তিনি জোর দিয়েছিলেন—হেগেলের ফরমানমত যে দার্শনিক তত্ত্ব তাকে শোষণের হাতিয়াররূপে ব্যবহার করে হিটলার জার্মানীতে নাৎসীবাদ কায়েম করেছিলেন। আমরা শুধুমাত্র জার্মানী নয়, পৃথিবীর অন্যান্য জায়গার ইতিহাস দেখেছি যে, ভাববাদী দার্শনিকেরা সেই দেশের বুর্জোয়া শাসকশ্রেণী ফরমানমত দার্শনিকতত্ত্ব আবিষ্কার করেন শুধুমাত্র শ্রেণী সংগ্রাম এবং শ্রেণী সঙ্ঘর্ষকে বানচাল করে দেবার জন্য। আচার্য বিনোবাজী আমাদের দেশের মানুষের কাছে ভূমিসমস্যা সম্পর্কে কিছু নূতন পন্থা নির্ণয় করার চেষ্টা করেছেন—আচার্য বিনোবাজী বলবার চেষ্টা করেছেন যে, ভূমির উপর কোন মানুষের অধিকার নেই, সব কিছু গোপালের, কোন মানুষ নিজের অধিকার কায়েম করে রাখতে পারবে না। সেখানে আজকে আমরা দেখেছি যে, বাংলাদেশ তথা সমগ্র দেশের ভূমিহীন কৃষক, ক্ষেতমজুর, আমূল ভূমি সংস্কারের দাবিতে আন্দোলন করতে বদ্ধপরিকর, আজকে সেখানে তাদের শ্রেণী সংগ্রাম এবং শ্রেণী সঙ্ঘর্ষকে তীব্রতর করতে বদ্ধপরিকর সেখানে সেই আন্দোলন সেই সঙ্ঘর্ষকে সীমিত করার উদ্দেশ্যে আজকে বিনোবাজীর এই ভাববাদী দর্শন যা সাধারণ মানুষের সামনে হাজির করার চেষ্টা করা হয়েছে আজকে সেজন্য গ্রামদানের নাম করে যে আদর্শ আমাদের সামনে রাখা হয়েছে আমরা দেখি যে তার মধ্য দিয়ে সাধারণ মানুষকে বঞ্চিত করবার চেষ্টা করা হয়েছে, একটা বিরাট ধোঁকা করার চেষ্টা করা হয়েছে। এই গ্রামদান বিলের উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে যে এর মূ

দুটো উদ্দেশ্য আছে একটা হচ্ছে ভূমিহীন চাষীদের ভূমি দেবার ব্যবস্থা করা, আর একটা হচ্ছে ব্যক্তিগত মালিকানা উঠিয়ে দেওয়া। এখানে আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, এই দুটোর উদ্দেশ্যের কোনটাকে তাঁরা সফলকাম করার চেষ্টা করেছেন কিনা, অর্থাৎ ভূমিহীন চাষীরা গ্রামদানের মধ্য দিয়া কতটা লাভবান হবে, বর্গাচাষী কতখানি লাভবান হবে সে সম্পর্কে আমার মূল প্রশ্ন তাঁর কাছে রাখছি। এখানে যদি দেখি তো দেখব এই গ্রামদান বিলের মধ্যে কোথাও ভূমিহীন চাষীদের স্বার্থকে সংরক্ষণের চেষ্টা করা হয় নি। কি বলা হয়েছে—যদি কোন গ্রামে শতকরা ৫০ ভাগ জমি দান করা হয় তাহলে সেটা গ্রামদানী গ্রাম হবে এবং সেই শতকরা ৫০ ভাগ জমি সেটা যে গ্রাম্য পরিষদকে দেওয়া হবে তার মধ্যে শতকরা ৫ ভাগ ল্যান্ড পুলে আসবে এবং সেই শতকরা ৫ ভাগ জমি গ্রামের ভূমিহীন চাষীদের দেওয়া হবে। অর্থাৎ মিঃ চেয়ারম্যান, স্যার, আমি উদাহরণ দেব, যদি ধরা যায় কোন গ্রামে ৪০০ বিঘা জমি আছে, তার ৫০ ভাগ অর্থাৎ ২০০ বিঘা জমি গ্রাম পরিষদকে দিয়া দিলে সেই গ্রামকে গ্রামদানী গ্রাম হিসাবে গণ্য করা হবে এবং এই গ্রামদান বিলের নিয়ম অনুযায়ী তার শতকরা ৫ ভাগ, অর্থাৎ ২০০ বিঘা জমি সেখানে দেওয়া হয়েছে সেখানে দশ বিঘা সেন্ট্রাল পুলে আসবে এবং সেই দশ বিঘা জমি ভূমিহীন চাষীদের মধ্যে বিলি করা হবে।

[3—3-10 p.m.]

অবস্থাটা দাঁড়াল এই, যে গ্রামের ৪০০ বিঘা জমি, সেখানেতে মাত্র ১০ বিঘা জমি পাওয়া যাবে সেই গ্রামের ভূমিহীন চাষীদের বিলি করবার জন্য এবং তাও সেখানে সাধারণভাবে ভূমিহীন চাষীদের অবস্থা বিচার করে দেওয়া হবে, তা নয়। সেখানে গ্রাম পরিবদের উপর অপশন দেওয়া আছে যে, তাঁরা যাদের ভাল মনে করবেন, যারা তাঁদের তাঁবেদার লোক, তাদের মধ্যে বিলি করা হবে। এটা অত্যন্ত সূক্ষ্মভাবে বিচার করলে বোঝা যাবে যে, সাধারণ মানুষের ভূমি ক্ষুধার আন্দোলনকে চাপা দেবার জন্যই এই বিল আনা হয়েছে। অর্থাৎ যাতে করে ক্ষেতমজুররা আন্দোলন করতে না পারে, যাতে করে তারা ভূমির ক্ষুধা মেটাবার জন্য আন্দোলন বা সংঘর্ষের পথে এগুতে না পারে, তার জন্য অত্যন্ত কৌশলের সহিত এই বিল এখানে রাখবার চেষ্টা করা হয়েছে এই বলে যে ভূমিহীন চাষীকে জমি দেওয়া হবে। আমার মনে হয় এটা একটা সম্পূর্ণ ধাপ্পাবাজী তাদের কাছে দেওয়া হয়েছে।

দ্বিতীয় কথা এখানে গ্রামদান বিলের উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে যে, ব্যক্তিগত মালিকানাকে রূপান্তরিত করা হবে সামাজিক মালিকানায়। মিঃ চেয়ারম্যান, স্যার, আমি জানতে চাই, এই বিলের মধ্যে তার কোনরকম ইঙ্গিত কোথাও আছে কিনা যে, ব্যক্তিগত মালিকানাকে সামাজিক মালিকানায় রূপান্তরিত করতে হবে? গ্রামদানে যারা জমি দান করেছে, সেখানে তাদের মধ্যে বলা হচ্ছে যে, জমি দান করার পরে শুধুমাত্র শতকরা ৫ ভাগ সেন্ট্রাল ল্যান্ড পুলএ থেকে যাবে, আর বাকি ৯৫ ভাগ জমি তারা আবাদের অর্পণপত্র পাবে। অর্থাৎ আমি জমি দান করলাম, আমি দাতা, আমার আবাদের অর্পণপত্র পাব, জমি আমারই রইল। শুধুমাত্র আমি দাতা হিসাবে একটা টাইটেল পেলাম এবং অধিকার পেলাম যে, আমার জমির উপর যেসমস্ত বর্গাচাষী ছিল তাদের উচ্ছেদ করবার একটা সুযোগ আমি পেলাম এবং এর মধ্যে দিয়ে আমার মালিকানা শতকরা ৭৫ ভাগ রইল, আর ৫ ভাগ দিলাম ল্যান্ড পুলএ, ভূমিহীন চাষীদের এই জমি বিতরণ করবার জন্য। কাজেই ব্যক্তিগত মালিকানা, সামাজিক মালিকানায় রূপান্তরিত হল না বা হওয়ার কোন পরিকল্পনা এর মধ্যে নেই কো। এখানেতে আগে যে কথা বলা ছিল এবং আচার্য বিনোবাজী, তাঁর আদর্শের মধ্যে যে কথা বলেছেন, যে জমি কেউ কখনও হস্তান্তর করতে পারবে না, জমি কেউ বন্ধক রাখতে পারবে না, জমিতে ক্রোক রাখতে পারবে না, জমিকে কেউ বিক্রি করতে পারবে না। কিন্তু এই আইনের মধ্যে এমন অবস্থা সৃষ্টি করা হয়েছে যে, একটা প্রোভাইসো যোগ করা হল এবং মাননীয় মন্ত্রিমহাশয় সেটা মেনে নিলেন। অর্থাৎ সেখানে জমি হস্তান্তরের প্রশ্নটা আরও ভাল করে রাখা হল। তাঁরা জমি ট্রান্সফার করতে পারবেন। যেখানে ট্রান্সফারএর কোন প্রভিশন ছিল না, যেখানে কিছুটা প্রতিবন্ধকতা ছিল, সেখানে পথ খুলে দেওয়া হল যে, গ্রাম পরিষদের টার্মস অ্যান্ড কন্ডিশনস দেখে যত ইচ্ছা জমি ট্রান্সফার

করা যেতে পারবে এবং উত্তরাধিকারীদের প্রস্তাব হলে, সে জমি ল্যান্ড পুলএ যাবে না। যারা ক্ষেতমজুর বা গ্রামের ভূমিহীন চাষী তারা সে জমি পাবে না, সেখানে অন্য লোক, তার অবস্থা ভাল হলেও সে ঐ জমি ভোগ করবার সুযোগ পাবে।

মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি এর উপর আর দীর্ঘ বক্তৃতা না করে, শুধুমাত্র এই কথাটা বলতে চাই যে, আজকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের এই যে অপদার্থতা, তাঁরা যে ভূমি সংস্কার করতে ব্যর্থ হয়েছে, তাঁরা যে সাধারণ কৃষকদের জমি দিতে ব্যর্থ হয়েছেন, এবং ভূমি-হীন চাষী বা ক্ষেতমজুরদের জমি দিতে তাঁরা অপারগ হয়েছেন, সেই ব্যর্থতা ঢাকবার জন্য, আর সেই অপারগ থাকার জন্য এবং কৃষক-মজুরদের শোষণ করার জন্য, আজকে এই বিলটি আনা হয়েছে। এই বিলটি আনার পিছনে একটি রাজনৈতিক উদ্দেশ্য রয়েছে। তাঁদের সেই রাজনৈতিক উদ্দেশ্য হচ্ছে যে, এখানে কোনরকম শ্রেণী সংগ্রাম যেন দীর্ঘতর না হয় এবং শ্রেণী সংঘর্ষ কোথাও যেন তার রূপ নিতে না পারে। সেইজন্য এই বিলটি আনা হয়েছে। অতএব আমি সমস্ত দিক বিবেচনা করে, মনে করি যে এই বিলটি আনার তাদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে সাধারণ গরীব কৃষকদের ধোঁকা দেবার জন্য, তার আন্দোলনকে ব্যর্থ করার জন্য এবং তার স্বার্থ বানচাল করার জন্য। কাজে কাজেই আমি এই বিলের বিরোধীতা করছি।

Shri Sanat Kumar Raha:

মিঃ চেয়ারম্যান স্যার, আমি জানতে চাই এই হাউসের বিজনেস চালাবার জন্য কোরাম আছে কিনা? আমার মনে হয় কোরাম নেই।

Mr. Chairman:

হ্যাঁ, কোরাম আছে।

Shri Sanat Kumar Raha:

মাননীয় সভাপতি মহাশয়, গ্রামদান আইন বাংলাদেশে চালু করার জন্যে আজকের এই অধিবেশনেই আমাদের বক্তব্য শেষ। এই আইনটা নানাভাবে বিচার করার দিক আছে। সমস্ত বিষয় আলোচনা করার সুযোগ ও সময় এই অধিবেশনে নেই, আমি গ্রামদান বিলের যেটা ইতিবাচক দিক তার উপরেই কিছুটা বলতে চাই কারণ এখানে শুধু বাংলাদেশে নয়, সারা ভারতবর্ষে কংগ্রেস শাসনের অধীনে যে ভূমি সংস্কার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে সেকথা শুধু বিরোধীপক্ষ নয়, কংগ্রেস মহলেও বিশেষজ্ঞরা পরোক্ষেই স্বীকার করেছেন এবং সে বিষয় প্রতিকারের জন্য অনেক পথ নির্ণয় তাঁরা করেছেন। কাজেই ভূমি সংস্কারের ব্যর্থতার পরিপূরক হিসাবে এই বিল এসেছে এইভাবে কেউ কেউ গ্রহণ করাবার চেষ্টা করেছেন।

Shri Niranjan Sen Gupta: Mr. Chairman, there is not quoram in the House ther eare only 20 honourable members or something like that.

Shri Jyoti Basu:

স্পীকার মহোদয় আপনার জন্য আমরা এতক্ষণ প্রতীক্ষায় আছি সেটা হচ্ছে চেয়ারম্যানের কাছে আমরা তুলেছিলাম যে গতকাল আপনার মনে আছে যে এখান থেকে শ্রী মৈত্র একটা প্রিভিলেজের প্রশ্ন তুলেছিলেন যে মুখ্যমন্ত্রী আমাদের খাদ্য আলোচনার সময় একরকম বিবৃতি দিয়েছিলেন ষ্টেট ট্রেডিং সম্বন্ধে এবং কি করে চাল জোগাড় করা যাবে, লোককে খাওয়ান যাবে। কিন্তু বাইরে সংবাদপত্রে নাকি তিনি আর একরকম বিবৃতি দিয়েছেন, একেবারে বিপরীত। এখন উনি জিজ্ঞাসা করেছিলেন যে কোনটা সত্য এবং এই হিসাবে প্রিভিলেজের প্রশ্ন উঠে। তাই আমরা আশা করেছিলাম যে আজকে অন্ততঃ মুখ্যমন্ত্রী আসবেন। কিন্তু তিনি আজও হাউসএ নেই আপনি দেখছেন, আর আপনি বলেছিলেন যে আমি আমার রুলিংটা কালকে দেবো।

Mr. Speaker:

আমি কালকে বলিনি, আমি বলেছিলাম যে পরে দেবো।

Shri Jyoti Basu:

আর পরে কখন হবে? কালকে তো শেষ হয়ে যাচ্ছে।

Mr. Speaker:

মিঃ বাসু, উনি যেটা প্রিভিলেজ-এর কোশ্চেনটা তুলেছিলেন সেটার স্টেটমেন্ট অনেক বড় ছিল I have asked the office to give me the copy of the proceedings. প্রথম কথা সেটা মিঃ অধিকারী তুলেছিলেন তার আমি জবাব দিয়ে দিয়েছিলাম, কিন্তু মিঃ মৈত্রটা দেওয়া হয়নি because he made a long statement.

আর আপনিও জানেন যে কালকে আমি এখানে ছিলাম না, তারপরে প্রসিডিংস পাইওনি।

The West Bengal Gramdan Bill, 1963, as reported by the Joint Committee

Shri Sasat Kumar Raha:

মাননীয় স্পীকার মহোদয়, আমি এই গ্রামদান বিল সম্পর্কে যা বলতে সুরু করেছিলাম তারপরে ঘণ্টা বাজিয়ে যেভাবে বিধানসভার কাজ সুরু করতে হল এইখানেই প্রমাণিত হয় যে গ্রামদান বিলের উপরে যা নিষ্ঠা এবং বিনোবাজীর উপরে, তাঁর ভূদান যজ্ঞের উপরে যা সহানুভূতি তার যথেষ্ট অভাব এই হাউসএর ছিল। যাই হোক, সেই বিলের ভিতর দিয়ে সেই নিষ্ঠাই বা কতটুকু আছে সেটাই আজকে কিছুটা আলোচোর বিষয় হবে। আমি প্রথমেই বলতে চাই যে বিনোবাজী আমাদের ভারতবর্ষে ১৯৫১ সালে এইভাবে ভূদান যজ্ঞের তিনি সুরু করলেন। কারণ ছিল সেই সময়েই সারা ভারতবর্ষে ভূমি সংস্কারের জন্যে কৃষকরা, তারা বিপ্লবী সংগ্রাম সুরু করে দেয়।

[3-10—3-20 p.m.]

দেশে দেশে, তেলেঙ্গানায়, নালাগণ্ডায়, কাকদ্বীপে যখন কৃষকরা তাদের ভূমির উপর দাবী নিয়ে, তাদের ক্ষুধা তৃপ্তি করবার জন্য সারা ভারতবর্ষে সংগ্রামের মাধ্যমে—যেটা সহজ পথ—এগিয়ে গিয়েছিল বা সেটা আদায় করতে গিয়েছিল তখন আমরা দেখেছি বিনোবাজী পরিভ্রমণ করতে এসেছেন এবং নূতন তথা দেশের সামনে খাড়া করছেন। এটা দেখে মনে হয় একদিকে বিপ্লবের কর্মযজ্ঞ তত্ত্ব এবং আর একদিকে শ্রেণী দ্বন্দ্ব স্তব্ধ করবার ব্যবস্থা। বিনোবাজী যে ভূমি বিপ্লব চান এটা স্বীকার করলেও ইতিহাসের যুগ সন্ধিক্ষণে এরকম তত্ত্ব যদি এসে হাজির হয় তাহলে স্বভাবতঃই আমাদের মনে প্রশ্ন জাগে কোনটা স্বাভাবিক, কোনটা সহজ, কোনটা অনিবার্য এবং কোনটা ব্যর্থ হতে বাধ্য। অনেকে নানা দিক থেকে বিনোবাজীর বক্তব্যকে মহান আদর্শ বলে, তাঁর ভূদান আন্দোলনকে মহান আদর্শ বলে বলবার চেষ্টা করেছেন। কিন্তু ইতিহাসের অভিজ্ঞতা থেকে আমরা জানি সেই তত্ত্ব, সেই শ্রেণী সমন্বয়, প্রেমের দ্বারা অন্তর বিগলিত করে শোষক শ্রেণী জমিদার শোষিত শ্রেণীকে জমি দিয়ে ভূমি সমস্যার সমাধান করবেন সেটা হয় না। সর্বোদয়ের কথা ছিল, "বুদ্ধং শরণং গচ্ছামি"। মহাত্মা গান্ধীর সময় এরকম অনেক আশ্রম তৈরী হয়েছিল। কিন্তু আমার মনে হয় সারা ভারতবর্ষ ঘুরে বিনোবাজী যেভাবে ভূদান যজ্ঞের কর্মকাণ্ড সৃষ্টি করেছেন তাতে আমার অশ্রদ্ধা না থাকলেও একথা বলতে বাধ্য হচ্ছি যে, কার্যতঃ এই পথে ভূমি সমস্যার সমাধান হতে পারে না। শাসকগোষ্ঠী কংগ্রেস সরকার মনে করেন এটা তাঁদের একটা হাতিয়ার। বিনোবাজী কি মনে করেন জানিনা, তবে তিনি বলেন ভূমি বিপ্লব চাই, ভূমির উপর কারুর ব্যক্তিগত অধিকার থাকবে না। তিনি এরকম বড় বড় কথা বলেন এবং কংগ্রেস সরকার তাঁর পথ মানলেও তাঁর উদ্দেশ্য মানেননি। তা যদি মানতেন তাহলে তাঁদের চরিত্র বদলাত, শ্রেণী চরিত্র বদলাত এবং কংগ্রেসের ভেতর এই একচেটিয়া শ্রেণী সৃষ্টি হতে না। কাজেই দেখা যাচ্ছে বিনোবাজীর আদর্শের দিকটা বাদ দিয়ে তাঁরা তাঁর ভূদান যজ্ঞকে নিয়েছেন এবং দেশের মধ্যে শ্রেণী সংগ্রাম যাতে না হয় তার জন্য এই অস্ত্র গ্রহণ করেছেন। ভূদান আন্দোলন মারফত তাঁর আদর্শ সম্বন্ধে যদি কোন বক্তব্য তাঁরা রাখতেন তাহলে আমরা বাধা দেব না, বরং আলিঙ্গন করব।

এই যে আইন রচিত হচ্ছে, আমি তো জানি আমার জেলায় এবং বিভিন্ন জেলায় দেখেছি গ্রামদান বলে কোন গ্রাম আছে কিনা আমি জানি না। মুর্শিদাবাদে আমি গ্রামদান সম্পর্কে জানি যারা বড় বড় গভর্নমেন্ট কন্ট্রাক্টর তারা বিনোবাজীর বড় বড় মিটিং ডাকবার দায়িত্ব নেন, সেই মিটিং-এ তাঁরা গিয়ে বলেন আমরা জমি দেবো, দানপত্র হয়ে যায়, তারপর দেখা যায় সেই জমি আইনতঃ স্বীকৃত হওয়ার সম্ভাবনা নাই। সেই জমি উষর জমি, মিথ্যাভাবে দেওয়া হয়েছে।

এবং এগুলি হয়ে যাবার পরপরই সেই সব কন্ট্রাক্টার-এর লোক সরকারের কাছ থেকে পরবর্তী অধ্যায়ে বলেন আমরা জমি দিয়েছি, রিফিউজী কলোনী করে দিয়েছি, এই গ্রামদান করেছি, আমাকে পারমিট লাইসেন্স পাইয়ে দেওয়া হোক। কাজেই এই যে ভূদান আইন যজ্ঞের পেছনে নির্মম হস্ত খেলা করছে তার উৎখাত দরকার। সেজন্য বলছি ভূদান যজ্ঞটাকে নিয়ে বিনোবাজীর নাম নিয়ে আশে পাশে বিনোবার বিরোধী লোকেরা ঘুরে বেড়াচ্ছে। আজকে কংগ্রেস সরকার এই ভূদান যজ্ঞকে সামনে রেখে গ্রামদান নিয়ে নূতন সমাজের সম্পর্কে গ্রামদান পরিষদ গঠন করে সেই গ্রামের ভিতর দিয়ে নূতন সমাজ ব্যবস্থা পত্তন করবার অনেক কথা বলেন। এটা অবাস্তব কাল্পনিক, এটা হতে পারে না, হওয়া সম্ভবও নয়। ইতিহাসে এটা কোনদিন হয়নি, হবেও না। কারণ শ্রেণী সংগ্রাম পৃথিবীতেই স্বভাবতঃই থাকবে, সেই দ্বন্দ্বকে যখন শাসকবর্গ ও শোষকবর্গ এমন অবস্থায় নিয়ে যায় যেখানে সংগ্রামে পরিণত হয়, শ্রেণী সংঘর্ষে পরিণত হয় এবং তার ফলে ভূমি বিপ্লব হয়, জোর করে নিতে হয়, সেই পথে যেতে বাধ্য হবে যদি শাসক সম্প্রদায় বিবেচনার সঙ্গে ভূমি সংস্কার না আনতে পারেন দেশে। আমি আর একটা বলতে চাই এই যে ভূদান সম্পর্কে বিনোবাজী তেলেঙ্গানা গেছলেন, নালাগণ্ডায় ঘুরেছিলেন, সেখানে রামচন্দ্র রেড্ডী নামে একজন ১০০ একর জমি দান করলেন, সঙ্গে সঙ্গে শোনা গেল কমিউনিস্ট পার্টির হাত থেকে যদি বাঁচবার দরকার হয়ও জমিটমি দান করে দাও, কিংবা ভূমি সংস্কার-এর ভূমি বিপ্লব রুদ্ধ করে দাও। অনেক জোতদার ভয়ে লোক দেখানর জন্য জমি দান করেছিলেন, এবং ১০০ একর জমি রামচন্দ্র রেড্ডী দান করেছিলেন। তখন বিনোবাজী বলেছিলেন যে আমি সারা ভারতবর্ষ ঘুরবো, প্রত্যেকটি জায়গায় যাবো, পদব্রজে ঘুরবো, আমি ৫ কোটি একর জমি চাই। ৪০ কোটি লোক একের আট জমি চাই, সারা ভারতবর্ষে ল্যান্ড পুলে ৫ কোটি একর জমি চাই। এই পাঁচ কোটি একরের মধ্যে কত পাওয়া গেছে? বাংলাদেশে কত পাওয়া গেছে? এত বড় একটা বিল নিয়ে এসেছেন, বাংলাদেশে ভূদান কত হয়েছে? কটা গ্রাম আছে এবং গ্রাম পরিষদ হতে পারে সে সম্পর্কে আমরা কিছু খুঁজে পাচ্ছি না, বাস্তব ভিত্তি কি? তিনি বলেছেন ৫ কোটি একর জমি চাই। ১৯৫২ সাল থেকে ১৯৫৭ সালের মধ্যে তিনি ৫ কোটি জমি চেয়েছিলেন, ১৯৬২ সাল পর্যন্ত এই ১০ বছরে দেখলাম ২৯·৮ লক্ষ একর জমি তিনি পেলেন। তারপর ১৯৬৩ সালের ফেব্রুয়ারী পর্যন্ত ৪১·৬ একর জমি পেলেন, তার মধ্যে বিলি হল ১১·২ লক্ষ জমি। এত জমি তিনি চেয়েছিলেন কিন্তু পেলেন কত, মাত্র ৩ পারসেন্ট, ১০ বছরে। তারপর যা পেলেন তাও আবার বিলি হল না। তিনি পেলেন ৪১ লক্ষ একর তার মধ্যে বিলি হল ১১ লক্ষ একর। আর বিলি হল না আইনে আটকাচ্ছে, লোককে দিয়ে কাজ করান যায় না। এই তথ্য থেকে আমরা দেখছি কি? এই ভূদান যজ্ঞ, বিনোবাজীর নাম, সর্বোদয়ের নাম ইত্যাদি ভাল ভাল কথার পেছনে কতকগুলি কায়েমী স্বার্থের প্রতিনিধি আছে যারা এটাকে হাতিয়াররূপে ব্যবহার করেছেন। আমার মনে হয় যে গ্রামদান বিল এখানে পাশ হচ্ছে সেইটাকে হাতিয়ার হিসাবে গ্রামের গরীবদের বিরুদ্ধে, ক্ষেতমজুরদের বিরুদ্ধে, সাধারণ মজুরের বিরুদ্ধে ব্যবহার করা সম্ভব হতে পারে। আমাদের গ্রামদান বিলের যেসব জিনিষ কাজে লাগবে ভবিষ্যতে তার উপরই কায়েমী স্বার্থ কাজ করছে। আমি এখন সে সম্পর্কে কিছু বলতে চাই। শ্যামাদাসবাবু বলছিলেন স্বেচ্ছায় লোকে স্বতঃপ্রণোদিত হয়ে নাকি জমি দেবে, তার জন্য এই আইন করা হচ্ছে। তাত নয়, বিনোবাজী কি চান জানি না। এটা জানি যে আজকে কেউ স্বেচ্ছায় জমি দেবে না আইন না করলে। আর কন্ট্রিবিউশন ওয়ান থার্ড ইত্যাদি যা করেছেন এ সমস্ত আসবে না যদি না আইন করে না আনতে চান কেননা এটাকে এখনও বানচাল করার জন্য লোক বেঁচে আছে।

[3-20—3-30 p.m.]

সরকারকে দুর্নীতি দমন করতে গিয়ে নাকানিচুবানি খেতে হচ্ছে, তেমনি আমি মনে করি গ্রামদান বিল যখন কার্যকরী করতে যাবেন তখন দেখা যাবে এই আইনে ল্যান্ড পুল সম্পর্কে যে ধারা আছে, কনস্ট্রিবিউশন সম্পর্কে যে ধারা আছে, এ্যালটমেন্ট অব ল্যান্ড, ভাগচাষীর অধিকার, জমি বিলি, এড হক কমিটি সম্পর্কে যে ধারাগুলি আছে সবই কায়েমী স্বার্থবাদী লোকেরা বানচাল করে দেবে। তারা ল্যান্ড পুলএ জমি দিতে চাইবে না, কনস্ট্রিবিউশন দিতে চাইবে না, তারা ভাগচাষীকে উচ্ছেদ করতে চাইবে, তারা বলবে স্ট্যান্ডিং কমিটিতে, এড হক কমিটিতে আমাদের লোক নিতে হবে। তাদের স্বার্থের বিরুদ্ধে গেলেই তারা প্রতিরোধ করবার চেষ্টা করবে।

এ সম্পর্কে সরকার কি ব্যবস্থা করতে চাচ্ছেন তার কোন গ্যারান্টি আমরা এখনো পাইনি। তেভাগা আইন করা হয়েছে, কিন্তু সেটা তাদের বিরোধিতার জন্য কার্যকরী করতে পারেননি সরকার। ও'রা মুখেই যতই বলুন না, আমি বলব, কায়েমী স্বার্থবাদীদের পুষবার জন্যই তাঁরা এই বিল এনেছেন। আরেকটা কথা আমি বিশেষ করে বলতে চাই, ল্যান্ড রেভেনিউ অফিসার যাঁরা এপয়েনটেড হবেন, তাঁরা যেন এইসব কায়েমী স্বার্থবাদীদের সঙ্গে যোগসাজস করার সুযোগ না পান সেদিকে লক্ষ্য রাখতে হবে। আমরা লক্ষ্য করে দেখেছি তাঁদের সঙ্গে তাদের খুবই দহরমমহরম। আমার বক্তব্য হচ্ছে, যদি দেশের ভিতর এই আদর্শ গড়ে তুলতে পারেন যে, ভূমি কারুর সম্পত্তি নয়, সকলের জন্যই, তাহলে হয়তো কিছুটা কাজ হতে পারে।

এতবড় ভূমি সংস্কারের ফলে সেখানে নূতনভাবে সমাজ গড়তে পারতেন সেই ভূমি সংস্কার কংগ্রেস সরকার বিগত ১৫ বছরের মধ্যে করতে পারেননি এবং সেটা করতে পারেননি বলেই হতাশার মধ্যে তাঁরা ভূদান বিল নিয়ে এসেছেন. তবুও এই ভূদান বিলের মধ্যে যতটুকু কল্যাণ সরকার সুযোগ আছে তাকে বানচাল করবার যদি সুযোগ দেন তাহলে আমি বলবো দেশের লোক আপনাদের ক্ষমা করবে না।

Shri Nani Bhattacharjee:

যখন কোরাম ছিল না তখন যে কথাটা আমি বলেছিলাম মাননীয় স্পীকার মহাশয়, সেটা আমি আপনার মাধ্যমে প্রথমেই বলতে চাই। সেটা হচ্ছে এই যে যেমন আইনের লাইব্রেরীতে বহু বই অকেজো অবস্থায় লোকে পায় ঠিক তেমনি এই ধরনের একটা বিল আনার কথা মাননীয় মন্ত্রী মহাশয় ভেবেছেন। জমি বা ভূমিদান করা ব্যাপারটা ছিল সরকারের। যেসমস্ত ভূমি তাঁরা নিচ্ছেন সেখানে তাঁদের দায়িত্ব ছিল যে সেগুলি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি বিতরণ করে দেয়া কিন্তু আমরা দেখলাম যে সরকার তা পারেননি, সেখানে কত ভেস্টেড ল্যান্ড আসবে সে সম্বন্ধে আনুমানিক হিসাব দিতে গিয়ে তাঁরা আশা করেছিলেন যে বাংলাদেশে ৬ লক্ষ একর ভেস্টেড ল্যান্ডের পরিমাণ হবে. পরে বিমল সিংহ মহাশয় বললেন এটা আমরা পাবো না। ৪ লক্ষ একর। তারপরে অতি সম্প্রতি যে হিসাব এখানে মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয় পেশ করলেন সেটা হল ২ লক্ষ ৪০ হাজার একর জমির মত ভেস্টেড ল্যান্ড হিসাবে তাঁরা পাবেন। আমরা দেখছি যে কোথায় ল্যান্ড কনসেনট্রেসন দূর করবার জন্য ভূমি সংস্কার আইনের পরিবর্তন করা দরকার, সেখানে কোন কিছু হল না. সেখানে আমরা দেখলাম. এমন কি অন্য সমস্ত রিপোর্টের কথা বাদ দিলাম. আমি কুমারাপ্পা রিপোর্টের কথা বলছি. এ আই সি সি কর্তৃক যে কমিটি তৈরী হয়েছিল তিনি তার চেয়ারম্যান ছিলেন—সেই কুমারাপ্পা কমিটির রিপোর্টে সেখানে ৫ একর মাথাপিছু ভূমিহীন কৃষকদের জমি দেবেন এই হিসাব দেয়া হয়েছিল এবং তার ৩ গুণ মাত্র সিলিং ফিকস করে দেবার কথা হয়েছিল এবং সেখানে ভারত সরকার এটা ঘোষণা করেন যে যেটাকে বেসিস তাঁরা ধরছেন, সেটা ঘোষণা করা সত্ত্বেও বাংলাদেশের সরকারের ক্ষেত্রে দেখলাম যে সেগুলিকে মানা হল না। সেই কুমারাপ্পা কমিটির রিপোর্টে যে সুপারিশ ছিল যে আজকে এবং মিডিয়াম সাইজড হোল্ডিং থাকবে এবং সেগুলিকে কো-অপারেটিভের মধ্যে কনসলিডেট করে সেখানে বৃহৎ খামারের বা বৃহৎ চাষবাসের ব্যবস্থা চলবে. সেখানে কোন কিছু দেখলাম না বা এইভাবে ভূমি সংস্কার আইন বলুন বা এস্টেট এ্যাকুইজিশন আইন বলুন সেগুলিকে সংস্কার করবার কোন চেষ্টা দেখলাম না। অন্যদিকে দেখতে পাচ্ছি এরকম ধরনের বিল আনা হচ্ছে এবং এই ধরনের একটা বিল এলে তাঁরা আচার্য বিনোবা ভাবের যে ভূদান যজ্ঞ আন্দোলন সেই আন্দোলনকে এবং বোধহয় তার সঙ্গে সঙ্গে তিনি যে আদর্শের কথা বলেন সর্বোদয় সমাজের আদর্শ সেই আদর্শের উপর যেন একটা সরকারী ছাপ বসিয়ে দেবার কথা ভেবেছেন। সেই সর্বোদয় সমাজের আদর্শ ভাল কি মন্দ সেই আলোচনার মধ্যে না গিয়া একথা পরিষ্কারভাবে বলা যায় যে বাংলাদেশের সরকার বা ভারত সরকার তাঁদের ভূমি সংস্কার নীতি সেটা গ্রহণ করেছেন তার মধ্যে কোথাও আচার্য বিনোবা ভাবের সর্বোদয় সমাজ গঠনের যে পরিকল্পনা বা তাঁর ভূদান যজ্ঞের যে পরিকল্পনা সেই পরিকল্পনাকে না তাদের তিন তিনটি পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, না কোন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করেছেন বা সে সম্বন্ধে কিছু বলেছেন। আমি জানি না যে অন্য কোন রাজ্যে এই ধরনের কোন বিল এসেছে কিনা কিন্তু এখানে আমরা দেখতে

পাচ্ছি যে সেই ধরনের আন্দোলনকে একটা সরকারী ছাপ দেয়ার চেষ্টা হচ্ছে এবং বলা হচ্ছে যে এই দান যা হয়েছে, যে সম্পত্তি দান হয়েছে, গ্রামদান হয়েছে তাকে আমরা কিভাবে বন্দোবস্ত করবো, কিভাবে ম্যানেজ করবো সেই সংক্রান্ত বিল আনা হচ্ছে।

[3-40—3-50 p m.]

আমি জানি না, আপনি বলবেন যে অন্যান্য রাজ্যে এইরকম ধরনের আইন, টাইন তৈরী হয়েছে কিনা? যদি হয়ে থাকে বলবেন। কিন্তু, আমি জানি না, আমি সেটা আগেই বলেছি। কিন্তু, এখানে দেখছি যে এইরকম ধরনের একটা ব্যবস্থা হচ্ছে, সর্বভারতীয় সরকার যেটা করেননি। যেটা তারা কৃষির মধ্যে বা ভূমি সংস্কার আইনের মধ্যে নেননি: সেখানে সমস্ত কিছু ছাপিয়ে আমাদের বাংলা সরকার অগ্রণী হয়ে, এই ভূমিদান আন্দোলন যেটা চলেছে তার একটা সরকারী সমর্থন, বা সরকারী স্যাংসন দেবার চেষ্টা করছেন, এবং সঙ্গে সঙ্গে এই আন্দোলনের মাধ্যমে যে জমি পাওয়া গিয়েছে বা যা ভবিষ্যতে পাওয়া যাবে, সেটা কিভাবে চালান যায়, কিভাবে বিলি ব্যবস্থা, বাটোয়ারা করা যায়, সেটাকে নিয়ে কৃষি খামার যাবতীয় যা কাজ কর্ম হবে, সেটা ঠিক করার জন্য সে সম্বন্ধে একটা আইন নিয়ে আসছেন।

মিঃ স্পীকার, স্যার, এর আগে মাননীয় সদস্য রাহা মহাশয় ও কোনার মহাশয় আলোচনা করেছেন যে এই আন্দোলনের উদ্দেশ্যটা কি? সেটার সম্বন্ধে আমি আর খুব বেশী দূর যেতে চাই না। এটা খুব পরিষ্কার ব্যাপার যে বাংলাদেশে চাষীদের যে ভূমির ক্ষুধা এবং তার জন্য যে আন্দোলন দীর্ঘকাল ধরে চলে এসেছে, সেখানে হৃদয় পরিবর্তনের ভিতর দিয়ে বিনোবাজী তাদের সেই ভূমির ক্ষুধা মেটাবার চেষ্টা করলেও বা সে সম্বন্ধে ভাবলেও, সেটা যে কতখানি অবাস্তব, তা বাংলাদেশের এই ভূদান যজ্ঞের আন্দোলনের ভিতর দিয়ে আমরা দেখতে পেয়েছি। মুর্শিদাবাদের চিত্ত সনৎ রাহা মহাশয় তুলে ধরেছেন, কাকদ্বীপ এবং ২৪-পরগনা সম্বন্ধে এই হাউসে আলোচনা হয়েছে। কাকদ্বীপ এবং ২৪-পরগনায় সেই ভূদান যজ্ঞ কতখানি প্রহসন দেখা দিয়েছে সেটা আলোচিত হয়েছে এই হাউসে। জলপাইগুড়ি জেলাতে, সেখানের বহু জোতদারদের সম্বন্ধে আমি জানি, এবং তাদের নামের লিষ্ট আমি দিতেও পারতাম, সেটা হচ্ছে এই যে বহু বেনামী জমি বলুন, বহু ভেস্টেড ল্যান্ড বলুন, সেগুলোকেও তারা এইরকম ধরনের সেই যজ্ঞের দান হিসাবে সেখানকার জোতদাররা বিনোবাজীর হাতে সমর্পণ করেন, এবং ঠিক এইরকম একটা অবস্থা দেখা দিয়েছে যে যখন বিনোবাজী নামছেন, আমাদের কংগ্রেস নেতারাও নামছেন এবং তাঁদের সঙ্গে সঙ্গে নামছেন সরকারী যারা মন্ত্রীরা এবং সরকারী দপ্তরের যাঁরা লোক তাঁরাও ও'দের সাথে ঘুরছেন, এবং তাঁদের সঙ্গে সঙ্গে বিভিন্ন অঞ্চল ও জেলার যারা অপরচুনিস্টস, সুবিধাবাদী লোক, যারা সরকারের কাছ থেকে আদায় করে কিছু করে কম্মে নিয়ে চলতে চায়, সেই ধরনের লোক, এইরকম প্রকৃতির লোক, তারা বিনোবাজীর নজরে পড়বার জন্য, এবং বিনোবাজীর মারফতে সেখানে বাংলাদেশের সরকারী কর্ণধারদের নজরে পড়বার জন্যে তারা কিছু কিঞ্চিৎ দান করেছে, এবং সেই দানের মধ্যেও ভেজাল দান আছে। এটা বাংলাদেশের সেই জলপাইগুড়ি থেকে আরম্ভ করে ২৪-পরগনা পর্যন্ত ছড়িয়ে আছে। ভূমি রাজস্ব মন্ত্রী থেকে আরম্ভ করে কেউ বলতে পারলেন না যে আজ পর্যন্ত সেখানে কতখানি জমি পাওয়া গিয়েছে, বা কতগুলি গ্রাম এই গ্রামদানের মধ্যে এসে গিয়েছে। অর্থাৎ যে গ্রামদান করা হয়েছে সে সম্পর্কে তাঁরা কোনরকম আভাস দিতে পারলেন না, কোনরকম কথা বা কোনরকম একটা হিসাব দিতে পারলেন না। এবং এখানে ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়ের কথা থেকে আমরা বুঝলাম যে কি জানি, কি হবে, এইরকম একটা সংশয় তাঁদের মনে রয়েছে।

মাননীয় স্পীকার মহাশয়, ঠিক এইরকম ধরনের একটা মনোভাব তাঁর উদ্বোধনী বক্তৃতার মধ্য দিয়ে প্রকাশ পেতে আমরা দেখলাম, এবং এটাও লক্ষ্য করলাম যে তিনি তাড়াহুড়ো করে এইরকম একটা বিল আমাদের সামনে নিয়ে আসলেন এবং এই বিলের মারফতে, যে সমস্ত গ্রাম নাকি পাওয়া গিয়েছে, সেগুলোকে কিভাবে ম্যানেজড করা যাবে, সেখানে চাষাবাদ কি রকম হবে, তার কতখানি জমি কমন পুলএ আসবে, অর্থাৎ যে সমস্ত অর্পিত জমি, তার কি পরিমাণ কমন পুলএ আসবে, সেগুলো পর্যন্ত বলা হয়নি।

আপনি জানেন স্যার, যে বিনোবাজী, তিনি আইনের প্রশ্রয় নিতে চাননি, ভূদান আন্দোলনের ক্ষেত্রে তিনি হৃদয় পরিবর্তন নীতির উপর বিশ্বাস করেন। এবং বিশ্বাস করেন বলেই যে আইনের মাধ্যমে যেখানটায় এ'রা কৃষি সংস্কার নীতি বলুন বা এস্টেট একুইজিসান অ্যাক্ট বলুন, যে আইনগুলি তৈরী হয়েছে সেই আইনগুলিও তৈরী হোক, তিনি তা চাননি। তা না চান কিন্তু তিনি এইরকম ধরনের তাঁর যে লেখা সেই লেখা যতটুকু পড়েছি তার মধ্যে থেকে এইটুকু অন্ততঃ জানি যে যেসমস্ত জমি পাওয়া যাচ্ছে সেই সমস্ত জমি কিভাবে আবাদ হবে না হবে সেইগুলি সম্বন্ধে একটা আইন করে কিছু করতে হবে ঠিক এই ধরনের কথা অন্ততঃ বিনোবাজীর যেসমস্ত লেখা আছে সেই লেখার মধ্যে আমরা দেখি না, যে আইন সেখানে প্রয়োগ করতে হবে, সরকারকে তার জন্য আইন করতে হবে ঠিক সেই ধরনের কোন কথা বিনোবাজীর লেখায় আমি অন্ততঃ পাইনি এবং মাননীয় মন্ত্রীমহাশয় যিনি জবাব দেবেন তিনি যদি সেইরকম ধরনের বইএর উল্লেখ করেন আমি বাধিত হবো। বরং আমি দেখেছি যে নোয়াখালিতে বিনোবাজীর যে কনসেপসান বিনোবাজীর যে আইডিয়া সেটা হচ্ছে এই যে সবাই স্বেচ্ছায় জমি দান করবে এবং সেই স্বেচ্ছায় পাওয়া যে জমি সেটা সমস্ত গ্রাম যেন স্বেচ্ছাপ্রণোদিতভাবে তারা নিজেরা সমস্ত গ্রামের, গ্রাম-বাসীর উপকারার্থে সেই জমিকে ব্যবহার করবে, সেই জমির আবাদ কিভাবে হবে সেটা ঠিক করবে। এটা যেন একটা স্বেচ্ছামূলক ব্যাপার, কোন আইনের বাধ্যবাধকতার জালের মধ্যে জড়িয়ে থেকে সেইরকম ধরনের একটা ব্যবস্থা গড়ে উঠবে এইরকম ধরনের কোন আভাস কোন বইএর মধ্যে নেই বলেই আমার জানা, এবং মাননীয় মন্ত্রিমহাশয় যিনি এর জবাব দেবেন তিনি যদি কোন একটা বইএর উল্লেখ করতে পারেন সেখানে আমি আগেই বলেছি যে আমি বাধিত হবো। মাননীয় স্পীকার, স্যার, এখন আইনের ভিতরে একটু ঢোকা যাক। সেখানে আমরা দেখতে পাচ্ছি কি? যে হরেদরে একটা জায়গাতেই থাকা হচ্ছে। যাঁরা জমি দিলেন, যে যা জমি দিচ্ছেন তার শতকরা পাঁচ ভাগ কমন পুলএ যাচ্ছে। সেই কমন পুলের জমি যারা ভূমিহীন তারা চাষবাস করবে। আর কি হল? যাঁরা দিলেন তাঁরা আবার অর্পণনামা পাবেন। এবং সেই অর্পণনামা তার মানে তিনি অন্যভাবে তাঁর সে যে দেওয়া জমি তিনি রাখার, চাষ আবাদ চালানোর সুযোগ পেয়ে যাচ্ছেন। অদ্ভুত ব্যাপার, দানের মহিমা বোঝা যাচ্ছে না। সেখানে সেইরকম ধরনের একটা দান যেটা দেওয়া হয়ে গিয়েছে সেইরকম জমি আবার অর্পণনামার আকারে তিনি ফিরে পাচ্ছেন এবং এই আইনে কালকে যে সংশোধনী প্রস্তাব গৃহীত হয়েছে তার আগের যে আইন, যে বিলটি ছিল সেই বিলটিতে ইনহেরিটেন্স কথাটা ছিল না কিন্তু দেখা গেল যে একটা সংশোধনী প্রস্তাব গ্রহণ করে নেওয়া হল যাতে সেই যে দত্ত জমি সেই দত্ত জমি যিনি দিলেন তিনিও ভোগ করতেই পারবেন তিনি বংশপরম্পরাও ভোগ করতে পারবেন। সেইরকম ধরনের একটা ব্যবস্থা করে দেওয়া হল। কেবলমাত্র তিনি বিক্রি করতে পারবেন না, ট্রান্সফার করতে পারবেন না, এই পর্যন্ত মাত্র বন্ধন রাখা হয়েছে। কি দান আমি বুঝলাম না, কি ধরনের দানের মহিমা আমি বুঝলাম না। প্রথম আমি বলেছি যে দানের পরিমাণ খুবই কম। যে জমি দান হয়েছে তার মধ্যে আমি আগেই বলেছি যে অনেক জমি ভেসটেড ল্যান্ডের মধ্যে পড়ে, অনেক জমিকে কেন্দ্র করে মামলা মোকর্দমা চলছে, এইরকম ধরনের জমি এই দানের মধ্যে পড়েছে এবং অনেক জমি আনকালটিভেবল ল্যান্ড, যেগুলিকে কোনরকমেই চাষ যোগ্য করা যায় না এইরকম জমি পড়েছে, তা সত্ত্বেও যেটুকু জমি থাকলো, যদি আবাদযোগ্য জমি যেটুকু পড়ছে সেই জমির অর্পণনামার মাধ্যমে, ধরুন আমি জমি দিয়েছি, আমি আমার জীবদ্দশায় ভোগ দখল করতে পারবো এবং বংশপরম্পরায় আমি ভোগ দখল করবার অধিকার পাচ্ছি। এটা অন্ততঃ যতটুকু বিনোবাজীর লেখা পড়েছি। বিনোবাজীর বইপত্র দেখেছি, তাতে অন্ততঃ এইরকম ধরনের একটা আইডিয়া তাঁর মাথায় ছিল না, তাঁর লেখায় ছিল না, এমন একটা অদ্ভুত জিনিস এই বিলের মধ্যে আনা হচ্ছে। মাননীয় স্পীকার, স্যার, এর পরে আর একটা জিনিস আছে সেটা হচ্ছে যে মালটিপ্লিকেসান অফ পরিষদস এবং অরগানাইজেসনস এই বিলের মধ্যে আনা হয়েছে। ধরুন এখন এমনি পঞ্চায়েত আইন অনুসারে গ্রামসভা গ্রাম পঞ্চায়েতের একটা স্ট্রাকচার গড়ে উঠছে, আমি এটা ধরে নিলাম যে কিছু জমি পাওয়া গিয়েছে সেই জমি কিভাবে তার চাষ আবাদ করতে হবে সে জমির ফসল কে ভোগ করবে সে সম্বন্ধে একটা বিধি ব্যবস্থা করতে হবে। কেন পঞ্চায়েত আইনে সেই গ্রামসভা বা গ্রাম পরিষদের হাতে বা গ্রাম পঞ্চায়েতের হাতে সে দায়িত্ব দেওয়া যেতে পারতো। তা করা হল না, সেখানে সেই ধরণের কোন ব্যবস্থা করা হোল না।

3-40—3-50 p.m.]

া সেটা ট্রান্সফার করা হোল না, বা এরকম একটা কিছু করা হোল না। সেখানে একটা পাল্টা াম পরিষদ তৈরী করা হোল যার স্ট্যান্ডিং কমিটি তৈরী হবে এবং দেখা যাবে সেই সমস্ত ট্যান্ডিং কমিটিতে যাঁরা দান করেছেন সেই দাতারা গিয়েই জাঁকিয়ে বসবে। অর্থাৎ এক কথায় ড়াচ্ছে গ্রামের ভূমিহীন কৃষকদের যারা শাসন ও শোষণ করছে সেই কায়েমী স্বার্থের লোকেরা, রা গ্রামের মধ্যে সংখ্যায় মুষ্টিমেয় তারা এই সমস্ত গ্রাম পরিষদ বা বিভিন্ন স্ট্যান্ডিং কমিটি া হবে তার মধ্যে গিয়ে জড়ো হচ্ছে। আইনের মধ্যে বা বিলের মধ্যে সে বিষয়ে কিছু বলেননি। ারপর, জমি যেখানে পাওয়া যায়নি বা যে জমি পাওয়া গেছে সেটা যদি বিরোধমূলক জমি হয় া আবাদ যোগ্য জমি না হয় তাহলে তার জন্য এত মাথা ঘামাবার কারণ কি বা এই বিল আনবারই া প্রয়োজন কি? মাননীয় স্পীকার মহাশয়, আমি গোড়াতে যেকথা বলেছিলাম সেকথা দিয়েই শেষ করছি এবং সেটা হচ্ছে অলমারীতে বহু আইনের বই শোভা পেলেও তার বাস্তব প্রয়োগ যদি না হয় তাহলে তার যে অবস্থা হয় এটাও সেই জায়গায় থেকে যাবে। এর বেশী উটিলিটি বা উপযোগিতা এই বিলের আছে বলে আমার মনে হচ্ছে না।

Shri Bejoy Kumar Banerjee :

াননীয় স্পীকার মহাশয়, আমাদের তরফ থেকে রাধাকৃষ্ণ সিংহের বলবার কথা ছিল, কিন্তু র্ভাগ্যবশতঃ তিনি দেশে চলে গেছেন বলে আমাকে বলতে হচ্ছে। আমি গ্রামদান বিল ভাল রে দেখেছি, সিলেক্ট কমিটিতেও ছিলাম, কিন্তু ভাল করে বোঝবার চেষ্টা করা সত্ত্বেও আমি কিছু বুঝিনি। যাহোক, আমি মনে করি এর বাস্তব চিত্র কোনদিন রূপায়িত হবে বলে মনে য় না, কারণ এর সবই কল্পনা, আদর্শ, স্বপ্ন। শুধু তাই নয়, বাস্তব জগতে যা দেখি তার সঙ্গে এর কোন মিল নেই। প্রথম কথা হচ্ছে গ্রামদান করতে গেলে যার জমি আছে তার মায়া করলে লবে না—সব জমি গোপালের এটা বহুদিন থেকে শুনে আসছি এবং সেটাই ভাবতে হবে। মস্ত লোককে জমি দিয়ে দিতে হবে এইসব কথা লেখা আছে। বিনোবাজীর আদর্শে যে ভূদান জ্ঞ হয়েছে তাতে অনেক জমিজমা পাওয়া গেছে এবং তার আইনগত স্বীকৃতি দেবার জন্য এই বিল আনা হয়েছে। কিন্তু সত্যই ক্ষমতা কাকে আইনে দেওয়া হোল সেটা বলা হয়নি—অর্থাৎ দবটাই অনিশ্চিত, ভবিষ্যতের উপর ছেড়ে দেওয়া হয়েছে। একজন লোক গ্রামদান করতে আসবে, দব জমি দিয়ে দেবে, কিন্তু কাকে দেবে সেটা বলা হয়নি। সেখানে বলা হয়েছে, "টু হি প্রেস-াইবড"। আমি গানে দেখেছি প্রত্যেক জায়গায় ফিউচারে প্রেসক্রাইবড অথরিটি আসবে, কাজেই কাকে কি দেওয়া হোল সেটা বোঝা গেল না। তবে "গ্রামনিধি" প্রভৃতি কতগুলি নূতন কথা আমরা শিখেছি, সেগুলি আগে শুনতাম না। যাহোক, ভাল যখন আমিও চাই তখন ভাল কাজে াধা দেবার কিছু নেই, কিন্তু বাস্তব অভিজ্ঞতায় যা দেখেছি তাতে বলতে পারি সুবিধা কিছু বে না। কি উদ্দেশ্য আছে জানি না, তবে মনে হয় বিনোবাজী চেয়েছেন মূল পরিবর্তন হবে, মতাবোধের পরিবর্তন হবে, এক জায়গায় চাষবাস হবে এবং গ্রামের উন্নতি হবে।

মমতাবোধ যদি না হয় তার জন্য মমতাবোধ করাবে, তার জন্য আইন হয়েছে, ঠিক বিনোবাজী বরূপভাবে গ্রামদান করতে চান, এই আইনের মারফত এইভাবে গ্রামদান হয় না। তাহলে বলতে য় আইন যা করা হয়েছে তা ভুল। আরও দেখবেন সংবিধানে যেসব নাগরিক অধিকার দেওয়া য়েছে তার সঙ্গে অনেক জায়গায় সংঘর্ষ বেধেছে, এমন আইন করে দিলেন। সংবিধান আছে আমাদের জমি যা খুসী তাই করবো। এখানে লেখা আছে তা না, একবার যদি দিয়ে থাক, আর কিছু তুমি করতে পার না, গ্রাম পরিষদ করবে। গ্রাম পরিষদ তোমরা টাকা যা ধার করেছে তা শোধ দেবে। এটা কি-রকম ব্যাপার? গভর্নমেন্টের পাওনা গণ্ডা ষোল আনা দিতে হবে, সেটা বেশ ভাল করে লেখা আছে। সকলেই যখন এই রকম দান খয়রাতি করছেন গভর্নমেন্ট তার পাওনা গণ্ডা নিচ্ছেন না কেন? আমি কালেকটিভ ফার্ম দেখে এসেছি, অন্য ব্যাপার সব এরকম

নয়। গভর্নমেন্টের ষোল আনা ক্ষমতা আছে। সেচ দেবে রেন্ট দেবে, না দিলে মারধোর করবে হবে সেই সব ব্যবস্থা আছে। সকলের চেয়ে বড় কথা—আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় লোক খুব ভাল, খারাপ নয়। উনি বিনোবাজীর কথা বলছেন, কেন আইন কার্যকরী হয় না যদি না আইনের রক্তচক্ষু দেখান হয়, এটাই ইনি লিখেছেন, আইন কার্যকরী হয় না যদি না আইনের পেছনে জনসমর্থন থাকে। আর একটা কথা লিখেছেন, আইনকে কার্যকরী করার জন্য আইন করছি জনমত নিয়ে, আমি তো স্যার বছর আড়াই ধরে এখানে আছি। কিন্তু কোন আইন জনমত নিয়ে হয়েছে কিনা দেখান। বার বার এখানে থেকে বলা হয়েছিল, আমি নূতন লোক শেখান হচ্ছে জনমত নেওয়াটা লিখতে হয়, নিতে হয় না, এলিসিটিং পাবলিক ওপিনিয়ন এই কথা লিখলে আপনি বলতে পারেন। আমাদের সিদ্ধার্থবাবু অনেক দিনের লোক তিনি বললেন এলিসিটিং পাবলিক ওপিনিয়ন ওটা জনমত নয়, ওটা লিখলে তবে আপনি বলতে পারবেন। উনি লিখেছেন গ্রামদান রক্তচক্ষু দেখালে হবে না, জনমত-এর দ্বারা হবে। বাস্তব ক্ষেত্রে আমরা কি দেখছি, আমরা এই কয়দিন কত চেষ্টা করলুম, অনুনয় বিনয় করলুম, গণতন্ত্র সমাজের কথা কতবার বললুম, কিন্তু সভায় মুখ্যমন্ত্রীকে আনতে পারলুম না। এসব করে কিছু হবে না। বিনোবাজীকে যদি বড় করতে হয়, তিনি কি করেছেন এটা বললে যদি তাঁর আদর্শকে রূপায়িত করা হয়, যেমন আমরা এখানে গণতন্ত্র করছি, এসব দেখাবার অন্য যদি সার্থকতা বা প্রয়োজনীয়তা থাকে একশবার করি, এতে দেশের মানুষের ভাল হতে পারে না। এই যে এতদিন ধরে ৫ লক্ষ একর জমি নিয়েছেন, উনি বলেছেন ওগুলোকে যে লোককে দেবেন এই রকম একটা পরিবেশ সৃষ্টি করতে হবে। মমতাবোধ জমি থেকে ছাড়তে হবে, এবার সেগুলি বিলি ব্যবস্থা করুন। এই যে জমি সব নিয়েছেন তার ফলে ভূমিহীন লোকের সংখ্যা চাষীদের সংখ্যা এখন বেড়েছে না কমেছে? এত কান্ড করে কত কোটি কোটি টাকা দিয়ে জমি দখল করলেন এতে কি আপনারা চাষীদের কোন উপকার করতে পেরেছেন? তবু জমিদাররা খাজনা আদায় করতো, তাঁরা পুকুর টুকুর খুঁড়ে দিত, সবাই খারাপ ছিল না। এখন জমিদারের যে অত্যাচার দেখছেন, সেই জমিদার হল সরকার এবং সব চেয়ে বড় জমিদার এই সরকার, একবার অত্যাচার যদি দেখতে হয় তবে দেখে আসুন। জমিদারী এখন লোকসানে রান করছে। কোটি কোটি টাকা বেরিয়ে গেছে, তাছাড়া দিনের পর দিন লোক বাড়ছে, বাসের জায়গা ইত্যাদি জোর করে লিখিয়ে নিচ্ছেন, বিনোবাজীকে কোথায় মনে করেন জানিনা, যদি গরীব মানুষ সত্য কথা লেখে তার বাড়ী সম্পত্তি বিক্রী না করলেন সে যে ভূমিহীন তা ঐরকম করে লেখাবার ব্যবস্থাই হবে না যেখানে গণতন্ত্রে কোরাম ফেইল হয়, যেখানে বলা হয় আইনে লেখা আছে মুখ্যমন্ত্রী আসতে পারেন, নাও আসতে পারেন, আসাটা অনুগ্রহের ব্যাপার, সেখানে বৃথা বাক্যব্যয় করে লাভ কি! অনেক নীতির কথা, উপদেশের কথা বলা হয়, যদি তার ১/১০০ ভাগও মেনে চলা হত তাহলে দেশের এই অবস্থা হত না। দেশের এই অবস্থায় কি করে তিনি এই বিল আনছেন বুঝতে পারছি না, আশা করি তিনি বুঝিয়ে দেবেন।

[3-50—4 p.m.]

Shri Nathaniel Murmu:

মিঃ স্পীকার স্যার, গ্রামদান বলেই শেষপাদে আলোচনা করতে গিয়ে আমি বলতে চাই, আচার্য ভাবে সুন্দর এলেকা, কাকদ্বীপ এলেকায় গিয়েছিলেন এবং আমরা খবরের কাগজে দেখেছি যে, সেখানকার জোতদাররা প্রচুর জমি দিয়েছে। আমাদের একজন ভূতপূর্ব উপমন্ত্রী তাঁর সঙ্গে ডায়মন্ডহারবার, ফ্রেজারগঞ্জ পর্যন্ত গিয়েছিলেন। কয়েক হাজার গ্রামদান হয়েছে বলে আমরা জানতাম। পরে এর ভিতরের কেলেঙ্কারীর কথা বেরুল। আজকে এখানে ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়ের থাকা উচিত ছিল। তিনি এই বিলের মাধ্যমে বাংলাদেশের আমূল ভূমিসংস্কারের সুযোগ ও সম্ভাবনা আছে বলেছিলেন। কিন্তু আমি জানি এই সরকার ভূমিসংস্কার করতে ব্যর্থ হয়েছেন। এবং এও আমি বলব এই আইনটা হলেও ভূমিসংস্কারে এতটুকু সহায়ক হবে না। আমাদের দলের নেতা ননী ভট্টাচার্য মহাশয় বলেছেন, অর্থনীতিবিদ জে সি কুমারাপ্পা যে

সুপারিশ করেছিলেন ভূমি সংক্রান্ত ব্যাপারে সেটা যদি তাঁরা যথাযথ কার্যকরী করতেন তাহলে আজকে ভারতের চেহারা অন্যরকম হত। শ্রীকুমারাপ্পা জোর দিয়ে বলেছেন, ইকনমিক হোল্ডিং ৫ একরের বেশি হওয়া উচিত নয় এবং সর্বাধিক জমির পরিমাণ ১৫ একরের বেশি হওয়া উচিত নয়। এটা যদি করা হত তাহলে ভূমিসংস্কার বহুলাংশে সফল হত কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট এবং ল্যান্ড রিফরমস অ্যাক্ট-এর পরেও এক একজন ২৫ একর জমি রাখতে পেরেছেন। আজকে ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় আমাদের কাছে হতাশার সুরে বলছেন উদ্বৃত্ত জমি সব এখনো পাওয়া যায় নি। কুমারাপ্পার রিপোর্টএর উপর ভিত্তি করে তাঁরা বলেছিলেন ১১৭ লক্ষ একর আবাদী জমি রয়েছে।

আজকে আমরা হতাশার সুরে বলছি যে, ৪ লক্ষ একর উদ্বৃত্ত জমি আমরা পাইনি এবং আমরা বার বার একথা বলছি যে আজকেও বাংলাদেশের সেটেলমেন্ট শেষ করেন নি, জমি জরিপের সুড়ঙ্গ পথ তাঁরা বেছে নিয়েছেন সেই সুড়ঙ্গ পথে ৪ লক্ষ একর যে উদ্বৃত্ত জমি সে জমি কমতে কমতে ২ লক্ষ ৪০ হাজার একরে এসেছে এবং ২ লক্ষ ৪০ হাজার একর যে জমি পেয়েছেন এই জমি সুষ্ঠু বিলি বিতরণের কোন ব্যবস্থা করেন নি, যার ফলে এই জমিটাও আস্তে আস্তে হারিয়ে যাচ্ছে। এই যে ১৭ বছর জাতীয় জীবনে ভূমিসংস্কারের যে অবদান কংগ্রেসী সরকারের একটানা যে ব্যর্থতা এর জন্য আজকে আমরা কংগ্রেস সরকারকে ধিক্কার দেব —এইভাবে লোককে ঠকিয়ে, ধাপ্পা দিয়ে খুব বেশী দিন চলা যায় না। মাননীয় স্পীকার, স্যার, আজকে একদিকে যেমন ভূমি সংস্কারের সম্ভাবনাকে তাঁরা শেষ করে দিয়েছেন, তেমন অন্যদিকে সেই কুখ্যাত ম্যালথুসিয়ান থিওরী, লোকসংখ্যা বাড়ছে একথা বলছেন, ল অফ ডিমিনিসিং রিটার্নের কথা বলছেন যে জমির উপর চাপ অসম্ভব পড়ে গেছে, যার ফলে বাংলাদেশে উদ্বৃত্ত জমি পেলেও কিছু করা যাবে না এই হতাশায় আজকে তাঁরা বিরাট একটা মনীষীর ভূদান যজ্ঞের অবতারণা করে পালাবার পথ খুঁজছেন। মাননীয় স্পীকার, স্যার, আমি একথা বলতে চাই যে আচার্য ভাবে যিনি লোকের কাছে আবেদন জানিয়ে মনের পরিবর্তন আনিয়ে জমি পাবার পর সেই জমি বিলি বিতরণ করবেন এক্ষেত্রে সরকার যে তৎপরতা দেখাচ্ছেন এতে লোকের মন পরিবর্তিত হবে কি হবে না, সেদিকে সরকার নজর না করে তাঁদের হাতে যে আইন কানুন আছে, যে ক্ষমতা রয়েছে সেই ক্ষমতাটা যেখানে সেখানে প্রয়োগ করা দরকার, অবিলম্বে যদি তাঁরা সুষ্ঠুভাবে সেই ভূমি সংস্কারের দিকে নজর দিতেন তাহলে সত্যিকারের সৎ কাজ করতেন। মিঃ স্পীকার, স্যার, ইন্ডিয়া গভর্নমেন্ট থেকে যে রুরাল ক্রেডিট সার্ভে রিপোর্ট বেরিয়েছে আপনি জানেন সেটা সরকারী রিপোর্ট সেই রিপোর্টে পরিষ্কারভাবে একথা বলা আছে যে কংগ্রেস সরকারের পক্ষে যে কাজগুলি করা হয়েছে সেই কাজে ধনীরা বেনিফিটেড হয়েছে, ল্যান্ড রিফর্মস তার ইন্টারেস্ট ধনীরা নিয়েছে, ইরিগেশনের লাভটা ধনীরা পাচ্ছে, ইলেকট্রিফিকেশন তার লাভটা ধনীরা পেয়েছে, এমন কি কো-অপারেটিভ আন্দোলন তার লাভটাও ধনীরা পেয়েছে, ফার্টিলাইজারের যে ইন্টারেস্ট তাও ধনীরা পেয়েছে, সেই রিপোর্ট তাঁদের সামনে রয়েছে। ইন্ডিয়া গভর্নমেন্ট এটা পাবলিশ করেছেন - এই অবস্থা হয়েছে। আজকে বিনোবাজীকে নিয়ে মাতামাতি না করে, সৎ সাজার চেষ্টা না করে যদি সত্যিকারের ভূমি সংস্কারের দিকে তাঁরা মন দেন, ডাঃ কুমারাপ্পা যে আন্দোলন চেয়েছিলেন, সেটা আজকেও করা সম্ভব—যে আইনগুলি রয়েছে সেই আইনগুলি অ্যামেন্ড করে মডিফাই করে রেট্রোসপেকটিভ এফেক্ট যদি তাঁরা দেন এবং সেটাকে চালু করার জন্য যদি তাঁরা আন্তরিকতার সঙ্গে চেষ্টা করেন তাহলে ভাল হয়, কিন্তু আমরা জানি তা তাঁরা পারবেন না। ২৪-পরগনা, কাকদ্বীপে যেমন কেলেঙ্কারী হয়েছে অন্যান্য গ্রামদানের ক্ষেত্রে, ভূমি সংস্কারের ক্ষেত্রে ঠিক তেমন ঘটনা ঘটছে। ল্যান্ড রিফর্ম বিল নাটকীয়ভাবে সিলেক্ট কমিটিতে গেল—আপনি জানেন আমরা বিরোধী দলের সদস্যরা বরাবর দাবী জানিয়েছিলাম যে বিলটা সিলেক্ট কমিটিতে দেয়া হোক যাতে সুষ্ঠুভাবে পর্যালোচনা করে ঠিক ঠিকভাবে সেটাকে প্রয়োগ করা যায়, কিন্তু তখন মাননীয় মন্ত্রিমহাশয় সেকথা শোনেন নি—মাননীয় মন্ত্রিমহাশয়। যখন তাঁর প্রারম্ভিক বক্তৃতা দিচ্ছেন তখন হন্তদন্ত হয়ে আপনার টেবিলের পাশে কাকে দেখলাম, আমরা দেখলাম তাঁদের মধ্যে বড় বড় জমিদার, জোতদারের দল ছিলেন, আমরা দেখলাম কাসেম আলী মীর্জা, জগদীশ সিংহকে এবং

তাঁদের ঝানু ব্যারীস্টার শঙ্করদাস ব্যানার্জীকে এবং তারপরে এটাকে তাড়াহুড়া করে সিলেক্ট কমিটিতে পাঠানো হয়েছে। তারপরে জয়েন্ট সিলেক্ট কমিটিতে পাঠানো হয়েছে।

অর্থাৎ তার মধ্যে গুটি তিন-চারেক চাষীদের মঙ্গলের জন্য, বর্গাদারদের মঙ্গলের জন্য যে প্রভিসন ছিল, যে বিধান ছিল, সেটাকে যাতে নষ্ট করা যায়, আমরা সেই আশঙ্কা আজকে প্রকাশ করছি।

[4—4-25 p.m.]

মিঃ স্পীকার, স্যার, আমি খুব বেশী কথা বলতে চাই না। কেবল বলতে চাই যে এই রকম একটা ঠুনকো জিনিষ নিয়ে ওঁরা অত্যন্ত গুরুত্ব আরোপ করছেন। গ্রামদান, ভূমি দান সম্পর্কে যে বিল তাঁরা এখানে উপস্থাপিত করেছেন, সে বিল সিলেক্ট কমিটিতে পর্যালোচনা করে অনেক সময় অতিবাহিত করা হয়েছে, যেটা মাত্র এক দিনের ব্যাপার ছিল। তা ছাড়া, বিধান সভার অর্থব্যয় এইরকমভাবে করাটা আমি ঠিক মনে করি না। তার চেয়ে যদি একটা দীর্ঘ মেয়াদী বৈঠক এখানে বসাতাম, তাহলে এটাকে আর সিলেক্ট কমিটিতে পাঠাবার প্রয়োজন হ'ত না, আমারাই ঠিক করে দিতে পারতাম যে, এই বিল সুষ্ঠুভাবে কি করে করা যায়। ল্যান্ড রিফর্ম অ৹রাই ঠিক করে দিতে পারতাম যে, এই বিল সুষ্ঠুভাবে কি করে করা যায়। ল্যান্ড রিফর্ম সাহেবের রেকমেন্ডেশন আছে, ডাঃ কুমারাপ্পার রেকমেন্ডেশন আছে, ফ্লাউট কমিশনের রেকমেন্ডেশন আছে, এতগুলি রেকমেন্ডেশন বাংলা দেশের বাস্তব অবস্থা সম্পর্কে রয়েছে। তাছাড়া রুরাল ক্রেডিট সার্ভে রিপোর্ট রয়েছে, এই সব রিপোর্টের ভিত্তিতে শ্যামাদাসবাবু যদি একটা সংশোধনী বিল নিয়ে আসতেন এবং সেটা যদি সিলেক্ট কমিটিতে পাঠাতেন, এবং সেখানে তাঁরা পর্যালোচনা করে কিছু করা যায় কি না, সেটা ঠিক করে দেখে, এখানে পাঠাতেন, তাহলে তার দ্বারা সত্যিকারের বাংলাদেশের মঙ্গল করা হ'ত।

আমার শেষ কথা, হরেকৃষ্ণবাবু যে কথা বলেছেন, সত্যিকার সেই একই কথা যে বিনোবাজী যতই মহৎ হন না কেন, তাঁকে আমরা যতই শ্রদ্ধা জানাই না কেন, তাঁর যে ভূমি দানের আদর্শ, সে আদর্শের সঙ্গে বাস্তবের কোন সংযোগ নেই। এটা তাঁর একটা অবাস্তব ইউটোপিয়ান আইডিয়া, সেটা নিয়ে এত লাফালাফি করে কংগ্রেস সরকার নিজেদের হাস্যাস্পদ করে তুলেছেন, এবং এই আইডিয়াতে কতটা কাজ হচ্ছে সেটা নিজেরা একবার ভাল করে বিবেচনা করে দেখুন। বাংলাদেশে সত্যিকার যাতে ভূমি সংস্কার হতে পারে, সেদিকে নজর দিন, তাহলে তাতে কৃষির উন্নতি হবে এবং চাষীর ও দেশের মঙ্গল হবে। আর তা যদি না করতে পারেন তাহলে আমার পূর্ববর্তী বক্তা শম্ভুবাবু যে কথা বলেছেন, যে পৃথিবীর বিভিন্ন দেশে ভূমির ক্ষুধা যে ভয়ঙ্কর রূপে ভবিষ্যৎকে ডেকে এনেছে, বাংলাদেশে তথা ভারতবর্ষে তারই সম্ভাবনা রয়েছে।

একটা জাতীয় জীবনের পক্ষে ১৭ বছর সময় কম নয়। এই ১৭ বছরে যদি ভূমি সংস্কার না করা যায়, অন্ততঃ ভূমি সংস্কারের ক্ষেত্রে যে ডিকেইং আছে সেটা বন্ধ করা উচিত। যেখানে ভূমি থেকে চাষীরা উৎখাত হচ্ছে—সেখানে কি করে তার স্ট্যাটাস কুও করা যায়, তা দেখতে হবে। মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে দৈনিক স্ট্যাটিসটিক্স নেওয়া হচ্ছে, তাতে দেখা যাচ্ছে যে ভূমিহীনের সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে, এবং জমি হারিয়ে যাচ্ছে। এই অবস্থা অনন্তকাল ধরে চলতে দেওয়া উচিত নয়। তাই আমি এই বিলের তীব্র বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 20 minutes)

(*After adjournment*)

[4-25—4-35 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে আজ দু'দিন ধরে গ্রামদান বিল আলোচনা হচ্ছে এবং আজ এই বিল পাশ হয়ে যাচ্ছে, কিন্তু আমি এই বিলটি পড়ে যতটুকু বুঝলাম যে বিনোবাজীর আদর্শের সঙ্গে এর মিল কতখানি আছে। অর্থাৎ এই বিলের সঙ্গে আর বিনোবাজীকে কতটুকু আমরা

বুঝেছি তার বক্তৃতা থেকে, তাঁর লেখা থেকে, এর সঙ্গে খুব কমই মিল আছে। এটাকে একটা সোনার পাথরের বাটি বলা যেতে পারে। কারণ আমরা দেখছি যে বিনোবাজীর মূল কথাটা হচ্ছে তিনি বলছেন যে ভারতবর্ষের যে ভূমি সমস্যা এর সমাধানের জন্য তিনি প্রথমে ভূদান আন্দোলন সুরু করেছিলেন ১৯৫১ সালে, তারপর সেটা শেষ পর্যন্ত গ্রামদানে পরিণত হ'ল। তাঁর মূল কথা হচ্ছে এই যে ভিলেজ একটা কমিউনিটি হবে এবং গ্রামের সমস্ত জমি সেই কমিউনিটির আন্ডারে যাবে। তা ছাড়া তাঁর বক্তব্য হচ্ছে সেই গ্রাম একটি পরিবারে পরিণত হবে এবং সকলে গ্রামের প্রত্যেকটি লোক সেই জমি চাষ করতে পারবে। এই বিলকে যদি আমরা অধ্যয়ন করি তাহলে দেখতে পাবো যে এই বিলের সঙ্গে তাঁর আদর্শের কোন সম্পর্ক নেই। আমি বরং মনে করি যে এই যে ভূমি ক্ষুধা সমগ্র ভারতবর্ষময় দেখা দিয়েছে তাকে প্রশমিত করবার জন্য, বিপথে চালিত করবার জন্য এই বিলটিকে আনা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে বিনোবাজী যে আন্দোলনটা করতে চেয়েছিলেন এ আইনের দ্বারা আইনের অক্টোপাশে শ্বাসরুদ্ধ করে মারবার জন্য, গলাটিপে মারবার জন্য চেষ্টা করা হয়েছে। আপনি অধ্যক্ষ মহাশয়, এর ধারাবাহিকভাবে দেখবেন যে কিভাবে এই আন্দোলনটিকে নষ্ট করার চেষ্টা করা হয়েছে। বরং দেখা যাচ্ছে যে এই সরকারের যে অক্ষমতা, দুর্বলতা এবং যে মালিকঘেঁসা, জোতদারী ঘেঁসা নীতি তার মনোভাব রয়েছে, এই বিনোবাজীর নামের আড়ালে তাঁরা সেটাকে ঢাকা দেবার জন্য চেষ্টা করছেন, তাঁদের দুর্বলতাকে ঢাকা দেবার চেষ্টা করছেন। তাঁরা জানেন যে ভারতবর্ষে লক্ষ লক্ষ ভূমিহীন চাষী রয়েছে, বাংলাদেশে ভূমিহীন চাষীর সংখ্যা হচ্ছে প্রায় ৩০ লক্ষ, তাদের দাবী ওঁদের কাছে বারবার উপস্থিত হয়েছে, সেই দাবীকে চাপা দেবার জন্য এই গ্রামদানের পিছনে তাঁরা ঘুরে বেড়াচ্ছেন। একটা বে-সরকারী প্রতিষ্ঠান ছিল, জনসাধারণের মাঝখানে একটা আন্দোলনের সৃষ্টি হয়েছিল, সেই আন্দোলনটা যাতে একটা ভয়ংকর রূপ না নিতে পারে তার জন্য আমরা দেখেছি যে গভর্নর থেকে আরম্ভ করে কংগ্রেসী নেতাদের তাঁর পিছনে পিছনে ঘুরতে দেখেছি। আমরা দেখেছি যে এই আন্দোলনকে বিপথে পরিচালিত করবার জন্য ওঁরা চেষ্টা করেছেন। যখন বিনোবাজী এখানে এসেছিলেন তখন আমরা এখানে আলোচনা করেছি যে তাঁকে প্রতারণা করবার জন্য অনেক চেষ্টা করা হয়েছে। অর্থাৎ যেসব গ্রাম দান করা হয়েছে তাতে সত্যিকারের হয়ত কোন ডোনারের নাম ছিল না, ডোনার জানতেন না যে তাঁর নামে জমি দান করা হয়ে গিয়েছে। এবং এইরকমভাবে বহু গ্রাম দান করা হয়েছে, অন্ততঃ ২৪-পরগনায় হয়েছে তা, অধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই আপনার স্মরণ আছে। আমরা জানি যেখানে ওঁরা বিনোবাজীকে প্রতারণা করবার চেষ্টা করেছিলেন সেখানে এই আইনের ভিতর দিয়ে জনসাধারণকে প্রতারণার চেষ্টা করছেন তাতে কোন সন্দেহ নেই। আমরা এখানে দেখতে পাচ্ছি, এই ৫নং ধারার ভিতর দিয়ে আমরা দেখবো যে তাঁরা বলছেন কি ? তাঁরা বলছেন যে গ্রাম দান বিল তাকে বলা হবে যেখানে ৫১ ভাগ জমি—সমস্ত জমির ৫১ ভাগ পাওয়া যারে এবং বয়স্কদের মধ্যে যেখানে ৭৫ জন সেখানে গ্রাম দান করবেন, তাকে গ্রামদান ইউনিয়ন বলা হবে। আমি এখানে প্রশ্ন করি সেখানে যে শতকরা ২৫ জন রয়ে গেলেন তাঁর অবস্থা কি হবে। তাঁরা গ্রামদান আইনের দ্বারা শাসিত হবেন অথবা তাঁরা অন্য কোন আইনের দ্বারা পরিচালিত হবেন তা কিছু এখানে উল্লেখ করা নেই। আমি মনে করি তারা যদি হাইকোর্ট চ্যালেঞ্জ করেন, তাঁরা যদি সেখানে সংবিধানের অধিকার নিয়ে চ্যালেঞ্জ করেন তখন এঁরা যে বলছেন যে আদালতের কাছে কোন জিনিষ যাবে না, আমি বলছি যে তাঁরা সংবিধানকে উপেক্ষা করতে পারেন না।

তখন এই হবে এই যে গ্রামদান আইন তৈরী করলেন সেটা আদালতের সামনে আসবে এবং যে আন্দোলন সুষ্ঠুভাবে চলছিল সেটা সম্পূর্ণরূপে রুদ্ধ হবে। আমি মনে করি এতে একটা বিপর্যয়ের সৃষ্টি হবে। তারপর, ৬ ধারায় বলছেন গ্রামদানী গ্রামকে পৃথকভাবে গণ্য করা হবে। অর্থাৎ আপনি বলছেন এর জন্য পৃথক একটা আইন হবে। কিন্তু পাশে আর একটা যে গ্রাম হবে সেটা যে গ্রাম পঞ্চায়েত আইনের দ্বারা শাসিত হবে এটা সংবিধান নির্দেশ দিয়েছে। তারপর, কমিশন বলেছেন পঞ্চায়েত হবে এবং এটা হবে একটা ইউনিট। কিন্তু আমরা দেখছি গ্রামদানী গ্রামের জন্য একটা বিধান হবে এবং পঞ্চায়েত অধীনে গ্রামের জন্য আর একটা বিধান হবে। এরকম জিনিস হয় না এবং এটা হলে এঁদের মধ্যে একটা মতভেদ দেখা দেবে। তারপর, ১৫

ধারার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সরকার বলছেন ল্যান্ড পুলে ৫ ভাগ দেওয়া হবে। আমি এখানে বিনোবাজীর একটি প্রবন্ধ উল্লেখ করব এবং দেখাব তাঁর কি বক্তব্য ছিল এবং এঁরা কি আইন পাশ করেছেন। আমাদের রাজস্বমন্ত্রী বারেবারে বলেছেন তিনি বিনোবাজীর সঙ্গে এবং চারুচন্দ্র ভাণ্ডারীর সঙ্গে পরামর্শ করে এই বিল এনেছেন। আমি তাঁর প্রবন্ধ এখানে উল্লেখ করছি। তিনি বলেছেন, "গ্রামদান মানে গ্রাম দিয়ে দেওয়া নয় বা গ্রাম থেকে পালিয়ে যাওয়া নয়। গ্রামে যে ব্যক্তিগত মালিকানা আছে সেটা গ্রামসভাকে অর্পণ করা হবে"। কিন্তু এখানে দেখছি সমর্পণ করে দেবার সঙ্গে সঙ্গে তিনি আবার ফেরত পাচ্ছেন। অর্থাৎ যে জমি দান করা হোল সেটা তিনি আবার ফেরত পাচ্ছেন। তিনি জমি চাষ করতে পারেন বা অপর কোন বর্গাদারকে দিয়ে চাষ করতে পারেন। দান করলে সেটা আবার ফেরত পাবে কি করে? এটা যখন গ্রাম পরিষদের জমি হোল, ভিলেজ কমিউনিটির জমি হোল তখন ডোনারের অধিকার কি করে থাকতে পারে? যে ব্যক্তিগত মালিকানা রয়েছে সেটা তো গ্রামসভাকে দেওয়া হচ্ছে। তারপর বিনোবাজী বলেছেন, "জল, হাওয়া, মাটির কোনটাই যখন আমরা মূলতঃ তৈরি করি না—ভগবান দেন তখন এতে ব্যক্তিগত মালিকানা বর্তাতে পারে না"। কিন্তু এঁরা যেভাবে জমি দান করছেন তাতে দেখছি ডোনার দান করার সঙ্গে সঙ্গে আবার তিনি ফেরত পাচ্ছেন। তারপর, যেটা ল্যান্ডপুলে দেবে সেখানে আগে থেকে নির্দেশ করে দওয়া হোল না—এটা পরিষদ ঠিক করবেন যে কতটা ল্যান্ড-পুলে দেওয়া হবে। অর্থাৎ যে ফাইভ পারসেন্ট পাওয়া যাবে সেখানে পরিষ্কার করে বলা হচ্ছে না। অথচ বিনোবাজী বলেছেন, ওয়ান টুয়েন্টিয়েথ জমি দিতে হবে, অর্থাৎ বিঘায় এক কাঠা দিতে হবে। কিন্তু এঁরা সেটা বলছেন না যে, ল্যান্ডপুলে কতটা জমি আসবে। মাননীয় শম্ভুবাবু বলেছেন ৪/৫/১০/২৫ বিঘা জমি পেলে ভূমিহীন কৃষকরা তা দিয়ে কি করবে? একটি বিল এমনভাবে হওয়া উচিত ছিল যাতে গ্রামের সমস্ত কৃষকরা উৎপাদন সমস্যার সমাধানের জন্য গ্রামের সমস্ত জমি চাষ করবার সুযোগ পাবে এবং সেটাই ছিল উদ্দেশ্য। মন্ত্রিমহাশয় এই বিল আনবার সময় যদি বিনোবাজীর আন্দোলনকে সত্যই মেনে থাকেন তাহলে ভূমি সংস্কার আইন এইভাবে করা উচিত ছিল যে, গ্রামের প্রত্যেকটি লোক চাষ করতে পারবে। এঁরা বিনোবাজীর সঙ্গে পরামর্শ করার কথা বারে বারে বলেন, নাগপুর কংগ্রেসের কথা বারে বারে বলেন। কিন্তু সেখানে পরিষ্কার করে বলা আছে, গ্রামের ভূমি সংস্কার এইভাবে করতে হবে—যারা গ্রামের স্থায়ী বাসিন্দা, যার জমি আছে বা নেই তাদের সকলকে নিয়ে একটা পল্লী সমবায় সমিতি গড়ে তুলতে হবে এবং যৌথ সমবায় খামারের মাধ্যমে প্রগতিশীল কৃষি উৎপাদনের জন্য ব্যবস্থা করতে হবে। যদি তাঁরা চাইতেন যে, গ্রামদানের ভেতর দিয়ে ভূমি সমস্যার সমাধান হবে এবং সকলে চাষ করবার সুযোগ পাবে তাহলে বুঝতাম। কিন্তু আমরা দেখছি বিনোবাজীর নাম করে এঁরা তাঁর আন্দোলনকে বন্ধ করবার চেষ্টা করছেন। এতে ঝগড়াঝাঁটি হবে, মামলা-মকদ্দমা হবে এবং বিদ্বেষ সৃষ্টি হবে। বেসরকারীভাবে যে আন্দোলন চলছিল তাতে আমরা দেখেছি সকলেরই সমর্থন ছিল। স্যার, এঁরা দান চাচ্ছেন, কিন্তু জিজ্ঞাসা করি ভূমি সংস্কার আইনকে কেন কার্য-করী করতে পারেন নি, কৃষকরা জমি চাষ করবে সেটা কেন করতে পারেন নি?

[4-35—4-45 p.m.]

মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয়কে বার বার করে বলেছি ভূমিহীন সমস্যার যদি সমাধান করতে চান তাহলে এই যে সকল জমি লুকান রয়েছে, বেনামী রয়েছে তা উদ্ধার করুন এবং প্রকৃত প্রস্তাবে যারা চাষী সেই চাষীর হাতে জমি দেওয়ার ব্যবস্থা করুন। কাজেই আমি মনে করি গ্রামদান যেটা করতে যাচ্ছেন তাতে উদ্দেশ্য সফল হবে না।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা ধারার কথা বলছি কিভাবে বিভেদ সৃষ্টি হবে। ২১ নম্বর ধারায় বলা হয়েছে গ্রাম আদালতে বিচার হবে, গ্রাম আদালতে যে বিচার হবে, তার আপীল করতে পারবে না, রিভিশন মাত্র হবে, এতে জনসাধারণের মধ্যে ভয়ানক বৈষম্যের সৃষ্টি হবে।

Mr. Speaker: Mr. Mahapatra, you should have told me beforehand. But after the red light is lit, you should sit down.

Shri Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে অ্যাসেম্বলীর সময় এবং অর্থব্যয় করে যে বিল পাশ করে দেওয়া হচ্ছে, এটা জোর করে বলা যায় যে এই বিলটা সরকারী দপ্তরখানায় চিরদিন পড়ে থাকবে। এটা বাস্তবে অপ্রয়োজনীয় এবং বিশৃঙ্খলা সৃষ্টিকারী। এটা কেন অবাস্তব, বিশৃঙ্খলা সৃষ্টিকারী এবং অপ্রয়োজনীয় সে বিষয়ে বলছি। দুই রাজ্যর শাসনে যেমন দেখেছিলাম এটাতে তেমনি হতে পারে। গ্রামে গ্রামে যেমন ধরণের পঞ্চায়েত করা হয়েছে ঠিক তেমনি আবার একদল বিনোবাজীর গতিপথ নিয়ে গ্রামে গ্রামে আর এক প্রতিষ্ঠান খাড়া হয়ে উঠবে। দুই নীতি, উচ্চ আদর্শের পরিপোষক, উনি বলছেন ভূমি গোপালের, আমি বলছি ভূমি ব্যক্তিগত, কংগ্রেস দলই তাই স্বীকার করছেন। সমাজতান্ত্রিক ধাঁচে যে সমাজ প্রতিষ্ঠা করতে যাচ্ছেন তাতে এটা স্বীকার করছেন যে ভূমির মালিকানা থাকবে। সুতরাং দুটি বিপরীত দৃষ্টি ভঙ্গী থাকবে সমাজের মধ্যে। গান্ধীজী যে পূর্ণ অহিংসার কথা বলেছিলেন তাঁর মন্ত্র-শিষ্যরা সেটা গ্রহণ করেন নি। এখন লাঠি, গুলি, টিয়ার গ্যাস, ফাঁসি, জেল এ সবই রাখতে হয়েছে বাস্তব ক্ষেত্রে। ঠিক তেমনি এই আইনটাকে বাস্তব অবস্থায় প্রয়োগ করা যাবে না, একেবারে কল্পনাতেই থেকে যাবে, কেন না পঞ্চায়েতের হাতে সব ক্ষমতাই দেওয়া হয়েছে। শিল্প উন্নয়ন, রাস্তাঘাট ইত্যাদি যাবতীয় উন্নয়ন ইত্যাদি পঞ্চায়েতকে দিয়েছি, এবং সরকার সেটাকে সুষ্ঠু নীতি বলে স্বীকার করে নিয়েছেন। সেখানে গ্রামকে ভাগ করে দেবার কথায় বরাবরই আমরা আপত্তি করেছিলাম। গ্রামের সংস্কৃতি আছে, ঐক্য আছে, সেটা গড়ে উঠা উচিত। এখানে আবার বলছেন গ্রামের ৭৫ ভাগ লোক যদি সমস্ত হয় তাহলে গ্রামকে ভাগ করে দিয়ে আলাদা আলাদা করে দিতে পারবেন আলাদা সংস্কৃতি, ভাবধারা গড়ে উঠবে, এক গ্রাম আবার ভাগ হবে। এই যে বিশৃঙ্খলা সৃষ্টি করে দেবে, বহু জায়গায় করতে পারে তার সম্প্রসারণ লুক্কায়িত রয়েছে, ন্যায় পঞ্চায়েত হবে ভাটে, গ্রাম আদালত হবে সরকার নির্দিষ্ট বিচারকের দ্বারা, স্টেট গভর্নমেন্ট মনোনয়ন করে দেবে বিচারককে এটা দেখলাম আইনে এবং দু কায়দায় বিচারালয় হবে। নাথুরাম মুর্মু ঠিক কথাই তুলেছিলেন, আদালতকে যে ক্ষমতা দেওয়া হচ্ছে সেই ক্ষমতাকে চ্যালেঞ্জ করে হাইকোর্টে তা বে-আইনী হয়ে যেতে পারে বলে আমরা মনে করি।

বস্তুতঃ ঐ আইন পাস করার পর অসংখ্য মামলা হয়েছে। এবার আবার এই গ্রামদান বিল করার পর কত মামলা হবে বলা দুষ্কর। গ্রামদানের অর্থটাই আমি বুঝতে পারছি না। এর মূল কথা হল ল্যান্ডপুল। ল্যান্ড কোথায়? চাষ করছে বর্গাদার, আর যারা নিজ চাষে রেখেছেন, এই তো জমি। হোয়ার ইজ ল্যান্ড? মন্ত্রিমহাশয় যদি লুকান জমি উদ্ধার করতে পারতেন তাহলে আমরা বুঝতে পারতাম। লুকান জমি উদ্ধারের জন্য তিনি বিল আনুন, আমরা অভিনন্দন জানাব। কংগ্রেসপক্ষকে আমি জিজ্ঞাসা করি তাঁরা ভূমি বিপ্লবের কথা বলেছেন, কি বিপ্লব হয়েছে। পশ্চিমবঙ্গে তিনবার ভূমিসংস্কার হয়েছে, তিনবারই ব্যর্থ হয়েছে। সেসজন্য আমি বলতে চাই এই ধোঁকার সৃষ্টি করে অ্যাসেম্বলীর সময় নষ্ট করা হচ্ছে। অবশ্য ভাবের গুড উইল এবং সুযোগ নিয়ে সরকারী দল এই বিল এনেছেন বলে আমি মনে করি। এই করে দেশকে এঁরা খাবাপের দিকেই নিয়ে যাচ্ছেন।

[4-45—4-55 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় বোম্বেতে সরকারী কার্য উপলক্ষে যেতে বাধ্য হওয়ায় আমাকে এই বিলের জবাব দিতে হচ্ছে। যে বক্তৃতা আজকে থার্ড রিডিং-এ হল কিম্বা গতকাল থার্ড রিডিং-এর গোড়াতে শ্রীহরেকৃষ্ণ কোনার মহাশয় যে বক্তৃতা করেছেন তা আমি গভীর মনযোগসহকারে শুনেছি। আমার মনে হয় যে মাননীয় সদস্যদের এই গ্রামদান বিলের উদ্দেশ্য কি, এর অন্তর্নিহিত আদর্শ কি এ সম্পর্কে তাঁদের মনে মিসকনসেপসন আছে এবং এই মিসকনসেপসন যে তাঁদের মনের মধ্যে আছে তা তাঁরা নিজেদের বক্তৃতায় বহুলাংশে নিজেরা প্রকাশ করেছেন, এমন কি একথাও বলেছেন যে এই হাউসে এই বিল নিয়ে এসে হাউসের সময় নষ্ট করা হয়েছে, স্টেট এক্সচেকারের কতখানি টাকা এবং পয়সা নষ্ট হয়েছে এই দু-দিন ধরে তার বোধ হয় হিসাব ওঁরা এই হাউসে পেশ করবার চেষ্টা করেছেন। এর মধ্য দিয়ে বুঝা যাচ্ছে যে

গ্রামদান কিসের উদ্দেশ্যে এবং আদর্শ সম্পর্কে তাঁরা বুঝবার চেষ্টা করেন নি। গ্রামদান আন্দোলনের জন্য যখন পূজ্যপাদ বিনোবাজী পশ্চিমবঙ্গে সফর করেছিলেন তখন যাঁরা তাঁর বক্তৃতা করলেন তাঁরা ব্যক্তিগতভাবে কিম্বা তাঁদের দলের পক্ষ থেকে অকুণ্ঠভাবে তাঁকে সমর্থন জানানো হয়েছিল, তাঁরা বহুলাংশে অংশ গ্রহণ করেছিলেন। মাননীয় সুধীরবাবু এবং শ্রী মহাপাত্র মহাশয় এইমাত্র যে বক্তৃতা করলেন আমি শুনে খুব অবাক হচ্ছিলাম এবং মনে মনে ভাবছিলাম গ্রামদান আন্দোলনকে কেন্দ্র করে প্রজা সোস্যালিস্ট পার্টির মধ্যে যে বিরাট বিক্ষোভ হয়েছিল, যে বিরাট দলাদলীর সৃষ্টি হয়েছিল তার বহিঃপ্রকাশ এই হাউসের ভেতর দাঁড়িয়ে করলেন কি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা বলছেন সব দল করে নি—আমি একের পর এক বিভিন্ন বক্তারা যা বলেছেন তার জবাব দেওয়ার প্রসঙ্গে কোন দল কিভাবে এই আন্দোলনকে গ্রহণ করেছিলেন তার মধ্যে বিস্তারিতভাবে না গেলেও মুখ্য দল হিসাবে যাঁরা গিয়েছিলেন, তাঁদের প্রথম বক্তার বক্তৃতা থেকে আমি উদ্ধৃত করছি। শ্রী ই এম এস নাম্বুদ্রিপাদ মহাশয় ১৮ই এপ্রিল ১৯৫৭ সালে কেরালায় মুখ্যমন্ত্রী থাকাকালীন যখন বিনোবাজী প্রথম কেরালায় প্রবেশ করেন প্রবেশ দ্বারে দাঁড়িয়ে শ্রী নাম্বুদ্রিপাদ কমিউনিস্ট পার্টির যিনি মুখ্যমন্ত্রী ছিলেন তিনি বক্তৃতায় বলছেন

"On my own behalf and on behalf of the Government which I represent I welcome you to Kerala at this time when our Cabinet has taken the responsibility to govern the State your presence in our midst is of great significance. Our Cabinet has decided to tackle land problems first—to find out broad-based solution to the problem is our aim and objective. Your tour in our state at this juncture will be of great help to change the mental attitude and approach of the people as far as the land problem is concerned.".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে শ্রীহরেকৃষ্ণ কোনার, শ্রীসনৎ রাহার মূল বক্তা হিসাবে এবং দফাওয়ারী আলোচনায় শ্রীসোমনাথ লাহিড়ীর বক্তৃতা আমি শুনেছি। এই আলোচনা প্রসঙ্গে তাঁরা তত্ত্বগত দিক থেকে, কার্যগত দিক থেকে, রাজনৈতিক দিক থেকে বিনোবাজীর আন্দোলনের সম্পূর্ণ বিরোধী, এই বক্তব্য আমাদের সামনে রেখেছেন এবং শুধু যে রেখেছেন তাই নয়, এই আন্দোলনকে তাঁরা প্রতিক্রিয়াশীল বলেছেন এবং আজকে এখানে দাঁড়িয়ে শ্রীসনৎ রাহা এমন কথাও বলতে পেরেছেন যে শ্রেণী সংগ্রামকে স্তব্ধ করে দেবার জন্য বিনোবাজীর এই ভূদান আন্দোলন। শ্রেণী সংঘর্ষ ছাড়া কখনও ভূমি বিপ্লব হয় না। বিনোবাজী এই নূতন বিপ্লবের ইঙ্গিতেই তার আন্দোলনের মধ্য দিয়া করেছেন। সেখানে শ্রেণীর বিরুদ্ধে শ্রেণী সংগ্রাম নেই, রক্তের বিনিময়ে রক্ত নেই, সেখানে সংগ্রামের কোন প্রশ্ন আসে না, সেই সংগ্রামকে তিনি রূপ দিয়েছেন প্রেমের মধ্য দিয়ে, ভাববিনিময়ের মধ্য দিয়ে, অনুকরণের পরিবর্তন সাধন করে মানুষ যে জমিকে কুক্ষিগত করে রেখেছিল সেই জমি স্বেচ্ছায় দেয়ার জন্য।

এই ভূমি বিপ্লব রক্তাক্ত বিপ্লব নয়। এই শ্রেণী সংঘর্ষের কথা কম্যুনিষ্ট পার্টির লোক বলেন এবং শ্রীননী ভট্টাচার্য মহাশয়, তিনি চা-বাগান অঞ্চলের লোক, তাঁর কাছেও এই শ্রেণী সংঘর্ষের কথা মুখ্য বুলি হয়ে দাঁড়ায়। তাঁরা শ্রেণী সংঘর্ষের কথা বলেছেন, শ্রেণী সংগ্রামের কথা বলেছেন। এই দুই বক্তার মধ্যে দর্শনগত দিক থেকে কোন ফারাং আছে কিনা, বক্তৃতায় বোঝা যায়নি। তবে উনি যদি কনট্রাডিকট করেন খুসী হবো। এই শ্রেণী সংগ্রাম এবং শ্রেণী সংঘর্ষকে স্তব্ধ করে দেবার জন্য বিনবাজীর আত্মপ্রকাশ, এবং এই উদ্দেশ্য তিনি পশ্চিমবঙ্গে এবং তেলাঙ্গানায় এসেছিলেন, এ কথা বলা পাগলের প্রলাপ বললে হয়ত কেউ মানতে চাইবেন না, বাতুলতা মাত্র। আমি এখানে দাঁড়িয়ে এই কথা জোর করে বলতে চাই সারা পৃথিবীতে কৃষি বিপ্লব এইভাবে বিনভাজীর প্রদর্শিত পথে কোথাও হয়নি। কোথাও কেউ চিন্তা করেননি, বা বিনভাজী করতে চেয়েছিলেন, তা নয়, তিনি এটা নিজের জীবনের ব্রত হিসাবে গ্রহণ করে ছিলেন। আমি এখানে দাঁড়িয়ে শুনলাম যে ভেসটেড ল্যান্ড এবং বেনামী ট্রানজেক্সান যা হয়েছে কিম্বা জমিগুলি যা লুকিয়ে রাখা হয়েছিল, সে সকল জমির কিছু, কিছু দান করে দিয়ে দাতার সার্টিফিকেট নেওয়া হয়েছে। হায় ভগবান; সমালোচনা করিতে গেলে, বোধহয়, এই রকমভাবে আনইনফরমড ক্রিটিসিজম করা চলে। যে জমির বেনামী হস্তান্তর হয়ে গিয়েছে,

সেই জমি তিনি তাঁর নিজের বলে কি করে দেখিয়ে গিফ্‌ট্‌ করবেন? এটাত স্বাভাবিক বুদ্ধির কথা। আমাদের এখানে যখন বি ফরম-এ দাখিল করেছি এসটেটস্‌ একুইজিসান অ্যাক্ট-এ, সেখানে চ্যাপটার সিক্সটা যদি ভাল করে পড়ে থাকেন, তাহলে সেখানে দেখবেন যে কে কতটা জমি রাখতে পারবে, তা বলা আছে। সেই সেকশানগুলি ফাঁকি দেবার জন্য যদি কেউ বেনামী ট্রানজেকসন করে থাকে, কিম্বা তিনি সেই বেনামী হস্তান্তর জমিকে নিজের বলে ঘোষণা করে, গিফট করবেন কিভাবে, আমি সেই কথা আপনাদের ভেবে দেখতে বলি। এমন কিছু কিছু জায়গায় হয়েছে, আমরা দেখেছি, ভেসটেড ল্যান্ড কোন কোন জায়গায়, যখন বিনোবাজী গেছেন, কয়েকটি ক্ষেত্রে সেগুলিকে অর্পণনামা না করেও সাধারণ কাগজে দরখাস্ত করে তারা বলতে চেয়েছিলেন যে এই জমিগুলি আমরা দান করে দেবো। কিন্তু ভেসটেড ল্যান্ড যেটা, সেটাতো দান করবার অধিকার কোন ব্যক্তিগত মালিকের থাকতে পারে না। অতএব বিনভাজীর আন্দোলন ননীবাবুর মতে, ভেসটেড জমিগুলিকে দিয়ে দেওয়া, কিম্বা সেগুলিকে আইনের স্বীকৃতি দিয়ে দেওয়া, এই কথা বলে, যদি তিনি বলতে চান, তাহলে পরে এ দানের পিছনে ভেজাল আছে। এবং দান করা জমির জন্য আইন কেন? এই প্রশ্নের আমি জবাব দিতে চাই। আমি এ কথা জোর করে বলতে চাই যে কোন জায়গায় এমন হয়নি যে কেউ ভুল করে হোক, দুষ্ট মতলবে হোক, ভেস্টেড ল্যান্ডকে দান করেছেন, আর তারা অর্পণনামায় সই করবার পর, সেই জমি বিনভাজী গ্রহণ করেছেন, সেটা কখনও দেখা যায়নি। কারণ গ্রামের লোকই তাদের ধরিয়ে দিয়েছেন। তারাই বলে দিয়েছেন যে এই দাগ নম্বর সরকারে ভেস্ট করেছে। অতএব বিনভাজী যে সব ল্যান্ড পেয়েছেন তার মধ্যে ভেসটেড ল্যান্ড-এর যদি কোন কোন অংশ কেউ দান করতে চেয়েছেন, সেই দান বিনভাজী গ্রহণ করেননি। ননীবাবু প্রশ্ন করেছেন দান করা জমি, তারজন্য আবার আইন কেন? জমি দান হয়েছে, এবং আরও জমি দান হবে, বিনভাজী যেখানেই যাবেন। মানুষের কাছ থেকে তিনি জমি দান হিসাবে পেয়েছেন। পশ্চিমবঙ্গে যে জমিগুলি তিনি পেয়েছেন, সেই জমিগুলির বিলিব্যবস্থা কি হবে, আইনের দিক থেকে কিভাবে, তার ভূমি বণ্টন হবে, কি ব্যবস্থা হবে কি অধিকার থাকবে, এই সম্পর্কে বলে দেবার জন্যই এই আইন প্রণয়ন। অতএব তিনি যদি এই কথা ভেবে থাকেন যে বিনভাজীকে দেওয়া জমি সরকারে ভেস্ট করবে, এবং সরকার সেই জমিগুলি নিয়ে, যেমন ডিসট্রিবিউসান করেছেন, সেই পলিসিতে ডিসট্রিবিউসান করবেন, তাহলে বুঝতে হবে, তিনি বিনভাজীর আন্দোলনের গোড়ার কথা আদৌ বুঝতে পারেননি। এ কথাই আমি বিনিতভাবে বলবো, বিনভাজী বলেছেন গ্রামের লোক তাঁর প্রেমে, তাঁকে শ্রদ্ধা করে এবং অন্তকরণ পরিবর্তন করে জমি দিতে প্রস্তুত। তারা জমি দিতে তখনই সাহসী হবেন এবং তাঁর মনে তখনই জমি দেওয়ার প্রশ্ন উঠবে যখন সে দেখবে যে তার পাশে যে ল্যান্ডলেস লেবার, যে কখনও জমির মালিক হয়নি, এমন যে ভূমিহীন চাষী, তার জমির ক্ষুধা এতে মিটবে। তাই তিনি কোন জায়গায় জমি নিয়ে, সেই জমি এই গ্রামের বাইরে অন্য গ্রামে পর্যন্ত দেওয়ার কথা বলেননি। ঐ গ্রামের লোকেরাই যাতে পেতে পারে তার ব্যবস্থা করেছেন। আমরা তাই এই আইনের মধ্য দিয়ে সেকসান ১৬ এইভাবে এলটমেণ্ট-এর ব্যবস্থা রেখেছি।

[4-55—5-5 p.m.]

ব্যক্তিগত মালিকানা সামাজিক মালিকানায় রূপান্তরিত করার ব্যবস্থা নেই একথা বলেছেন শ্রীশম্ভু ঘোষ, আমি বলবো তিনি এই আইনটা ভাল করে পড়েননি। ব্যক্তিগত মালিকানা আর সামাজিক মালিকানার তফাৎ কি এখানে স্পষ্ট ভাবে তা বলে দেওয়া হয়েছে। এই ল্যান্ড পুল কিভাবে গঠিত হবে, কিভাবে এলট্‌মেণ্ট হবে এবং জমির মালিক যিনি ছিলেন তিনি সেই জমি নিজে রাখতে চাইলেও তিনি তাঁর পুরো অধিকার পাচ্ছেন না, এলটির অধিকার তিনি পাচ্ছেন এবং সেই অধিকার দিচ্ছে তাঁকে গ্রাম পঞ্চায়েত। গ্রামের পুল-এ জমি থাকছে। তাহলে ব্যক্তিগত মালিকানা এইভাবেই সামাজিক মালিকানায়, গ্রামের মালিকানায় রূপান্তরিত হয়েছে। এবং ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় নিজে এই হাউস-এ একটি সংশোধনী এনেছেন সেই সংশোধনীতে তিনি স্পষ্ট ভাষায় বলেছেন যে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফরমস অ্যাক্ট, ১৯৫৫-এ সেকসান ১৭-এ যেভাবে বর্গা উচ্ছেদের ব্যবস্থা আছে, যদি কোন এলটি এই জমি থেকে বর্গা উচ্ছেদ করতে চান তাহলে এই আইনের আওতায় তিনি করতে পারবেন না, বর্গাদারের জন্যে যেসমস্ত তার ইভিকসানের

বিরুদ্ধে প্রতিষেধক যা আনা হয়েছে ল্যান্ড রিফরমস অ্যাক্ট-এ সেই অ্যাক্ট-এর আওতায় ছাড়া, সেই অ্যাক্ট-এর বিধান ছাড়া কোন বর্গাকে উচ্ছেদ করা যাবে না। আমাদের এখানে বলা হয়েছে। বিভিন্ন বক্তা বলেছেন যে এ গ্রামদানটা কিছুই নয় এটা শুধু গ্রাম দিয়ে, তিনি জমিটা দান করে দিয়ে জমি থেকে বর্গাকে উচ্ছেদ করে নেবার একটা কলাকৌশল মাত্র। আমি তাঁদের বলবো আইনটা ভাল করে পড়ে দেখবেন ল্যান্ড রিফরমস অ্যাক্ট-এ যেখানে বর্গা উচ্ছেদের প্রভিসান আছে সেই ধারাটি এর সঙ্গে মিলিয়ে দেখবেন তাহলেই আপনাদের ভয় যে অমূলক তা প্রমাণিত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে বিনভাজী সম্বন্ধে যেসমস্ত কটূক্তি করা হয়েছে আমি তার জবাব দেবার কিছু প্রয়োজন আছে বলে মনে করি না। কারণ যাঁরা কটূক্তি করেছেন তাঁরা নিজেরাই জানেন তাঁরা কত ভুল বলছেন এবং বিধানসভার বিরোধী দলের ভূমিকা অবলম্বন করবার জন্য যদি বিনোভাজীর মত লোকের গায়ে কাদা ছিটানর রাস্তা ধরে নেন তাঁদের পক্ষে আমি অন্য কোন দিক দিয়ে কোন জবাব দিয়ে সন্তুষ্ট করতে পারবো না। আমাদের ডাঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ এই ভূদান আন্দোলন, গ্রামদান আন্দোলন সম্পর্কে কয়েকটি খুব ভাল কথা বলেছেন সেই কয়েকটি কথা আমি আপনাদের আর একবার স্মরণ করিয়ে দিই।

"In the progress of societies three stages are marked. The first, where the law of jungle prevails, where there is operation of selfishness and violence. The second, where we have the rule of law and impartial justice with courts police and prisons. The third, where we have non-violence and unselfishness, where love and law are one. The rule of jungle, the rule of law, the rule of love—these mark the three stages of social progress. The last is the goal of civilised humanity. The Bhudan Movement acquires great significance in this context of urgent change. It underlines traditions that are implicit in the Indian way of life. It recaptures the idea of the social order as the family writ large. It appeals to our religious instinct that spiritual freedom can be attained only by those who are not attached to material possessions. The movement started by Acharya Vinoba Bhave is potentially revolutionary in character. The response to his appeal which has come from all levels of social order shows that the moral reserves of our country are large. The movement is based on an act of faith. Even if it does not by itself bring about an agrarian revolution it prepares for it by producing a climate of opinion in which courageous methods of land reform can be put through.".

এই সভায় দাঁড়িয়ে এঁরা ভূমি সংস্কার আইন এবং ভূমি সংস্কারের কাজ ব্যর্থ হয়েছে বলে ঘোষণা করেছেন। শুধু তাই নয়, শ্রীনাথানিয়াল মুর্মু বলেছেন এবং এমন সন্দেহ প্রকাশ করেছেন যে, যখনই আমরা দেখলাম জগদীশ সিংহ এবং শংকরদাস ব্যানার্জী ছোটছুটি করে ল্যান্ড রিফরমস বিলকে জয়েন্ট কমিটিতে পাঠালেন তখনই আমরা ধরে নিলাম ল্যান্ড ডিসট্রিবিউটিং বোর্ডের দ্বারা গরীব চাষীরা যেটুকু সুযোগ সুবিধা পাচ্ছিল সেটুকু কেড়ে নেওয়া হচ্ছে এবং এটাও বুঝলাম যে এর পেছনে কায়েমী স্বার্থবাদীদের ইন্টারেস্ট রয়েছে। স্যার, বিনোবাজীর আন্দোলন কতখানি স্বার্থক হয়েছে তাতে আমরা দেখছি শংকরদাস ব্যানার্জী এবং জগদীশ সিংহের মত বড় বড় জোতদাররা দাবী করছেন যে, এই বিলকে জয়েন্ট সিলেক্ট কমিটিতে পাঠিয়ে আমূল পরিবর্তন কর, সংস্কার কর যাতে ভূমিহীন চাষী আরও বেশী সুযোগ সুবিধা পায়। আমি কংগ্রেস সদস্য হিসাবে জয়েন্ট সিলেক্ট কমিটির সমস্ত আলোচনা এখানে প্রকাশ করতে পারিনা, তবে এটুকু বলতে পারি যে, যে সমস্ত ধারা, উপধারা নূতন করে সংযোজিত করা হচ্ছে তার প্রত্যেকটির মুভার এই কংগ্রেস সদস্যরা।

শ্রীজ্যোতি বসুঃ অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় স্পীকার মহাশয়, আমার মনে হয় উনি যে সমস্ত কথা বলতে আরম্ভ করেছেন সেটা উনি বলতে পারেন না। রুলস-এ একথা ক্লীয়ার করা আছে, মেস্ পার্লামেন্টারী প্রাক্টিস্-এ আছে সিলেক্ট কমিটিতে কি হয়েছে, কে, কোন এ্যামেন্ডমেন্ট মুভ করেছেন সেটা বলতে পারেন না। কিন্তু উনি ক্লীয়ারলী বলছেন এবং শংকরদাসবাবু এবং আর একজনের নাম করে বলছেন যে, তাঁরা এই ধরনের এ্যামেন্ডমেন্ট মুভ করেছেন। আপনি এতে বাধা দিন—সি ক্যাণ্ট ডু ইট।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনি রুলিং দেবার আগে আমি বিনীতভাবে আপনার কাছে একটা কথা বলতে চাই। আমি এই নিয়ম জানি, কিন্তু আমার বক্তব্য হচ্ছে হরেকৃষ্ণবাবু যখন বক্তৃতা করেছিলেন তখন তিনি জয়েন্ট সিলেক্ট কমিটির কিছু প্রসিডিংস্ এখানে রেখেছিলেন এবং জ্যোতিবাবু তখন তাঁকে বাধা দেননি। হাওয়েভার, জয়েন্ট সিলেক্ট কমিটি সম্পর্কে আমি আর কোন কথা বলতে চাই না এবং যেটা বলেছি সেটা প্রত্যাহার করছি। স্যার, জমির দাতারা কায়েমী স্বার্থকে সার্ভ করবেন একথা সনৎ রাহা মহাশয় বলেছেন। আমি তাঁর কথার জবাব দিচ্ছি। আমরা এই আইনের বিধানে কি দেখছি, গ্রাম পরিষদ কাদের দ্বারা কন্সটিটিউটেড হবে? আমরা দেখছি গ্রাম পরিষদে ঐ গ্রামের প্রতিটি এ্যাডাল্ট সে ভূমিহীন হোক, ভূমির মালিক হোক তিনি সদস্য হবেন। আমরা যাঁরা জনপ্রতিনিধিত্ব করি তাঁরা গ্রামের মানুষের প্রতি এরকম আস্থা প্রকাশ করি যে, যাঁরা সদস্য হবেন তাঁরা ভেস্টেড ইন্টারেস্ট সার্ভ করতে পারেন না। কিন্তু এখানে যাঁরা বলছেন তাঁরা ভেসটেড ইন্টারেস্ট সার্ভ করবেন তাতে আমার মনে হয় একথা তাঁরা গ্রামে গিয়ে বলতে পারেন না। ল্যান্ড পুলে তাঁরা সমস্ত ম্যানেজমেন্ট করবেন, এ্যালটমেন্ট করবেন গ্রাম পরিষদ সেইভাবেই কনস্টিটিউটেড হচ্ছে। গ্রাম পরিষদের সদস্য হবেন সেই গ্রামের প্রত্যেকটি প্রাপ্তবয়স্ক লোক, কাজেই তাঁরা ভেস্টেড ইন্টারেস্ট সার্ভ করবেন একথা বলা মারাত্মক অপরাধ বলে আমি মনে করি।

শ্রীসনৎকুমার রাহাঃ উনি এমন সব কথা বলছেন যেটা আমি বলিনি।

দি অনারেবল পূরবী মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, এছাড়া এই বিলের উপর আমার আর কিছু বলবার নেই। যেসব এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে আমি তার বিরোধিতা করছি এবং যাতে বিনা বাধায় এই বিল গ্রহণ করা হয় সেই অনুরোধ জানাচ্ছি।

[5-5—5-15 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়া তাঁর বক্তৃতার এক সময় বললেন আমি নাকি বক্তৃতার মধ্যে বলেছি বিনোবাজী প্রতিক্রিয়াশীল। আমার যতদূর মনে আছে উনি গতকাল অধিকাংশ সময় সভায় ছিলেন না, আমার বক্তৃতা হয়ত তিনি মন দিয়ে শুনেন নি, আমি ঠিক পয়েন্টেই সারাদিন বক্তৃতা করেছি কালকে, কিন্তু এই পয়েন্টটি এড়িয়ে যাবার চেষ্টা করেছি। বিনোবাজীর প্রতিক্রিয়াশীল কি প্রগতিশীল সেই আলোচনায় যাবার আমার দরকার নাই। যেহেতু বিনোবাজীর প্রত্যক্ষ কোন প্রতিনিধি এখানে উপস্থিত নাই যিনি আমাদের কথার জবাব দিতে পারেন, বা তাঁর বক্তব্য প্রামানিকভাবে এখানে উপস্থিত করতে পারেন। সেজন্য আমি বলছিলাম যে আপনি যদি শুনতেন মনে থাকত প্রি-এম্বল থেকে বিনোবাজীর আদর্শ কথাটুকু বাদ দিয়ে বিনোবাজীর নাম বাদ দিয়ে বিলটাকে বিল হিসাবে গ্রহণ করা হোক। আপনি তর্কের জবাব দিন ভাল কিন্তু আর একজনের মতকে ভুল বলে খণ্ডন করে বক্তৃতার চাতুর্য দেখাবার কোন প্রয়োজন নাই।

Point of personal Explanation

শ্রীসনৎকুমার রাহাঃ

On a point of personal explanation

যেটা উনি বিকৃত করে বলেছেন সে সম্বন্ধে আমি আমার নিজের বক্তব্য রাখতে চাই। তিনি মন্ত্রী মহোদয়া বলেছেন আমি নাকি বলেছি গ্রাম পরিষদের প্রত্যেকটি লোক প্রতিক্রিয়াশীল কায়েমী স্বার্থবাদী, এটা বলার কোন সুযোগই নাই, বিশেষ করে বিরোধী পক্ষের তো নাইই। কথা হচ্ছে গ্রাম্য জীবন সম্বন্ধে উনার বোধ হয় খুব কম অভিজ্ঞতা আছে গ্রাম পরিষদে এবং গ্রাম পঞ্চায়েতে এ্যাডাল্টাই আছে, গ্রাম পঞ্চায়েতের চেহারা কি তিনি একবার গিয়ে দেখে আসুন।

দ্বিতীয় কথা হচ্ছে, বিনোবাজীর বক্তৃতা সম্পর্কে পরিষ্কার বলতে চাই যে তাঁর আদর্শনিষ্ঠা এ সম্পর্কে কোন কথা নাই। তিনি যে মতবাদের কথা বলেন সেই মতবাদে জনসাধারণের কল্যাণ হোক এটা সকলেই চাইবে। কিন্তু তাঁর আদর্শকে হাতিয়ার হিসাবে নিয়ে যদি কেহ শ্রেণী সংগ্রাম করতে চায় তাহলে আমাদের বক্তব্য আছে, এবং সে বক্তব্য স্বভাবতঃই চলে আসে।

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Bengal Gramdan Bill, 1963, as settled in the Assembly, be passed was then put and agreed to.

Point of order raised to discontinue the prefix Hon'ble in the names of Ministers and Ministers of State

শ্রীশম্ভুচরণ ঘোষ: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমি স্যার, যে পয়েন্ট তুলছি তার এই বিলের সঙ্গে সম্পর্ক নাই, আমি পৃথকভাবে তুলছি। আমাদের এই হাউসের সামনে বিভিন্ন সিলেক্ট কমিটির তালিকা যখন পেশ করা হয় তখন আপনি নিশ্চয়ই লক্ষ্য করবেন কয়েকজন সদস্যের নামের আগে দি অনারেবল এই তালিকাটি থাকে। অনেককে সিলেক্ট কমিটিতে নেওয়া হয়েছে, এখানে ৪ জনের নামের আগে দি অনারেবল কথাটি লেখা হয়েছে। দি অনারেবল শৈল কুমার মুখার্জি, দি অনারেবল শ্যামাদাস ভট্টাচার্য, দি অনারেবল সৌরীন্দ্রমোহন মিশ্র, দি অনারেবল সত্যরঞ্জিৎ বন্দ্যোপাধ্যায়, এই চারজন সদস্যের নামের আগে দি অনারেবল এই কথাটি লেখা আছে। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি সংবিধনের ১৮ ধারার প্রতি, সেখানে বলা হয়েছে

No title, not being a military or academic distinction, shall be confirmed by the State.

মাননীয় স্পীকার মহাশয়, ১৯৫০ সালে দিল্লীর লোকসভায় ভারতীয় সংবিধানের ১৮ ধারার কথা উল্লেখ করা হয়েছিল এবং এ সম্পর্কে আমি জানি এবং নিশ্চয়ই আপনি জানেন গভর্নমেন্ট অব ইন্ডিয়া এটা পরিষ্কার অর্ডার দিয়েছে বিভিন্ন স্টেট গভর্নমেন্টের কাছে, গভর্নমেন্ট অব ইন্ডিয়ার মিনিস্টার অব হোম এফেয়ার্স লিখছেন ৩।২।৫২ পাবলিক এই নম্বরে, তার হেড লাইন হচ্ছে

discontinuance of honorific application.

এখানে দেখছি পরিষ্কারভাবে সেন্ট্রাল গভর্নমেন্ট নির্দেশ দিচ্ছে বিভিন্ন স্টেটের মিনিস্টার বা স্পীকার তাদের নামের আগে অনারেবল এ কথাটি ব্যবহৃত হবে না। অবশ্য এই ক্ষেত্রে, এই হাউসে বা পার্লামেন্টে বা অ্যাসেমব্লীতে অ্যাড্রেস করার সময় কনভেনশন স্বরূপ এ কথাটি ইউজ করতে পারা যায় কিন্তু

honorific application of the particular term

এটা ব্যবহার করা হবে না।

আমি আপনার কাছে পার্লিয়ামেন্টারী ডিবেটস, ১৯৬০ থেকে উল্লেখ করে দেখাচ্ছি ১৪ই ডিসেম্বর, ১৯৬০, পার্লিয়ামেন্ট-এ একটা বিল এসেছিল, মেটারনিটি বেনিফিট বিল, সেটা জয়েন্ট সিলেক্ট কমিটিতে গিয়েছিল, এবং তার মধ্যে মন্ত্রী শ্রীগুলজারিলাল নন্দ ছিলেন, কিন্তু আপনি দেখবেন যে ১৪ই ডিসেম্বর, ১৯৬০তে যে মেটারনিটি কমিটি হয়েছিল সেখানে গুলজারিলাল নন্দের আগে শ্রীগুলজারিলাল নন্দ এই কথা ছিল, "অনারেবল" ছিল না। মাননীয় স্পীকার মহাশয়, সেজন্য আমি আপনার কাছে রাখতে চাই, এই হাউসে সকল সদস্যের সমান অধিকার আছে এবং আপনি সকল সদস্যদের "অনারেবল" না মাননীয় সদস্য বলে সম্বোধন করেন। এখানে যে ডকুমেন্ট হাউসের সামনে পেশ করা হয় সেখানে বিশেষ কোন নামের আগে "অনারেবল" রাখা আমি মনে করি সংবিধানবিরোধী, গভর্নমেন্টের নির্দেশবিরোধী এবং সাধারণভাবে আমাদের হাউসের মর্যাদাবিরোধী, এই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিষয়ে আপনার রুলিং চাচ্ছি।

The Hon'ble Jagannath Kolay:

শম্ভুবাবু যেটা বলেছেন তাঁর সঙ্গে আমি একমত, কারণ হাউসে সব মেম্বারই "অনারেবল" সেখানে মন্ত্রী বা সদস্যদের মধ্যে তফাৎ নাই। পার্লামেন্টে সেটা উঠে গিয়েছে, "অনারেবল মিনিস্টার" বলা উঠে গিয়েছে সেটা আমরাও সংশোধন করে নিচ্ছি, এবং ফিউচারে আমি বলব সেক্রেটারীকে নির্দেশ দিতে "অনারেবল" যাতে ব্যবহৃত না হয়।

The Calcutta University Bill, 1964

Shri Rabindralal Sinha: I beg to introduce the Calcutta University Bill, 1964.

(Secretary read the title of the Bill)

Shri Sambhu Charan Ghosh:

অন এ পয়েন্ট অব অর্ডার, ক্যালকাটা ইউনিভার্সিটি বিল যেটা আমাদের হাউসের সামনে উত্থাপন করা হয়েছে এই বিলটা একটা মানি বিল। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি কনস্টিটিউশন অব ইন্ডিয়া আর্টিকল ১৯৯(৭)(বি), আপনি দেখবেন তাতে পরিষ্কারভাবে বলা হচ্ছে ,

"For the purposes of this Chapter, a Bill shall be deemed to be a Money Bill if it contains only provisions dealing with all or any of the following matters, namely, (b) the regulation of the borrowing of money or the giving of any guarantee by the State or the amendment of the law with respect of any financial obligations undertaken or to be undertaken by the State."

যেখানে ১৯৯(১)(বি)তে গিভিং অব গ্যারান্টি বাই দি স্টেট।

তারপর, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই ক্যালকাটা ইউনিভার্সিটি বিল-এর ক্লজেস নং ৪৪ ও ৪৫-এর প্রতি। এই দুটো ক্লজ-এ পরিষ্কারভাবে গভর্নমেন্ট গ্যারান্টি দিচ্ছেন যে ইউনিভার্সিটিকে ন্যূনপক্ষে ৭ লক্ষ টাকা সাহায্য করছেন এবং ম্যাট্রিকুলেশন উঠে যাবার পর তাঁরা যে ক্ষতি স্বীকার করেছেন তার অর্থও তাঁরা দেবেন, অর্থাৎ এই ধারা অনুযায়ী স্টেট গভর্নমেন্ট তাঁদের পরিষ্কার গ্যারান্টি দিচ্ছেন অর্থসাহায্য তাঁরা করবেন। এর সাথে সাথে ১৯৯(১)(জি)র প্রতিও আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেখানে আছে

any matter incidental to any of the matter specified in sub-clauses (a) to (f).

অর্থাৎ আরো যেসমস্ত ক্লজ আছে ইন দিস বিল সেগুলি ইন্সিডেন্টাল টু দি ৪৪ অ্যান্ড ৪৫। সেজন্য এই বিলটা একটা মানি বিল। এবং যদি মানি বিল হয় তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আর্টিকল ২০৭ অনুযায়ী এই বিল আনতে হলে গভর্নমেন্ট-এর রেকমেন্ডেশন এর প্রয়োজনীয়তা আছে।

"A Bill or amendment making provision for any of the matters specified in sub-clauses (a) to (f) of clause (1) of article 199 shall not be introduced or moved except on the recommendation of the Governor, and a Bill making such provision shall not be introduced in a Legislative Council."

[5-15—5-25 p.m.]

Shri Rabindralal Sinha: Sir, I beg to submit that this is not a money bill. Under Article 199 of the Constitution of India if the bill contains only provisions dealing with all or any of the followng matters etc. This bill contains money provision. There is also some provision for the expenditure of money but this does not contain only provisions as enumerated in clauses (a) to (g) of this Article. Article 199 says "For purposes of this Chapter a Bill shall be deemed to be a Money Bill if it contains only provisions dealing with all or any of the following matters." This Bill does not contain that.

So far as Article 207 is concerned, (1) and (2) do not apply, (3) applies —it says "A Bill which, if enacted and brought into operation, would involve expenditure from the Consolidated Fund of a State shall not be passed by a House of the Legislature of the State unless the Governor has recommended to that House the consideration of the Bill."

এইরকম রেকমেন্ডেশন না এলে এই বিলে কি আছে এই টাকা দেয়া হবে,

It would involve expenditure from the Consolidated Fund of a State.

অর্থাৎ আর্টিকল ২০৭(৩) অ্যাপ্লাই করা হচ্ছে ১, ২ অ্যাপ্লাই করছে না। ৩ অ্যাপ্লাই যেমন করছে সেখানে কমেন্ট আসবে গভর্নরের রেকমেন্ডেশনের প্রশ্ন,

before the final passing of the Bill. We are not going to pass it now.

Therefore, Sir, I would submit that the point of order should not be accepted.

Shri Sambhu Charan Ghosh:

স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী আমাদের সামনে আর্টিকেল ১৯৯-র যে ইন্টারপ্রিটেসান করলেন আমি মনে করি উনি ঠিকভাবে ইন্টারপ্রিটেসান করলেন না। আমি আপনাকে রিকোয়েস্ট করবো ১৯৯(১)(বি) অ্যান্ড (জি) দুটো যদি একত্রে পড়েন তাহলে দেখবেন যে এই বিলটা মানি বিলের আওতায় আসবে। এই বিলের মধ্যে মেন প্রভিসনি, চীফ প্রভিসান ক্লজেস ৪৪ এবং ৪৫ these are chief provisions.

এবং দুটো যদি একসাথে পড়া যায় তাহলে দেখা যাবে

any matter incidental to any of the matters which are related to these clauses.

কাজে কাজেই আমার কথা হচ্ছে উনি যদি বি এবং জি একত্রে নেন তাহলে দেখবেন এই বিলটা এই আর্টিকেলের মধ্যে আসে। আমি আপনাকে অনুরোধ করবো এটা আপনি দেখুন যে, মানি বিলের মধ্যে আসে কিনা।

Mr. Speaker: Mr. Ghosh, I think there is no point raised in your point or order. The Article 199 is absolutely clear. The word "only" is very significant.

Point or Order

Shri Sambhu Charan Ghosh: I have another point of order.

এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজনস-এর মধ্যে কিভাবে বলা হয়েছে? কলিকাতা বিশ্ববিদ্যালয় কবে সৃষ্টি হয়েছিল, কোন খৃস্টাব্দে তৈরী হয়েছিল, সেই সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের জ্ঞান দেবার চেষ্টা করেছেন। এই অবজেক্টস অ্যান্ড রিজনস-এ বলা হয়েছে, তার ভৌগোলিক পরিস্থিতি কতখানি ছিল। বার্মা, সিংহল পর্যন্ত, সেই সম্পর্কে বলা হয়েছে অবজেক্টস রিজনস-এ।

আমরা জানতে চাই যে, এই বিলটি কি উদ্দেশ্যে আজ হাউসের সামনে আনা হল? হঠাৎ আজকে এর প্রয়োজনীয়তা দেখা দিলো কেন? সে সম্পর্কে কোন কথা এর মধ্যে বলা হয় নি। কেবল শেষের দিকে একটা কথা বলা হয়েছে ডায়নামিক প্ল্যানিং অফ এডুকেশন। এই ডায়নামিক প্ল্যানিং অব এডুকেশন সরকারের আছে কিনা? আমরা জানি না পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা ক্ষেত্রে কোনরকম এই ধরনের প্ল্যানিং আছে কিনা? আমার মনে হয় এখানে তাঁরা ভুল করেছেন, ডায়নামিক প্ল্যানিং অফ এডুকেশন নয়, দিস সুড বি ডলার প্ল্যানিং ইন এডুকেশন। আসল কথাটাই মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় চেপে গিয়েছেন। ডলার প্ল্যানিং ইন এডুকেশন, এইটাই হচ্ছে বিলের আসল উদ্দেশ্য, সেটা অবজেক্টস অ্যান্ড রিজনস-এর মধ্যে বলা হয় নি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের এইটুকু সৎসাহস নেই বলার যে, যে উদ্দেশ্যে বিলটি এনেছেন বা সেই সম্পর্কে পরিষ্কার বক্তব্য রাখার।

এ কথা আমরা জানি যে ফোর্ড ফাউন্ডেসন কলিকাতা বিশ্ববিদ্যালয় সম্পর্কে কতকগুলি সুপারিশ করেছিলেন। ফোর্ড ফাউন্ডেসান, তারা ফাইন্যানসিয়াল অ্যাসিসটান্স করবেন বলে প্রতিশ্রুতি দেওয়ার পরে, তাঁরা কতকগুলি সুপারিশ করেছিলেন এবং সেই সুপারিশকে কার্যকরী করার জন্য আজকে সরকার এগিয়ে এসেছেন এবং বিলটাকে আমাদের সামনে এইভাবে নিয়ে এসেছেন। অর্থাৎ ফোর্ড ফাউন্ডেসান, ফাইন্যানসিয়াল অ্যাসিসটান্স করবে, এর জন্য তারা কতকগুলি সর্ত আরোপ করতে চান। সেইজন্য আমরা তার বিরোধীতা করছি। বিদেশী কোন সংস্থা যদি আমাদের অর্থসাহায্য করতে চায়, তা করুক। কিন্তু কোনরকম ফরেন ইন্টারফিয়ারেন্স আমরা চাই না।

Mr. Speaker:

আপনি যে পয়েন্ট অফ অর্ডার তুলেছেন, সেই পয়েন্টটা বলে দিন।

Shri Sambhu Charan Ghosh:

আমার পয়েন্টটা হচ্ছে এই জিনিসগুলি বিলের অবজেক্টস অ্যান্ড রিজনস-এর মধ্যে আসা উচিৎ ছিল, ফোর্ড ফাউন্ডেসান-এর সুপারিশ অনুযায়ী ডলার-এর ইন্টারপ্রিটেসান

Mr. Speaker:

মিঃ ঘোষ, আপনি এইভাবে এখন বক্তৃতার অবতারণা করবেন না।

Shri Sambhu Charan Ghosh:

আমার বক্তব্যটা বলতে দিন।

Mr. Speaker:

আপনার বক্তব্য, আপনি পরে বলবেন।

Shri Sambhu Charan Ghosh:

আমি বলছি—এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজনস-এর মধ্যে অনেক ভুল রয়েছে।

Mr. Speaker:

সেটা যদি থাকে, তাহলে সেটা আপনি বিলের ডিবেটের সময় বলবেন। আপনি এখন বক্তৃতা দেবেন না।

Shri Sambhu Charan Ghosh:

আমি বক্তৃতা দিচ্ছি না। এই বিলের যে স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস, সেটা আমরা গ্রহণ করতে পারি না। এটাই হচ্ছে আমার, আপনার কাছে একটা পয়েন্ট অফ অর্ডার।

Mr. Speaker:

এটা কোন পয়েন্ট অফ অর্ডার নয়। যখন বিলের ডিবেট বিস্তারিতভাবে গন থ্রু হবে, সেইসময় এটা বলবেন।

Shri Sambhu Charan Ghosh:

আমি বলছি একটা ভুল জিনিসকে যদি এইভাবে চালিয়ে দেওয়া হয়, তাহলে অত্যন্ত অন্যায় হবে।

Mr. Speaker:

এখনও চালিয়ে দেওয়া হয় নি।

This is merely being discussed.

Shri Sambhu Charan Ghosh:

আমাদের সামনে এই বিল শিক্ষামন্ত্রী মহাশয় প্ল্যান করেছেন, সেখানে আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে—বিলের অবজেক্টস অ্যান্ড রিজনস সম্পর্কে। আমি বলছি

This should not be treated as a statement of objects and reasons.

The Hon'ble Rabindralal Sinha: Sir, I beg to move that the Calcutta University Bill, 1964, be referred.....

Shri Sambhu Charan Ghosh:

মঃ স্পীকার স্যার, আমি আর একটা নূতন পয়েন্ট অফ অর্ডার রাখছি। এই যে বিলটি আমাদের সামনে আনা হয়েছে, এই বিলের ফাইন্যান্সিয়াল মেমোরেন্ডাম যেটা আছে, সেটার প্রতি আপনি একটু লক্ষ্য করবেন। ফাইন্যান্সিয়াল মেমোরেন্ডাম সম্পর্কে আমাদের রুলস অফ প্রসিডিওর-এর রুল ৭১-এতে অত্যন্ত পরিষ্কার ভাবে উল্লেখ আছে। এই রুল ৭১-তে কি আছে, আপনি লক্ষ্য করে দেখবেন। রুলস ৭১-তে বলছে

A Bill involving expenditure shall be accompanied by a financial memorandum which shall invite particular attention to the clauses involving expenditure and shall also give an estimate of the recurring and non-recurring expenditure involved in case the Bill is passed into law.

অথচ এখানে বলছেন বিলেতে, যে ক্লজগুলিতে ফাইন্যানসিয়াল রেসপনসিবিলিটির কথা আছে, সেই ফাইন্যানসিয়াল ক্লজগুলিতে অ্যাটেনসান ড্র করা হবে এবং এস্টিমেট দেওয়া হবে যে, কত টাকা খরচের প্রশ্ন এখানে আছে। কিন্তু, এই বিলের ফাইন্যানসিয়াল মেমোরেন্ডাম-এ যে কথা বলা আছে, সেখানে কোনরকম এস্টিমেট দেওয়া হয় নি। সেখানে উল্লেখ করা আছে যে, ১৯৫১ সালের যে কলিকাতা বিশ্ববিদ্যালয় আইন, সেই আইনের সেকসন (৫০) এবং ৫০(এ) অনুসারে যে টাকা দেওয়ার দায়িত্ব সরকার নিয়েছেন, সেই টাকার দায়িত্ব সরকারই নেবেন। আমি যেটা রাখতে চাচ্ছি—এ কথা কি মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় অস্বীকার করতে পারেন যে, পুরান আইন অনুসারে ৬০ লক্ষ টাকা তারা দেবেন বলেছিলেন এবং তা দিচ্ছেন?

This Bill does not therefore invoke any additional expenditure from public funds.

[5-25—5-35 p.m.]

আমি বলছি দিস ইজ নট এ ফ্যাক্ট, এছাড়া অ্যাডিসনাল এক্সপেন্ডিচারের প্রশ্ন আছে। আপনি এই নূতন বিলে দুইজন প্রো ভাইস চ্যান্সেলার-এর প্রভিসন রেখেছেন, দুইজন নূতন প্রো ভাইস চ্যান্সেলারকে আপনি এই বিলেতে প্রভাইড করছেন তাঁদের জন্য আপনার একটা খরচ আসছে। আপনি বেতন দিন বা অনারারিয়াম দিন তার জন্য একটা খরচ হবে; দ্বিতীয় কথা, যেটা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় অস্বীকার করতে পারবেন না যে, কলিকাতা বিশ্ববিদ্যালয় ইউ জি সি-র কাছ থেকে বছরেতে ৮ লক্ষ টাকা তারা গ্র্যান্ট পায় এবং ইউ জি সি পরিস্কারভাবে জানিয়ে দিয়েছে যে ১৯৬৫ সালের পর থেকে তারা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্র্যান্ট বন্ধ করে দেবে। ইউ জি সি আরো জানিয়ে দিয়েছে যে এর দায়িত্ব রাজ্যসরকারকে গ্রহণ করতে হবে। রাজ্য সরকার ইতিমধ্যেই বাংলাদেশের বিভিন্ন কলেজ সমূহের আর্থিক দায়িত্ব গ্রহণ করেছেন। ইউ জি সি বিভিন্ন কলেজে যে সাহায্য করতেন সে সাহায্য বন্ধ করে দিয়েছেন। কাজে কাজেই আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে যে, এডিসনাল এক্সপেন্ডিচার এতে ইনভলভড হবে। আজ ৮ লক্ষ টাকা ইউ জি সি বন্ধ করে দিলে রাজ্যসরকারকে দিতে হবে, প্রো ভাইস চ্যান্সেলারের বেতন বা অনারেরিয়াম বাবদ টাকা খরচ করতে হবে। এইগুলি পুরানো আইনে ছিল না; কাজে কাজেই এখানে এ্যাডিসনাল এক্সপেন্ডিচারের কথা আসে এবং এখানে রুলে পরিস্কারভাবে বলা আছে যে কত টাকা খরচ হবে তার এস্টিমেট দিতে হবে। অথচ এই ফাইন্যানসিয়াল মেমোরান্ডামে এস্টিমেট দেওয়া হয় নি। সেইজন্য আমি মনে করি যে অ্যাকর্ডিং টু দিস রুল এই ফাইন্যানসিয়াল মেমোরান্ডাম ঠিক নয় এবং এই বিষয় আমি আপনার মত চাইছি।

Mr. Speaker:

Mr. Ghosh, there is a financial memorandum attached to the Bill that is going to be introduced. That is the only point taken up by you.

শ্রীশম্ভুচরণ ঘোষ: আপনি ৭১এ-তে দেখুন। সেখানে এই এস্টিমেট দেওয়া হয় নি। এখানে দেখবেন যে ৬০ হাজার টাকা নয়, অন্ততঃপক্ষে ৮০ হাজার টাকার দরকার হবে।

Mr. Speaker:

It is stated in the memorandum that it does not involve any larger financial liability for the State Government than at present provided for in sections 50 and 50A of the Calcutta University Act of 1951.

শ্রীশম্ভুচরণ ঘোষ: স্যার, এই বিলের মধ্যে আছে দুইজন প্রো ভাইস-চ্যান্সেলার অ্যাপয়েন্ট করা হবে কিন্তু তাঁদের পে বা অনারারিয়ামের কোন কথা নেই।

Mr. Speaker:

I have given my ruling. Mr. Sinha will now move his motion.

The Hon'ble Rabindra Lal Sinha: Sir, I beg to move—

that the Calcutta University Bill, 1964, be referred to a Joint Committee of the Houses consisting of 33 Members; 23 Members from this House, namely:—

(1) Shri Saila Kumar Mukherjee,
(2) Shri Syamadas Bhattacharyya,
(3) Shri Narendra Nath Sen,
(4) Dr. Pratap Chandra Chunder,
(5) Shri Asoke Krishna Dutta,
(6) Shri Bejoy Krishna Bhattacharyya,
(7) Shri Sankardas Banerji,
(8) Shri Syed Shamsul Bari,
(9) Shri Sowrindra Mohan Misra,
(10) Shrimati Biva Mitra,
(11) Dr. Gopika Ranjan Mitra,
(12) Shri Radha Nath Das Adhikary,
(13) Shrimati Olive Pemantle,
(14) Shri Sakti Kumar Sarkar,
(15) Shri Smarajit Bandyopadhyay,
(16) Shri Mohammad Israil,
(17) Shri Nikhil Das,
(18) Shri Sambhu Charan Ghosh,
(19) Shrimati Ila Mitra,
(20) Shri Ganesh Ghosh,
(21) Shri Sailendra Nath Adhikary,
(22) Shri Siddhartha Shankar Ray, and
(23) Shri Niranjan Sen Gupta,

and ten Members from the Council;

that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of members of the Joint Committee;

that the Committee shall make a report to this House by the end of the second week of the next session;

that in other respects the rules of procedure of this House relating to Committees will apply with such variations and modifications as the Speaker may make;

that this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House the names of members to be appointed by the Council to the Joint Committee.

The Hon'ble Rabindralal Sinha:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থা এবং শাসন ব্যবস্থার উন্নতিসাধন কল্পে যাতে পশ্চিমবঙ্গে উচ্চ শিক্ষা যথাযথভাবে পরিচালিত হয় সেইজন্য এই বিধায়কটি আনা হয়েছে।

মাননীয় সভাপাল মহাশয়, ১৯৫১ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী কলিকাতা বিশ্ববিদ্যালয় পরিচালিত হয়। এই আইনের দ্বারা কার্য চালাইতে গিয়া বহুক্ষেত্রে দেখা গিয়াছে যে নানা অসুবিধার সম্মুখীন হইতে হইয়াছে বিশ্ববিদ্যালয়কে এবং পরিচালনায় নানা অসুবিধার সৃষ্টি হইয়াছে, নানা ত্রুটি দেখা দিয়াছে। এই আইনকে ইতিপূর্বে কয়েকবার বিধানমণ্ডলী সংশোধনও করেছেন।

একবার অধ্যাদেশ অর্থাৎ অর্ডিন্যান্স জারী করতে হয়েছিল এবং যখনই কোন ছোট ছোট বিল নিয়ে সংশোধনী নিয়ে এই সভার কাছে এসেছি মাননীয় বিরোধীপক্ষের বন্ধুগণ বার বার করে বলেছেন এরকম ছিটেফোঁটা সংশোধনীতে হবে না। কলকাতা বিশ্ববিদ্যালয় আইনের আমূল সংশোধন দরকার। শ্রদ্ধেয় বন্ধু কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেটের বিশিষ্ট সদস্য ডাঃ হীরেন্দ্রকুমার চ্যাটার্জি মহাশয় অনেকদিন এই হাউসের মেম্বার ছিলেন, প্রতিবার তিনি এই দাবী করেছেন যে এই আইনকে আমূল সংশোধন করা হোক। শুধু বিধান মণ্ডলীতেই যে দাবী উঠেছে তা নয় কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট সভাতেও এই দাবী বার বার উঠেছে। সিনেট অ্যাক্ট রিভিশান কমিটি গঠন করেছিলেন এবং কি হল সে জানি না, সিনেটের অনেক কমিটির মতই ফল হয়েছে বোধ হয়। তাছাড়া কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট সভার যাঁরা বিশিষ্ট শিক্ষাবিদ সদস্য, উপাচার্য, তাঁরা বার বার বলেছেন এই আইনে নানা অসুবিধার কথা (ডাঃ জ্ঞান ঘোষের মত মানুষ তিনি যখন বিশ্ববিদ্যালয়ে উপাচার্য ছিলেন, সিনেট সভায় ২৭এ মার্চ ১৯৫৪ সালে তিনি বলেছেন "There are a large number of inconsistencies

তারপর তিনি বলছেন

there is contradiction between the Act and the Statutes.

তারপর তিনি একথাও বলেছেন সিনেট সভার ১১ই ডিসেম্বর ১৯৫৪ সালের সভাতে

"My view is that Senate should not be an executive body."

তারপরেও তিনি বলেছেন

"University might find it difficult to run its affairs in accordance with the provisions of the new Act".

তারপরে ডাঃ এন কে সিদ্ধান্ত তিনিও বার বার বলেছেন এই আইনে বিশ্ববিদ্যালয় যথাযথভাবে পরিচালিত করা যায় না। তিনি একথা বলেছেন এতে হচ্ছে কি না,

shuttlecock moving from one committee to another.

তারপর তিনি বলছেন

It is the fault of the Act.

তিনি একথাও বলেছেন

we all know the difficulties which have been experienced in the working of the Act.

তারপর সিনেট সভার অধিবেশনে, তারিখ চান দিয়ে দেব, প্রোঃ প্রমথনাথ ব্যানার্জি বলেছেন—

This Act is exeating great difficulties

ডঃ হীরেন্দ্রকুমার চ্যাটার্জির বক্তৃতার উল্লেখ করে তিনি বলছেন,

He is perfectly right in saying that the Act is defective.

Shri Kamal Kanti Guha:

আপনি কি মনে করেন?

The Hon'ble Rabindralal Sinha:

আমি ডিফেকটিভ মনে করি বলেই তো নূতন আইন এনেছি। তারপর এখানে আমি দেখতে পাচ্ছি, রমাপ্রসাদবাবু নীরদ ভট্টাচার্য মশায় সকলেই সিনেট সভায় এই অ্যাক্ট-এর সাহায্যে কার্য পরিচালনা করা অসুবিধার কথা বার বার বলেছেন এবং এই অ্যাক্ট-এর আমূল সংশোধন প্রয়োজন। একথা বলা হচ্ছে যে, ফোর্ড ফাউন্ডেশান বলেছেন। ফোর্ড ফাউন্ডেশান কি বলেছেন আমি জানি না, তবে আমার কথা হচ্ছে যে, আমি অনুরোধ করবো, আমি আবেদন জানাবো মাননীয় সভাপাল মহাশয়, এই আইনের বিধানাবলীর মেরিট-এর উপর তাঁরা বিচার করুন। যদি দেখা যায় বিদেশী কোন শিক্ষাবিদ পরামর্শও দিয়ে থাকেন, কোঠারী কমিশনেও আমরা বিদেশী শিক্ষাবিদকে নিয়ে আনছি, পরামর্শও দিয়ে থাকেন, তা যদি আমাদের আত্মসম্মান হানিকর হয়, তা যদি আমাদের পশ্চিমবাংলার উচ্চশিক্ষার প্রসারের বিঘ্ন সৃষ্টি করে নিশ্চয়ই আমরা গ্রহণ করবো না। কিন্তু যদি কোন বিদেশী বন্ধু আমাদের সহায়তা করেন বা এমন কোন পরামর্শ দেন যেটা এই বিধানসভা বিবেচনা করে গ্রহণ করবো মনে করেন নিশ্চয়ই গ্রহণ করবেন। সুতরাং আমি অনুরোধ করবো যে, ফোর্ড ফাউন্ডেশান বা কোন রাজনৈতিক মতবাদ যেন আজকে আমাদের দৃষ্টিকে আচ্ছন্ন না করেন আজকে এই বিলকে আমি তাদের অনুরোধ করবো মেরিট-এ বিচার করবার জন্য।

তারপর আমি বলবো যে এই আইনের দ্বারা সরকার কোন নূতন ক্ষমতা গ্রহণ করছেন না এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা কোনক্ষেত্রে সংকুচিত করা হচ্ছে না, বরং কোন কোন ক্ষেত্রে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা বাড়িয়ে দেওয়া হচ্ছে। যেমন বলতে পারি প্রাইভেট কলেজেস গভর্নিং বডির উপর ক্যালকাটা ইউনিভার্সিটির কোন কন্ট্রোল নাই, প্রাইভেট কলেজ হিসাবে পরিচালিত হবে, শিক্ষকদের কন্ডিশন অফ সার্ভিস কি হবে কলেজের, সে সম্বন্ধেও ক্যালকাটা ইউনিভার্সিটির ক্ষমতা খুব সীমাবদ্ধ এবং সংকুচিত।

[5-35—5-45 p.m.]

শ্রীমতী ইলা মিত্রঃ অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, শিক্ষামন্ত্রী মহাশয় বললেন ফোর্ড ফাউন্ডেশানের কথা, ফোর্ড ফাউন্ডেশানের কথা উনি নিশ্চয়ই বলবেন, কিন্তু সেই পয়েন্টে তিনি বলছেন যদি কোন বিদেশী বন্ধু আমাদের সাহায্য করে, তাহলে তার মেরিট বিচার করে দেখতে হবে, তিনি ফোর্ড ফাউন্ডেশন সম্বন্ধে কোন কথা বললেন না, এ সম্পর্কে তিনি কেন কিছু বললে আমাদের সুবিধা হয়, এটাই শুধু আমি বলতে চাই।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ ফোর্ড ফাউন্ডেশনের কোন রেকমেন্ডেশনে আমরা এই অ্যাক্ট আনি নি। আজকে প্রাইভেট কলেজ কন্ট্রোল করার ইউনিভার্সিটির কোন ক্ষমতা নাই, নূতন আইনে ইউনিভার্সিটিকে সেই ক্ষমতা দেওয়া হয়েছে। আজকে অবশ্য এটা সিলেক্ট কমিটি বিচার করবেন এবং বিচার করে যদি না দিতে চান বা এই হাউস না দিতে চান, সেটা আলাদা কথা, বিলে যা আছে আমি তাই বলছি।

তারপর আজকে দেখা যাচ্ছে কলকাতা ইউনিভার্সিটিতে তার বিভিন্ন অথরিটির মধ্যে ক্ষমতা পরিষ্কারভাবে চিহ্নিত নাই। তার ফলে প্রতি জিনিস বহু কমিটি ঘুরে ঘুরে অকারণ অসম্ভব দেরী হচ্ছে, সেটা বন্ধ করা উচিত। আমি মনে করি কলকাতা ইউনিভার্সিটির বিভিন্ন অথরিটির মধ্যে আরও

rational distribution of powers and functions.

হওয়া উচিত। এই বিলে সেই প্রচেষ্টাই আছে। আজকে অ্যাকাডেমিক কাউন্সিল আছে, কিন্তু অ্যাকাডেমিক ম্যাটার কখনো শেষ হয় না, দীর্ঘদিন না গেলে, বোর্ড অফ স্টাডিজ-এ বার বার ঘুরে যায়, এই হয়ে এসেছে। সুতরাং কতকগুলি ম্যাটারে অ্যাকাডেমিক কাউন্সিলকেই ফাইন্যাল অথরিটি দেওয়া উচিত বলে আমি মনে করি। আজকে অ্যাকাডেমিক কাউন্সিল বা সিনেট, বিশেষ করে অ্যাকাডেমিক কাউন্সিলে শিক্ষক প্রতিনিধিত্ব বাড়িয়ে দেওয়া হয়েছে। আমি মনে করি অ্যাকাডেমিক পলিসিতে শিক্ষকদেরই প্রাধান্য থাকা উচিত। অ্যাকাডেমিক কাউন্সিলে শিক্ষক প্রতিনিধিত্ব বাড়িয়ে দেবার সেটা একটা কারণ। (এ ভয়েসঃ নমিনেটেড মেম্বারের সংখ্যা কত?) নমিনেশনের সংখ্যা বাড়ানো হয় নি কোথাও। আর একটা দেখতে হবে, অ্যাডমিনিস্ট্রেটিভ বডিকে যদিও হবে? সিনেটের সদস্য প্রায় ১৬০। ১৬০ জনের একটা বডিকে যদি অ্যাডমিনিস্ট্রেশন ডে টু ডে চালাতে হয় তাহলে অসম্ভব হয়ে পড়বে। সিনেটের যাদের অভিজ্ঞতা আছে তাঁরা জানেন যে একটা জমাদারের পোস্ট ক্রিয়েট করতে গেলে সিনেটের কাছে আসতে হয়। সুতরাং এই অবস্থা অসহনীয়, এর পরিবর্তন আবশ্যক। একথা যদি স্বীকার করি তাহলে মানতে হবে যে র‍্যাশনাল ডিস্ট্রিবিউশন অফ পাওয়ার্স-এর দরকার আছে। তারপর এই যে

multiplicity of authorities almost overriding in powers.

এর ফলে অসম্ভব দেরী হয়, আপনারা জানেন। আমি তিনটি উদাহরণ দেব। আজকে কনস্টিটিউয়েন্ট কলেজের কথা বলছি, আপনারা জানেন যে এম এ পড়ানোর যে আসন সংখ্যা তা অত্যন্ত সীমাবদ্ধ, দাবী আছে প্রয়োজন আছে। প্রেসিডেন্সী কলেজে সংস্কৃত কলেজে এম এ ছাত্রদের পড়ান হয়, কিন্তু ইউনিভার্সিটির ছাত্ররাই এসে সেখানে পড়ে। আজকে কনস্টিটিউয়েন্ট কলেজের স্ট্যাটুট যদি তৈরী করে দিতেন, যেখানে এম এ ছাত্ররা ভর্তি হতে পাচ্ছে না তারা কিছু-সংখ্যক ভর্তি হতে পারত।

আজ দশ বৎসর ধরে কনস্টিটুয়েন্ট কলেজ-এর স্ট্যাটিয়ুট ঘোরাফেরা করছে, পাশ হল না। এই কথাও আমি বলব এর মধ্যে ৩ বার এই ব্যাপারটা সিনেট-এর সামনে এসেছে, ৩ বার রেফার্ড ব্যাক হয়েছে, কমিটির কাছে গিয়েছে, কমিটির মিটিং ১০ বার ডাকা হয়েছিল, ৮ বার বসতে পারে

নি, মিটিং ফর ওয়ান্ট অফ কোরাম। এই অবস্থা! অর্ডিন্যান্স ধরুন,
ordinance regarding minimum qualification of teachers in Colleges.
এটাও আজকে দশ বৎসর ধরে আসা-যাওয়া করছে, ফাইন্যালাইজ হল না। বি টি সিলেবাস ১৯৫৬ সালে পরিবর্তন করার প্রস্তাব আনলেও ৭ বৎসর লাগল সিলেবাস পরিবর্তন করতে। এই অসহনীয় অবস্থার পরিবর্তনের নিশ্চয়ই প্রয়োজনীয়তা আছে, মাননীয় সদস্য রা আশা করি এই কথা মনে করবেন। তাছাড়া, আজকে আন্ডার গ্র্যাজুয়েট স্টাডি সম্বন্ধে আরো বিশেষ নজর ইউনিভার্সিটির দেওয়া উচিত। এখন কোন আন্ডার গ্র্যাজুয়েট কাউন্সিল নাই, সেজন্য এটা সৃষ্টি করার ব্যবস্থা হয়েছে। সিনেট নীতি নির্ধারণ করবেন কিন্তু একথা সত্য নয় যে, সিনেটের সম্পূর্ণ ক্ষমতা হরণ করা হয়েছে। স্ট্যাটিয়ুট অর্ডিন্যান্স, সিনেট-এ এলে সিনেট সংখ্যাগরিষ্ঠতা দিয়ে যদি স্ট্যাটিয়ুট ২ বার রিজেক্ট করে তাহলে সেটা চ্যান্সেলার-এর কাছে যাবে না। এখন যা আইন আছে তাতে আছে যে, সিনেট ও সিন্ডিকেট-এর মধ্যে যদি মতভেদ হয়, সেই মতভেদের ক্ষেত্রে সেটা চ্যান্সেলার-এর কাছে যাবে এবং চ্যান্সেলার-এর মতামতই ফাইন্যাল হবে। কিন্তু এক্ষেত্রে বলা হচ্ছে সিনেট যদি ২ বার সম্পূর্ণ মেজরিটি অফ টোট্যাল নাম্বার-এ রিজেক্ট করে সেটা চ্যান্সেলার-এর কাছে যাবে না, এখানে সিনেট-এর ক্ষমতা বৃদ্ধি করা হয়েছে। তাছাড়া, আরেকটা কথা বলব, যাঁদের ক্যালকাটা ইউনিভার্সিটির সিনেটের অধিবেশনে উপস্থিত থাকার সুযোগ হয়েছে, তাঁরা নিশ্চয়ই জানেন কিভাবে ১৬০ জন সদস্যের মধ্যে ৭০-৮০ জন সদস্য নিয়ে মিটিং আরম্ভ হয়, তারপর তিন ঘণ্টা কোথাও বেতন বৃদ্ধি কোথাও নতুন পদ সৃষ্টি ইত্যাদি নিয়ে আলোচনা হতে হতে তিন ঘণ্টা বাদে এক এক করে সবাই চলে যেতে আরম্ভ করেন। শুধুমাত্র নির্দিষ্ট কোরামে ইমপরটেন্ট ডিসিসান হয়ে গেল। এইসমস্ত সংশোধন করার জন্যই এই বিধেয়ক আনা হয়েছে। আমরা তাড়াহুড়ায় আইন পাশ করতে চাই না। সেজন্য আগে এটা জয়েন্ট সিলেক্ট কমিটিতে যাচ্ছে, উভয় হাউসে অনেক শিক্ষাবিদ আছেন, তাঁরা জয়েন্ট সিলেক্ট কমিটিতে বসুন, এই বিলের মধ্যে তাঁরা কি সংশোধন করতে চান সেটা সেখানে একটা কুলার এটমসফিয়ার-এ বিবেচনা করার সুবিধা হবে।

আমি সকলকে অনুরোধ করবো এই বিলের মেরিট বিচার করুন। এটা যদি দেখা যায় ঠিক যুক্তিসঙ্গত নয়, তাহলে আমরা সিলেক্ট কমিটিতে বসে নিশ্চয়ই আলোচনা করতে পারবো। এই কথা বলে আমি এই বিলটা মুভ করছি।

[5-45—6-55 p.m.]

Insistence for presence of the House of the Chief Minister during the period of meeting

Shri Hemanta Kumar Basu:

স্যার, একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আমি আকর্ষণ করছি, গত দুদিন ধরে আমাদের এই বিল আলোচনা হচ্ছে, অথচ আমরা চীফ মিনিস্টারকে এখানে দেখতে পাচ্ছি না। এতে হাউসের প্রেস্টিজ লোয়ারড হচ্ছে, তিনি হাউসের প্রতি উপেক্ষা প্রকাশ করছেন বলে আমি মনে করি। কেন তিনি আসছেন না সেটা আমরা বুঝতে পারছি না।

Shri Bejoy Kumar Banerjee:

স্যার, এই তো সিলেক্ট কমিটি হল, ইউনিভার্সিটি বিলের উপর—শুনলাম এখানে নাকি নিয়ম আছে যে, প্রত্যেক পার্টি বা গ্রুপ বা ব্লকে যাঁরা আছেন তাঁদের সঙ্গে কথাবার্তা বলে মেম্বার হয়। আমাদের তরফ থেকে শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় হয়েছে, আমরা খুব খুসী হয়েছি, তাতে কিছু আসে যায় না, কিন্তু কথাটা হচ্ছে সেটা কেন আমাদের জানানো হয় নি? আমি জিজ্ঞাসা করে দেখলাম যে অন্য সমস্ত ব্লকের কাছে জানানো হয়েছে। আমি ব্যক্তিগতভাবে কিছু বলছি না, কিন্তু একবার যদি এরকম অনধিকার প্রবেশাধিকার হয়, তাহলে আমাদের প্রত্যেক ব্যাপারে সহ্য করতে হবে। আমাকে কম্মিনকালে যদি না নেন, তাহলে আমার কিছু আসে যাবে না, কিন্তু আমাদের লোক নেবার বা আমাদের সঙ্গে পরামর্শ করবার অধিকার আছে। সেজন্য প্রতিবাদ করছি যে কেন আমাদের জিজ্ঞাসা না করে আমাদের সভাকে নেয়া হয়েছে।

Shri Jagannath Kolay:

আমি মনে করেছিলাম ইন্ডিপেন্ডেন্ট গ্রুপের মধ্যে সিদ্ধার্থবাবু আছেন—যা হোক, অন্যায় করে ফেলেছি আমি স্বীকার করছি, এর পরে আর হবে না। বিজয়বাবুকে জিজ্ঞাসা না করায় তিনি ক্ষুব্ধ হয়েছেন, আর ভবিষ্যতে হবে না।

Shri Jyoti Basu:

স্পীকার মহাশয়, আপনি হয়ত খেয়াল করেন নি যে, আপনি আসবার আগে যখন চেয়ারম্যান আপনার চেয়ারে ছিলেন তখন এখানে একটা বাদানুবাদ হচ্ছিল, সেটা প্রত্যেক দিনেই হচ্ছে, গত ৬-৭ দিন ধরে যে মুখ্যমন্ত্রী কোথায়, তাঁর লজ্জার বা কি, আর ভয় বা কি, কেন তিনি এখানে আসছেন না, এটা নিয়ে একটা আলোচনা হচ্ছিল, তখন চেয়ারম্যান কিছু খবর দিতে পারলেন না, তিনি বললেন, একথা যে কনস্টিটিউসনে এমন কোন প্রভিসন নেই যাতে করে চীফ মিনিস্টার এখানে থাকবেন, যাতে করে আমি তাঁকে বাধ্য করতে পারি বা আমাদের রুলস অফ প্রসিডিওরে-সেরকম কিছু নেই। আমরা এই হাউসে হাউস অফ কমনসকে অনুসরণ করে চলি। সেখানে আপনি জানেন, আপনি সম্প্রতিকালে সেখানে গিয়েছিলেন হাউস অফ কমন্স-এর কাজকর্ম দেখতে —সেখানে সমস্ত জিনিস লিখিতভাবে হয় না, সেখানে ট্রাডিসনালী অনেক জিনিস চলে আসছে। এইভাবে হাউস অফ কমন্স গড়ে উঠেছে। আমাদের দেশেও সেরকম কতকগুলি জিনিস গড়ে উঠছে এবং তার মধ্যে নিশ্চয়ই এরকম একটা জিনিস ঘণ্টার পর ঘণ্টা, দিনের পর দিন যা সচরাচর হয় না, মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত নেই। যখন এখানে বিভিন্ন রকম গুরুতর অভিযোগ হয়েছে, সত্য মিথ্যা মুখ্যমন্ত্রী বলতে পারেন—আমাদের পক্ষে সত্য, ওঁদের পক্ষে কি উনি বলবেন কোন এক্সপ্লানেশন আছে কিনা, কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে এত সব হওয়া সত্ত্বেও তিনি নিশ্চয়ই রিপোর্ট পাচ্ছেন এবং সংবাদপত্রেও বেরুচ্ছে, মন্ত্রীরাও গিয়ে হয়ত তাঁকে বলছেন। এটা যদি হত যে তিনি অসুস্থ তাহলে এসব কথা আমরা বলতাম না, কিন্তু এখন দেখছি তিনি অসুস্থ নন, তিনি দেখছি এখানে-ওখানে ঘুরে বেড়াচ্ছেন, কোথায় কি ব্রীজ ওপেন করতে যাচ্ছেন এবং এক-দিন শুনলাম ২-১ দিন আগে সোমনাথবাবু বললেন যে মুখ্যমন্ত্রী কি হিসাবপত্র করছেন স্ট্রাইক কত হয়েছে না হয়েছে, অথচ আমাদের কাছে একবারও এসে কেন করছেন না, হাউসে আসছেন না। এটা তো শুধু আমার কথা নয়, এটা সমস্ত হাউসকে অপমান করা। এজন্য এটা বারে বারে আমরা বলছি। চেয়ারম্যান তো আর কিছু বলতে পারলেন না। একথা আমরা শুনলাম যে, আজকে আসার তাঁর নাকি অসুবিধা আছে, কারণ মিঃ সুব্রামনিয়াম এসেছেন দিল্লী থেকে, বিভিন্ন বিষয়ে আলোচনা হচ্ছে, আমি জানি না সেই অসুবিধা এখন আছে কিনা এবং আপনি জানেন যে কাল শেষ দিন, এজন্য ইন্টারাপ্ট করতে হল—হেমন্তবাবু বললেন, আমাকেও বলতে হচ্ছে। এই কারণে আমি জানাতে চাই মুখ্যমন্ত্রী যে নেই, আসতে পারলেন না, তাহলে এখানে সিনিয়র মিনিস্টাররা আছেন, তাঁরাও তো কোন জবাব দিলেন না। কিছুইত বললেন না তাঁরা যে, এই অভিযোগগুলি আমরা ভেবে দেখছি। যা আমরা এখানে আলোচনা করছি, তা তাঁকে বলবো। কোন ব্যাপারে মুখ্যমন্ত্রী আসবেন কিনা, এ কথাও তাঁরা বলতে পারছেন না। এখানে এইত আমরা দেখছি—ছয় দিন ধরে এই জিনিস চলেছে এখানে। স্ট্রাইকের আগে থেকে এই জিনিস হয়েছে, তিনি এখান থেকে পালিয়ে গিয়েছেন, আজ অবধি তাঁর দেখা নেই। সেইজন্য আমার কথা হচ্ছে যে, এটা আপনার ঐভাবে লিখিত কোন অধিকার না থাকলেও, নিশ্চয়ই আমরা আশা করতে পারি যে একটা সৌজন্যপূর্ণ ব্যবহার মুখ্যমন্ত্রী মহাশয় করবেন এখন হাউসে এসে। সেই-জন্য আমি বলছি—এখানে মাননীয় মন্ত্রী খগেনবাবু উপস্থিত আছেন, মাননীয় মন্ত্রী কোলে সাহেব, শৈলবাবু ও শিক্ষামন্ত্রী এখানে উপস্থিত আছেন, এঁরাও আমাদের কিছু বলতে পারতেন। এঁরাও সবাই ক্যাবিনেট-এর মেম্বার, সেখানে যে কি হচ্ছে, কি ব্যাপার, কিছুই তাঁরা বললেন না। এটাত হয় না? সেইজন্য আমার মনে হয়, ওঁরা যদি কিছু বলেন এই স্টেজ-এ এই ব্যাপারে, তাহলে আমাদের সুবিধা হয়।

The Hon'ble Khagendra Nath Das Gupta :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় জ্যোতিবাবু বোধ হয় তখন এখানে উপস্থিত ছিলেন না, আমি বলেছিলাম হাউসের সামনে যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত হতে পারেন নি, তার কারণ কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রী মহাশয় এখানে এসেছেন, তাঁর সঙ্গে খাদ্য সম্পর্কে তিনি আলোচনা করছেন।

[নয়েজ অ্যান্ড ইন্টারাপশনাস]

খাদ্যসংকট দূর করবার জন্য তিনি তাঁর সঙ্গে আলোচনায় ব্যস্ত আছেন, এই বিশেষ কারণে তিনি এখানে আসতে পারেন নি। আমি যতদূর শুনেছি, এখনও সেই আলোচনা চলছে। গতকালও হোম মিনিস্টার এসেছিলেন, তাঁর সঙ্গে তিনি আলোচনায় ব্যস্ত ছিলেন। আজকে এখানে, হাউসের সামনে আমাদের আলোচ্য বিষয় যা, যেমন ক্যালকাটা ইউনিভার্সিটি বিল এসেছে, যেটা সিলেক্ট কমিটিতে যাচ্ছে, এবং সেই সম্পর্কে আলোচনা চলছে, সেখানে এখন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের উপস্থিত কি প্রয়োজন ঘটেছে, তা আমি জানি না। তিনি এখানকার সমস্ত সংবাদ পাচ্ছেন, আমরা এখানে উপস্থিত আছি, যদি কোন বিষয় তাঁকে জানাবার প্রয়োজন হয় এবং মাননীয় সদস্যবর্গ যেসমস্ত কথা উত্থাপন করেন, তা সমস্ত আমরা তাঁকে জানিয়ে দিই।

Dr. Radha Krishna Pal:

মিঃ স্পীকার স্যার, যখন গ্রামদান, তখন এঁরাই হচ্ছেন উপযুক্ত। যখন শিক্ষাদান, তখন এঁদের জ্ঞান দান করা হল। সুতরাং যেখানে খাদ্যের সমস্যা নিয়ে বিরাট সৃষ্টি করছেন আন্দোলন, সেখানে ভারত সরকারের খাদ্যমন্ত্রী সুব্রহ্মনিয়াম এসেছেন, তাঁদের ফান্ডামেন্টাল যে প্রিন্সিপ্যাল, তাকেই তিনি বজায় করছেন, সেখানে তিনি রয়েছেন। সুতরাং মুখ্যমন্ত্রী মহাশয়ের এখন এখানে আসবার কোন প্রয়োজন নেই।

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, খগেনবাবু যে কথা বললেন, সেটা জ্যোতিবাবুর প্রশ্নের জবাব হল না। জ্যোতিবাবু এ কথা ত বলেন নি যে, আমরা এখন ইউনিভার্সিটি বিল আলোচনা করছি, সুতরাং এখানে মুখ্যমন্ত্রী মহাশয় উপস্থিত থাকুন।

যে কথা আজ সকালবেলা হয়ে গিয়েছে, সেই সময় আপনি স্পীকার মহাশয়, উপস্থিত ছিলেন না, সেটা হচ্ছে—এই যে হরতালের আগের দিন এবং হরতালের পরের দিন, সোমবার—এই দুদিন ধরে বিরোধীপক্ষ থেকে হরতাল সংক্রান্ত অনেকগুলি ব্যাপারে সরকারের কার্যকলাপ সম্পর্কে তীব্র অভিযোগ তোলা হয়েছে, যা স্পীকার মহাশয়, সেই এডজোনমেন্ট মোশান এলাও করতে না দেওয়া সত্ত্বেও তিনি সেই সম্পর্কে দুদিন ধরে আলোচনা করতে দিয়েছেন, যার মধ্য দিয়ে স্পীকার মহাশয় নিজেই বুঝতে পেরেছেন যে এটা একটা আলোচনার যোগ্য।

Mr. Speaker:

না, এটা আলোচনা নয়। আমি তা বলি নি। আমি শুধু আপনাদের বলতে দিয়েছি।

Shri Somnath Lahiri:

হ্যাঁ, আমাদের বলতে দিয়েছেন। এইসমস্ত কথা গভর্নমেন্ট পক্ষের শোনা উচিত বলে আপনি বিবেচনা করেছেন, স্পীকার মহাশয় পর্যন্ত।

জ্যোতিবাবু সেই প্রশ্নটাই তুলেছেন যে, হরতাল সম্পর্কে প্রত্যক্ষ ঘটনাগুলি জানা উচিত মুখ্যমন্ত্রী মহাশয়ের। কাজেই সেই সম্পর্কে দুদিন ধরে আলোচনা হল, অথচ সেই দুদিন এবং তার পরবর্তী প্রত্যেক দিন মুখ্যমন্ত্রী মহাশয় কেন এখানে অনুপস্থিত থাকছেন, সে সম্পর্কে তাঁর যা বক্তব্য, তিনি তা কেন দিচ্ছেন না? সেইটাই হচ্ছে এই হাউসের এক নম্বর বিষয়।

জ্যোতিবাবু এও বলেছেন যে, মুখ্যমন্ত্রী মহাশয় যদি অনিবার্য কারণে হাউসে উপস্থিত থাকতে না পারেন তাহলে যে অভিযোগগুলি এখানে উপস্থিত করা হয়েছে, সেই সম্পর্কে ক্যাবিনেট-এর অন্যান্য মন্ত্রীরা যাঁরা এখানে উপস্থিত আছেন, তাঁরা জবাব দিতে পারেন যে কথা আমি কাল

সকালে বলেছিলাম যে, এই হরতালের ব্যাপারে যেসব নানারকম প্রশ্ন উঠেছে, তার জবাব মুখ্যমন্ত্রী মহাশয় নিজে কিম্বা তাঁর প্রতিনিধি হিসাবে, তার ক্যাবিনেট-এর অন্য কোন মন্ত্রী দিন, তাহলে কোন আপত্তি নেই। কিন্তু যদি না দেন, তাহলে একটি অসহ্য অবস্থার সৃষ্টি হয়, সেই কথাই আজকে সকলে মিলে আমরা তুলছি, সেই হিসাবে মুখ্যমন্ত্রীর উপস্থিতি বা ওঁদের উত্তর আমরা দাবী করছি।

[5-55—6-5 p.m.]

Shri Nani Bhattacharjee:

স্পীকার মহোদয়, আমি আগে এটা অধিকারগত প্রশ্ন হিসাবে উত্থাপন করেছিলাম, তখন অবশ্য আপনি ছিলেন না, চেয়ারম্যান মহাশয় ছিলেন এবং তিনি বললেন যে এটা অধিকারগত প্রশ্নের মধ্যে পড়ে না এবং আইন, সংবিধান রুলস ইত্যাদি কোট করে পড়লেন যে এমন কোন কিছু নেই যে চীফ মিনিস্টারকে আসতেই হবে এবং এখানে উপস্থিত থাকতেই হবে। আমরা অবশ্য এটা মনে করছি এবং দীর্ঘ কয়েকদিন ধরে এটা আলোচনাও হয়েছে যে চীফ মিনিস্টার-এর অনুপস্থিতিকে কেন্দ্র করে, যে আমরা আশা করেছিলাম এবং মাঝখানে মন্ত্রিমহাশয়রা বলেও ছিলেন যে, সমস্ত খবরই তাঁকে দেওয়া হয়েছে, তিনি আসবেন। এই রকম ধরনের আভাস দেওয়া হয়েছিল এবং চেয়ারম্যান মহাশয়ও বলেছিলেন যে, হ্যাঁ, আপনাদের খবর তাঁর কাছে গিয়ে পৌঁছানোর ব্যবস্থা হচ্ছে এবং আমরা, ধরুন প্রায় ৬টা বাজছে, আমরা ভেবেছিলাম অন্তত এত কথার পরেও তিনি অন্তত একবার আসবেন। সারাদিন ধরে আজকে না হয় মিটিং হচ্ছে, বেসরকারী মিটিংএ তিনি যেতে পারেন, সদাচার সমিতির বেসরকারী মিটিংএ, আপনারাই বলেছেন—সেই মিটিংএ যেতে পারেন, তিনি ব্রীজ ওপেন করবার জন্য মাঝেরহাটে যেতে পারেন, অথচ যখন অ্যাসেম্বলিতে বহু বিষয়ে, অন্তত তাঁরই দপ্তর বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা, পুলিস একসেস, হরতাল ভাঙ্গা ইত্যাদি নিয়ে বহু কিছু আলোচনা হয়েছে, সেইগুলি সম্বন্ধে জবাব আমরা স্বভাবতই প্রত্যাশা করি, কিন্তু তা করে কিছু হয় নি। সুতরাং এই যদি অবস্থা চলতে থাকে, ওঁরা যদি কিছু না বলেন, তিনি যদি না আসেন, তাহলে এর বিরুদ্ধে কোন না কোনভাবে আমাদের প্রতিবাদ ঘোষণা করতে হবে এবং প্রতিবাদস্বরূপ বেরিয়ে যেতে হবে এ ছাড়া তো কোন পথ থাকে না। এইভাবে চলে কি করে? একটা সম্ভ্রম বলুন, সৌজন্য বলুন, এইগুলিও আছে। সবটাই লিখিত আইন নয়, অলিখিত আইন হিসাবেও তো বহু জিনিস আছে। এই অবস্থা যদি ক্রমাগত চলতে থাকে, যেখানে চীফ মিনিস্টার থাকার কথা, আসার কথা, তিনি যদি না আসেন, ক্রমাগত বিধানসভাকে উপেক্ষা করতে থাকেন, তার প্রতি অমর্যাদা দেখাতে থাকেন তাহলে অন্তত তার বিরুদ্ধে প্রতিবাদ করতে হবে তা ছাড়া আমাদের তো কোন গতি নেই। আপনারা বলুন কি ব্যাপার।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিধানসভায় গতকালকে অধিকার ভঙ্গের প্রশ্ন উঠেছে। আপনি রুলিং আজও রিজার্ভ করে রেখেছেন। কিছু মনে করবেন না আমরা এই আড়াই বৎসর ধরে দেখছি.....

Mr. Speaker:

মনে করার কিছু নেই, আমার অভ্যাস হয়ে গিয়েছে।

Shri Kashi Kanta Maitra:

আপনার অভ্যাস হয়ে গিয়েছে, আমাদেরও অভ্যাস হয়ে গিয়েছে এবং মনে হচ্ছে যে, এই সভার সভ্যদের কোন অধিকার কিছু নেই। আমরা শুনছি, রুল বইতে দেখছি প্রিভিলেজ আছে। কোন প্রিভিলেজ নেই সুতরাং তার কোন ব্রিচ কোনদিন হতে পারে না, অতএব ব্রিচ অফ প্রিভিলেজ-এর রেজাল্ট কি হবে সেটা আমরা জানি, কিন্তু অভিযোগটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, বাংলাদেশের সমস্ত কাগজে ঐ অভিযোগটা বেরিয়েছে। মুখ্যমন্ত্রী এখানে রয়েছেন, তাঁর আগামীকাল আমাদের যে বিষয়টা নিয়ে আলোচনা হচ্ছে সেই ঝড়ের ঝাপটা সহ্য করবার জন্য যথেষ্ট পরিমাণে নাড়ুতে শক্তিসঞ্চার করবার জন্য গা ঢাকা দিয়ে তিনি বসে আছেন। সুতরাং তিনি হয়ত

ভাবছেন যে, আগামীকাল একবার আসব এবং বিরোধী দল ঐ ইস্যু নিয়ে সময় কাটাবে, কিন্তু আপনার মাধ্যমে জানাতে চাই তাঁকে যে কালকে সে সুযোগটি হতে দেব না তাঁকে। আজকে এই বিধানসভায় তিনদিন ধরে এই প্রশ্ন উঠছে, মুখ্যমন্ত্রী কিছুতেই এই হাউসএ আসবেন না, আমরা ওয়াক-আউট করেছি, প্রতিবাদ করেছি, তা আমি চীফ হুইপ মাননীয় জগন্নাথবাবু এখানে রয়েছেন তাঁকে বলতে চাচ্ছি যে, আপনারা কি চান যে উত্তরপ্রদেশে যে দৃষ্টান্ত তাঁরা দেখিয়েছে যে, অপোজিশন সম্পূর্ণভাবে অ্যাসেম্বলি বয়কট করে দূরে থাকবে, এইভাবে কি আপনারা চালাতে চান? উত্তরপ্রদেশে বিধানসভার অপোজিশনরা ওয়াক-আউট করেছিলে তারপর কন্টিনিউয়াস নন-কো-অপারেশন করেছিল। পরে কি হল? সেখানকার মুখ্যমন্ত্রীকে আসে সেখানে তাঁদের কাছে গিয়ে সমঝোতা করতে হয়েছে। তাহলে আমি জিজ্ঞাসা করছি যে এইভাবে অপোজিশনকে বাদ দিয়ে এক পার্টি শাসন চালিয়ে যাবেন আপনারা? এখানে প্রশ্ন হচ্ছে যে, শুধু আমাদের মর্যাদা নয়, স্পীকারেরও কোন মর্যাদা থাকছে না। যে স্পীকার এখানে থাকছেন তাঁর সামনে আমরা অভিযোগ তুলছি, পুলিস সম্বন্ধে অভিযোগ উঠেছে কাগজে দেখলাম দুর্নীতির ব্যাপার নিয়ে সদাচার সমিতি তৈরি হচ্ছে, এটা তো কংগ্রেস পার্টির ব্যাপার নয়। সমগ্র দেশের প্রশ্ন, এখানেও কি মুখ্যমন্ত্রী হাউসএর কাছে এসে বলতে পারেন না যে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তিনি এখানে এলেন যিনি দুর্নীতির বিরুদ্ধে একটা রিলেন্টলেস ওয়ার ডিক্লেয়ার করছেন। তিনি আজ এখানে এলেন। কোথায় তিনি আজ এখানে এসে সমস্ত সভ্যদের উৎসাহিত করে বললেন যে, আমরা এই দুর্নীতির বিরুদ্ধে একটা নির্মম যুদ্ধ ঘোষণা করেছি আপনাদের সহযোগিতা চাচ্ছি বা এইভাবে আমরা গ্রুপ ইন্টারেস্ট দেশের সামনে রাখছি, এইভাবে আমরা সদাচার সমিতি করছি। সেখানেও কি এই অপোজিশনএর কোন ভূমিকা থাকতে পারে না?

Mr. Chairman: There will be no question today. The Hon'ble Minister-in-charge of the Education Department will please make a statement on the hunger strike of the Secondary School teachers, called attention by Shri Birendra Narayan Ray, Shri Bejoy Kumar Banerjee, Shri Radhakrishna Singha, Shri Mahananda Haldar and Shri Lakshmi Ranjan Josse, on the 29th September, 1964.

Shri Rabindralal Sinha: The Government has sanctioned additional dearness allowance for teachers of all recognised non-Government Secondary Schools at the rate of Rs. 5 per month for teachers drawing emoluments up to Rs. 150 per month and at the rate of Rs. 10 per month, of which school authorities will have to pay Rs. 5 for teachers drawing between Rs. 151 and Rs. 300 per month. A.B.T.A. in their memorandum dated the 4th September, 1964 to the Education Minister demanded dearness allowance at the flat rate of Rs. 30 per month for all employees of secondary schools, and submitted further that, as an interim measure, dearness allowance at Rs. 10 per month, to be borne fully by the Government, be paid immediately to all employees of secondary schools. In a statement made on behalf of the Finance Minister on the floor of the Council on the 3rd September, 1964, in connection with Calling Attention Notice, while admitting that the Government order issued by the Education Department enunciated the policy of the Government, it also stated that the Government had at no stage taken any decision to extend the benefit of the present dearness allowance to the non-teaching staff of recognised schools. The additional dearness allowance this year was sanctioned primarily for Government employees drawing emoluments up to Rs. 300 only, and considering the special position of the teachers, benefit of the same was extended to them also. During the current plan period Government have taken upon itself additional annual responsibility for Rs. 1.70 crores by putting into effect revised pay scale of secondary school teachers. The recently sanctioned additional dearness allowance for the teachers of secondary schools have put responsibility for additional payment of about Rs. 27 lakhs annually. It is not possible for the State Government to take further responsibility on this score during the Third Plan period, specially during the current financial year.

It is unfortunate that 25 teachers and other employees of schools are on hunger strike. Though Government decision in this respect for this plan period has been made clear. The matter is being taken up with the Government of India for the Fourth Plan period.

Mr. Chairman: The Hon'ble Minister-in-charge will make a statement on the scarcity of wheat and wheat products in West Bengal, specially in Midnapore, called attention by Shri Narayan Choubey on the 30th September, 1964.

Shri Smarajit Bandyopadhyay: Sir, there are 19 Roller Flour Mills operating in Calcutta Industrial Area and 2 Roller Flour Mills in the district of Jalpaiguri for production of flour and suji.

The monthly allotment of wheat to the above 21 Roller Flour Mills has been fixed at 30,000 metric tonnes per month with effect from the month of July, 1964. Against this allotment, the Flour Mills received 20,870 tonnes of wheat

in September up to 29th September, 1964, from the Regional Director of Food, Government of India. The total production of flour and suji in the month of September up to 29th September, 1964, was as follows:

Flour 8,715 metric tonnes.

Suji 544 metric tonnes.

The distribution of the entire product is regulated through permits issued by the Food Directorate. We have so far allotted the following quantities of the Flour and Suji to the districts and Calcutta Industrial Area for distribution through F.P.M.R. Shops and for consumption of bakeries confectioners and other parties during the month of September, 1964.

	(Figures in bags) Flour	Suji
(1) Calcutta Industrial Area for distribution through F. P. shops.	30,000	3,300
(2) Bakers/confectioners in Calcutta ..	89,000	..
(3) Other parties like canteens, etc., in Calcutta.	4,000	200
(4) Districts	30,153	2,001
(5) Other States	12,600	1,000

Though a picture of bounty cannot be drawn from the above figures, to affirm that Flour and Suji have completely disappeared from the markets everywhere is an exaggeration.

As regards the position in the district of Midnapore in particular, there was a stock of 4,950 quintals of wheat on Government account on 26th September 1964, against the offtake of wheat in the month of September, 1964, as noted below—

Week ending	Offtake in quintals
5-9-64	3,175
12-9-64	2,528
19-9-64	1,659
26-9-64	1,912
	9,274

The offtake was apparently from the M.R. Shops functioning in the district.

In addition to the above, 6,270 quintals of wheat were despatched on trade account in the month of August, 1964 and 2,911 quintals in the month of September, 1964. The stock is being distributed through M.R. Dealers.

Supplies of wheat products on Roller Flour Mills to nominated district dealers were also arranged against permits as follows :—

	(Figures in bags) August 1964	September 1964
Atta	2,150	4,557
Flour	255	1,028
Suji	..	151

[1-10—1-40 p.m.]

Clarification sought on the statement of Education Minister made in reply to calling attention notice regarding pay and allowances granted to recognised non-Government Secondary School Teachers

Shri Jyoti Basu :

মিস্টার চেয়ারম্যান মহাশয়, আমি বিশেষ করে শিক্ষক শিক্ষিকার ব্যাপারে এবং ওখানকার স্টাফ যাঁরা আছেন অধঃস্তন কর্মচারী তাঁদের বিষয় যে বিবৃতি এইমাত্র শুনলাম শিক্ষামন্ত্রীর কাছ থেকে তাতে উনি একটা কথা বললেন যে, অর্থমন্ত্রী একটা উদ্ধৃতি কাউন্সিল-এ নাকি তিনি যা বলেছিলেন সেইটা—কোন্ তারিখটা আমি তা ঠিক ধরতে পারলাম না। কিন্তু আমার কাছে ওখানকার প্রসিডিং-এর রিপোর্ট আছে এটা হচ্ছে ২৭এ ফেব্রুয়ারি তারিখের এই বছরের ফেব্রুয়ারি মাসের। এখানে এই বিষয়ে আলোচনা হয়েছিল এবং প্রশ্ন উত্তরে আমি দেখেছি যে উনি যা বললেন তার সঙ্গে মিলছে না। কাজেই কোনটা ঠিক সেটা আমার বোঝা দরকার সেইজন্য আপনার অনুমতি নিয়ে আমি একটু পড়ে দিচ্ছি। এখানে শ্রীসত্যপ্রিয় রায় জিজ্ঞাসা করছেন বিদ্যালয়ের মধ্যে যারা নন্‌টিচিং স্টাফ যেমন ক্লার্ক লাইব্রেরীয়ান এদের বাদ দেওয়া হল কেন ঐ যে ডি এ থেকে, এদের বাদ দেওয়া হল কেন? এবার কেন নতুন নীতি তিনি প্রবর্তন করতে চাচ্ছেন? শ্রীশৈলকুমার মুখার্জী বললেন—নতুন নীতি কিছু গ্রহণ করা হয় নি, যদি আপনি মনে করেন করণিক গ্রন্থাগারিক ও অধঃস্তন কর্মচারীরা শিক্ষকদের বেতন বৃদ্ধির সম্বন্ধে যে নীতি সেই নীতির মধ্যে এসে থাকে তাহলে তারাও পাবেন। কিন্তু যদি তারা মৌলিক নীতির মধ্যে না এসে থাকে তাহলে তারা বাদ পড়বেন। এটাই উনি বললেন। তারপর এটা আরও পরিষ্কার করে আরও কতকগুলি প্রশ্ন উত্তর হল তার পরে সত্যপ্রিয়বাবু জিজ্ঞাসা করলেন আমি পরিষ্কার হতে চাই নীতিটা কি। তখন শ্রীশৈলকুমার মুখার্জী বললেন যে, যদি তারা—তারা মানে অধঃস্তন কর্মচারীরা মার্জার অফ দি পে স্কেল-এ সম্পূর্ণ এসে থাকে তাহলে তারাও পাবে। এখন আমি বলছি এদিকে বললেন তারাও পাবে যদি মার্জার অফ দি পে স্কেলে এসে থাকে অধঃস্তন কর্মচারীরা। এখন এরা ক্লার্ক লাইব্রেরীয়ানরা এদেরও মার্জার হয়ে গেছে যখন আগে ঐ শিক্ষকদের সম্পর্কে হয়েছিল তখন এদের ডি এ এবং মাহিনা যা হয় এই দুটো মিলিয়ে দেওয়া হয়েছে এক করে দেওয়া হয়েছে। কাজেই সেই নীতির মধ্যে এরা পড়ছে এবং শ্রীশৈলকুমার মুখার্জী যা বলেছিলেন তাতে পাওয়া উচিত। কিন্তু আজকে আমরা শুনলাম দুটো কথা সেটা হচ্ছে যদিও শিক্ষকরা এ নিয়ে এত হাটাহাটি করেছেন, অনেক কথা তাঁরা বলেছেন এখন তাঁরা ৭ দিনের জন্য—তার মধ্যে দুই দিন হয়ে গেল ঐ ওয়েলিংটন স্কোয়ারে অনশন করে তারা বসে আছেন, এতগুলি শিক্ষক শিক্ষিকা—আর আজকে আমরা দুটো কথা শুনলাম একটা হচ্ছে যে এদের সম্বন্ধে একটা নতুন নীতির কথা। শৈলেবাবু নাকি বলেছিলেন যে সেই নীতির কথা যে এদের দেওয়া হবে না। এদের সঙ্গে তফাৎ করা হচ্ছে শিক্ষকদের। কিন্তু শৈলবাবু ঠিক উল্টো কথা বলেছিলেন। আমরা এই যে প্রশ্ন উত্তর কাউন্সিল থেকে আমরা এনেছি এটা আপনি দেখতে পারেন। দ্বিতীয় কথা উনি বললেন একটা হিসাব দিলেন যে আমার এত টাকার প্রয়োজন হবে। এখন আমি অবিশ্যি বুঝতে পারলাম না এই তাড়াহুড়ার মধ্যে ২৭ লক্ষ টাকার মত বললেন। আমি জিজ্ঞাসা করি সমস্তটা জড়িয়ে যে ওদের যদি এক্সনি ইন্টারিম যে ও'রা যেটা বলেছেন অধঃস্তন কর্মচারীদেরও ১০ টাকা করে দিতে তাতেই কি ২৭ লক্ষ টাকা লাগবে? নাকি কি এটা সমস্ত জড়িয়ে শিক্ষকেরা যা পাচ্ছেন ঐ ৩০ টাকা হারে সেইটা নিয়ে—এটা অবিশ্যি আমার কাছে পরিষ্কার হল না। এখন ইন্টারিমটা যদি ২৭ লক্ষ টাকার কম হয়—নিশ্চয় কম হবে কারণ ৪ হাজার কর্মচারী আছে বলে আমি শুনেছি, এই করণিক গ্রন্থাগারিক এই সমস্ত অধঃস্তন কর্মচারী মিলিয়ে। ৪ হাজারের জন্য ২৭ লক্ষ টাকা লাগতে পারে না। আমি যা বুঝলাম। এখন সেইটা আলাদা করে জানতে চাচ্ছিলাম শিক্ষকদের যেটা এখন বলা হয়েছে, শিক্ষকরা নিচ্ছেন না ৫ টাকা এবং ১০ টাকা হারে দেওয়া হবে—সেটা ও'রা গ্রহণ করেন নি অত্যন্ত কম বলে, কিন্তু তাঁরা একই রেট-এ চাচ্ছেন—যা দেবেন ইন্টারিম, পরে ও'রা ৩০ টাকা করে চাচ্ছেন যেটা নাকি পার্মানেন্ট ব্যবস্থা। সেটা আমি ছেড়ে দিলাম। কিন্তু অধঃস্তন কর্মচারীদের ব্যাপারে কত লক্ষ টাকা লাগবে ৪ হাজারের জন্য, এটা কিন্তু

একেবারে পরিস্কার হল না। এবং আমি আর সময় নিতে চাই না মন্ত্রিমহাশয় এটার জবাব দিলে ভাল হয়। কিন্তু জবাব—একটা হিসেব নয়, কারণ হিসেবের অঙ্ক আমরা শুনেছি। কথা হচ্ছে এখানে মুখ্যমন্ত্রীও আজ এসেছেন আজ অনেক দিন পর কাজেই আমরা ওঁকেও বলছি উনি আমাদের এটা বলতে পারবেন কেন না এটা ক্যাবিনেটের পলিসির ব্যাপার। যে কটা টাকার দরকা যেটা এতদিন নিয়ে শিক্ষক সমিতি এত আলোচনা করছেন ওঁদের সঙ্গে, এই কটা টাকা ওঁরা কে দিতে পারেন না এটা আমরা জানতে চাই। কারণ এত একেবারে তহবিল শূন্য হয়ে গেছে, তৃতী পরিকল্পনায় পশ্চিমবঙ্গ সরকারের এ তো আমাদের জানা নাই। সেজন্য আমরা আবার এই কং বলছি খুব জোর করে বলছি যে শিক্ষকরা সেদিন যা বললেন আমাদের—তারা সত্যি কথাই বললে আমরা সবাই জানি যে শুধু শিক্ষক নিয়ে স্কুল নয়, শিক্ষা কখনই হতে পারে না, স্কুল চলে পারে না যদি এই সমস্ত কর্মচারীরা যদি কাজ না করেন সবাই এক সঙ্গে তবে তাদের আপনি এই রকম ৪০।৫০ টাকা দিয়ে কি করে রাখবেন—আজকে যখন জিনিষের এই রকম দুর্মূল্য এই জন্য বারে বারে এটা ওঁরা কন্সিডার করবার জন্য সরকারের কাছে বলছেন, আমরাও বলছি তা এখন আমি মনে করি যে সরকার যদি আমাদের এই কথা বলেন বা ভাল কোন কথা বলে তাহলে ওঁরা কর্মবিরতির মধ্যেও যাবেন না, অনশন করে আছেন এও তাঁরা ভাঙ্গতে পারেন আর কতদিন এই অত্যাচার আপনারা ওদের উপর চালাবেন এটা আমাদের একটু বলে দিন আমরা আশা করি এটার সদু উত্তর আমরা এখানে পাব।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ মাননীয় সভাপতি মহাশয়, উনি ফিগারটা বলতে পারছেন না বলে আমি বলে দিচ্ছি। ২৭ লক্ষ টাকা যেটা বলেছি সেটা হচ্ছে এখন সেকেন্ডারী স্কুল টিচারদে ১৫০ টাকা অবধি ৫ টাকা করে দিচ্ছি এবং ১৫০ টাকা থেকে ৩০০ টাকা অবধি যে ১০ টাকা কং পান তার মধ্যে ৫ টাকা করে দিচ্ছি। ওঁদের ইন্টারিমএর যে দাবী সেটা কমপ্লিটলি গভর্নমেং বেয়ার করবেন অর্থাৎ ইন্টারিমএর দাবী মানতে গেলে আরও ৫ টাকা করে প্রত্যেক শিক্ষককে দিতে হবে এবং তাতে ২৭ লক্ষ টাকা লাগবে। তারপর, নন-টিচিং স্টাফ সম্বন্ধে উনি ফিগার ঠিকমত বলেন নি। আমার হিসেব হচ্ছে ১৬ হাজার ক্লাস ফোর স্টাফকে দিতে হবে এবং তাদের যদি ১৫ টাকা করে দেই তাহলে ১৯ লক্ষ টাকা লাগবে। কাজেই ২৭ লক্ষ এবং ১৯ লক্ষ এই মিলিয়ে হিসেব করুন।

শ্রীজ্যোতি বসুঃ স্যার, আমার দ্বিতীয় প্রশ্নের উত্তর পেলাম না। যাহোক, আপনি ওঁদের সঙ্গে কথা বলে একটা অ্যামাউন্ট কেন অধঃস্তন কর্মচারীদের দিতে পারছেন না সেটা জানতে চাই।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আমার যা বলার ছিল বলে দিয়েছি— টাকা নেই এবং থার্ড প্ল্যানে বিশেষকরে কারেন্ট ফাইনানসিয়াল ইয়ারে দেওয়া সম্ভব নয়।

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় সভাপতি মহাশয়, মুলতুবী প্রস্তাব যখন নামঞ্জুর হয়েছে তখন আমি শুধু এটুকু বলতে চাই যে, শিক্ষকরা যখন অনশন করে আছেন তখন তাঁদের একটা আশ্বাস দিন। আজকে ট্রেজারী বেঞ্চে যাঁরা বসে আছেন তাঁদের চেয়ে শিক্ষকরা শিক্ষা-দীক্ষায় কোন অংশে কম নন। তাঁরা যে আজ অনশন করে আছেন এটা জাতির পক্ষে লজ্জার বিষয়। আমি গতকাল বলেছিলাম দেড়দিন এই অবস্থা চলছে কাজেই তাঁদের একটা আশ্বাস দিন। তাঁদের দাবী অন্যায় নয় এবং ৩০ টাকা যেটা তাঁরা বলেছেন সেটা নিয়ে না হয় পরে আলোচনা করবেন, কিন্তু ১০ টাকা ইন্টারিম দিন। আমরা যখন আশ্বাস দেবার কথা বলেছিলাম তখন জগন্নাথবাবু বলেছিলেন আমরা হিসেব নিকেশ করছি, আপনারা অপেক্ষা করুন কাল স্টেটমেন্ট দেব।

দি অনারেবল জগন্নাথ কোলেঃ কালকে স্টেটমেন্ট দেব একথা বলেছি।

শ্রীমতী ইলা মিত্রঃ আপনি বলেছিলেন যা বলবার কালকে বলবেন, কিন্তু এই স্টেটমেন্ট থেকে আমরা কোন আশ্বাস পাচ্ছি না। ৩ দিন ধরে হাওড়ার স্ট্রাইক চলছে, কাজেই এডুকেশন

মিনিস্টারকে বলছি আপনি হিসেব-নিকেশ ছেড়ে দিয়ে মানবিক দিক থেকে এটা বিচার করুন। এডুকেশন ডিপার্টমেন্টএর টাকা যদি শূন্য হয় তাহলে অন্য তহবিল থেকে নিয়ে আসুন এবং শিক্ষাবিদকে ও দেশকে বাঁচান।

শ্রীহেমন্তকুমার বসুঃ মাননীয় সভাপতি মহাশয়, এটা কোন নূতন ব্যাপার নয়। শিক্ষকরা তাঁদের দাবী নিয়ে অনশন করছেন এবং গভর্নমেন্ট কলেজের যে সমস্ত কর্মচারী আছেন তাঁরা তাঁদের দাবী বহুদিন ধরে কর্তৃপক্ষের কাছে রেখেছেন। কিন্তু টাকা নেই বলে তাঁদের দাবী যে অস্বীকার করা হচ্ছে এটা ঠিক নয়। আমি মনে করি আজ দুদিন ধরে শিক্ষকরা এবং কর্মচারীরা এই যে অনশন করে আছে তাতে সরকারের দায়িত্ব আছে। এই সমস্যার সমাধান না হলে এইভাবে অ্যাসেমব্লী চলতে পারে না। আমাদেরও একটা কর্তব্য আছে, তাই শিক্ষামন্ত্রীকে বলছি টাকা নেই এই অজুহাত দেওয়া ঠিক নয়। আপনাদের টাকার ব্যবস্থা করতে হবে কারণ আজকে জিনিসপত্রের দাম এত বেড়ে গেছে যে এই ৪০/৫০/৬০ টাকা মাইনে পেয়ে তাদের চলতে পারে না। গভর্নমেন্ট যদি জিনিসপত্রের দাম কমিয়ে ফেলতে পারতেন তাহলে নিশ্চয়ই তাঁরা এই দাবী করতেন না। কিন্তু জিনিসপত্রের দাম বেড়েই চলেছে এবং সরকার সে বিষয়ে কোন নীতি গ্রহণ করতে পারছেন না বা শক্ত হাতে জিনিসের দাম কমিয়ে চোরা কারবারীরা যে লাভ করছে সেটা কমাবার জন্য কোন রাস্তা বা পন্থা বার করতে পারছেন না।

[1-20—1-30 p.m.]

এর জন্য দায়ী কে? সরকার কি দায়ী নয়? সাধারণ মানুষ শিক্ষক বা কর্মচারী তাদের জীবনযাত্রা কিভাবে নির্বাহ হবে? মহার্ঘ ভাতার কথা কি ভাবতে হবে না? নিশ্চয়ই ভাবতে হবে। তাই আমি মুখ্যমন্ত্রীকে বলছি, সরকারকে বলছি, তাঁরা সাতদিন ধরে অনশন করবেন এই রকমভাবে তাদের আইন পরিষদে না ভেবে চিন্তে কোন কিছু করবেন না। আমি কেবিনেটের কাছে আবেদন করছি, মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি বিশেষ করে যাতে এ বিষয়ে একটা সংগত মিটমাট হয়। যদি টাকা যায় তাতে ক্ষতি নেই, তাতে দরিদ্র কর্মচারীরা দু'টাকা যদি পায়, দু' পয়সা পায় তাতে আজকের দিনে তাদের উপকারই হবে, অপকার হবে না, বাজে খরচ হবে না। সেজন্য আমি বিশেষ করে আবেদন করছি এ বিষয়ে তাদের সঙ্গে কথাবার্তা বলে মোটামুটি একটা সন্তোষজনক ব্যবস্থা করুন।

Shri Deo Prakash Rai: Sir, I raised the issue the other day in regard to the holding of election of President and Vice-President of the Bijonbari Anchal Panchayet in Darjeeling district.

শ্রীনিখিল দাসঃ স্যার, যে পয়েন্ট উঠেছে সেটা আগে বলতে দিন। মিঃ রায় তো নিউ পয়েন্ট বলছেন। এই যে টিচাররা হাঙ্গার স্ট্রাইক করে আছে সে সম্বন্ধে আমরা বলতে চাই। ওঁকে আপনি পরে বলতে দিন দয়া করে।

শ্রীজ্যোতি বসুঃ একটা একটা শেষ করুন। আগে টিচারদেরটা হয়ে যাক না। আপনি তো জানেন আমি এটা পড়ে দিলাম শৈল মুখার্জী সম্বন্ধে, একটা জবাবও দিলেন শিক্ষামন্ত্রী।

মিঃ চেয়ারম্যানঃ উনি যেটা বললেন সেটাইতো লেটেস্ট স্টেটমেন্ট।

শ্রীজ্যোতি বসুঃ চেয়ারম্যান মহাশয়, শিক্ষামন্ত্রীকে আমি বলছি, উনি একটা অঙ্কের হিসাব দিলেন। আমার আর একটা প্রশ্ন ছিল, তার কোন জবাব উনি দিলেন না, শৈলবাবু একটা স্টেটমেন্ট দিলেন, কোনটা কারেক্ট? এই যে ফেব্রুয়ারি মাসে এক রকম বললেন আবার আগস্ট মাসে আর এক রকম বলছেন, কি দাঁড়াল তার কোন জবাব তো দিলেন না।

মিঃ চেয়ারম্যানঃ থার্ড সেপ্টেম্বরের স্টেটমেন্টের উপর উনি বলছেন।

শ্রীজ্যোতি বসুঃ ফেব্রুয়ারির স্টেটমেন্টটার কি হবে? কেন তখন বলেছিলেন যে টাকা যাই লাগুক সেটা প্রশ্ন নয়, যদি নীতি ঠিক হয় আমরা দেবো। পুরানো প্রসিডিংসে এটা রয়েছে, আপার হাউসেও একথা বলেছিলেন। নীতিতো হয়ে গেছে, ওঁদের তো মার্জার হয়েছে। ওটা কি বলুন না দয়া করে, কোনটা ট্রু? চেয়ারম্যান মহাশয়, ঐ যে উনি চুপ করে বসে আছেন।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ আপনি না বসলে তো আমি বলতে পারি না। ফাইনান্স মিনিস্টার তাঁর বাজেট বক্তৃতায় পরিষ্কার বলেছিলেন যে খালি টীচারদের ক্ষেত্রে এটা দেওয়া হবে। যে তারিখের প্রশ্নোত্তরের কথা বলছেন, ডিটেলসের কথা আমি বলতে পারব না, তবে সেই তারিখের প্রশ্নোত্তরে পরিষ্কার বলেছেন, যদি সমস্তটা পড়েন দেখবেন, তার মধ্যে নন-টীচিং স্টাফ তারা পাবে না, গোড়া থেকে শেষ অবধি পড়লে তাই দেখতে পাবেন। তার মধ্যে তিনি মৌলিক নীতি বলতে কি মিন করেছেন, সেটা নিশ্চয়ই আজকে কাউন্সিলে কলিং অ্যাটেনশনএর উত্তরে এক্সপ্লেন করবেন, কোন্‌টা কারেক্ট ফিগার যদি— জিজ্ঞাসা করেন, আমি তো বলে দিয়েছি গভর্নমেন্টের স্ট্যান্ড পরিষ্কার এডুকেশন ডিপার্টমেন্টের সার্কুলারে ছিল দ্যাট ইজ কারেক্ট এবং ফাইনান্স মিনিস্টার বলে দিয়েছেন

Government had not taken any decision to extend the benefit of the present dearness allowance to non-teaching staff of the recognised schools.

হোয়াট আই ক্যান সে ইজ দিস যে গভর্নমেন্টএর কি স্ট্যান্ড অ্যাজ এগেনস্ট দি কলিং অ্যাটেনসন সেটাই আমি বলে দিয়েছি।

শ্রীজ্যোতি বসুঃ তাহলে আপার হাউসে বললেন কেন? আপনাদের ক্যাবিনেট মিনিস্টার তাঁর কি আপার হাউসে মিথ্যা কথা বলার কোন অধিকার আছে? আপনিও তো ক্যাবিনেট মিনিস্টার, কেন এই মিথ্যা কথা বলেছিলেন? আর আপনি বলছেন সবটা পড়তে, পড়ে দেখিয়ে দিন না যে কি আছে এতে। এতে পরিষ্কার এই কথা লেখা আছে। এর অন্য কি অর্থ হতে পারে? লাইব্রেরিয়ান বললে বলছেন, নন-টিচিং স্টাফ বললে বলছেন যে তাদের যদি মার্জার হয় তাহলে পাবে। এ তো বুঝলাম। কিন্তু কংগ্রেসের মন্ত্রীরা যদি একটা হাউসে এ রকম কথা বলেন এবং অন্য হাউসে অন্য রকম কথা বলেন তাহলে আমাদের পক্ষে মুসকিল হয়।

শ্রীরবীন্দ্রলাল সিংহঃ এটা যে হাউসে বলা হয়েছিল সেই হাউসে উনি আজকে ক্লারিফাই করবেন।

শ্রীনিখিল দাসঃ স্যার, এ সম্বন্ধে জ্যোতিবাবু, হেমন্তবাবু, ইলা মিত্র বলেছেন কারণ, শিক্ষক-শিক্ষিকারা অনশন ধর্মঘট করে আছেন। মিঃ চেয়ারম্যান, স্যার, এটা অত্যন্ত একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন। দাবি তাঁদের দুটি—একটা দাবি হচ্ছে নন-টিচিং স্টাফ যারা তাদের ক্ষেত্রে মাগগীভাতা দেওয়া হোক। সে ব্যাপারে আমরা আশা করেছিলাম যে সরকার অন্ততঃ নন-টিচিং স্টাফ যারা তাদের বেলায় মাগগীভাতা দেওয়ার যে প্রশ্ন সেটা বিবেচনা করে দেখবেন। সেখানে দেখছি নীরব। নন-টিচিং স্টাফের ব্যাপারে এক পয়সা মাগগীভাতা দওয়ার কথা তাঁরা চিন্তা করছেন না, বলছেন ১১ লক্ষ টাকা লাগবে, সুতরাং তা দেওয়া যাবে না। যত টাকাই লাগুক, জিনিসপত্রের দাম বেড়েছে, তার ফলে তারা কি অ্যাফেকটেড হয় নি? তাদের কি বাড়তি দামে জিনিসপত্র কিনতে হচ্ছে না? যদি তা হয়ে থাকে তাহলে যে কারণে মাগগীভাতা অন্যকে দেওয়া হচ্ছে সেই কারণে তাদের কেন দেওয়া হবে না? টাকা বাড়তি লাগবে বলে তাদের দেওয়া হবে না এ যুক্তিটা খাটে না। দ্বিতীয় নম্বর প্রশ্ন হচ্ছে মাস্টারদের ব্যাপারে, শিক্ষকদের ব্যাপারে অর্ধেক স্কুল কর্তৃপক্ষ দেবেন বলেছেন এবং অর্ধেক সরকার দেবেন বলেছেন। আমার প্রশ্ন হচ্ছে কোন স্কুলের কত ফান্ড আছে তাদের পক্ষে দেওয়া সম্ভব কি না এটা ঘোষণা করার আগে সরকারের এটা বিশেষভাবে চিন্তা করার দরকার ছিল। এমন অনেক স্কুল আছে যারা ছাত্রদের মাইনে যদি না বাড়ায় তাহলে বাড়তি ৫ টাকা মাগগীভাতা যদি তাদের দিতে হয় তাহলে তাদের পক্ষে দেওয়া সম্ভব নয়। সেখানে তাঁরা

বাধ্য করছেন যে ছাদের মাইনে তোমরা বাড়িও না। সুতরাং জিনিসপত্রের দাম বাড়ার সাথে মাগ্‌গীভাতার সম্পর্ক। সেই জিনিসপত্রের দাম ঠিক জায়গায় রাখতে পারেন নি, রাইস লাইন একটা জায়গায় রাখতে পারেন নি। তার জন্য দায়ী কে? তার জন্য দায়ী সরকার। তাঁরা মূল্যটাকে ঠিক জায়গায় নিয়ন্ত্রণ করে রাখতে পারেন নি। জিনিসপত্রের দাম বেড়েছে, তার দরুন যদি মাগ্‌গীভাতা দিতে হয় তাহলে তার পূর্ণ দায়িত্ব সরকারকে গ্রহণ করতে হবে, তার ভার গার্জেনদের ঘাড়ে দিলে চলবে না, আর নন-টিচিং স্টাফকে তার থেকে বাদ দিলে চলবে না। এই জিনিসটা সরকারের বোঝা উচিত ছিল। বার বার এই সম্পর্ক এই হাউসে প্রশ্ন উঠেছে, সরকার বার বার বলেছেন যে আমরা কিছু করতে পারব না, দিতে পারব না এবং সরকারের এই নীরবতা এবং নিষ্ঠুরতার জন্য গত ৪।৫ মাস অপেক্ষা করার পরে আজকে বাধ্য হয়েছেন শিক্ষক-শিক্ষিকারা অনশন ধর্মঘট করতে। আমরা জানি এই অনশন ধর্মঘট করে তাঁরা যে প্রতিবাদ জানাচ্ছেন সরকারী নীতির বিরুদ্ধে সরকারের উচিত ছিল এই সম্পর্কে সিরিয়াসলি চিন্তা করা। কারণ, এর পরের ধাপে শিক্ষক-শিক্ষিকারা যদি যান তাহলে যে ক্ষতি হবে সে সম্পর্কে সরকারের চিন্তা করা উচিত ছিল। কিন্তু তা নয়, তাঁরা ভাবছেন যেমন চলছে তেমনি চলবে, আমরা না বলে দেব, ও'রা একটু হৈ হৈ করবে, তাতেই দায়িত্ব শেষ হয়ে গেল। সরকার যদি প্রতিটি ঘটনাকে এইভাবে লাইটলি দেখেন, এইভাবে তুচ্ছ তাচ্ছিল্য করে দেখেন তাহলে কোন দিকে যে দেশকে তাঁরা পরিচালিত করছেন সে কথা চিন্তা করা যায় না। এই যে মুখ্যমন্ত্রী এসেছেন, আমাদের সৌভাগ্য হয়েছে এই কয়েকদিন পরে তাঁর চেহারা দর্শন করার এবং তাঁর কাছে আমি আবেদন করছি যে তিনি এই ব্যাপারে একবার চিন্তা করে দেখুন। শিক্ষক-শিক্ষিকারা অনশন ধর্মঘট করে আছেন, শিক্ষার প্রশ্ন তার সাথে জড়িত। বাংলা দেশের শিক্ষক-শিক্ষিকাদের এই যে গুরুত্বপূর্ণ সমস্যা এই সমস্যার প্রতি সরকারের যে পরিমাণ দৃষ্টি দেওয়া উচিত ছিল এবং যে সিরিয়াসনেস থাকা উচিত ছিল তা নেই। তাই আপনার মাধ্যমে আর একবার অনুরোধ করছি তাঁরা এই সম্পর্কে বিবেচনা করে দেখুন। শিক্ষক-শিক্ষিকারা অনশন করে থাকবেন আর আমরা অ্যাসেমব্লীর ঠাণ্ডা ঘরে বসে ইউনিভার্সিটি বিল নিয়ে আলোচনা করব এই ধরণের মানসিক অবস্থা আমাদের হতে পারে না। এবং সরকার পক্ষেরও হওয়া সম্ভব কিনা আমি জানি না। রাধাকৃষ্ণবাবু বললেন আমি অনেক স্কুল স্থাপন করেছি, অনেক কলেজ স্থাপন করেছি। রাধাকৃষ্ণবাবুকে আমি প্রশ্ন করি, তিনি তো অনেক স্কুল স্থাপন করেছেন, তাঁর স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের অবস্থা কি? তাঁর স্কুলের নন-টিচিং স্টাফের অবস্থা কি? তাঁদের মাগ্‌গীভাতা না দিলে তাঁরা কি সুখে থাকবে এর জবাব তাঁর কাছ থেকে আমি চাই? মিঃ চেয়ারম্যান, স্যার, আমি আবার আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করছি যে এই ব্যাপারে তাঁরা যেন গুরুত্ব দেন। মুখ্যমন্ত্রী আজকে এসেছেন, তাঁর কাছ থেকে আমরা বক্তব্য শুনতে চাই। তা না হলে এই অবস্থায় হাউসে বসে অন্যান্য ব্যাপারে আলাপ-আলোচনা করা আমাদের পক্ষে সম্ভব কি না সেটাও আমাদের চিন্তা করে দেখতে হবে।

[1-30—1-40 p.m.]

Shri Bejoy Kumar Banerjee :

মাননীয় সভাপাল মহাশয়, এখানে শিক্ষক-শিক্ষিকাদের অনশনের কথা হচ্ছে। আপনি জানেন এখানে অনেকবার বলা হয়েছে, বর্তমানের কথা ভাবা দরকার। অতীতে অর্থমন্ত্রী কি বলেছেন, মাননীয় সদস্য জ্যোতিবাবুর কথা, আমাদের বর্তমান মাননীয় মন্ত্রিমহাশয় যা বললেন আমি কোনটাই বুঝলাম না। এটা কোন অতীতের কথা নয়—বহু শিক্ষক-শিক্ষিকা অনশন করেছেন, কি তাঁদের দোষ? এই যে সব মূল্যবৃদ্ধি হয়েছে এটা অস্বীকার করা যায় না। এঁরা সব দেশের মানুষ, ফরেনার নন—আমি তো বুঝতে পারছি না আমাদের এই সব বলতেই বা হয় কেন। এত শিক্ষক-শিক্ষিকা প্রকাশ্য রাজপথের ধারে অনশন করে বসে আছেন। যদি এটা অন্যায্য দাবী হত তাহলে নিশ্চয়ই আমরা মুখ্যমন্ত্রীকে বলতাম এ করে কাজ নেই। তাঁরা চেয়েছেন কি—৫ টাকা করে তাঁরা চেয়েছেন, যেটা সকলেই পাচ্ছেন। মাননীয় এডুকেশন মিনিস্টার উনি বললেন ১৬ হাজার নন-টিচিং স্টাফ আছে, ১১ লক্ষ টাকা খরচ। । এটা ভেরিফাই করলে একটু আধটু হেরফের হয়ে যেতে পারে। আমি মুখ্যমন্ত্রীর মনোভাব যতটা জানি বাইরে থেকে, আগে অবশ্য জানতাম, এখন ঠিক টের পাই না—তাতে আমার মনে হয় যে অন্ততঃ মুখ্যমন্ত্রী এরকম হবেন না।

পুজো আর বেশীদিন নেই, সকলেই বাজারহাট করছে, সুখে-স্বাচ্ছন্দ্যে আছে। আজকে দেখুন সেকেন্ডারী এডুকেশন বোর্ড তাদের সেখানে ওরকম ঘটনা হয়েছে, তারা স্ট্রাইক করেছে। এরকম করে তো আর রাষ্ট্র চলে না। মুখ্যমন্ত্রীর এমন ক্ষমতা কি নেই যে ১৯ লক্ষ টাকা দিতে পারেন? বহু টাকা চারিদিকে ছড়ানো আছে, শেষে দেখা যায় ২০ কোটি ৫০ কোটি টাকা খরচ হয় না। একটা সামান্য পরিবার, তার হয়ত একমাত্র উপার্জনক্ষম শিক্ষক-শিক্ষিকা। কিম্বা কর্মী যদি কোনরকমে তাঁর প্রাণহানি হয় বা তিনি যদি বিপদগ্রস্ত হয়ে পড়েন তাহলে এটা খুব অন্যায়। আমি কলিং অ্যাটেনশনে বিশেষ কিছু বলি নি। এটার একটা স্পষ্ট জবাব দিন, এই রকম ইংরাজ আমলের মেন্টালিটি ছেড়ে দিন, আপনারা দেশের মন্ত্রী হয়েছেন, জনসাধারণের প্রতিনিধি হিসাবে আপনারা নির্বাচিত হয়েছেন, হবে না আপনারা বলতে পারেন না। নন্‌টিচিং স্টাফকে দেবেন না মানে, দিতে হবে। কেন দেবেন না, আপনাদের লোকে পাঠিয়েছে, তাদের হাতে পায়ে ধরে ভোট নিয়ে এখানে এসেছেন, এখানে এসে অন্য রূপ কেন? আপনাদের মধ্যে কেউ যান, তাঁদের কাছে গিয়ে বলুন তোমাদের দিচ্ছি বাপু, তোমরা অনশন করো না। আপনারা এদেশের মানুষ, কিরকম আপনাদের দৃষ্টিভঙ্গী, মাস্টারদের মাইনা দেব না। আপনাদের টাকা যে আপনারা দেবেন না? কিরকমভাবে আপনারা টাকা অপচয় করছেন তার একটা ফিরিস্তি দিলে তো লোকে অজ্ঞান হয়ে যাবে। লোকে খেতে পাচ্ছে না, কেন দেবেন না? আমাদের লোকে এখানে পাঠিয়েছে, আজকের মধ্যে এক্সুণি এর সুরাহা করুন। এটা কোন শক্ত কাজ নয়, ১৫।১৬ লক্ষ টাকা তো দেবেন। আমরা যাচ্ছি, আপনারাও চলুন—১০ মিনিট হাউস বন্ধ থাক। এত বড় দেশের মুখ্য-মন্ত্রী ১৯।২০ লক্ষ টাকা বেরোয় না। এ যদি না বেরোয় তাহলে এরকম প্রহসন করে লাভ নেই, আর আমার মনে হয় এখন এসব কাজ মন দিয়া করা উচিত নয়। যা ইচ্ছা আপনারা করুন, তবে আজকে আমরা একটা আশ্বাস নিতে চাই যে আপনারা দেবেন, যা হয় দিন।

Shri Nani Bhattacharjee :

স্যার, আমরা এর একটা জবাব চাই এইজন্যে যে, কারণ

This is a very serious issue

শিক্ষকরা ৭ দিনের জন্য অনশন সত্যাগ্রহ করছেন এবং তাঁরা খুব সাধারণ লোক নন, মজুরশ্রেণীর লোক নন, তাদেরও ও'রা উপেক্ষা করেনই কিন্তু যাঁরা শিক্ষাব্রতী তাঁদের তরফ থেকে অনশন সত্যাগ্রহে যাওয়া সেটা কি অবস্থার মধ্যে পড়লে হয় সেটা বোঝা যাচ্ছে। সুতরাং সেই অবস্থাতে আমরা চাই যে, এখানে আমাদের শিক্ষামন্ত্রীও আছেন এবং আমাদের মুখ্যমন্ত্রীও বহুদিন পরে এখানে এসেছেন, তিনি অন্ততঃ একটা এ্যাসিয়োরেন্স দিন যে এই ডেডলক একটা জায়গাতেও মিটাতে হবে, তাঁরা অবিলম্বে একটা ইন্টারিম কিছু দেবার ব্যবস্থা করুন এবং সে ব্যাপারে তাঁরা বলুন। এটাও একটা অদ্ভুত ব্যাপার। সুতরাং সেটা সম্বন্ধে বলুন এবং মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমার অনুরোধ যে এই প্রসঙ্গে যদি কেউ বলতে চান তাহলে নিশ্চয়ই তাকে বলতে দেওয়া উচিত বলে আমি মনে করি।

Shri Anadi Das:

স্যার, আমি একথাই বলছি, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে আজকে আপনারা কেন জিদের বসে চলবেন না। আপনারা প্রথমে না বলে দিয়েছেন যে দিত পারবো না। শিক্ষকরা দেখলেন যে তাইতো আমাদের এই যে ৫ টাকা দেওয়া হল এতে আমাদের জীবনযাত্রা ঠিকমত নির্বাহের কোনরকম সুযোগ পাওয়া যাচ্ছে না, গভর্নমেন্টের কাছে জোর করে কোন দাবী না করলে হয় না, কাজেই তাঁরা আজকে অনশন করতে বাধ্য হচ্ছেন। কিন্তু এখন সরকারপক্ষ যেন এই কথা না ভাবেন যে আমরা যদি এই ৫ টাকা দিই আরো যে ৫ টাকা দেবার কথা, তাহলে আমরা তাঁদের ঐ দাবীর কাছে, অনশনের কাছে মাথা নত করবো। এই কথা যেন সরকার কিছুতেই না ভাবেন। এই কথাটা মনে রাখতে হবে যে, এই কথাটা বারবার বলেন, প্রায়ই মিটিং ইত্যাদিতে বলে থাকেন যে শিক্ষাকে অগ্রাধিকার দিতে হবে, এই যে ব্যবস্থাটা সে কথা আজকে বলা হচ্ছে এটা কি শিক্ষাকে অগ্রাধিকার দেবার মত ব্যবস্থা হচ্ছে? অন্য অনেক

ডএ অনেক টাকা নানাভাবে ব্যয়িত হচ্ছে, সেই টাকাগুলি যদি কোথায়ও কিছু কার্টেল করা য় তাহলে এই শিক্ষকদের টাকা অনায়াসে পাওয়া যায় এবং যেমন করেই হোক অগ্রাধিকার এই ক্ষাকে দিতে হবেই। আমাদের দেশের ভবিষ্যত তৈরী করছেন এঁরা এবং ভবিষ্যত তৈরী রবার জন্যেই সুষ্ঠুভাবে পরিচালনা করবার জন্যেই সরকার তৈরী হয়েছে। যাঁরা শিক্ষাগুরু বিষ্যত তৈরী করবেন আর যাঁরা সরকার পরিচালনা করবেন তাঁদের মধ্যে যদি এইরকম একটা টিল হয় তাহলে অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়াবে? কাজেই এই কথাটা, শিক্ষার সম্পর্কে এঁদের য়্যাটিচিউড, যাঁরা শিক্ষা দেবেন তাঁদের সম্পর্কে এবং তাঁদের সঙ্গে যেসব কর্মচারী জড়িত ছেন তাঁদের প্রতি সহানুভূতির সঙ্গে যদি বিচার না করা হয় তাহলে সেটা সুবিচার হবে না। বতীয় কথা, এই যে বাজার দর বেড়েছে—সকলেই বলেছেন, এই বাজার দর বাড়ার জন্য সরকারের রফ থেকে কি কিছু গলদ নেই? তাঁদের বারবার করে বলা হয়েছে যে আপনারা প্রাইস কন্ট্রোল ন, মূল্য নিয়ন্ত্রণ করুন কিন্তু তাঁরা অন্যান্য জায়গায় যারা ব্যবসাদার, প্রাইভেট এন্টারপ্রাইজের ার তাদের মুনাফা যাতে ব্যাহত না হয় সেইটে করতে গিয়ে বাজার দরকে কন্ট্রোল করতে রছেন না। সেইজন্যই তাঁরা ডি এ চাচ্ছেন। দর নামিয়ে আনুন তাঁরা ডি এ চাইবেন না। জেই আজকে এই সম্পর্কে উদাসীন আমরা কেউ থাকতে পারি না। আমাদের যেমন করে াক এটার সম্পর্কে আমরা সরকারের কাছে নিশ্চিত কথা শুনতে চাই যে তাঁরা এই ব্যাপারে কি বেন। তা নাহলে আমরা উদাসীন থেকে এখানে য়্যাসেম্বলী চলবে আমরা সবাই বসে থাকবো র তাঁরা অনশনে থাকবেন এ অবস্থা চলতে দেওয়া যেতে পারে না।

Shri Balailal Das Mahapatra :

ননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা বারবার সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু গভীর দুঃখের ষয় যে তাঁরা শিক্ষকদের এই গুরুতর সমস্যাটা নিয়ে সহানুভূতিশীলভাবে বিবেচনা করতে রছেন না। মাননীয় মুখ্যমন্ত্রী নিজেই স্বীকার করেছেন যে জিনিসপত্রের দাম অত্যন্ত বেড়ে য়েছে। কোন কোন জিনিস ৭০ পারসেন্ট বেড়েছে, ৭৫ পারসেন্ট বেড়েছে। দুগুণ বেড়েছে নি নিজেই স্বীকার করেছেন।

-40—1-50 p.m.]

ক্ষকেরা জীবন বিপন্ন করে পড়ে থাকলেও সরকার নির্বিকার থাকতে পারেন, আমরা নির্বিকার কতে পারি না। তাঁদের দাবি অত্যন্ত সঙ্গত দাবি। তাঁদেরই উপর জাতির আশা ভরসা র্ভর করে। তাই শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের নিকট আবেদন করছি তাঁদের দাবিগুলি ানুভূতির সঙ্গে বিবেচনা করুন। নন-টিচিং স্টাফ-এর জন্য তাঁরা ১৯ লক্ষ টাকার কথা লছেন। এটা মামুলি জিনিস। লক্ষ লক্ষ টাকা আপনারা অপব্যয় করেন। আজকে দেশের কি বস্থা! ৩৬।৩৭ টাকা চালের দাম। দেশের এই অবস্থায় কেন শিক্ষামন্ত্রী মহাশয় ইন্টারিম রিয়ড-এর জন্য একটা ব্যবস্থা করতে পারবেন না বুঝতে পারি না। শিক্ষা ব্যবস্থা যদি চালু খতে হয়, আশা করি তাদের দাবি-দাওয়া সহানুভূতির সঙ্গে বিবেচনা করে সরকার একটা স্তিপূর্ণ মীমাংসায় রাজী হবেন।

Shri Sambhu Charan Ghosh :

ননীয় স্পীকার মহাশয়, আমরা একটা জিনিস লক্ষ্য করেছি যে, যখনি শিক্ষকদের কোন দাবি-ওয়ার কথা বলা হয় তখনই সরকারপক্ষ বলা হয় অর্থাভাব। মাননীয় চেয়ারম্যান, আপনি নেন যে, কয়েকদিন আগে প্রাথমিক শিক্ষকেরা কর্মবিরতি করেছেন। কলিকাতা বিশ্ব-দ্যালয়ের অধ্যাপক সমাজ তো কর্মবিরতির পথে নেমেছিলেন। আজকে মাধ্যমিক শিক্ষক-ডলী অনশনের পথে যেতে বাধ্য হয়েছেন। মাননীয় শিক্ষামন্ত্রী অজুহাত দেখালেন ১৯ লক্ষ কা লাগবে ওঁদের দাবি পূরণ করতে। আমার মনে হয় যদি তাঁর সামান্য লজ্জাবোধও থাকত হলে তিনি এই বিবৃতি দিতে পারতেন না। এখনি এই হাউসে কলিকাতা বিশ্ববিদ্যালয় বিল ালোচিত হবে। আপনি জানেন, স্যার, এই বিলে দুজন প্রোভাইসচান্সেলর নিয়োগের কথা

আছে। এর কোনই প্রয়োজন ছিল না। আজকে শিক্ষক সমাজ অধস্তন কর্মচারীদের জন্য ১ টাকা দাবি করেছেন। মিঃ চেয়ারম্যান, স্যার, ২৫শে সেপ্টেম্বর তারিখের ধর্মঘট ভাঙ্গাবার জ সরকার পুলিশ, হোমগার্ড, এন ভি এফ ব্যবহার করেছেন, তখন অর্থাভাব হয় না। আজ পুলিশের একজন এ আই জি নিয়োগ করার ব্যবস্থা হয়েছে, এর কোন প্রয়োজন ছিল না যাই হোক, আমরা মনে করি এই দাবি মেনে নেওয়া সরকারের পক্ষে সম্ভব।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

স্যার, আমি অবাক হয়ে যাচ্ছি মন্ত্রিমহাশয় কি করে বললেন টাকা নাই। কত টাকা বাজে খর হয়, কত ট্যাক্স ফাঁকি হয়, কত টাকা আনঅ্যাকাউন্টেড ফর থেকে যাচ্ছে। আশা করি মাননী মন্ত্রিমহাশয় এটা বিবেচনা করবেন।

Shri Jyoti Basu:

আমরা জানতে চাই শেষ পর্যন্ত তাহলে কি হল।

Mr. Chairman:

আমি আশা করি
he will consider it.

Shri Jyoti Basu:

সে তো আপনি বলছেন, উনি কিছু বলুন।

Mr. Chairman: Government is surely equally anxious.

The Hon'ble Rabindralal Sinha:

আমরা নিশ্চয়ই দুঃখিত যে শিক্ষকদের একটা অংশ অনশন করছেন। সরকারের যা আর্থি অবস্থা তাতে যা ব্যবস্থা করা হয়েছে তার বেশি করা সম্ভব নয় এই কথা আমি পরিষ্কার বলেছি এর উপর আমার আর কিছু য়্যাড করার নাই।

Shri Jyoti Basu:

আমরা এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে কয়েক মিনিটের জন্য বাহিরে চলে যাব।

[At this stage the hon'ble members in the opposite benches walked out of th chamber.]

GOVERNMENT BILL

The Calcutta University Bill, 1964

Dr. Radha Krishna Pal:

মাননীয় চেয়ারম্যান, ক্যালকাটা ইউনিভারসিটি বিল সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমর শুনেছি.....

Shri Jyoti Basu:

রাধাকৃষ্ণবাবু একটু মার্জনা করবেন, মুখ্যমন্ত্রী দেখছি বিশেষ ব্যস্ত বিভিন্ন ব্যাপারে যেসমস্ত বিষয়ে আমরা অভিযোগ তুলেছি সেগুলি ছাড়া—শ্রী কোলে আমাদের বলেছেন—

[1-50—2 p.m.]

গতকাল খগেনবাবু আমাদের বলেছিলেন এখানে যে সমস্ত কথা উঠেছে, যে যে অভিযোগ উঠেছে সেগুলি আমরা মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি। তাই আমরা ধরে নিয়েছি মুখ্যমন্ত্রীকে এইসব অভিযোগের কথা জানান হয়েছে এবং তা যদি হয়ে থাকে তাহলে কোন কারণবশতঃ মুখ্যমন্ত্রী যদি এখানে আসতে না পারেন তাহলে আমরা যেসব অভিযোগের কথা তুলেছি সেগুলির উত্তর বা জবাব দেবেন কিনা? কিভাবে ডি আই আর প্রয়োগ করা হয়েছে, জেলে কি হয়েছে, বহু মানুষ ডিভিসন পায়নি, স্ট্রাইক ভাঙ্গবার জন্য যেসব চেষ্টা করা হয়েছে সেইসব অভিযোগের কথা নিশ্চয়ই তিনি শুনেছেন। আমরা আশা করেছিলাম এবং চেয়েছিলাম মুখ্যমন্ত্রী এই বিষয়ে জবাব দেবেন, কিন্তু তিনি আসেননি। গতকাল আমি বলেছিলাম, এখানে আসতে তাঁর লজ্জাই বা কি, ভয়ই বা কি? কেন তিনি আসছেন না? যাহোক, আজকে যখন তিনি এসেছেন তখন ক্যালকাটা ইউনিভার্সিটি বিল হবার আগে নিশ্চয়ই আমরা তাঁর কাছে আশা করব তিনি এইসব কথার জবাব দেবেন। দুর্ভাগ্যবশতঃ আমরা আগে জবাব পেলাম না কারণ শিক্ষক-শিক্ষিকাদের ব্যাপার হোল বলে দেরী হয়েছে। কাজেই এখন তাঁর কাছ থেকে জবাব চাই।

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: যে সমস্ত অভিযোগ উঠেছে সেগুলি আমি দেখেছি। কিন্তু কথা হোল এগুলির তদন্ত করে জবাব দিতে হবে—এমনিতে জবাব দেওয়া যাবে না।

শ্রীনিখিল দাস: তাহলে কি ধরে নেব আমরা যে অভিযোগের কথা বলেছি তার তদন্ত হবে এবং আমরা জবাব পাব পরে যখন হাউস হবে?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: যদি মোসন নিয়ে আসেন তাহলে আমি নিশ্চয়ই হাউসে জবাব দেব।

শ্রীনিখিল দাস: তদন্ত করে জবাব দেবেন কিনা?

দি অনারেবল প্রফুল্লচন্দ্র সেন: মোসন আনলে জবাব দেব।

Shri A. H. Besterwitch: On a point of order. Just now the Minister has said that there is no money for payment to the teachers. Here is a book printed by the Chief Minister. I think Government had spent huge amount of money on that though they say that they cannot spend moneys on these things and that they cannot pay the teachers.

Mr. Chairman: Mr. Besterwitch, is that a point of order? There is no point of order in it.

Shri Deo Prakash Rai: Mr. Chairman, Sir.....

Mr. Chairman: You have missed the opportunity. I cannot help now. I called you twice. How can I do it again?

The Calcutta University Bill, 1964

শ্রীরাধাকৃষ্ণ পাল: মাননীয় চেয়ারম্যান স্যার, এই ক্যালকাটা ইউনিভার্সিটিতে একদিন স্যার, রবীন্দ্রনাথ, ডঃ ভূপেন বসু, ডঃ দেবপ্রসাদ সর্বাধিকারী, স্যার আশুতোষ এবং তাঁরা ওয়াদিংসন শ্যামাপ্রসাদ ছিলেন। এই যে বিল শিক্ষামন্ত্রী মহাশয় এনেছেন এটা একটা যুগান্তর বিপ্লব এবং তার জন্য ডেমোক্রেটিক ওয়েতে নানারকম পরিবর্তন করেছেন। এই যে বৈপ্লবিক পরিবর্তন করেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। স্যার, সিলেক্ট কমিটিতে যাবার পূর্বে আমার বলার কথা হচ্ছে যাঁরা সত্যিকারের দেশহিতৈষী এবং শিক্ষাব্রতী তাঁরা যদি শিক্ষামন্ত্রীর

এই বিল পুঙ্খানুপুঙ্খরূপে দেখেন তাহলে দেখবেন এই বিলের মধ্যে যেসব ধারা সংযোজিত করা হয়েছে এবং প্রো-ভাইস-চ্যান্সেলার নিয়োগের কথা যা বলা হয়েছে এবং কমিটিগুলোর উপর কন্ট্রোল করবার বিধি ব্যবস্থা যা করা হয়েছে সেটা বৈপ্লবিক ভঙ্গী নিয়েই করা হয়েছে এবং ধারাগুলোও সেইভাবে নিবন্ধ করা হয়েছে। তারপর আমি তাঁকে আরও একটি কারণে অভিনন্দন এবং কৃতজ্ঞতা জানাই এবং সেটা হচ্ছে মাননীয় শম্ভু ঘোষ বলব না, শ্রীশম্ভু ঘোষের মত লোককে নিয়ে তিনি সিলেক্ট কমিটি গঠন করেছেন।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই বিল সম্বন্ধে বলতে গেলে বর্নিলে জীবনকাল না ফুরাবে তবু। আমি আপনাকে এই কথাই জানাবো এই যে বিল, সত্যিকারের বাংলাদেশের শিক্ষক যাঁরা তাঁরা কলকাতা ইউনিভার্সিটির আদর্শকে শুধু বাংলাদেশে নয়, সারা ভারতবর্ষে নয়, সমস্ত এশিয়ার মধ্যে এবং পৃথিবীর মধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয়কে ঐতিহাপূর্ণ করেছে, সেই বিশ্ব বিদ্যালয়ের বিলে বৈপ্লবিক ধারাসমূহ আপনি প্রয়োগ করছেন, তার জন্য আমি আপনাকে অভিনন্দন জানাই। আর শ্রীশম্ভু ঘোষ প্রভৃতি শিক্ষাবিদ্ যাদের

a little learning is a dangerous thing.

তাদের সিলেক্ট কমিটিতে নেবার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাই, এঁরা ভিতরে ঢুকে কি যে করবে, পয়াল চাপা হয়ে থাকবে না কি হুট করে লাফিয়ে উঠবে জানিনা, এই বলে আমি এই বিলকে অভিনন্দন জানাই।

ডঃ কানাইলাল ভট্টাচার্য: মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের শিক্ষাক্ষেত্রে সর্ব স্তরে একটা অরাজকতা বিরাজ করছে একথা অনস্বীকার্য। প্রাথমিক স্তর থেকে আরম্ভ করে কলেজীয় স্তর পর্যন্ত যদি আলোচনা করা যায় তাহলে দেখা যাবে এই শিক্ষার সম্বন্ধে সরকারের কোন স্থির নীতি নাই। মাননীয় মন্ত্রিমহাশয় আজকে যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবের উপর বলতে উঠে আমাকে আজকে বলতে হচ্ছে যে, মন্ত্রিমহাশয় যখন প্রথম নিযুক্ত হন, তখন তাঁর বিবৃতি দেখে তাঁর কর্মচাঞ্চল্য দেখে যে আশার আলো আমাদের মনের মধ্যে উদয় হয়েছিল বিগত কয়েকদিনের ঘটনার প্রবিপ্রেক্ষিতে সেই আলো আজ নিভে যেতে বসেছে। কারণ আমরা আশা করেছিলাম যে এই শিক্ষাবিভাগে মন্ত্রিমহাশয় আসার পর হয়ত সরকারের শিক্ষা নীতির কিছু কিছু মৌলিক পরিবর্তন, প্রগতিবাদী পরিবর্তন আমরা লক্ষ্য করবে। কিন্তু ডিপার্টমেন্টে আসার পর তিনি যেভাবে একটু একটু করে ডিপার্টমেন্টের ক্লিকের কাছে মাথা নত করলেন এবং প্রাথমিক স্তর থেকে আরম্ভ করে কলেজীয় শিক্ষকদের সংগে যে ব্যবহার করছেন তার ভিতর দিয়ে তাঁর যে মনোভাব প্রকাশ পেয়েছে, তা থেকে মনে হয় নতুন বোতলে পুরানো মদের মতই। নূতন মন্ত্রিমহাশয় আসতে পারেন কিন্তু সেই পুরানো সেট আপ-এর মধ্য দিয়ে আগেকার যে অবস্থা ছিল শিক্ষা দপ্তরের সেই অবস্থাই আছে। আমরা দেখেছি মিঃ নিয়োগীর পদত্যাগপত্র থেকে আরম্ভ করে এই বিল আনা পর্যন্ত এমন কিছু দেখলাম না যা থেকে মনে হচ্ছে সরকার শিক্ষানীতির পরিবর্তন করছেন এবং শুধু পরিবর্তন নয় একটু এগিয়ে যাবার চেষ্টা করছেন।

[2—2-10 p.m.]

মিঃ চেয়ারম্যান, স্যার, এই যে বিলটা মন্ত্রিমহাশয় আমাদের কাছে এনেছেন এই বিলের দ্বারা তিনি আমাদের বোঝাবার চেষ্টা করেছেন যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের মধ্যে সিনেট, সিন্ডিকেট এবং অ্যাকাডেমিক কাউন্সিলের ক্ষমতা ঠিকমত নির্ণীত না থাকার ফলে আজকে যে অবস্থা উদ্ভব হয়েছে সেই অবস্থা উন্নত করার জন্য আজকে ১৯৫১ সালের কলকাতা বিশ্ববিদ্যালয় আইনকে ঢেলে সম্পূর্ণরূপে নতুনভাবে প্রণয়ন করবার জন্য এই বিল এনেছেন। স্যার, এই বিলটা পড়ে এই কথাই মনে হচ্ছে যে, আমাদের প্রদেশে এই বিশ্ববিদ্যালয় কিভাবে হবে সে সম্বন্ধে সরকারের কোন নীতি নেই। একটা নীতি কেবল আছে যে, এই বিশ্ববিদ্যালয় যাই হোক না কেন, প্রদেশের মধ্যে যেকোন বিশ্ববিদ্যালয় থাকুক না কেন, তার মধ্যে সরকারী কর্তৃত্ব এই এডুকেশান ডিপার্টমেন্টের কর্তৃত্ব কতখানি রাখা যায় সেদিকে দৃষ্টি দিয়েই আজকে আমাদের সরকারের শিক্ষা নীতি প্রকটিত হচ্ছে। স্যার, বিগত কয়েক বছরের মধ্যে আমরা এই হাউস

থেকে অনেকগুলি ইউনিভার্সিটি বিল আইনে পরিণত করেছি এবং প্রত্যেকবারই আমরা দেখেছি যে এক একটা ইউনিভার্সিটি আইন এক এক ধরনের হয়েছে। তবে এক জায়গায় গিয়ে সবগুলির মধ্যে একটা বিশেষ মিল আছে, সেটা হচ্ছে সরকারী কর্তৃত্ব এই ইউনিভার্সিটির ভেতরে কিভাবে আইনের মারফত ঢোকান যায় সেই ব্যাপারে আমরা দেখেছি সরকার খুব তৎপর। স্যার, যাদবপুর ইউনিভার্সিটি আইন কিছুটা সংশোধন করার জন্য মন্ত্রিমহাশয় যখন এখানে আনেন তখন আমি মন্ত্রিমহাশয়কে বলেছিলাম যে, বিশ্ববিদ্যালয় আইন তৈরি সম্বন্ধে সরকারের দৃষ্টিভঙ্গীর বিশেষ প্রয়োজন আছে। কেন আছে আমাদের পশ্চিমবঙ্গে একই ধরনের ইউনিভার্সিটি আইন প্রচলিত হওয়া উচিত। কলকাতা ইউনিভার্সিটি একটা আইন অনুযায়ী চলবে, যাদবপুর ইউনিভার্সিটি আর এক ধরনের আইন অনুসারে চলবে এবং উত্তরবঙ্গ এবং বর্ধমান ইউনিভার্সিটি আর এক ধরনের আইন অনুসারে চলবে, এইভাবে যদি করা হয় তাহলে উচ্চ শিক্ষার ক্ষেত্রে নিশ্চয়ই আমি এই কথা বলব সরকারের কোন স্থির নীতি নেই এবং সেই নীতি না থাকার জন্য উচ্চ শিক্ষার ক্ষেত্রে নিশ্চয়ই একটা অরাজকতা বিরাজ করবে। স্যার, কেন্দ্রীয় সরকার এটা উপলব্ধি করেছিলেন এবং এখনও উপলব্ধি করেন। কিন্তু সংবিধান অনুযায়ী আজকে শিক্ষা ব্যবস্থা আমাদের রাজ্য সরকারের হাতে। সেজন্য কেন্দ্র থেকে যখন বলা হয়েছিল যে আমাদের ভারতবর্ষে যতগুলি ইউনিভার্সিটি হবে সব ইউনিভার্সিটিগুলি একই আইনে একই ধাঁচে যাতে চলে সেজন্য তাঁরা একটা মডেল ইউনিভার্সিটি অ্যাক্ট তৈরি করবার প্রচেষ্টা করেছিলেন এবং আমি জানি আমাদের রাজ্য থেকে সেটাকে সম্পূর্ণরূপে বাধা দেওয়া হয়েছিল। কেন বাধা দেওয়া হয়েছিল, না আমাদের শিক্ষা দপ্তরের যাঁরা অধিকর্তা তাঁরা মনে করেন যে, এই সমস্ত ইউনিভার্সিটিগুলির ভেতর আমাদের কিছুটা কর্তৃত্ব থাকা দরকার এবং তারই জন্য কেন্দ্রের এই প্রচেষ্টাকে ব্যর্থ করে দেওয়া হয়েছে এবং তার জন্য আমরা দেখতে পাচ্ছি আমাদের এই রাজ্যের মধ্যে বিভিন্ন ইউনিভার্সিটি বিভিন্ন আইন অনুযায়ী চলে এবং তার মধ্যে কোন মিল নেই এবং তার ভেতর দিয়ে দেখলে দেখা যাবে সরকারের কোন কেন্দ্রীভূত নীতি নেই এই উচ্চতর শিক্ষা সম্বন্ধে। আজকে কলকাতা ইউনিভার্সিটি ১৯৫১ সালের আইন পরিবর্তন করতে গিয়ে মন্ত্রিমহাশয় বললেন সিনেট, সিন্ডিকেট এবং অ্যাকাডেমিক কাউন্সিলের ক্ষমতা বিশেষভাবে বিশ্লেষণ করার জন্য এই আইন আনা হয়েছে। আমি তাঁর কাছে দেখাব যে সেই উদ্দেশ্য ঠিক নয়, সেই উদ্দেশ্যের পিছনে সরকারের পক্ষ থেকে কিছুটা ক্ষমতা গ্রহণ করার প্রচেষ্টা আছে মাত্র। স্যার, আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই দুজন প্রো-ভাইস-চ্যান্সেলর নিয়োগের কি প্রয়োজন হল এবং সেই প্রো-ভাইস-চ্যান্সেলর নিয়োগের ক্ষমতা সরকার নিজের হাতে রেখে দিলেন কেন? চ্যান্সেলর নিয়োগ করবেন মিনিস্টারের সঙ্গে আলাপ আলোচনা করে। সিন্ডিকেট যে নামের লিস্ট পাঠাবেন তা থেকে তিনি নিয়োগ করবেন। এটা চ্যান্সেলর করবেন এবং প্রো-ভাইস চ্যান্সেলর নিয়োগ করবেন সরকারের পরামর্শ মারফত। আমি জিজ্ঞাসা করতে চাই এইভাবে এই আইনের ভেতর মন্ত্রিমহাশয় সরকারী কর্তৃত্ব কেন ঢুকিয়ে দিলেন? আমি বলি ১৯৫১ সালের কলকাতা ইউনিভার্সিটি আইন পরিবর্তন করার একমাত্র উদ্দেশ্য হচ্ছে এই কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর এতদিন পর্যন্ত সরকারের বিশেষ কর্তৃত্ব ছিল না সেই কর্তৃত্বকে প্রতিষ্ঠা করার জন্য সিন্ডিকেট, সিনেট এবং অ্যাকাডেমিক কাউন্সিলের ঝগড়ার নাম করে, তাদের ক্ষমতা আরো স্পষ্ট করণ করার নাম করে মন্ত্রিমহাশয় সরকারী ক্ষমতা এর মধ্যে ঢুকিয়ে দেবার প্রচেষ্টা করেছেন।

স্যার, শুধু এই নয়, এছাড়া দেখতে পাওয়া যাবে ১৯৫১ সালের আইনে ছিল সরকার কর্তৃক মনোনীত সদস্য হবেন ১৫ জন, আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি সেই সংখ্যাটা ২০ জন কেন বাড়িয়ে দিলেন। আজকে যদি হিসাব করে দেখা যায় তাহলে দেখা যাবে যে, সদস্য যাঁরা হবেন সিন্ডিকেটের মধ্যে তাঁরা মনোনীত হবে যাবেন এবং নমিনেটেড মেম্বার যাঁরা থাকবেন তাঁরা থাকবেন মেজরিটি। আজকে এইভাবে ডেমোক্রাসীকে কার্য করা ছাড়া সরকারের আর কি উদ্দেশ্য থাকতে পারে? সরকারী কর্তৃত্বকে আরো অনুপবিষ্ট করে দেবার জন্য আজকে সরকার এই বিল এনেছেন একথা মন্ত্রিমহাশয় অস্বীকার করবেন? স্যার, এছাড়াও দেখতে পাওয়া যাবে, ১৯৫১ সালের আইনে সিন্ডিকেটে একজনও গভর্নমেন্ট নমিনেটেড মেম্বার ছিল না, এই বিলের মধ্যে মন্ত্রিমহাশয় আরো দুই জন নমিনেটেড মেম্বার গভর্নমেন্ট সিন্ডিকেটের মধ্যে পাঠাবে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি এর উদ্দেশ্য কি, কেন তারা চাচ্ছেন সিন্ডিকেটের মধ্যে আরো দুজন

সরকারের মনোনীত সদস্য? ১৯৫১ সালের আইনে তা ছিল না। তা ছাড়াও সরকার কত দেখতে পাবো—গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ যেগুলি ইউনিভার্সিটির আওতার মধ্যে ছি সেগুলিকে সরকার ইউনিভার্সিটির আওতা থেকে বের করে নিয়ে নিজেদের আওতার মধ্য আনছেন। অবশ্য মন্ত্রিমহাশয় বললেন যে, এই গভর্নমেন্ট স্পনসর্ড কলেজগুলিকে তাঁরা এক অর্থ দিয়ে গভর্নমেন্ট কলেজে পরিণত করবার চেষ্টা করবেন, ভাল কথা কিন্তু যাঁরা ১৯ ল টাকা দিয়ে আজকে মাধ্যমিক শিক্ষকদের বেতন ৫ টাকা করে বাড়াতে পারেন না তাঁরা এতগু গভর্নমেন্ট স্পনসর্ড কলেজকে আরো লক্ষ লক্ষ টাকা খরচ করে তাদের শিক্ষার ব্যবস্থা এ তাদের মাইনার ব্যবস্থার উন্নতি করবেন সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে।

[2-10—2-20 p.m.]

সেইজন্য আমি মন্ত্রিমহাশয়কে বলবো এই যে বিলটি আজকে এনেছেন সেই বিলের মধ্য উদ্দেশ্য হচ্ছে যে, সরকারের এর মধ্যে আরো ক্ষমতা অনুপ্রবেশ করিয়ে দেওয়া। আমি সেই আজকে সিলেক্ট কমিটির যাঁরা মেম্বার আছেন এবং সঙ্গে সঙ্গে মন্ত্রিমহাশয়কে একথা বল এবং তাঁদের কাছে এই অনুরোধ রাখবো যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের একটা ঐতিহ্য ব ব্রিটিশ আমলে এই বিশ্ববিদ্যালয় নিজের অস্তিত্ব বজায় রেখে এই প্রদেশের উচ্চ শিক্ষার বন্দোবস্ত করে এসেছে। এই প্রদেশ কেন, পূর্ব ভারতের শিক্ষা ব্যবস্থার বন্দোবস্ত করে এসেছে। সে ঐতিহ্যের কথা স্মরণ রেখে এবং শিক্ষাক্ষেত্রে সরকারের অহেতুক হস্তক্ষেপ শিক্ষাক্ষেত্রের কতখা ক্ষতি করতে পারে সেই কথা বিচার বিবেচনা করে তাঁরা যেন এই কলকাতা বিশ্ববিদ্যালয়ে আইনকে রচনা করেন। এবং সেইখানে একটি অনুরোধ তাঁদের কাছে জানাবো যে, আমাদে এ্যাসেম্বলী রুলস-এর ২২৬ ধারা অনুযায়ী যাঁরা বিশিষ্ট শিক্ষাবিদ্ আছেন আমাদের প্রদে তাঁদের যেন সিলেক্ট কমিটির সামনে ডাকা হয়, জয়েন্ট কমিটির সামনে ডাকা হয়, যাতে তাঁ তাঁদের বক্তব্য বিশেষভাবে রাখতে পারেন। এটা যেন যাদবপুর ইউনিভার্সিটি কিম্বা নিউ ক্লিয়েটেড নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি বা বর্ধমান ইউনিভার্সিটির দৃষ্টিভঙ্গী নিয়ে দেখা না হয় এটা যেন তাঁরা মনে রাখেন যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের একটা বিশেষ ঐতিহ্য আছে এবং তা কিছুটা নিজস্ব ক্ষমতা থাকা দরকার। সরকারের কর্তৃত্ব তার মধ্যে নিয়ে গিয়ে সেই ঐতিহ্য নষ্ট যেন করা না হয় এবং তার জন্য আমি অনুরোধ জানাবো বিশিষ্ট শিক্ষাবিদদের যেন জয়ে কমিটিতে ডেকে তাঁদের সাক্ষ্য নিয়ে এই আইন প্রণয়ন করা হয় এই বলেই আমি আমার বক্ত শেষ করবো।

শ্রীকানাই পাল: অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আমি প্রিভিলেজের প্রশ্নে কয়েক কথা বলতে চাচ্ছি। আমার জেল সম্পর্কে কতকগুলি জরুরী তারকা চিহ্ন প্রশ্ন ছিল, গো পাঁচেক, তার মধ্যে গোটা দুয়েক তারকা চিহ্ন না হয়ে এমনি সাধারণ উত্তর দেবার জন্য তাঁ ঠিক করেছিলেন। এখানে সমস্তটাই আমি লিখিত উত্তর পেয়েছি। সেখানে আমি দেখেছি ৯১৩নং প্রশ্ন যেখানে আমি বলেছিলাম যে স্বরাষ্ট্র বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্র করিয়া জানাইবেন কি ২০ বৎসরের অধিক কাল সাজা ভোগ সত্ত্বেও মুক্তি দেওয়া হয় নাই এইর কতজন পশ্চিমবঙ্গের কোন্ কোন্ কারাগারে কতজন আছেন? তাঁদের নাম কি এবং কো কোন্ ধারামতে তাঁহারা সাজাপ্রাপ্ত? তাতে মিনিস্টার, জেল বিভাগের কারামন্ত্রী বলেছেন ২০ বৎসরের অধিককাল কারা ভোগ করার পরেও মুক্তি পান নি এইরূপ কে ন বন্দী।

মিঃ চেয়ারম্যান: মিঃ পাল, প্রিভিলেজের কি কোশ্চেন বলছেন আপনি?

শ্রীকানাই পাল: আমি বলছি পরিষ্কার এই যে তথ্য সরকবরাহ করা হয়েছে এইগুলি অস তথ্য সরবরাহ করা হয়েছে, তার উপরে পয়েন্ট অফ প্রিভিলেজে আমি বলতে চাই। আমি পরিষ্কার করে বলছি যে শুধু একটি নয়, আমার দুতিনটি প্রশ্নে যে অসত্য তথ্য সরবরাহ ক হয়েছে সেইটই আমি আপনার মাধ্যমে রাখতে চাচ্ছি।

দি অনারেবল জগন্নাথ কোলে: আপনি কি কোশ্চেন নিয়ে এখানে ডিসকাশন করবেন?

মিঃ চেয়ারম্যান: এটা প্রিভিলেজের প্রশ্ন হিসাবে অ্যারাইজ করে না, আপনি বসুন।

শ্রীকানাই পাল : এখানে কোশ্চেনের উত্তরে যদি সমস্ত অসত্য ভাষণ থাকে, মিথ্যা তথ্য যদি সরবরাহ করা হয়, তাহলে পয়েন্ট অফ প্রিভিলেজের প্রশ্ন উঠতে পারে বলেই আমি মনে করি।

মিঃ চেয়ারম্যান : আপনি ফের কোশ্চেন দেবেন। এটা পয়েন্ট অফ প্রিভিলেজ হয় না, আপনি বসুন।

শ্রীকানাই পাল : না না, আমি এটাই বলতে চাচ্ছি,

মিঃ চেয়ারম্যান :

there is no point of privilege involved in it.

শ্রীকানাই পাল : আজকে আমাদের এই হাউসে আমাদের যেসব মূল অধিকার, প্রশ্ন করার অধিকার, সেই প্রশ্ন করলে,

দি অনারেবল জগন্নাথ কোলে : পয়েন্ট অফ অর্ডার, স্যার, উনি একটা প্রিভিলেজের উপর কোশ্চেন নিয়ে ডিসকাশন করছেন এবং এতে প্রিভিলেজ কি করে আসছে আমি বুঝতে পারছি না।

শ্রীকানাই পাল : প্রিভিলেজ আসছে এইজন্যই যে আপনি বলেছেন ২০ বৎসর সাজা এই রকম কোন বন্দী নেই। আমি আপনাকে একথা বলছি, আমি একটি চিঠি এই আলীপুর,

দি অনারেবল জগন্নাথ কোলে : আপনি আমার কাছে আসুন আমি দেখি কি ব্যাপার।

শ্রীকানাই পাল : না না, এটাত ব্যক্তিগত প্রশ্ন নয়। আমি বলছি রঞ্জিতকুমার সরকার, দ্বিতীয় শ্রেণীর বন্দী, যিনি ২০ বৎসরের উপর রেমিশন নিয়ে সাজা খেটেছেন এবং সম্প্রতি আলীপুর জেল থেকে মেদিনীপুর জেলে ট্রান্সফার হয়েছেন। সেই সঙ্গে সঙ্গে আমি নাম করছি দ্বিতীয় শ্রেণীর বন্দী কৃষ্ণচন্দ্র সাঁতরা, তিনিও আলীপুর সেন্ট্রাল জেলে আছেন।

Shri Kanai Pal :

এ ছাড়া যেখানে আরো,

The Hon'ble Jagannath Kolay :

কানাইবাবু, আপনি ভুল করছেন, ২০ বৎসর যাদের সাজা হয়েছে তাদের একজনও নাই, যাদের লাইফ ইম্‌প্রিজনমেন্ট হয়েছে তাদের অন্যরকম ব্যবস্থা।

Shri Kanai Pal :

আমি এই কথা জানাতে চাই,

Mr. Chairman :

এটাও প্রিভিলেজ হয় না, আপনি এটা রেফার করে স্টার্ড কোশ্চেন দিতে পারেন—এভাবে প্রিভিলেজ কোশ্চেন হয় না,
kindly take your seat.

The Hon'ble Jagannath Kolay :

কোন মিথ্যা স্টেটমেন্ট করা হয়নি, আপনি জানেন না।

Shri Kanai Pal :

উচ্চশ্রেণীর বন্দীদের যে সুযোগসুবিধা আছে তা তাদের দেওয়া হয় না। এখানে মিথ্যা তথ্য সরবরাহ করা হয়েছে, মিথ্যা তথ্য পরিবেশন করা হয়েছে।

Mr. Chairman: Kindly take your seat.

এভাবে কোশ্চেন অফ প্রিভিলেজ হয় না।

Shri Haridas Chakraborty:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, ক্যালকাটা ইউনিভার্সিটি বিল যেটা শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রী এখানে পেশ করলেন, কালকে এবং যেটা স্বভাবতই বিস্তৃত আলোচনার জন্য যুক্ত সিলেক্ট কমিটির কাছে গিয়েছে এবং সেখানে এর বিস্তৃত আলোচনাও হবে, কিন্তু তৎসত্ত্বেও এই বিলটার উপর কালকে শিক্ষামন্ত্রী এখানে যে আলোচনা করেছেন সেই আলোচনাকে কেন্দ্র করে কিছু বলা প্রয়োজন কালকে বিকালে যখন তিনি এই বিলটা উত্থাপন করে তার সমর্থনে বক্তৃতা করেছিলেন ঠিক তার আগে মাননীয় সদস্য শম্ভু ঘোষ মহাশয় পয়েন্ট অফ অর্ডার তুলে একটা প্রশ্ন রেখেছিলেন তাতে তিনি বলেছিলেন, এই বিলের

Statement of Objects and Reasons

এ যে উদ্দেশ্য বর্ণনা করা হয়েছে তার সেই মূল উদ্দেশ্যই এখানে আলোচনা করা হয়নি। তার উত্তরে মাননীয় শিক্ষামন্ত্রী যে আলোচনা করেছিলেন তার ভাবটা হচ্ছে "শৃণ্বন্তু বিশ্বে- অমৃতস্য পুত্রাঃ" ১৯৫১ সালের যে বিশ্ববিদ্যালয় আইন আছে তাতে অনেক গোলমাল আছে, সিন্ডিকেট অ্যাকাডেমিক কাউন্সিল-এর ডিফারেন্ট কমিটি যা আছে সেই কমিটি সুশৃঙ্খলভাবে হতে পারছে না, সেটাকে সুসংবদ্ধ আকারে আনবার জন্য এই বিল আনা হয়েছে। কিন্তু, মাননীয় চেয়ারম্যান মহাশয়, ঘটনা ঠিক তা নয়, ঘটনা কি তা জানতে হলে আপনাকে ধৈর্য ধরে বিচার করতে হবে। এবং পিছনে একটা বিচিত্র নাটক আছে যে নাটকের পরিণতি হিসাবে এই বিলটা আমাদের এই সভায় উত্থাপন করা হয়েছে। এই নাটকের যবনিকা উত্তোলিত হবার সঙ্গে সঙ্গে আপনি দেখতে পাবেন যে, মঞ্চের পিছনে যেখানে বিল-এর অফিস সেই অফিস ঘরে ৪ জন মার্কিনী শাবক ফোর্ড ফাউন্ডেশন-এর জামা গায়ে দিয়ে ৪ মাস ধরে সেখানে বসে তাঁরা কাগজের উপর কলম চালালেন। ৪ মাস পরে আমরা দেখলাম যে, রেজিস্ট্রার-এর ঘর থেকে দিস্তা দিস্তা কাগজ ভাইস্‌চান্সেলারের সিন্ডিকেট সিনেটকে না জানিয়ে শিক্ষামন্ত্রীর দপ্তরে পৌঁছে দিলেন। চেয়ারম্যান মহাশয়, এর পরে আমরা দেখলাম ২০ জনের একটা সিনেট তৈরী করা হল, কিন্তু দীর্ঘদিন আলোচনার পরেও সেখানে কোন বার সিদ্ধান্তে আসা সম্ভব হল না। শ্রদ্ধেয় রাজকুমার চক্রবর্তী সিনেট-এর সভায় যখন এই প্রশ্ন তুলেছিলেন তাতে তিনি জিজ্ঞাসা করেছিলেন এই কথা কি সত্য যে, ভাইস্ চ্যান্সেলার মহাশয়কে এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছে যে এই আইন পাস করাতে পারলে ফোর্ড ফাউন্ডেসন থেকে ৫ কোটি ডলার পাওয়া যাবে, মাননীয় চেয়ারম্যান মহাশয়, অধ্যাপক চক্রবর্তীর এই প্রশ্নের জবাবে ভাইস্ চ্যান্সেলার কোন উপযুক্ত জবাব দিতে পারেননি, "এটা অপ্রাসঙ্গিক" এই কথাই শুধু যেদিন ভাইস্ চ্যান্সেলার বলেছিলেন। তার থেকে এই কথা সহজেই,

[2-20—2-30 p.m.]

আমাদের পক্ষে ধরে নেওয়া সম্ভব যে, ৫ কোটি ডলারের বিনিময়ে আজকে এই বিশ্ববিদ্যালয় বিল আমাদের এই সভার সামনে উপস্থিত করা হয়েছে। এই নাটকের পিছনে যে রহস্য রয়েছে আমার মনে হয় তা গুরুত্ব দিয়ে বিবেচনা করার প্রয়োজনীয়তা আছে। দীর্ঘ ৪ মাস ধরে বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার ঘরে ফোর্ড ফাউন্ডেসন-এর লোক কর্তৃক যে জিনিষ তৈরী হল সিন্ডিকেট এর সামনে উত্থাপিত না হয়ে এবং সরাসরি শিক্ষাদপ্তরে পৌঁছে দেওয়া হল সেই জিনিস আর আজকে শিক্ষমিন্ত্রী এখানে যে বিল নিয়ে এসেছেন এই দুটো হুবহু এক জিনিস কিনা সেই সন্দেহ আমাদের থেকে যাচ্ছে। মাননীয় চেয়ারম্যান, স্যার, এই সম্পর্কে আরেকটা কথা বলা প্রয়োজন তাহলে, যে দৃষ্টিভঙ্গি নিয়ে এই বিল রচনা করা হয়েছে তাতে আমেরিকান সাম্রাজ্যবাদীরা যে দৃষ্টিভঙ্গি নিয়ে প্রতিটি কার্য পরিচালনার চেষ্টা করে তারই ছাপ এই বিলে রয়েছে। একটু আগেই ডাঃ ভট্টাচার্য বলছিলেন যে এই বিলের মধ্যে আমরা দেখতে পাব শিক্ষাসংক্রান্ত ব্যাপারে যে স্বাতন্ত্র্য একান্ত অপরিহার্যতা ধূলিস্যাৎ করে দেওয়া হয়েছে। আজকে আমি

এই কথাই বলব, সমগ্র বিলটি যদি পুংখানুপুংখভাবে পড়া যায়, সামান্য কয়েকদিন আগে মাত্র এই বিল আমাদের কাছে দেওয়া হয়েছে, এই বিলটি আগাগোড়া পড়ে যে কথা আমার মনে হয়েছে তা হল, মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনি দেখবেন এই বিলের ধারায় ধারায় সিনেট, সিণ্ডিকেট, য়্যাকাডেমিক কাউন্সিল আণ্ডার গ্রাজুয়েট কাউন্সিল, পোষ্ট গ্রাজুয়েট কাউন্সিল ইত্যাদিতে কুশাসনের নামে সরকারী তকমা আঁটা হয়েছে। এবং এই বিলের মধ্যে দিয়ে ভাইস চ্যান্সেলার নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী হতে যাচ্ছেন। এক দিকে যেমন ভাইস্ চ্যান্সেলার নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী হতে যাচ্ছেন অন্যদিকে আমরা দেখব যত অথরিটি আছে তার উপর কি করে সরকারী কর্তৃত্ব চাপান যায় তার চেষ্টা চলছে। ভাইস চ্যান্সেলার নিযুক্ত করার ব্যাপারে দেখুন, সেকসন ৫৮-এ আছে প্রথমে ২০ বৎসর পর্যন্ত সরকারের খুশীমত ভাইস্ চ্যান্সেলর নিযুক্ত হবেন এবং ৬ জনের কমিটি নিযুক্ত করে সমস্ত কাজকর্ম পরিচালনা করবেন।

শুধু তাই নয়, মাননীয় চেয়ারম্যান স্যার, আর একটা জিনিস আপনার মাধ্যমে বলছি এবং সেটা হচ্ছে আজকে সমস্ত শিক্ষা ব্যবস্থার মধ্যে একটা সংগতি সাধনের প্রয়োজন ছিল কারণ প্রাথমিক শিক্ষা থেকে আরম্ভ করে মাধ্যমিক শিক্ষা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সঙ্গে সংগতি-সাধনের বিরাট প্রশ্ন জড়িয়ে রয়েছে এবং সেই দাবীও রয়েছে। কিন্তু সেদিকে দৃষ্টি না দিয়ে আমরা দেখলাম ডিসট্রিক্ট স্কুল বোর্ড, সেকেণ্ডারী বোর্ড অব এডুকেসন থেকে আরম্ভ করে কোলকাতা বিশ্ববিদ্যালয় পর্যন্ত সমস্ত শিক্ষা সংস্থার মধ্যে একটা করে সরকারী তমকা এঁটে দিয়ে সমস্ত শিক্ষা ব্যবস্থাকে রাইটার্স বিল্ডিংস্-এর চৌহদ্দির মধ্যে নিয়ে এসে ঐ বুরোক্রেটিক তাই, সি এস্-দের মাধ্যমে সমস্ত শিক্ষা ব্যবস্থাকে নিয়ন্ত্রিত করে সাধারণ মানুষের যে চেতনা, ঢাকা এবং কোলকাতা বিশ্ববিদ্যালয়ের যে গৌরবময় ঐতিহ্য। তার প্রতিটি দেয়ালের পরতে পরতে আছে, তার প্রতিটি ইঁটে, ইঁটে আছে তাকে ধ্বংসসাত করে দিয়ে আমাদের বর্তমান শিক্ষামন্ত্রী সমস্ত শিক্ষা ব্যবস্থাকে আমলাতান্ত্রিকতার পঙ্কতলে পিষ্ট করে, জাতীয় সংহতিকে অগ্রগতির পথে না নিয়ে বিরোধী পথে নেবার জন্য একটা বিল এনেছেন। তারপর স্যার, আপনি জানেন আজকে কলেজগুলির এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একটা প্রধান এবং মহত দাবী হচ্ছে সমস্ত কলেজের অধ্যাপকদের, সমস্ত শিক্ষকদের এক পর্যায়ে আনা হোক। কিন্তু এই বিলের মধ্যে আমরা দেখলাম অত্যন্ত সুকৌশলে স্পনসর্ড কলেজ, প্রাইভেট কলেজ এবং গভর্নমেণ্ট কলেজ নাম দিয়ে তাদের মধ্যে একটা ভাগ সৃষ্টি করবার চেষ্টা করা হচ্ছে। স্যার, আপনি নিশ্চয়ই জানেন শিক্ষা ব্যবস্থার যদি সংগতিসাধন না করা হয়, শিক্ষার যাঁরা প্রাণকেন্দ্র সেই শিক্ষক সমাজ, অধ্যাপক সমাজ তাঁদের মধ্যে যদি পৃথকীকরণ করা হয় তাহলে শিক্ষা ব্যবস্থার উন্নতি করা যায় না। বরং আমরা দেখেছি স্পনসর্ড কলেজ, গভর্নমেণ্ট কলেজের ব্যাপারে হস্তক্ষেপ করায় বিশ্ববিদ্যালয়ের এক্তিয়ারকে সংকুচিত করা হচ্ছে। আমি মনে করি এইভাবে সংকুচিত করার মাধ্যমে সমগ্র শিক্ষা ব্যবস্থা, বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত শিক্ষা ব্যবস্থা প্রচণ্ডভাবে ক্ষতিগ্রস্ত হবে যদি এই বিলের ধারাগুলি সিলেক্ট কমিটিতে অত্যন্ত গুরুত্বপূর্ণভাবে বিবেচিত না হয়। তারপর, সেকসন থার্টিফাইভ-এ দেখছি কোন অধ্যাপক, কোন শিক্ষক বা বিশ্ববিদ্যালয়ের কোন কর্মচারীর বিরুদ্ধে যদি কোন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হয় তাহলে তার বিরুদ্ধে অ্যাপিল করার, আন্দোলন করার, সেই শাস্তির প্রতিবিধানের জন্য কোন কিছু করার ব্যবস্থা থাকছে না। অবশ্য তাঁরা বলেছেন শেষ পর্যন্ত তাঁরা ট্রাইবুনালে যেতে পারবেন। কিন্তু সেই ট্রাইবুনালে ভাইস-চ্যান্সেলারের নমিনেটেড লোক থাকবেন বা এ্যাফিলিয়েটেড পার্সন কনসর্ন-এর একজন রিপ্রেজেনটেটিভ থাকবেন এবং একজন চেয়ারম্যান হয়ত গভর্নমেণ্ট করে দেবেন এবং তাঁদের রায় বাধ্যতামূলক হবে। কিন্তু যদি আমার পছন্দ না হয়, যদি আমি মনে করি আমার প্রতি সুবিচার হয়নি তাহলে আমার এই অধিকার থাকল না যে আমি সিভিল কোর্টে যেতে পারি। অর্থাৎ সিভিল কোর্টে যাবার অধিকার কেড়ে নেওয়া হোল এই সেকসন থার্টিফাইভ দিয়ে। তারপর সেকসন ফিফ্‌টিনাইন—এতেও একথা লেখা আছে। কিন্তু অত্যন্ত আশ্চর্যের ব্যাপার হচ্ছে সমস্ত বিল তাঁদের ক্ষমতা নিরঙ্কুশ করবার জন্য প্রতিটি ধারার মধ্যে আছে ইন কনসালটেসন উইথ দি মিনিস্টার কিন্তু একথা বলে নিশ্চিন্ত হতে না পেরে তারপর আবার বলছেন যদি এমন কোন ধারা থাকে বা তার মধ্য দিয়ে কাজ করতে গিয়ে বোঝা যায় আমরা

এই বিলে যা করতে চাচ্ছি তা করতে পারছি না তাহলে তার জন্যও ব্যবস্থা করে রেখেছেন। আমি ধারাটা এখানে পড়ে শোনাচ্ছি। এখানে বলা হয়েছে,

if on account of any lacuna or omission in the provisions of this Act, or for any other reason whatsoever, any difficulty arises as to the first constitution of any authority of the University under this Act, or otherwise in giving effect to the provisions of this Act, the State Government, as occasion may require, may by order do anything which appears to it to be necessary for the purpose of removing the difficulty notwithstanding anything to the contrary contained elsewhere in this Act or in any other law

অর্থাৎ আমরা দেখছি সমস্ত ক্ষমতা নিজেদের হাতে নেবার একটা প্রচেষ্টা চলছে। স্যার, জাতীয় দাবীর ভিত্তিতে শিক্ষা ব্যবস্থার আমূল সংস্কারের জন্য, শিক্ষা ব্যবস্থার সংহতি সাধনের জন্য যে দাবী উঠেছে তাকে পেছন থেকে ছুড়ি মেরে, ঐ ফোর্ড ফাউণ্ডেসনের টাকার লোভে, ঐ আমেরিকান কুচক্রীদের সাহায্যে গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থাকে নির্মূল করে দিয়ে আমলাতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা চাপিয়ে দিয়ে সমগ্র শিক্ষাব্যবস্থার, সমগ্র শিক্ষক সমাজের, সমগ্র শিক্ষিত সম্প্রদায়ের এবং ভবিষ্যতে যাঁরা জাতি গঠন করবেন তাঁদের সকলের স্বার্থের বিরুদ্ধে একটা প্রচণ্ড আঘাত এই বিল আনছে বলে আমি মনে করি। সেইজন্য আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে এবং জয়েণ্ট সিলেক্ট কমিটির সদস্যদের কাছে আবেদন করছি তাঁরা যেন সমস্ত বিষয়টি পুংখানুপুংখরূপে আলোচনা করেন এবং শিক্ষা ব্যবস্থাকে সংগঠিত করে এই বিল যেটা আইনে পরিণত হতে যাচ্ছে সেটা যাতে কার্যকরী হতে পারে সেইভাবে চিন্তা করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30—2-40 p.m.]

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি অনেক বিলের ক্ষেত্রে দেখেছি, অনেক সময় বলেছি যে বার বার এমেণ্ড করার চেয়ে একটা কন্‌সলিডেড্‌ বিল আনা ভাল। তাই কালকে শিক্ষামন্ত্রী মহাশয় যখন এই বিলটা ইন্‌ট্রোডিউস্‌ করেন, আমাদের কথা বলতে গিয়ে বললেন যে বার বার এমেণ্ড করবো না সেজন্য কন্‌সলিডেটেড বিল এনেছি। কথাটা শোনার পর একথা মনে হল ভদ্রলোক যে কথা বলতে চাইছেন সেই কথার ভিতর কত রকম প্যাঁচ আছে, এই বিলের মধ্য দিয়েই তা বুঝতে পারা যায়। আমরা সব সময় বলি কন্‌সলিডেটেড বিল যেটা আনা হবে

that will be for the benefit of the people.

এবং সেখানে যে বিল আনা হবে সেই বিলটা দিয়ে যারা শিক্ষক বা যারা ছাত্র তাদের যদি ভাল হয় তাহলে এই বিল আনার মূল্য আছে, যদি তা না হয় তাহলে আমি বলবো সেই বিলের কোন মূল্য নেই।

আমি আর একটা বিষয়ও লক্ষ্য করেছি যে সরকার যখনই কোন বিল আনেন তখনই লক্ষ্য করি, সরকার যখন দুর্বল হয়ে যায়, এবং ক্যাপিটালিষ্ট সরকার যখন ফ্যাসিস্ট গভর্নমেণ্ট হতে চলে তখন এরা চেষ্টা করে যে কোন বিষয়কে যে কোন ডিপার্টমেণ্টকে নিজেদের কণ্ট্রোলে নিয়ে আসতে। এখানে ঠিক তাই হচ্ছে। কলকাতা ইউনিভার্সিটির একটা ইণ্ডিপেণ্ডেণ্ট ষ্ট্যাটুটারী বডি ছিল সেই বডিকে কখনো সরকার অন্যায় কাজ করতে বললে সেই কাজ করতে তারা রাজী হত না। তাই এমনভাবে বিলটা তৈরী হয়েছে যে ইণ্ডিপেণ্ডেণ্ট স্পিরিটের লোক যারা আছেন তাদের নাকে খত দেবার ব্যবস্থা করা হচ্ছে, সেজন্যই এই বিলটা ইন্‌ট্রোডিউস্‌ড্‌ হয়েছে। আমি জানি এই সরকার অনেক বিষয়ে ইংলণ্ড থেকে আমেরিকা থেকে অনেক বিষয় নিয়ে থাকে, বিশেষ করে পার্লামেণ্টারী ডিমোক্রেসীর কথা, এটা আমরা জানি ইংলণ্ড এবং আমেরিকার কতকগুলি কনষ্টিটিউশনাল আম্পেক্ট আছে যা নিয়ে পার্লামেণ্টারী ডিমোক্রেসী করেছি, কিন্তু ইংলণ্ড এবং আমেরিকার যে সব জিনিষ ভাল সেই সব জিনিষ সরকার নেন না। ইংলণ্ডে এখনও পর্যন্ত অক্সফোর্ড ইউনিভার্সিটি যা আছে, কেম্ব্রিজ ইউনিভার্সিটি যা আছে এগুলিতে কি গভর্নমেণ্ট

হস্তক্ষেপ আছে? তাই আমি বলতে চাই এ'রা ভাল জিনিষ নেন না। এমন কি পৃথিবীর সব চেয়ে রি-এ্যাকশনারী-সরকার, অবশ্য যারা ডলার নিয়ে কিনতে চায় সেই সব দেশের লোক এমেরিকা সেখানেও দেখবেন ইউনিভর্সিটিতে ষ্টেট ইন্টারফিয়ারেন্স কম হয়, নেই বললেই হয়। বিশেষ করে আমি জানি পৃথিবীর মধ্যে বিখ্যাত যে ম্যাসাচুসেস্ত ইউনিভর্সিটি সেখানেও ষ্টেট ইন্টার্ফিয়ারেন্স নেই বললেই চলে। কিন্তু আমাদের গভর্নমেণ্ট যেখানে যেটুকু সুবিধা হবে সেখানেই সেটুকু করবে। অন্য দেশের মত সুবিধা তাঁরা দেবেন না। সেজন্য বলছি সরকার এই বিল ইন্ট্রডিউস করার আগে পৃথিবীর অন্যান্য জায়গায় ইউনিভার্সিটি সম্বন্ধে আলোচনা করবেন এবং সত্যই যদি সদ্ভাবে এই সব জিনিষ বিচার বিবেচনা করতেন তাহলে এই বিল আনতেন না। আমি এই বিলের কয়েকটি ধারা সম্বন্ধে আলোচনা করবো এবং আলোচনা করার পর যিনি মিনিষ্টার অব এডুকেশন আছেন তাঁকে এই ধারাগুলি ডিলিট করার জন্য বলবো, এবং জয়েন্ট সিলেক্ট কমিটিতে যারা মেম্বার থাকবেন তাঁরাও এ বিষয়ে বিবেচনা করে দেখবেন।

এবং বিবেচনা করে যদি মনে করেন যে নিশ্চয়ই এগুলি ডিলিট করা দরকার তাহলে ডিলিট করবেন, যেমন ক্লজ ৪ এর সাব-ক্লজ ৬। উনি তো বললেন খুব ভাল করছি, কিন্তু আমি এক একটা ক্লজে দেখিয়ে দিচ্ছি যে কত ক্ষতিকর হবে। কারণ, যদি ডিসক্রিমিনেসান করা যায় তাহলে দুদলের মধ্যে একটা ঝগড়া ল্যাগিয়ে দেওয়া হবে। তাই আমি বলছি ক্লজ ৪ এর সাব-ক্লজ ৬ টাকে ডিলিট করা হোক। সেখানে যে পাওয়ার দেওয়া আছে,

the University shall have the following powers, namely:—

কতকগুলি পাওয়ার দেওয়া আছে। তারপর ৬এ বলছেন

to prescribe for colleges, other than Government colleges and Government sponsored colleges, the constitution, powers and functions of their Governing Bodies, the terms and conditions of service and emoluments for all posts of Teachers including the Principal, the rules for Teachers' Councils and Provident Funds, and the leave rules for teachers.

কেন এটা বাদ দেওয়া হবে? ক্লজ ৬তে স্পনসোর্ড কলেজগুলির ব্যাপারে গভর্নমেণ্ট কলেজগুলির ব্যাপারে কেন এটা বাদ দেওয়া হচ্ছে? তার মানে একটা ডিসক্রিমিনেসান আনা হচ্ছে। আমি শুধু আপনাদের কাছে এটা নীতিগতভাবে অন্যায় তা বলছি না, এই গ্রাউণ্ডে এটা ল অব কোর্টে আল্ট্রা ভাইরিস হবে এবং হওয়ার সম্ভাবনা আছে। সেজন্য এই জিনিসটা পুনরায় বিবেচন করার জন্য বলছি। কারণ, আমরা জানি আমাদের সরকার যেসব আইন রচনা করেন তার মধ্যে বহু বিষয় ল অব কোর্টে যাওয়ার পর দেখা গেছে যে আল্ট্রা ভাইরিস হয়ে গেছে। পঞ্চায়েৎ এ্যাক্টের ইমপর্ট্যাণ্ট যে সব ধারা তার মধ্যে ২।৩টা ধারা এর মধ্যে আল্ট্রা ভাইরিস ডিক্লেয়ার করা হয়েছে। সেজন্য বলছি এই যে এত টাকা খরচ করে আইন পাশ করলেন সেই আইনের লিগ্যাল ফিজিবিলিটি সম্বন্ধে চিন্তা করা দরকার। সাধারণ লোকে আমাদের বলে আপনাদের ওখানে যাঁরা বিল তৈরি করেন তাঁরা কি মূর্খ? আমরা হ্যাঁ, না, কিছু বলতে পারি না। একথা অনেকে বলেন। ল ডিপার্টমেণ্টে বহু লোক আছে, বহু বেতন দেওয়া হয়, এগুলি আগে থেকে ভেবে দেখেন না? সেজন্য বলছি মন্ত্রিমহাশয় এই ক্লজ সম্বন্ধে চিন্তা করে দেখবেন। তার পর আর দুটো সম্বন্ধে আমি বলব যেটা কানাইবাবু বলেছেন আমিও পুনরায় বলছি। এই প্রো-ভাইস-চ্যান্সেলর পোষ্ট রাখার কি প্রয়োজন আমি বুঝতে পারছি না। প্রো-ভাইস-চ্যান্সেলর নাম না দিয়ে যদি দুজন

employee of the West Bengal Government.

এই নাম দেওয়া হত আমাদের রাধাকৃষ্ণবাবু যেমন বললেন এইরকম লোককে যদি এ্যাপয়েণ্ট করা হয় তাহলে গভর্নমেণ্ট যা বলবেন তাঁরা তাই জানবেন। কিন্তু ইনডিপেনডেণ্ট লোককে এই প্রো-ভাইস-চ্যান্সেলর পোষ্টে যদি এ্যাপয়েণ্ট করা হয় তাহলে মিনিষ্টারদের কলকাঠি নাড়ার অসুবিধা হবে, কারণ, ভাইস-চ্যান্সেলর অনেক ব্যাপারে এঁদের বাধা দেন, এটা আমরা বুঝতে পারছি। সেজন্য সম্পূর্ণভাবে ক্যালকাটা ইউনিভার্সিটিকে কুক্ষিগত করার জন্য এই কাটো

পোস্ট ক্রিয়েট করেছেন। সেজন্য আমি বলতে চাই গভর্নমেণ্ট যা ইচ্ছা করবেন, তাঁদের য় নিয়োগ হচ্ছে সেই নিয়োগ হচ্ছে

at the advice of the Minister

তা যদি হয় তাহলে মিনিস্টার কোন দিন যাঁরা ইণ্ডিপেনডেণ্ড স্পিরিটের লোক তাঁদের এ্যাপয়েণ্ট করবেন না। তিনি এমন লোককে এ্যাপয়েণ্ট করবেন যিনি ক্যাবিনেটের ইয়েসম্যান হবেন সবচেয়ে বুদ্ধিমান এবং বুদ্ধিজীবী বহু ভাল ভাল লোক আছে তাঁদের উপর সরকারের বিশ্বাস নেই। যাঁরা ইয়েসম্যান আছে তাঁদের দিয়ে সম্পূর্ণভাবে এ্যাডমিনিষ্ট্রেসান কণ্ট্রোল করবার ব্যবস্থা করেছেন। আমার মনে হয় এতে অত্যন্ত ক্ষতিকর কাজ হবে।

[2-40--2-50 p.m.]

আর একটা কথা আমি বলতে চাচ্ছি, সেটা হচ্ছে সবই ও'রা করলেন কিন্তু আমরা জানি আগে কত ছেলে ম্যাট্রিক পরীক্ষা দিত এবং আজকাল কত বেড়েছে কিন্তু বিলের ৪৪ এবং ৪৫ ধারাতে যা দেখেছি, টাকার স্যাংসনটা সেই ৬০ হাজারই রাখা হয়েছে, অবশ্য এটা বলেছেন নট লেস দ্যান ৬০, কিন্তু তবুও আমি বলছি মিনিমাম যা লেখা থাকে তারপর সেটা আর বাড়ে না। কারণ সরকারের কথা তো জানি, এখানে বক্তৃতায়ও বলবেন এটা তো মিনিমাম করা হয়েছে, কিন্তু এটা মিনিমাম ম্যাক্সিমাম সব হবে। কারণ যখন বলা হবে এটা মিনিমাম আর একটু বাড়িয়ে দাও তখন বলবেন টাকা নেই। সেজন্য আমি বলছি ক্লজ ৪৪ এবং ৪৫ সম্বন্ধে একটু ভেবে দেখা দরকার এবং এটা ডিলিট করা প্রয়োজন মনে করি। আমি প্রো-ভাইস-চ্যান্সেলার সম্বন্ধে যে দুটো ক্লজ আছে ১০ এবং ১২ সেই দুটো পড়ে শোনাচ্ছি, এবং সেই দুটোতে যে সম্পূর্ণভাবে গভর্নমেণ্টের নিজেদের লোক যাবে সেটা ক্লজেই বলা আছে—

The Pro-Vice-Chancellor for business affairs and finance shall be appointed by the Chancellor in consultation with the Minister and he shall hold office for a term of four years and shall be eligible for reappointment. The Pro-Vice-Chancellor for business affairs and finance shall be a whole-time officer of the university and shall be appointed on such terms and conditions as may be determined by the Chancellor.

কাজেই মিনিস্টারের এ্যাডভাইসে যে এ্যাপয়েণ্টমেণ্ট হবে সেই এ্যাপয়েণ্টমেণ্টে কি রকম লোক আসবে, তা আপনারা সকলেই বুঝতে পারছেন, আর ১২তে বলা আছে

The pro-Vice-Chancellor for academic affairs shall be appointed by the Chancellor in consultation with the Minister

কাজেই আমার মনে হয় প্রো-ভাইস-চ্যান্সেলর এই নামটা গালভরা না রেখে দুজন এমপ্লয়ীজ অব দি ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্ট এ বলাই ভাল বলে আমি মনে করি, কারণ তাঁরা তো ইয়েসম্যান গভর্নমেণ্ট যা বলবেন সেটাই বলবেন। কাজেই ভাইস-চ্যান্সেলার বলে তাঁর পদটাকে গ্লোরিফাই করে দেবার কোন মানে হয় বলে আমি মনে করি না। তারপর আমি নমিনেশনের কথা বলছি, আমাদের সরকার যদিও অনেক সময় বলেন যে, আমরা পার্লামেণ্টারি ডেমোক্রেসিতে বিশ্বাস করি, কিন্তু আমরা তাঁদের কাজকর্মে সব সময় জানি যে, আদার দ্যান পার্লামেণ্টারি ডেমোক্রেসিতে তাঁরা বিশ্বাস করেন, পাছে তাঁদের হাত থেকে ক্ষমতা চলে যায় এবং কি করলে ক্ষমতা থাকবে সেটা অনেক ব্যাপারেই দেখেছি এখানেও দেখেছি। যেমন পঞ্চায়েতে দেখেছি, জেলা পরিষদ বা অঞ্চল পরিষদে ৪ জন করে নমিনেশন দেওয়া হবে, এগুলি ডেমোক্রেসিতে পড়ে না। অন্য জায়গার ডেমোক্রেসি যদি দেখি তাহলে দেখা যাবে কোন জায়গায় নমিনেশনের বিধান নেই। এখানে দেখা যাচ্ছে যে, ২০ জন লোককে নমিনেশন দেওয়া হয়েছে এবং দুজন প্রো-ভাইস-চ্যান্সেলর ইয়েসমেন থাকবে। কি অবস্থা হবে বুঝতেই পারছেন। কাজেই ডেমোক্রেসির চরম উদাহরণ আমরা পাই। আমি সেজন্য শিক্ষামন্ত্রীকে বলছি তিনি ভাল মানুষের মত বললেন আমি একটা কনসলিডেটেড অ্যাক্ট করব এবং অনেক অ্যামেন্ডমেণ্ট হচ্ছে কিন্তু সেই অ্যামেন্ডমেণ্টে কোন সুবিধা হচ্ছে না। কিন্তু আমি বলব তিনি দেব গড়তে গিয়ে বাঁদর গড়ে ফেলেছেন অবশ্য তাঁর মত শিল্পীর কাছ থেকে এর চেয়ে বেশী কিছু আমরা আশা করতে পারি না—এই বলে আমি শেষ করছি।

Shri Kanai Pal: On another point of privilege, Mr. Chairman

আমি ইতিপূর্বে দুটো অধিবেশনে একটা প্রশ্ন জিজ্ঞাসা করেছিলাম, আমি জানতে চেয়েছিলাম যখন মুখ্যমন্ত্রী বিবৃতি দিয়েছিলেন এই হাউসে যে, গত গোলমালের সময়.....

Mr. Chairman:

আপনার পয়েন্ট অব প্রিভিলেজ এই ডিসকাশনের মধ্যে আসে না, ওটা আপনাকে নোটিস দিয়ে কনসেন্ট নিয়ে করতে হবে, আপনি বসুন।

শ্রীকানাই পাল: মিঃ চেয়ারম্যান, স্যার, পয়েন্ট অব প্রিভিলেজ নোটিস এবং কনসেন্ট ছাড়াও শত শত পয়েন্ট অব প্রিভিলেজের প্রশ্ন উঠছে।

মিঃ চেয়ারম্যান: আপনি বসুন। দেয়ার ইজ নো পয়েন্ট অব প্রিভিলেজ।

শ্রীকানাই পাল: না, না, মিঃ চেয়ারম্যান, আমার প্রতি অত্যন্ত অবিচার করা হচ্ছে বলে আমি মনে করছি।

মিঃ চেয়ারম্যান: এখানে পয়েন্ট অব প্রিভিলেজ আসে না, আপনি বসুন।

শ্রীকানাই পাল: না, না, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার এবং সেইজন্য পয়েন্ট অব প্রিভিলেজ তুলতে চাচ্ছি।

মিঃ চেয়ারম্যান: আপনার কাছে প্রত্যেকটি গুরুত্বপূর্ণ হতে পারে, কিন্তু আমাদের কাছে নয়।

শ্রীকানাই পাল: আপনি না শুনেই জাজমেন্ট দেবেন যে, এটা গুরুত্বপূর্ণ নয়। এটা কি করে আপনি জাজমেন্ট দিতে পারেন, মিঃ চেয়ারম্যান যে এটা গুরুত্বপূর্ণ কিনা। আমি একথাই বলতে চাচ্ছি।

মিঃ চেয়ারম্যান: প্রত্যেকটি জিনিসের টাইম আছে, টাইম মত করতে হয়। আপনি বসুন।

Mr. Pal, you are a legislator. You are claiming your rights, but at the same time, you should know your duties and obligations. Please take your seat.

শ্রীকানাই পাল: আপনি যে বলছেন কোশ্চেন টাইমের কথা, আজকে কোশ্চেন ছিল না। হাউসে আজকে জোর করে কোশ্চেন আওয়ার তুলে দেওয়া হয়েছে, সেইজন্য আমি এই প্রিভিলেজের প্রশ্ন তুলছি। আপনি অত্যন্ত অন্যায় করে আমার অধিকার থেকে বঞ্চিত করছেন। আপনি যেকথা বলছেন যে সময়ের প্রশ্ন, এটা অসময় একদম হয় নি। কারণ আজকে আমাদের কোশ্চেন আওয়ার ছিল পরবর্তীকালে সেটাকে ড্রপ করে দেওয়া হয়েছে।

মিঃ চেয়ারম্যান: আপনি দয়া করে বসুন। আগে রুলগুলি পড়ুন।

শ্রীকানাই পাল: আমি রুলস পড়েই বলছি আপনাকে।

Mr. Chairman: Rules 224 and 226 of the Rules, Procedure.

পড়ুন, তাহলে বুঝবেন। আপনি বসুন।

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the Calcutta University Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1965.

মিঃ চেয়ারম্যান, স্যার, এই ক্যালকাটা ইউনিভার্সিটি বিল, ১৯৬৪, এটা মাননীয় শিক্ষামন্ত্রী সিলেক্ট কমিটিতে পাঠাবার কথা বলেছেন এবং তার জন্য এই হাউসকে অনুরোধ করেছেন। এটা সত্ত্বেও আমি আমার মোশনে বলেছি যে, ক্যালকাটা ইউনিভার্সিটি বিল এই সিলেক্ট কমিটিতে না পাঠিয়ে বাংলাদেশের শিক্ষিত সম্প্রদায়, বাংলাদেশের শিক্ষাব্রতী যাঁরা এবং জনসাধারণ তাঁদের মতামত সংগ্রহের জন্য ১৯৬৫ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত পাঠিয়ে দেওয়া হোক। এই বিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অনেক দিক দিয়ে। কলকাতা ইউনিভার্সিটি আপনি জানেন ভারতবর্ষের, শুধু ভারতবর্ষের নয়, এশিয়ার এক সময় সর্বশ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয় বলে খ্যাতি ছিল এবং আজকেও কলকাতা বিশ্ববিদ্যালয়ের নাম যতই এর অধঃপতন হোক না কেন, যতই পিছিয়ে পড়ুক না কেন—এখনও চারিদিকে আছে। মিঃ চেয়ারম্যান, স্যার, আপনি জানেন, আপনার নিশ্চয়ই মনে আছে যে, কলকাতা বিশ্ববিদ্যালয় অনেকদিন আগে শ্রীহীন হয়ে গিয়েছে। বৃটিশ সাম্রাজ্যবাদীরা যখন ভারতবর্ষে ছিল, আপনার মনে আছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে সীলমোহর সেই সীলমোহরের মধ্যে একটি ফুটন্ত পদ্মফুল এবং সেখানে শ্রী কথাটি লেখা ছিল এবং এই সীলের উপরে ইউনিভার্সিটি অব ক্যালকাটা, নীচে অ্যাডভান্সমেন্ট অব লার্নিং লেখা ছিল। সেই শ্রীর মধ্যে নাকি তাঁরা একটা সাম্প্রদায়িক গন্ধ খুঁজে পেয়েছিলেন এবং সেদিন কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে শ্রী কথাটা সেই সীল থেকে তুলে দেওয়া হল এবং সেদিন থেকে কলকাতা বিশ্ববিদ্যালয় বিশ্রী হতে আরম্ভ করেছে, শ্রীহীন হয়ে গিয়েছে। আমরা আশা করেছিলাম কংগ্রেসী শাসনে, স্বদেশী আমলে, ১৭ বৎসর পরে সেই শ্রীটা ফিরে আসবে। কিন্তু আজকে যে বিলটা দেখছি তাতে সেই সীল সম্পর্কে দেখছি, যে সীলটা আছে সেই সীলই তাঁরা ব্যবহার করবেন। স্যার, আশুতোষের আমলের যে সীল সেই সীলের একটা ঐতিহ্য রয়েছে এবং যে শ্রী ভারতবর্ষের হিন্দু-মুসলমান, খৃস্টান যিনিই হোন না কেন, এই শ্রী শব্দটা শ্রদ্ধার সঙ্গে এবং ব্যাপক অর্থে আমরা ব্যবহার করে থাকি। আমি মনে করি এবারে এই বিলটা আসার সঙ্গে সঙ্গে এ কথাটা বিবেচনা করা উচিত যে, যে শ্রীকে আমরা বিদায় দিয়েছি, বিদায় দিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়কে আমরা বিশ্রী করে ফেলেছি সেই শ্রীটা আবার ফিরিয়ে আনা যায় কিনা এই কলকাতা বিশ্ববিদ্যালয়ের সীলের মধ্যে সে কথাও বিবেচনা করবার আছে।

[2-50—3 p.m.]

একটা সামান্য শব্দ, তার দাম আমি খুব বেশি দিচ্ছি না। কিন্তু যে ট্র্যাডিশন স্যার আশুতোষ মুখার্জি, শ্যামাপ্রসাদ মুখার্জি মহাশয়ের আমল থেকে চলে আসছে, আমি দাবি করছি, যদিও আমি জানি আমার যে সার্কুলেশন মোশন তা লস্ট হবে—তাহলেও আমি দাবি করছি যে, এটা যখন সিলেক্ট কমিটিতে যাবে মাননীয় সদস্যরা এই জিনিসটা বিবেচনা করে পূর্বেকার সেই ঐতিহ্য ও শ্রী ফিরিয়ে আনবেন। মাননীয় চেয়ারম্যান, স্যার, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় বলছেন যে, ক্যালকাটা ইউনিভার্সিটি পরিচালনার ক্ষেত্রে যেসমস্ত ত্রুটি-বিচ্যুতি আছে এবং সিনেট, সিন্ডিকেট, অ্যাকাডেমিক কাউন্সিল ইত্যাদির মধ্যে যে সংঘাত দেখা দিচ্ছে তা নাকি বিদূরিত হবে এবং সর্বোপরি একটা ডায়নামিক সিস্টেম অফ এডুকেশন কলিকাতা বিশ্ববিদ্যালয়ে দেখা দেবে—এইরকম একটা আশার কথা তিনি আমাদের শুনিয়েছেন। আমরা কয়েকদিন আগে মাত্র এই বিলটি পেয়েছি, এই অল্প সময়ের মধ্যে আমরা এ সম্পর্কে যেটুকু অনুধাবন করতে পেরেছি তাতে দেখা যাচ্ছে যে, সামান্য কিছু সংশোধন হয়তো সম্ভব হতে পারে, কিন্তু এডুকেশনাল সিস্টেম সম্বন্ধে তিনি যে দাবি করেছেন সেটা চালু করতে পারবেন কিনা সন্দেহ আছে। তার একটা কারণ ভক্তিভূষণবাবু বলেছেন শিক্ষাক্ষেত্রে ডিসক্রিমিনেশন। তিনি বলছেন, কলিকাতা বিশ্ববিদ্যালয় সমস্ত বেসরকারী কলেজ নিয়ন্ত্রণ করবে এবং গভর্নমেন্ট স্পনসোর্ড কলেজএর উপর তাদের কোন হাত থাকবে না। কেন? কলিকাতা বিশ্ববিদ্যালয় ভারতবর্ষের পূর্বাঞ্চলের সমস্ত শিক্ষাকে নিয়ন্ত্রণ করেছেন। পশ্চিমবঙ্গে বিধানসভায় মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল নিয়ে এসেছেন সেখানে সরকারের তরফ থেকে যা বলা উচিত তা তাঁরা বলতে পারছেন না—কলিকাতা বিশ্ববিদ্যালয়ে সিনেট, সিন্ডিকেট, অ্যাকাডেমিক কাউন্সিল, তাদের হাতে সরকারী এবং আধা-সরকারী কলেজ এবং তাদের যেসমস্ত কর্মচারী থাকবেন তাঁদের নিয়োগ বাতিলের ক্ষমতা দেওয়া হচ্ছে না কেন আমরা বুঝতে পারছি না। এই আইনটা যদি এভাবে চালু হয় তা হলে বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে দুটো বিপরীত ধারা প্রবর্তিত হবে, সরকারী কলেজের শিক্ষক এবং

কর্মচারীরা সরকারী কর্মচারী হিসাবে সুযোগ-সুবিধা পাবেন, বেসরকারী কলেজের শিক্ষকেরা আজকে যেসমস্ত শিক্ষক ওয়েলিংটন স্কোয়ারে ধর্মঘট করছেন তাঁদেরই মত অবহেলিত হয়ে পড়ে থাকবেন। শিক্ষাক্ষেত্রে এইরকম ডিসক্রিমিনেশন ও বৈতনীতি বরদাস্ত করা উচিত নয়। সেজন্য মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানাব যাতে সরকারী এবং বেসরকারী সমস্ত কলেজের উপর বিশ্ববিদ্যালয়ের সর্বময় নিয়ন্ত্রণ থাকে। আমার দ্বিতীয় কথা হচ্ছে, আমরা আশঙ্কা করছি যে, একথা হয়ত সত্য—সত্য বলেই প্রমাণিত হবে যে, এই আইনটা তৈরি করার আগে যাঁদের সঙ্গে গভীরভাবে পরামর্শ করা হয়েছে এবং যাঁদের সাজেসশনএ এই বিলটাকে এভাবে নিয়ন্ত্রণ করছেন তাঁরা ফোর্ড ফাউন্ডেশনএর লোক, তাঁদের কাছ থেকে ৫ কোটি ডলার কলিকাতা বিশ্ববিদ্যালয় পাবেন এবং তাঁদের কথামত কলিকাতা বিশ্ববিদালয়ের আটঘাট বাঁধবার ব্যবস্থা হলে তাঁরা এই টাকা পাবেন এই প্রতিশ্রুতি তাঁদের হাত থেকে পাবার পর এই বিলটি এসেছে বলে আমরা মনে করি এবং সেজন্যই এটা নিয়ন্ত্রণ করবার জন্য প্রো-ভাইস-চ্যান্সেলরএর পদ সৃষ্টি করা হয়েছে। আমি জানি না এই প্রো-ভাইস-চ্যান্সেলর ভারতবর্ষের আর কোন্ বিশ্ববিদ্যালয়ে আছে, বা পৃথিবীর কোন্ কোন্ ইউনিভার্সিটিতে আছে। এর পরে হয়তো আমরা সাব-প্রো-ভাইস-চ্যান্সেলর দেখব, অ্যাসিস্ট্যান্ট সাব-প্রো-ভাইস-চ্যান্সেলর দেখব। কথা হচ্ছে, শিক্ষার মান যদি উন্নত করতে হয়, তাহলে একটা কমপ্রিহেনসিভ ব্যবস্থা দরকার, শিক্ষার প্রয়োগবিধি অর্থাৎ কারিকুলাম এবং সিলেবাস সম্পর্কে একটা কমপ্রিহেনসিভ আউটলুক থাকা দরকার, শুধু প্রো-ভাইস-চ্যান্সেলর হলেই হবে না। আপনি জানেন, স্যার, এতে এই বিধান আছে যে, প্রো-ভাইস-চ্যান্সেলর শিক্ষামন্ত্রীর পরামর্শানুসারে চ্যান্সেলর কর্তৃক নিযুক্ত হবেন। শিক্ষামন্ত্রী একটা বিশেষ দলের লোক—চিরদিনই তা হবেন পার্লামেন্টারি গণতন্ত্রে—তাঁরাই পরামর্শ দেবেন চ্যান্সেলরকে। সুতরাং এটা স্বাভাবিকভাবেই ধরে নেওয়া যায় যে, এইভাবে যিনি প্রো-ভাইস-চ্যান্সেলর নিযুক্ত হবেন তাঁর শিক্ষামন্ত্রীর প্রতি একটু দুর্বলতা থাকবে এবং তাঁর পক্ষে শিক্ষামন্ত্রীর ইয়েসম্যান হওয়া ছাড়া উপায় নাই। এখানে যে চার বৎসরের কথা বলা হয়েছে সেটাও ছাঁটাই করে দেওয়া যায় যদি কেউ গোলমাল করেন এবং চার বৎসর পরে সেটা বাড়ানো নাও হতে পারে। এমতাবস্থায় প্রো-ভাইস-চ্যান্সেলরএর পক্ষে ইয়েসম্যান না হয়ে উপায় নেই। এই সব কারণে আমি মনে করি এই বিল মোটেই কম্প্রিহেনসিভ নয়, এটা এক-পেশে বিল, এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়কে যাতে করে আষ্টেপৃষ্ঠে বেঁধে রাখা যায় এবং বিশেষ করে এই শর্তে যাতে ফোর্ড ফাউন্ডেশন থেকে ৫ কোটি ডলার পাওয়া যায় এই দৃষ্টিভঙ্গি থেকেই এই বিলটি আনা হয়েছে। সেজন্য আমি আপনার কাছে আবেদন জানাচ্ছি আমার সার্কুলেশন মোশন গ্রহণ করা হোক এবং এই সম্পর্কে বিভিন্ন কলেজ ও স্কুল কর্তৃপক্ষের, সংস্কৃতিকদের, জনসাধারণের মতামত গ্রহণ করা হোক এবং ডাঃ ভট্টাচার্য যে প্রস্তাব দিয়েছেন এবং শম্ভু ঘোষ মহাশয় যে কথা বলেছেন, শিক্ষাব্রতীদেরও ডেকে তাঁদের পরামর্শ নেওয়া হোক। কলিকাতা বিশ্ববিদ্যালয় বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয় বলে পরিগণিত এবং সমস্ত ভারতবর্ষের লোক একদা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নামে গর্ব অনুভব করতেন। এই আইনটা যদি ঠিকমত তৈরি করা যায় এবং তার অবকাশও এর মধ্যে আছে এবং পরবর্তিকালে বিভিন্ন অ্যামেন্ডমেন্টএর মাধ্যমে জোড়াতালি না দিয়ে যদি এখনই একটা সর্বাঙ্গসুন্দর বিল এনে আইন করা যায় তাহলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের লুপ্তপ্রায় গৌরব পুনরুদ্ধার হতে পারে। প্রতি সেশনে এক-একটা অ্যামেন্ডমেন্ট এনে যদি পূর্বেকার ত্রুটি সংশোধন করার চেষ্টা করা হয় তাহলে শিক্ষার মানোন্নয়নের ধারাবাহিকতা নষ্ট হবে, ব্যাহত হবে। সেজন্য আমি অনুরোধ করব ১৯৬৫ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত সার্কুলেশন মোশনএর যে প্রস্তাব দেওয়া হয়েছে সেটা গ্রহণ করা হোক। আমি পুনরায় দাবি করছি, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সীলে শ্রী যেন ফিরিয়ে নিয়ে আসেন।

[3—3-10 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাসঃ মাননীয় চেয়ারম্যান, স্যার, কলকাতা বিশ্ববিদ্যালয় বিল যখন সিলেক্ট কমিটিতে যাবে তখন এর আলোচনা দীর্ঘ করার প্রয়োজনীয়তা নেই। তবে এসব সত্ত্বেও আমি কয়েকটি কথা বলবার জন্য দাঁড়িয়েছি। স্যার, আমরা বরাবরই পঞ্চায়েত আইন থেকে আরম্ভ করে যত কিছু আইন তাঁরা আনছেন তাতে প্রত্যেকটি জায়গায় যাতে মনোনয়ন

প্রথা এবং সরকারী কর্তৃত্ব থাকে তার জন্য চেষ্টা করেছেন। বহু বিলে আমরা একথা বলেছি এবং এখন শিক্ষাক্ষেত্রে ইউনিভার্সিটি বিল যেটা এসেছে তাতেও সেই ধারা সন্নিবেশিত করা হয়েছে এবং সেই কারণেই আমাকে একথা বলতে হচ্ছে। আমাদের কলকাতা বিশ্ববিদ্যালয় স্বাধীন সত্তা নিয়ে কাজ করে যাচ্ছিল এবং এখানে আলোচনাপ্রসঙ্গে অনেকে প্রো-ভাইস-চ্যান্সেলার নিয়োগের কথা বলেছেন এবং আমিও বলছি সেই স্বাধীন সত্তা নষ্ট করা ছাড়া আর কিছু নয়। তবে আমি আশা করি এবং দেখতে চাই সিলেক্ট কমিটি থেকে এটা যখন আসবে তখন প্রো-ভাইস-চ্যান্সেলর নিয়োগের কথা আর থাকবে না। তারপর, আমি মনোনয়ন প্রথার প্রতিবাদ করছি এবং তার কারণ হচ্ছে আমরা দেখেছি, মনোনীত সদস্য রেখে দলীয় লোক রাখবার চেষ্টা করা হয়। পঞ্চায়েত থেকে আরম্ভ করে জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ সর্বস্তরে এই জিনিস আমরা দেখেছি এবং শিক্ষাক্ষেত্রেও সেই মনোনয়নের কথা এনেছেন। বৃটিশের সময় আমাদের যে অধিকার ছিল সেটা এখন খর্ব করছেন এবং স্বাধীনতার রূপ যে এইভাবে দেখব এটা আমরা কল্পনাও করতে পারি নি। স্বাধীনতার পর স্বাধীনতা খর্ব করে দিয়ে মনোনয়নের ব্যবস্থা করবেন এটা আমরা কল্পনাও করতে পারি নি। তারপর, এই যে দুভাগে ভাগ করা হয়েছে তার কুফল আমার এলাকায় কি হয়েছে সেটা আমি বলতে চাই। গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ এবং গভর্নমেন্ট কলেজগুলোকে আলাদা ডি পি আই-এর অধীনে রেখে দিয়ে দ্বৈত শাসন চালাবেন– অর্থাৎ এক সংস্থার অধীনে পরিচালিত হবে না। শিক্ষা ব্যবস্থায় এর চেয়ে অব্যবস্থা আর কি হতে পারে? এরই দৃষ্টান্ত দেখেছি আমাদের কাঁথি মহকুমায়। বাজকুল বলে একটা জায়গা আছে, যেটা তেপান্তরের মাঠ, গ্রাম বহু দূরে এবং যেখানে স্কুল-কলেজ করার মত কোন পরিবেশ নেই, কিন্তু হঠাৎ দেখা গেল সেখানে গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ হল এবং এটা হচ্ছে কুমারী আভা মাইতির এলাকা। যেখানে ছাত্র নেই, বিল্ডিং নেই এবং কোন উদ্যোগ নেই সেখানে ডি পি আই-র কাছ থেকে জোর করে অনুমতি নিয়ে স্থান নির্বাচন করা হল। সেখানে বহুদিনের প্রতিষ্ঠিত একটা পুরানো কলেজ আছে যেটাকে অনেক সাধ্য সাধনা করে চালু রেখেছে, সেটাকে গ্রান্ট দিচ্ছে না।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ: মাননীয় সদস্যের বোধহয় জানা নেই, গভর্নমেন্ট স্পনসর্ড হবার আগেই কলেজ অ্যাফিলিয়েশন নিয়েছিল।

শ্রীভক্তিভূষণ মণ্ডল: স্যার, উনি যখন বলছেন তখন বক্তৃতার মধ্যে মন্ত্রিমহাশয় কেন তাঁকে ডিস্টার্ব করছেন?

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহ:

If my friends think this is an interruption, I am sorry for it. I wanted to place some information, nothing more.

শ্রীসুধীরচন্দ্র দাস: ডি পি আই এর কাছে কোন দরখাস্ত স্পনসর্ড কলেজের জন্য না করা সত্ত্বেও চিঠি পাঠিয়েছে যে, স্পনসর্ড কলেজ করা হচ্ছে এবং সেই রেকর্ড আমার কাছে আছে। যা বোঝা, আমি বলছিলাম যে, দল রক্ষা করবার জন্য স্থান বাছাই করে দেন এবং জোর-জবরদস্তি করে কলেজ করেছেন। কিন্তু এর কুফল দেখা দিয়েছে অর্থাৎ পাশাপাশি প্রতিদ্বন্দ্বিতা চলছে।

তার জন্য দেখতে পাচ্ছি নানা জায়গায় প্রচুর টাকা ছড়িয়ে দেওয়া হচ্ছে দল রক্ষার জন্য। কিন্তু শিক্ষকরা আজকে ধর্মঘট করছে ভাতা পাবার জন্য অনশন করছে, তার জন্য কিন্তু কোন টাকা মঞ্জুর করার স্পিরিট দেখতে পাচ্ছি না।

মিঃ চেয়ারম্যান: ক্যালকাটা ইউনিভার্সিটি বিলের সঙ্গে এর কি কোন সম্পর্ক আছে?

শ্রীসুধীরচন্দ্র দাস: আমার বক্তব্য স্পনসর্ড কলেজ সম্বন্ধে। গভর্নমেন্ট কলেজকে একটা সংস্থার অধীনে পরিচালনা করতে গিয়ে প্রসঙ্গত আমি বলেছিলাম, এই ব্যবস্থা থাকলে নানা গোলমাল হবে, স্পনসর্ড কলেজগুলিকে ডি পি আই-এর অধীনে রাখলে দল রক্ষার চেষ্টা হবে,

সজন্য সেটা আমি রেফারেন্স হিসাবেই বলেছিলাম মাত্র। কলেজের টীচারদের যে পে দেওয়া হচ্ছে, সেই পে সম্পর্কে এটাই বলি, ডবলিউ বি সি এস সার্ভিস যাঁরা করেন তাঁদের চেয়ে এই টীচাররা কম যোগ্য নন, অথচ তাঁদের পে-স্কেল সম্পর্কে চিন্তা করবার কোন ব্যবস্থা নাই। সেজন্য এ সম্পর্কে তাঁরা আন্দোলনে নামবেন বলে হুমকি দিয়েছেন, আজকে মাধ্যমিক শিক্ষকরা গ্রামে নেমে গিয়েছেন, কলেজের শিক্ষকরাও সেরকম বলছেন, আমার কথা হচ্ছে চিন্তা করে দেখুন, আশা করি সে বিষয়ে শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয়ই চিন্তা করে দেখবেন যেন কোন গোলমাল না আসে, শিক্ষামন্ত্রীর নিকট আমি সেই আবেদনই জানাই।

পরিশেষে আমি একথাই বলব যে, এই বিল এসে শিক্ষাক্ষেত্রে একটা গুরুতর বিপর্যয় সৃষ্টি করবে, এ বিষয়ে শম্ভুবাবু এবং আরও অনেক বন্ধু বলে গিয়েছেন, আমি আর সে বিষয়ে পুনরুক্তি করতে চাই না। সেই উদ্দেশ্যে শিক্ষাবিদদের নিয়ে যুক্তি করে একটা কম্প্রিহেনসিভ বিল উত্থাপন করার যে কথা হচ্ছে সেখানে যাতে মনোনয়ন পদ নিয়ে ক্ষমতা রাখার সুযোগ না থাকে সেই দৃষ্টিভঙ্গি নিয়ে বিল নিয়ে আসুন এবং সেইভাবে দেশে শিক্ষার নিরপেক্ষতা রক্ষা করার চেষ্টা করুন এবং শিক্ষা প্রতিষ্ঠানে নির্দলীয় শিক্ষাব্যবস্থা চালু করার চেষ্টা করবেন এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীরবীন্দ্রলাল সিংহ: মাননীয় সভাপতি মহাশয়, আমি জয়েন্ট কমিটিতে বিলটি পাঠাবার যে প্রস্তাব করেছি সে সম্বন্ধে মাননীয় সদস্যরা কিছু কিছু সমালোচনা করলেও মোটামুটি তাঁরা সকলেই সমর্থন করেছেন একমাত্র শ্রীমুর্মু ছাড়া। শ্রীমুর্মু জনমত সংগ্রহের জন্য প্রচারের প্রস্তাব করেছেন। এই বিলে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন পরিবর্তন করা হচ্ছে এবং এই পরিবর্তনের প্রস্তাব দীর্ঘদিন ধরে চলছে, এটা জনসাধারণের কাছে আছে, বিভিন্ন শিক্ষাবিদ এ সম্বন্ধে তাদের মতামত প্রকাশ করেছেন আমার পূর্বসূরীর কাছে বিশ্ববিদ্যালয়ের সিনেটের বিশিষ্ট সদস্যরা দেখা করেছেন, আলাপ-আলোচনা করেছেন, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট সভায় এ নিয়ে আলোচনা হয়েছে এবং প্রস্তাবিত বিল নিয়ে নানা সদস্য নানাভাবে তাদের মত প্রকাশ করেছেন, সুতরাং তাঁদের মতামত আমাদের দেশের শিক্ষাবিদদের মতামত আমাদের সামনে আছে, সেই সমস্ত বিবেচনা করে এই বিল এনেছি, তবে এনেও সঙ্গে সঙ্গে হাউসে তাড়াহুড়ো করে পাশ করে নিতে চাই না, সেজন্যই সিলেক্ট কমিটির প্রস্তাব করেছি। শিক্ষাবিদরা তাঁদের মতামত দিয়েছেন যা বিপক্ষেও আছে, পক্ষেও আছে বিপক্ষে আছে ৪২ জন আর পক্ষে আছে ৫২ জন, আমি মূল নীতির কথা বলছি। কালকাটা ইউনিভার্সিটির টীচার্স অ্যাসোসিয়েশন সমর্থন জানিয়েছেন ভাইস-চ্যান্সেলরের প্রস্তাবকে। সে বিষয়ে আমাদের সকলের মতামত জানা হয়ে গেছে, অতএব সার্কুলেশনে দেবার প্রয়োজন নাই।

বিল সম্বন্ধে দু-একটি কথা বলব। আমার মাননীয় বন্ধুরা ভয় পাচ্ছেন যে, এতে সরকারের ক্ষমতা বৃদ্ধির প্রচেষ্টা হচ্ছে, আমি তাঁদের একথাই বলব যে, তাঁদের এটা মনে করার কারণ নাই। কৃষ্ণগোপ একথাটি আমরা বহুকাল ধরে শুনে আসছি, একথা শুনে লাভ নাই, তবে আমাকে বলা হচ্ছে তাঁরা দেখছেন মনোনয়নের কথা হচ্ছে এবং এতেই নাকি গভর্নমেন্ট কন্ট্রোল হবে।

[3-10—3-20 p.m.]

আমি বলব বর্তমান আইনে সরকারের যেটুকু কন্ট্রোল আছে তার চেয়ে বেশী কিছু কন্ট্রোল নতুন আইনে করা হচ্ছে না। এবং আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের কোন এলেজড ত্রুটি যদি আসে তাহলে মাননীয় সদস্যদের কাছে আমি দায়ী, আমাকে প্রশ্নের পর প্রশ্ন তাঁরা করে যান, আমার নিন্দা তাঁরা করবেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের কোন ত্রুটি হলে। আর কলকাতা বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে কোন অনুসন্ধান করবার বা কোন প্রতিনিধি রাখবার ক্ষমতা সরকারের থাকবে না বিশেষ করে গণতান্ত্রিক নির্বাচনের ভিত্তিতে যে সরকার প্রতিষ্ঠিত হয়েছে একথা তাঁরা নিশ্চয়ই বলেন না এটা আমরা ধরে নেব। তাছাড়া নোমিনেশন তাঁরা বলেছেন ১৬ জন। সরকারী নমিনেশন একটিও নেই, চ্যান্সেলরের নোমিনেশান আছে এবং সেখানে

in consultation with the Minister

বলা নেই। যেমন চ্যান্সেলর বা প্রো-ভাইস-চ্যান্সেলরের এ্যাপয়েন্টমেন্টে
in consultation with the Minister

বলা আছে কিন্তু সিনেটের এ্যাপয়েন্টমেন্টে সেটা বলা নেই এবং ১৫ জনের জায়গায় ২০ জন হয়েছে। আগে ছিল ১৫ জন এবং ৫ জন লাইফ মেম্বার, সেই লাইফ মেম্বার তুলে দেওয়া হয়েছে বলেই ১৫ জনের জায়গায় ২০ জন করা হয়েছে। সেটা চ্যান্সেলর নোমিনেট করতেন গভর্নমেন্টের কিছু নয়। তাছাড়া সিণ্ডিকেটের কথা যেটা বলেছেন সিণ্ডিকেটে সেও চ্যান্সেলর দুজনকে নোমিনেট করবেন এটা ঠিক কথা। সিণ্ডিকেটে আগে ৮ জন ছিলেন যাঁরা শিক্ষক নন এমন মানুষ। চ্যান্সেলরের নোমিনেশান ছিল না। আমরা মনে করি যে সিণ্ডিকেটে শিক্ষক প্রতিনিধি আনুপাতিক হারে বাড়বে এবং ২৪ জনের সিণ্ডিকেটে ⅔ অংশের বেশী শিক্ষার সঙ্গে প্রত্যক্ষ সংশ্লিষ্টহীন লোকের থাকা উচিত নয়। সেজন্য সেটাকে ৬ করা হয়েছে এবং আপনারা জানেন নিশ্চয়ই, দুঃখের সঙ্গে বললেও বলতে হবে ইউনিভার্সিটির নির্বাচনে ক্যানভাসিংএর যে প্রচেষ্টা হয় তাতে তার বাইরে থেকে যোগ্য লোককে আনবার জন্য চ্যান্সেলরের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে
not in consultation with the Education Minister

সুতরাং এ বিষয়েও সরকার কোন ক্ষমতা গ্রহণ করেননি। তারপর ওঁরা বলেছেন শিক্ষামন্ত্রীর সঙ্গে পরামর্শক্রমে হলে কখনও ভাল লোকের নামের পরামর্শ হবে না। ডাঃ জ্ঞান ঘোষ, ডাঃ নির্মল কুমার সিদ্ধান্ত, এঁরা সকলেই শিক্ষামন্ত্রীর সঙ্গে পরামর্শক্রমেই নিযুক্ত হয়েছিলেন। এঁরা ভাল লোক, যোগ্য লোক নন একথা নিশ্চয়ই আমার বন্ধুরা কেউ বলবেন না। এজন্য আমি বলছি সেখানে যোগ্য লোকের আসার অভাব ঘটেনি। প্রো-ভাইস-চ্যান্সেলর সম্বন্ধে আপত্তি আছে, আমার এক মাননীয় বন্ধু জিজ্ঞাসা করেছেন আর কোথাও আছে কিনা? আমি তাঁর অবগতির জন্য বলতে পারি দিল্লী বিশ্ববিদ্যালয়ে আছে এবং একজন প্রো-ভাইস-চ্যান্সেলর, একজন ফাইনান্স অফিসার আছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে এখন ট্রেজারারের পোস্ট আছে এবং সেই পোস্টে চ্যান্সেলর এ্যাপয়েন্ট করেন। সেই ট্রেজারারের পোস্ট এ্যাবলিস করে প্রো-ভাইস-চ্যান্সেলর করা হয়েছে একজন। আর আর একটি মাত্র প্রো-ভাইস-চ্যান্সেলরের পদ বাড়ান হয়েছে বলতে পারেন। আমার মাননীয় বন্ধুরা, মাননীয় সভাপতি মহাশয় স্বীকার করবেন যে আজকে আণ্ডার গ্র্যাজুয়েট স্টাডিজে ইউনিভারসিটির যে নজর দেওয়া দরকার সেই নজর দেওয়া হচ্ছে না এবং আণ্ডার গ্র্যাজুয়েট স্টাডিজের কাউন্সিল গঠন করার প্রস্তাব করা হয়েছে এই বিলে। এ্যাকাডেমিক দিকে ভাইস-চ্যান্সেলরকে সাহায্য করবার জন্য যেখানে এত কর্মচারী এত শিক্ষক এত পয়সা উচ্চ শিক্ষার জন্য ব্যয়িত হচ্ছে সেখানে সুপরিচালনার জন্য উপাচার্যকে সহায়তা করবার জন্য একজন প্রো-ভাইস-চ্যান্সেলর কিছু বেশী করা হয়েছে বলে আমি মনে করি না। আর একটা কথা হয়েছে গভর্নমেন্ট এবং গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ বিশ্ববিদ্যালয়ের আওতা থেকে বের করে আনা হয়েছে। ম্যানেজিং কমিটি সম্বন্ধে আগেকার আইনে কোন কন্ট্রোল কোন কলেজের উপর ছিল না। ক্যারিকুলাম, সিলেবাস, পরীক্ষা অর্থাৎ এ্যাকাডেমিক দিকে ইউনিভার্সিটির কন্ট্রোল যায়নি। কিন্তু গভর্নমেন্ট কলেজে ম্যানেজিং কমিটি থাকে না, গভর্নমেন্ট ম্যানেজ করেন, তার নিয়োগ, ট্রান্সফার গভর্নমেন্টই করেন। সুতরাং সেখানে ম্যানেজিং কমিটির উপর বিশ্ববিদ্যালয়ের যে ক্ষমতা আছে গভর্নমেন্ট কলেজের উপর থাকবে না সেটা স্বাভাবিক। আর স্পনসর্ড কলেজ যা বলেছেন সেগুলির যদিও সরকার সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করেননি কিন্তু সেখানে তার যা কিছু ডেফিসিট হবে সরকার তা দিতে বাধ্য এবং সরকার তার আল্টিমেট দায়িত্ব গ্রহণ করেছেন। তার ম্যানেজিং কমিটি সরকারের এ্যাপ্রুভাল ছাড়া হবে না এবং সরকার যদি ম্যানেজিং কমিটি বাতিল করতে চান তাও করতে পারেন এবং তারপর শিক্ষকের যোগ্যতা সরকারী মান অনুযায়ী অন্যান্য অনেক কলেজের, সকলের কথা বলছি না, শিক্ষকের যোগ্যতা থেকে বেশী ধার্য আছে এবং তাদের বেতনও বেশী ধার্য আছে। সুতরাং সেটা সরকারের হাতে এইজন্যই রাখা হয়েছে যাতে সেগুলির সুষ্ঠু বিচার সম্ভব হয়।

আর তাছাড়া আর একটা কথা বলেছেন যে স্টাটুটরী গ্রান্ট কম দেয়া হয়েছে— আমি একথা বলবো যে স্টাটুটরী গ্রান্ট যেটা মিনিমাম সেটা সব সময় বলা হয়, এখানেও তাই বলা হয়েছে। এছাড়া মাননীয় সভাপতি মহাশয়, আমার বন্ধুরা জানেন সেই ইউ জে সিক স্কীম অনুযায়ী

বিশ্ববিদ্যালয় অনেক টাকা পাচ্ছেন, তার ম্যাটিং গ্রান্ট আমাদের দিতে হচ্ছে এবং ৫ বছর বাদে তার সমস্ত দায়িত্বটা আমাদের গ্রহণ করতে হচ্ছে। আইনতঃ দিতে [illegible] কলিকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার উন্নতি, প্রসার এবং শিক্ষা চালু রাখার জন্য সরকারকে নিশ্চয়ই অর্থ দিতে হবে এবং সরকার দিচ্ছেনও। এই যে ১৬ লক্ষ টাকা স্ট্যাটুটরী গ্রান্ট ৫ লক্ষ [illegible] টাকা ম্যাট্রিকুলেশন ফি গ্রান্ট, এছাড়া আমার নিজের ধারণা যে এদের ৭।৮ লক্ষ টাকা দিতে হবে। অতএব স্ট্যাটুটরী গ্রান্ট মিনিমাম এখানে করা হয়েছে। আর একটা কথা বলা হয়েছে ফোর্ড ফাউন্ডেশন সম্বন্ধে। ফোর্ড ফাউন্ডেশন সম্বন্ধে আমার মনে হয় যে মাননীয় বন্ধুদের একটা এ্যালার্জি আছে। আমরা কোঠারী কমিশনেতে বিভিন্ন দেশ থেকে শিক্ষাবিদ আনাচ্ছি আমাদের পরামর্শ দেবার জন্য। অবশ্য আমি ফোর্ড ফাউন্ডেশনের কোনরকম সুপারিশের উপর এই আইন তৈরী করিনি কিন্তু একথা ঠিক যে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার সুবোধ মিত্র মহাশয় ফোর্ড ফাউন্ডেশনের সঙ্গে পরামর্শ করেছিলেন, এনেছিলেন—আমি শুনেছি তাঁর আমল থেকেই এসেছে, তারপরে এসেছেন বর্তমান ভাইস-চ্যান্সেলর পরীক্ষা ব্যবস্থা ইত্যাদি সম্বন্ধে পরামর্শ দেবার জন্য। যদি কোন বিদেশী বিশেষজ্ঞ পরামর্শ দেন বা কোন বিদেশী বন্ধু অর্থ সাহায্য করেন তাহলে সেটা গ্রহণ করবো কি করবো না আমাদের বিচার্য, অর্থাৎ সেটা গ্রহণ করবেন যদি আমাদের শিক্ষা ব্যবস্থার উন্নতি হয় এবং আমাদের আত্মসম্মান এবং স্বাধীনতা ক্ষুণ্ণ না হয়, এই দুটো যদি একসঙ্গে ঘটে তাহলে সেটা আমরা গ্রহণ করতে পারি, এই দু'টার কোনটার যদি ব্যতিক্রম হয় তাহলে নিশ্চয়ই আমরা গ্রহণ করবো না। সুতরাং আজকে ফোর্ড ফাউন্ডেশন কি বললে, কি করলে এ নিয়ে মাথা খারাপ না করে যে বিলটা আনছি তার মধ্যে যদি কিছু অন্যায় থাকে, যদি এমন কিছু মনে করা যায় যে এটা ভুল করছি, অন্যায় করছি, তাহলে নিশ্চয়ই সেটা তুলবেন বিবেচনা করবেন। সুতরাং ফোর্ড ফাউন্ডেশনের কথাটা এখানে অবান্তর বলে আমি মনে করি। তাছাড়া মাননীয় বন্ধু সুধীরবাবু যে বাজকুল কলেজের কথা তুলেছেন, আজকের বিতর্কের সঙ্গে সেটা সম্পূর্ণ সম্পর্কশূন্য হলেও সুধীরবাবুকে একটা কথা বলছি যে তিনি বলছেন স্পনসর্ড কলেজের পরিচালনা ব্যবস্থা সরকারী কতৃত্বাধীনে রেখেছেন বলেই বাজকুল কলেজ হয়েছে, আমি বলবো একথা ঠিক না। বাজকুল কলেজ প্রথমেই ইউনিভার্সিটি থেকে অ্যাফিলিয়েশন পেয়েছে, তারপরে আমরা স্পনসর্ড করেছি। সুতরাং অপরাধ যদি কারো হয়ে থাকে সেটা বিশ্ববিদ্যালয়ের হয়েছে, বর্তমান আইনের হয়েছে। এছাড়া তারা সেখানে যথেষ্ট জমি দিচ্ছে, ২ লক্ষ নগদ টাকা দিচ্ছে এবং তারা ডি পি আইর কাছে দরখাস্ত করেননি বলে সুধীরবাবু যেটা বলেছেন সেটা ভুল, তাঁদের দরখাস্ত আমি ব্যক্তিগতভাবে দেখেছি, তাঁরা দরখাস্ত করেছেন, সমগ্র কাঁথি মহকুমায় একটিমাত্র কলেজ ছিল, আর কোন কলেজ দরখাস্ত করেননি স্পনসর্ড হবার জন্য বা অর্থ সাহায্য দিতে প্রস্তাব করেননি। একমাত্র বাজকুল কলেজই করেছে। অন্যদিকে বিচারে সমগ্র কাঁথি থানার আরো কলেজ থাকা উচিত বিবেচনা করে আমরা সেটা গ্রহণ করেছি এটা কোন অন্যায় হয়েছে বলে আমি মনে করি না। সুতরাং আজকে এই পরিপ্রেক্ষিতে বন্ধুবর মুর্মুর প্রস্তাবের আমি বিরোধিতা করছি এবং আমি আশা করবো আমার প্রস্তাবটা গৃহীত হবে।

3-20 3-45 p.m.

শ্রীমতী ইলা মিত্র: চেয়ারম্যান মহাশয়, আমি একটি কথা বলতে চাই। আমি শুনলাম মন্ত্রি মহাশয় বললেন যে এই বিলটা কেন তিনি এনেছেন এবং এটা খুব ভাল একথা বলতে গিয়ে একটি জায়গায় বলেছেন যে ওয়েস্ট বেঙ্গল কলেজ টিচার্স অ্যাসোসিয়েশন তাঁরা এই বিলকে সমর্থন জানিয়েছেন। একথাটা তিনি ঠিক বলছেন না। সেইজন্য এই কথাটা তাঁর বক্তৃতা থেকে এক্সপাঞ্জড করা হোক এইটাই আমি অনুরোধ করছি আপনার কাছে। এইজন্যই বলছি যে যেটা কলিকাতা বিশ্ববিদ্যালয় এবং শিক্ষক সমিতি যেটার কিছু কিছু অংশ সমর্থন করেছেন সেটা বিধু মল্লিকের ড্রাফট। সেটা ২০ জনের কমিটি নিয়ে উপস্থিত করা হয়েছিল, সেখানে কিছু কিছু অংশ পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয় এবং কলেজ শিক্ষক সমিতি সমর্থন করেছেন। কিন্তু আমি সেই বিধু মল্লিকের ড্রাফ্‌ট এবং এই যে বিল গভর্নমেন্ট এনেছেন এই দুটির মধ্যে দেখছি

যে অনেক পার্থক্য আছে। কাজেই এই কথাটা ঠিক সঙ্গত হয় না যে কলকাতা বিশ্ববিদ্যা এবং পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষক সমিতি তাঁরা এই বিলটিকে সমর্থন করেছেন। সেইজন্য, চেয়া ম্যান মহাশয়, আপনার কাছে অনুরোধ করছি যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের এই অংশ নিশ্চয়ই বাতিল করে দেবেন।

দি অনারেবল রবীন্দ্রলাল সিংহঃ চেয়ারম্যান মহাশয়, উনি আমাকে অসত্য ভাষণের অপ অপরাধী করেছেন বলে আমাকে উঠতে হল, তা না হলে আমার উঠবার ইচ্ছা ছিল না। প্র কথা হচ্ছে, আমি বলিনি যে বিলের প্রতি ধারাওয়ারি তাঁরা সমর্থন জানিয়েছেন, আমি বলে সিনেট এবং সিণ্ডিকেটের এ্যাকাডেমিক কাউন্সিলের যে ক্ষমতা রিডিষ্ট্রিবিউশন তার যে মূ নীতি সেই নীতিকে তাঁরা সমর্থন জানিয়েছেন। এইজন্য বলছি সমর্থন জানিয়েছেন তাঁ যিনি সভাপতি ডাঃ মণীন্দ্রমোহন চক্রবর্তী তিনি আমার সঙ্গে সাক্ষাত করে বলেছেন এবং তি প্রেসিডেন্ট হিসাবে দস্তখত করে আমাকে চিঠি লিখেছেন।

ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ চেয়ারম্যান মহাশয়, আমাদের মন্ত্রিমহাশয় যেকথা বললেন যে এ redistribution of power between the Syndicate, Senate and the Academ Council.

এটার সম্বন্ধে আমার মনে হয় আমাদের তরফ থেকে কেউ আপত্তি করেনি। আমাদের যে আপত্তি হয়েছিল সেটা হচ্ছে যে এর মধ্যে সরকারী ক্ষমতার অনুপ্রবেশ করার চেষ্টা হচ্ছে কাজেই ওটা হয়ত তিনি সমর্থন করেছেন কিন্তু নিশ্চয়ই এটা উনি সমর্থন করেননি। আন্দাজে একথা উনি বলছেন।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বললেন তাঁ আমি তদন্তের রিপোর্ট ও ফাইলটা দেখতে বলি। তাতে ঘর আছে বলে বলেছে কিন্তু ঘর নেই।

দি অনারেবল [illegible] সিংহঃ ফাইল ও রিপোর্ট না দেখে কোন অর্ডার দেওয়া হয়নি

Shri Nathaniel Murmu: I withdraw my circulation motion.

Mr. Chairman: The motion is withdrawn with the leave of the Hous

The motion of the Hon'ble Rabindralal Sinha that the Calcutta Unive sity Bill, 1964, be referred to a Joint Committee of the Houses consistin of 33 Members; 23 Members from this House, namely:—

(1) The Hon'ble Saila Kumar Mukherjee,
(2) The Hon'ble Syamadas Bhattacharyya,
(3) Shri Narendra Nath Sen,
(4) Dr. Pratap Chandra Chunder,
(5) Shri Asoke Krishna Dutta,
(6) Shri Bejoy Krishna Bhattacharyya,
(7) Shri Sankardas Banerji,
(8) Shri Syed Shamsul Bari,
(9) The Hon'ble Sowrindra Mohan Misra,
(10) Shrimati Biva Mitra,
(11) Dr. Gopika Ranjan Mitra,
(12) Shri Radha Nath Das Adhikary,
(13) Shrimati Olive Pemantle,
(14) Shri Sakti Kumar Sarkar,
(15) The Hon'ble Smarajit Bandyopadhyay,
(16) Shri Mohammad Israil,

(17) Shri Nikhil Das,

(18) Shri Sambhu Charan Ghosh,

(19) Shrimati Ila Mitra,

(20) Shri Ganesh Ghosh,

(21) Shri Sailendra Nath Adhikary,

(22) Shri Siddhartha Shankar Ray, and

(23) Shri Niranjan Sen Gupta.

and ten Members from the Council;

that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of members of the Joint Committee;

that the Committee shall make a report to this House by the end of the second week of the next session;

that in other respects the rules of procedure of this House relating to Committees will apply with such variations and modifications as the Speaker may make;

that this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House the names of members to be appointed by the Council to the Joint Committee, was then put and agreed to.

Mr. Chairman: The House stands adjourned for 20 minutes.

(At this stage the House was adjourned for 20 minutes.)

[After adjournment]

[3-40—3-55 p.m.]

Non-Official Business

Resolution moved by Shri Apurba Lal Majumdar on the 18th September, 1964

Mr. Speaker: The resolution of Shri Sambhu Charan Ghosh has been moved by Shri Apurba Lal Majumdar. An amendment was tabled by Shri Nikhil Das and he is now requested to continue his speech on the amendment.

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এর আগের দিন একটা য়্যামেন্ডমেন্ট এনেছিলাম, সেটা আরেকবার পড়ে দিই—অনেকেই হয়তো সেই য়্যামেন্ডমেন্ট-এর কথা ভুলে গিয়েছেন। সেটা হচ্ছে,

This Assembly is further of opinion that a Committee of Enquiry consisting of both officials and non-officials (including one representative from each political party and group in the State Legislature) be set up to look into the alleged cases of corruption favouritism and nepotism amongst Ministers and High Government Officials.

মাননীয় স্পীকার মহাশয়, দুর্নীতি আজকে কোন একটা বিশেষ রাজ্যের বা কিছু লোকের মধ্যে সীমাবদ্ধ নয়। এটা আজকে কোন লোকাল সমস্যা নয়, কোন ইনডিভিডুয়ালএর সমস্যা নয়, শুধু য়্যাডমিনিস্ট্রেটিভ সমস্যাই নয়। এটা আজকে সমাজ দেহে সমাজ স্তরে দেখা দিয়েছে যেটা আগে ছিল না। ইংরাজ আমলে এই সমস্যা ছিল না তা নয়। তখন যেটা এডমিনিস্ট্রেশন-এর কোথাও

কোথাও কয়েকজন অফিসারের মধ্যে সীমাবদ্ধ ছিল আজকে সেটা অনেক ব্যাপক আকার ধারণ করে ছড়িয়ে পড়েছে। দেশের লোক আশা করেছিল স্বাধীনতা প্রাপ্তির পর ইংরাজ শাসনের মধ্যে যেসব ত্রুটি ছিল তার দূর হয়ে প্রকৃত মুক্ত ও স্বাধীন জীবনযাত্রার সূত্রপাত হবে। কিন্তু তা না হয়ে আমরা দেখতে পেলাম দুর্নীতি এমন ব্যাপক আকার ধারণ করেছে যে, দুর্নীতি উপর থেকে নীচু পর্যন্ত সবই জড়িয়ে পড়েছে। স্বাধীনোত্তর যুগে শাসনাধিষ্ঠিত কংগ্রেস সরকার দুর্নীতির নিরসন ও মূলে উৎপাটন করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। আজকে ওঁরা সদাচার সমিতি গঠন করুন, দুর্নীতি দমন করবার জন্য কেন্দ্রে এবং রাজ্যে যতই না ভিজিলেন্স কমিটি গঠন করুন, এসবই ব্যর্থতায় পরিণত হবে যদি না দুর্নীতির মূলে কোথায়, কিভাবে দুর্নীতি প্রসারিত হয় সেই বিষয়ে পরিষ্কার ধারণা না থাকে। আজকে মুষ্টিমেয় একশ্রেণীর ব্যবসায়ীর অতিলোভের আগুনে সাধারণ মানুষ জর্জরিত হচ্ছে,—এই অতিলোভই দুর্নীতির উৎসমূল এটা আমাদের স্বীকার করতে হবে। রাজ্যসরকার বা কেন্দ্রীয় সরকার যেসমস্ত কমিটি বসিয়েছেন তাঁরা সকলেই এই একটা কথা বলেছেন যে, বড় বড় ব্যবসায়ী শিল্পপতি শ্রেণী, যে চেটিয়া পুঁজিপতি শ্রেণী সরকারী বুরোক্রেসীকে দুর্নীতিপরায়ণ করছে, রুলিং পার্টিকে দুর্নীতিপরায়ণ করছে। আমি তাঁদের রিপোর্ট কোট করে বলছি আজকে কিভাবে দুর্নীতি এদের মধ্যে দেখা দিয়েছে,

land evasion, tax avoidance, mal-practice in the share market.

[3-50—4-5 p.m.]

কোম্পানীর এ্যাডমিনিস্ট্রেসন এ জালিয়াতী, জোচ্চুরী চলছে এবং ব্যালেন্সসিটকে ব্যালেন্সসিট বলেই মনে করা যাচ্ছে না। শুধু তাই নয়, প্রফিট এ্যান্ড লস-এর প্রকৃত প্রতিফলন হচ্ছে না সেখানেও কারচুপি, জোচ্চুরি চলছে, আন্ডার ইনভয়েসিং, ওভার ইনভয়েসিং হচ্ছে, হোর্ডিং করছে, বেশী প্রফিট করছে, যেসব কন্ট্রাক্টররা কন্ট্রাক্ট নিচ্ছে তাতে সাপ্লায়ের ক্ষেত্রে হোক, ব্রীজ কনস্ট্রাকসন-এর ক্ষেত্রে হোক বা রাস্তা কনস্ট্রাকসন-এর ক্ষেত্রেই হোক সাব-স্ট্যান্ডার্ড-এর কাজ করছে। কাজ ভাল করছে এই জিনিস দেখিয়ে টাকা লুঠছে এবং এইভাবে দুর্নীতি প্রসার লাভ করছে। শুধু তাই নয়, যে সমস্ত আর্থিক লাভের কারবার আছে সেখানে ফাঁকি দিচ্ছে এবং ঘুষ দিয়ে মানুষকে দুর্নীতিপরায়ণ করে তুলবার জন্য প্রলোভন দেখান হচ্ছে। প্রশ্ন হচ্ছে এই যে অবস্থা দেখছি এটা কারা সৃষ্টি করেছে? এঁরা হচ্ছে দুর্নীতির চাঁই এবং সবচেয়ে বেশী হচ্ছে তারা যারা এই ১৭ বছরের কংগ্রেস রাজত্বের দৌলতে অর্থনীতির কন্ট্রোল মুণ্ডের কর্তা হয়ে বসে আছে। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দেশে প্রাইভেট সেক্টর ২ ৩ হাজার কোটি টাকার মত এ্যাসেট। এটা আমার কথা নয়, সরকারী রিপোর্ট কোট করে বলছি ৩ হাজার কোটি টাকার এ্যাসেট এবং তার মধ্যে মাত্র ২ জন মালিক, ২ জন বিজনেস হাউস ইন্ডাস্ট্রিয়ার হাউস তারা ৬০০ কোটি টাকার মালিক। অর্থাৎ আউট অব দ্যাট টোটাল এ্যাসেটস টু মনোপলি হাউসেস এ্যালোন কন্ট্রোল রুপিস সিক্স হানড্রেড ক্রোরস। এখন প্রশ্ন উঠতে পারে এই ২ জন কে? এর একজন হচ্ছে টাটা এবং আর একজন হচ্ছে বিড়লা। তারা বলবেই আপনাদের পক্ষ সমর্থন করে চলেছে এবং আপনারাও তাদের পক্ষ সমর্থন করে চলেছেন। কিন্তু এটা সেটার পরের দিন। তারপর, ব্যাঙ্কের ক্ষেত্রে দেখছি কনসেনট্রেসন চলছে, করাপসন দেখা গেছে এবং সেটা ধরা হয়েছে। অর্থাৎ আমরা দেখছি পেড-আপ ক্যাপিটাল অব রুপিস থার্টিনাইন পয়েন্ট নাইনটিসেভেন ক্রোরস দে গাদার এ্যান্ড ইউটিলাইজ পাবলিক ডিপোজিটস অব রুপিস টু থাউজ্যান্ড টু হানড্রেড টুয়ানটি ফাইভ পয়েন্ট এইটিন ক্রোরস। এই যে ২২২৫ কোটি টাকার আমানত তারা জোগায় এটা কোন ব্যবসাতে বেশী খাটান হয়? এই সমস্ত ব্যাঙ্কের মালিকের আত্মীয়স্বজনরা যে সমস্ত ব্যবসায়ে, শিল্পে ডাইরেক্টর হয়ে বসে আছেন বা কোন সম্পত্তি বেনামীতে হোক বা যেভাবে হোক অধিকার করে বসে আছেন সেখানে এই সমস্ত টাকা খাটান হয়। তারা এই টাকা ক্রেডিট হিসেবে, দাদন হিসেবে এই সমস্ত বড় বড় অসাধু কারবারীদের দেন এবং তার ফলে আমরা দেখছি হোর্ডিং, প্রফিটিয়ারিং বেড়ে চলেছে, খাদ্যাশস্য নিয়ে একটা কৃত্রিম অভাব সৃষ্টি করছে এবং দেশের জনসাধারণের জীবনে একটা দুর্যোগ নিয়ে আসার সুযোগ পাচ্ছে।

মিঃ স্পীকারঃ এরকমভাবে সময় নিলে ভোট হবে না, কোশ্চেনও পুট হবে না।

শ্রীননী ভট্টাচার্যঃ স্যার, মাত্র ৫টি ব্যাঙ্ক আজকে সমস্ত ক্রেডিট স্ট্রাকচার যাকে বলে সেটা কন্ট্রোল করছে এবং বিভিন্ন ব্যাঙ্কের মালিকরা, জয়েন্ট ইন্ডাস্ট্রিয়ালিস্টরা, বড় বড় বিজনেস হাউস তারা একসঙ্গে মিলে বড় চক্র গড়ে তুলেছে এবং তাদের কাছে বড় কথা হচ্ছে লোভ, লোভ, লোভ। এইভাবে লোভ করার দরুন ভারতবর্ষের অর্থনীতিতে লোভতন্ত্র গড়ে উঠেছে। কেন্দ্রীয় সরকার তাদের উপাসনা করেন, বন্দনা করেন, তারা যাতে না চটে এবং ভাল বলে সেইভাবে চলেন এবং এইভাবে দেখছি লোভতন্ত্রের স্পর্শে আমলাতন্ত্র করাপ্ট হয়ে গেছে, তারা আত্মসমর্পণ করেছে। এর ফলে আমরা দেখছি একটা বিষাক্ত আবহাওয়া গোটা ভারতবর্ষ জুড়ে দেখা যাচ্ছে। তাই স্পীকার মহাশয়, আমি বলছি এই করাপসনের প্রশ্নকে একটা স্থানিক বা ব্যক্তির প্রশ্ন হিসেবে বিচার না করে জাতীয় প্রশ্ন হিসেবে বিচার করতে হবে। আপনারা গান্ধীজীর কথা বলেন, কিন্তু গান্ধীজী যখন কংগ্রেসের কতৃত্ব গ্রহণ করেন তখন কংগ্রেসী মন্ত্রীদের কি ধরনের আচরণ হবে সেদিকে লক্ষ্য রেখে বলেছিলেন যে, মন্ত্রীদের সমস্ত কলঙ্কের ঊর্ধ্বে উঠতে হবে। তিনি বলেছিলেন,

The Ministers and the Legislature must have to be watchful of their personal and public conduct.

কিন্তু আমরা দেখছি বিভিন্ন রাজ্যে মন্ত্রীদের পার্সোনাল কনডাক্ট সম্বন্ধে প্রশ্ন উঠেছে এবং নানা জায়গায় নানা করাপসন দেখা গেছে। এই কারণে আমি আমার প্রস্তাবে এনকোয়ারী কমিটির কথা বলেছি এবং কংগ্রেস যদি দুর্নীতি বন্ধ করতে চায় তাহলে আমার এনকোয়ারী কমিটির প্রস্তাব মেনে নিয়ে এটা গ্রহণ করুন।

শ্রীখগেন্দ্রকুমার রায় চৌধুরীঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি দুর্নীতি দমন সম্পর্কে কিছু বলার আগে শুধু এটা বলতে চাই যে এই দুর্নীতি বিশেষ করে এই কংগ্রেসীরা ক্ষমতায় আসার পরে, ১৭ বছরে দুর্নীতি আরও বেড়েছে। এখন আমাদের ও তরফে বিশেষ করে যাঁরা সরকারে আছেন, তাঁরা দেশের লোককে বলে বেড়ান সমস্ত দেশের লোক দুর্নীতিগ্রস্ত হয়ে যাচ্ছে ওঁরা অসহায়, এঁদের কিছু করার নাই। কিন্তু ঘটনাটা যদি দেখা যায় তাহলে দেখা যাবে এই দুর্নীতি যেটা সমাজের অংশকে গ্রাস করতে চলেছে, সেই দুর্নীতি চালান হচ্ছে উপর থেকে। একটা আগে নিখিলবাবু বলেছেন এরা কিছু করতে পারেননি। শুধু কিছু করতে পারেননি তা নয়, এঁরা এটাকে বাড়িয়েছেন, লালনপালন করছেন এবং সমস্ত সমাজের মানুষ যাতে দুর্নীতিগ্রস্ত হয় তার চেষ্টা করছেন। এবং আমি মনে করি ওঁদের একমাত্র বাঁচার ভবিষ্যত নির্ভর করছে- সমাজে যে যত বেশী দুর্নীতি ছড়িয়ে দিতে পারবে, যত বেশী মানুষ দুর্নীতি-গ্রস্ত হবে, চোর ছাচ্চড় হবে, যত বেশী লোক সমাজ-বিরোধী হবে, তার মাধ্যমে ওঁরা বাঁচার ভবিষ্যৎ দেখছে। এবং দেখছে বলে আজকে সমাজে দুর্নীতি কমছে না বরং বাড়ছে। ওঁরা কি জবাব দিতে পারেন ওঁরা ক্ষমতা পাবার পর এই গত ১৭।১৮ বছরে দুর্নীতি কমেছে না বেড়েছে? ঐ পক্ষের কোন বন্ধু বলতে পারবেন না যে দুর্নীতি কমেছে ১৮ বছরে। কেন পারলেন না? তাহলে কি দুর্নীতি দমন করা যায় না? যদি দুর্নীতি দমন করা না যায় তাহলে অ্যান্টি করাপসন এনফোর্সমেন্ট বাঞ্চ ওদের সমস্ত ডিপার্টমেন্ট তুলে দেওয়া হোক। এই দুর্নীতি দমন করার যোগ্যতা এঁদের নেই বরং দুর্নীতি বাড়তে এঁরা সহায়তা করছেন। ওঁরা এমনভাবে প্রচার করেন যেন সাধু ইচ্ছা প্রকাশ করলেই, সমাজের মানুষ দুর্নীতি দমন করতে চাইলেই, দমন করার চেষ্টা করলেই দুর্নীতি উঠে যাবে। তাহলে যে এঁরা দুর্নীতি চান না বলেই কি দুর্নীতি আজকে হচ্ছে না?

[4-5—4-15 p.m.]

কিন্তু এটা দেখা যাচ্ছে যে সকলে চাচ্ছেন না। ওঁরা চান না বলে দুর্নীতি দূর হচ্ছে না। মাঝে মাঝে ওঁরা বিরোধীদের উপর দোষ চাপাবার চেষ্টা করেন। খাদ্য সঙ্কটের সময় আমরা দেখেছি চোরাকারবারীরা চাল লুকিয়ে রাখল ওঁরা বললেন বিরোধীরা এর জন্য দায়ী। দুর্নীতি যখন

বাড়ে যখন সমাজে কোন গণ্ডগোল হয় যার জন্য ওরা সম্পূর্ণ দায়ী সেটা ওরা বিরোধীদের ঘাড়ে চাপাবার চেষ্টা করেন। এটাও দেখেছি যে দুর্নীতির বিরুদ্ধে ওরা এমনভাবে কথা বলেন এবং দুর্নীতি রোধের নামে সমস্ত সমাজের লোককে দুর্নীতিপরায়ণ বলে যে চিহ্নিত করার চেষ্টা করেন সেটা সম্পূর্ণ ভুল। মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমি একটা ছবি তুলে ধরার চেষ্টা করছি সেটা হচ্ছে এই যে মানুষ বাঁচার জন্য যদি ৫০ টাকার চাল ৫১ টাকায় কেনে তাহলে আইনের চোখে সেও একজন যে দুর্নীতিকে সাহায্য করল। কিন্তু যে ৫১ টাকায় চাল কিনে সে শুধু বাঁচার জন্য কিনে। আর যে চোরাকারবারী ১৪ টাকায় ধান কিনে ৫১ টাকায় চাল বিক্রয় করল সেই চোরাকারবারীও দুর্নীতি করল, কিন্তু এদের এমন কায়দা যে এদের দুজনকে এরা এক শ্রেণীভুক্ত করলেন, করে দেশের লোকের দৃষ্টি যাতে চোরাকারবারীদের দিক থেকে সরিয়ে নিয়ে আসা যায় দুর্নীতিকারীরা যাতে চিহ্নিত না হতে পারে তার জন্য এঁরা বার বার চেষ্টা করেন। এই বিধানসভায় খাদ্য সংকটের আগে প্রফুল্লবাবু বলেছিলেন যে উৎপাদকরা হচ্ছে খাদ্য সংকটের জন্য দায়ী। কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল উৎপাদকরা দায়ী নয়। মূল যারা উৎপাদন করে তাদের হাতে চাল নেই। যারা চাল স্টোর করে রেখেছে, যারা গুদামজাত করে রেখেছে তারাই দায়ী। এর থেকে সুবিধা কি হল—আসলে উৎপাদকের ঘাড়ে দোষ চাপিয়ে যারা চোরাকারবারী তাদের এঁরা সেলটার দেবার চেষ্টা করলেন, তাদের এঁরা সাহায্য করলেন। দুর্নীতি সত্যিকারে কাদের পক্ষে করা সম্ভব এটা যদি আমরা বোঝার চেষ্টা না করি এবং সাধারণভাবে কারা দুর্নীতির শিকার হচ্ছে এবং শিকার হয়ে যে দুর্নীতি করছে এদের দুজনকে যদি একই শ্রেণীতে ফেলার চেষ্টা করি তাহলে আসলে দুর্নীতি দমনের লড়াই হবে না। আজকে এই অবস্থাতে সত্যিকারে দুর্নীতি দূর হতে পারে না, বরং বাড়বে। বিভিন্ন ডিপার্টমেণ্টে গিয়ে দেখুন অবস্থা কোন স্তরে গেছে। কয়েক দিন আগে আমার কনস্টিটিউয়েন্সির একজন ভদ্রলোক লোনের দরখাস্ত করেছিলেন। যখন তিনি এ সম্বন্ধে খোঁজ-খবর নিতে গেছেন, নিউ সেক্রেটারিয়েট থেকে তাঁকে বলা হল যে, আপনি আলিপুরে খোঁজ করুন আপনার ফাইল কি অবস্থায় আছে। আমরা এখানে লোন স্যাংসন করে দেব, শুধু ফাইলটা কোনখানে আছে সেটা খোঁজ করে দেখুন। আমি শুধু একটা ছোট ঘটনা তুলে ধরছি। ফাইল কোনখানে আছে সেটা জানাবে তার জন্য ৪০ টাকা দিতে হবে। শুধু ফাইলের মুভমেণ্ট জানার জন্য ৪০ টাকা দিতে হবে, ফাইলে কি রেকমেণ্ড করবে কি রেকমেণ্ড করবে না তার জন্য নয়। তারপর সিমেণ্টের ব্যাপার তো বাংলাদেশের সব লোক জানে। প্রায়োরিটি অনুযায়ী ২ বছর অপেক্ষা করার পর সিমেণ্ট ম্যাচিয়োর্ড হয়ে যায় অর্থাৎ এবার আপনার পাওয়ার সময় এল, কোন অগ্রাধিকারের প্রশ্ন নয়, কোন রকম ফেভারের প্রশ্ন নয়, সময় অনুযায়ী যখন পাবার সময় হল তখন দেখা গেল টন প্রতি সিমেণ্টে ২০ টাকা দিতে হবে। এ একেবারে বাঁধা হিসাব যেন। ওঁরা ধরতে পেরেছেন? ধরতে পাওয়া তা দূরের কথা এই দুর্নীতি যারা করে কিংবা করতে গেলে যে পোস্টে থাকা দরকার সেই পোস্টে এক্সটেনশন দিয়ে যাচ্ছেন। স্যার, আপনার বোধ হয় জানা আছে, মন্ত্রীরাও জানবেন যে আমাদের যিনি টিন এবং সিমেণ্টের ডিরেক্টর মিঃ পি কে নাগ তাঁর কয়েকবার এক্সটেনশন হয়েছে, বোধ হয় ৬২ বছর বয়স হয়েছে। তাঁদের যদি এঁরা রেখে দেন দিনের পর দিন তাহলে কি হবে? আজকে আমরা বলি যে দুর্নীতি দূর করার দায়িত্ব হচ্ছে সরকারের। আজকে দুর্নীতি যে স্তরে এসেছে যদি সেটা সত্যিকারে দূর করতে হয়, যদি সমাজ বিরোধীদের হাতে দেশের ভবিষ্যত তুলে না দিতে চান তাহলে সকলে মিলে দুর্নীতি রোধ করার চেষ্টা করতে হবে। ১৭ বছর ধরে যে অন্যায় ওঁরা করছেন ১৭ বছর ধরে ওঁরা দেশের যে অনিষ্ট করেছেন এবং দুর্নীতি সমাজের মধ্যে প্রবেশ করাবার যে চেষ্টা ওঁরা করেছেন এবং খানিকটা কৃতকার্য হয়েছেন সেটা যদি দূর করতে হয় এবং দেশের মানুষকে যদি সৎ পথে চলতে উদ্বুদ্ধ করতে চান তাহলে দেশের সমস্ত মানুষকে নিয়ে এই দুর্নীতির বিরুদ্ধে লড়াই করতে হবে। ওঁরা তো সদাচার সমিতির নামেই ঘাবড়ে গেলেন। সদাচার সমিতি কিছু করতে পারবে বলে আমি মনে করি না। সদাচার সমিতি একটা বেসরকারী সমিতি। ইয়ার্কি মারতে মারতে যদি মন্ত্রী কিছু বার করে ফেলে, ঐ কায়রণের মত এবং উড়িষ্যার বীরেন মিত্রের মত যদি

কিছু গণ্ডগোল বেরিয়ে পড়ে সেই ভয়ে ওঁরা বিরোধিতা করতে আরম্ভ করলেন। সেজন্য যদি সত্যিকারের দুর্নীতি দূর করতে চান তাহলে সকল রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে আলোচনা করুন। তা না হলে সত্যিকারের দুর্নীতি দূর করা যাবে না এবং সমাজের কোন ভবিষ্যত নাই।

Shri Bhakti Bhusan Mandal:

মাননীয় স্পীকার মহাশয়, এই করাপশন রিমুভ করার জন্য যে রেজলিউশন অপূর্ববাবু এনেছেন, সেই রেজলিউশন আমি সমর্থন করি এবং সমর্থনের যথেষ্ট কারণ আছে বলেই সেটাকে আমি সমর্থন করি। আমরা জানি যে, এই সরকার যেমন শিশুরাষ্ট্র হতে দিনের পর দিন বড় হয়ে আজ ১৭।১৮ বছর ধরে প্রায় অন্ধ যৌবনে পা দিয়েছে ঠিক তেমন এই সরকার দুটো জিনিস নিজেদের বেড়ে উঠবার সঙ্গে সঙ্গে বয়সের সঙ্গে সঙ্গে বাড়িয়েছেন একটা হচ্ছে করাপশন, আর একটা হচ্ছে সাধারণ মানুষের দুঃখ এবং কষ্ট। এই সরকারের যেমন বয়স বাড়ছে, এই করাপশন এবং মানুষের দুঃখ-দারিদ্র সেরকম বেড়ে যাচ্ছে। করাপশন যে আজ আছে সেকথা এই গভনমেন্ট জানেন না এটা আমি মনে করি না। কিন্তু তাঁরা ইচ্ছা করেই এই করাপশনকে বাড়িয়ে চলে যাচ্ছেন। তার কারণ হচ্ছে ধনতান্ত্রিক সরকার যখন তার শেষ নিঃশ্বাস ত্যাগ করার চেষ্টা করেন অর্থাৎ প্রায় শ্বাসরোধ হবার অবস্থার আগে যখন আর তাঁরা মানুষকে সুখ-সুবিধা দিতে পারে না তখন তাদের বাঁচবার একটামাত্র উপায় থাকে, সেই করাপশন হচ্ছে তার মধ্যে একটা উপায়। কোরাপশন ফ্যাসিজম এরকম অনেকগুলি আছে, সেই সঙ্গে এগুলি বাড়িয়ে দিলে কোন রকম করে তাঁরা এই যে পেটোয়া লোক কিছু থাকবে সেই লোকদের মাধ্যমে বাচবার চেষ্টা করে। তাই আজ যদি বলে যে, কোরাপশন রিমুভ করা হোক তাহলে মুখে তাঁরা হয়ত বলবেন যে, রিমুভ করা হোক, কিন্তু আসলে আঁতকে উঠবেন যে তাঁদের রাজত্ব চলে যাবে। গভর্নমেন্ট যে কটা ডিপার্টমেন্ট আছে, যেমন হাসপাতাল জেল, এডুকেশন ডিপার্টমেন্ট, ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট যতগুলি ডিপার্টমেন্ট আছে সমস্ত ডিপার্টমেন্ট যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখা যাবে যে, যেমন বিরোধীপক্ষ হতে বলেছিলাম যে ব্যাঙ্ক ন্যাশনালাইজ করা হোক কি অন্য জিনিস ন্যাশনালাইজ করা হোক, তার পরিবর্তে এগুলিকে ন্যাশনালাইজ না করে প্রত্যেক ডিপার্টমেন্টকে দুর্নীতির ন্যাশনালাইজ করেছেন এই গভর্নমেন্ট। এ আর আমাকে কতকগুলি ডাটা দিয়ে বুঝাতে হবে না। এ আপনারা অন্তরে অন্তরে অনুভব করছেন। আমি তাই কয়েকটা স্পেসিফিক কেস এখানে দেব। অবশ্য তা দিয়ে কোন লাভ হয় না। কারণ, দেখেছি তার কোন অ্যাকশন নেন না। কিন্তু তবুও আমাদের কর্তব্য হচ্ছে কিছু স্পেসিফিক কেস বলার, দেখা যাক এই সরকার কিছু করেন কিনা। তার আগেই আমি বলছি যে, একটা সদাচার সমিতি গঠন হয়েছে এবং এই সদাচার সমিতি কাদের দিয়ে গঠন হয়েছে—যাঁরা দুর্নীতির প্রশ্রয়দাতা এবং যাঁরা দুর্নীতি না থাকলে বেঁচে থাকবেন না, ঠিক সেই সব লোক নিয়ে সদাচার সমিতি গঠন করা হচ্ছে। যদি সদাচার সমিতি গঠন করার রিয়াল উদ্দেশ্য থাকত, তাহলে আমি বলব যে, দেশের আরও অনেক ভাল ভাল লোক আছেন, ইন্ডিপেন্ডেন্ট স্পিরিটের লোক আছেন বা বিরোধীপক্ষের যাঁরা আছেন তাঁরা অন্তত পয়েন্ট আউট করে দিতে পারতেন, কেন ডিফারেন্স অফ ইন্টারেস্ট হলে পর পয়েন্ট আউট করে দিতে পারতেন তাদের সঙ্গে আলোচনা করে বা তাদের দু'-এক জনকে এই কমিটিতে রেখে এই কমিটি করতে পারতেন। কিন্তু আমরা বলব

[4-15—4-25 p.m.]

কি, এমন লোক নিয়ে সদাচার কমিটি করছেন যে সেই দলেরই লোক, এমন কি বিরোধী দলের আমরা আছি তাঁদের সঙ্গে কোন কথাবার্তাই বলা নেই। এর মানে কি? উদ্দেশ্যটা হচ্ছে সদাচারই বলুন আর কদাচারই বলুন—এই কমিটি করে লোকের চোখে ছাই এক্সপ্লেন করা। আমি তাই কয়েকটি স্পেসিফিক ইন্সট্যান্স দিয়ে দেখাচ্ছি যে, কিরকমভাবে সরকারের দুর্নীতি চলছে। আমরা জানি, হুগলির জেলা ম্যাজিস্ট্রেট গ্রেগরী গোমেশকে। গ্রেগরী গোমেশকে আমি হুগলির জেলা ম্যাজিস্ট্রেট হিসাবে জানি না, তার আগে থেকেই জানি, তিনি রামপুরহাট মহকুমার এস ডি ও ছিলেন। যখন ঐ ঘোড়া দিয়ে চাল ব্লাক করা হত, স্মাগলিং করা হত তার সময়ে

বড় সহায়ক ছিলেন ঐ গ্রেগরী গোমেশ। এবং এই গ্রেগরী গোমেশ সম্বন্ধে যখন উনি হুগলিতে জেলা ম্যাজিস্ট্রেট হয়ে তার সম্বন্ধে তদন্ত কমিটি থেকে বললাম অই-ওয়াশ তাঁরা এনকোয়ারি করে বলেছেন যে, হ্যাঁ এই এই দোষ সে করেছে। কিন্তু কই সরকার থেকে তাঁকে সাসপেন্ড করা হয় নাই। কিছু করা হয় নাই। এ বিষয়টা সত্য কিনা আমি সরকারপক্ষকে বলছি এবং এটা তাঁরা বিচার করে বা অনুসন্ধান করে দেখবেন। আমি তারপর আরও কয়েকটি কথা বলছি। এখানে জানা আছে যে স্টিফেন হাউস ডালহাউসি স্কোয়ারএর একটা সবচেয়ে ইম্পর্টান্ট বাড়ি, সেই বাড়িটা শুনছি, অবশ্য সদাচার সমিতির লোকরা কি নেতা জানি না তবে অতুল্য ঘোষের নামে কেনা হয়েছে। এটা অনেকের কাছে শুনছি। আমি এই জিনিসটা অতুল্য ঘোষের নামে বেনামীতে হলেও কেনা হয়েছে—কাজেই এটা অনুসন্ধান করা হোক। এবং সেই জন্য বলছি এই বিষয়টা অনুসন্ধান করে দেখা হোক। আমরা অনুসন্ধান করে দেখতে বলছি,

(Noise and Interruption)

রাগার কোন কারণ নেই। অনুসন্ধান করে যদি না হয় তাহলে আপনারা হাউসএ বলবেন যে, আমরা যেটা বলছি সেটা ভুল। আমি আরও কয়েকটি দুর্নীতির কথা বলছি। আমাদের আহমদপুরের ন্যাশনাল সুগার মিলের কথা। ন্যাশনাল সুগার মিলএ দুর্নীতির প্রশ্রয় দিয়েছেন আমাদের এই মন্ত্রিসভা এবং কেবিনেট। এম এন মিত্র কত লক্ষ টাকা মেট করেছেন সেটা চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেবার পরেও তাঁকে অ্যারেস্ট করা হয় নি বা তার কোনরকম ব্যবস্থা করা হয় নি। এইজন্য আমরা বলছিলাম, দুর্নীতির আমরা একটা ফিরিস্তি দিচ্ছি, আপনারা সেটা এনকোয়ারি করবেন, যদি না হয় হাউসএ বলবেন। আমি ন্যাশনাল সুগার মিলএর কথা বলছি এবং এম এন মিত্রর কথা বলছি। তারপর আমার কাছে কয়েকটি পজিটিভ প্রুফ আছে এইরকম কয়েকটি দুর্নীতির কথা বলে যাচ্ছি। একটা লোককে কোচবিহারে হুদুমডাঙ্গায় গুলী করে মারা হল, একজন পুলিসকে হলদিবাটী থানায় গুলী করে মারা হল। গুলী করে মারার পর আজ পর্যন্ত তার ইনভেস্টিগেশন হল না। কেন ইনভেস্টিগেশন হল না বলি। ঐ যে লীগের মন্ত্রী ছিলেন মোশারফ হোসেন তাঁর আত্মীয়স্বজন প্রায় ৫ লক্ষ টাকার সোনাদানা পাকিস্তানের সঙ্গে স্মাগলিং করেছিলেন। স্মাগলিংএর ব্যাপারে এই লোকটি প্রতিবাদ করায় তাকে হত্যা করা হয়েছে। সেইজন্য আজ পর্যন্ত সেটা ইনভেস্টিগেশন করা হচ্ছে না। এটাও অনুসন্ধান করে দেখা হোক। আমি আর একটা কথা বলছি। এই কোচবিহারের যে জেলা ম্যাজিস্ট্রেট অর্থাৎ ডেপুটি কমিশনার, তাঁর কাণ্ডকারখানার কথা বলছি। তাঁর নাম হচ্ছে টি পি সিং। শুনুন কিরকমভাবে দুর্নীতি করা হয়। এখানে লেখা আছে আপনারা নিয়ে যান তারপর ফেরত দেবেন। এই গাড়ির একটা মবিল পাইপ প্রয়োজন এটা একটা লোক লিখে দিচ্ছে, গভর্নমেন্টএর কাছে রিকুইজিশন দিচ্ছেন। তারপর সেই মেকানিক সেই রিকুইজিশন দেবার পর সেখানকার সিনিয়র ডেপুটি তিনি বলছেন যে কোটেশন যে বি কলড ফর আন্ড বি সাবমিটেড।

ওটা তিনি পরিষ্কারভাবে নির্দেশ দিলেন [illegible] ডিপার্টমেন্ট, কিন্তু কি হল? সেই টি পি সিং ডেপুটি কমিশনার কি করলেন পার্চেজড লোকালি ফ্রম মহাবীর ট্রেডিং। এই মহাবীর ট্রেডিং কে সেটা ইনভেস্টিগেশন করুন, এই সদাচার সমিতিতে যাঁরা আছেন তাঁরা সেটা ইনভেস্টিগেট করুন। সে হচ্ছে তার এক গ্লাসের বন্ধু এবং সেই টি পি সিং এখনও বহাল তবিয়তে আছে। এই টি পি সিং ল্যান্ড ইম্প্রুভমেন্ট লোন-এর জন্য দরখাস্ত করেছিলেন, কিন্তু বি ডি ও সেটা বন্ধ করলেন। তাঁকে দেওয়া হল না। তখন টি পি সিং এগ্রিকালচারাল লোন সেই লোককে দেবার ব্যবস্থা করলেন। তিনি এখন বেতন পান ১২০ টাকা এবং তার ছেলেরা সরকারী কাজ করে। এরকম হাজার হাজার কেস আছে, কাজেই দুর্নীতি দমন করা দরকার।

শ্রীকানাই পাল: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিষয় হাউসের সামনে তুলে ধরতে চাই। [illegible] নদীয়া জেলায় শান্তিরক্ষার জন্য যেসব পুলিশ ফোর্স নিযুক্ত করা হয়েছিল তাঁরা প্রত্যেক জায়গায় ডেইলী দেড় টাকা হারে খোরাকী আদায় করেছে। কিন্তু এই যে চুরী এবং দুর্নীতি সেটাকে চিফ মিনিস্টার থেকে আরম্ভ করে প্রত্যেকটি সরকারী কর্মচারী

চাপা দেবার চেষ্টা করছেন। চীফ মিনিস্টার একদিন বক্তৃতা প্রসঙ্গে বলেন এই ঘটনা হয়েছিল তখন আমি অপোজিশনে এবং ঘটনা ঘটেছে সেই তিনি বলেন কিনা কিছু ইন্সিডেন্স হয়েছিল, পুলিশ হাসপাতাল, নার্সদের প্রোটেকশন-এর সময় আমি ১২ দিনের নোটিশ দিয়ে পার্লামেন্টে তুলেছিলাম এবং তাতেও তিনি বললেন সরকারের জানা নেই। আজ আমি আবার প্রশ্ন করেছি এই যে, জিজিয়া করের মত খোরাকী সংখ্যালঘু সম্প্রদায়ের কাছ থেকে আদায় করা হচ্ছে এবং যেটা পুলিশ জোর করে আদায় করেছে এটা সত্য কিনা? এনকোয়ারী করে এটা প্রমাণিত হয়েছে যে, এই সমস্ত করা হয়েছে কিন্তু তিনি এমন একটা উত্তর দিলেন যেটা উত্তর নয়। তিনি বললেন এরকম ঘটনা সরকারের জানা নেই। এটা কি একটা উত্তর হোল? সরকারের জানা আছে এবং উত্তর দেবে বলেই আমি প্রশ্ন করেছিলাম। তারপর আমি বাধ্য হয়ে সরাসরি মুখ্যমন্ত্রীর কাছে চিঠি দিয়ে অভিযোগগুলি জানিয়েছিলাম এবং সেই চিঠির তারিখ হচ্ছে ১৮ই মার্চ, ১৯৬৪। আমি অভিযোগ করেছিলাম যে সংখ্যালঘুদের কাছ থেকে জিজিয়া করের মত খোরাকী আদায় করা হচ্ছে এবং দাবী করেছিলাম যে, তদন্তের সময় আমাকে থাকতে দেওয়া হোক। তারপর তাঁরা জিনিসটা চেপে গেলেন, কিন্তু আমি যখন কয়েকটা কাগজে জিনিসটা ছেপে দিই তখন ৩০এ মার্চ ১৯৬৪ তারিখে তাঁরা আমার চিঠির প্রাপ্তি স্বীকার করে চিঠি দিলেন। কিন্তু আশ্চর্যের বিষয় যে পুলিশ অফিসার, যে দারোগার হুকুমে এই খোরাকী আদায় করা হয়েছে তিনি গিয়ে তদন্ত করেছেন এবং আমাকে ডাকেন নি, আমাকে উপস্থিত থাকবার সুযোগ দেওয়া হয় নি। তারপর তদন্ত যখন শেষ হোল তখন তাঁরা ২-৩ জন মিলে আমার বাড়ি গিয়েছিলেন এবং তাঁরা যে কথা বলেছিলেন তাতে তাঁরা স্বীকার করেছিলেন যে এরকমভাবে আদায় করা হয়েছে। তবে তাঁরা বললেন এটা সরকারী কর্মচারীরা জানেন, এটা আর নূতন কি।

[4-25--4-35 p.m.]

পুনরায় ২৯এ তারিখে সেই প্রশ্নের জবাব দিয়েছেন। আমি উপস্থিত থাকতে পারি নি, ট্রেনের গোলমালের জন্য। সেখানে আমার প্রশ্ন ছিল—বিগত সাম্প্রদায়িক হাঙ্গামার সময় শান্তিরক্ষার জন্য পাহারায় নিযুক্ত সশস্ত্র পুলিশের দৈনিক দেড় টাকা হিসাবে সংখ্যালঘু গ্রামবাসীগণের নিকট হইতে অবৈধভাবে খোরাকী আদায় সম্পর্কে শান্তিপুর থানার অন্তর্গত সাহেব ডাঙ্গা গ্রামের সংখ্যালঘুগণ কর্তৃক ২৭-৫-৬৪ তারিখে স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়কে লেখা অভিযোগপত্র এবং বালিয়াডাঙ্গা, চাঁদকুড়ি, হরিনদী, প্রভৃতি গ্রামের সংখ্যালঘুগণ কর্তৃক ২৯-১-৭১ তারিখে নদীয়া জেলার এস পি-কে লেখা হোমাতপুর গ্রামের সংখ্যালঘুগণ কর্তৃক ২৯-৭-৭১ তারিখে নদীয়া জেলার এস পি কে লেখা এবং শান্তিপুর বাইগাছি পাড়ায় সংখ্যালঘুগণ কর্তৃক জেলা এস পি-কে লেখা বিভিন্ন অভিযোগপত্র সরকার পাইয়াছেন কিনা। একমাত্র মুখ্যমন্ত্রী লেখা অভিযোগপত্র পেয়েছেন বলে স্বীকার করা হয়েছে এবং তাহাও ৩০এ মার্চের অনেকগুলি পাওয়া যায় নি। কিন্তু এইসকল দরখাস্তের নকল সমস্তই আমার কাছে এসেছে তারা পাঠিয়েছে, আমার কাছে যে এল এ বিষয়ে, প্রতিটি দরখাস্তের কপি বা নকল আমার কাছে রয়েছে এই যে সংবাদ সরবরাহ করা হয়েছে, হয় ইচ্ছাকৃতভাবে মিথ্যা সংবাদ দিয়ে, বা এই চোরদের প্রটেকশন দেবার জন্য, এই দুর্নীতিপরায়ণ পুলিশ কর্মচারীদের রক্ষার জন্য তাদের না হয় জেলা থেকে মিথ্যা সংবাদ সরবরাহ করা হয়েছে। আর সেই সঙ্গে বলা হয়েছে অভিযোগপত্রের অভিযোগ সত্য নয় বলে ব্যবস্থা অবলম্বনের প্রশ্ন উঠে না। আমি এ বিষয়ে একটা দরখাস্ত আপনার নিকট এই হাউসে পড়ে দিতে চাই- "মাননীয় মহাশয়, আমরা শান্তিপুর থানার অন্তর্গত হরিপুর অঞ্চলের সাহেবডাঙ্গা গ্রামের নিম্ন স্বাক্ষরকারীগণ এতদ্বারা আপনার নিকট আবেদন করিতেছি যে, বিগত সাম্প্রদায়িক হাঙ্গামার সময় হইতে বর্করিদের পূর্ব পর্যন্ত শান্তি রক্ষা ও আমাদের নিরাপত্তার জন্য আমরা নিজেরা সচেষ্ট থাকা সত্ত্বেও শান্তিপুর থানার ও সি মহাশয় দুইজন সশস্ত্র পুলিশ পাহারার ব্যবস্থা করেন এবং উক্ত সশস্ত্র পুলিশের জন্য মাথা পিছু, দেড় টাকা হারে দৈনিক তিন টাকা একমাত্র আমাদের সংখ্যালঘুদের নিকট হইতে আদায় করা হয়। যদিও সশস্ত্র পুলিশ দুইজন আমাদের গ্রামের হিন্দু পাড়ায় তাহাদের গৃহে আহারাদি করিত। এক্ষণে আরও উল্লেখ করা প্রয়োজন যে পার্শ্ববর্তী নৃসিংহপুর বাজারের যে সশস্ত্র পুলিশ ছিল, তাহারা একাধিকবার আমাদের গ্রামের আসিয়া অফিসারদের নাম করিয়া অনেক মুরগী আমাদের অনিচ্ছা সত্ত্বেও বিনামূল্যে লইয়া গিয়াছে।"

মিঃ স্পীকারঃ এত পড়তে গেলে তো আর বক্তৃতা করবার সময় পাবেন না।

শ্রীকানাই পালঃ আমি পরিষ্কারভাবে দেখিয়ে দিতে চাই যে, এই অভিযোগ ১৬ জন লোকে করেছে, গ্রামের মাতব্বররা, ঐ অঞ্চলের বিশিষ্ট সদস্যগণ করেছে, অথচ সেই অভিযোগকে এঁরা মিথ্যা বলে উড়িয়ে দেবার চেষ্টা করছেন। মুখ্যমন্ত্রী মহাশয় যে এইরকম সাম্প্রদায়িক নীতি নিয়ে চলেছেন আমরা তার জবাব চাই।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় মাননীয় সদস্য অপূর্বলাল মজুমদার যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাবের সমর্থনে আমি বলছি। প্রথমেই বলতে হচ্ছে যে দুর্নীতি সম্পর্কে আলোচনা যখন আমরা করব এবং যখন আমাদের ওদিকে যাঁরা আছেন তাঁদের কাছে আমরা এই বক্তব্য রাখব তখন আমরা আশা করব স্বভাবতঃই যে আলোচনায় তাঁদের গায়ে উত্তপ্ত হওয়ার কোন কারণ নেই। কারণ, তাঁরা বলেন যে দুর্নীতিতে তাঁরা নেই। সুতরাং তাঁরা যদি আমাদের বক্তব্যগুলি শুনেন এবং শুনে বক্তৃতা করতে পারেন তাহলে আলোচনা হতে পারে। দুর্নীতি সম্পর্কে আপনারা সদাচার সমিতি তৈরি করলেন। কয়েকদিন ধরে আমরা দেখলাম প্রফুল্লবাবু সভায় এলেন না, ভীষণ ব্যস্ত তিনি, সমস্ত সৎ ব্যক্তিদের নিয়ে এই দুর্নীতি থেকে কি করে আমাদের রাষ্ট্রকে তিনি মুক্ত করবেন তার জন্য ভীষণভাবে পরিশ্রম করছেন। তার জন্য দেবব্রত মুখোপাধ্যায়কে সভাপতি করে সদাচার সমিতি আপনারা তৈরি করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দুর্নীতি সম্পর্কে বলতে গেলে প্রথমেই বলতে হয় যে আপনারা যত জোর গলায় বলুন না কেন, যে আপনারা দুর্নীতির সঙ্গে সংশ্লিষ্ট নন, তাহলে বলতে হয় যে এক কালে বিরোধীপক্ষের সদস্য ছিলেন, অবশ্য বর্তমানে তিনি কংগ্রেস পক্ষে যোগ দিয়েছেন বন্ধুবর সামসুদ্দিন আমেদ, তিনি বলেছিলেন কণ্ঠে যদি অনেক বেশী জোরে আওয়াজ হয় তাহলে বিশেষ কারোর গলা বলে মনে হয়। সুতরাং তাঁকে আমি এই কথাটা আজকে বলতে পারি। আপনাদের ভুলে গেলে চলবে না যে, আশুতোষ ঘোষ মহাশয় আপনাদের সরকারের একজন রাষ্ট্রমন্ত্রী ছিলেন। যমরাজ প্ল্যানে যদি তাঁকে বাইরে না যেতে হত তাহলে আজকে দেখতাম তিনি ঐ সদাচার সমিতির সম্পাদক কিংবা সভাপতি হয়েছেন। সুতরাং আপনারা যখন এই দুর্নীতি সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করবেন তখন আপনাদের এইগুলি সম্পর্কে একটু চিন্তা করা দরকার। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের প্রাক্তন অর্থমন্ত্রী শঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় এতো ভুলে গেলে চলবে না, এখানে দীর্ঘদিন অধ্যক্ষ ছিলেন এবং সেই অধ্যক্ষ পদে থাকাকালীন ঐ আমেদপুর সুগার মিল সম্পর্কে প্রচণ্ড বিতর্ক তখন উঠেছিল এবং যতক্ষণ পর্যন্ত না এখান থেকে চাপ সৃষ্টি করে শঙ্করদাসবাবুকে ওখান থেকে নামান হয় ততক্ষণ পর্যন্ত তিনি বহাল তবিয়তে অধ্যক্ষের কাজ করছিলেন। আবার তারপর দেখলাম অর্থমন্ত্রী হলেন। সুতরাং এই যে ঘটনাগুলি এগুলিকে বিস্মৃতির অতলে তলিয়ে দিয়ে আপনারা দুর্নীতিমুক্ত করবেন এইসব কথা বলা আপনাদের মুখে শোভা পায় না। তৃতীয় কথা হচ্ছে, আমি ব্যক্তিগতভাবে কারোর বিরুদ্ধে কোন আক্রমণ করতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব পরিষদের অনেকেই অনেক কথা ভাবছেন চিন্তা করছেন, অনেকের সদিচ্ছা আছে, যদিও আমি জানি এই আমলাতান্ত্রিকতা, স্বার্থ, মুনাফা, লোভ-এর নিষ্পেষণে এইসমস্ত সুকুমারবৃত্তি অনেকের উঠে গেছে, ঐ স্টীম রোলারের চাপে মনে যা ভাবেন প্রাণে যা আবেগ আছে সমস্ত কিছুকে শেষ করে দিয়ে শুধুমাত্র হ্যাঁ এই শব্দটি ছাড়া অন্য শব্দ উচ্চারণে আপনাদের বাধা আছে, যদি তা না হত তাহলে আমরা যেসমস্ত বক্তব্য এখানে রাখছি, আমি তো এটা দাবি করছি না যে আমি যা বলছি তা একশো ভাগ সত্য, আমরা বলছি এই ঘটনা ঘটছে, এ সম্পর্কে আপনারা অনুসন্ধান করুন, অনুসন্ধান করে আপনারা আমরা একসঙ্গে বসে এর যা সংশোধনী আছে তা করতে চেষ্টা করতাম। যদি সেইভাবে চিন্তা করা যায় তাহলে দেখা যাবে যে একটা বিরাট চক্রান্ত। জেলায় প্রদেশে এবং অঞ্চলে যে বিরাট চক্র আছে সেই চক্রগুলি সম্পর্কে আমরা অনেক বেশী ওয়াকিবহাল হয়ে সেই চক্রগুলিকে নষ্ট করে ধ্বংস করে একটা সুন্দর সুখী সমাজ গড়ার কাজে আমরা অগ্রসর হতে পারি যদি আমরা এই সম্বন্ধে একসঙ্গে বসে চিন্তা করি। কিন্তু আপনারা সেই সদিচ্ছা নিয়ে এগোবেন না। যখনই আমরা বক্তব্য রাখব তখনই তার বিরোধীতা করতে হবে বলেই করবেন এইজন্য যে আপনাদের প্রমাণ করতে হবে যে আপনারা দুর্নীতি মুক্ত। সেজন্য বলছি

আপনারা দুর্নীতিমুক্ত এই কথা বলার আগে এটা চিন্তা করবেন আশুতোষ ঘোষ মহাশয় রাষ্ট্র-মন্ত্রী ছিলেন, আপনারা চিন্তা করবেন শঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় স্পীকার ছিলেন তারপর তিনি অর্থমন্ত্রী হয়েছিলেন। আজকে সেই আমেদপুর সুগার মিল মাদ্রাজে চলে যাচ্ছে এবং এটা নিয়ে বাংলাদেশে বিরাট আন্দোলন হচ্ছে এবং বাংলাদেশ থেকে চলে যাওয়ার অর্থ হচ্ছে বাংলাদেশের অর্থনীতি এবং বাংলাদেশে কর্ম সংস্থানের যে সম্ভাবনা তার উপর প্রচণ্ড একটা আঘাত আসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে যখন খাদ্যসমস্যা নিয়ে দেশের মধ্যে প্রচণ্ড আলোড়ন হচ্ছে যারা মুনাফাবাজ যারা চোরাকারবাররী যারা হোর্ডার যারা মানুষের ক্ষুধা নিয়ে ব্যবসা করছে আরো কোটি কোটি টাকা মুনাফা করার জন্য তাদের বিরুদ্ধে যখন অভিযান চালন হল তখন আমরা দেখলাম যে সেই অভিযান যাতে সফলতা লাভ না করে তার জন্য বিভিন্ন ইন্টারেস্টেড চক্র বা গোষ্ঠী তৎপর হয়ে উঠল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এর আগে শুনেছেন বিধানসভায় ঐ রানীগঞ্জে যখন এনফোর্সমেন্ট ব্রাঞ্চ এর তরফ থেকে সার্চ করা আরম্ভ হল, তখন সেখানকার কিছু ছাত্র, একজন ছাত্র মুকুল বোস তার নেতৃত্বে তারা গিয়ে এনফোর্সমেন্ট অফিসারকে বলল যে আমাদের কাছে লিস্ট আছে, আমরা আপনাদের বলতে পারি, আপনি চলুন আরো আরো হোর্ডারদের নাম আপনাকে আমরা দিচ্ছি, সেখানে সার্চ করুন, অনেক গুদামজাত মাল সেখান থেকে বেরুবে। আমরা দেখলাম তা হল না, অফিসার বললেন আজকে নয়, কালকে আমরা এসে করব। সেখানে মুকুল বোসকে গ্রেপ্তার করা হল। কারণ, দেওয়া হল যে সে পুলিশের কাজে বাধা সৃষ্টি করেছে। পুলিশ যদি অকাজ করতে চায় এবং সেই অকাজে যদি কেউ বাধা দেয় তাহলে নিশ্চয়ই তাকে গ্রেপ্তার করার আইন আপনাদের আছে। এইভাবে আপনারা দুর্নীতিমুক্ত করবেন?

[4-35—4-45 p.m.]

যখন বৈদ্যবাটিতে পাঁচকড়ি সাধুখা এবং কেদার সাধুখা এঁদের গুদাম সার্চ করা হচ্ছিল এবং সেটা সেপ্টেম্বর মাসের মাঝামাঝি সময় শুক্র, শনি, রবি, বেশিদিন ধরে—আমি কোনরকম কারো বিরুদ্ধে ইঙ্গিত কিন্তু ঘটনা হচ্ছে শুক্র, শনি, রবি সেখানে সার্চ করার কথা, সেই গুদাম থেকে মাল টেনে বের করার কথা আমি আশ্চর্য হয়ে গেলাম শেষদিন রবিবার দিন [illegible] মুখ্যমন্ত্রী ঐ গুদামের পাশে উদীয়মান শিল্পপতি সুরেন ঘোষের বাড়িতে সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত অতিবাহিত করলেন। তারপরে স্বভাবতঃই বৈদ্যবাটিতে বা হুগলী জেলায় অন্যান্য গোলা থেকে যদি চাল না বেরোয় তার জন্য কিছুই আমরা বলতে পারি না। সুতরাং আপনারা যখন দুর্নীতিমুক্ত করবেন বলে কথা বলছেন তখন এসবগুলি চিন্তা করে দেখুন। বর্ধমান জেলায় বিবেকানন্দ কলেজ হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি ঐ বিবেকানন্দ কলেজের জন্য কালোবাজারী, জোতদার, মুনাফাবাজদের কাছ থেকে হাজার হাজার টাকা ডোনেসন হিসাবে আদায় করে তাদের গুদামে যে লক্ষ লক্ষ, হাজার হাজার মণ চাল-গম আছে তাতে হাত দেয়া হল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি আসানসোল অঞ্চলে নিশ্চয়ই আনুষ্ঠানিক ভাবে কটা মাত্র হোর্ডারকে ধরা হয়েছে, বাকি আমি জানি প্রচুর হোর্ডার আছেন, যদি সার্চ করা হয়, তাহলে তাদের গুদাম থেকে এবং তাদের সরিয়ে দেয়া বিভিন্ন জায়গায় পাচার করা যেসমস্ত চাল-গম আছে তা বেরুতে পারে কিন্তু তা বেরুবে না। ঐ দুর্গাপুরে জানুয়ারী মাসে যে কংগ্রেসের অধিবেশন হতে চলেছে সেখানে ঐ কালোবাজারী, ঐ মজুতদারদের কাছ থেকে হাজার হাজার লক্ষ লক্ষ টাকা নিয়ে আপনারা কংগ্রেসের অধিবেশন করতে যাচ্ছেন। কাজেই আপনাদের ক্ষমতা নেই এসব মজুতদারদের গায়ে হাত দিতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখেছি আসানসোলের বুকে, আনন্দবাবু এখানে আছেন, আনন্দবাবু জানবেন যদি আমি মিথ্যা কথা বলি—সেখানে অটোয়াল, সে বিরাট কনট্রাক্টরী করে কোটী কোটী টাকা মুনাফা করছে, তার জিপে করে আনন্দবাবু এবং অতুল্যবাবু যখন আসানসোলের উপর দিয়ে চলে যান তখন স্বভাবতই এই প্রশ্ন আসে যে কোন দুর্নীতির বিরুদ্ধে তাঁরা হস্তক্ষেপ করতে পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি আসানসোল মহকুমায় বিভিন্ন কোলিয়ারীতে যে গম এবং চালের কোটা নির্ধারিত হয়েছে একটা কোলিয়ারীর শ্রমিকও সেই চাল পায়নি, সেই কোলিয়ারীর মালিকরা সেই কোটার সরবরাহ বাজারে বিলি করেছে সেই চাল, তাদের বিরুদ্ধে

আপনারা কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। ঐ সাবডিভিসনাল কন্ট্রোলার মজুমদার তাঁর ট্রান্সফারের অর্ডার হয়েছে কিন্তু তিনি আবার আবেদন করেছেন, আমি জানি এখনও পর্যন্ত তাঁর সেখান থেকে স্থানান্তরের কোন চেষ্টা করা হয়নি, বরং তাঁর আবেদন বিবেচনা করা হচ্ছে। আমি মনে করি যে আসানসোল মহকুমায় যা কিছু দুর্নীতি সিভিল সাপ্লাই ডিপার্টমেন্ট তার মূল। এই মজুমদার কিন্তু আজও পর্যন্ত বেশ বহাল তবিয়তে আছেন তাঁর ট্রান্সফারের অর্ডার হওয়া সত্ত্বেও। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এজন্য আমি বলতে চাচ্ছি যে প্রদেশের কেন্দ্র থেকে শুরু করে একটা অঞ্চল পর্যন্ত প্রতিটি কেন্দ্রের সঙ্গে একটা শৃঙ্খলিত চক্র আছে সেই চক্রের যে মূল কাণ্ড তাকে যদি রোধ করা না যায় তাহলে ঐ স্টিফেন হাউসের চক্র বলুন আর আশু ঘোষের চক্র বলুন কোন চক্র দিয়েই কিছু বের করতে পারবেন না, তার থেকে সত্যকে বের করতে পারবেন না। যতই সদাচার সমিতি করুন তার একমাত্র উদ্দেশ্য হবে [illegible] দুর্নীতির বিরুদ্ধে যারা লড়াই করছে তাদের সেই লড়াইকে স্তব্ধ করে দেওয়া।

Shri Bejoy Kumar Banerjee:

মিঃ স্পীকার, স্যার, আজকে এই যে নন-অফিসিয়াল রেজলিউশন দুর্নীতির উপর এসেছে এটা সম্বন্ধে নূতন কথা কিছু বলার নেই, অস্বীকার করবার মত ক্ষমতা এখানে কারো নেই যে, বলতে পারবেন যে দুর্নীতি এখানে নেই এখানে সর্বস্তরে আজকে রাষ্ট্রে দুর্নীতি তার জন্যে এমন জায়গা নেই যেখানে দুর্নীতি দেখতে পাওয়া যাবে না। আজকে কথা হচ্ছে এই দুর্নীতি যেরকম গতিতে বেড়ে চলেছে আজকে যদি তার গতি রোধ করতে না পারা যায় তাহলে এই মন্ত্রীত্ব কি, এই রাষ্ট্রই থাকবে না, থাকতে পারে না, পৃথিবীর ইতিহাসে অনেক রাষ্ট্রের এই অবস্থা হয়েছে। কারণ আমরা কোটি কোটি টাকা খরচ করছি যেসব পরিকল্পনায় সেখানে এই দুর্নীতির জন্যে ব্রীজ ভেঙ্গে পড়ছে, রাস্তা মেরামত হচ্ছে না। আজকে ১৪-১৫ বৎসর আগে যেসব লোক রাস্তার ফেরীওয়ালা ছিল তারা আজকাল কোটিপতি হয়েছে। কিসের অর্থনীতি? এ কথা কাগজে রোজ রোজ বের হচ্ছে। কার দোষ কার গুণ জানি না, কিন্তু আজ যদি সৎ সরকার থাকে সেই সরকারের উচিত আজকে এই প্রস্তাবকে সমর্থন করা ও একযোগে রাষ্ট্রের খাতিরে ও দেশের স্বাধীনতা রক্ষার খাতিরে সমস্ত ভেদাভেদ ভুলে গিয়ে আমরা মানুষ হিসাবে যদি না এগুতে পারি এই দুর্নীতি দমন করা যাবে না। আজকে একথা বললে হবে না ঐ কাগজে বের হয় যে, এই এতগুলি অফিসে পুলিস ধরে নিয়ে গিয়েছে এত কালোবাজারীকে এই কথা উত্তরে বলে আমাদের কোন সান্ত্বনা হবে না। এ অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিস একথা আমাদের নন্দ সাহেব, মাননীয় মন্ত্রী, তিনি বুঝেছিলেন, শাস্ত্রীজী বুঝেছিলেন এবং সেইজন্য সদাচার কমিটি না কি কমিটি তৈরী করেছিলেন তার রিপোর্ট কার্যকরী হচ্ছে না। যাতে তাড়াতাড়ি তা করা যায় বা না হয় তার ব্যবস্থা করা হচ্ছে। শাস্ত্রীজী সব শুনেশুনে নন্দজীকে বলেছিলেন যে তুমি সদাচার কর। তাহলে এমন কি হয়ে গেল যে শাস্ত্রীজী বললেন কই আমিত বলি নি। ঐ ওয়ার্কিং কমিটি বললো যে এটা আমাদের নয়, তারপরে বললেন যে ও নন্দজীর নিজের ইন্ডিভিজুয়াল ব্যাপার। এইরকম আন্তরিকতা যদি এইসব কাজের ভিতর না থাকে তাহলে কিছুতেই দুর্নীতি যাবে না। এই সদাচার সমিতি হয়েছে। রাইটার্স বিল্ডিংস-এ বসেছে লোককে ধোকা দেবার জন্যে। আজকে এই রাষ্ট্র দুর্নীতিগ্রস্ত হয়ে যাচ্ছে, কার দোষ, কার গুণ জানি না, কিন্তু এইরকম করে লুকিয়ে, জনসাধারণকে না জানিয়ে রাইটার্স বিল্ডিংএ ঐ বোটানিক্যাল হলে নন্দজীকে নিয়ে সাজান-গোছান লোক নিয়ে যারা এই দুর্নীতির বিরোধিতা করছে, যারা এই সদাচার কমিটির বিরোধিতা করেছে, আজ তারা এগিয়ে চলেছে তার মিনিমম কি হবে তা ব্যবস্থা করার জন্য। এ আমরা সব বুঝি, কিন্তু এও আমি আজ বলে যাচ্ছি, এ দেওয়ালের লেখন যে এই মন্ত্রী, এই রাষ্ট্র কিছুতেই থাকবে না যদি আজ এই দুর্নীতিকে বন্ধ করতে না পারেন। কাগজে দেখুন, চৌরঙ্গীর রাস্তায় আপনারা দাঁড়ান, দেখুন যে অর্থনীতিতে মানুষ ৫০ হাজারের গাড়ি কিনেছে রাস্তার উপরে সমস্ত বাড়ি তারা কিনে নিয়েছে। ইংরাজ সেইরকম বিলাসিতা এই দেশে কোনদিন করে নি যে বিলাসিতা আজ হচ্ছে। আমরা চোখে দেখছি এদেশের মানুষ একে একে বাড়ি বিক্রি করে চলে যাচ্ছে। অথচ জোর গলায় বলবেন যে,

সরকার যা করবার সব করছে। কাগজে বেরিয়েছে দেখুন, অত্যন্ত দুঃখের সঙ্গে নন্দজী বলেছিলেন, আপনারা দয়া করে শুনুন

Burden o. the poor man has increased because of corruption at high levels, of unholy collusion of corrupt officials and unscrupulous businessmen. It is the poor man, the honest man who suffers and pays for their sins

এখানে নন্দজীর কথা, কোম্বেতে তিনি বলেছিলেন। এবং তিনি বলেছিলেন যে যদি করাপশন রুট আউট করতে হয়, তাহলে একটা কাজ হবে এই - ফাইভ মেজার্স তিনি বলেছিলেন,

If corruption has to be root out tooth and nail an example is to be set up by the leadership of the country, leadership at the political level, official level, business level and at the State level.

সুতরাং এই দুর্নীতি আজকে শুধু একটা মিনিস্টার বলে আমরা একটা দলীয় মনোভাব নিয়ে বলছি না, তবে কেন মিনিস্টারদের কথা বলা হয়েছে? কারণ তাঁদের হাতে ক্ষমতা আছে, তারা রাষ্ট্র পরিচালনা করেন। হয়ত দুর্নীতিকে দমন করবার নানারকম তাঁদের ব্যবস্থা আছে, সেই জন্য বলা হচ্ছে। আজকে অফিসিয়ালদের, তারা কিভাবে লোককে মারছে, আজকে কোনরকমে যদি একটা সরকারী চাকরী পাওয়া যায় জীবনের কিনারা হয়ে যায়। যে-কোন রকমে, আজকে লোকের মনোভাব হয়েছে, কংগ্রেসে যদি ঢুকতে পারা যায় দাদাদের, দিদিদের দলে যদি যাওয়া যায়, তাহলে আজকে আর কোন ঝামেলা থাকে না, এই জীবন সমস্যার। কেন এইরকম হয়? আপনারা চেঁচাতে পারেন, একসঙ্গে মিলে আমাকে বসিয়ে দিতে পারেন, তা বসান কিন্তু এ দেওয়ালের লিখন। আজকে আপনাদের উচিত সেই বনবাসে যাবার আগে সীতা যেমন অগ্নি পরীক্ষা দিয়েছিল সেইরকম যত মন্ত্রী থাকুন বা লোক থাকুন, তাঁরা সেই অগ্নি পরীক্ষায় আজকে বেরিয়ে আসুন।

সকলের শেষে আমি তাঁদের অনুরোধ করছি যাঁরা রাষ্ট্র পরিচালনা করেন সরকারপক্ষকে অনুরোধ করছি যদি তাঁদের সততা থাকে, যদি তাঁদের সৎসাহস থাকে আপনারা এই প্রস্তাব সমর্থন করুন এবং আসুন, আমরা সকলে মিলে দেখি দুর্নীতি দূর করা যায় কিনা।

[4-45—4-55 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মিঃ স্পীকার, স্যার, আজকে যে প্রস্তাব শ্রীঅপরাজিত মজুমদার মহাশয়ের নামে উঠেছে সেই প্রস্তাবের সমর্থনে আমি দু একটা কথা বলতে চাই। আমি প্রথমেই বলতে চাই, নন্দজীর যে ভাষণ কাগজে পড়লাম তাতে বোঝা যাচ্ছে তিনি এবং তাঁর দল আপোরটা [illegible] গ্রহণ করেন নি। করাপশন সম্বন্ধে আমাদের দেশে কয়েকটা নোশন বসে গেছে। একটা হচ্ছে

Unless a fool-proof case sustenable in a court of law is made out no charge will be made or levelled against any Minister or person in high office

দ্বিতীয় নোসান হচ্ছে

If a Minister or a person in high office who has not amassed money by ill-gotten means, but has allowed his personal recalcitrant satraps to a mass ill-gotten money and make hay while his political sun shines should be considered and assumed as honest and fair and clean. This is also a pernicious notion and that notion has got to be removed.

তৃতীয়তঃ আমি মনে করি যে, করাপশন দূর করতে গেলে যেকথা হেমন্তবাবু বলেছেন হাই প্লেস-এ যদি করাপশন দূর না করতে পারেন তাহলে কিছু হবে না, শুধু চুনোপুটি ধরবার চেষ্টা করলে ব্যর্থ হবে। চতুর্থ হচ্ছে, আজকে এঁরা করাপশন ফাইট করছেন, কিন্তু অন্য দিকে যখনি দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে কোন হরতাল হয় তখন তাঁরা সেই হরতাল ভাঙ্গবার জন্য

Bengal Chamber of Commerce, National Chamber of Commerce, Bharat Chamber of Commerce, Indian Chamber of Commerce.

এর সঙ্গে হাত মিলান অথচ তাদের বিরুদ্ধে বহু অভিযোগ এবং সেইসব অভিযোগ থাকা সত্তেও গভর্নমেন্ট তাদের বহাল তবিয়তে রেখে দিয়েছেন। বাংলাদেশের জনসেবক কাগজে দেখেছি তাদের একটা বিট অফ শেয়ারহোল্ডার্স আমার কাছে আছে, তাতে দেখেছি এক শতাংশের বেশি শেয়ার যারা চিনির বাজার কন্ট্রোল করেন যেমন বলরাম সুগার কোং লিমিটেড, তুলসীপুর সুগার কোম্পানী লিঃ—এরা আছে, এছাড়া চা বাগানের মালিক-টালিক রয়েছে এবং মন্ত্রী বিজয় সিংহ নাহারও একজন শেয়ার হোল্ডার। তাঁরা জার্নালিস্টদের মিনিমাম ওয়েজ সম্বন্ধে কোনটাই ইমপ্লিমেন্ট করেন নি, অথচ ৬ লক্ষ টাকা দিয়ে রোটারী মেসিন কিনেছেন। নতুন আইনে প্রভিডেন্ট ফান্ড কেন্দ্রীয় মন্ত্রী অশোক সেনের হাতে চলে গিয়েছে। আজকে বিজয়বাবু কি করে কাগজের শেয়ার হোল্ডার থাকতে পারেন আমি জিজ্ঞাসা করছি, কি করে তিনি কনসেনসার্সলি অ্যান্ড ফেয়ারলি একটা কমার্সিয়াল ইনস্টিটিউশন-এর সঙ্গে যুক্ত থাকতে পারেন,

can he do justice to the working journalists, he cannot, he is connected with a commercial institution.

মন্ত্রী অশোক সেন বড় বড় কথা বলছেন। কে না জানে একথা, আমি এই হাউসে পরিষ্কার বলেছি, বসুমতী কাগজ তাঁর হাতে রয়েছে। যখনি তিনি কলকাতায় আসেন সরকারী গাড়িতে করে বসুমতী অফিসে গিয়ে জার্নালিস্টদের ধমকান। আজকে ৫০ পার্সেন্ট জার্নালিস্ট প্রপার্লি রেমিউনারেটেড নন এবং ৪০ পার্সেন্ট টেম্পোরারী। আজকে যদি সমাজের সমস্ত স্তর থেকে দুর্নীতি দূর করতে হয় তাহলে একটা প্রচেষ্টা থাকা দরকার—আমাদের দেশে যাঁরা মন্ত্রী বা অফিসার হবেন, তাঁদের সমস্ত অ্যাসেটস দেশের কাছে তুলে ধরতে হবে, এটা না করতে পারলে সমস্ত ফাঁকা বুলিতে পরিণত হবে। অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে গুরুত্ব দিচ্ছি, সেটা হল চিনির বাজার সম্পর্কে। এই হাউসে একটা অনাস্থা প্রস্তাব আমি

P. K. Sen, Deputy Controller of Rationing

তিনি আবার চিনিরও সর্বাধিনায়ক, এর বিরুদ্ধে বহু অভিযোগ উত্থাপন করেছি, কোন প্রতিকার পাই নি। এই ভদ্রলোকের মাধ্যমে মুখ্যমন্ত্রী কালোবাজারী টাকা কালেক্ট করেন। একটা জিনিস এই হাউসের সকলেরই, কংগ্রেসী সদস্যদেরও জানা দরকার—সুগার এবং সুগার ক্যান্ডি মিছরির মধ্যে বিরাট ফারাক—এই পি কে সেন ১০ হাজার ব্যাগ অর্থাৎ ১০ হাজার মণ প্রতি মাসে মিছরি তৈরীর জন্য দিচ্ছেন এবং এই যে ডাইভার্ট করছেন এতে করে আমি হিসাব করে দেখেছি প্রতি ব্যাগে তাঁর ৩০ টাকা করে চাই, লেভি মাসে তিনি ১ লক্ষ ৮০ হাজার টাকা কালেক্ট করছেন, ১৯৬৩ সালের জুন থেকে আজ পর্যন্ত আমি হিসাব করে দেখেছি ২৮ লক্ষ ৮০ হাজার টাকা লাভ করেছেন। আমরা ইংরাজী একটা প্রবাদ জানি

lay by something against a rainy day,

তিনি খুব সেয়ানা লোক। প্রত্যেক রেনি সিজন-এ তাঁর কামাই হল ১৮ লক্ষ টাকা। কলকাতার বাজারে যেই চিনি এল কাটাপুকুর শেড-এ এবং অন্যান্য জায়গায়, তখনি এ গ্রুপ অফ ট্রেডার্স বলে দিল এর মধ্যে এত হাজার মণ মায়েস্ট এবং ড্যামেজড আর অমনি এটা ডাইভার্ট করে দেওয়া হল ওপেন মার্কেট-এ সুগার ক্যান্ডি তৈরীর জন্য, অর্থাৎ যেটা চিনি হিসাবে বিক্রী হত সেটা সুগার ক্যান্ডি ম্যানুফ্যাকচার-এর জন্য চলে গেল এবং তাঁরা তখন বলে দিলেন ওঁদের কন্ট্রোলার-এর নামে একটা অভিযোগ করে দিতে এবং পি কে সেন-কে ২০ টাকা করে দিতে। এভাবে ১৮ লক্ষ টাকার উপর প্রতি রেনি সিজন-এ লাভ করেন। এক বছরে এভাবে তাঁর লাভ হল কালো বাজার থেকে ১ কোটি ২০ লক্ষ টাকা। এই যে কালোবাজারী টাকা, এটা যদি ওঁরা কন্ট্রোল না করতে পারেন তাহলে দুর্নীতি দূর করবেন কি করে। আমি বলছি নন্দজীর যদি বিন্দুমাত্র সদিচ্ছা থাকে তাহলে এঁর কোমরে দড়ি বেঁধে নিয়ে আসা দরকার, আমি বারবার এই কথা বলছি এবং এই কথা আমি প্রিভিলেজ কমিটির সামনে গিয়ে বলতে রাজি আছে।

[4-55—5-5 p.m.]

আমার শেষ কথা হচ্ছে গতবার বিধানসভায় আমি যখন বলেছিলাম সুগার মার্চেন্টসদের কাছ থেকে ২৫ হাজার টাকা নিয়ে কামরাজকে দিয়েছেন তখন তাঁরা অস্বীকার করেছিলেন। কিন্তু

তারপর যখন কয়েকটা সুগার মার্চেন্ট-এর চেকের নম্বার বললাম তখন আর অস্বীকার করতে পারেন নি। শুধু তাই নয়, বাংলাদেশের এই সমস্ত চিনির কালোবাজারীরা বি পি সি সি-র নামে কংগ্রেস পার্টি ফান্ড-এর যে কন্ট্রীবিউশন দিয়েছিল তার ৫-৬টি চেক ছাড়া বাকি সব চেক রিফান্ডেড হয়েছে—কাউন্টারফয়েল দেখলে তার প্রমাণ পাবেন। কাজেই বলছিলাম দুর্নীতি সম্পর্কে যেসব কথা বলেছেন সেগুলি মামুলি কথা—দুর্নীতির বিরুদ্ধে লড়তে গেলে যে মনোভাব নিয়ে লড়া দরকার সেইভাবে আপনারা লড়ছেন না।

শ্রীজহরলাল ব্যানার্জী: মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিরোধীদলের পক্ষ থেকে দুর্নীতি সম্পর্কে যেসব কথা বলা হয়েছে তাতে আমি স্বীকার করি আমাদের সমাজ জীবনে দুর্নীতি আছে। তবে তাঁরা সব সময় আমাদের মধ্যে যে দুর্নীতি দেখেন তাতে এটুকু বলতে পারি আমাদের মধ্যে দুর্নীতি আছে কিনা জানি না, তবে তাঁরা যদি আত্ম-অনুসন্ধান করেন তাহলে প্রমাণ করা যেতে পারে যে তাঁদের মধ্যে দুর্নীতি আছে। স্যার, আমি একথা অস্বীকার করছি না যে, সমাজের দুর্নীতি আছে এবং একটা অংশরূপে হয়ত সরকারী কর্মচারীদের মধ্যেও দুর্নীতি আছে। কিন্তু এঁরা দুর্নীতি দুর্নীতি বলে এমন একটা অবস্থা সৃষ্টি করেছে তাতে মনে হচ্ছে পশ্চিমবাংলায় দুর্নীতি ছাড়া এবং দুর্নীতিগ্রস্ত কর্মচারী ছাড়া যেন আর কিছু নেই। অনেকে আছেন যাঁরা সৎ কর্মচারী, কিন্তু নানা কাল্পনিক অভিযোগ তাঁদের বিরুদ্ধে করা হয় এবং অনেক সময় ব্যক্তিগত ঈর্ষায় তা করা হয়। এগুলি যখন অনুসন্ধান করা হয় তখন দেখা যায় কেনটাই প্রমাণ করা যায় না। স্যার, আমাদের সরকার দুর্নীতি দমন করতে দৃঢ়-প্রতিজ্ঞ, কিন্তু নানা ধরনের অভিযোগ যেগুলি করা হয়েছে তার বেশীর ভাগই কাল্পনিক এবং দেখা গেছে দুর্নীতির অভিযোগ করে নানাভাবে সরকারী কর্মচারীকে পুলিশের কাছে দেওয়া হয়েছে, মামলা দায়ের করা হয়েছে—কিন্তু তারা ছাড়া পেয়েছে। কাশীবাবু বলেছেন, এটার প্রমান যদি কোর্টে না হয় তাহলেই কি মনে হবে তারা দুর্নীতিগ্রস্ত নয়? আমি মনে করি এবং বিরোধীদলও নিশ্চয়ই স্বীকার করবেন যে, জুডিসিয়ারীর মস্ত বড় ক্ষমতা আছে এবং তাঁদের সম্মান সব সময় দেওয়া উচিত। তা যদি হয় তাহলে কি করে বলব দুর্নীতিগ্রস্ত লোকদের কম্পিটেন্ট কোর্ট ছেড়ে দেয়? তারপর, আপনারা সকলেই জানেন শান্তনম কমিটি যে রিপোর্ট দিয়েছে তার রেকমেন্ডেশনগুলো নিয়ে সরকার দুর্নীতি দমন করবার জন্য বদ্ধপরিকর হয়েছেন। তারপর, ফরওয়ার্ড ব্লক-এর মাননীয় বন্ধু যে কাল্পনিক অভিযোগ করেছেন আমি তার ডিটেলস-এর মধ্যে যাচ্ছি না, কারণ মাননীয় বন্ধু সুনীলবাবু জানেন তিনি যেসব কাল্পনিক অভিযোগ করেছেন তার কোন সত্যতা নেই আমি আপনাদের আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে শুধু দুর্নীতি দুর্নীতি করলে হবে না আমাদের দেশে যাতে দুর্নীতি না থাকে তার জন্য চেষ্টা করতে হবে। এখানে প্রশ্ন উঠতে পারে দুর্নীতি কেন হয়? [illegible] ব্যক্তিগতভাবে সুযোগ-সুবিধা নিতে যাই তখনই দুর্নীতিকে প্রশ্রয় দেই। কাজেই দেখা যাচ্ছে আমরা যদি বিশেষ সুযোগ-সুবিধা না নিতে চাই তাহলে দুর্নীতি আর থাকে না।

তবে দেশের মধ্যে এমন অবস্থার সৃষ্টি হবে যখন তারা নিজেদের ব্যক্তিগত স্বার্থের কথা চিন্তা না করে সবার দুঃখ ভাগ করে নিতে শিখবে, তখনই দেশে আর দুর্নীতি থাকবে না।

আর একটা কথা না বলে পারছি না। আমাদের বন্ধু হরিদাসবাবু বিবেকানন্দ কলেজের কথা বলেছেন। আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এটা হওয়াতে বহুদিনের অভাব দূর হয়েছে। যে টাকার কথা বলেছেন প্রত্যেকটি টাকার জন্য রসিদ দেওয়া হয়েছে। তিনি প্রমাণ করুন যে, একটা টাকাও দেওয়া হয়েছে যার বিরুদ্ধে অভিযোগ আছে। তিনি প্রমাণ করতে পারবেন না। তিনি শুধু একথা বলেছেন কিন্তু বর্ধমানের কমিউনিস্ট পার্টি আজ পর্যন্ত বর্ধমানে কোন কনস্ট্রাকশনের কাজ করেন নি। কলেজ যখন তৈরী হল তাদের গাত্রদাহ হল, এজন্যই তাঁরা চীৎকার করে বেড়াচ্ছেন। শুধু তাই নয়, আপনারা জানেন যে, বেসরকারী কমিটি আছে তার মধ্যে শুধু কংগ্রেস দলের নয়, এমন অনেক লোক আছেন যাদের সম্বন্ধেও তিনি দুর্নীতির কথা বলেছেন। আমি সেজন্য আপনার কাছে বিরোধী দলের কাছে আবেদন করেছি তাদের মধ্যে যে দুর্নীতি আছে সেজন্য আমি ব্যথিত, কংগ্রেসীদের সম্বন্ধেও উনি দুর্নীতির অনেক কথা

বলেছেন। আমাদের দলের নির্দেশ আছে যে, এম এল এ হবার পর এবং আগে কি সম্পত্তি আছে এবং তিন বছরে কি হয়েছে তার হিসাব প্রতি বছর দিতে হবে। আর কোন পার্টির এমন নির্দেশ আছে কিনা আমি জানতে চাই। এদের দুর্নীতির বাই আছে, এই কথা বলে আমি সরকার যে দুর্নীতি দমন করার জন্য চেষ্টা করছেন সেই প্রচেষ্টার সহযোগীতা করবো বলেই বক্তব্য শেষ করছি।

(5-5—5-15 p.m.)

শ্রীযুত জীবনকৃষ্ণ দেঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি বিষয়ের উপর আমার বক্তব্য নির্দিষ্ট রাখবো। চিনির প্রসঙ্গে আমি একটু বিস্তারিত বলবো। যাতে নাকি বিশেষ কতকগুলি ঘটনা বাদ না যায় সেজন্য পড়ে দিচ্ছি। পশ্চিমবাংলায় চিনির কোটা মোট ২৫ হাজার টন। তার মধ্যে বর্ধমান জেলার শিল্পাঞ্চল পায় ২০ থেকে ১০০ টনের মত ২৪ পরগনার জন্যও তাই। আর কলকাতা জন্য রাখা হল প্রায় সবটা। তার কারণ কলকাতা থেকেই অতিরিক্ত দামে প্রচুর চিনি সরবরাহ করতে পারার সুবিধা। খাদ্য বিভাগের ডিরেক্টার সরকারী নিয়ম অনুযায়ী কার্য পরিচালনা করেন। বিভাগীয় সেক্রেটারী সাধারণত নীতি নির্ধারক। এভাবেই সরকারের কাজকর্ম চলে। কিন্তু খাদ্য বিভাগের সেক্রেটারী হঠাৎ ফাইলে লিখলেন ডিরেক্টার অফ ফুড নেপাল থেকে চাল আনতে ব্যস্ত যেজন্য চিনি বিতরণের কাজটা নিজেই তিনি করলেন। সহযোগী নিলেন তিনি পি কে সেন গুপ্তকে ডেপুটি কন্ট্রোলার অফ রেশনিং। সরকারী নিয়মে চিনি, গুড় বা নিয়ন্ত্রিত দ্রব্যের ব্যবসায় একই ব্যক্তিকে ইম্পোর্টার এবং হোলসেলার করা হবে না। কিছু কিছু এম এল এ এই নিয়ে গোলমাল করায় মুখ্যমন্ত্রী ডিরেক্টার অফ ফুডকে ডেকে আনলে তিনিই সব খুলে বললেন। মুখ্যমন্ত্রী তখন পরিস্কার অর্ডার দিলেন (১) সেক্রেটারী নয় ডিরেক্টার অফ ফুড-এর পরামর্শ অনুযায়ী চিনি বিতরণ হবে রেশনিংয়ের মারফতে। (২) গ্রামাঞ্চলেও চিনি দিতে হবে। (৩) যারা চিরাচরিত চিনি ব্যবসায়ী তাদের আমদানী বিক্রয়ের হিসাব দেখে চিনি বন্টনের দায়িত্ব দিতে হবে। (৪) একই ব্যক্তিকে চিনির আমদানী, পাইকারী ও খুচরা বিক্রয়ের অধিকার দেয়া হবে না। ফুড সেক্রেটারী তখন কি করলেন? বিধিবদ্ধভাবে ইম্পোর্টার বা হোলসেলার নিয়োগ না করেই শুধু অ্যাড হক কোটার মাধ্যমেই তিন মাস চালালেন। ইতিমধ্যে পি কে সেনগুপ্ত আর বি সি গাঙ্গুলী তাদের পাপচক্রের চক্র কেটে ফেললেন। কেবল ডিরেক্টার অফ ফুডকেই নয়, স্বয়ং মুখ্যমন্ত্রীর নির্দেশকেও তারা বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছেন। ফলাও চোরাকারবারের জন্য ভুয়া ক্রেতা ও খুচরা বিক্রেতার লিস্ট তৈরী করলেন। একই ব্যক্তিকে নামে, বেনামে বিভিন্ন নামে একই পরিবারকে লাইসেন্সীরা ও পাইকার নিয়োগ করলেন। তাও আবার একই ঠিকানায়। পশ্চিমবাংলার শিল্পাঞ্চলে মোট হোলসেলারের সংখ্যা ২৬৫ জন। তার মধ্যে একমাত্র কলকাতাতেই আছে ২০৮ জন হুগলি অঞ্চলে ২০, বারাকপুরে ২৫। রামকুমার রক্ষিত লেনেই আছে ২৮ জন হোলসেলার। এর মধ্যে ৪নং রামকুমার রক্ষিত লেনের একটি বাড়িতেই থাকেন ১৮ জন। এরা কারা? দিনজানি আগরওয়ালা, কুন্দনমল গোয়েঙ্কা, মংট ভগৎ, লাভচাঁদ জৈন, মানিকচাঁদ কোঠারিয়া, বিশ্বনাথ কানোরিয়া, সুন্দরলাল সোনে, এন, কে হিম্মতসিংকা, (জে-৫১৬৩) ইন্দিরা দেবী হিম্মতসিংকা, পার্টনার ব্যাচরাজ জৈন, রামস্বরূপ সায়েগী, প্রোঃ পি আর কারজিয়াল, ঝুমরমল কোটারী, কেশদেওভগৎ, ডাইরেকটার জি বি মেন্ডা দুর্গাপদ নেওয়ার প্রোঃ এম পি কার্জিওয়ান, এন কে হিম্মৎসিংকা- লাইসেন্স নং ৫১৬১, ম্যানেজার এস এন দুবে, প্রোঃ শিব ভগবান লাড্ডা, এই ১৮ জন হোলসেলার সব কজন থাকেন ৪নং রামকমার রক্ষিত লেনের বাড়িতে। এবার ইম্পোর্টারদের কথা—বাংলাদেশের চিনি আমদানীকারক মোট ৬৩ জন ভগবানের মধ্যেও আবার ঐ রামকুমার রক্ষিত লেনেই আছেন ২৩ জন। তার মধ্যে ৪নং বাড়ির মালিক ১১টি লাইসেন্সের সুগার সাপ্লায়ার্স প্রাইভেট লিমিটেড, সিন্ধ ন্যাশনাল সুগার মিলস প্রাইভেট লিমিটেড, নির্মলকুমার হিম্মৎসিংকা, পরশরাম পেরুমল অ্যান্ড কোং, পুরুষোত্তম-লাল দেওকি নন্দন, বিনোদ সুগারি কোং, ইন্দরমল বিশ্বনাথ কৃষ্ণ সুগার কোং, এইচ কে মাধো পুড়িয়া, অনন্তপূর্ণ ভান্ডার। মিঃ স্পীকার স্যার, মাত্র ৯টি পরিবার বাংলাদেশে চিনির রাজা। আরো একটি অভিযোগ হোল শ্রী পি কে সেনগুপ্ত বেনামীতে "কোয়ালিটী সুগার ক্যান্ডী বলিয়া একটা

মিশ্র কারখানার মালিক। হাওড়া "গোল্ডেন সুগার ক্যান্ডী" নামক কারখানারও তিনি বেনামী অংশীদার। অন্যান্য মিশ্র কারখানায় কোটার সঙ্গে এ দুটি কারখানার কোটা তুলনা করে দেখলেই ব্যাপারটা বুঝতে পারা যাবে। শৈলবাবু তদন্ত করেছিলেন বলে শোনা যায়, কিন্তু তারও মুখ বন্ধ হয়ে গেছে। শ্রীবিশ্বনাথ কানোড়িয়া মিশ্রী কারখানার নামে প্রচুর চিনি পান। তিনিই আবার বেনামীতে ইন্দর মল বিশ্বনাথ নামে চিনির আমদানীকারক। খাদ্য বিভাগের কর্তা ব্যক্তি মঃ বি সি গাঙ্গুলীর অট্টালিকা তৈরী সম্পর্কে এই হাউসেই আমি অভিযোগ করেছিলাম, মুখ্যমন্ত্রী গলা বাড়িয়ে প্রতিবাদে বলেছিলেন জি আই সি থেকে কয়েক দফায় ৭০/৮০ হাজার টাকা লোন নিয়ে তিনি বাড়ি করেছেন বালীগঞ্জ সার্কুলার রোডে, মাসে ১,৩০০ টাকা ভাড়াই পাওয়া যায় এমন একটি বাড়ি তৈরী করতে ৭০/৮০ হাজার টাকা লাগে কেবল জমি কিনতেই। বাড়ির জন্য ব্যয় হয়েছে কমপক্ষে ৩-৪ লক্ষ টাকা। মুখ্যমন্ত্রীর যদি সাহস থাকে তিনি একটি তদন্ত কমিটি নিয়োগ করে দেখতে পারেন। আর বথরা থাকলে কিছুই বলবার নেই। এভাবেই কতিপয় দেশদ্রোহী বাংলাদেশের অর্থনীতিকে করেকজন অবাঙ্গালী ক্রোড়পতির হাতে সর্বক্ষেত্রে তুলে দিয়ে দেশকে আজ ভিক্ষুকে পরিণত করেছেন। দুর্নীতির মধ্য মণি হিসেবে নিজেদের ব্যাঙ্ক ব্যালান্স [illegible]। বাড়ি করেছেন, গাড়ি হাঁকিয়েছেন। দুর্নীতি এবং স্বজনপোষণ দূর করা ছাড়াও বিভিন্ন কারণে একমাত্র বিচার বিভাগ এবং স্বাস্থ্য ছাড়া আর কোথাও ৫৮ বছর বয়স্ক অফিসারদের এক্সটেনসেন দেয়া অনুচিত। কিন্তু আমরা দেখছি প্রায় সব কটা বিভাগেই সেক্রেটারী, ডেপুটি সেক্রেটারী কিংবা ডাইরেক্টরদের বয়স ৬২-তে গিয়ে ঠেকেছে। চারবার-পাঁচবার করে এক-একজন এক্সটেনশন পেয়ে যাচ্ছে। কিন্তু তুলনামূলকভাবে গরীব কর্মচারীরা চাকুরী জীবনে কতজন এই সুযোগ পায়? এডুকেশন ডিপার্টমেন্ট-এর সেক্রেটারী মিঃ ডি এম সেন ৫ বছরের জন্য এক্সটেক্ট পেয়েও নূতন করে এক্সটেনশন-এর চেষ্টায় আছেন। স্পেশাল অফিসার অফ ফাইনান্স মঃ পি কে বাসু রিটায়ার করার পরে ৩-৪টা এক্সটেনশন পান। শম্ভু ব্যানার্জি, সেক্রেটারী, রিফিউজী রিহ্যাবিলিটেশন, আর কতদিন চাকুরী করবেন?

S. Majumder, Dy. Secy., Education এর কত বয়স হোল?

Karuna Bhattacharyya, Secy., Local Self-Government

তিনি আবার ৬৪-ও পার হয়ে গেছেন। কিন্তু নূতনদের জন্য জায়গা করে দিতে নারাজ। বেকার সমস্যা সমাধানের পথেও এই নীতি এক মস্তবড় বাধা। গতকাল আমাদের শিক্ষামন্ত্রী বিশ্ববিদ্যালয়ের অনেক কেচ্ছা এবং গচ্ছ কারবারের কথা বলছিলেন। আমি তখন অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারীদের কথা ভাবছিলাম। আগে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টরাই যাকে অ্যাপয়েন্টমেন্ট দিতেন এখন মন্ত্রী ছাড়া কারো হাত নেই তাতে। অর্থলোভের ন্যায় ক্ষমতা লোভীদের একটা কেলেঙ্কারী।

মাননীয় স্পীকার মহাশয়, শেষে আমি এই কথা বলতে চাই, এই অ্যাসেম্বলীতে ২ মাস আগে অনাস্থা প্রস্তাবের সময় একটা চিনির স্যাম্পেল আপনার মাধ্যমে আমি হাউসকে দেখিয়েছিলাম। সেখানে একশো কেজি চিনির দাম ৩৩ টাকার জায়গায় ৩৫ টাকা নিয়ে সামান্য একজন ডিলার, যেহেতু সেই ডিলার একজন কেউকেটা লোক, সেহেতু ৫ টাকা বেশী নেওয়া সত্ত্বেও ওখানকার সিভিল সাপ্লাই অফিস চিনি সিজ করেছে, স্যাম্পেল নিয়েছে, পিটিসান করেও কিছু হল না। তারপর অ্যাসেম্বলীতে বলার পর মুখ্যমন্ত্রী সেইসব তথ্য নিয়ে গেলেন, নেওয়ার পর ৩ মাস হয়ে গেল, তার কিছু হল না। যখন হল না তখন আমি ডাইরেক্টর অফ ফুডকে ফোন করলাম যে মহাশয় ব্যাপারটা কি? তিনি বললেন আপনি তো চীফ মিনিস্টারকে দিয়েছেন, তিনি যা করবেন করবেন। চীফ মিনিস্টারকে বললাম মহাশয়, একটা ডিলারকে কিছু করতে পারবেন না, এটার কি হল? চীফ মিনিস্টার বললেন, এটা ডিপার্টমেন্টে পাঠিয়েছি, ডিপার্টমেন্ট যা করবার করবে। আমি সম্প্রতি এস ডি ও-র কাছ থেকে একটা চিঠি পেয়েছি। তিনি আমাকে বললেন যে এভিডেন্স নিয়ে আসুন। আমি বললাম এভিডেন্স সব ক্যাশমেমো ইত্যাদি সমস্ত গভর্নমেন্টের ডিপার্টমেন্টে আছে, আমি কি এভিডেন্স দেব। ২ মাস ডিপার্টমেন্ট নিজের হাতে রাখল। তারপর অ্যাসেম্বলীতে বলার পরে ৪ মাসেও যদি তার কোন প্রতিকার না হল, তাহলে কি করে দুর্নীতি দূর করবেন? একজন ডিলার সম্পর্কে যদি কিছু করতে না পারেন তাহলে হোর্ডার ব্ল্যাকমার্কেটিয়ারদের সম্পর্কে কি হবে আমি কোন ভরসা পাচ্ছি না।

শ্রীবিরেন্দ্রনারায়ণ রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, বিরোধী পক্ষ থেকে যে বেসরকারী প্রস্তাব এসেছে তা আমি সর্বান্তকরণে সমর্থন করি। স্যার, আজকে কংগ্রেস তরফের কোন বক্তাই বক্তৃতা করতে সাহস করেন নি। সেজন্য জহরবাবুকে বোধ হয় তাঁরা খাড়া করেছেন। জহরবাবুর বক্তৃতা শুনে মনে হল এই রকম দুর্নীতি দুর্নীতি বলে কি হবে, ঐ কথাটা তুলে দেওয়া উচিত। স্যার এটাই কংগ্রেসের মনের কথা। নীতি দুর্নীতি এই যে বোধটুকু আমাদের মধ্যে আছে সেটা যদি ডিক্সেনারী থেকে রাবার দিয়ে মানুষের মন থেকে তুলে দিতে পারেন তাহলে সমস্ত সমস্যার সমাধান হয়ে যায়। এই ব্যাপারে আমি জহরবাবুর সঙ্গে একমত। কিন্তু সেটা হচ্ছে না। কিছু কিছু ভাল লোক এখনও আছেন যাঁরা নীতি দুর্নীতি এ সম্বন্ধে বিশ্বাস করেন এবং দুর্নীতির বিরুদ্ধে লড়েন।

স্যার, আমার সময় নেই, কাজেই আমি একটা স্পেসিফিক কেস্ দেব। স্বাস্থ্য দপ্তরে এক ভদ্রলোক আছেন তিনি হচ্ছেন মেডিকেল কলেজের এক্স-রে ডিপার্টমেন্টের ইনচার্জ, সেই ভদ্রলোকের নাম হচ্ছে ডাঃ এন বি রায়। এই ভদ্রলোকের সম্বন্ধে বহুবার বিধানসভার ভেতরে এবং বাইরে বহু অভিযোগ করা হয়েছে। স্যার, এই ভদ্রলোকের আন্ডারে ৩টা ডিপ এক্স-রে মেসিন আছে, যেটা দরকার হয় ক্যানসার ট্রিটমেন্টের জন্য কিন্তু আপনি গিয়ে দেখবেন যে সেখানে শতকরা ৯৫ দিন সেগুলি আউট অফ অর্ডার থাকে। কেন আউট অফ অর্ডার থাকে? তার বাড়ীতে একটা মেসিন আছে, সেটা কিন্তু আউট অফ অর্ডার হয় না। আপনি জানেন এই চিকিৎসা অত্যন্ত ব্যয়সঙ্কুল চিকিৎসা। যদি একটু শাঁসালো মক্কেল এই ভদ্রলোকের চোখে পড়ে তাহলে সঙ্গে সঙ্গে ৩টা মেসিন আউট অফ অর্ডার হয়ে যাবে এবং তাঁর বাড়ীতে গেলে যেটা হবে —এইভাবে হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা তিনি রোজগার করছেন। স্যার, এ নিয়ে বহু অভিযোগ এসেছে এবং যখন প্রফুল্লবাবু স্বাস্থ্যমন্ত্রী ছিলেন তখন তিনি একটা এনকোয়ারীর অর্ডার দেন। এনকোয়ারী শুনেছি নাকি হয়েছে। এখন বলছে ফাইলটা নাকি হারিয়ে গেছে। এবার শুনলাম রিসেন্টলী মামুলী ট্রান্সফার করা হয়েছিল কিন্তু উপর পক্ষ থেকে ব্যবস্থা করা হয়েছে যাতে তাঁকে ট্রান্সফার করা না হয়। এই তো অবস্থা, এই একটা ছোট্ট একজাম্পল দিলাম। তারপর এর আগে আমি এ আর সাহা সম্বন্ধে বলেছিলাম, যখন তিনি এস ডি ও ছিলেন লালবাগে তখন তিনি পাকিস্তানী গুপ্তচর যাঁরা জেলে ছিলেন তাদের ছেড়ে দিতে সাহায্য করেছিলেন, অভিযোগ করে কি হল, তাঁকে ট্রান্সফার করা হল প্রমোশন দিয়ে, তাঁকে এ ডি এম করে দেয়া হল। স্যার, এ কে মিত্র যিনি বীরভূমের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ছিলেন, তাঁর কয়েকটা অর্ডার পড়ে আমি বলেছিলাম যে কিভাবে তিনি পক্ষপাতিত্ব করেছেন, আমাদের এক্সমেম্বার, খগেন ব্যানার্জি, তাঁর হয়ে কিভাবে দালালী করেছিলেন কিন্তু তাঁকে প্রমোসন দিয়ে ফুড ডিপার্টমেন্টে নিয়ে আসা হয়েছে। তারপরে দেবব্রত ব্যানার্জী যাঁর সম্বন্ধে কোর্ট পিগ হেডেড বা বহু খারাপ মন্তব্য করেছেন তাঁকে নিয়ে যাওয়া হল মুর্শিদাবাদের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট করে এবং তাঁকে আবার প্রমোশন দিয়ে নিয়ে আসা হয়েছে ফুড ডিপার্টমেন্টে। যত খারাপ লোক সবই ফুড ডিপার্টমেন্টে। স্যার, এই সব দুর্নীতি নিয়ে বেশী চেঁচামেচি না করে আমার একটা সাজেশন আছে যে মন্ত্রীরা পকেটে কিছু পঞ্চগব্য আর একটা গঙ্গাজলের শিশি রাখবেন। আমাদের শাস্ত্রে বলে পঞ্চগব্য খেলে সমস্ত পাপ অন্যায় ধুয়ে যায়। ওঁরা মিনিটে মিনিটে অন্যায় করবেন অফিসে যাবার আগে যদি ওঁরা একটু পঞ্চগব্য খেয়ে নেন এবং সারাদিন অন্যায় কাজ করেন, আবার অফিস থেকে বেরুবার আগে যদি একটু পঞ্চগব্য খেয়ে নেন তাহলে পাপ আর থাকবে না, বলবেন আমি নির্মল শাস্ত্র অনুসারে। আর, বড় বড় অফিসারদের সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে যে প্রত্যেক অফিসে একটা করে তুলসীগাছ আর শালগ্রাম থাকবে, বড় অফিসারেরা অফিসে যাবার সময় একটা করে দাঁতে কাটবেন এবং নমস্কার করে কাজ সুরু করবেন, তাহলে পাপ অন্ততঃ ছোঁবে না, আর জওহরলালবাবুকে দিয়েও আর বলার প্রয়োজন হবে না। আর গদাধর সমিতি যেটা হচ্ছে সেটা হবে কোথা থেকে, হতে পারে না। হতে গেলে প্রথমেই গোদাকে ধরতে হবে যিনি স্বাধীনতার আগে ৬০ টাকা মাইনার কেরানী ছিলেন, সেই কংশ বংশেশ্বর। এক পরিবারের লোক মুখ্যমন্ত্রী যে বলেছেন সেই পরিবারকে যদি ধরা হয় তাহলে এই সমিতি হতে পারে না। অন্য জায়গায় কি হবে জানি না। আজকে হয়ত বলবেন যে আমরা আশু ঘোষকে ধরেছি। স্যার, এতো ২।১টা হিন্দী ছবির পাবলিসিটি। এতে

দুই কাজই হচ্ছে—একটা ডিভিশনাইজেশন হচ্ছে, আর একটা ৫ জনকে দেখানো হচ্ছে আমাদের লোককে ধরেছি। কায়রোনকে কি ধরেছেন দুর্নীতির জন্য? তা নয়, কারণটা হচ্ছে লালবাহাদুর শাস্ত্রীর বিরুদ্ধে উড়িষ্যার বীরেনবাবু আর কায়রোন সাহেব ভেট দিয়েছিলেন, তার বিরুদ্ধে এই করেছেন বলে ধরেছেন, বাদবাকী সাফ্। এই হচ্ছে আমাদের বিওরী, বাংলাদেশও এই তাই। নদীয়াতেও দেখলাম একটা গুঁড়া দুধের কেস ধরা হল। ব্যাপারটা হচ্ছে কংগ্রেসের ইনার ক্লিক। একদল যারা কংগ্রেসের নয় তাদের ধরা হল, আর বাদবাকীকে ধরা হল না। এতে অবশ্য কিছু চোর ধরা পড়ে, কিন্তু আমার বক্তব্য হচ্ছে এঁরা যতদিন থাকবেন ততদিন দুর্নীতি যাবে না, দিনের পর দিন দুর্নীতি বেড়ে যাবে। যদি কোন দিন জনসাধারণ নিজেদের পথ বেছে নিতে পারেন, ওঁদের গদীচ্যুত করতে পারেন তাহলেই দুর্নীতি দূর হবে। তার আগে দুর্নীতি দূর হবে বলে আমি বিশ্বাস করি না।

[5-15—5-25 p.m.]

Ruling on the point of Privilege raised by Shri Kashi Kanta Maitra on 29th September 1964, regarding reported statement by the Chief Minister to the Press on Statutory Rationing.

Mr. Speaker: On the 29th September last, Shri Kashi Kanta Maitra raised a point of privilege. He invited attention to a news item in the daily Jugantar, dated the 29th September, 1964 to the effect that Hon'ble Chief Minister had stated before the newspapermen on the 28th September that it would not be possible to start statutory rationing in Calcutta and State Trading in West Bengal without the assistance of the Central Government. According to Shri Maitra, this statement of food policy to the Press outside is at variance with the Hon'ble Chief Minister's earlier statement in this House in the current session to the effect that the State Government was going to introduce State Trading in foodgrains from the first of January next year. Shri Maitra further added that the Hon'ble Chief Minister had no right or authority to make a policy statement outside the House when the House was still in session.

Shri Maitra should have given written notice of the matter accompanied by a copy of the relevant newspaper and should have sought my prior consent as provided in the rules of the House. This is not a matter which arose, all of a sudden, from the proceedings of the House on the 29th September, so as to merit immediate precedence under the rules.

As regards the question of making policy statement outside the house I may quote from the observation of the Hon'ble Deputy Speaker of the Lok Sabha of the 1st September, 1953 (H. P. Debates, Part II, dated the 1st September, 1953, cols. 1865-66):

" .....The practice has been that so long as the House is in session the House ought to be the first to know of any particular policy or of a change of policy; when the house is not in session, of course, it is left to the Government .....If an Hon'ble Minister wants to make a statement, I think it is desirable that he should make a statement in the House before he takes the general public into confidence through papers."

In the instant case, assuming that the reported Press statement is correct, I do not find any new statement of policy or change of policy. The Hon'ble Chief Minister said, in the food statement circulated to the honourable members before the Food Debate on the 30th July last, that "we are actively considering the question of taking up State Trading in rice and paddy in West Bengal from the beginning of the next year. ....We are going to take over these proposals with the Government of India." On the 18th August, 1964,

in reply to a short notice question by Shri Abani Kumar Basu, it was said that the Government decided to undertake the scheme of State Trading and statutory rationing from the beginning of the next year, i.e. 1965, "subject to the approval of the scheme by the Government of India." There is thus no variance between the earlier statement of policy made in the House and the reported Press statement. The point raised by Shri Maitra is answered in the negative.

Shri Sudhir Chandra Das:

এই যে জিনিস প্রকাশ হোল তার সম্পর্কে সরকার পক্ষ থেকে কি ব্যবস্থা হয়েছে?

Shri Gour Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দুর্নীতি দূর করবার জন্য মন্ত্রিসভা থেকে সক্রিয় চেষ্টা দরকার, কিন্তু অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি যে দুর্নীতির প্রশ্রয়ই দেওয়া হচ্ছে। আমি বিস্তৃত কথার মধ্যে যাব না, দুই-একটি বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করব। একজন গেজেটেড অফিসার সম্পর্কে আমি সেদিন বলেছিলাম। এই ভদ্রলোক, ধুবুলিয়া ক্যাম্পের অ্যাডমিনিস্ট্রেটর, তিনি সেখানে বিল্ডিং কনস্ট্রাকশন করলেন বহু টাকা ব্যয় করে, কিন্তু তার জন্য কোন টেন্ডার কল করা হয় নি। আমরা জানি এর মধ্যে তাঁর ৫০ পারসেন্ট প্রফিট থাকে। এভাবে তিনি বহু টাকা পকেটস্থ করেছেন। সেখানে রিফিউজি স্কুল করবার জন্য তিনি রিলিফ ডিপার্টমেন্ট থেকে ১৮ হাজার টাকা তুলে ৮ হাজার টাকা খরচ করেছেন। তারপর বই কিনবার জন্য তিনি ৩ হাজার টাকা ড্র করেছেন কিন্তু সেই বই একটাও লাইব্রেরীতে পাওয়া যায় না। স্কুল ফান্ড থেকে তিনি ২,২০০ টাকা লোন নিলেন যদিও তিনি সেখান থেকে ট্রান্সফার হয়ে গিয়েছেন। শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ড থেকে যে টাকা নিলেন তার কোন অ্যাকাউন্ট নাই। রিলিফ কমিশনার শ্রীশম্ভু বন্দ্যোপাধ্যায় মহাশয়ের বিশেষ প্রিয়পাত্র বলে তিনি এভাবে দিনের পর দিন টাকা তছরূপ করছেন যার ফলে স্কুলটা বন্ধ হবার উপক্রম হয়েছে। আমি এদিকে মন্ত্রিমন্ডলীর দৃষ্টি আকর্ষণ করে এই ভদ্রলোককে অবিলম্বে সাসপেন্ড করবার জন্য দাবি জানাচ্ছি। কুপার্স ক্যাম্পের বহু আশ্রয়প্রার্থী চলে যাওয়ায় সেখানে অনেক টিন পড়ে ছিল, এই টিন নিয়ে এই অ্যাডমিনিস্ট্রেটর ভদ্রলোকের জ্ঞাতসারে প্রকাশ্য দিবালোকে চোরাকারবার হচ্ছে। আমি এখানে একটা গভর্নমেন্ট লরির নম্বর দিচ্ছি, ডবলিউ বি জি ১৬০৭, এই লরি কোরে নিয়ে গিয়ে ২৫০টি টিন রানাঘাট বাজারে বিক্রি করে দেওয়া হল। এরকম সব দুর্নীতি চলছে। কিন্তু এর প্রতিকারের ব্যবস্থা নাই। আমি আরেকটা ঘটনার কথা জানাব। এটা নিয়ে আমি ফুড অ্যান্ড এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের সেক্রেটারী আর ঘোষের কাছে গিয়েছিলাম এবং তিনি প্রতিশ্রুতিও দিয়েছিলেন প্রতিকার করবেন, কিন্তু কোন ব্যবস্থা হয় নি। কৃষকদের জন্য এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে ১০০ টাকা করে স্যাংকশান হল, কিন্তু রানাঘাটের এগ্রিকালচার এক্সটেনশন অফিসার ২৬।৬।৬৩ তারিখে মাত্র ৮০ টাকা করে দিলেন, বাকী টাকা তিনি মেরে দিলেন। এই সম্পর্কে আমি, আর যোগ ৬৪ নম্বর এস ডি ও এবং জেলা ম্যাজিস্ট্রেটকে জানিয়েছি, এবং জুডিসিয়াল এনকোয়ারীতে প্রমাণ হয়ে গিয়েছে যে তিনি চুরি করেছেন, যার জন্য তিনি ১৮।৩।৬৪ তারিখে ৫৬০ টাকা মিসলেনিয়াস ফান্ডএ জমা দিলেন। এ সত্ত্বেও তাঁর কিছুই হল না, যেহেতু রাইটার্স বিল্ডিংএর নন্দী সাহেব তাঁর পিছনে আছেন এবং মন্ত্রী শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের তিনি স্নেহের পাত্র। তারপর রাণাঘাটের কংগ্রেস প্রেসিডেন্ট সন্তোষ ব্যানার্জি খাদি গ্রামোদ্যান ভবনের প্রায় লক্ষাধিক টাকা মিস্‌ফ্যালকেট করেছিলেন। কিন্তু তিনিও মন্ত্রী স্মরজিৎ বন্দ্যোপাধ্যায়ের আশ্রিত বাড়ি বলে এই মামলাটা ৪।৫ বৎসর পেন্ডিং আছে, এখনো ফাইনাল রিপোর্ট হয় নি। তারপর পবিত্র চক্রবর্তী বলে এক ভদ্রলোক সম্বন্ধে আমি অ্যাসেম্বলীতে অভিযোগ তুলেছিলাম। তিনি কৃষি লোনের বহু টাকা মেরে দেওয়া সত্ত্বেও তাঁর বিরুদ্ধে ইনকোয়ারী আজ পর্যন্ত কমপ্লিট হল না, এরও পিছনে মন্ত্রীর হাত আছে বলে আমরা শুনেছি। বাংলাদেশে এই ধরনের জিনিস অনেক আছে। মাছের বাজারে আমরা দেখছি যেহেতু তাদের উচ্চমহলের লোকের সঙ্গে দহরমমহরম

আছে সেই হেতু ২।২৷৷০ টাকার জায়গায় তারা ৪।৫ টাকা নিচ্ছে। পুলিস তাদের গায়ে হাত দেয় না, তাদের জানালে তারা বলে আমাদের কিছু করবার নাই। দুর্নীতিতে দেশ আচ্ছন্ন হয়ে গিয়েছে, আর এদিকে তাঁরা সদাচার সমিতি গঠন করছেন। এটা মানুষকে ধোকা দেওয়া ছাড়া কিছু নয়।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সমস্ত বক্তৃতা আমি খুব মনোযোগসহকারে শুনেছি। আজকে আমাদের দুইজন বন্ধু চিনি নিয়ে অনেক প্রশ্ন তুলেছেন। কাশিকান্ত মৈত্র মহাশয়কে এখানে দেখতে পাচ্ছি না, কাদা ছিটিয়ে দিয়ে তিনি সরে পড়েছেন। তাঁর অনেক কথার মধ্যে তিনি একটা কথা বলেছেন, কন্ট্রোল হবার পরে পশ্চিমবাংলায় আমরা ২১ হাজার টন চিনি পাই অর্থাৎ ২ লক্ষ ১০ হাজার ব্যাগ। তিনি বলেছেন যিনি ডেপুটি কন্ট্রোলার অফ রেশনিং আছেন তিনি এই চিনির ব্যাপারে অনেক লাভ করেন।

তিনি পাকা লোক তাই হিসেব ভাল করে করেছেন এবং বললেন মাসে ১ লক্ষ ৮০ হাজার টাকা লাভ করে। আমি এইসব শোনার পর খোঁজ করে দেখলাম। আমরা প্রথমে একটা আদেশ দিয়েছিলাম চিনি যখন আমাদের কম তখন মিছরির উৎপাদন কমিয়ে দিতে হবে, মিছরিওয়ালা যারা লজেন্স তৈরি করে—যাকে আমরা ল্যাবেনচুস বলি—তাদের চিনি কমিয়ে দিতে হবে। কাশীবাবু বললেন ১০ হাজার ব্যাগ চিনিতে মিশ্রি হচ্ছে—এটা সত্য নয়। কাশীবাবু বললেন পি কে সেন ২০ হাজার ব্যাগ চিনি মাসে দেন মিশ্রি তৈরী করবার জন্য এবং খুব পুংখানুপুংখরূপে হিসেব করে বললেন ১ লক্ষ ৮০ হাজার টাকা সে লাভ করে। মাননীয় স্পীকার মহাশয়, আমি একটু আগে বললাম যে, আমরা আদেশ দিয়েছিলাম চিনি কন্ট্রোল হবার পর মিশ্রির উৎপাদন কমিয়ে দিতে হবে। আপনি শুনলে আশ্চর্য হবেন ডিকন্ট্রোলএর সময়, নিয়ন্ত্রণ হবার আগে মিশ্রির জন্য যে চিনি লোকে নিত তার পরিমান হচ্ছে ১২ হাজার ৬৪৮ ব্যাগ এবং তখন পি কে সেন ছিলেন না। আর নিয়ন্ত্রণ হবার পর এটা কমতে কমতে দাঁড়িয়েছে ১০ হাজার নয়, ৫ হাজার নয়, ২ হাজার ৮৯৬ ব্যাগ।

Shri Kashi Kanta Maitra: It is a white lie.

The Hon'ble Prafulla Chandra Sen: It is not a lie but the statement made by my friend Shri Kashi Kanta Maitra is absolutely false, and if I may use the expression—a blatant lie.

Shri Kashi Kanta Maitra: I will cite evidence in court.

The Hon'ble Prafulla Chandra Sen:

Let him make this statement outside this House and I will see who goes to court.

স্যার, মিশ্রির জন্য যেখানে দেওয়া হোত ১২ হাজার ব্যাগের উপর সেখানে এখন দেওয়া হয় ২ হাজার ৮৯৬ বস্তা এবং লজেন্সএর জন্য যেখানে দেওয়া হোত ১ হাজার ২৯০ ব্যাগ সেখানে এখন দেওয়া হয় মাত্র ৬৯০ বস্তা। কাজেই ১ লক্ষ ৮০ হাজার টাকার হিসেব এবং পি কে সেন ১০ হাজার ব্যাগ দিচ্ছেন এই যা বলেছেন এটা যদি আনপার্লামেন্টারী না হয় তাহলে বলব মিথ্যা কথা। তারপর ড্যামেজড চিনি সম্বন্ধে উনি যা বলেছেন তাতে আমি আগে যা বলেছি সেটা উনি বোধ হয় শোনেন নি। তবে একটি সত্য কথা উনি বলেছেন যে, ২১ হাজার টন আমাদের মাসিক বরাদ্দ—অর্থাৎ ২ লক্ষ ১০ হাজার ব্যাগ, ১০ ব্যাগে ১ টন হয়। আমি হিসেব করছিলাম আমাদের ড্যামেজড ব্যাগ কতগুলি বিক্রি হয়েছে। জুলাই মাসে ১ হাজার ৯৪ ব্যাগ ড্যামেজ হয়েছে। স্যার, যে সমস্ত অভিযোগ করা হয়েছে তাতে আমি খবর নিয়ে দেখলাম এগুলো সত্য নয়, তবে যদি কিছু সত্যতা থাকে তাহলে আমি অনুসন্ধান করে দেখব। ১০ হাজার ব্যাগ মিশ্রির জন্য দেওয়া হয়েছে বলে যেটা বলা হয়েছে সেটা সত্য নয়। তারপর, জীবন দে মহাশয়

একটা লেখা থিসিস পড়লেন চিনি সম্বন্ধে। তিনি একটা ঠিকানা দিয়ে বললেন, মশাই ৪ নং রামকানাই রক্ষিত লেনএ এত চিনি আছে। চিনির কারবারে কি হয়, আমদানী তানি এবং বিতরণের ব্যাপারে কি হয় সেটা তিনি জানেন না, কেউ লিখে দিয়েছে তাই বলেছেন। তিনি যে সমস্ত তথ্য পরিবেশন করেছেন তাতে মনে হয় কোন ব্যবসাদার হয়ত লিখে দিয়েছেন। আমরা যে নীতি গ্রহণ করেছি তাতে আপনি জানেন চিনি কন্ট্রোল হবার ১ বছর পর উঠে গেল, আবার দেড় বছর পর উঠে গেল, এবং এরকম উঠে যায় বলেই আমরা নর্মাল ট্রেড ডিস্টার্ব করতে চাই না। আমাদের একটা জিনিসের উপর লক্ষ্য আছে এবং সেটা হচ্ছে ক্রেতা বা [illegible] ন্যায্য দামে চিনি পান কি না? আমরা এটা স্বীকার করি এবং গর্ব করে বলতে পারি যে মাননীয় সদস্যেরা যে দলেরই হোন না কেন তাঁরা ন্যায্য দামে চিনি পান। পশ্চিম বাংলায় চিনির বিতরণ যে রকম ন্যায্যভাবে, ভালভাবে এবং সুষ্ঠুভাবে হয় ভারতবর্ষের কোথাও সে রকম হয় না।

[5-35—5-45 p.m.]

একটি মাত্র লক্ষ্য আমাদের কনজুমার, আমাদের ক্রেতা ন্যায্য মূল্যে চিনি পাচ্ছে কি না। আমি আগেই বলেছি চিনির কারবারে, যদি কো-অপারেটিভ সোসাইটি হয়, নূতন লোক নেবার চেষ্টা করি তাহলে খুব ভাল। দেখেছি এর পূর্বেও আমরা চিনির কারবারে নূতন লোক নিয়েছি কিন্তু যেই কন্ট্রোল উঠে গেল তারপর তাদের চিনি পাওয়া যায় না। কাজে কাজেই চিনি আছে, যারা আনতে পারে ঠিক সময়মত, এক এক সময় এমনও দেখেছি, নূতন লোককে দিয়েছি, বাঙ্গালীকে, চিনি আনতে পারলেন না, তত পরিমাণ আমরা পেলাম না, চিনির সাপ্লাই আমরা তত পরিমাণ পেলাম না।

একজন সদস্য বোধ হয় শ্রীজীবন দে বললেন, মহাশয়, বি সি গাঙ্গুলী লক্ষ লক্ষ টাকা করেছে, আগেও শুনেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিতো শুনেছেন, কতবার শুনেছি বলুন।

[নয়েজঃ—৩/৪ লক্ষ টাকা দিয়ে বাড়ী করেছে।]

